"পরিষৎ-গ্রন্থাবলী—সং [illegible]"

# বাঙ্গালা ভাষা

## দ্বিতীয় ভাগ

# বাঙ্গালা শব্দ-কোষ

## (দ্বিতীয় খণ্ড)

শ্রীযোগেশচন্দ্র রায়, এম এ, বিদ্যানিধি

সঙ্কলিত

কলিকাতা

[illegible] ২৪৩।১ নং [illegible]

[illegible]

প্রকাশিত

[illegible] ১৩৪০

[illegible]

[illegible]

কলিকাতা,

২৫নং রায়বাগান ষ্ট্রীট, ভারতমিহির যন্ত্রে,

শ্রীমহেশ্বর ভট্টাচার্য্য দ্বারা মুদ্রিত।

# সূচনা।

একবারে সমগ্র বাঙ্গালা শব্দ কোষ-প্রকাশে কালবিলম্ব দেখিয়া চারি খণ্ডে প্রচার করা যাইতেছে। ইহাতে কোষ-সমালোচনার অবসর হইবে, এবং সমালোচক-মহাশয়ের অনুগ্রহে কোষ পরিশিষ্টে দোষ-প্রতিকারের চেষ্টা হইতে পারিবে। শব্দ-সংগ্রহ, অর্থান্তর-প্রকাশ, কিংবা ব্যুৎপত্তি-নির্ণয় একজনের পক্ষে দুরূহ। আশা আছে, দশজনের ভার স্কন্ধে লইয়া কোষকার সমাপ্তি স্থানে যাহাতে উপস্থিত হইতে পারেন, তদ্বিষয়ে তাঁহারা আনুকূল্য-দানে পরাঙ্মুখ হইবেন না।

কোষের শব্দ। বাঙ্গালা ভাষায় বহু বহু সংস্কৃত শব্দ চলিতেছে। বস্তুতঃ বিভক্তিহীন যাবতীয় সংস্কৃত শব্দ বাঙ্গালা সাহিত্যে চলে। যে সকল শব্দ স্পষ্ট সংস্কৃত, উচ্চারণে না হইলেও বানানে সংস্কৃত, সে সকল শব্দের নিমিত্ত সংস্কৃত-শব্দ কোষ আছে। কিন্তু বাঙ্গালা প্রয়োগে যে সকল সংস্কৃত শব্দের অর্থান্তর ঘটিয়াছে, সে সকল শব্দ এই কোষে পাওয়া চাই। তদ্ব্যতীত বাঙ্গালা ভাষায় প্রচলিত যাবতীয় শব্দের ব্যুৎপত্তি-অর্থ-প্রয়োগ-প্রদর্শন এই শব্দ-কোষের উদ্দেশ্য। অতএব আবশ্যক শব্দ প্রথমে এই কোষে অন্বেষণ করিবেন; ইহাতে না পাইলে কিংবা ইহাতে প্রাপ্ত অর্থ সুসঙ্গত বোধ না হইলে, সংস্কৃত-শব্দ-কোষে অন্বেষণ করিবেন। প্রচলিত অধিকাংশ বাঙ্গালা-অভিধান মুখ্যতঃ সংস্কৃত-অভিধান বলা যাইতে পারে।

বর্ণবিন্যাসরীতি। এই কোষে অ আ বর্ণানুক্রমে শব্দ বিন্যস্ত হইয়াছে। অ বর্ণের পর অং অঃ; এইরূপ, আ বর্ণের পর আং আঃ; ইত্যাদি। চন্দ্রবিন্দুযোগে স্বর অনুনাসিক হয়। যে স্বর অনুনাসিক হয়, সে স্বরের পরে চন্দ্রবিন্দুযুক্ত শব্দ নিবিষ্ট হইয়াছে। যেমন কাক শব্দের পরে কাঁক। কারণ, চন্দ্রবিন্দু-যোগে স্বর দীর্ঘ হয়; অপিচ শব্দবিশেষে চন্দ্রবিন্দুর যোগাযোগ অদ্যাপি অনির্ণীত হইয়া আছে।

প্রচলিত বানানে অনেক শব্দের ব্যঞ্জনে অসংযুক্ত য ব্যবহৃত হইতেছে, যেন য উচ্চারণে ঈষৎ আকার মাত্র। যেমন, সং শৃগাল বাঙ্গালায় শিআল না হইয়া শিয়াল হইয়াছে। তথাপি, যে শব্দে অ দিলে উচ্চারণ ঠিক আসে, অপিচ শব্দ বুঝিতে কষ্ট হয় না, সে শব্দে য না দিয়া অ দেওয়া গিয়াছে। যেমন সং দেবর বাং দেয়র না লিখিয়া দেঅর লেখা হইয়াছে।

য ফলা উচ্চারণে সংস্কৃত [illegible] কালের উচ্চারণ লুপ্ত হয় নাই। [illegible] উচ্চারণও সংস্কৃতের তুল্য। সুত্য শব্দ বাঙ্গালা উচ্চারণে সত্ত হয়; অর্থাৎ মহাত্ম শব্দের [illegible] উচ্চারণে ভেদ আছে। কাশীদাসী মহাভারত প্রভৃতি পুরাতন গ্রন্থে হল্য পুল্য প্রভৃতি পদে য ফলার উচ্চারণ সংস্কৃত তুল্য। [illegible] কাটা হইতে কাটিয়া শব্দ সংক্ষেপে কেটে, পাকাইয়া সংক্ষেপে পাকিয়ে বানান করা গিয়াছে।

শব্দে ই ঈ, উ ঊ, জ য, ণ ন, শ ষ স সম্বন্ধে বানান ভেদ আছে। অতএব ই না পাইলে ঈ, ঈ না পাইলে ই দেখিবেন। এই রূপ, অন্য স্বর ও ব্যঞ্জনে। কেহ কেহ অ স্থানে ও, উ করে। এখানে ও উ ত্যাগ করিয়া অ গ্রহণ করিতে হইবে। যেমন, চাকরি স্থানে চাকুরি, গণা স্থানে গুণা গ্রাম্য রূপ আছে।

ক-কারের শেষে ক্ষ-কারের স্থান যুক্তি-সিদ্ধ। অন্তঃস্থ ব-কার বাঙ্গালায় নাই, এই ব-কারের অক্ষরও নাই। এ কারণে, যাবতীয় বাদি শব্দ এক বর্গ্য-ব-বর্ণের অন্তর্গত হইয়াছে।

নূতন অক্ষর। ঁ—এই অক্ষরের উচ্চারণ লুপ্তপ্রায় ইকার। যেমন, সং খলি বাং খইল সংক্ষেপে খ'ল; সং কলা বাং কালি সংক্ষেপে কাল। অ ই, আ ই বর্ণের মাঝে ঁ বর্ণের স্থান হইয়াছে। ব়—এই অক্ষর অন্তঃস্থ বকার-জ্ঞাপক। সংস্কৃত হিন্দী মরাঠি ফার্সী প্রভৃতি শব্দে ব়-কার আছে। ড়—এই অক্ষর হলন্ত শব্দের ল, উচ্চারণে ল-ড এর মধ্যবর্তী। মরাঠী ওড়িয়া প্রভৃতি ভাষায় এই বর্ণ আছে। শব্দের উচ্চারণ জানাইবার অভিপ্রায়ে অন্য দুই চিহ্ন আবশ্যক হইয়াছে। কাল শব্দ উচ্চারণ-ভেদে সময় ও কৃষ্ণবর্ণ বুঝায়। সময় অর্থে কাল হলন্ত, কৃষ্ণবর্ণ অর্থে অকারান্ত। এই অকারান্ত উচ্চারণ জানাইতে ল-অক্ষরের নীচে কষি, যেমন কাল্, দেওয়া গিয়াছে। এইরূপ, অন্যত্র। কদাচিৎ একারের বিকৃত উচ্চারণ জানাইতে, কদাচিৎ বিদেশী শব্দের একারের বিশেষ উচ্চারণ জানাইতে ( উল্টাইয়া, ) লেখা গিয়াছে।

শব্দ-বিন্যাস। যাবতীয় শব্দ বিশেষ্য, বিশেষণ, ক্রিয়া, সর্বনাম, অব্যয়—এই পাঁচ ভাগে বিভক্ত হইয়াছে। এতদ্‌ব্যতীত, বিভক্তি ও প্রত্যয়ও কিছু আছে। অর্থ ও প্রয়োগ বিশদ করিবার অভিপ্রায়ে এই ভাগের উৎপত্তি। ক্রিয়াপদ না দিয়া ধাতু দেওয়া গিয়াছে। বর্তমান কালে উত্তম পুরুষের ক্রিয়াপদও প্রদর্শিত হইয়াছে। যেমন, গড় ধাতু, গড়ি—নির্মাণ করি। প্রত্যেক ধাতু হইতে অল্পাধিক শব্দ উৎপন্ন হইয়াছে; যেমন, গড় ধাতু হইতে গড়া, গড়ন। এই রূপ যাবতীয় শব্দ ও তৎসমুদয়ের অর্থ অনাবশ্যক বিবেচনায় লিখিত হয় নাই। অধিকাংশ আন্ত ধাতু ( সং ণিজন্ত ) সামান্য ধাতুর শেষে, কদাচিৎ পৃথক্ পঙ্‌ক্তিতে নিবিষ্ট হইয়াছে। যেমন, খেল ধাতুর শেষে খেলা ধাতু পাওয়া যাইবে। ধাতুর আদ্যে ই উ থাকিলে আন্ত-রূপে ই স্থানে এ, উ স্থানে ও হয়। এই সাধারণ সূত্র মনে রাখিলে আন্ত ধাতু পাইতে ভুল হইবে না।

গ্রন্থলাঘব নিমিত্ত এক এক প্রধান শব্দের নীচে তৎসম্পর্কীয় শব্দ যোজিত হইয়াছে। স্বর দেখ। অতএব আবশ্যক শব্দ প্রথমে যথাস্থানে অন্বেষণ করিবেন; সেখানে না পাইলে ধাতুর নীচে দেখিবেন। সমাসবদ্ধ শব্দ প্রধান শব্দের নীচে দেখিবেন। যেখানে এক শব্দের নানা রূপ প্রদত্ত হইয়াছে, সেখানে প্রথম রূপ প্রায়ই শিষ্টসাহিত্যে গণ্য, পরবর্তী রূপ সংক্ষিপ্ত কিংবা গ্রাম্য।

ব্যুৎপত্তি। গ্রন্থ-সমাপ্তির পর ব্যুৎপত্তি-নির্ণয়ের রীতি বলা যাইবে। বাঙ্গালা ভাষায় সংস্কৃত ফার্সী আরবী ইংরেজী প্রভৃতি শব্দ ও অন্য ভাষার শব্দ বিকৃত বহু ভাষিক

আছে; "মুচুকবাজারি" "সেপাহি" অনেক শব্দও আছে। কিন্তু কোনটা দেশজ, তাহা নির্ণয়ের পথ পাই নাই। যেটাই শব্দ সংস্কৃত কিংবা অন্যান্য ভাষা হইতে আসে নাই, ইহা দেশজ, বঙ্গদেশজ, ভারতদেশজ—এই সিদ্ধান্ত করিতে বিদ্যা-বুদ্ধি-সাহসের পার নাই। এই কারণে 'দেশজ' ব্যুৎপত্তি কোথাও দেখা যাইবে না। যেখানে প্রদত্ত ব্যুৎপত্তিতে পাঠকের সন্দেহ হইতে পারে, সেখানে স্বমতের ধারা-প্রকাশে প্রয়াস করিয়াছি। সন্দেহ না থাকিলেও, ওড়িয়া, হিন্দী, মরাঠী প্রভৃতি ভাষা হইতে অনুরূপ শব্দ তুলিয়াছি। সেই সেই ভাষায় কি বলে, তাহাও জানিবার প্রয়োজন হইতে পারে। যেখানে ব্যুৎপত্তি নির্ণীত হইতে পারে নাই, সেখানে প্রশ্নার্থক চিহ্ন (?), কিংবা অন্য ভাষার শব্দের সহিত প্রশ্নার্থক চিহ্ন দেওয়া গিয়াছে।

অর্থ। সমুদায় শব্দের মুখ্য অর্থ এবং অনেকের গৌণ অর্থও দেওয়া গিয়াছে। প্রয়োগে, কথায়, দৃষ্টান্তে অর্থ পরিস্ফুট হইয়া থাকিবে। প্রয়োগ দ্বারা কোথাও অর্থ, কোথাও বানান, কোথাও প্রচার কাল, প্রকাশের প্রয়াস হইয়াছে। 'অব্যয় শব্দের ভাবার্থ অধিকরণ কারকে লিখিত হইয়াছে। যে সকল গাছের ও জন্তুর বাঙ্গালা নাম আছে, সে সকল বিনিশ্চয় নিমিত্ত দুই একটা লক্ষণ দেওয়া হইয়াছে। পরে Flora of British India, Fauna of British India নামক প্রামাণিক গ্রন্থ হইতে বৈজ্ঞানিক লেটিন নাম, কদাচিৎ ইংরেজী নাম উদ্ধৃত হইয়াছে। গ্রন্থ শেষ হইলে বিস্তারিত ভূমিকা ও ভ্রমসংশোধনপত্র প্রদত্ত হইবে।

কটক।
সন ১৩২০।

শ্রীযোগেশচন্দ্র রায়

# সাঙ্কেতিক অক্ষর

অঃ অমরকোষ।

অঃটীঃ অমর-কোষের টীকা (চন্দ্রমোহন ভট্টাচার্য্য-পরিশোধিত)।

অপ্রচলঃ অপ্রচলিত।

অশিষ্ট ভদ্রসমাজে অপ্রচলিত।

আ° আরবী।

আদাঃ আদালতের ভাষায়।

আপ্তে বামন আপ্তে কৃত সংস্কৃত-কোষ।

আসা° আসামী।

ই° ইংরেজী।

উ° উচ্চারণ।

উর্দু উর্দু।

ও° ওড়িয়া।

কবিকঃ কবিকঙ্কণ-চণ্ডী।

কৃত্তিঃ কৃত্তিবাস (লং = লঙ্কাকাণ্ড, ইত্যাদি)

গ্রা° গ্রাম্য, অশিক্ষিত নরনারীর ভাষায়।

চণ্ডীঃ চণ্ডীদাস।

চৈঃ চঃ চৈতন্য-চরিতামৃত।

জমিঃ জমিদারী ভাষায়।

তু° তুলনা কর, বিচারে আন।

নিঃ নিষেধার্থ শব্দ।

ণ. বিশেষণ।

পর্তু° পর্তুগীজ ভাষায়।

পুং পুংলিঙ্গ রূপ।

প্রাঃ প্রয়োগ।

প্রচলঃ প্রচলিত।

প্রা° প্রাকৃত।

বা° বাঙ্গালা।

বা° প্রা° বাঙ্গালা প্রাকৃত (কথাভাষা)।

বিঃ বিপরীতার্থ শব্দ।

বৈদ্যকঃ বৈদ্যকশব্দসিন্ধু (উমেশচন্দ্র গুপ্ত সঙ্কলিত)।

ব্য. অব্যয়।

ভাঃ ভারতচন্দ্র।

ম° মরাঠী।

মা° মাণিকগাঙ্গুলীর ধর্মমঙ্গল।

মেঃ মেদিনীকোষ।

যা° যাবনিক (আরবী ফার্সী)।

শব্দকঃ শব্দকল্পদ্রুম।

শব্দসার শব্দসার অভিধান (গিরিশ বিদ্যারত্নের)।

শূঃপুঃ শূন্য পুরাণ।

ষ্য. বিশেষ্য।

সং সংস্কৃত।

সং প্রা° সংস্কৃত-প্রাকৃত।

স্ত্রী° স্ত্রীলিঙ্গরূপ।

হি° হিন্দী।

হেমঃ হেমচন্দ্রকোষ।

# সাহিত্য-পরিষৎ-গ্রন্থাবলী

## পরিষদের সদস্যগণের পক্ষে অধিকাংশ পুস্তকের মূল্য অর্দ্ধেক করা গেল

(এই সকল গ্রন্থ পরিষৎ-কার্য্যালয়ে পাওয়া যায়)

১। কৃত্তিবাসী রামায়ণ—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত বেদান্তরত্ন, এম্ এ, বি এল-সম্পাদিত। (ক) অযোধ্যা-কাণ্ড—মূল্য ।০ আনা। (খ) উত্তরাকাণ্ড—মূল্য ১৲ টাকা। সদস্যগণের পক্ষে দুই খণ্ড একত্র ১৲ টাকা।

২। পীতাম্বর দাসের রসমঞ্জরী—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু-সম্পাদিত। মূল্য ।৶০ আনা, সদস্যগণের পক্ষে ।০ আনা।

৩। বিজয় পণ্ডিতের মহাভারত—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু-সম্পাদিত। মূল্য ১৷০ টাকা; সদস্যগণের পক্ষে ।৷০।

৪। শঙ্কর ও শাক মুনি—পণ্ডিত ৺কালীবর বেদান্তবাগীশ-লিখিত। মূল্য ৶০ আনা, সদস্যপক্ষে /০ আনা।

৫। বৌদ্ধধর্ম্ম—পরিষদের ভূতপূর্ব্ব সভাপতি শ্রীযুক্ত সত্যেন্দ্রনাথ ঠাকুর-রচিত প্রবন্ধ। মূল্য ৶০ আনা, সদস্যপক্ষে /০ আনা।

৬। রাসায়ন-তত্ত্ব—কুমার শ্রীযুক্ত মন্মথকৃষ্ণ দেব বাহাদুর কর্ত্তৃক সঙ্কলিত। মূল্য প্রথম ভাগ ৸০ আনা, দ্বিতীয় ভাগ ৸০ আনা। সদস্যগণের পক্ষে দুই ভাগ একত্র ৸০ বার আনা।

৭। বনমালী দাসের জয়দেব-চরিত—পণ্ডিত শ্রীযুক্ত অতুলকৃষ্ণ গোস্বামী কর্ত্তৃক সম্পাদিত ও মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী কর্ত্তৃক লিখিত ভূমিকা সমেত। মূল্য ।০ আনা, সদস্যপক্ষে ৶০ আনা।

৮। ছুটি খানের মহাভারত—পণ্ডিত শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ এবং শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন বি এ সম্পাদিত। মূল্য ১ টাকা, সদস্যপক্ষে ৷০ আনা।

৯। জয়ানন্দের চৈতন্যমঙ্গল—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু ও ৺কালিদাস নাথ-সম্পাদিত। মূল্য ৸০ আনা, সদস্যপক্ষে ।৶০ আনা।

১০। মাণিক গাঙ্গুলির ধর্ম্মমঙ্গল—মহামহোপাধ্যায় শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী ও শ্রীযুক্ত দীনেশচন্দ্র সেন-সম্পাদিত। মূল্য ১৷০ টাকা, সদস্যপক্ষে ৸০ আনা।

১১। নরোত্তমের রাধিকার মানভঙ্গ—মুন্সী আবদুল করিম-সম্পাদিত। মূল্য ৶০ তিন আনা, সদস্যপক্ষে /১০ আনা।

১২। কৃষ্ণরাম দত্তের রাধিকামঙ্গল—চট্টগ্রামবাসী শ্রীযুক্ত রামচন্দ্র দত্ত-সম্পাদিত। মূল্য ।০ আনা, সদস্যপক্ষে ৶০ আনা।

১৩। [illegible]—৺জগবন্ধু ভদ্র-সম্পাদিত। মূল্য ১৷০ টাকা মাত্র।

১৪। কাশীপরিক্রমা (সচিত্র)—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু-সম্পাদিত। মূল্য ৸০ আনা, সদস্যপক্ষে ।৶০ আনা।

১৫। ভাগবতাচার্য্যের কৃষ্ণপ্রেমতরঙ্গিণী—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু-সম্পাদিত। মূল্য ২৲, সদস্যপক্ষে ১৲।

১৬। বাসুদেব ঘোষের পদাবলী—শ্রীযুক্ত মৃণালকান্তি ঘোষ-সম্পাদিত। মূল্য ৶০ আনা, সদস্যপক্ষে /১০।

১৭। নরহরির ব্রজ-পরিক্রমা—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু-সম্পাদিত। মূল্য ১৲ টাকা, সদস্যপক্ষে ৷০ আনা।

১৮। গীতার ঈশ্বরবাদ—শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত [illegible]-প্রণীত। মূল্য ১৲ টাকা, কাপড়ে বাঁধা ১৷০ টাকা।

১৯। নব্য-রসায়নী বিদ্যা ও তাহার উৎপত্তি—শ্রীযুক্ত ডাক্তার প্রফুল্লচন্দ্র রায় ডি এস্‌সি-প্রণীত। মূল্য ৷৶০।

২০। রামরাম বসুর প্রতাপাদিত্য-চরিত—শ্রীযুক্ত নিখিলনাথ রায় বি এল-সম্পাদিত। মূল্য ২৷০ টাকা।

২১। শূন্যপুরাণ—রামাই পণ্ডিত-প্রণীত ও শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু-সম্পাদিত। মূল্য ৸০ আনা, সদস্যপক্ষে ।৶০ আনা।

২২। মিলিন্দ প্রশ্ন—পণ্ডিত শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী কর্তৃক অনূদিত। মূল্য ১।০

২৩। [illegible] (১ম খণ্ড)—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ বসু-সম্পাদিত। মূল্য ৸০ আনা, সদস্যপক্ষে ৷৵০।

২৪। বিদ্যাপতির পদাবলী—শ্রীযুক্ত নগেন্দ্রনাথ গুপ্ত-সম্পাদিত। মূল্য ৫৲ টাকা। সদস্যগণের পক্ষে ৪৲ টাকা।

২৫। বিক্রমপুরের ইতিহাস—শ্রীযুক্ত যোগেন্দ্রনাথ গুপ্ত-প্রণীত। মূল্য ২।০ টাকা।

২৬। চাকমাজাতির ইতিহাস—শ্রীযুক্ত সতীশচন্দ্র ঘোষ-প্রণীত। মূল্য ৩৲ টাকা।

২৭। ফরিদপুরের ইতিহাস (১ম ভাগ)—শ্রীযুক্ত আনন্দনাথ রায়-প্রণীত। মূল্য ৷০ আনা।

২৮। শতপথ ব্রাহ্মণ (১ম ও ২য় খণ্ড)—শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী কর্তৃক অনূদিত। মূল্য ৩৲ টাকা ও ২।০, সদস্যপক্ষে ২।০ ও ১।০।

২৯। পরলোকগত চন্দ্রনাথ বসু। (সচিত্র)—শ্রীযুক্ত খগেন্দ্রনাথ মিত্র এম্ এ-প্রণীত। মূল্য ।০ আনা, সদস্যপক্ষে ৵০ আনা।

৩০। পরলোকগত কালীপ্রসন্ন বিদ্যাসাগর (সচিত্র)—শ্রীযুক্ত চন্দ্রশেখর কর বি এ-প্রণীত। মূল্য ।০ আনা, সদস্যপক্ষে দুই আনা।

৩১। বিষ্ণুমূর্ত্তি-পরিচয় (সচিত্র)—শ্রীযুক্ত বিনোদবিহারী কাব্যতীর্থ বিদ্যাবিনোদ-প্রণীত। মূল্য ।৵০ আনা সদস্যপক্ষে ৶০ আনা।

৩২। মায়াপুরী—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ-প্রণীত। মূল্য ।০ আনা, সদস্যপক্ষে দুই আনা।

৩৩। প্রাচীন গ্রীসের জাতীয় শিক্ষা—শ্রীযুক্ত বিনয়কুমার সরকার এম্ এ-প্রণীত। মূল্য ১৲ টাকা।

৩৪। ঐতরেয় ব্রাহ্মণ—শ্রীযুক্ত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী এম্ এ-সম্পাদিত। মূল্য ৫৲ টাকা।

৩৫। কবি হেমচন্দ্র (সচিত্র)—শ্রীযুক্ত অক্ষয়চন্দ্র সরকার-প্রণীত। মূল্য ৷৵০ আনা।

৩৬। শ্রীভাষ্য (১ম খণ্ড)—শ্রীযুক্ত দুর্গাচরণ সাংখ্য-বেদান্ততীর্থ-সম্পাদিত। মূল্য—গ্রাহকগণের পক্ষে ২৲ টাকা ও সাধারণের পক্ষে ২।০ টাকা। ঐ (২য় খণ্ড) গ্রাহকপক্ষে ২৷৵০ ও সাধারণ পক্ষে ৩৵০।

৩৭। বোধিসত্ত্বাবদানকল্পলতা (১ম খণ্ড)—শ্রীযুক্ত শরচ্চন্দ্র দাস রায় বাহাদুর কর্তৃক অনূদিত। মূল্য—পরিষদের সদস্যগণের পক্ষে ৸০ আনা ও সাধারণের পক্ষে ১।০ টাকা।

৩৮। বাঙ্গালা ভাষা—শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি এম্ এ-রচিত।

প্রথম ভাগ ১ম অধ্যায়—(রাঢ়ের ভাষা) মূল্য ৸০ সদস্যপক্ষে ।৵০ আনা।

২য় ,, (শব্দশিক্ষা) ,, ৸০ ,, ।৵০ আনা।

৩য় ,, (ব্যাকরণ) ,, ১।০ ,, ৷৵০ আনা।

(দ্বিতীয় ভাগ) বাঙ্গালা শব্দকোষ (অভিধান)। মূল্য—সাধারণপক্ষে ১।০ ও সদস্যপক্ষে ১৲।

৩৯। ব্রত-কথা—শ্রীমতী কিরণবালা দাসী-সঙ্কলিত। মূল্য—সদস্যগণের পক্ষে ।০ ও সাধারণের পক্ষে ।৵০ আনা।

৪০। রাসায়নিক পরিভাষা—ডাঃ শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ডি এস্ সি ও শ্রীযুক্ত প্রবোধচন্দ্র চট্টোপাধ্যায় এম্ এ-সম্পাদিত। মূল্য সাধারণের পক্ষে ।৵০ আনা, সদস্যপক্ষে ৶০ আনা।

৪১। কল্কিপুরাণ—৺রামলোচন [illegible]-প্রণীত। মূল্য সদস্যপক্ষে ৷৵০ ও সাধারণের পক্ষে [illegible]।

গোলাপী কণ্ঠী থাকে। লোকে আদর করিয়া এই পাখী পোষে।

চন্দরস ··ব্য. (ই° sandarac)। এক প্রকার রঞ্জন (gum sandarac. Gum বলা হইলেও gum নহে, resin)। দক্ষিণ ভারতে শালগাছের সদৃশ একগাছ (Vateria indica) জন্মে। তাহার নির্য্যাস বা ধুনা সন্দরস, সফেদ ডামর, রাল ইত্যাদি নামে বার্নিশ করিতে লাগে।

চন্দ্র ··ব্য. (সং)। চন্দ্রগ্রহ; এক অঙ্ক। মানুষের নামের সহিত যুক্ত হইয়া শ্রেষ্ঠ বুঝায়; যথা, সং পুরুষচন্দ্র—যাবতীয় পুরুষের মধ্যে চন্দ্র—শ্রেষ্ঠ-পুরুষ; বাং রমেশ-চন্দ্র—উৎকৃষ্ট বা বিশ্রুত রমেশ; ইত্যাদি। চন্দ্রানন ··ণ. (সং চন্দ্র+আনন)। চন্দ্রের সদৃশ সুন্দর মুখ যার; স্ত্রীং চন্দ্রাননী। চন্দ্রকলা··ব্য. (সং)। চন্দ্রবিম্বের ষোড়শ ভাগ। চন্দ্রকান্ত ···ব্য. (সং)। রাত্রে শিশির জাত করে এমন মণি-বিশেষ (রত্নপরীক্ষা দেখ)। চন্দ্রকান্তি ··ব্য. (সং)। চন্দ্রের জ্যোতি। ·· (ও°)। ঘিতে ভাজা বাটা বিরীর চন্দ্রাকার ফুলবড়ি বিশেষ. (চৈতন্য-ভাগবত)। চন্দ্রগ্রহণ···ব্য. (সং)। রাহু কেতু দ্বারা চন্দ্রকে আবরণ। চন্দ্র-পুলী ··ব্য. (সং চন্দ্রপূরীকা)। নারিকেল-কোরা, ক্ষীর ও চীনি যোগে অর্দ্ধচন্দ্রাকার পিষ্টক-বিশেষ। চন্দ্রবিন্দু ··ব্য. (সং)। অনুনাসিক বর্ণ, ঁ—বিন্দুযুক্ত চন্দ্রঅক্ষর। সংস্কৃতে ঙ ঞ ণ ন স্থানে অনুনাসিক হইত, যথা, বিদ্বান্+লেখক=বিদ্বাঁল্লেখক। বাংলাতে ঙ ঞ ণ ন ম স্থানে যে ঈষৎ অনুনাসিক হয়, তাহাকে চন্দ্রবিন্দু বলা যায়।

চন্দ্রমল্লিকা ··ব্য. (সং, কিন্তু আধুনিক)। সোমরাজ্যাদি বর্গের পুষ্প শাক-বিশেষ (chrysanthemum)। চীন ও জাপান দেশের গাছ। গাছ বার মাস থাকে, ফুল হলুদ, চন্দ্রাকার (কিন্তু মল্লিকা নাম কেন? ফাং গুলদাউদী)। চন্দ্রশালা ব্য. (সং)। পাকা বাড়ীর ছাদের উপরে স্তম্ভাধিষ্ঠিত ছাদ বা খোলা ঘর। চন্দ্রহার ··ব্য. (সং)। নারীর কটিদেশের হার। মাঝে চন্দ্র থাকে বলিয়া নাম (কিন্তু হার কটিতে গেল কেন? তুং, চন্দ্রহার গলায় চৌদিক করে আলো। তার কোলে পদক প্রসূন শোভা পায় (মাঃ)। তবে, দেড়শত বৎসর পূর্বে চন্দ্রহার গলার অলঙ্কার ছিল)। চন্দ্রহাস···ব্য. (সং)। চকচকা তরবারি। চন্দ্রক ব্য (সং)। ময়ূরের পুচ্ছের চন্দ্রাকার চিহ্ন; নখ, তুং কে বলে শারদশশী সে নখের তুলা (ভাঃ); জলে তৈল নিক্ষিপ্ত হইলে যে চন্দ্রাকার বলয়শ্রেণী দেখা যায়; অভ্রাদি পদার্থের দীপ্তি। চন্দ্রকী·· ব্য. বাঁশের চন্দ্রাকার—গোলাকার—চাঁচ বিশেষ। ইহাতে ক্ষুদ্র পোকা গুটী বাঁধে। চন্দ্রা···ব্য. (সং)। চারিদিকে মুক্ত গৃহবিশেষ। এই গৃহের ছাদ স্তম্ভোপরি স্থাপিত থাকে। বঙ্গদেশে চন্দ্রা কদাচিৎ আছে। চন্দ্রার অনুকরণে আট-চালা। চন্দ্রা ··ব্য. (সং চন্দ্রিকা)। তগরাদি বর্গের ক্ষুপ-বিশেষ (Rauwolfia serpentina)। প্রতি গাঁইটে তিন চারিটা পাতা চক্রাকারে থাকে, অ-ডোমা ফুল শাদা, আনীলরক্ত; বহিরাবরণ লাল; ফল কৃষ্ণবর্ণ জোড়া জোড়া। শিকড় ঔষধে লাগে।

চপ্-চপ, চব্-চব …অ্য. ( সং চর্ব ধাতু চর্বণে )। চর্বণ শব্দে, প্রঃ—চপ চপ চিবায়ে চ[illegible] হাতী ঘোড়া ( মাঃ ), কেহ কেহ খাবার সময় চব্-চব করে।

চপট…অ্য. ( সং চপেট হইতে )। আঘাত, অধিক ভ্রমণ-হেতু ক্লেশ।

চচ্-চব …ব্য. (সং চ্যু ধাতু পতনে, ক্ষরণে, চ্যু ধাতু হইতে চ্যবতে পদ)। ক্ষরণে, স্রাবে, প্রঃ—গায় তেল চব্-চব করা—এত তেল যে গড়াইয়া পড়ে। চবু-চবা। চুব-চুব… ব্য. ক্ষুদ্র দেহে ক্ষরণে। চুব চুবা।

চবাং …ব্য. ( সং স্বপ ধাতু গতি হইতে। তুং সপাং। সপাং, চবাং, এক বোধ [illegible] জলে হঠাৎ পতিত [illegible]—চবাং চবাং করিয়া জলে চলা;—জলের উপরে পা তোলা এবং জলে ফেলা; অথবা রাখি জলে চবাং করিয়া পড়ে।

চবুতরা …ব্য. ( হিং চবুতরা। সং চত্বর )। চত্বর ( চৈঃ চঃ )। ( অপ্রচলঃ )

চব্ব …ব্য. ( [illegible] শব্দ )। ঘোষণা, রটনা, প্রঃ—দেশে চর্ব পড়িয়াছে—শব্দ হইয়াছে।

চব্বিশ…ণ. (সং চতুর্বিংশতি)। বিশের উপর চারি সংখ্যা-সংখ্যক; ২৪। চব্বিশ পহর… ব্য. ২৪ প্রহর অর্থাৎ তিন অহোরাত্র-ব্যাপী হরিনাম কীর্ত্তন। চব্বিশা, চব্বিশিয়া, চব্বিশে…ণ. ( সং চতুর্বিংশতিক )। চব্বিশ সংখ্যার পূরক,-পূরক দিবস।

চম্…ব্য. (সং চম ধাতু ভক্ষণে)। ত্রাসে, প্রঃ—পা চম করিল উঠিল—আতঙ্ক যেন খাইতে আসিল। ( ছম্-ছম দেখ )

চমক…ব্য. ( সং চমৎকার )। আশ্চর্য, প্রঃ—[illegible] চমক লাগে ( কবিকঃ )।

[illegible]—বিস্ময়াকুল চিত্তের সমতা-[illegible]। চমক পড়া—বিস্ময় ঘটা, সহসা আশংকা ঘটা, প্রঃ—চমক পড়িয়া গেল ( মাঃ )। ধাতু চমকি—দীপ্তি পাই, প্রঃ—মণিময় আভরণ চমকে ঝলকেণ( ভাঃ )। চমকা। চমকা …ধাতু. চমকাই—ভয়ে আশ্চর্যে সহসা আক্রমণে কম্পিত হই। চমকানো, চমকানি।

চমকিত…ণ. বিস্ময়াবিষ্ট, চমৎকৃত, প্রঃ—ব্যাখ্যা শুনি সব লোকের চমকিত মন ( চৈঃ চঃ )।

চমৎকিত ( প্রাং ) [illegible] ( সং চমৎকৃত )। চমৎকৃত ( [illegible] )।

চমর[illegible] ( সং চমর, স্ত্রী চমরী )। হিমালয় ও তিব্বতের [illegible]-বিশেষ ( yak. Bos grunniens )। [illegible] চমর প্রায় কৃষ্ণবর্ণ, মাথা [illegible]। তিব্বতীয়রা চমরী পোষে। [illegible] চমরীর পুচ্ছ[illegible]ে চামর হয়।

চম্পক চাঁপা [illegible]।

চম্পট…ব্য. ( সং চম্প ধাতু গতি, + অট ধাতু গতি ? )। পলায়ন ( চম্পট দেওয়া, করা )।

চম্পা [illegible] (সং চম্পক ?) চাঁপা ফুল। সাত-ভাই চম্পা [illegible] কৃত্তিকা-নক্ষত্র ([illegible])

চয়েন…ণ. [illegible] চেতন হইতে ? হিং চৈন বিশ্রাম )। নিশ্চিত, শিষ্টাচারী ( প্রায়ই শ্লেষে )।

চর…ধাতু. ( সং চর ধাতু গতি, ভ্রমণ, ভক্ষণ)। চরি—ভ্রমণ করি, ব্যাপি, প্রঃ—শরীরে বিষ চরিয়াছে; ভক্ষণ করি, প্রঃ—গোরু চরিতেছে—ঘাস খাইতেছে; রাজহংস চরি ( কৃত্তিঃ )—বোলে—বুলে—বেড়ায়।

[illegible] চর—ধাতু [illegible] ধাতু আস্ফে[illegible])।

চরাবা । চরানি—বা. ভোজন । চরাই—বা. (চরা+ই)। গবাদিচরণ।

চর—বা. (সং)। গুপ্তদূত। নদীর চড়া।

চরকা—বা. (সং চক্র। হিং চরখা, রহটা; মং চরকী; ওং অরট, তেলুগু রটু। এই শব্দে ওড়িয়া বাঙ্গালা পৃথক হইয়াছে। অরট, রহটা, রট—সং অর-ঘট্ট—কূপ হইতে জল তুলিবার মাল্যাকার ঘটী-যন্ত্র। কিন্তু চরকার সহিত অরঘট্টের সাদৃশ্য অল্প)। সূতাকাটা চক্রযন্ত্র। চরকার পাখী—পক্ষ—চক্রের অরা। মাল-সূতা—যে মালা-সরূপ সূতা চরকার চক্র ও টেকোকে বেষ্টন করিয়া টেকোকে ঘুরায়। টেকো—টাকুয়া—সং তর্কু (তাকুড় দেখ)। অতএব প্রথমে তর্কু—তাকুড় দিয়া সূতা কাটা হইত, পরে চরকা। ঢাকার সূক্ষ্ম সূত্র তাকুড় দিয়া কাটা হয়। ব্রাহ্মণের পইতার সূতাও তাকুড়ে কাটিবার রীতি ছিল।

চরকী—বা. (চরকা+ঈ—ক্ষুদ্রার্থে)। ছোট হালকা চরকা; মাথায় শর-বাঁধা বাঁশের ছড়া পাখী (শলা)-যুক্ত আধার বা নাটাই বিশেষ; সূতার ফেটী (দেখ) চরকীতে পরাইয়া সূতা খোলা হয়। (২) ... ক্রীড়া বিশেষ (ওং চক্রবাণ); নানারঙ্গের আলোকচক্র। চরকীর মতন ঘোরা—সূতার চরকীর মতন বেগে।

চরঙ্গী—বা. (হিং ভরঙ্গী, অন্য নাম তিথাই)। হিমালয়ের তিক্ত ক্ষুপবিশেষ (Picrasma quassiodes)। কাঠ ঔষধে লাগে।

চর্-চর—বা. (সং চর্ ধাতু গতি)। লেখনশব্দে, প্রঃ—চর্-চর করিয়া লেখা।

চরণ—বা. (সং)। পা; শ্লোক ও গীতের পদ। চরণামৃত (প্রাং চরণামৃত) বা. (সং)। ব্রাহ্মণের পদ-ধৌত জল। চরণ-কমলেষু—বা. (সং অধিকরণ কারকে)। কমল-সদৃশ চরণে। চরণ-সেবা—(সং)। পদসেবা, পা টেপা।

চরস—বা (সং চার-রস ?)। সিদ্ধিগাছের মঞ্জরীর মাদক রস। প্রায়ই তামুকের সঙ্গে মিশাইয়া প্রযুক্ত হয়। চরসী—ণ. (চরস+ঈ)। চরস পানে আসক্ত।

চরা—চর ধাতু দেখ। চড়া দেখ। চরা গাঙ্গ—যে নদীতে চর বা চড়া আছে।

চরিত—বা. (সং)। চরিত্র। চরিতার্থ—ণ. (সং)। প্রাপ্ত-অর্থ, পরিতুষ্ট।

চর্চ—ধাতু (সং চর্চ ধাতু কথন, অনুশীলন)। চর্চি—অনুশীলন করি, প্রঃ—বিদ্যা চর্চিয়া বিধান, অনুসন্ধান ও বিচার করি, প্রঃ—বাজার চর্চিয়া দর জানা। চর্চ ও চড় ধাতু (চড় ধাতু আছে)। চর্চানা।

চর্চা—বা. (সং)। ...লেপন, ... চন্দন-চর্চা। চর্চিত—ণ. (সং)। লেপিত, ...ক্ত, প্রঃ—চন্দন-চর্চিত কলেবর।

চর্বি—বা. (ফাং চর্বি)। বসা, প্রঃ—চর্বির বাতি; মেদ, প্রঃ—গায়ে চর্বি হয়।

চর্বিত—ণ. (সং)। যাহা চিবানো হইয়াছে। চর্বিত-চর্বণ—বা (সং)। চিবাইয়া যাহার রস পান করা হইয়াছে, তাহা পুনর্বার চর্বণ বাক্যের পুনঃ কথন।

চর্ম—বা. (সং চর্মন্)। দেহের ত্বক, চামড়া, ছাল। চর্মকার—বা. (সং)। যে কাচা চামড়া কষায়।

চর্যা—বা.(সং)। আচরণ, অনুষ্ঠান, প্রঃ—দেবের চর্যা করা। (অনেকে ভুল করিয়া বলে ...

চল···ধাতু. (সং চল ধাতু গতি)। চলি—গমন করি, পায়ে হাঁটি। মূলার্থ গতি হইতে অনেক অর্থ আসিয়াছে। চলি চলি পা পা ···শিশুকে পায়ে চলিতে শিখাইবার কথা। (২) নির্বাহ, প্রঃ—ঘর সংসার চলে, ব্যবসা চলে ; (৩) আচরণ, প্রঃ—ভদ্রঘরে অনাচার চলে না, জল চলে না ; (৪) প্রবেশ, প্রঃ—সূতা চলে না বাটিয়া (বেটে৷ দোড়ী) চলিবে ? ; (৫) সহন, প্রঃ—দেহে ঝাল চলে না—সহ্য হয় না ; (৬) ইহলোক হইতে প্রস্থান, প্রঃ—সকলকেই চলিতে হবে, আগে বা পরে। চলিয়া যাও···চিরস্থায়ে যাইতে বলা। চলা, চলন, চলনি ॥ চলন্ত ···ণ. (সং চলৎ ; বাং চল+অন্ত)। যাহা চলিতেছে, গতিশীল। চলা-ফেরা···. আনা-গনা। চলা-বোলা, চলা-বুলা···ণ. (সহচর শব্দ)। চলন ও ভ্রমণ। চল-বুলিয়া ···ণ. (চল ও বুল ধাতু)। যে চলা-বোলায় দক্ষ। চলতি···ব্য. ণ. (সং চলিত, চলৎ)। প্রচলিত, প্রঃ—চলতি কথা। যাহা উত্তম চলিতেছে, প্রঃ—চলতি কারবার। চলতি-বলতি···ব্য. (সং বল ধাতু প্রাণনে ; সহচর শব্দ)। নির্বাহ, বৃদ্ধি। চল···ব্য. (বাং চলি হইতে)। চলন, প্রঃ—তাহাদের সঙ্গে আমাদের চল নাই। বেচল···ণ. (ফাং বে, সং বি)। চলনের অযোগ্য। চলাচল···ব্য. (সং)। গমনাগমন, প্রঃ—রাত্রে লোক চলাচল থাকে না ; ব্যবহার। চল-বিচল···ণ. চলন-অচলন, প্রঃ—সংসারে অনেক কাজ চল-বিচল করিয়া লইতে হয়—বিচল বা অচলকে চালাইয়া লইতে হয়। চলৎশক্তি···ব্য. (সং)। চলিবার সামর্থ্য।

চলা···ধাতু. (চল ধাতু অন্তে)। চলাই—গমন করাই, পায়ে হাঁটাই। চলানা ॥ (চল ধাতু অন্ত অর্থে প্রায়ই চালা ধাতু)। চলন-সই···ণ. (সই দেখ)। চলনযোগ্য, সাধারণ।

চলকা···ধাতু. (বাং চলকা, ওং চহলিবা, হিং ছলকানা, মং চলণেঁ। অতএব মূলে চল ধাতু। চলীকৃত হইতে ?)। চলকাই——বিচলিত, উচ্ছলিত হই, প্রঃ—তাড়াতাড়ি আনিলে বাটির দুধ চলকাইয়া—চলকো—পড়ে। চলকানো ॥

চল্লিশ, চালিশ···ব্য. (সং চত্বারিংশৎ)। চারিগুণ দশ সংখ্যা, সংখ্যক ; ৪০।

চশম-খোর···ব্য. (ফাং চশম। সং চক্ষুঃ। ফাং খোর)। চোখ-খেগো, নির্লজ্জ, কৃপণ।

চশমা···ব্য. (ফাং)। প্রতিচক্ষু। চশমা নেওয়া (বা লওয়া)···চোখে চশমা আবশ্যক হওয়া। চশমা পরা···স্বেচ্ছায় চোখে চশমা পরা। চশমার খোল···যে কোষে চশমা রক্ষিত হয়।

চষ···ধাতু. (সং চষ ধাতু বধে)। চষি—ভূমি কর্ষণ করি, হলকর্ষণ করি। চষা ॥ চষা···ধাতু. (চষ ধাতু অন্তে)। চষানা ॥ চষত···ণ. (চষিত হইতে)। যাহার ভূমি হয়, প্রঃ—চষত ভূমি। চষি-পোকা···ব্য. (চষ ধাতু কর্তৃবাচ্যে ই)। খসের অতিশয় ক্ষুদ্র অষ্টপদী কীট যাহা চষিয়া—নালী করিয়া চর্মে বাস করে।

চহল, চহলা···ণ. (সং চিকিল—পঙ্ক—শব্দজে। হিং চহল—কাদা, মং চিখল—পিছল)। কর্দমময়, প্রঃ—পথ চহল হওয়া, চহলা রাস্তা।

চা, চাহ···ধাতু. (সং চায় ধাতু পূজা, অর্চনা,

চাওয়া ... হিং মং তে চাহ ধাতু ... প্রেম করা সং স্নিহ ধাতু মিলিয়া থাকিবে)। চাই, চাহি—দেখি, প্রঃ—একবার আমার দিকে চাও না, চোখ চেয়ে (চাইয়া) দেখ না। চাওয়া, চাহা (পদ্যে), চাওনি, চাউনি। চাওয়া—ধাতু (চা ধাতু আছে)। চাওয়ানো। চোখ চাওয়ানো—চোখে দেখা করান।

চাওয়া, চাহ...ধাতু (সং চিত ধাতু যাচনে)। চাই, চাহি—যাচ্ঞা, আকাঙ্ক্ষা করি, প্রঃ—শেষে বঁধু কুলায় কড়ী আনিলাম চেয়ে (চাহিয়া), না...ই সুন্দর কায় অর্থে মন নাহি ধায়। চাওয়া। চাই—ণ. (আমি চাই হইতে। হিং চাহিবে—আবশ্যক)। আবশ্যক, প্রয়োজনীয়, প্রঃ—সংসারে থাকিতে হইলে অর্থ চাই। চাই কি—অব্য. অথবা, বরং, প্রঃ—চাই কি ঘুমাইতেও পারি। চাওয়া...ধাতু (চা ধাতু আছে)। চাওয়ানো।

চা—ষ্য. (চীনা চা হইতে। ফাং চায়)। চীন ও আসামের ক্ষুপ-বিশেষ (Camelia thea)। ইহার পাতা ভাপাইয়া চায়ের পানীয় প্রস্তুত করা হয়। আসামে বন্য চা গাছ আবিষ্কারের পর চায়ের চাষ প্রচুর পরিমাণে হইতেছে, এবং এদেশের লোক চা-পান করিতে শিখিতেছে। চা-কর...ষ্য. চায়ের ক্ষেত্র-স্বামী কিংবা চায়ের কৃষক। চা-দান, চা-দানী...ষ্য. (ফাং দান, দানী)। চা-পান-পাত্র। চা-বাগান...ষ্য. চা গাছের

...ষ্য. (সং স্বামী। তুং ওং সাঁই)। দক্ষ কর্তা বা নায়ক, বুদ্ধিমান ব্যক্তি। (তুং বিদ্যার না-গোসাঁই)।

চাই...ষ্য. (... হইতে চাকা—চাঁই ...)। বড় চাপ বা খণ্ড, চাঙ্গাড়। চাউড়, চাউড়ি, চাউটি দেখ।

চাউল, চাল...ষ্য. (সং তণ্ডুল, তণ্ডুল ... পুরাণে তাড়ুল তাউর। সং তান্দুল। চৈঃ অমৃতে, কবিকঙ্কণে, চাল। এখন কি, মাণিকে ও ভারতচন্দ্রেও চাল। গত দেড়শত বৎসরের মধ্যে চাল—চাউল—চাল হইয়াছে। তুং চাউল, হিং চাবল। ... তণ্ডুল শব্দের অনুনাসিক বর্ণ ... হইয়াছে। তাণ্ডুল—চাউল—চাউল। হিং ... আছে। ত স্থানে চ হয়, ... চাব—তং তাব। সং শালি হইতে চালু চাউল হইল না, ... চালি চাইল)। তুষ-নির্মুক্ত ধান্য। আতপ চাল...আতপ-পক্ব ধান্যের চাল। আলো চাল...আলোক বা আতপ পক্ব ধান্যের চাল। সিদ্ধ চাল...জলে সিদ্ধ ধান্যের চাল। বগড়া চাল (বগড়া দেখ। হিং সং বগ...)। মোটা ও কর্কশ চাল। মিহি চাল...(মিহি দেখ)। সরু চাল। চাল-ভাজা...ষ্য. ভৃষ্ট তণ্ডুল। চাল-ধোয়ানি...ষ্য. চোয়া চাল-ধোয়া পানি বা জল। চাল-পড়া...ষ্য. যে তণ্ডুলে তন্ত্র-মন্ত্র পাঠ করা হইয়াছে। চোর ধরিতে চাল-পড়ার প্রয়োজন। চাল-পড়া খাইলে চোরের মুখ দিয়া রক্ত উঠে। চাল বাড়ন্ত—বাড়িতেছে, এখন নাই। ঘরে চাল না থাকিলে চাল নাই বলিতে নাই। কারণ চাল লক্ষ্মী; লক্ষ্মী নাই বলিলে লক্ষ্মী-ছাড়া হইতে হয়। এই হেতু চাল বাড়ন্ত (তং ক্ষে চাউল বাড়িছি) বলা রীতি। গুড়-চাউলী...ষ্য. চালের গুঁড়ি ও গুড় যোগে কঠিন

ধাতু বিশেষে। (বিবাহের পর বধূকে গুড়-চাউলী মারা প্রথা আছে। কিন্তু উৎপত্তি কি? কন্যাহারী বরকে মিষ্টক দ্বারা প্রহার?)

চাল-মুগরা…ষ্যা. (বীজ চাউলের মতন বলিয়া? কিন্তু মুগরা কি শব্দ?)। শ্রীহট্ট চট্টগ্রাম ও ব্রহ্মদেশের আরণ্য উচ্চতরু বিশেষ (Taraktogenos kurzii)। পাতা বড় মসৃণ, ফল বড় গোল। ইহার বীজ হইতে চর্মরোগের তৈল প্রস্তুত হয়। পূর্বে আর এক গাছকে (Gynocardia odorata) এই ঔষধ-তৈলের আকর বলিয়া ভুল হইত। এই গাছেরও দেশী নাম চাল-মুগরা। প্রকৃত চালমুগরা গাছের ফুল ছোট ছোট, বীজ দীর্ঘ, বীজের খোসা মসৃণ, শাঁস কাল। অন্য গাছের বীজ ছোট (প্রায় ১ ইঞ্চি) খোসা পুরু, খোসায় এক পাশে রেখা আছে, এবং শাঁস আপাণ্ডুর।

চাক…ষ্যা. (সং চক্র)। কুমারের হাঁড়ী-গড়া চক্র। [illegible] চাকের—আরা—পাখী, নাভী—নাই। (২) কুমার [illegible] (৩) মধুচক্র—মউমাছির মধু-সঞ্চয় গৃহ। চাক ভাঙ্গা মধু…টাটকা মধু।

চাক…ষ্যা. (ফা° [illegible]) ফাট। প্রাঃ [illegible] চেরা চাক—ফাটিয়া চার খণ্ড।

চাকচিকা…ষ্যা. (সং চাকচক্য)। উজ্জ্বলতা প্রাঃ—প্রবোধচন্দ্রিকা।

চাকণ-চিকণ…বা. ণ. (সং চিক্কণ)। চিক্কণ, প্রাঃ—উপরেতে চাকণ-চিকণ ভিতরে খড়ের খোরা (প্রবাদ)।

চাকতি…ষ্যা. (সং চক্র-পত্র। স্বার্থে ই হইতে)। পত্রাকার চক্র।

চাকদা…ষ্যা. (সং চক্রমর্দ) [illegible] কাঞ্চনাদি বর্গের ছোট বন্য ক্ষুপ বিশেষ (Cassia tora)। কালকাসুন্দার মতন গাছ, কিন্তু দুর্গন্ধ। ইহার এক নাম দদ্রুঘ্ন; চক্রাকার দদ্রু মর্দন করে বলিয়া সং নাম চক্রমর্দ। (দাদমারি দেখ)।

চাকনা…চা দেখ।

চাকর…ষ্যা. (ফা°)। ভৃত্য। চাকর-বাকর…ষ্যা. (বাকর—ভিখারি? বেগার?)। ভৃত্যাদি। চাকরি…ষ্যা. (চাকর+ই)। ভৃত্যের কর্ম। চাকরিয়া, চাকরো…ণ. (চাকর+ইয়া)। চাকরি-ভোগী. প্রাঃ—চাকরো পুরুষ। চাকরান…ষ্যা. (ফা°)। চাকরের বেতন-স্বরূপ ভূমি। প্রবাদে, চাকরি নয় কুকুরি—কুকুর অন্ন-লোভে যেমন পদানত থাকে, চাকরও তেমন থাকে। তুং সং শ্ববৃত্তি। চাকরাণী…ষ্যা. (চাকর+আনী [illegible] দাসী বা স্ত্রী)। চাকর-চাকরানী…দাস ও দাসী। (কুটুম্ব হইলে দাস বা দাসী বলা যায় না।

চাকলা…ষ্যা. (সং [illegible])। প্রদেশ, কয়েকটি পরগণা লইয়া জমিদারির বিভাগ। প্রাঃ—চাকলা সব মাথে (চৈঃ চঃ)। চাকলা-দারি—চাকলার অধিকার।

চাকা…ষ্যা. (সং চক্র)। গাড়ীর চাকা। ([illegible]কার, অর, নেমি, নাই দেখ)। (২) চক্রাকারে কর্তিত খণ্ড, প্রাঃ—মাছের চাকা। চাকা-কার [illegible] সং চক্রকর, চাক্রিক)। গাড়ীর চাকা-কারী; চাকা-কারী জাতিবিশেষ।

চাকী…ষ্যা. (সং চক্র)। ছোট চাকা; রুটি বেলিবার চক্রাকার পাট; চক্রাকার দ্রব্য, [illegible] (আরিটী); জাঁতা হিং)।

চাকু ···ষ্য. (ফা°। পঞ্জাবীতে কাচু; তু° স্থ° কর্ত্তরী)। ছুরী, কলম-কাটা ছুরী। প্রঃ—চাকুতে কাটিয়া চাক যে করিয়া, তাহাতে বসাইল হেন (চণ্ডীঃ)। (চণ্ডীদাসের সময়ে চাকু শব্দ প্রচলিত হইয়াছিল?) চাকু-ছুরী···ষ্য. (সহচর শব্দ)। কলম-কাটা ছুরী।

চাকুন্দা ···(স° চক্রমর্দ্দ। হি° ও° চাকুন্দা)। চাকন্দা দেখ।

চাকুল্যা ···ষ্য. (স° চক্রকুল্যা—শব্দকল্পে, বৈদ্যকে)। শিশ্বাদিবর্গের বক্ত হ্রস্বাকার লতানিয়া ক্ষুপ বিশেষ (Uraria lagopoides)। পাতায় এক কিংবা তিন পর্ণ, পর্ণ প্রায় গোল (এই হেতু এক নাম চক্রপর্ণী), লোমশ; ফুল অনেক, আরক্ত; শুঁটীতে প্রায়ই দুইটা গাঁইট, মাঝে ভাঁজ হইয়া দুইটা গাঁইঠ গায়ে গায়ে লাগিয়া থাকে। লতাইয়া যাইবার সময় গাঁইঠে গাঁইঠে শিকড় হয়, এই হেতু এক স° নাম কাংস্রি-বল্লিকা; তিনটী পর্ণ পৃথক্ বলিয়া নাম পৃথক-পর্ণী, এবং জলের টোকা পানার (পৃশ্নি) মতন পর্ণ বলিয়া নাম পৃশ্নিপর্ণী। (এই নামের অপভ্রংশে হি° পেটবান)।

চাক্ষুষ (প্রা° চাক্খষ) ···ণ. (স°)। চক্ষু সাহায্যে প্রাপ্ত, দৃষ্ট; প্রঃ—চাক্ষুষ জ্ঞান, চাক্ষুষ আলাপ।

চাখ, চাক ···ধাতু. (স° চক্ষ ধাতু দর্শনে। স° চক ধাতু (তৃপ্তি) হইতে বাংলাও চক ধাতু হইত। তু° স° চক্ষণ, বা° চাটনি। ও° হি° ম°-তে-ও চাখ ধাতু)। চাখি; চাকি—স্বাদ লই, প্রঃ—চাকিতে চাকিতে লাগিল জিহ্বাতে পহিলে লাগিল মীঠ (চণ্ডীঃ); চাকি এক কণ (চৈঃ চঃ)। চাখা, চাখন। চাখন-দার ···ষ্য. (ফা° দার) রন্ধনের পর ব্যঞ্জনাদি চাখিয়া দেখিবার লোক। চাখন-বিবী ···ষ্য. (ফা° বিবী)। যে পরিচারিকা পক্ক ব্যঞ্জনাদি চাখিয়া দেখে। চাখা·· ধাতু. (চাখ ধাতু আছে)। চাখান।

চা-খড়ি ···ষ্য. (ইং chalk + বা° খড়ি)। চূর্ণিয়া খড়ি বিশেষ, কুল খড়ি (খড়ি দেখ)।

চাগ ··ধাতু. (জাগ হইতে?)। চাগি—উত্তেজিত হই, জাগি, প্রঃ—সে কিছুতে চাগে না। চাগা। চাগা ···ধাতু. (চাগ ধাতু আছে)। চাগাই—উত্তেজিত করি, উত্তেজিত করি, প্রঃ—লোহার সিন্দুক কেহ নে চাগাইতে পারে না। চাগান। চাগাড় ··ষ্য. (চাগা + ড়)। উত্তেজনা, উৎসাহ।

চাঙ্গ, চাং, চেং ···ষ্য. (স° চঙ্ক্রম—বৈদ্যকঃ। ও: চেঙ্গ)। জলাশয়বিচর মৎস্য-বিশেষ (Ophiocephalus gachu)। লাঠা মাছের মতন আকার। পাখনার ধার নারঙ্গ বর্ণ (লাঠা দেখ)। লাফাইয়া লাফাইয়া যাইতে পারে বলিয়া নাম চংদঙ্গা।

চাঙ্গট ···ষ্য. (স° চতুরঙ্গুলী)। চারি আঙ্গুল পরিমাণ, পদের উচ্চতা, প্রঃ—নদীতে এক চাঙ্গট মাত্র জল আছে—অর্থাৎ পায়ের উপর পর্যন্ত ডুবে।

চাঙ্গাড়, চাঙ্গাড়া ···ষ্য. (স° চতুরঙ্গুলী হইতে। চাঙ্গট দেখ)। ছোট চাপ, চাপড়া, প্রঃ—সোনার চাঙ্গাড়া (কবিকঃ)।

চাঙ্গাড়া (প্রা° চেঙ্গাড়া) ···ণ. (স° চঙ্গ—দক্ষ

হইতে ; উপহাসে অর্থান্তর )। অদক্ষ, অকর্মণ্য। (স্ত্রী চেংরী)। (২) চাঙ্গারী (দেখ)।

চাঙ্গদোলা, চ্যাং-দোলা ( গ্রা' চেং-দোলা ) ...ক্রি. চোং—চাঙ্গা—খাড়া দেখ। আসাং চ্যাং—বাং মাচা )। ঝুলায়ার ভার যেমন ঝুলাইয়া লওয়া হয় তেমন হাত পা ধরিয়া ( মানুষকে ) শূন্যে উত্তোলন। চ্যাংদোলা করা—খ্যাপাকে দোলা করিয়া বহন।

চাঙ্গা ...ণ. ( সং চঙ্গ, চন্তাস্ত্র, শোভনে দক্ষে—মেঃ। হিং চাঙ্গা )। সুস্থ, শোভন, প্রঃ—জ্বরের পর চাঙ্গা হওয়া। দৃষ্টান্ত, যার মন চাঙ্গা তার কেঠোয় গঙ্গা—এক পথিক গঙ্গাস্নানে যাইতে যাইতে পথে এক মুচিকে একমনে জুতা সেলাই করিতে দেখে। সে গঙ্গাস্নান করে না শুনিয়া পথিক আশ্চর্য হইল। তখন মুচী উত্তর করিল, মন চাঙ্গা—সাধু হইলে কাঠের যে বাটিতে জল রাখিয়া সে জুতা সেলাই করে, তাহাতেই গঙ্গাদর্শন হইতে পারে।

চাঙ্গারী ( গ্রা' চেঙ্গারী )...স্ত্রী ( সং চাঙ্গালিকা। হিং চাঙ্গড়ি ঊর্দ্দ চঙ্গেরা, চঙ্গেরী )। বাঁশের বেতের বিস্তৃত-মুখ পাত্র। প্রঃ—ভরিয়া পসারী সব চাঙ্গড়া উঠাইয়া ( চৈঃ চঃ )—অধুনা চাঙ্গারী।

চাঁচ ...বি. ( সং চঞ্চ ...ভুং চাঁচ )। বাঁশের পুরু বা বেতে নির্মিত আসন ; চাটাই।

চাঁচ...ধাতু ( সং শুচ্ ধাতু শাসন, ছেদন। প্রা' ...ধাতু, ছেদে। ভুং ...ধাতু )। চাঁচি—ছাঁটিয়া, উল্লেখন করি, প্রঃ—কার চাঁচিয়া মাছ ভাত খায় চাঁচিয়া অরগে চাঁচ। চাঁচা-পোঁছা...( পুঁছ ধাতু দেখ ; সহচর শব্দ )। চাঁচা ও পোঁছা। চাঁচা-ছোলা...চাঁচা ও ছোলা ( সহচর শব্দ )।

চাঁচি...বা. দুধ জ্বাল দিবা কড়াই হইতে যাহা চাঁচিয়া পাওয়া যায়। চাঁচনি...বা. ( চাঁচ ধাতু অনি )। সোনা-রূপার নির্মাণে সরুণ চুকরা ; যাহা চাঁচিয়া লইতে পারা যায়। চাঁচনী...বা. ( চাঁচন+ঈ )। যে কাটারী দিয়া কাঠ চাঁচা যায়। চাঁচা...ধাতু ( চাঁচ ধাতু আছে )। চাঁচামা।

চাঁচর ...বা. (সং চঞ্চল)। অতি চঞ্চল, বক্রগামী। প্রঃ—চাঁচর কেশ ; করিল চাঁচর কেশে কবরী ঠুঠাম ( বাঃ )।

চাঁচর ...বা. ( সং চর্চরী )। দোল-পর্বে উৎসবাদির হর্ষ-ক্রীড়া।

চাচর ...বা. ( বাং চাঁচ+র )। যে বাঁশের চুকু দ্বারা কুম্ভকার চাকে গড়া বাসন কাটিয়া পৃথক করে ( চেয়াটি দেখ )।

চাচা ...বা. ( উর্দু। সং তাত হইতে। ত স্থানে চ হয়। চ স্থানে ক হইয়া কাকা )। কাকা ( মুসলমানী ভাষায় )। স্ত্রীং চাচী। প্রঃ—গ্রাম সম্বন্ধে চক্রবর্তী হয় আমার চাচা ( চৈঃ চঃ )। উপদেশে, চাচা আপন বাঁচা—নিজের বাঁচাও দেখ।

চাঁচাড়ি ...বা. ( চাচ ধাতু হইতে চাঁচা+ড়ি )। বাখারি চাঁচিলে যে অকর্মণ্য অংশ বাহির হয়।

চাট...ধাতু ( বাং চাটা, ভুং চাটিবা, হিং চাটনা, সং চাটনে—চারিভাষাতেই ধাতু। সং ...

চৈঃ চঃ। চাটা॥ চাটনি ··ষ্য. ভোজনান্তে যাহা চাটিয়া খাওয়া যায়। চাট, চাঁট, চাইট, চাটি ··ষ্য. মদ্য পানের পর স্বাদ-পরিবর্তন নিমিত্ত যে দ্রব্য চাটা হয়। চাটা-পোছা ·· (পুছ ধাতু দেখ। সহচর শব্দ)। চাটা ও পোছা। পাতা-চাটা ··ণ. যে কাঙ্গাল উচ্ছিষ্ট পত্র চাটিয়া জীবন ধারণ করে; অন্যের আশ্রয়ভাগী। চাটা ··ধাতু. (চাট ধাতু আস্তে)। চাটানা॥

চাটনী···জাল দেখ।

চাটনী ··ষ্য. (হিং। সং চক্ষণী। চাট ধাতু দেখ)। স্বাদ-পরিবর্তক অম্লরস-যুক্ত লেহ্য।

চাটা, চাটাই, (গ্রাং চেটা, চেটাই)···ষ্য. (ওং চটেই, হিং চটাই, মং চটাই। সং চটু ব্রতীর আসন—মেঃ। তুং সং কট—তৃণাসন)। তাল কিংবা খেজুর পাতার বোনা আসন। (চাটা—রাঢ়ে প্রায়ই চেটা, হ্রস্বে চেটী। বোধ হয় চাটা হইতে হ্রস্বে চাটী—শুদ্ধ)। চাটা বড়, চাটাই ছোট।

চাটাল্···ণ. (চাটা+আল)। চাটার তুল্য বিস্তৃত, বিস্তৃত। (চটাল্ দেখ)।

চাটি···ষ্য. (চাট ধাতু দেখ)। পশুর পদাঘাত। (মানুষের লাথি)। (২) করতলের আঘাত, প্রঃ—তবলায় চাটি মারা (চাট্‌য়া হইতে চাটি?)।

চাটি···ষ্য. (সং চট্ট; পালি চাটি—পাত্রাদি)। দীপ (চাটিগাঁয়ের ভাষা)। চাটি-গাঁ ··দীপের গ্রাম। লোকে বলে এখানে এক ফকির দীপ জ্বালিয়া বাস করিতেন। চাটিগ্রাম নাম সংস্কৃত আকারে চট্টল।

চাটী···ষ্য. (চাটা দেখ)। ছোট চাটা। চাটী-বাটী তোলা—আসন ও বাসস্থান তোলা; অন্যত্র বাস করা।

চাটু···ষ্য. (চট্ট—বৈদ্যকঃ। তুং সং তর্দ্দূ। ওং চটু। তুং বাং কর-চালু)। লোহা বা পিতলের দর্ভ। চাটুইয়া, চাটুয়ে··ষ্য. চাটুতে পক্ব ব্যঞ্জন; প্রঃ—মাছ চাটুয়ে। চাটুয়া, চেটো ··ষ্য. (চাটু+উয়া—সাদৃশ্যে; হিং চুল্লূ—সং চুলুক)। কর-তল।

চাটুজ্যা ··ষ্য. (চট্টজ্যা শব্দ হইতে অপভ্রংশে চাটুজা; ইহার অপভ্রংশে চাটুজ্যা)। ব্রাহ্মণের উপাধিবিশেষ। (চট্টোপাধ্যায় দেখ)।

চাটুতি ··ষ্য. (চট্ট+পুত্র)। চট্টবংশপুত্র।

চাড়···চাড়ি দেখ।

চাড়া · ষ্য. (চড় ধাতু হইতে চড়া, অপভ্রংশে)। উর্ধ্বে আকর্ষণ, প্রঃ—শরাসনে দিয়া চড়া (কবিকঃ)—অধুনা প্রায়ই চাড়া; গোঁফের প্রান্ত উর্ধ্বে নয়ন, প্রঃ—গোঁফে চাড়া দেওয়া। (২) মাটির ঘরের চাল তুলিয়া রাখিবার জোড়া (তোলা)।

চাঁড়াল ··ষ্য. (সং চণ্ডাল)। হিন্দুজাতি বিশেষ। স্ত্রী° চাঁড়ালনী। বন-চাঁড়াল··· ষ্য. (সং চণ্ডালিকা—বৈদ্যকঃ)। শিম্বাদি বর্গের বর্ষায়ুঃ বন্য শাক বা ছোট ক্ষুপ-বিশেষ (Telegraph plant. Desmodium gyrans)। গাছ দেড় হাত দুই হাত উচ্চ হয়। পাতা ত্রিপর্ণ। পাশের দুই পর্ণ গরমের সময় উঠে পড়ে।

চাড়ি, চোড় ··ষ্য. (চল ধাতু হইতে চালি)। চালন, উৎসাহ, উত্তেজনা, প্রঃ—কাজে চোড় না থাকিলে কাজ ভাল হয় না; চাড় পড়িলেই ফিকির বেরয় (টেকচাঁদ)।

চাপটা, চেপটা···ধাতু. ( সং চর্পট, চিপিট হইতে )। চাপটাই, চেপটাই—পিষিয়া চিপিট করি, পিষি, প্রাঃ—চলনভঙ্গী অতি সুরঙ্গী চাপটিলে জীবন মোর ( চণ্ডীঃ )। চাপটানা, চেপটানা ॥

চাপটি··ষ্য. ( সং চর্পটী হইতে )। মাটির চাপড়া ; তৎসাদৃশ্য, প্রাঃ—চাপটি খাইয়া বসা—নিতম্বে চাপিয়া উপবেশন ( কিন্তু খাইয়া কেন ? )।

চাপড়···ষ্য. (সং চর্পট,চার্পট)। করতল দ্বারা আঘাত। চাপড়া···ধাতু. চাপড়াই—করতাল দ্বারা মৃদু আঘাত করি, চপেটাঘাত করি। চাপড়ানা ॥

চাপরাশ ··ষ্য. ( ফাং )। দূতের চিহ্ন-সূচক ধাতুপট্ট। চাপরাশী ··ষ্য. ( চাপরাশ+ঈ)। চাপরাশ-বিশিষ্ট দূত, আর্দালি।

চাঁপা···ষ্য. (সং চম্পক। চম্পকো হেমপুষ্পকঃ—অঃ)। প্রসিদ্ধ হেমবর্ণ পুষ্পতরু বিশেষ (Michelia champaca)। বৃক্ষ সুন্দর, পাতা সুন্দর, পুষ্প সুন্দর কিন্তু উগ্রগন্ধ। শীতকালে ফুল হয়, এক ফুল হইতে বহু ফল হয়। অগণ্য ফল-প্রসব-হেতু গাছ দীর্ঘজীবী হয় না। (২) চাঁপা-কলিকার সদৃশ সোনার কর্ণালঙ্কার ( কবিকঃ—হেমমুকুলিকা কর্ণে। চাঁপা অধুনা উঠিয়া যাইতেছে, এবং তৎ-স্থানে 'ইয়ারিং' আসিতেছে )। চাঁপা-কলি ···ষ্য. ( সং চম্পক-কলিকা )। সোনার চম্পক-কলিকার হার। চাঁপা কলা···কলা দেখ। চাঁপা-নটিয়া··নটিয়া দেখ। চাঁপা নাম বহুবিধ ফুলের নামে যুক্ত হইয়াছে ও হইতেছে। চম্পক-কলিকা মধ্যে স্ফীত, দুই প্রান্তে সরু। এই সাদৃশ্যে কয়েকটি নামের উৎপত্তি হইয়াছে। চম্পকবর্ণ, চম্পকপুষ্পও এক এক পুষ্পে সাদৃশ্য থাকাতে সে সে পুষ্পের নামে চাঁপা যোগ ঘটিয়াছে। কনক-চাঁপা ··ষ্য. ( সং কর্ণিকার। দ্রুমোৎপলঃ কর্ণিকারঃ পরিব্যাধঃ—অমরে এই তিন নাম। কর্ণিকা কর্ণভূষণ অর্থ ধরিয়া কর্ণিকার শব্দে স্বর্ণালু হইয়াছে। ( কর্ণিকার দেখ )। বোধ হয় প্রকৃত কর্ণি-কার-বৃক্ষ কনকচাঁপা। কারণ কনক-চাঁপার পাপড়ি উৎপলের মতন বহির্দিকে বাঁকিয়া পড়ে ; পদ্মের যেমন কর্ণিকা আছে, কনক-চাঁপারও তেমন, কিন্তু সরু কর্ণিকা আছে। কর্ণিকা আছে বলিয়া কর্ণিকার। পরিব্যাধতেহনেন পরিব্যাধ—চারিদিকে ব্যাপিয়া বাড়ে বলিয়া পরিব্যাধ। কনকচাঁপা গাছ দীর্ঘ হয়, সোনালু গাছ দীর্ঘ হয় না। বধ্রু-কাদি বর্গের দীর্ঘতরু-বিশেষ ( Pterospermum acerifolium)। পাতা বড়, চওড়া অণ্ডাকার, রোমশ ; পাতার বোঁটা পাতার মাঝে বিদ্ধ। ফুল বড়, উগ্রগন্ধ ; পাপড়ি শাদা। ফল লম্বা, পঞ্চপার্শ্ব। (কোথাও কোথাও কনক-চাঁপা ও মুচকুন্দ এক বলে। মুচকুন্দ দেখ )। কাঁঠালী-চাঁপা ··ষ্য. ( আধুনিক নাম )। আতা-আদি বর্গের লতানিয়া ক্ষুপ বিশেষ ( Artabotrys odoratissimus )। পাতা সুন্দর ; ফুল আপীত, কাঁঠাল-গন্ধ, ত্রিদল। এক ফুল হইতে অনেক ফল জন্মে। বোঁটার গোড়ায় অঙ্কুশ আছে। গোবরিয়া চাঁপা ··ষ্য. (আধুনিক নাম)। গুলঞ্চ বৃক্ষ দেখ। জহরী চাঁপা ··ষ্য. ( আধুনিক নাম )। চম্পকাদি বর্গের ছোট ক্ষুপ বিশেষ ( Magnolia )।

সন্ধ্যাকালে পাতায় লুকানা ফুলের গন্ধে বহুদূর আমোদিত হয়। দুলাল চাঁপা ··ষ্য. ( আধুনিক নাম )। হরিদ্রাদি-বর্গের পত্রময় শাক বিশেষ ( Hedychium coronarium )। ফুল শাদা, সুগন্ধ। শীতকালে পাতা শুখাইয়া যায়। ডুলি-চাঁপা · ষ্য. ( চাটিগাঁয়ের নাম )। চম্পকাদি বর্গের দীর্ঘ-তরু বিশেষ (Magnolia pterocarpa)। ফুল বড় বড়, শাদা, সুগন্ধ। ভুঁই-চাঁপা ··ষ্য. ( সং ভূমিচম্পক—আধুনিক )। হরিদ্রাদি-বর্গের ক্ষুদ্রশাক-বিশেষ (Kœmpferia rotunda )। বৈশাখ মাসে ফুল ধরে, কিন্তু তখন পাতা থাকে না। ফুল প্রাতে ফোটে। ফুল শেষ হইলে পাতা বাহির হয়। পাতা বড় বড়, অণ্ডাকার। ভুঁই-চাঁপা ··ষ্য. ( বাঁকুড়ার নাম। বিনা কারণে এই নাম। কোথাও কোথাও কীটমারি বলে। হিং তে মুখজালী )। অতিক্ষুদ্র শাক-বিশেষ (Drosera burmanni)। ভিজা জলা ভূমিতে ঘাসের মাঝে মাঝে জন্মে। শীতকালে ফুল ধরে। পাতা খয়রা বর্ণ, ক্ষুদ্র, আধলা পয়সার মতন। তাহাতে আঠাল কেশ থাকে। তদ্দ্বারা ক্ষুদ্র ক্ষুদ্র কীট মারিয়া খায়। এই হেতু কীটমারি নাম। সুলতান চাঁপা···পুন্নাগ দেখ।

চাপাটী···ষ্য. (হিং। সং চর্পটী)। স্থূল রোটিকা।

চাপাদার, চাঁপাদার ··ষ্য. ( বাং চাপ ধাতু +ফাং দার )। যে বেপারীর মাল পাল্লায় চাপাইয়া ওজন করিয়া অন্য বেপারীকে দেয়। চাপাদারি···চাপাদারের বৃত্তি।

চাপান···ষ্য. ( চাপ ধাতু )। আবরণ, গাছ-গাছড়ার প্রলেপ ; অতিরিক্ত অভিযোগ।

চাব ··ধাতু. ( চাপ ধাতু হইতে )। চাবি—জালাদি দ্বারা আবরণ করি। চাবা॥ চাবি জাল ··যে জাল দিয়া মাছ চাবিয়া ধরা হয়। চাবা···ধাতু. (চাব ধাতু আস্তে)। চাবানা॥

চাবড়া···ষ্য. ( সং চর্পট হইতে )। বিস্তৃত খণ্ড ; প্রাঃ—ঘাসের চাবড়া—ঘাসময় বিস্তৃত মৃৎখণ্ড।

চাবা···ধাতু. (সং চর্বিত হইতে)। চাবাই—চর্বিত করি। চাবানা॥ (পূর্ববঙ্গে প্রচলঃ। রাঢ়ে চিবা ধাতু)।

চাবি ··ষ্য. (চাপ ধাতু হইতে। কিংবা চাপ—ভিতরে কামানি থাকে বলিয়া। ওং চাবি হিং মং চাবি—চাবিকাটি, অর্থাৎ যাহা দ্বারা চাপ দেওয়া যায়। পূর্বকালের তালায় কামানি চাপিতে হইত)। তালা। ( চাবি-কাটি ; কিন্তু, গা-চাবি, বীর-চাবি শব্দে কাটি নহে,তালা। তুং ? পর্তুং chave —a key )।

চাবুক ··ষ্য. ( ফাং )। অশ্বতাড়নার বেত্র। চাবুক-সোয়ার ···ষ্য. (শৱার—অশ্বারোহী)। যে চাবুক মারিয়া ঘোড়াতে চড়িয়া ঘোড়াকে শিক্ষিত করে। চাবুকা, চাবকা ··ধাতু চাবুকাই—চাবুক দিয়া প্রহার করি। চাবুকানা, চাবকানা॥

চাম ··ষ্য. ( সং চর্ম। তুং ফাং চিৰ্ম )। চর্ম ; প্রাঃ—চামের দোড়ী, চামের জুতা বিধবার অস্পৃশ্য। চামড়া ··ষ্য. ( সং চর্ম—চমর। কিংবা চাম+ড়া স্বার্থে )। বিশেষ চর্ম। ( চাম ও চামড়ায় প্রভেদ অল্প। চাম—সামান্য নাম, চামড়া বিশেষ নাম। মানুষের গায়ের চামড়া, জীবিত চতুষ্পদের চামড়া, মৃতপশুর চামড়া

ও ছাল, মরা গোরুর ছাল। ছাগলের ও মাছের ছাল। চামারে চাম কষায়, যেমন চামের জুতা)। চামসা, চামসিয়া··ণ. (চর্ম-সদৃশ—চামসা ; চামসা+ইয়া—চামসিয়া। তু° তামাটা, তামাটিয়া)। চর্ম-সদৃশ, চর্ম সদৃশ দুশ্ছেদ্য, চিমসা। চাম-ঠুলী···ষ্য. (ঠুলী দেখ)। চক্ষু ঢাকিবার চামের ঠুলী।

চামচ, চাম্‌চা···ষ্য. (ফা° চম্‌চহ্। তু° স° চমস)। ছোট হাতা, কুশী।

চামচিকা···ষ্য. (স° চর্মচটিকা। ও° চিমণিআ। হি° চিম-গাদড়—অর্থাৎ চর্ম গিদড়—চর্ম শৃগাল ; তু° ই° flying fox)। চর্মপত্রী প্রাণীবিশেষ (Cynopterus marginatus)। দেহ প্রায় ৫।৬ আঁগুল। পুচ্ছ আছে। ফলভুক্। মুখমণ্ডল অপেক্ষা কান বড়। কানের পাতা বাদুড়ের মতন নহে। নাকও অদ্ভুত। পুরাতন জীর্ণ মন্দিরে ঝাঁকে ঝাঁকে বাস করে।

চামাতি··ষ্য. (স° চর্মপটী) চামের পটী।

চামাটি··ষ্য. (স° চর্মপটী)। যে চর্মপত্রে নাপিত খুরের ধার মসৃণ করে।

চামড়··ণ. (স° চর্ম, বা° চাম+ড়)। চর্মবৎ দুশ্ছেদ্য, প্রঃ—নয় মণ চামড় লোহা আসিল তখন (মাঃ), চিমড়।

চামড়া···চাম দেখ।

চামর··ষ্য. (স°)। চমর পুচ্ছ-ব্যজন। চমরী দেখ।

চামসা··চাম দেখ।

চামার···ষ্য. (স° চর্মকার, চর্মার)। চর্মকার জাতিবিশেষ (স্ত্রী° চামারনী) ; চর্মশিল্পজীবী; নীচ, কৃপণ (গালিতে)।

চামুটি··ষ্য. (স° চর্মমুষ্টি)। খড়্গমুষ্টি ধরিবার চর্ম-বন্ধনী ; চর্মনির্মিত হস্তবন্ধন-রজ্জু (কবিকঃ)।

চামেলি···ষ্য. (স° চম্পকেলি ; চম্বেলি —বৈদ্যকঃ। হি° চম্বেলী। শূংপুঃ—চামলী। প্রকৃত স° নাম জাতি)। মল্লিকাদি-বর্গের পুষ্প-ক্ষুপ-বিশেষ (Catalonian or Spanish Jasmine)। পাতা পক্ষাকার। গ্রীষ্ম ও বর্ষায় ফুল ফোটে। পাথরিয়া মাটিতে ভাল জন্মে। জাই দেখ।

চার··ধাতু. (স° চারি ধাতু গতি)। চারি—চালন, বণ্টন করি। চারা॥ (প্রারম্ভ চারা ধাতু)। চারা··ধাতু (স° চারিত, চালিত হইতে)। চারাই—চালিত করি, বিভক্ত করি, প্রঃ—গ্রামে মাথট চারাইয়া টাকা তোলা। চারান, চারান॥ চারা··ষ্য. (স° চর ধাতু গতি, ভক্ষণ, আচরণ)। পক্ষী মৎস্যাদির ভক্ষ্য, মৎস্যাদির বিচরণ স্থান। চারা···ষ্য. পশুর বৃক্ষপল্লবাদি ভক্ষ্য ; বৃক্ষশিশু যাহা চালিত—স্থানান্তরে রোপিত হইতে পারে।

চার দানা··ষ্য. (স° চারক)। পিয়াল বীজ। পিয়াল দেখ।

চারা··ষ্য. (স° চার—গতি। ফা° চারাহ)। উপায়, গতি, প্রতিকার। না-চার·ণ. (বা° না+চার। তু° ফা° লা-চার)। উপায়হীন। বে-চারা··ণ. (স° বি, চার+আ। ফা° বে-চারা)। অ-গতি।

চারি, চার··ষ্য. ণ. (স° চত্বারি)। চারি সঙ্খ্যা, ৪, চারি সঙ্খ্যক। গোটা-চারি ণ. অত্যল্প। গোটা-চারিক, গোটা চারেক··ণ. প্রায় চারিটা। চারিকোণা···ণ. চতুষ্কোণ। চার-খানা···ষ্য একত্রে চারি-খাই-বোনা কাপড়,

চৌ-সূতা কাপড়; রঙ্গিন সূতায় চারি খণ্ডে বিভক্ত কাপড়। চারিটা…ষ্য. ( চারি ঘণ্টা )। চারি ঘণ্টা। ণ. চারি-সঙ্খ্যক। চারিটি… ণ. চারি সঙ্খ্যক। চার্টি, চাট্টি · ণ. অল্প-পরিমিত চাট্টিখানি…ণ. অত পরিমিত। চারপায়া…ণ. ( হিং চারপাই )। চারিপদ বিশিষ্ট; খাট। চার-পেয়ে…ণ. ( চারিপা+ইয়া )। চতুষ্পদ। চারি পোয়া …ণ. পূর্ণ, চতুষ্পাদ। চারি ভিত…( ভিত দেখ )। চারিদিক।

চার্জ…ষ্য. ( ইং Charge )। নিয়োগ, অভিযোগ ( আদাঃ )।

চাল…ষ্য. ( সং ) গৃহাচ্ছাদন; প্রতিমার উপরিস্থ আকাশ। চাল লেখা—প্রতিমার চালে চিত্র লেখন, প্রঃ—করিয়া চণ্ডীর ধ্যান তুলি ধরে সাবধান, আগে লিখে দশ অবতার ( কবিকঃ )—চালে। চাল-চুলা…ষ্য. ঘরের চাল এবং চুলী—উনান; ইহা হইতে ঘরদ্বার, অন্নসংস্থান। চাল না চুলা ঢেঁকি না কুলা —সংসারের আবশ্যক উপকরণ, সুতরাং অন্নসংস্থান। চাল-বাতা…ষ্য. চালের বাতা।

চাল…চৌল দেখ।

চাল…ধাতু. ( সং চালি ধাতু )। চালি—চালিত করি। চালা, চালন, চালনা, চালনি, চালনী, চালা-চালি॥ মাথা চালা—মাথা নিরন্তর চালনা। গোরুর গা চালা—গোরুর গাত্র চর্ম কম্পন। চালা…ধাতু. ( চাল ধাতু আন্তে )। চালাই—চালিত বা চলিত করাই, প্রেরিত করাই। চালানা, চালান, চালানি, চালানী॥ চালান… ষ্য. প্রেরণ, পুলিশ দ্বারা মাজিষ্ট্রেটের নিকট আসামী-সরূপ প্রেরণ ( আদাঃ ), প্রেরিত দ্রব্যের, অর্থের তালিকা-পত্র (invoice)। চালানি…ষ্য. রপ্তানি। চালানী…ণ. প্রেরণ-সম্বন্ধীয়, প্রঃ—চালানী কারবার। চালনা…ষ্য. ( চাল ধাতু )। তুষ পৃথক করিবার ছিদ্রপূর্ণ বৃহৎ আধার। চালনী…ষ্য. ( সং )। চাল-চালা, খই-চালা, গুঁড়ি ( চাল গুঁড়ি )- চালা—ছোট চালনী। দৃষ্টান্তে, চালনী আবার ছুঁচকে বলে—সূচের ছিদ্র ছোট, চালনীর বড়; সুতরাং সূচের ছিদ্র বড় বলা চালনীর সাজে না। নিজের বড় দোষ না দেখিয়া অন্যের ছোট দোষ দেখা ( তুং ছিদ্র অন্বেষণ )।

চালা…ষ্য. ( সং চাল+বাং আ )। চাল আছে যে গৃহের, প্রায়ই এক-চালা ঘর। চালা ঘর…পাকা ঘর নহে। এক-চালা… ষ্য. একটি চালের ছোট ঘর। দু চালা…ষ্য. দুই পাশে দুই চাল-বিশিষ্ট ঘর। চৌ চালা… ষ্য. চারিপাশে চারি চাল-বিশিষ্ট ঘর। আট-চালা…ষ্য. উপরে চারি, নীচে চারি চাল বিশিষ্ট ঘর। আট-চালার কাঁথ থাকে না। পর-চালা…ষ্য. বড় উচা ঘরের চালের নীচে পিড়াঁর উপরে যে চাল থাকে।

চাল…ষ্য. ( চাউল শব্দের সংক্ষেপে। চাল নহে )। চাউল দেখ। চাল-কলা… চাল ও কদলী ( নৈবেদ্যের )। চাল-চিড়া…ভাতের জন্য চাল, জলপানের জন্য চিড়া। চাল-চুলা …চাল ও চাল রাঁধিবার চুলা। চাল-ডাল …চাল ও দালি। চালানি…চালানি দেখ।

চাল, চাইল…ষ্য. ( সং চালি। চাল নহে )। চলন, গমন-ভঙ্গি; প্রঃ—সতরঞ্চ খেলায় বড়িয়ার চাল—চালি; রীতি, নিয়ম। চাল-চলন…ষ্য. ( সহচর শব্দ )। চলন, রীতি।

বে-চাল…ষ্য. (বি-চালি)। অরীতি, অনিয়ম। সু-চাল…ষ্য. (সুচালি)। সুরীতি, সুনিয়ম।

চালাক ··ণ. (ফা°। তু° সং চালক)। চতুর। চালাক-চতুর···ণ. (সহচর শব্দ)। চতুর, ধূর্ত। চালাকি ··ষ্য. (চালাক+ই)। চালাকের ভাব, ক্ষিপ্রতা, ধূর্ততা। উপর-চালাকি···চালকের অতিরিক্ত চালাকি। চালাকি মারা—চালাকি করা (অশিষ্ট)।

চালান, চালানি, চালানী ··চালা ধাতু দেখ।

চালানি (গ্রা° চেলোনি) ··ষ্য. (চাল+পানি)। চাল-ধোয়া জল।

চালি···ষ্য. (সং)। চালন, চাল। পা-চালি ··ষ্য. পদ-চালন। উপর চালি···শতরঞ্জ খেলায় —খেলোয়াড়ের চালির অতিরিক্ত চালন।

চালিতা, চালতা ··ষ্য. (সং চারিত্রা। চারিত্রা —তিন্তিড়ি বৃক্ষ—শব্দকল্পঃ। বোধ হয় তেঁতুল ও চালিতা অম্ল বলিয়া উভয়ের এক নাম হইয়াছে। কবিকঃ—চালিতা। তু° নাম ওউ—সং ভব্য)। উদ্যানজাত অম্ল-ফল-তরু-বিশেষ (Dillenia speciosa)। বৃক্ষ সুন্দর, পাতা সুন্দর। বর্ষা আরম্ভে বড় বড় শাদা ফুল ধরে। ফল পাঁচটা পুষ্পের বহিচ্ছদে আবৃত থাকে। এই বহিচ্ছদ আমাদের খাদ্য হয়।

চালুতি (গ্রা° চেলুতি)···ষ্য. (চাউলের প্রাচীন শব্দ চালু; চালু বৃত্তি যার)। চাল-বিক্রেতা। (কবিকঃ—চালুকী)।

চালুয়া, চেলো পোকা ··ষ্য. (চাউলের প্রাচীন শব্দ চালু। চালু+উয়া)। ইটবর্ণ ছোট দৃঢ়পত্রী পতঙ্গ-বিশেষ (weevil)। পুরাতন চাউলে থাকে।

চালুয়া, চেলো···খরমুজ দেখ। চাউলের আকারের বীজ বলিয়া নাম?

চাষ ··ষ্য. (সং)। কৃষি, ভূমিকর্ষণ, প্রঃ—চাস চসিয়া গোসাঞি লাঙ্গল তুলিল (শূং পুঃ)। চাষ-বাস ··ষ্য. কৃষি ও স্থিতি, কৃষিকর্মাদি (প্রায় সহচর শব্দ)। চাষা ··ষ্য. (চাষ+আ। তু° তসা—চ স্থানে ত)। চাষ জীবিকা যার (প্রায়ই চাষী); অভদ্র। চাষা-ভুষা ··ষ্য. (তু°-তেও চসা ভুসা। চাষ ভুষা যার; কিন্তু অর্থান্তর হয়। মহিষা হইতে ভইষা-ভোষা—ভুষা বোধ হয়। মহিষা—মহিষ পালক)। অভদ্র গ্রাম্য। চাষা কৈবর্ত ··ষ্য. যে কৈবর্তজাতি চাষী হইয়াছে চাষা-ধোবা ··ষ্য. যে ধোবা চাষী হইয়াছে। চাষাড়া, চাষাড়িয়া, চাষাড়্যে ··ণ. (চাষ+আড়=চাষাড়—চাষ করে যে; তদ্‌ভাব-বিশিষ্ট—চাষাড়া। চাষাড়া+ইয়া—চাষাড়িয়া)। চাষা-তুল্য আচরণ-বিশিষ্ট। চাষী ··ষ্য. (চাষ+ই)। যে কৃষি করে; যার কৃষি আছে, প্রঃ—বামুন চাষী, চাষী কৈবর্ত। চাষি-বাসী ··ণ. কৃষি-দ্বারা স্থিতি—জীবিকা যার।

চাহ ··ধাতু (চা ধাতু দেখ)। চাহা, চাহন, চাহনি॥ চাহা ··ধাতু. (চাহা ধাতু আস্তে)। চাহানা॥

চাহা ··ষ্য. (? সং চাষ শব্দের অপভ্রংশে? কিন্তু চাষ পক্ষী অন্য। নীলকণ্ঠ দেখ। তু° চা)। কুলেচর বর্গের পক্ষী-বিশেষ (snipe. Gallinago gallinaria)। বঙ্গদেশে শীতকালে জলা ও বিলে দেখা যায়। চিল্‌কা হ্রদ চাহা পাখীর জন্য বিখ্যাত আছে।

চাহারম ··ণ. ( ফা° চাহারুম )। চতুর্থ।

চি···ধাতু. (সং চিৎ ধাতু সংজ্ঞানে, জাগরণে)। চি ই—সচেতন হই, জাগি। চিয়া॥ চিয়া, চিআ···ধাতু. ( চি ধাতু আস্তে )। চিয়াই —জাগাই, সচেতন করাই। চিয়ানা॥ ( চিতা ধাতু দেখ )

চিক···ষ্য. (সং চিলমীলিকা—কণ্ঠীভেদ—শব্দকল্পঃ )। সোনার কণ্ঠী-বিশেষ।

চিক্-চিক···চক্ চক দেখ। চিক্-চিকা ··চিক্কণ। চিক্-চিকানি॥

চিকটা, চিকটিয়া, চিকট্যে···ণ. ( সং চিক্কণ হইতে। ও° চিকটা; হিং চীকট, চিকনাহট —চিক্কণবৎ। চিক্কণা—চিকটা। চিকটা+ ইয়া—চিকটিয়া)। তৈল-লেপ হেতু চিক্কণ; আঠাল্, প্রঃ—চিকটা মাটি। তেল চিকটা ···তেল থাকাতে চিক্কণ, পরে ধূলি-যুক্ত, প্রঃ—তেল-চিকটা কাপড়।

চিকণ···ণ. ( সং চিক্কণ )। মসৃণ, চক্‌চকা, প্রঃ—ভালে চূড়া চিকণ ( জ্ঞানদাসঃ ); সুন্দর, সরু, প্রঃ—চিকণ গাঁথনে বাড়িল বেলা ( ভাঃ ) ( চিকন দেখ )। চিকণ কালা···চিক্কণ কৃষ্ণবর্ণ, চিক্কণ কৃষ্ণবর্ণ শ্রীকৃষ্ণ, প্রঃ—চিকণ কালা করিয়াছে থানা (চণ্ডীঃ)। চিকণা ··ণ. চিক্কণ। চিকণাই···ষ্য. (সং চিক্কণত্ব। বা° চিকণ+আই )। চিক্কণত্ব, দীপ্তি। চিকণা ··ধাতু চিকণাই—চিক্কণ হই। চিকণানা॥ ( ভারতে, বিননিয়া চিকণিয়া বিনোদ কবরী—বাংতে বিনন চিকণ ধাতু নাই। বোধ হয় অনুপ্রাস-প্রয়াসে ভুলে বিননিয়া চিকনিয়া। বিনা-ইয়া চিকণাইয়া—বিনিয়ে চিকণিয়ে হইতে পারিত )। চিকণিয়া···ণ. ( চিকণ+ইয়া স্বার্থে )। চিকণা, প্রঃ—শ্যাম চিকণিয়া দে ( জ্ঞানদাসঃ )—দে—দেহ; হলদি জিনিয়া তনু চিকণিয়া স্নেহেতে ছানিয়া হৃদয়ে রাখি ( ভাঃ )।

চিকন···ষ্য. ( ফা° )। সূচ দিয়া কাপড়ে ফুল-তোলা। চিকন-কাজ ··কাপড়ে ফুল-তোলা কাজ (embroidery)।

চিকারী ··ষ্য. ( হিং। সং তন্ত্রিকা ? )। সেতারের ডাণ্ডীর গায়ে বদ্ধ ছোট পাকা তার।

চিকি ··ষ্য. ( সং চিক্কণা, চিক্কণী—পূগফল—শব্দকল্পঃ)। জলে সিদ্ধ-করা সুপরী (বোম্বাই প্রদেশে চিকণি নাম চলিত আছে); সুপরীর বীজাঙ্কুর (eye-bud) (বোধ হয় এই অর্থে চক্‌ হইতে চাকী, চিকী আসিয়াছে )।

চিকিচ্ছক ( গ্রা° )···ষ্য. ( সং চিকিৎসক। ও° চিকিচ্ছক )। বৈদ্য।

চিকিচ্ছা ( গ্রা° ) ··ষ্য. ( সং চিকিৎসা। ও° চিকিচ্ছা )। রোগ-চিকিৎসা, প্রতিকার।

চিকিটা···ণ. ( চিকটা দেখ। কিংবা সং চিকিল—পঙ্ক—হেমঃ। ও° চিকিটা )। আঠাল্, প্রঃ—চিকিটা মাটি।

চিকুর···ষ্য. ( সং চিকুর—চপল; ইহা হইতে বা° অর্থ বিদ্যুৎ)। আঁকা বাঁকা বিদ্যুৎ, প্রঃ —কালা মেঘের উপর যেন চিকুর পরিপাটি ( কৃত্তিঃ কিং ); ঈশানে উরিল মেঘ সঘনে চিকুর ( কবিকঃ ); চিকুর গড়্গড় ( মাঃ )। (রাঢ়ে কদাচিৎ বিজুল-লতা। যশোরে জিলিক, চাটিগাঁয়ে খাঁড়া জিলিক মারা। জিলিক—সং চিলমীলিকা। রাঢ়ের ভাষায় চিকুর—আঁকা-বাঁকা বিদ্যুৎ, এবং চিকুর হানা—হানা আক্রমণ। বহুদূরের বিদ্যুৎ—যাহার দীপ্তি-মাত্র দেখা যায়, তাহা—নলপায়।)

চিঙ্গাড়ী ··ষ্য. (সং চিলিম, চিঙ্গাট—শব্দকল্পঃ)। ছোট জাতীয় ইঁচলা মাছ। ঘুসা চিঙ্গাড়ী··(ঘুসা দেখ। সং চিঙ্গাটী)। ক্ষুদ্র জাতীয় চিঙ্গাড়ী-বিশেষ। গলদা চিঙ্গাড়ী·· ষ্য. (হিং গলদা—পঙ্কময়, সং কর্দ—কাদা)। কাদা ী-বিশেষ (কলিকাতায়)।

চিচকার (গ্রাং) ··ষ্য. (সং চিৎকার। ওং চিচকার)। চিৎকার।

চিঁ-চিঁ ··ব্য. (সং চিৎ ধাতু সংবেদনে। তুং চিৎকার)। ক্ষীণ আর্তনাদে, শুষ্ককণ্ঠে আর্তনাদে, প্রঃ—পাখীর ছানা চিঁ-চিঁ করে, গলা শুখাইলে রুগ্ন মানুষও চিঁ-চিঁ করে।

চিচিঙ্গা··ষ্য. (সং চিচিণ্ড। ওং ছচিন্দা)। কুষ্মাণ্ডাদি বর্গের গ্রামজাত প্রতানী বিশেষ (Snake-gourd. Trichosanthes anguina)। ফল লম্বা সর্পাকার। হোঁপা নামও আছে।

চিচ্‌চিড়া···ণ. (চিড়্‌-চিড়া দেখ)। উগ্রস্বভাব।

চিট···ষ্য. (সং চিক্কণ হইতে। তুং চট্‌-চট)। তৈলাদি লেপ, আঠা। চিটা ··ণ. (চিট+আ) চিটযুক্ত, প্রঃ—তেল-চিটা। চিটনি ··ণ. আঠাল, প্রঃ—তেল চিটনি—তেলে আঠাল। (বোধ হয় চিটানি—চিটা+কানি—চটচটা বস্ত্রখণ্ড)। ··ধাতু. চিটাই—ভাতের মণ্ড কিংবা অন্য আঠা লাগাই, প্রঃ—তাঁতী সূতা চিটাইয়া শুখাইয়া কাপড় বোনে। চিটানা॥

চিটা···ষ্য. (সং উৎ-শিষ্ট হইতে শিঠা, শিটা, শোঠ। হিং ছোআ। শিঠা, সিঠা দেখ। চিট আছে বলিয়া চিটা নহে)। শোঠ গুড়, তামুক মাখিবার চট্‌-চটা আদগধ গুড়; প্রঃ—সুরস পাইয়া চিনি পরিহরি চিটাতে আদর এত (চণ্ডীঃ)—এই চিটা—শোঠগুড়। কারণ তামুক-মাখা চিটা কেহ খায় না।

চিটিকা···ষ্য. (?)। বাদ্যবিশেষ, ঘুঙ্গুর-বাঁধা দুইখণ্ড কাষ্ঠ-মাত্র।

চিঠা ··ষ্য. (সং চিট ধাতু প্রেষণ হইতে। হিং চিঠ্‌ঠা, চিঠ্‌ঠী হইতে বাংতে চিঠা, চিঠি। গ্রাং চিটি; চিটা)। যে লিপি প্রেরিত হয়; জমিদারী সেরেস্তায় গ্রামের জমির হিসাব কাগজ, অন্য নাম খসড়া। হাত-চিঠা···ষ্য. স্বীকার-পত্র, দ্রব্যাদি প্রেরণ নিমিত্ত অনুজ্ঞা-পত্র। চিঠি, চিটি···ষ্য. (চিঠা হ্রস্বে চিঠী ?)। লিপি-পত্র। চিঠি-পত্র ষ্য. (সহচর শব্দ)। পত্র। চিঠি-চাপাটী ··ষ্য. (চাপাটী—পত্রাকার বলিয়া সহচর ঠি)। চিঠি জারি করা—জারি দেখ)। পত্র প্রেরণ।

চিড়·· ধাতু. (সং চড় ধাতু হইতে চড়ি—ক্রুদ্ধ হই)। চিড়ি—ক্রুদ্ধ হই চেড়া, চিড়ন॥ চিড়া···ধাতু. (চিড় ধাতু আন্তে)। চিড়ানা॥

চিড়···ষ্য. (সং চীর্ণ—বিদীর্ণ হইতে)। চিরিলে বিদীর্ণ করিলে যেমন ফাট বা সন্ধি হয় চিড় খাওয়া, মারা—চিড়-ফাট হওয়া। চিড়-ফাট·· (সহচর শব্দ)। সরু ফাট, প্রঃ—কাঠে ও পাকা কাঁথে চিড় ফাট হয়। চিড়্‌-চিড় ··ব্য. ফাটিবার শব্দে। চিড়্‌-চিড়া, চিড়্‌-চিড়িয়া, চিড়্‌-চিড়ো · ণ. যাহা ফাটায়, প্রঃ—চিড়্‌-চিড়া রোদ—গা-ফাটা রোদ, কাঠ-ফাটা রোদ। চির-চির দেখ।

চিড়-চিড়া ··ষ্য. শীর্ণ গুল্মাকার ঘাস বিশেষ (Digitaria pedicillaris)।

চিড়া, চিঁড়া (উং চিঁড়ে) ··ষ্য. (সং চিপিটক—চিইটা—চিড়া। চৈঃ-অমৃতে চিঁড়া, ওং চিড়া, হিং চুড়া)। চাউল ঢেঁকিতে চেপটা করিয়া যে শুষ্ক খাদ্য হয়। রাঢ়ে

ছুতারে চিড়া কোটে। (কবিকঃ দেখ,। চিড়া-ভাজা···চিড়া ভাজিলে যাহা হয়। (চিড়া-দই, চিড়া-মুড়কী,—এইরূপ প্রয়োগ।) চিড়া দই পাকা—শ্রাদ্ধে ভোজন সম্ভাবনা। পূর্বকালে লুচী প্রচলিত ছিল না। উপমায়, শুধু কথায় চিড়া ভেজে না—কথায় কাজ হয় না, অর্থ চাই। চিড়ার বাইশ ফের···গণিত-বিশেষ। দাঁড়ীপাল্লার প্রতি পাল্লায় প্রথমবার একটি একটি চিড়া, দ্বিতীয় বার দুইটি দুইটি, তৃতীয়বার চারিটি চারিটি, চতুর্থবার আটটি আটটি, এই ক্রমে বাইশ বার রাখিলে যত হয়, তত। অর্থাৎ $২+৪+৮+১৬\cdots$ বাইশ বার$=২^১+২^২+২^৩+২^৪\cdots২^{২২}$ $=২(২^{২২}-১)=৮৩,৮৮,৬০৬$। মাঝারী আকারের ১০০০ চিড়া ওজনে ১৷৷ তোলা হয়। এই হিসাবে বাইশ ফের চিড়ার ওজন প্রায় চারি মণ হয়। চিড়ার বাইশ ফেরে পড়া—দুরূহ গণিতে, দুশ্চিন্তায় পড়া।

চিড়িক ··ব্য. (চিড়্‌-চিড় দেখ। চিড় করা-চিড়িক)। চিড়শব্দে, প্রঃ—চিড়িক করিয়া ফাটা।

চিড়িতন, চিড়িয়া ··তাস দেখ।

চিড়িমার ··ষ্য. (হিং)। ব্যাধ, যে চিড়িয়া—পাখী মারে।

চিড়িয়া ··ষ্য. (হিং। সং চটক হইতে)। পাখী। চিড়িয়া-খানা ··ষ্য. পক্ষী-স্থান; পশুপক্ষী-শালা।

চিৎ···ণ. (সং চিতা হইতে)। পৃষ্ঠে শায়িত, প্রঃ—চিৎ করা, চিৎ হইয়া শোয়া—চিতায় মৃতদেহ যেমন পৃষ্ঠে স্থাপিত হয়, তেমন শায়িত করা, তেমন শয়ন। চিৎ-পাত ··চিৎ হইয়া পতন। চিৎপাত করা—চিতায় পাতন করার তুল্য পৃষ্ঠে শয়ন করানা (হিং-তে চিৎ ও পট—পরস্পর বিপরীত)। (সংতে উৎ-কুটম্ বা উত্তান-শয়নম্)।

চিৎ ধাতু. (সং চিৎ ধাতু জাগরণে)। চিতি—জাগি, সজ্ঞান হই। চেতা, চিতন॥

চিত···ষ্য. (সং চিত্ত)। চিত্ত, প্রঃ—লোভ বাড়ে চিতে (পদ্যে)।

চিতই ··পিঠা দেখ।

চিতল ··ষ্য. (সং চিতল, চিত্রফল। ওং চিতঠ)। ফলই তুল্য শকলী মৎস্য বিশেষ (Notopteris chitala)। কিন্তু ফলই অপেক্ষা দ্বিগুণ বড় হয়। উপরের ঠোঁট লম্বা, দেহ চেপটা, লেজা ক্রমশঃ সরু। নদীর মিঠা জলে থাকে।

চিতা · ষ্য. (সং। চুল্লী চিতায়ামুদ্ধানে—মেঃ)। শ্মশান-চুল্লী। চিতা-ভস্ম ··ষ্য. (সং) শ্মশানচিতার ভস্ম। রাবণের চিতা জ্বলা—লোকের বিশ্বাস রাবণের চিতা চিরকাল জ্বলিতেছে। ইহা হইতে, মনের নিরন্তর জ্বালা।

চিতা···ষ্য. (সং চিত্রক) চিহ্ন; প্রঃ—কাপড়ে চিতা পড়া—কাপড়ে কৃষ্ণবর্ণ চিহ্ন হওয়া, ছত্রাকাদি শ্রেণীর সূক্ষ্ম উদ্ভিদ (Fungus) জন্মিয়া কৃষ্ণবর্ণ চিহ্ন হওয়া। (২) কৃষি-জাত শস্যগাছের ছত্রাকী রোগ-বশতঃ পাতায় ফোঁটা ফোঁটা বিবর্ণ চিহ্ন। (৩) নির্বিষ সর্প-বিশেষ (চিতী দেখ)। (৪) (সং চিত্রকায়)। বাঘ দেখ। (৫) ক্ষুপ বিশেষ। পাতা একোত্তর; শীষে ফুল ধরে; ফুল পঞ্চদল, সরু কলিকার মতন। শাদা চিতা ও লাল চিতা, দুই জাতি। শাদা চিতা (সং শ্বেতচিত্রক। Plumbago zeylanica)

কদাকার, সারা বৎসর শাদা ফুল ধরে। লাল চিতা (সং রক্তচিত্রক। Plumbago rosea) ঝুঁকিয়া পড়ে, ফুল লাল, রঙ্গানের মতন। উভয় জাতিই বিষাক্ত।

চিতা...ধাতু. ( চিৎ ধাতু আস্তে )। চিতাই—জাগাই, সচেতন করাই, স্মরণ করাই ; উগার দাঁত করি। চিতান, চেতানা ॥ চিতান ( গ্রা° চিতেন )...ষ্য. কবি-গানের দ্বিতীয় অংশ, মহড়ার পরের পদ।

চিতী...ষ্য. (সং চিত্রসর্প, চিত্রাঙ্গা—বৈদ্যকঃ)। খয়রা রঙ্গের প্রায় ১।০ দীর্ঘ গৃহসর্প বিশেষ। মাথা হইতে দেহ স্পষ্ট পৃথক্ নহে ; মাথা চাপা, ঠোঁট ফোলা, চোখ ছোট। দেহে শাদা শাঁখা থাকে। ঘরে থাকে বলিয়া এই চিতীর নাম কাঁথুয়া—কেঁথো চিতী। ডোমনা চিতী, ধোমন চিতী ..এক জাতীয় ভয়ঙ্কর সর্প ( কিরাইত দেখ )। কথায় বলে, যদি খায় ডোমনা ডাক বামনা—ডোমনা চিতীর কামড় এমন সাঙ্ঘাতিক। ( মৃত্যুর পূর্বে প্রায়শ্চিত্ত নিমিত্ত ব্রাহ্মণের প্রয়োজন )।

চিত্র...ষ্য. (সং)। বিচিত্রবর্ণ (মেঃ) ; আলেখ্য। চিত্রকর...ষ্য. ( সং )। চিত্র লেখে যে ; জাতিবিশেষ। চিত্রগুপ্ত...ষ্য. ( সং )। যমের লেখক ( মেঃ )। চিত্রশালা ..ষ্য. ( সং )। চিত্র-রক্ষা-শালা ( art gallery )। চিত্র-বিচিত্র ..ণ. (সং)। চিত্র থাকাতে অদ্ভুত ; নানা-বর্ণ-যুক্ত। মান-চিত্র...ষ্য. ( সং )। দেশের নগর নদী পর্বত প্রভৃতির পরিমাণা-নুযায়ী স্থাননির্দেশক চিত্র ( map )।

চিন (গ্রা°)...ষ্য. ( সং চিহ্ন )। চিহ্ন, প্রঃ—নহি রেক নহি রূপ নহি ছিল বন্ন চিন ( শূং পুঃ ) —রেখা রূপ বর্ণ চিহ্ন ছিল না ; দুই ঠাঁই চিন ( চৈঃ চঃ )। ধাতু. ( সং চিহ্ন )। চিনি—অভিজ্ঞান করি। চেনা ॥ বিপঃ—অ-চেনা। চিনা...ধাতু. (চিন ধাতু আস্তে)। চিনান, চেনানা ॥

চিন্-চিন ..চন্ চন দেখ।

চীনি, চিনী, চিনি...ষ্য. ( এই শব্দের বুৎপত্তি কি ? কেহ মনে করেন, চীন দেশের নাম হইতে চীনী। কিন্তু চীনারা ভারতবর্ষে চীনি করিতে শিখিয়াছিল। সং খণ্ড হইতে চীন ভাষায় নাম কাঞ্চে হইয়াছে। কেহ মনে করেন, চীনা ( সং চীনক )-শস্যের ন্যায় আকার বলিয়া চীনী। ওংতে কন্দ চিনি, হিংতে চীনী শাঁড় ভূরা, মংতে শাখর ( সং শর্করা ), আসাংতে চেনি। ফা° শীরীনী, শীর্নী ( মিষ্টান্ন ; ফা° শীর=সং ক্ষীর) শব্দের গ্রা° শিন্নী—চিনী, চীনি আসা অসম্ভব নহে। ভূ° ও° নবাত—( সং নৈবেদ্য )—চীনি। সং সিতি শব্দে শর্করা বুঝায়। কিন্তু এ স্থানে ন প্রায় হয় না। চণ্ডীদাস জ্ঞানদাস কবিকঙ্কণে চিনি শব্দ আছে। কিন্তু বানানের প্রমাণ পাওয়া যায় না। চিনি অপেক্ষা চীনি, বানান উচ্চারণ তুল্য হয়। চণ্ডীদাসে,—সুরস পাইয়া চিনি পরিহরি চিটাতে আদর এত ; জ্ঞানদাসে,—এ ক্ষীর মোদক চিনীক দলক কে তোর আঁচরে দেল )। শর্করা। দোবারা চীনি...দুইবার নির্মলীকৃত শর্করা। চীনির বলদ ..যে বলদ পিঠে চীনি বহে। লক্ষণায়, নিজে ভোগ না করিয়া অন্যের ভোগ সাধন করে। রেয়ান্দ চীনি ..ষ্য.(হিং রেৱান্দ চিনী)। হিমালয়ের বৃক্ষ বিশেষ ( Rhubarb. Rheum) হইতে প্রাপ্ত ঔষধ দ্রব্য।

চিন্ত…ধাতু. ( সং চিন্ত ধাতু )। চিন্তি—স্মরণ করি, প্রঃ—ভাবিয়া চিন্তিয়া, চাইয়া-চিন্তিয়া—এই দুই পদ পাওয়া যায়। চিন্তা॥ চিন্তা-মণি…ষ্য. ( সং )। (সংতে) এমন মণি যে ধারকের যাবতীয় অভীষ্ট সিদ্ধ হয়; ভগবান হরি।

চিন্তা…ষ্য. ( চিমটা ? )। কূলেচর জালপদ দীর্ঘ শ্বেতবর্ণ পক্ষী বিশেষ ( Spoonbill. Platalca leucorodia)। চঞ্চু চেপটা, যেন দুই খান চামচ (ইহা হইতে হিং চামচ-বাজা, ইং Spoonbill)। বঙ্গে কদাচিৎ দেখা যায়। দক্ষিণ-ভারতে প্রসিদ্ধ।

চিন্না…ষ্য. ( চিতানা, কিংবা চিহ্ন হইতে )। চিরনীর মতন সরু দাঁতাল বাঁধা ( ছুতারের। ওং চিতারন্দা )।

চিহ্নৎ ( গ্রাং )… ণ. ( সং চিহ্নিত। তুং গণিত-কার—গণৎকার )। চিহ্নিত।

চিপ…ধাতু. ( চাপ ধাতু দেখ )। চিপি—সরু দ্রব্য দিয়া চাপি ( চওড়া দ্রব্য দিয়া চাপা )। চিপন, চেপা॥ চিপ…ষ্য. যাহা দ্বারা চেপা যায়। চিপা…ধাতু. ( চিপ ধাতু আস্তে )। চেপানা।

চিপটা…ধাতু. ( সং চপেট, চিপিট হইতে )। চিপটাই—চিপিট, চেপটা করি। চেপটা, চেপটানা॥

চিবা, চাবা…ধাতু. ( সং চর্বিত হইতে। পূর্ববঙ্গে চাবা, ওং চোবা, হিং চাব, মং চাব ধাতু। সুতরাং চাব ধাতুই শুদ্ধ )। চিবাই, চাবাই—চর্বণ করি। চিবানা, চাবানা॥

চিমটা…ষ্য. ( সং নাম সুচুটী। হিং চিমটা, ওং সণ্ডাশি; সং সন্দংশ। বোধ হয় চিপিট হইতে। যাহা দ্বারা চিপিট—চেপটা করিতে পারা যায় )। ছোট সাঁড়াশী বিশেষ; সন্না।…ধাতু. চিমটাই—আঙ্গুলের চিমটা দ্বারা পীড়া দি-ই। চিমটানা॥

চিমটি…ষ্য. দুই আঙ্গুল দিয়া চিমটা। চিমটি কাটা—চিমটি দ্বারা চর্ম আকর্ষণ। (চর্ম শব্দে টি প্রত্যয় ? তুং কানটি—কান টানা।)

চিমড়, চিমড়া…ণ. (চাম+ড়, ড়া। তুং চামড়)। চর্মের মতন যাহা সহজে ভাঙ্গে না।

চিমনি…ষ্য. ( ইং Chimney)। ধূমনির্গম-নালী; দীপের ধূমনির্গম নলী। (সং তেমনী)।

চিমসা…ণ. ( চাম+সা—সাদৃশ্যার্থে )। চর্ম সদৃশ দুশ্ছেদ্য, চর্মগন্ধী।

চিয়া, চিআ…ধাতু. চি ধাতু দেখ।

চির…ধাতু. (সং চর ধাতু ভক্ষণে; চীর্ণ—বিদীর্ণ; চিরি ধাতু বধে )। চিরি—বিদীর্ণ করি, দুই ভাগ করি। চেরা, চিরনী॥ ( কাঠ চেরা—শস্ত্রাদি দ্বারা লম্বা দুই খণ্ড করা; কাঠ চেলা—কুড়াল দিয়া কাটিয়া খণ্ড খণ্ড করা )। চেরা…ধাতু. ( চির ধাতু আস্তে )। চেরানা॥ চির…চিরিলে যে খণ্ড হয়, প্রঃ—এক চির পান; নখেতে করিব দুই চির ( কবিকঃ )।

চির-কাল…ষ্য. ( সং )। দীর্ঘকাল। চির-কালিয়া, চির-কেলে…ণ. দীর্ঘকাল স্থায়ী, প্রঃ—চিরকেলে কথা।

চিরঞ্জি…ষ্য. (হিং)। পিয়াল গাছের (Buchania latifolia) ফল। এই ফলের শাঁসে বাদামের তুল্য স্বাদু তৈল আছে। এই হেতু লোকে শাঁস খায়, শাঁস হইতে তৈল বাহির করে। ( পিয়াল দেখ )।

চিরনী…ষ্য. ( চির ধাতু অন=চিরন+ঈ। ওং নাম পানিআঁ—সং প্রবেণী (বিন্যস্ত কেশ-

পাশ)। হি° কঙ্ঘী—বা° কাঁকই; ম° ফণী; তেলুগু দু-বেণা—যাহা কেশকে দুই বেণীতে ভাগ করে?)। সরুদাঁত কাঁকই, প্রাঃ—সুন্দর সিন্দূর ভালে চিরনী কুন্তল-জালে (কবিকঃ); আইসহ প্রাণের সই ধরহ চিরনী (কবিকঃ); চিরনীতে চিরিয়া চিকুর বন্ধ কৈল (মাঃ)।

চিরপট্টী, চিরপটী···ষ্য. (সং চির্ভটী—হর্ষক্রীড়াবাক্, চর্টরী। শব্দটি প্রথমে মনে হয় সং চীরপট্টী, চীরপট্টিকা—পট্টবস্ত্রের পটী, পাগড়ী, ফিতা। তু° ম° চিরীপট্টী—কেশবেশ। কিন্তু অর্থে একেবারে ভিন্ন)। নানা আয়োজন, বিশেষ আয়োজন, খুঁটি-নাটি (নারী ভাষায়)।

চিল্লা···ষ্য. (হি°)। চীৎকার, কলহ

চিরা · চীরা দেখ।

চিরাগ···চেরাগ দেখ।

চিরাই (গ্রা°)···ণ. (সং চিরায়ুঃ)। চিরায়ুঃ (শুং পুঃ)।

চিরাতা···ষ্য. (সং কিরাতক; কি স্থানে চি হইয়াছে। চিরতিক্ত—বৈদ্যকঃ)। হিমালয়ের অতিতিক্ত ক্ষুদ্র শাক বিশেষ (Swertia chirata)। জ্বরঘ্ন বলিয়া প্রসিদ্ধ আছে।

চিল···ষ্য. (সং চিল্ল)। শ্যেনহবর্গের দিবাচর পক্ষী। চি-ই-ই-ল শব্দ করে বলিয়া নাম চিল (The common kite. Milvus govinda)। খদির বর্ণ, তাহাতে কৃষ্ণ চিহ্ন আছে। পক্ষ দীর্ঘ, চঞ্চু-অগ্র বক্র, পুচ্ছ ফিঙ্গার মতন। পুং-ছোট প্রায় এক হাত, স্ত্রী°-প্রায় দেড় হাত। শঙ্খ-চিল···ষ্য. চিল বিশেষ (The Brahminy kite. Haliastus indus)। প্রায় এক হাত দীর্ঘ। মাথা গলা পেট শাদা (এই হেতু নাম শঙ্খ চিল), উপর খয়রা। পক্ষ বৃহৎ; চঞ্চু বৃহৎ, চাপা; পা ছোট, নখর বক্র; পুচ্ছ গোল। (লোকে শঙ্খ শব্দে শঙ্কর করিয়া শিবের প্রিয় চিল মনে করে)। মাঠ-চিল··চিল বিশেষ (marsh harrier. Circus æruginosus)। পানি-ডোবির সদৃশ। প্রায় এক হাত দীর্ঘ; খয়রা-বর্ণ। জলের ধারে বসিয়া বেঙ্গ মাছ পোকা খায়। শঙ্খচিলও জলের ধারে থাকে। চিল উড়া—গ্রাম্য দাঙ্গার সময় পুলিশ কিংবা বাহিরের লোক আসিলে লোকে বলে চিল উড়িয়াছে—সাবধান।

চিলম··ছিলিম দেখ

চিলমচী··ষ্য. (তুর্কী)। হাত ধুইবার ধাতু-পাত্র; করুয়া।

চিলাঘর··ষ্য. (সং শিরোগৃহ)। পাকা বাড়ীর ছাদস্থিত ঘর। চিলা-ছাত··ষ্য. চিলা-ঘরের ছাদ।

চি-হিঁ···বা. (সং হ্রেষা)। ঘোড়ার শব্দ।

চিহ্ন··ষ্য. (সং)। দাগ, লক্ষণ। চিহ্নিত···ণ. (সং চিহ্নিত)। জ্ঞাত, লক্ষিত। চিহ্নিত-নামা··(ফা° নামা)। জমির সীমানা লেখন-পত্র।

চীক··ষ্য. (তুর্কী)। যবনিকা; দোড়ী দিয়া বোনা শলার আবরণ।

চীজ··ষ্য. (ফা°। তু° সং তৈজস্)। মূল্যবান বস্তু, বস্তু। চীজ-বস্তু··ধ্য. (সহচর শব্দ)। দ্রব্য-সামগ্রী।

চীনা··ষ্য. (চীন+আ)। চীনদেশজাত, চীনদেশীয়; প্রাঃ—চীনা কামরাঙ্গা, ঘাস, নারাঙ্গা, বাদাম, বাসন। চীনা মাটি···শ্বেতমৃত্তিকা। চীনা সিন্দূর···সিন্দূর দেখ। ···ষ্য. (সং চীনক, চিন্ন)। শ্যামা ধান্যের

সদৃশ ক্ষুদ্র ধান্য বিশেষ (millet. Panicum miliaceum)। চীনা নাম হইলেও চীন দেশ হইতে আসিয়াছে কিনা সন্দেহ। বিহারে, বিশেষতঃ বোম্বাইপ্রদেশে, চাষ আছে। পাতা চওড়া, লোমশ। শীষ বহু-বিভক্ত, পাকিলে ঝাঁকিয়া পড়ে।

চীরকুট ··ষ্য. (সং চীর—বস্ত্রখণ্ড বা নেকড়া, রেখা লিখন; কুট—কুটিলতা। সং চিরগূট—বাং টেনা।)। টেনা, চেরা ছেঁড়া বস্ত্র; ছেঁড়া চোতা কাগজ, কুৎসিৎ লিপি।

চীরা···ষ্য. (সং চীর)। শিরস্ত্রাণ, বিবিধবর্ণের পাগড়ী।

চু ··ধাতু. (সং চ্যু ধাতু ক্ষরণে)। চুই—জলাদি রস ক্ষরি, স্রাব হই; প্রঃ—ফোড়া হইতে রস চুইয়া পড়িতেছে। চুয়া॥ (চুয়া দেখ)।

চুঁ ··ধাতু. (সং শুষ ধাতু শোষণে)। চুঁই—রসশূন্য হই, আদগ্ধ হই; প্রঃ—মাছ চুঁইয়া গিয়াছে—আদগ্ধ হইয়াছে; জল পায় নাই গাছ চুঁইয়া গিয়াছে। চোঁয়া॥ চোঁয়া ঢেকুর—যে উদ্গারে চোয়া খইর গন্ধ থাকে, অন্য নাম খই-ঢেকুর; ধূমোদ্গার। চোঁয়া ··ধাতু. (চুঁ ধাতু আস্তে)। চোঁয়ানা, চোঁয়ানি॥ চোঁয়ানি ··ষ্য. চোঁয়াতে উৎপন্ন দ্রব্য, প্রঃ—চাল-চোঁয়ানি।

চুঁই-চুঁই ··ব্য. (সং শুষ ধাতু হইতে। চুঁ ধাতু দেখ)। শোষণ শব্দে, প্রঃ—কড়াইর জল চুঁই চুঁই করিয়া মরিয়া গেল। চোঁ-চোঁ ···ব্য. জল শোষণে, প্রঃ—চোঁ-চোঁ করিয়া দুধ খাওয়া, বানের জল চোঁ-চোঁ করিয়া মরিয়া গেল।

চুক···ষ্য. (চুকা ধাতু দেখ)। ত্রুটি, ভুল। ভুল চুক ··ষ্য. (সহচর শব্দ)। ভ্রম।

চুকা···ধাতু. (ওং চুকা, হিং চুকা, মং চুক ধাতু। সুতরাং সং মূল থাকিবে। সং ক্ষুক্ষ—তনুকরণ হইতে? চুকাই—ক্ষীণ করি?)। চুকাই—শেষ বা সমাপন করি, প্রঃ—হিসাব চুকানা, কাজ চুকানা॥

চুক্-চুক্·· ব্য. (চক্ চক দেখ। কিংবা চুষ ধাতু পানে। চুষ—চুখ—চুক। তুং সং চুচুক)। পান শব্দে, প্রঃ—কুকুর চুক্‌চুক করিয়া দুধ খায়; চুকু চুকু চুকু চুষ্য চুষিয়া (ভাঃ)।

চুকতি ··ষ্য. (চুকা ধাতু দেখ)। কর্ম সম্পাদন-নিয়ম।

চুকলি, চুগলি · ব্য. (ফাং)। কুৎসা, অগোচরে নিন্দা। (বাংতে প্রায় অপ্রচলঃ)।

চুকা ··ষ্য. (সং চুক্র। তুং তক্র হইতে টক)। অম্ল, টক, প্রঃ—চুষি চুষি চোকা আঁটি (চৈঃ চঃ; চুকা—টক (আমের) আঁঠি); প্রঃ—চুকা পালম।

চুকা ··ধাতু.। চুক দেখ।

চুঙ্গী ··ষ্য. (সং তূর্ণী)। সরু চোঙ্গা; হিংতে ব্যাপারে কয়ালের প্রাপ্য বেতন, নগরের শুল্ক।

চুঁচ ··ধাতু. (সং শুষ ধাতু শোষণে)। চুঁচি—হাত দিয়া রস চালনা করি, প্রঃ—পা-ব্যথায় হাত দিয়া পা চুঁচিয়া দেওয়া যায়। চোঁচা॥ চোঁচা···ধাতু. (চুঁচ ধাতু আস্তে)। চোঁচানা॥

চুঁচি···ষ্য. (সং চুচুক—কুচাগ্র)। যুবতীর কুচ (অশিষ্ট)।

চুট ··ধাতু. (সং চুট ধাতু ছেদনে)। চুটি—আঘাত দিয়া কাটি, প্রঃ—কাটারীতে হাত চুটিয়া ফেলিয়াছে। চোট, চোটা॥ চোট ··

ষ্য. ক্রোধ, কোপ ; আঘাত, প্রঃ—এক চোটে গজস্কন্ধ করিয়া ছেদন ( কবিকঃ )। বিপঃ—আ-চোট, প্রঃ—আ-চোট মাটি—যে মৃত্তিকা কোদালির আঘাত পায় নাই। চোটা ··ধাতু. ( চোট হইতে )। চোটাই—কোপাই, শস্ত্র দিয়া বেগে পুনঃ পুনঃ আঘাত করি। চোটানা ॥

চুটকী ··ণ. ( চটক দেখ )। চটকী, চটকবিশিষ্ট কিন্তু তুচ্ছ। চুটকী সুর ··যে গানের সুরের বাহার আছে, কিন্তু সে সুর অল্পায়াসসাধ্য। ( কিংবা সং ছোটিকা—টুসকি )। আঙ্গুলের টুসকি মারিয়া যাহা গান করিতে পারা যায়, এমন লঘু সুর। ··ষ্য. ( সং ছোটিকা )। নারীর পায়ের আঙ্গটী ; প্রঃ—রতন চুটকী ( জ্ঞানদাস )।

চুটকী···ষ্য. (সং চূড়ক। ব্রাহ্মণাদির মস্তকের শিখা ( চৈতন-চুটকী দেখ )। ( ২ ) শাখাশ্রয়ী বর্গের কীটগ্রাহী পক্ষী। এই পক্ষীর অনেক জাতি আছে। অধিকাংশ শীতকালে বঙ্গদেশে আসে এবং গ্রীষ্মে হিমালয়ের দিকে চলিয়া যায়। মাথায় চুটকী—শিখা আছে বলিয়া নাম। কতক লোম নাকের উপর ঝুলিতে থাকে। মাটিতে প্রায় নামে না। এক জাতি খয়রা, তার আঙ্গন ( Fly-catcher, Siphia albicilla )। আর এক জাতি নীলবর্ণ ( Cyornis rubeculoides )।

চুটী ··ষ্য. ( হিং। প্রায়ই ঝুঁটী ; সং চূড়া )। মাথার চুল।

চুড়া ··ষ্য. ( হিং। সং চিপিটক )। চিড়া।

চুড়ী, চুড় ··ষ্য. ( সং চূড়া—বাহুভূষণ )। কাচের ও স্বর্ণাদি ধাতুর বাহুভূষণ।

চুড়ীদার ··ণ. ( বাং চুড়ী, ফাং দার )। যে জামা বা পা-জামার হাতা বা পা কুঞ্চিত।

চুতিয়া ··ষ্য. হাতড়ী দেখ।

চুদ ধাতু. ( সং চুদ ধাতু প্রেরণে )। চোদা ···মৈথুন করা ( অশ্লীল )। চোদা ··ধাতু. ( চুদ ধাতু আস্তে )। চোদানা ॥

চুন · ধাতু. ( বাং চোনা, হিং চুঁৱাঁ—সং চুষ ধাতু ? সং উঞ্ছ ধাতু বর্ণবিপর্যয়ে ? )। চুনি—উপরের সারাংশ লই। চোনা, চুনন ॥ চোনা ··ধাতু. ( চুন ধাতু আস্তে )। চোনানা ॥ চুনট···ষ্য. নির্বাচন।

চুনট···ষ্য. ( সং চূর্ণ ধাতু সঙ্কোচে। হিং চুনত—চূর্ণিত )। বস্ত্রভঙ্গা, উর্মিকা।

চুনা ··ণ. ( সং চূর্ণ )। ক্ষুদ্র, প্রঃ—চুনা মাছ—ক্ষুদ্রজাতীয় মৎস্য। চুনা-পুঁঠী ··( ক্ষুদ্র মৎস্য ও পুঁঠী। সহচর শব্দ )। পুঁঠীর তুল্য ক্ষুদ্র মৎস্য। ( বিপঃ—রুই কাতলা )। লক্ষণায়, অকিঞ্চিৎকর মানুষ।

চুনী···ষ্য. ( সং শোণ—মাণিকা )। মাণিক, ক্ষুদ্র মাণিক।

চুপ ··ণ. ( সং চুপ ধাতু মন্দগমনে )। নিঃশব্দ। চুপ করা—শব্দ বন্ধ করা। চুপ রহা—নিঃশব্দে থাকা। চুপ হওয়া—নিঃশব্দ, নিরুত্তর হওয়া। চুপে চুপে, চুপি-চুপি, চুপ-চপ ··নিঃশব্দে ; অলক্ষিতভাবে।

চুপড়ি, চুবড়ি ··ষ্য. ( চুব ধাতু মজ্জন। চুবড়ি—যাহা জলে ডুবানা হয়। তুং সং কুবেণী—মাছের চুবড়ি। ক স্থানে চ এবং ণ স্থানে ড় হইতে পারে। কুবেণী—চুবেড়ী—চুবড়ী ?) বাঁশের বেতের পাতলা বোনা ছোট পাত্র ; প্রঃ—কুজ নহে তার সে বুদ্ধির চুবড়ি ( কৃত্তিঃ আদ্যে ) ; পসরা চুপড়ি পাটি লইল

ফুল্লরা (কবিকঃ) ; পাটি—বসিবার চাটাই। সিন্দূর-চুবড়ি···কেশ-প্রসাধন রাখিবার কড়ি বসানা পাতিয়া (পেত্যে)।

চুপসা···ধাতু. (চুব ধাতু দেখ। চুবা সদৃশ—চুবসা—চুপসা)। চুপসাই—আর্দ্র হই, প্রঃ—পুরাতন কাগজে লিখিবার সময় কাগজ চুপসায়—যেন কালীতে চুবানা হয়। চুপসানা॥

চুবক···ষা. (সং চ্যবক ? চুয়া দেখ)। চুয়া (চণ্ডীঃ)।

চুবা···ধাতু. (বাং চুবানা, হিং চুরানা—ক্ষরণ, সং চুরকরণে—ক্ষরণ। অতএব বাং চুবা ধাতুর মূল সং চ্যাবিত)। চুবাই—জলসিক্ত করি, জল ক্ষরিত করি, ডুবাই ; প্রঃ—জলে বাসন চুবাইয়া আন, বলির পাঁঠা জলে চুবাইতে হয়। চুবানা॥ (তুং চব্‌-চব)।

চুম···ষা. (সং চুম্ব, চুম্বন। ওং চুম্ব, হিং চুমা। বাংতে চুমা নহে চুম)। চুম্বন। (চুম খাওয়া, চুম দেওয়া)। চুমকড়ি ষা. (সং চুম্ব-কৃতি)। চুম্বন শব্দ, প্রঃ—পোষা পাখীকে চুমকড়ি শেখানা। চুম · ধাতু. চুমি—চুম্বন করি, প্রঃ—শচী কোলে লৈয়া মুখ চুমে (বৈষ্ণবপদে) চুমা॥ চুমক, চুমুক ···ষা (সং চুম্ব ধাতু হইতে)। ওষ্ঠ দ্বারা মৃদু স্পর্শ, প্রঃ—চুমক দিয়া দুধ খাওয়া ; গণ্ডূষ, প্রঃ—এক চুমক দুধ। (শং পুঃ—চুমুক—জলবিম্ব। এই অর্থ আসে কি হেতু ?)। চুমুক ··ধাতু. (বোধ হয় চুমকা)। চুমুকি—চুমক দিয়া খাই, প্রঃ—চুমুকে চকচক পেয় পিয়া (ভাঃ)। চুমুকা॥ চুমকী ··ষা. (তুং সং চম্ব,। হিং চুভকী—ডুবন)। কানা-পাংলা সরু মুখ ছোট ঘটী, চুমক দিয়া জল পানের যোগা ঘটী।

চুমকী ··ষা. (চমক—দীপ্তি হইতে। হিং চমকী)। রাঙ্‌তার ছোট গোলার্ধ (প্রতিমা সাজাইতে লাগে)।

চুমরা···ধাতু. (চুমকড়ি দেখ। চুম্বন-রব—চুমরা। তুং হিং চুমকারনা—টিটকারি দেওয়া)। চুমরাই—মৃদু তর্জন করি (অশিষ্ট) ; প্রঃ—লোকটাকে চুমরাইয়া দেওয়া গেল—যেন চুম্বন দ্বারা ভর্ৎসনা। চুমরানা॥

চুম্ব ··ধাতু. (সং)। চুম্বি—আদরে মুখ দিয়া স্পর্শ করি। চুম্বা (পদ্যে)

চুম্বক ··ষা. (সং)। অয়স্কান্ত (magnet সংতে আর এক অর্থ সংগ্রহকারী, ইহা হইতে বাংতে সংগ্রহ, সারাংশ, সংক্ষিপ্ত বিবরণ।

চুয়া ··ষা. (সং চ্যু ধাতু ক্ষরণে ; সং চ্যুত। ওং চুআ, হিং চোআ)। মূলার্থ, যাহা চোয়াইয়া পাওয়া যায় ; ধুনা চোয়াইলে যে স্রাব বা নির্যাস হয়। ধুনার সঙ্গে বেণামূল, মুথা ইত্যাদি সুগন্ধ দ্রব্য যোগ করিয়া চোয়াইলে সুগন্ধ চুয়া হয়। পূর্বকালে চন্দন চুয়া একত্র মুখে লেপন করিয়া মান্য লোকের সম্মান ও আদর করা হইত। এখন আতর গোলাপ আসিয়া চন্দনের মৃদু সুরভির স্থান লইয়াছে। কবিকঃ—হরিদ্রা চন্দন চুয়া কুঙ্কুম কস্তুরী। চুয়া···ধাতু. (সং চ্যুত হইতে)। চুয়াই—পাতিত, ক্ষরিত করি, প্রঃ—সদা দিল চুয়াইয়া সাত ঘড়া সুরা (মাঃ)। চুয়ানা, চোয়ানা॥ (হিংতে চুরানা, চুআনা, চুলানা। বাংতে চুলা ধাতু হিং হইতে আসিতেছে)।

চুয়াত্তর ··ণ. ষা. (সং চতুঃসপ্ততি)। চারি অধিক সত্তরি সঙ্খ্যা,-সঙ্খ্যাক : ৭৪।

চুয়ান্ন ··ণ. ষ্য. ( সং চতুঃপঞ্চাশৎ )। চারি অধিক পঞ্চাশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৫৪।

চুয়াল···চোয়াল দেখ

চুয়াল্লিশ · ণ. ষ্য. ( সং চতুশ্চত্বারিংশৎ )। চারি অধিক চল্লিশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৪৪।

চুরানব্বই ··ণ. ষ্য. ( সং চতুর্নবতি )। চারি অধিক নব্বই সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৯৪।

চুরাশি, চুরাশী ··ণ. ষ্য. ( সং চতুরশীতি )। চারি অধিক আশি সঙ্খ্যা, সঙ্খ্যক ; ৮৪।

চুরি ··ষ্য. ( সং চৌর্য—চোরি ; তুং বিদ্যাপতি, মন করিলি চোরি। ওং চোরি, হিং সং চোরী )। চৌর্য, অপহরণ। চুরি-চামারি ··ষ্য. ( চুরি ও চামারের বৃত্তি। পূর্বকালে চামারের বৃত্তি কি চৌর্য ছিল ? নতুবা সহচর শব্দ হইত না )। চুরি। পুকুর চুরি ·· অসম্ভব ব্যাপারের সম্ভাবনা ; মিথ্যাকে সত্য প্রমাণ।

চুরুট ··ষ্য. ( তামিল স্বরুট্টু। তেলুগু পগাকু—ধূমবর্তিকা। ওং পিকা—সং বর্তিকা হইতে)। তামুক পাতার বর্তিকা। ( প্রাচীনকালের ধূমবর্তিকা তামুক-পাতার হইত না। তামুক দেখ। )

চুল ··চুল দেখ।

চুলকা ··ধাতু. ( বাং চুলকা ; ওং কুণ্ডা ; হিং খুজলা, চুল ; সং খাজ ধাতু। খুজলা খাজ ধাতুর মূল সং খর্জ্ ; ওং কুণ্ডা ধাতুর মূল কণ্ডূ। হিং চুল বাং চুলকা সং শূল হইতে। হিং চুল চুলানা বাং শূলশূলানি )। চুলকাই —কণ্ডূয়ন করি ; প্রাঃ—চক্ষু যদি দুই হাতে চুলকান চুল ( ভাঃ )। চুলকানা॥ চুলকানি, চুলকনা ··ষ্য কণ্ডূতি, খর্জু। চুলকাইয়া ঘা করা —নখ দ্বারা বিদারণ করিয়া ক্ষত উৎপাদন। লক্ষণায়, অনাবশ্যক চেষ্টার দ্বারা বিঘ্ন আনয়ন।

চুল-বুল ··চলা-বুলার অপভ্রংশ। চল ধাতু দেখ।

চুলা ··ষ্য (সং চুল্লী )। শবদাহের চিতা ; বড় উনান। চুলায় যাওয়া—ভস্মীভূত হওয়া। চুলী ··ষ্য. ( সং চুল্লী )। বড় উনান। চুলা-মুখা ··যে পুরুষের মুখ অগ্নিতে দগ্ধ হইয়াছে। স্ত্রীং চুলামুখী ( গালিতে )।

চষ ··ধাতু. ( সং শুষ ধাতু শোষণে, চূষ ধাতু পানে )। চুষি—মুখ দিয়া রস টানি। চোষা। কলিকা চোষা —তামুকের ধূম পান। চোষা ··ধাতু. ( চুষ ধাতু আস্তে )। চোষানা॥ চুষি, চুষি-কাটি বা ছোট ছেলের চুষিবার কাষ্ঠখণ্ড।

চুড় ··চূড়া দেখ।

চুড়-চুড় ··ণ. ( সং চূড়া )। চূড়াবৎ, উচ্চ ; প্রাঃ —চাঙ্গারীর চাল চুড়-চুড় হইয়াছে।

চূড়ান্ত ··ষ্য. ( সং চূড়া+অন্ত। কিংবা সং চূড়া+বাং বন্ত )। শেষ, প্রাঃ—চূড়ান্ত নিষ্পত্তি।

চুড়ী ··ষ্য. (সং চূড়া—বাহুভূষণ—মেঃ। প্রাচীন সং নাম (যজুর্বেদে) কাচ, ওড়িয়াতে অদ্যাপি কাচ, তেলুগুতে গাজু—কাচ। অতএব বহুকালাবধি কাচের চুড়ী আছে )। কাচের বাহুভূষণ বিশেষ। কাচের পরিবর্তে সোনারও হইয়া থাকে। বেলোয়ারী ( বিলোরী ) চুড়ী ···কাচের চুড়ী।

চুত ··ষ্য. ( সং )। যোনি ( অশ্লীল )।

চুন···ষ্য. ( সং চূর্ণ )। ঘষিম, চুনিয়া পাথর, শামুক ঝিনুক ইত্যাদি পোড়াইলে যে শাদা চূর্ণ ( lime ) হয়। বাখারী চুন ষ্য. ( সং

বল্কল হইতে বাখর (দেখ)। ঝিনুক শামুকের খোলা-পোড়া চুন। কলি-চুন ·· ষ্য. (সং কলন হইতে কলি। কিংবা কলি, কলাই দেখ)। মং কলী চা চুনা—কলির চুন)। চুনের লেপ দিবার চুন। চুন-ভাটী ·· ষ্য. (ভাটা দেখ)। চুন পোড়াইবার ভাণ্ডাকার ঘর। চুনের লাসা ··(সং লাস—স্তূপ)। চিট (টাটকা চুনের লাসা থাকে, পুরাতন হইলে থাকে না)। চুন-কাম ··ষ্য. চূর্ণ-লেপ-কর্ম। চুন-কালী ··ষ্য. ধিক্কার দিবার নিমিত্ত মুখে চুন ও কালী, প্রঃ—দাঁতে খড় গলায় বড় চুনকালি কপালে (মাঃ)—কপালে না দিয়া প্রায়ই এক গালে চুন অন্য গালে কালী দেওয়া রীতি। মুখ চুন করা—ভয়ে মুখ শ্বেতবর্ণ হওয়া। চুন হলুদা ··ণ. চুন ও হলুদ মিশ্র ; এই মিশ্রের তুল্য বর্ণ-বিশিষ্ট। চুন ফিরানা—চুনের লেপ দেওয়া। চুনারী ··ষ্য. (সং চূর্ণকার)। চুন-কারক জাতি বিশেষ। চুনাতি ··ষ্য. (সং চূর্ণপাত্র, চূর্ণবতী)। চুন রাখিবার ছোট বাটী বা খুরী ; প্রঃ—ডাবর চুনাতি বাটা (কবিকঃ)। চুনিয়া, চুনো · ণ. (চুন+ ইয়া)। চুন-যুক্ত, প্রঃ—চুনো মাটি।

চুর···ষ্য. (সং চূর্ণ)। চূর্ণ, গুঁড়া, প্রঃ—খই-চুর, লোহার চুর। ণ. (সং চূর্ণিত)। বিহ্বল, প্রঃ—নেশায় চুর। চুরমা ··ষ্য (হিং। চূর্ণ মিষ্টান্ন)। রুটী গুঁড়া করিয়া চিনী ও ঘিতে ভাজা খাদ্য। চুর-মার ··ণ (সং চূর্ণ, মৃত ; সহচর শব্দ)। চূর্ণ-বিচূর্ণ, খণ্ড-বিখণ্ড। চুর·· ধাতু. চুরি—চূর্ণ করি। চোরা॥ তুং ভাঙ্গা-চোরা।

চুর-চুর·· চুড়-চুড় শব্দের অপভ্রংশ।

চুল ··ষ্য.(সং চূল—আপ্তে। তুং সং চূড়া—শিরোমধ্যস্থ শিখা মাত্র। চূড়া চুলা এক। এই হেতু অন্য তিন ভাষায় কেশ অর্থে তুং বাঠ, হিং বাল, মং বাল। বাংতে চুল বানান না মূলের সহিত, না উচ্চারণের সহিত মেলে)। কেশ। কটা, কাঁচা, পাকা, আড়-পাকা চুল·· বিশেষণ শব্দগুলা দেখ। কোঁকড়া চুল · কুঞ্চিত কেশ। ঝাঁকড়া চুল ·· ঝাঁক ঝাঁক করা চুল (ঝাঁক দেখ)। ঝাপড়া চুল ··যে চুলে মাথা ঝাঁপাইয়া—আবৃত করিয়া—রাখে। চাঁচর চুল·· তরঙ্গিত কেশ। ঢেউ-খেলা চুল ··তরঙ্গিত কেশ, যাহা ঢেউ খেলিতেছে। ঢেউ খেলানা চুল ··যে চুল তরঙ্গিত করা হইয়াছে। (তুং কোঁকড়া চুল, কোঁকড়ানা চুল)। চুল রাখা মাথা দাড়ীর চুল ঠাকুরের উদ্দেশে রাখা ; চুল না কাটা। চুল দেওয়া ··ঠাকুরকে চুল দেওয়া। পাঁচ-চুলা করা·· মাথার পাঁচ ঠাঁই চুল রাখিয়া মাথা মুড়ানা। তখন একটা শিখা না থাকিয়া পাঁচটা থাকে, ইহাতে অপমান করা হয়। প্রঃ—লঘু ডেকে নাপিত করায় পাচচুলা (মাঃ)। এখন পাঁচচুলা করা গিয়াছে, মাথায় ঘোল ঢালাও গিয়াছে। চুলা-চুলি · ষ্য. চুল ধরিয়া পরস্পর আকর্ষণ। চুল-চেরা ··ণ. চুল চিরিয়া ভাগ করার মতন সূক্ষ্ম বিষয়ক। চুল প্রমাণ ··ণ. চুলের স্থূলতা পরিমিত।

চেং···চাঙ্গা মাছ দেখ।

চেইন ··ষ্য. (ইং Chain)। শিকল। ৬৬ ফুট দীর্ঘ মাপিবার শিকল।

চেও (গ্রাং)···চোয়া দেখ।

চেক ··ষ্য. (ইং Check)। টাকা দিবার

আজ্ঞাপত্র ; টাকা প্রাপ্তির নিদর্শন-স্বরূপ স্বীকারপত্রের অর্ধাংশ। চেক-দাখিলা ··ষ্য. ছাপা দাখিলা-পত্র। চেক-মুড়ী·· ষ্য. বাঁধা চেক-বহির প্রথম অর্ধাংশ ( মুড়ী—মাথা )।

চেঙ্গাড়া ··ণ. ( চাঙ্গাড়া দেখ )। প্রগল্ভ ( যুবা ), প্রঃ—চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠুলি ( ভাঃ ) ( ঠুলি ? )। ষ্য. চাপ, তাল, প্রঃ—শতপল স্বুবর্ণ চেঙ্গড়া ( কবিকঃ )।

চেঁচা···ধাতু. ( চেঁ চেঁ দেখ। সং চিৎ ধাতু হইতে। তুং চিৎকার )। চেঁচাই—উচ্চ-শব্দ করি, চিৎকার করি। চেঁচান', চেঁচানি॥ চেঁচা-মেঁচি ··ষ্য. (চেঁচা+সং মিছ ধাতু পীড়া হইতে মিছি-মেচি। সহচর শব্দ )। কর্ণপীড়া-কর চিৎকার।

চেঁ-চেঁ·· বা. ( সং চন ধাতু শব্দে। চো-চোঁ, চিঁ-চিঁ দেখ )। গাই দুহিবার শব্দে।

চেঁট ··ষ্য. ( সং চেট—উপপতি )। শিশ্ন ( অশিষ্ট )। চেঁট করা—কিছু করিতে না পারা। পেট আর চেঁট·· আহার ও বিহার।

চেটকা, চেটকিয়া, চেটক্যে · ণ. ( চটাল দেখ। ওং চটকা। বোধ হয়, চাটু হইতে চাটুকা, চাটুকিয়া )। চাটুর তুল্য, অগভীর ; প্রঃ—চেটকা পুকুর।

চেটা···চাটা দেখ।

চেটী ··ষ্য. ( চাট+ঈ—চাটাই, চেটী )। ছোট চাটা ; প্রঃ—পাঠশালায় পড়ুয়ার তাল-চেটী।

চেটী···ষ্য. ( সং )। দাসী। চেড়ী।

চেটো ··ষ্য. ( চাটুয়া দেখ )। করতল।

চেড়ী···ষ্য. (সং চেটী, চেড়ী)। দাসী, বাঁদী। ( প্রাচীন বাংতে চেড়ী শব্দ পাওয়া যায়। সে কালে দাস দাসী কিনিতে পাওয়া যাইত। ক্রীত কিংবা দানে প্রাপ্ত না হইলে দাস কিংবা দাসী হইত না। অদ্যাপি দাস দাসী ক্রয় দেশ হইতে উঠিয়া যায় নাই )।

চেন্‌কা ··ষ্য. ( চানকা দেখ )। প্রগল্ভ বালক।

চেনা · ষ্য. ণ. ( চিন ধাতু দেখ )। অভিজ্ঞান। চেনা-পরিচয় ··ষ্য. (সহচর শব্দ)। পরিচয়। চেনা-শুনা ··ষ্য. ণ. ( সহচর শব্দ )। পরিচয়, পরিচিত।

চেন্না ··ষ্য. ( সং চিহ্ন হইতে )। চিহ্ন-রেখা শ্রেণী করিবার রাঁদা ( ছুতারের )।

চেপটা ··ণ. (সং চিপিট—চিড়া। সং চপেট—করতল )। বিস্তৃত, অস্থূল। চেপটা-নাকো ···ণ. ( সং চিপিট-নাস )। যাহার নাসিকা নত।

চেয়াড়ি, চেরাটি ··ষ্য. ( চেরা-কাটি। তুং মং চিরোটি )। বংশ-ত্বক, প্রঃ—মিথ্যা হৈলে চেয়াড়ে কাটিব তোর নাসা ( কবিকঃ )।

চেয়ার · ষ্য. ( ইং Chair )। পিঠ-দেওয়া কাষ্ঠাসন ; রাজকীয় আসন। চেয়ার-মেন ··ষ্য. ( ইং Chairman )। সভাপতি। চেয়ারমেনি ষ্য. ( চেয়ার-মেন+ই )। সভাপতির কর্ম।

চেয়ে · বা. ( চা ধাতু দেখ )। অপেক্ষা, প্রঃ —নাই মামার চেয়ে কানা মামা ভাল। ··ক্রিয়া। চাহিয়া, দেখিয়া, মাগিয়া। চেয়ে-চিন্তিয়া ··মাগিয়া, সন্ধান করিয়া।

চেরাগ·· ষ্য. ( ফাং চিরাগ )। দীপ ( মুসলমানী ভাষায় )। চেরাগী ··দীপ-সম্বন্ধীয় ; পীরের আস্তানায় দীপ-দান-সম্বন্ধীয় (বায়, ভুমি)।

চেরাটি··· চেয়াড়ি দেখ।

চেলা···ষ্য. ( সং চেলুক—বুদ্ধভিক্ষু-শিষ্য—শব্দকল্পঃ। তুং সং চেট চেল—দাস )। শিষ্য, অনুবর্ত্তী।

চেলা···ষ্য. ( সং চেল ধাতু গতিতে, কম্পে। সং চিলিচিম—বৈদ্যকঃ। কিন্তু চরকের চিলিচিম রোহিত তুল্য )। নদীর মৎস্য বিশেষ। দেহ লম্বা ও চেপটা, শল্ক ক্ষুদ্র, মুখ উপর দিকে, উদরের ধার দন্তুর। এক জাতি ঘোড়া-চেলা ( Chela ghora ) ১০।১২ আঙ্গুল ; অন্য জাতি ফুল চেলা ( Chela phula ) ৬।৭ আঙ্গুল লম্বা হয়।

চেলা··ধাতু. ( সং চীর্ণ হইতে। তুং ওং চিরিবা বাং চেলানা )। চেলাই—কুড়ালি দ্বারা বিদীর্ণ করি, প্রাঃ—জালানি কাঠ চেলানা ॥ চেলা···বিদীর্ণ ; চেলানা কাঠ।

চেলানি, চেলেনি ( গ্রাং )···ষা. ( চাউলানি অপভ্রংশে চালানি—চেলেনি। সং নাম তণ্ডুল-ধাবন )। চাল-ধোয়া পানি বা জল।

চেলী···ষ্য. ( সং চেল—বস্ত্র )। পট্টবস্ত্র।

চেলো···ষ্য. ( সং চেলান )। খরমুজ।

চেষ্টা···ষ্য. ( সং )। কায়িক ব্যাপার, কার্য, গতি। চেষ্টা করা—প্রয়াস, অনুসন্ধান করা। চেষ্টা পাওয়া—প্রয়াস, উদ্যোগ করা। চেষ্টা-চরিত্র···ষ্য. ( চেষ্টা—কায়িক ব্যাপার, চরিত্র—আচরণ। অর্থের নৈকট্য হেতু সহচর শব্দ )। প্রয়াস, উদ্যোগ।

চেহারা···ষ্য. ( ফাং চেহরা )। মুখমণ্ডল, শরীর, আকৃতি।

চৈ ··চই দেখ।

চৈ-চৈ···বা. ( সং চায় ধাতু দর্শন, শ্রবণ হইতে ? )। হাঁস কাছিম ডাকিবার শব্দে।

চৈত ··ষ্য. ( সং চৈত্র )। চৈত্র মাস। চৈতালী ··ণ. ( সং চৈত্র+আলী )। চৈত্র মাসে জাত, প্রাঃ—চৈঃ ফশল।

চৈতন ··ষ্য. (সং চৈতন্য-দেব হইতে)। মস্তকের শিখা। চৈতন-চুটকী···ষ্য. (চুটকী দেখ। সং চূড়া—শিখা। ওং চুটি, হিং চোটী। চণ্ডীদাসে চুলি—চুল )। চৈতন্যদেবের অনুবর্তী শিষ্যেরা যেমন শিখা রাখিতেন ; শিখা।

চৈন ··চয়েন, চেইন দেখ।

চোঁ, চোঁ-চোঁ·· বা. (সং চুষ, শুষ ধাতু হইতে)। চোষণ, শোষণ শব্দে, প্রাঃ—চোঁ-চোঁ করিয়া চুমুক দিয়া দুগ্ধপান ; চোঁ-চোঁ, চেঁ-চেঁ করিয়া গাইর দুধ দোহা। · বা. ( সং চন ধাতু শব্দে, গতিতে )। বেগে গমনে, প্রাঃ —চোঁ দৌড়।

চোক ··ষা. ( সং চতুষ্ক )। চতুর্থাংশ ; গণ্ডা কাহন মণ বিঘা প্রভৃতির চতুর্থাংশ ; ।০। চোখ দেখ।

চোকল·· ষা. ( চকল দেখ। কিংবা সং চোলক—বল্কল—হেমঃ )। গমের তুষ।

চোকলা ··চকলা দেখ।

চোকা ··চুক ধাতু দেখ।

চোখ ষা. ( সং চক্ষুঃ—চক্ষু—চউখ—চোখ )। দর্শনেন্দ্রিয় চক্ষু ; দৃষ্টি ; চক্ষুর আকারের অঙ্কুর বা কলি (bud)। চোখের পাতা ·· চক্ষুর পত্র, পল্লব। চোখের রোআঁ···রোম। চোখের নিমেষ···চক্ষুর নিমীলন, স্পন্দন ; সূক্ষ্ম কাল পরিমাণ। চোখের পলক··· বাং পলক—নিমেষ। নিমেষ দ্বারা পল—কাল পরিমিত হইত বলিয়া ? কিংবা সং পল্লব-ক —চোখের পল্লব—পাতা)। নিমেষ ; প্রাঃ—

( চোখের ) পলকে প্রলয় ; রাত্রে একবারও পলক ফেলিতে পারি নাই। চোখের পিচড়া ·· ( সং পিচ্চট )। চোখের মল। চোখের ছানি ··( সং ছদি। সং ছাদন )। দর্শন-রোধক ছাদন-রোগ-বিশেষ ( Cataract, opacity of the cornea, etc.)। (ছানি পড়া )। চোখ ওঠা·· চক্ষুর প্রদাহ (ophthalmia )। চোখের আঞ্জনী·· আঞ্জনী দেখ। চোখে চালিশা ··চল্লিশ বৎসর বয়সের পর এই রোগ জন্মে বলিয়া চালিশা —নিকট-দৃষ্টিলোপ (longsighted-ness)। চোখে চশমা দেওয়া—প্রতিচক্ষুঃ ধারণ। চোখে ঝাপসা দেখা—যেন আবরণের মধ্য দিয়া দেখা। চোখ কর্‌কর করা—কর্‌কর দেখ। চোখ ছল্‌-ছল করা—ছল্‌ছল দেখ। চোখ ফেল্‌-ফেল, ভেল্‌-ভেল — ফেল্‌-ফেল দেখ। কটা চোখ ··চোখের তারার চারি পার্শ্বে কটা বর্ণ। কোটরিয়া চোখ ··কোটরে অবস্থিত চক্ষু, ভিতরে প্রবিষ্ট। আড়-চোখ ···অর্ধনেত্র। ডব্‌-ডবা চোখ ··রসে ভরা ও বৃহৎ। টেরা চোখ···( সং টেরক )। বক্র দৃষ্টি। ডেবরা চোখ ··( ডেবরা দেখ )। বড় ও ভাসা চোখ। পটোল-চেরা চোখ ·· পটোল চিরিলে যেমন দেখায়, দীর্ঘ বৃত্তাকার ( তুং পদ্মপলাশলোচন )। ভাসা চোখ··· বৃহৎ ও সম্মুখে অবস্থিত। বসা চোখ ·· ভিতরে প্রবিষ্ট। চোখ খাওয়া···অন্ধ হওয়া, প্রঃ—হেন বর কেমনে আনিলি চক্ষু খেয়ে ( ভাঃ )। চোখ-খাগী···যে নারী অন্ধ হইয়াছে, ন্যায়-অন্যায় বুঝিতে পারে না। পুং চোখ-খেগো। চোখের মাথা খাওয়া··· অন্ধ হওয়া। চোখ ঘুরানো···ক্রোধে কিংবা প্রেমের অভিনয়ে। চোখ খুলিয়া দেওয়া··· প্রদর্শন, বুদ্ধি সংযোজন। চোখ টেপা ·· চোখের পাতা ফেলিয়া ইঙ্গিত করা (প্রায়ই নিষেধে)। চোখ ঠারা ··চোখের ইঙ্গিত দ্বারা আদেশ বা মন্ত্রণা। চোখ দেওয়া নিষেধ কিংবা কুদৃষ্টি নিমিত্ত দর্শন। চোখ-রাঙ্গানো ···ক্রোধে চক্ষু রক্তবর্ণ করা। চোখ-রাঙ্গানি ···ক্রোধ প্রদর্শন। চোখে চোখে রাখা·· দৃষ্টির বহির্ভূত না করা। চোখে ধূলা দেওয়া ··যেন ধূলি নিক্ষেপ দ্বারা অন্ধ করা, প্রবঞ্চনা করা। চোখ বুলানো· ·তাড়াতাড়ি সব দেখা (বুল ধাতু দেখ)। চোখে ধরা···দর্শনীয় বোধ হওয়া। চোখে লাগা ··সুন্দর বোধ হওয়া। চোখে-কানে না দেখা ··অধৈর্যে না দেখা না শোনা। চোখ কান বুজাইয়া থাকা · না দেখা না শোনা। চোখে মুখে কথা ··মুখ দিয়া কথা বাহিরায়, চোখ দিয়াও যেন কথা বাহির হইতে থাকে। উজ্জ্বল ও বুদ্ধিব্যঞ্জক চোখ নইলে চোখে কথা কহে না। চোখ-কানের বিবাদ ভাঙ্গা···দেখা ও শোনার ঐক্য করা। চোখের বালি ··চোখে বালি ধূলা পড়িলে যেমন চোখ কর্‌কর করে তেমন যাকে দেখিলে চোখ জ্বলে, চোখের যে পীড়াকর ; প্রঃ—ননদিনী দেখয়ে চোকের বালি (চণ্ডীঃ)। ইহাই প্রকৃত অর্থ। যাকে দেখিলে রাগ হয়। রাগ অর্থে অনুরাগও আছে। এই অর্থে, যাকে দেখিলে প্রেমকলহ হয়। চোখের চামড়া ( বা পর্দা ) না থাকা···লজ্জায় চোখের পাতা না পড়া। এক-চোখুয়া, একচোখো ··এক দিক দেখে যে, পক্ষপাতী। দো-চোখুয়া, দো-চোখো···দুই দিক দেখে যে, সমদৃষ্টি।

চোখ-গেল্ ··ষ্য. ( ডাক হইতে নাম। হি° নাম পাপীহা। কেহ কেহ ভুলে চাতককে বলে )। বৃক্ষচারীবর্গের পক্ষীবিশেষ (Hawk cuckoo. Hierococyx varius)। ১৬।১৭ আঁগুল দীর্ঘ, পাংশুবর্ণ। পুচ্ছ বিস্তৃত, তাহাতে কাল দাগ থাকে। উড়িবার সময় কুক্-কু কিংবা চোখগেল্ রব করে। কোকিলের মতন পরভৃত।

চোখ-দয়াল···ষ্য. ( দয়াল, দয়েল পাখীর সাদৃশ্যে )। বৃক্ষচারীবর্গের পক্ষীবিশেষ (Fantail flycatcher. Rhipidura albicollis)। ৯।১০ আঁগুল দীর্ঘ। ধূম-বর্ণ, গলা শাদা। চঞ্চু বড়, গোঁফ অনেক এবং দীর্ঘ, পুচ্ছ বড় ও গোল। উড়িতে উড়িতে কীট ধরিয়া খায়।

চোখা···ণ. ( স° চোক্ষ )। তীক্ষ্ণ, প্রঃ—মারে চোক চোক বাণ ( কৃত্তিঃ ); বাঁকা মুখে কথা কহে চোখা ( ভাঃ )। চোখাল্ ·ণ. (চোখা+আল স্বার্থে)। চোখা; প্রায় চোখা

চোগা···ষ্য. ( তুর্কী )। মোগলের শিথিল অঙ্গাবস্ত্রবিশেষ; লম্বা, ঢিলা, সমুখ খোলা কোর্তাবিশেষ।

চোঙ্গা, চোঙ্গা···ষ্য. (চুঙ্গী দেখ। স° তূণী—শর রাখিবার চোঙ্গা। ফুঁকিবার চোঙ্গা স° ধমনী। হি° চোঙ্গা, ফোঁকী; ও° ফুকনি, ম° ফুঁকণী। বা°তে ফুঁকনী শব্দও আছে)। নলাকার পাত্র, প্রায়ই বাঁশের; মোটা নল; ফুঁকনী।

চুঙ্গী ··ছোট চোঙ্গা।

চোঁচ···ষ্য. ( স° চোচ—বল্কল। চোচং নারিকেলাদিফলবল্কলং—অঃ-টীঃ )। বাঁশ কাঠ প্রভৃতির তীক্ষ্ণমুখ কঠিন আঁশ; ফলাদির আঁশ। চোঁচাল্···ণ. ( চোঁচ+আল )। চোঁচ-বিশিষ্ট। চোঁচালি···ষ্য. ( চোঁচ+বল্কল। কিংবা চোঁচ+আলি )। চোঁচ।

চোট···ষ্য. ( চুট ধাতু দেখ )। আঘাত, ক্রোধ। চোট লাগা ··আঘাত পাওয়া। চোট মারা ···আঘাত দেওয়া। মুখের চোট ··ভর্ৎসনা। জ্বালার চোট ··জ্বালার তীব্রতা। আ-চোট ···ণ. অনাহত; অকৃষ্ট। চোট-পাট ··ণ. ( চোট—আঘাত, পাট—ছেদন। সহচর শব্দ )। যেন কাটিতে ছিঁড়িতে থাকে, প্রঃ—চোটপাট জবাব—এমন উত্তর যাহাতে শ্রোতার মনে আঘাত লাগে, চিত্ত ফাটিয়া যায়।

চোটী ··ষ্য. ( স°। তু° স° চোলী )। ঘাঘরা। ( অপ্রচলঃ )

চোট্টা···ষ্য. ( হি°। চোরটা—অবজ্ঞায় টা ) চোর, চোরের তুল্য নীচ।

চোড় ··ষ্য. ( স° )। কাঁচুলী। ( অপ্রচলঃ

চোঁতা ··ণ. ( স° চ্যুত—নষ্ট; কিংবা স° তুচ্ছ। তু° হি° টুচ্চা )। তুচ্ছ, নষ্ট বা পতিত। চোঁতা কাগজ ··তুচ্ছ কাগজ যাহা নষ্ট হইয়াছে।

চোদ্দ ··চৌদ্দ দেখ। চোদ্দবার···পুনঃ পুনঃ, প্রঃ—চোদ্দবার উঠিতে পারি না।

চোপড়···ষ্য. ( চোপা+ড় স্বার্থে। চোপা, কাপড় দেখ )। আচ্ছাদন। ( কাপড়-চোপড়; স্বতন্ত্র প্রয়োগ নাই )।

চোপরা ··ষ্য. ( চোপা+রা স্বার্থে। চোপা দেখ )। খোষা ইত্যাদি আবর্জনা।

চোপসা ··ণ. (চোপা+সা)। খোষার সদৃশ শুষ্ক, প্রঃ—চোপসা গাল। চোপসা ··ধাতু. চোপসাই—ত্বক সঙ্কুচিত শুষ্ক হই। চোপ্সানা॥

চোপা···ষ্য. ( ও° চোপা ; হি° চোঁপ ; ম° চোথা—বা° ছিবড়া। বোধ হয় স° চুপ ধাতু চোপন—গোপন হইতে চোপা—আবরণ)। ত্বক, খোষা। খনার বচনে, যদি দেখ মাকুন্দ চোপা—মাকুন্দ স° মৎকুণ—শ্মশ্রুহীন পুরুষ; চোপা—যাহার মুখ ফলের ত্বকের ন্যায় মসৃণ—সুতরাং শ্মশ্রুহীন। মুখে মুখে চোপা করা—মুখে মুখে খোষা—আবর্জনা ত্যাগ করা ; ইহা হইতে অসম্মানসূচক প্রত্যুত্তর করা। চোপা ··ধাতু. (কোপা ধাতু দেখ)। চোপাই—ত্বক্ কাটিয়া পৃথক করি, টুকরা টুকরা করিয়া কাটি। চোপানা ॥

চোব-চীনী···ষ্য. ( ফা° চোব—কাষ্ঠ, চীনের কাষ্ঠ)। চীনের ক্ষুপ বিশেষ ( Smilax china )। এই ক্ষুপের শিকড় ( china root ) ঔষধে লাগে।

চোবড়া ··ধাতু. ( চুব ধাতু দেখ। স° চ্যাবিত হইতে)। চোবড়াই—নিমজ্জিত করি, লিপ্ত করি, প্রাঃ—কাদায় কাপড় চোবড়ানা। চোবড়ানা ॥

চোবদার ··ষ্য. (ফা° চোব—গদা+দার)। রাজদণ্ডবাহক। চোবদারি ··ষ্য. ( চোবদার+ই )। চোবদারের কর্ম।

চোবল ·ষ্য. ( স° কবল হইতে )। কামড়, দংশন, প্রাঃ—সাপে চোবল মারে। চোবলা ··ধাতু. চোবলাই—মুখ হাঁ করিয়া বেগে দংশন করি। চোবলানা ॥

চোবে···ষ্য. ( স° চতুর্বেদ, চতুর্বেদা · হি° )। ব্রাহ্মণের উপাধিবিশেষ।

চোব্বিশ ··ষ্য ণ. ( সং চতুর্বিংশতি )। চারি অধিক বিশ সঙ্খ্যা,-সঙ্খ্যাক ; ২৪ ;

চোয়া ( গ্রা° চেও )···ষ্য. ( স° চতুষ্ক )। চতুষ্কোণ গর্ত, গর্ত।

চোঁয়া···ণ. ( চুঁ ধাতু দেখ )। আদগ্ধ, প্রাঃ—চুঁঞা পড়া আঘান দেবী পাইল তখন ( শূং পুঃ )—চোঁয়া-পোড়া আঘ্রাণ। চোঁয়া-গন্ধ · ঈষৎ দগ্ধ হইলে যেমন গন্ধ হয়। চোঁয়া ঢেকুর ··দগ্ধ অম্লোদ্গার, খই-ঢেকুর। চোঁয়ানি ··ষ্য. চোঁয়া দ্রব্য ; চোঁয়া দ্রব্য জলে ভিজাইলে যে জল হয়, প্রাঃ—চাল-চোঁয়ানি।

চোয়াড় ··ষ্য. ( হি° চোআড়—পাহাড়িয়া ডাকাইত। চোহাণ জাতির নাম হইতে। তু° সুবাদার সঙ্গে যার সাত স চুহান—মাঃ)। হিংসাবৃত্তিশালী নীচ জাতি, প্রাঃ—আমি নীচ কুলে জন্ম জাতিতে চোয়াড় (কবিকঃ) ; চোয়াড়ে লোফে কাঁড় ( ভাঃ ); বর্বর, অশিষ্ট। চোয়াড়ি ··ষ্য. ( চোয়াড়+ই )। চোয়াড়ের বৃত্তি। রাড়-চোয়াড়ি ··ষ্য. পূর্বকালে রাঢ় দেশে চোয়াড় জাতি ছিল, তাহার তুল্য নীচ ব্যবহার।

চোয়ান্ন ··চুয়ান্ন দেখ।

চোয়াল, চুয়াল···ষ্য. ( হি° চুআল, চোহর ; ম° বরহাল্টে ( বহুবচন )। স° চর্বণ হইতে চআড়—চোআল ? স° কবল হইতে? হি° জবড়া ও° জাবড়ি বা° চোয়াল—স° জম্ভ (হনু)+দন্ত ?)। চর্বণ-দন্ত-পঙ্‌ক্তি (তু° ও° গাল-পাটি ), প্রাঃ—গজ গিলে কামিনী চুয়াল নাহি নড়ে ( কবিকঃ )। চোয়াল ধরা ···স° হনুগ্রহ ( lockjaws )।

চোয়াল্লিশ ··চুয়াল্লিশ দেখ।

চোর ··ষ্য. ( স° )। তস্কর ( দুই এক জন চুপি চুপি চুরি করিলে চোর ; বহুজন বল

প্রয়োগে চুরি করিলে ডাকাইত)। স্ত্রী° চোরনী। (২) বালকদের খেলায় তস্কর। চোর-ছেঁচড়…(ছেঁচড় দেখ। সহচর শব্দ)। চোর। ছিচকা চোর…(ছিচকা দেখ)। সিঁদ কাটিয়া যে চুরি করে; ছোট ছোট জিনিসের চোর। দৃষ্টান্তে, চোরে চোরে কুটুম্বিতা…দলের লোকের স্বার্থসাধনোদ্দেশে আত্মীয়তা। চোরে চোরে মাসতাত ভাই…চুরি করতে নিঃসম্পর্কীয় লোকের প্রণয় হয়। দৃষ্টান্তে, চোরের মায়ের কান্না—যেমন চোরের মা পোয়ের জন্য ফুকারিয়া কাঁদিতে পারে না, মনের শোক মনেই রাখে, তেমন। চোর-কাঁটা…ষ্য. (সং নাম চোরক, চোরপুষ্পী)। ধান্যাদি বর্গের ঘাসবিশেষ (Andropogon aciculatus)। সোজা ডাঁটায় ফুল ধরে। ফুলের শুঙ্গা কাপড়ে ফুটিয়া যায়। এই হেতু নাম।

চোরা…ষ্য. (চোর+আ)। (অবজ্ঞায়) চোর, প্রঃ—চোরা না শোনে ধর্মের কাহিনী; দুর্গাপ্রতিমার মহিষাসুর; যে চুরি করে (আদরে), প্রঃ—ননী-চোরা—শ্রীকৃষ্ণ। ণ.…অদৃশ্য, গুপ্ত, প্রঃ—চোরা-কুঠরী—গুপ্ত গৃহ—চৌর্য হইতে রক্ষা পাইবার আশায় যে ক্ষুদ্র গুপ্ত গৃহে মূল্যবান দ্রব্য রাখা হয়, বাক্স সিন্দুকের গুপ্ত আধার। চোরা-বালি…যে বালি দেখিতে সংহত বোধ হয়, কিন্তু, যাহাতে নামিলে পা ডুবিয়া যায়। চোরাই…ণ. (চোরা+ই। হিং বোধ হয়)। চোরিত, অপহৃত, প্রঃ—চোরাই মাল।

চোরা, চুরা…ণ. (চুরা ধাতু দেখ)। চূর্ণীকৃত। ভাঙ্গা-চোরা…(সহচর শব্দ)।

চোস্ত…ণ. (ফা° চুস্ত্)। টান, সমান, প্রঃ—কাপড় চোস্ত করা; চালাক। চালাক-চোস্ত…ণ. (সহচর শব্দ)। চালাক।

চোষা…চুষ ধাতু দেখ।

চৌ…ণ. (সং চতুঃ—চউ—চৌ)। চারি, অন্য শব্দের সহিত সমাসে প্রযুক্ত হয়; যথা, চৌ-চালা—সং চতুঃশাল—চারি-চাল-বিশিষ্ট ঘর, চৌপদী—সং চতুষ্পদী—কবিতার ছন্দ-বিশেষ।

চৌক, চোক…ষ্য. (সং চতুষ্ক)। চতুর্থাংশ, এক কাহনের চতুর্থাংশ; যথা, চারি পণে এক চৌক, চারি চৌকে এক কাহন। মাপ, কড়া দেখ। চৌকিয়া…ষ্য. (চৌকি+ইয়া)। চৌক-গণিত।

চৌকষ…ণ. (সং চক্ষুষ্মান)। চক্ষু-বিশিষ্ট, চারিদিকে দৃষ্টি যার, সর্বকর্মনিপুণ।

চৌকা…ণ. (সং চতুষ্ক)। চারিকোণা। ষ্য. চারিকোণা উঠান, চক, চারিকোণা খাত (প্রায়ই চেয়ো)।

চৌ-কাঠ…ষ্য. (সং চতুষ্কাষ্ঠ। হিং চৌখট, মং চৌকট)। কাঠের দুয়ারের চারি পাশের চারি কাঠ। উপরের বা মাথার কাঠ—কপালী (সং কপাল), নীচের কাঠ—গবরাট (সং গর্বাট), পাশে দুই বাজু (সং বাহু)। কপালীর উপরে যে কাঠে কাঁথ থাকে তাহা ঝনকাঠ (সং নাম নক্র)। ঝনকাঠের দুই প্রান্ত মকর-মুখাকৃতি করা হইয়া থাকে। ঝনকাঠের দুই পাশে দুই দণ্ড পোতা থাকে, এই কাষ্ঠদণ্ডের নাম ডাঁশা (সং নাম নাগ-দন্ত)।

চৌকী…ষ্য. (সং চতুষ্কী)। চারিপাদবিশিষ্ট কাষ্ঠাসন বা পীড়ি; পাদবিশিষ্ট চতুষ্কোণ লৌহ, নেহাই; পাহারা (সং চতুষ্ক—চৌ-

মাথা রাস্তা, চৌমাথা রাস্তায় পাহারা হইতে); পুলিশের বড় থানা এখানে দারোগা থাকে; গ্রামমণ্ডল যেখানে মুন্সফ বিচারক থাকেন। চৌকীদার···ষ্য. (ফা° দার)। পূর্বকালে গ্রামমণ্ডলের কর্তা যিনি চৌমাথায় থাকিতেন, কিংবা চৌচালায় বসিতেন (তু° হি° চৌকী—চারি স্তম্ভযুক্ত গৃহ, স° চতুষ্ক); অধুনা গ্রামের প্রহরী। চৌকীদারী···ণ. চৌকীদার সম্বন্ধীয়। চৌকীদারি···ষ্য. চৌকীদারের কাজ।

চৌ-খণ্ডি···ষ্য. (স° চতুঃ খণ্ড ?)। চারিখণ্ডে নির্মিত ? (চৈতন্যমঙ্গল)। চৌখণ্ডিয়া···চারি খণ্ডে নির্মিত বা চারি পাদবিশিষ্ট, প্রঃ—চৌখণ্ডিয়া পীড়ি (কবিকঃ)। (অপ্রচঃ)

চৌ-খুঁট ··ণ. (খুঁট দেখ)। চারি খুঁট—কোণ আছে যার, চারিকোণা।

চৌ-খুলী···ণ. (খুলী দেখ)। চারি খুলী বাদ্য।

চৌ-গোঁপ্পা ··ণ. (চোবে হইতে চৌ; গোঁফ+আ—গোঁপ্পা)। বৃহৎ গোঁপবিশিষ্ট, প্রঃ—বাবুরাম বাবু চৌগোঁপ্পা (টেকচাঁদঃ)।

চৌ-ঘুড়ী···ণ. (স° চতুঃ—চৌঃ; ঘোড়া+ঈ=ঘোড়ী—ঘুড়ী)। যাহাতে চারি ঘোড়া আছে।

চৌ-চাক্কা···ণ. (স° চতুঃ—চৌ; ফা° চাক—ফাট)। চারি খণ্ডে বিদীর্ণ।

চৌ-চাপট ··ণ. (স° চতুঃ—চৌ; চাপট—চাবড়া)। চারি পাশে চাপটিয়া থাকে যাহা; চারি পার্শ্বে সমদীর্ঘ; সমকোণবিশিষ্ট।

চৌ-চালা···ষ্য. (স° চতুঃশাল)। চালা দেখ।

চৌ-চীর···ণ. (স° চতুশ্চীর্ণ)। চতুর্ভাগে বিদীর্ণ।

চৌঠা···ষ্য. (স° চতুর্থ—চউথ—চউঠা)। চতুর্থ দিবস। ণ. চতুর্থ, প্রঃ—ইহা আস্বাদিতে আর নাহি চৌঠ জন (চৈঃ চঃ)। চৌঠি···চতুর্থাংশ, প্রঃ—এক চৌঠি ধন দিল কুটুম্বভরণে (চৈঃ চঃ)।

চৌড়া···চওড়া দেখ।

চৌ-তলা ··ণ. ষ্য.(স° চতুস্তল)। চারিতলা। চারি তল-বিশিষ্ট অট্টালিকা।

চৌতারা ··ষা. (স° চত্বর, চত্বার। তু° ও° চউরা, চৌরা—তুলসী গাছ রোপণের পাকা গাঁথনির স্তম্ভ)। চাতাল, অঙ্গন, পাকা গাঁথনির উচ্চ চতুষ্কোণ স্থান।

চৌ-তাল···ষা. (স° চতুস্তাল)। তাল দেখ।

চৌ-ত্রিশ ··ণ. ষ্য. (স° চতুস্ত্রিংশৎ)। চারি অধিক ত্রিশ সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৩৪।

চৌথ ··ষা. (স° চতুর্থ হইতে)। চতুর্থাংশ, জমিদারের প্রাপ্য চতুর্থাংশ।

চৌ-দানী···ষা. (স° চতুর্ধানা, চতুর্ধানিকা)। কর্ণভূষণ যাহাতে ধান্যাকার চারিটি মুক্তা থাকে।

চৌ-দিক, চৌ-দিগ ··ষ্য. (স° চতুর্দিক)। চারি দিক

চৌ-দোল, চৌ-দোলা ··ষ্য. (স° চতুর্দোল)। চারিজন বাহকের দোলা। (পূর্বকালে বর চৌদোলে চাপিয়া বিবাহ করিতে যাইত। এখন কেবল ঠাকুর চৌদোলে চাপেন)।

চৌদ্দ, চোদ্দ···ণ. ষ্য. (স° চতুর্দশ)। চারি অধিক দশ সঙ্খ্যক,-সঙ্খ্যা; ১৪। চৌদ্দই·· ষ্য. মাসের চতুর্দশ দিবস।

চৌধুরী···ষ্য. (স° চতুর্ধুরী)। জাতি ও ব্যবসায়ীর মধ্যে প্রধান ব্যক্তি, প্রঃ—সেই হয়ত চৌধুরী (চৈঃ চঃ); স্ত্রী° চৌধুরানী (চৌধুরী +আনী)। (২) পদবীবিশেষ।

চৌ-পদী···ষ্য. (স° চতুষ্পদী)। চারি পদবিশিষ্ট কবিতা বা কবিতাছন্দ।

চৌ-পর…ষ্য. ( সং চতুঃ প্রহর )। চারি প্রহর, সারাদিন।

চৌ-পট…ষ্য. ( সং চতুষ্পুট )। কাঠের দ্বারের চারি খান কাঠ, চৌকাঠ।

চৌ-পল…ষ্য. (পল দেখ)। চারি পার্শ্ব। চৌপলিয়া, চৌপল্যে · ণ. (চৌ-পল + ইয়া)। চারি-পার্শ্ববিশিষ্ট।

চৌ-পাড়ী…ষ্য. (সং চতুষ্পাঠী)। যেখানে চারি বেদ অধ্যাপনা হইত; সংস্কৃত শিক্ষালয়।

চৌ-পায়া ··ষ্য. ( সং চতুষ্পাদ )। চারি পাদ বিশিষ্ট আধার।

চৌ-পালা…ষ্য. চৌ-দোল।

চৌ-পিঠা ··ণ. ( সং চতুষ্পৃষ্ঠ )। চারি পৃষ্ঠ-বিশিষ্ট; চারি দিকেই পিঠ দিতে পারে যে, চৌকষ।

চৌবাচ্চা…ষ্য. (ফাং চা-বাচ্চা—ছোট বাচ্চা)। ক্ষুদ্র জলাধার।

চৌ-মাথা…ষ্য. (সং চতুষ্পথ। পথ হইতে পাথা—মাথা? মস্তক হইতে মাথা?)। চারি পথ যেখানে মিলিয়াছে।

চৌ-যুগ ··ষ্য. ( সং চতুর্যুগ )। সত্যত্রেতাদি চারি যুগ কাল।

চৌরস ··ণ. ( সং চতুরস্র—চতুষ্কোণ হইতে )। সমান।

চৌরাশি…ণ. ষ্য. ( সং চতুরশীতি )। চারি অধিক আশি সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৮৪। গ্রাং চুরাশি।

চৌ-রাস্তা ··ষ্য. ( রাস্তা দেখ। চারি পথের মিলনস্থান, চৌমাথা।

চৌ-শিঙ্গা ··ষ্য. ( সং চতুঃশৃঙ্গ )। চারি শৃঙ্গ বিশিষ্ট কৃষ্ণসার বিশেষ ( The four-horned antilope. Tetracerus quadricornis )। খয়রা রং, খর লোম, আকার ছোট, পুচ্ছ হ্রস্ব। পুং জাতির চারিটা শিং হয়। কিন্তু বড় শিঙ্গাও ৪।৫ আঁগুলের অধিক নহে। মাংস সুস্বাদু। ( ওং নাম কোটরা; হিং চৌশিঙ্গা )।

চৌষট্টি…ণ. ষ্য. ( সং চতুঃষষ্টি )। চারি অধিক ষাটি সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৬৪।

চৌ-হদ্দি…ষ্য. ( হদ্দ দেখ )। চতুঃসীমা।

## ছ।

ছ…ষ্য. ( সং )। ব্যঞ্জনবর্ণ-বিশেষ, ব্যঞ্জন-অক্ষর-বিশেষ।

ছ…ণ. ( সং ষট্ )। ছয়, ৬। ছ-কড়া ন-কড়া করা—ছয় কড়া ও নয় কড়া তুল্য জ্ঞান করা, অবহেলা করা। ছ-কুড়ি ··ছয় গুণ বিশ, ১২০; অনেক। ছ-কুড়ি ছ-টা…বহু। ছ-চল্লিশ ··ণ. ষ্য. ( সং ষট্-চত্বারিংশৎ )। ছয় অধিক চল্লিশ সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৪ । ছ-টা ··ষ্য. ছয় ঘণ্টা ( কাল )। ণ. ছয়-সঙ্খ্যক। ছ-বুড়ী ··ছয় বুড়ী ( বুড়ী দেখ )। বহু ( নারীভাষায় )। ছ-ষট্টি…ণ. ষ্য. ( সং ষট্ষষ্টি )। ছয় অধিক ষাটি সঙ্খ্যক,-সঙ্খ্যা; ৬৬।

ছই ··ষ্য. ( সং ছদি )। আচ্ছাদন; নৌকা ও গাড়ীর ছাদ।

ছক…ষ্য. ( সং চতুষ্ক )। চারিকোণা ঘর; পাশা খেলিবার যে বস্ত্রে চতুরস্র ঘর থাকে। ছক-কাটা—চারিকোণা ঘরে ঘরে চিহ্নিত করা।…ধাতু। ছকি—বর্গক্ষেত্রে বিভক্ত করি; বেষ্টন করি, প্রঃ—কাগজ ছকা, ছকিয়া ধরা। ছকা॥ ( ধাতু ছকা হইবার ছিল)।

ছক…ধাতু. ( ছকা ছাঁক দেখ। ছকি—ব্যঞ্জনে ঘি মশালার সম্ভার দি। ছকা॥ ছকা…ধাতু. (ছক ধাতু আস্তে)। ছকানা॥

ছক্কা…ষ্য. ( সং ষট্ক )। ছয়-দ্রব্য-যোগে ব্যঞ্জন ; তাসের ছয় ফোঁটা ; তাস খেলায় হারি বিশেষ ( তাস দেখ )।

ছচল্লিশ ··ছ দেখ।

ছটকা·· ধাতু. ( সং সরক—পথ হইতে। ওং ছিটিক, হিং ছট, মং ঝটক ধাতু )। ছটকাই—পথ হইতে ভ্রষ্ট হই, দল হইতে দূরে পড়ি। ছটকানা॥ ( ছুটকা দেখ। )

ছট্‌ফট…ব্য. (চট্‌পট হইতে)। যন্ত্রণায় দেহ-নাশ-চেষ্টায়, চাঞ্চল্যে ; প্রাঃ—ছট-ফটি যামিনীজাগি ( জ্ঞানদাসঃ ) ; বিষম আঘাতে ছট-ফটি পড়ে ভূমে বিহঙ্গমী ( মেঘনাদ-বধঃ )। ছট্‌ফটা, ছট্‌ফটিয়া ··ণ. অতি-চঞ্চল। ছট্‌ফটানি…ব্যাকুলতাপ্রকাশ।

ছটরা, ছররা…ষ্য. ( সং চূর্ণ হইতে ? ছড়া ধাতু দেখ )। বন্দুকে ছুঁড়িবার ছোট ছোট গুলী।

ছটা·· ষ্য. ( সং )। দীপ্তি, শোভা ; সমূহ ; রেখা ; পরম্পরা।

ছটাক…ষ্য. ( সং ষট্‌টঙ্ক )। এক শেরের ষোল ভাগের ভাগ (ওজন দেখ)। ছটাকিয়া ছটাক্যে…ণ. ( ছটাক+ইয়া )। ছটাক-সম্বন্ধীয়, এক-ছটাক-পরিমিত, প্রাঃ—ছটাক্যে গাই—যে গাই এক ছটাক মাত্র দুধ দেয়।

ছড়…ষ্য. ( সং ছটা )। রেখা, গায়ের চামড়া চিরিয়া গেলে যে রেখা-চিহ্ন হয়, প্রাঃ—গায়ে ছড় কাঁটা ফুটে পায় (কবিকঃ) ; পাকা বাড়ীর কাঁথের সরু পাতলা থাম। ··ধাতু. ছড়ি—বন্ধুর স্থানে ঘর্ষণ দ্বারা রেখা-চিহ্ন হই, প্রাঃ—কাঁটায় গা ছড়িয়া যায়। ছড়া॥

ছড় ··ষ্য. (বাং ছড়ী হইতে)। বেহালা বাজাইবার ছড়ী।…(সং ছল্লী হইতে)। পশুর ছাল।

ছড়া…ষ্য. ( সং ছটা )। সমূহ, পরম্পরা। এক ছড়া হার বা মালা—যে হার বা মাল্য পরম্পর গাঁথা। এক ছড়া কলা—যে সকল কদলী বোঁটায় স্বভাবতঃ পরস্পর যুক্ত থাকে, এক ফণা কলা। ( ২ ) শ্লোকপরম্পরা। মেয়েলী ছড়া · নারীদিগের কথিত পদাবলী। ছড়া কাটাকাটি·· পদে উত্তর-প্রত্যুত্তর। (৩) জলাদির রেখা, প্রাঃ—আগ বাড়াইয়া পড়ে চন্দনের ছড়া ( কৃত্তিঃ, লং )। এইরূপ জল-ছড়া, গোবর-ছড়া ; ছড়া-হাঁড়ী যে হাঁড়ীতে গোবর জল লইয়া পথে নিক্ষেপ করা হয়। (৪) বরকন্যার বস্ত্রে গ্রন্থি, প্রাঃ—দ্বিজে বান্ধে গ্রন্থি-ছড়া, বর কন্যা দেখে অরুন্ধতী ( কবিকঃ )—ছড়া বাঁধার মূল কন্যাকে বর বাঁধিয়া লইয়া যায়। বিবাহের পর বরকন্যা সপ্তর্ষির অন্তর্গত বশিষ্ঠ তারা ও তৎসন্নিহিত অরুন্ধতী তারা দেখিত। অরুন্ধতী যেমন বশিষ্ঠকে ছাড়িয়া থাকে না, তেমন কন্যাও বরকে ছাড়িয়া থাকিবে না। অরুন্ধতী পতিব্রতার দৃষ্টান্ত। ছড়া…ধাতু. ( সং ছটা হইতে। ওং ছড়া ; হিং ছিতরা, ছীট ধাতু )। ছড়াই—ইতস্ততঃ বিস্তীর্ণ করি, স্থান ছন্ন করি। ছড়ানা॥ টাকা ছড়ানা—অমিত ব্যয় ; ব্যবসায়ে অর্থ-ব্যয়। ছড়ানিয়া…ণ. ( ছড়ান+ইয়া )। বিক্ষিপ্ত, বিক্ষিপ্তকারী। ছড়া-ছড়ি ··ষ্য. বহু দ্রব্যের বিস্তারণ, আধিক্য। ছড়া-ছড়ি ( গ্রাং )…

ষ্য. ছড়ানা ও ছত্রাকার, এখানে ওখানে বিক্ষিপ্ত।

ছড়ী···ষ্য. ( স° ছল্লী—বা° ছাল হইতে ; কিংবা বা° ছড়া শব্দের হ্রস্বার্থে ঈ ; কিংবা স° যষ্টি হইতে)। ( ১ ) বেহালা বাজাইবার কেশ-যষ্টি ; ( ২ ) ছটা বা সমুহ, প্রঃ—খেজুর-ছড়ী— খর্জূর মঞ্জরী, এই মঞ্জরীতে খেজুর যেমন সাজানা থাকে তেমন সাজানা ধান্য-শীর্ষ (তু° স° ছটাফল—গুবাক) ; (৩) ছোট যষ্টি, বাঁশের ছোট লাঠি ; ( ৪ ) বালকের কৃশতা-রোগ (malnutrition ?)। ছড়ী দার ··ষ্য. ( ফা° দার )। ফুলছড়ী-বাহক ; বেত্রধারী ; পুরীর পাণ্ডাদের বেত্র-ধারী। ছড়ী-বরদার···ষ্য. চোব-দার। ফুল-ছড়ী···ষ্য. সোলার কৃত্রিম পুষ্পমঞ্জরী।

ছতরী···ষ্য. ( স° ছত্র কিংবা ছত্বর হইতে )। গাড়ীর নৌকার ছই।

ছতি-ছন্ন ··ণ ( স° ছদি—চাল, ছন্ন—নষ্ট )। আশ্রয়হীন, নষ্ট, প্রঃ—কর্তার মৃত্যুতে বাড়ীটা ছতিছন্ন।

ছত্র ··ষ্য. ( স° )। ছাতা ; রাজছত্র। ছত্র-ভঙ্গ ···ষ্য. (স°)। রাজছত্র-নাশ, সুতরাং রাজ্য-নাশ ; (২) আশ্রয়হীনতা, পরাধীনতা। ছত্র-পতি ··ষ্য. ( স° )। যে রাজার মস্তকে ছত্র ধারণ করা হয়, সম্রাট। ছত্রাকার · ণ. (স°)। ছাতার মতন বিস্তৃত।

ছত্র···ষ্য. ( স° ছটা হইতে )। পঙ্‌ক্তি, অক্ষর-পঙ্‌ক্তি।

ছত্র···ষ্য. ( স° সত্র )। সদাদান, যেখানে সর্বদা অন্নদান হইয়া থাকে, প্রঃ—কেহ ছত্রে যাঞা খায় যেবা কিছু পায় (চৈঃ চঃ)। অন্ন-ছত্র···ষ্য. (স° অন্ন-সত্র)। অন্নসত্র।

ছত্রি ··ষ্য. ( স° ক্ষত্, ক্ষত্রিয় )। হিন্দু-জাতি বিশেষ। স্ত্রী° ছত্রিনী।

ছত্রী···ষ্য. ( স° ছত্র )। গাড়ীর আচ্ছাদন, পালঙ্কের আচ্ছাদন ; ছতরী।

ছদাম · ষ্য. ( হি°। স° ষট্‌দ্রম্ম হইতে ? )। সিকি পয়সা। ( এক পণের ছয় ভাগের ভাগ ? )। ( ছিদাম দেখ )

ছন ··ষ্য. ( স° ক্ষণ )। উৎসব ( বৈষ্ণবপদে )। (২) ( স° ছাদন )। ছাদন-নিমিত্ত তৃণ। ( অপ্রচঃ )

ছন্‌-ছন···ব্য. ( স° )। প্রস্রাববেগ-শব্দে।

ছন্দ ··ষ্য. ( স° )। অভিপ্রায়, অভিলাষ ; কূট-কৌশল।

ছন্ন · ষ্য. ( স° সন্ন )। অবসন্ন, ক্ষীণ, প্রঃ—ছন্ন হৈল মন ( চৈঃ চঃ )। ছন্ন-ছাড়া ··ণ. (সহচর শব্দ)। উৎসন্ন ও লক্ষ্মীছাড়া, প্রঃ—ছন্নছাড়া দশা।

ছন্নমতি ণ. (প্রায়ই মতিছন্ন)। অবসন্ন-বুদ্ধি, প্রঃ—জীবব্রজ ধাইছে চৌদিকে ছন্নমতি ( মেঘনাদবধঃ )।

ছপ্‌ ছপ · সপ্‌-সপ দেখ।

ছপ্পর ··ষ্য. ( ও° হি° ম°। ছাপর দেখ )। খড়ের চাল ; গোরুর গাড়ীর ছই।

ছবি·· ষ্য. ( স° ছবি )। শোভা, দীপ্তি। (২) প্রতিমূর্তি, চিত্র (আধুনিক অর্থ। এই অর্থ পূর্বে ছিল না। চিত্র, পট, আলেখ্য শব্দ থাকিতে এই অর্থান্তর কেন হইল ? বোধ হয়, ফা° তসবির শব্দ-সাদৃশ্য।)

ছব্বি···ষ্য. ( স° ছবি )। শোভা ( অশিষ্ট )।

ছম্‌-ছম·· ব্য. ( স° ছম ধাতু ভক্ষণে। থম্‌-থম দেখ )। যেন কিছুতে ভক্ষণ করিতে আসে —এইরূপ ত্রাসে, স্তম্ভিতভাবে, প্র.—

নির্জন অট্টালিকায় অন্ধকার রাত্রে গা ছম্-ছম করে।

ছয়···ষ্য. ণ. ( সং ষট্ )। এক অধিক পাঁচ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৬। ছয়ই, ছয়ই ··ষ্য. মাসের ছয় দিনের দিন। ছ দেখ।

ছয়লাপ ··ণ. (সং সুপ্লাবিত)। প্লাবিত, প্রঃ—বৃষ্টিতে ছয়লাপ।

ছরকট···ষ্য. ( ? ও° হরকৎ—আ° ; ম° ছক্কড, ছকড—চাপড়, বিঘ্ন ; হিং ছক্কড়—চাপড়। আ° হরকৎ হইতে ছরকট হইতে পারে )। বিঘ্ন, বিঘ্নবিস্তার, প্রঃ—বৃষ্টিতে কাজের ছরকট।

ছরকট···ধাতু. ( ছটাকরি হইতে ? )। ছরকটি—বিকশিত, প্রসারিত করি, প্রঃ—দাঁত ছরকটা (অশিষ্ট)। ( মাণিকে দাঁত নিকুটিয়া, নিকষ্টিয়া—নিকর্ষিয়া )। ছরকটা ॥ ছরকটা ···ধাতু. (ছরকট ধাতুর আস্তে)। ছরকটানা ॥

ছর্-ছর···ব্য. ( সং স্থ ধাতু গতিতে। সর্-সর দেখ। কিংবা ঝর্-ঝর হইতে )। স্রোতের আকারে জল-পতন-শব্দে, প্রঃ—ছাতের জল ছর্-ছর করিয়া পড়ে, ছর্-ছর করিয়া মূত্রত্যাগ। ছির্-ছির···ব্য. ক্ষীণ ধারা পতন-শব্দে। ছুর্-ছুর···ব্য. অতিক্ষীণ-ধারা-পতন-শব্দে। ছের্-ছের·· ছর্-ছর। ( ছের। ধাতু দেখ )।

ছরাদ ( গ্রা° )···ষ্য. ( সং শ্রাদ্ধ )। শ্রাদ্ধ। ছরাদ করা—গালিতে মৃত্যু কামনা করা। ছরাদ পাকা—শ্রাদ্ধে ভোজনের সুযোগ হওয়া।

ছর্দি···ষ্য. ( সং )। বমি। ( শরদী শব্দ ভুলে কেহ কেহ ছর্দি মনে করে )।

ছর্‌রা···ছটরা দেখ।

ছল ··ষ্য. ( সং )। বঞ্চন, প্রতারণা, ছদ্ম। ···ণ. কপট। ছল-কপট ··( সহচর শব্দ )। কপট। ছলে-বলে···কাপট্য ও বল প্রয়োগে। ছল করা—প্রতারণা। ছল ধরা—দোষ অন্বেষণ।···ধাতু. ( সং ছল ধাতু )। ছলি—ছলনা করি। ছলা ॥ ছলা···ধাতু. ( ছল ধাতু আস্তে )। ছলানা ॥

ছল্-ছল ··ব্য. ( সং জল হইতে। কিংবা সং ঝলা—দীপ্তি হইতে ঝল্-ঝল্—ছল্-ছল )। রস-হেতু দীপ্তিতে, প্রঃ—লোচন ছল্-ছল ( জ্ঞানদাসঃ ), জ্বর আসিবার আগে চোখ ছল্-ছল করে—দেহে রস হইলে। ছল্-ছলা, ছল্-ছলিয়া ··ণ. ছল্-ছল-ভাব-বিশিষ্ট।

ছলা·· ষ্য. ( সং ছল )। কাপট্য, প্রতারণা।

ছলি·· ষ্য. ( সং ছল্লী—ত্বক হইতে। ঢাকায় ছউদ, ও° ছোই—সং ছদি হইতে )। চর্ম-রোগ-বিশেষ ( psoriasis )। এই রোগের কারণ এক জাতীয় সূক্ষ্ম উদ্ভিদ।

ছষট্টি·· ছ দেখ।

ছা···ষ্য. ( সং। বোধ হয় সং শারক হইতে )। শিশু, বৎস। ছা-পোষা লোক ··যাহার স্ত্রী-পুত্রকন্যাদি আছে। কাগের ছা বগের ছা লেখা—কদাকার অক্ষর-বিন্যাস যেন কাক-বকের ছা। ছানা···ষ্য. (সং ছা+বা° না)। পক্ষ্যাদির ক্ষুদ্র বৎস, শাবক। ( মানুষের গোরুর হাতীর ঘোড়ার ছানা বলা যায় না। মানুষের ছেলে, বৃহৎ চতুষ্পদের বাচ্চা, কুকুর বিড়ালের ছানা, মাছের পোনা )।

ছা···ধাতু. ( সং ছদ হইতে ছাদি ধাতু )। ছাই—আচ্ছাদন করি; প্রঃ—ঘর ছাওয়া, তবলা ছাওয়া—তবলার চর্মাচ্ছাদন দেওয়া; কামারের জাঁতা ছাওয়া—ভস্ত্রার চর্মাচ্ছাদন

দেওয়া। ছেয়ে ফেলা—সম্পূর্ণরূপে আবৃত করা, প্রঃ—খোসে গা ছেয়ে ফেলেছে॥ ছাওয়া, ছাঅনি (ছাওনি)॥ ছাঅনি ··সৈন্য-শিবির; আচ্ছাদনী। ছাআ, ছাওয়া ·ধাতু. (ছা ধাতু আন্তে ছাআ—ছাওয়া)। ছা-আনা, ছাওয়ানা।

ছাই ··ষ্য. (সং ছায়া)। ছায়া, প্রঃ—গাছের ছাই পড়া। ছাই মাড়ায় না—দেহস্পর্শ দূরে থাক, দেহের ছায়ার কাছেও যায় না।

ছাই···ষ্য. (সং ক্ষার—ছার, ছাই)। ভস্ম, পাঁশ। ছাই-পাঁশ ··ষ্য. (সহচর শব্দ)। পাঁশ (ছাং-পাশ—শূং পুঃ)। দৃষ্টান্তে, ছাই ফেলিতে ভাঙ্গা কুলা ··ভাঙ্গা কুলা দিয়া কুলার কাজ হয় না, উনানের পাশ ফেলা চলে; লক্ষণায়, যাহা ক্ষুদ্র কাজে লাগে। মুখে ছাই ··মুখে আগুন—অর্থাৎ মরুক—ইহা না বলিয়া মুখ ভস্ম হউক (ভর্ৎসনায়)। ছাই-কপালিয়া, ছাই-কপাল্যে ·····ণ. যাহার ললাট দগ্ধ হইয়াছে; পোড়ার-মুখা (গালিতে)। ছাই হবে—অকিঞ্চিৎকর ভস্মতুল্য হবে, কিছু হবে না। শত্রুর মুখে ছাই পড়ুক—শত্রু বিনষ্ট হউক।

ছাঁই···ষ্য. (ছাঁকা—আদগ্ধ হইতে)। আদগ্ধ বা ভাজা দ্রব্য। নারিকেলের ছাঁই·· নারিকেল-কোরা-ভাজা, প্রঃ—পুরপিঠা করিতে ছাঁই লাগে। ছাঁই মারা—ছাঁই ভাজা।

ছাইট, ছাট···ছাট দেখ।

ছাইড়, ছাড় ··ষ্য. (ছাড় ধাতু দেখ)। ত্যাগ, মূল্য-ত্যাগ। ছাড়-চিঠি···ষ্য. ত্যাগের আদেশপত্র।

ছাওনি, ছাউনি ··ষ্য. (সং ছাদন। ছা ধাতু দেখ)। সৈন্যের শিবির।

ছাওয়া (গ্রাং)···ষ্য. (সং ছায়া)। ছায়া। (২) ছা ধাতু দেখ॥

ছাওরা···ষং. (সং ছায়াবৃত)। ছায়াবৃত স্থান, ছায়া; প্রঃ—ছাওরায় বসা।

ছাওয়াল ··ষ্য. (সং ছা+সং বাল। সহচর শব্দ-দ্বয় মিলিত হইয়া এক শব্দ হইয়াছে)। ছেলে। (প্রাচীন বাংতে, কদাচিৎ এখনও শোনা যায়। কৃত্তিবাসে প্রচুর প্রয়োগ আছে। মাণিকেও, যথা, কেমনে যাইবি তোরা দুগ্ধের ছাওয়াল। ছাবাল দেখ)।

ছাকড়া (গ্রাং ছেকড়া)··ষ্য. (সং শকট। ওং শগড়, হিং মং ছকড়া। শকটক হইতে শাকটা—ছাকড়া মনে করা যাইতে পারে)। গোরুর গাড়ী। ছাকড়া গাড়ী ··গোরুর গাড়ীর তুল্য কুৎসিৎ ঘোড়া-গাড়ী।

ছাঁক, ছেঁক ··বা. (সং চক, চুক ধাতু পীড়নে। ছাঁ শব্দ হয় বলিয়া)। তপ্ত স্পর্শে, প্রঃ—গরম ঘিতে লুচী ছাঁক করিয়া ভাজা; জ্বরের পূর্বে গা ছাঁক্-ছাক করে। (২) ত্রাসে হৃৎ-পীড়নে; প্রঃ—অন্ধকারে কি একটা দেখিয়া বুক ছাঁক করিয়া উঠিল—যেন বুকে তপ্ত স্পর্শ ঘটিল।

ছাঁক···ধাতু. (ছান ধাতু দেখ। 'ছাঁনিত' করা হইতে ছাঁকা?)। ছাঁকি—ছিদ্র দিয়া রস নির্গলিত করি; প্রঃ—মাছ ছাঁকা—উত্তপ্ত প্রচুর ঘৃত-তৈলাদিতে পাক করিয়া মাছ পৃথক করা (ভাজা—প্রায়ই অল্প ঘৃত তৈলে)। ছাঁকা॥ ছাঁকা···আবর্জনা-রহিত, নির্বাচিত, শুদ্ধ। ছাঁকনা ··যদ্দ্বারা ছাঁকা যায়, জলাদি দ্রব্যের চালনা। ছাঁকনী···ষ্য. (ছাঁকনা+ঈ)। ছোট ছাঁকনা। ছাঁকা··· ধাতু. (ছাঁক ধাতু আন্তে)। ছাঁকানা॥

ছাগল···ষ্য. ( সং )। ছাগ (The domestic goat. Capra )। স্ত্রীং ছাগলী, প্রঃ— ছাগলীর মা বুড়ী কাঠ কুড়াতে গেলি। প্রায়ই পাঁঠা ছাগল—স্ত্রীং পাঠী ছাগল। ( পাঁঠা দেখ )। ছাগল··ছাগলের তুল্য গম্যাগম্যবিচারহীন। ছাগল-লাদি ··ষ্য. ছাগলের বিষ্ঠা। ছাগলা···ষ্য. ( ছাগল+ আ )। ছাগল, প্রঃ—খনার বচনে, খালি ছাগলা—মেষ (রাশি) শূন্য। ছাগলিয়া, ছাগল্যে···ষ্য. (ছাগল+ইয়া)। ছাগল-রক্ষক। রাম-ছাগল ··ষ্য. (রাম দেখ)। দীর্ঘাকার ( বন্য ) ছাগল। ছাগল-খুরী ··ষ্য. কলম্বী-আদি বর্গের বন্য লতাবিশেষ ( Ipomœa pes-capræ )। প্রায়ই সমুদ্রনিকটস্থ বালুকায় জন্মে। সুন্দরবনে ও ওড়িশায় প্রচুর। পাতা মধ্যে খণ্ডিত যেন ছাগলের খুর। ফুল আনীল রক্ত। ( ওং নাম কনসারি নটা)। ছাগল-বাঁটা·· ষ্য. অর্কাদিবর্গের বন্য রোহিণী-বিশেষ। প্রত্যেক ফুল হইতে ছাগলীর বাঁটের মতন এক জোড়া ফল হয়। দুই জাতির নাম ছাগলবাঁটা আছে। তন্মধ্যে এক জাতি ( Dæmia extensa ) দুর্গন্ধ, ও লোমশ (ওং নাম উৎবৃন্তি। অন্য জাতি (Cynanchum callialata) প্রায় লোমহীন (হিং নাম কালিয়া লতা)। প্রথম জাতির ফুল আপীত, দ্বিতীয় জাতির বেগুনা। ছাগল-লাদী ··ষ্য. সোমরাজ্যাদিবর্গের বন্য, শাকবিশেষ (Sphæranthus indicus)। ধান-ক্ষেতে জন্মে। ডাঁটা শিরাল, শাখা ছড়া নিয়া। 'ফুল' ছোট ছোট গোলাকার ( ইহা হইতে নাম, যেন ছাগলের লাদী )।

ছাচ ··ষ্য. ( সং সত্য—আদর্শ—হইতে। সং নাম সংযান ; কিংবা সং সংবাব—ঘৃত-ক্ষীরাদিপক্ব গোধূম হইতে। ওং ছাঁচ, হিং মং সাঁচা)। ধাতু আওটাইয়া ঢালিবার মাটির প্রতিমূর্তি ( mould ) ; মাটি মোম প্রভৃতির আদর্শ ( model ) ; ছাঁচে গড়া ক্ষীরাদির মিষ্টান্ন।

ছাঁচা, ছাঁচ, ছাঁচ···ষ্য. (সং ছদন হইতে। ঢাকায় ছঞ্চা। ওং ছঞ্চি। হিং ওলতী ( বাং অইল ওং ওঠি ), মং ৱঠচণী )। চালের নিম্ন প্রান্ত ( সং ৱলীক ); চালের ছাঁচের তুল্য প্রান্ত, প্রঃ—আইলের ছাঁচ কাটা, মাথার চুলের ছাঁচ কাটা। ছাঁচ-তলা· ·ষ্য. অলিত

ছাঁচি ণ. ( সং সত্য—সাচ্চা সাঁচ্চা, সাঁচি ছাঁচি ) সত্য, এদেশীয়, আসল ; প্রঃ— ছাঁচি কুমড়া—আসল কুষ্মাণ্ড বিলাতি নহে, ছাঁচি বেত—চীনের নহে, ছাঁচি পান— আসল পান উৎকৃষ্ট পান, ছাঁচি তেল— সরিষা তেল।

ছাট ··ষ্য. ( সং ঝাট—সং ছটা )। গবাদি পশুতাড়ন প্রতোদ ; বেতের আঘাত (প্রায় অপ্রচঃ ; বৃষ্টির ছটা ( ঝাট দেখ )।

ছাঁট ··ধাতু. ( সং শদ ধাতু ছেদনে ; সং সদ ধাতু ভেদে। সাঁট ধাতু দেখ )। ছাঁটি— ছেদন করি, অংশ কাটি, চাউল কাঁড়ি। ছাঁটা, ছাঁট ··ষ্য. কাটা, ছিন্ন বা কর্তিত অংশ। কাট ছাঁট ··(সহচর শব্দ)। কাটা ও ছাঁটা অংশ, কাটা ও ছাঁটা। ছাঁটা ··ধাতু. (ছাঁট ধাতু আস্তে)। ছাঁটানা॥ ছাঁটাই ··ষ্য. ছাঁটাকর্ম ; ছাঁটাকর্মের বেতন।

ছাড় ···ধাতু. ( সং উৎসারি ধাতু দূরীকরণে )। ছাড়ি—ত্যাগ করি, দূরে রাখি, প্রঃ—সে

গ্রাম ছাড়িয়া অন্য গ্রামে। ছাড়া ॥ ছাড়ন, ছাড় ( বোধ হয় ছাড়ি—ছোড় ) ··মুক্তি। লক্ষ্মী ছাড়া ··ণ. হতভাগ্য। সৃষ্টি-ছাড়া···ণ. সৃষ্টি-বাহ্য। ছাড়া ··ব্য. ব্যতীত প্রঃ—তা ছাড়া—তদ্‌-ব্যতীত। ছাড়া-ছাড়ি ষ্য. পরস্পর পৃথক্‌ভাব, বিচ্ছেদ। ছাড়া ··ধাতু. ( ছাড় ধাতু আস্তে )। ছাড়ানা, ছাড়ান ॥ ছাড়ান ছিড়ান···ষ্য. (ছিড়ান—প্রচর শব্দ)। ত্যাগ, বিসর্জন। দুধ ছাড়ানা—দুগ্ধ-পান ত্যাগ করানা।

ছাড়া···ধাতু. ( ছাল হইতে )। ছাড়াই—ত্বক্‌ বা কোষ উন্মোচন করি। ছাড়ানা ॥ প্রঃ—খোষা ছাড়ানা, শুঁটী ছাড়ানা।

ছাত ··ষ্য. ( সং ছাদ )। পাকা ঘরের পাকা আচ্ছাদন।

ছাতরা ··ণ. (সং ছত্রাকার)। ছত্রাকার।···ধাতু. ছাতরাই—ছত্রাকার হই, চারিদিকে ছড়াইয়া পড়ি। ছাতরানা ॥

ছাঁতলা·· ধাতু. (ছত্রাকার হইতে)। ছাঁতলাই —ছত্রাকার করি, পিষিয়া ছত্রাকার করি, প্রঃ—পা দিয়া গোবর ছাঁতলানা।

ছাতা, ছাতি···ষ্য. ( সং ছত্র )। আতপত্র। ( কুত্রঃ ছাতি, নদীয়া জেলায় অদ্যাপি ছাতি )। ধবল ছাতি · শ্বেত আতপত্র, রাজার মস্তকে ধারণযোগ্য ছত্র। ছাতার ডাঁটী ···যে দণ্ড ধরিলে ছাতা ধরা হয় প্রঃ—আতপত্রে শোভে রাঙ্গা ডাঁটী ( কবিকঃ )। বেঙ্গোর, ছাতা, ছাতি···ষ্য. ছ·াকার অপুষ্পক উদ্ভিদ বিশেষ ( mushroom. Toad's stool )।

ছাতারিয়া, ছাতারে··ষ্য. ( সং ছত্রাকার হইতে)। শাখাচারী বা চটকাদিবর্গের চঞ্চল পক্ষীবিশেষ (The jungle-babbler. Crateropus canorus )। পুচ্ছ ছত্রাকারে বিস্তৃত থাকে বলিয়া নাম। ধূমবর্ণ, পুং স্ত্রী একপ্রকার। পক্ষ ও পুচ্ছ সমদীর্ঘ, পক্ষ গোল। প্রায়ই দলে দলে থাকে, এবং কেচে-কেচে কেচে কেচে রব করে।

ছাতি ··ষ্য. (সং ছাদ হইতে। ছাতা দেখ)। বুকের ছাদ বা বক্ষঃস্থল ( হিং ছাতী—বুক, স্তন ); সাহস। প্রঃ—বুকের ছাতি··· বুকের পাটা, সাহস ; এক ছাতি জল ··এত গভীর যে বুক পর্য্যন্ত ডুবে। তৃষ্ণায় ছাতি ফাটে—বুক ফাটে।

ছাতিন···ষ্য. ( সং সপ্তপর্ণ। ওং ছাতিঅনা )। তগরাদিবর্গের ক্ষীরী বৃহৎ তরু-বিশেষ (Alstonia scholaris)। গাঁইঠে গাঁইঠে ৬।৭।৮।৯ টা পাতা শাখা বেড়িয়া থাকে এবং ৩।৪ টা শাখা থাকে থাকে বাহির হয়। ফুল ছোট, আহরিৎ।

ছাতু ··ষ্য. (সং শক্তু)। ভাজা যবাদি-চূর্ণ। ছাতু-খোর··ষ্য. ছাতু প্রধান খাদ্য যার।

ছাতু, ছাতা···ষ্য. (সং ছত্র, ছত্রাক, ছত্রিকা)। অপুষ্পক ছত্রাকার ক্ষুদ্র গাছবিশেষ (mushroom. Agaricus)। মাটিয়া কিংবা প্রায় শাদা। মূল-নাল-পত্রাদিহীন। পল-ছাতু ···ষ্য. যে ছাতু পচা খড়ে ( পল ) জন্মে। এই ছাতু ভক্ষ্য। কাঠ-ছাতু···ষ্য. যে ছাতু ভিজা জীর্ণ কাঠে পাতলা জিহ্বার আকারে জন্মে ( Polyporus )।

ছাঁদ··ষ্য. (সং ছন্দস্‌)। পদাবন্ধ ; পরিপাটি ; স্বৈরাচার ; প্রঃ—নানা ছাঁদে কথা, লেখার ছাঁদ। ··ধাতু. ( সং ছন্দ ধাতু গোপন, আচ্ছাদন )। ছাঁদি—ছন্দ করি, বেষ্টন

করিয়া ধরি বা বাঁধি ; প্রঃ—ভজেৰ জঙ্ঘ দিয়া পায়েতে ছান্দিয়া বাঁশের উপরে চড়ে (চণ্ডীঃ) ; ছুটে গিয়া মা বলিয়া ছেঁদে ধরে গলা (মাঃ)। ছাঁদা, ছাঁদনা, ছাঁদ, ছাঁদনি ॥ ছাঁদ, ছাঁদনা···ষ্য. (ছাঁদা দেখ)। গাই তুইয়া তুধে যে অল্প পরিমাণে জল মিশানা হয়। ছাঁদ বা ছাঁদনা দেওয়া—গোপনে জল মিশান', কিংবা তুধের ফেনার উপরে জলের ছন্দ করা। ছাঁদন···ষ্য. পদ-বেষ্টন, গাই তুইবার সময় গোরুর পা দোড়ী দিয়া বেড়িয়া বন্ধন ; পথের পাশে গোরু বাঁধা থাকিলে এবং সে গোরু পথের অন্য পাশে গেলে পথের উপরে যে দোড়ী পড়িয়া থাকে (রাঢ়ের পালকীবাহক কাহারদের ভাষায়)। ছাঁদনী···ছাঁদিয়া বাঁধিতে রজ্জু। ছাঁদা · ষ্য. (সং ছন্দ—অভিপ্রায়, ছন্দস্—স্বৈরাচার)। ব্রাহ্মণভোজনে ব্রাহ্মণ না খাইয়া কিংবা খাইয়া পরিজনের তরে যে ভোজ্য গ্রহণ করেন। ছাঁদা বাঁধা—উত্তরীয়ে ভোজ্য বন্ধন। ছাঁদা···ধাতু. (ছাঁদ ধাতু আস্তে)। ছাঁদানা ॥

ছাঁদনা, ছাঁদলা, ছানলা ··ষ্য. (সং আ-চ্ছাদন। ছাদন—ছাদনা—ছাঁদলা ; কিংবা চাদন-তলা=ছাঁদলা, ছানলা। তুং ওং চা-মুড়িআ—আচ্ছাদন, বেদিতলা)। যে ছায়ামণ্ডপে বিবাহ হয়, প্রঃ—আঙ্গিনায় বান্ধিল ছান্দলা (কবিকঃ)। ছাঁদলা, ছানলা-তলা বাঁধা—ছায়ামণ্ডপের তলা বাঁধা, তলে বেদি নির্মাণ।

ছাঁদা ··ছাঁদ দেখ।

ছান ··ধাতু. (বাং ছানা, ছাঁকা ; ওং ছাণিবা ; হিং ছাকনা ; মং ছানণেঁ। সং শাতন—পাতন, শীর্ণ-করণ—সং শদ ধাতু)। ছানি—ছিদ্র পথে পাতিত, নির্গলিত করি, প্রঃ—সুধা ছানিয়া কেবা ও সুধা ঢেলেছে গো (চণ্ডীঃ) ; জল আনিল ছানিঞা (চৈঃ চঃ)। ছানা, ছাননি ॥ ছানতা···ষ্য. (ছান +পাত্র)। ছানিবার বা ছাঁকিবার ছিদ্রময় পাত্র বা হাতা। ছানা···ধাতু. (ছান ধাতু আস্তে)। ছানানা ॥

ছানতা · ছান দেখ। ছাঁকনা।

ছানা ··ছা দেখ। ছেনা দেখ।

ছানি···ষ্য. (সং শীর্ণ—কৃশ, ছিন্ন ; সং শাত—ক্ষীণ। তুং ওং সাণ—ছোট ; মং শান, ছান—সূক্ষ্মতা ; হিং ঝীনা—ছোট ; বাং ঝীনা, ছিনা—শীর্ণ)। গোরুর খাবার ছোট ছোট আকারে কাটা খড় বা জাব, প্রায়ই খইল-মাখা জাব।

ছানি···ষ্য. (সং ছাদনী)। আচ্ছাদন (চোখ দেখ) ; কৃষ্ণচিহ্ন, প্রঃ—কুচাগ্রেতে ছানি পড়ে পেটে নড়ে ছেলে (মাঃ)।

ছানি ··ষ্য. (সং শানী)। চোখের কিংবা হাতের ইঙ্গিত, প্রায়ই হাত-ছানি (শাঁট দেখ)। সানি দেখ।

ছাপ ··ষ্য. ধাতু. (চাপ ধাতু দেখ। সং ছদ ধাতু হইতে ছপ ? তুং হিং ওং ছপ্পর, বাং ছাপর)। ছাপি—আবরণ করি, মুদ্রার চাপ দিই। ছাপা, ছাপ ॥ ছাপ ষ্য. চিহ্ন, মুদ্রা-চিহ্ন। ছাপা ··ণ. চিহ্নিত, মুদ্রিত ; গুপ্ত, চাপা। ছাপাখানা ··ষ্য. পুস্তক-মুদ্রণালয়। ছাপাই···ষ্য. মুদ্রণ ; মুদ্রণব্যয়। ছাপা-ছাপি · ষ্য. গোপন, গুপ্ত, চাপাচাপি। উপর ছাপ ··পালকীর ছাদ গাছের ডালে লাগিবার আশঙ্কা (কাহারভাষা)। ছাপা···

ধাতু. ( ছাপ ধাতু আছে )। ছাপাই—মুদ্রিত করাই ; আবৃত করি, প্রঃ—বাঁধ ছাপাইয়া নদীর বান আসিয়াছে। ছাপানা ॥

ছাপর···ষ্য. ( তুং হিং ছপ্পর খট, মং পলঙ্গ। ছপ্পর-চাল )। সং ছাদ+র ? সং শর্ব্বরী হইতে ? )। চাল, চালবিশিষ্ট খাট। ছাপর খাট···ষ্য. চালবিশিষ্ট খাট।

ছাপ্পান্ন···ণ. ষ্য. ( সং ষট্‌পঞ্চাশৎ )। ছয় অধিক পঞ্চাশ সঙ্খ্যক,-সঙ্খ্যা ; ৫৬।

ছাবকা···ণ. ( ছাপ+কৃত )। কালশাদা-চিহ্ন-যুক্ত, কর্বুর ( সং )।

ছাবলা ( গ্রাং ছেবলা )··ণ. ( ছাবাল+বাং আ )। ছেলের ভাবযুক্ত। ছাবলামি··ষ্য. (ছাবলা+আমি)। বাল-চাপল্য, ছেলেমি।

ছাবাল···ষ্য. ( সং শাব—সং প্রাং ছাব+আল। কিংবা সং ছা+সং বাল ; ছাওয়াল দেখ )। শাবক, শিশু, প্রঃ—ওরে বাছা ব্যাস তুমি বড়ই ছাবাল ( ভাঃ )।

ছাব্বিশ··ণ. ষ্য. ( সং ষট্‌বিংশ )। ছয় অধিক বিশ সঙ্খ্যক,-সঙ্খ্যা ; ২৬।

ছামনি···ষ্য. ( চাহনি হইতে ? )। বর কন্যার চারি চক্ষুর মিলন ( কবিকঃ )।

ছামনী···ষ্য. ( সং ছাদনী )। ছাদনী ( প্রাচীন পদ্যে )।

ছায়নি··ষ্য. (সং নির্মোঞ্ছন)। নির্মোঞ্ছন, প্রঃ—ছায়নির ডালা ( কবিকঃ )।

ছায়া···ষ্য. ( সং )। অনাতপ ; প্রতিবিম্ব, সাদৃশ্য ; কান্তি। ছায়ানট··(সং ছায়ানট্ট)। রাগরাগিণী দেখ। ছায়া-মণ্ডপ··ষ্য. (সং)। আচ্ছাদনবিশিষ্ট মণ্ডপ (কবিকঃ), ছাঁদনা। ছায়া-মণ্ডপী··ষ্য. বিবাহের ছায়া-মণ্ডপে বরের দেয় অর্থ। ছায়া-যন্ত্র··ষ্য. ( সং )। শঙ্কুযন্ত্র ( sun-dial )। ছায়া-বাজি···ষ্য. (বাজি দেখ)। ছায়া লইয়া ক্রীড়া (magic lantern show)। আব-ছায়া···ষ্য. ( সং অপ-ছায়া)। অস্পষ্ট প্রতিবিম্ব ; অপদেবতা।

ছার··ষ্য. ( সং ক্ষার—ছার, ছাই )। ভস্ম, পাঁশ। ণ. তুচ্ছ অসার। প্রঃ—হেন ছার আমার জামাতা ( কবিকঃ ); উড়িষ্যা করিল ছার লুঠিয়া পুড়িয়া ( ভাঃ ); কি ছার সে নর ( মেঘনাদবধঃ )। ছড়ায়, এক ভস্ম আর ছার দোষগুণ কব কার—ভস্ম ও ছার—ক্ষার একই। ছার-খার···ষ্য. (ক্ষার+ক্ষার )। ভস্ম, ভস্মীভূত, প্রঃ—এই পঞ্চ দোষে শ্লোক কৈল ছারখার ( চৈঃ চঃ )। ছার-কপালিয়া, ছার-কপাল্যে·ণ. ( ছার-কপাল+ইয়া )। যাহার ললাট ভস্মীভূত হইয়াছে ; হতভাগা। ছার-পোকা···ষ্য. ( কবিকঃ উড়ুষ—'উড়ুষ কচ্ছপগুলা'; রঙ্গপুরে ময়নামতীর গানে,—ওরসের লেখা নাই উকুন উকুন ডালি ডালি। ঢাকায় উরস ; পাবনায় ছাই-পোকা। ওং ছার-পোক্, ওড়স্ ; হিং খটমল—খাটের মল, উড়স ; মং নাম ঢেঁকুণ। সং উৎদংশ—উর্দ্ধমুখে দংশন করে বলিয়া। ইহা হইতে উরস, ওড়স ইত্যাদি। সং উৎকুণ, মৎকুণ হইতে মং ঢেঁকুণ )। শয্যাকীট, ছার—ক্ষার—মল থাকিলে যে পোকা ( ষট্‌পদী। bed-bug ) জন্মে (তুং ইং vermin )।

ছাল··ষ্য. ( সং ছল্লী, ছলি, )। ত্বক্, প্রঃ—গাছের, মাছের, পাঁঠার ছাল। ( শুং পুঃ—ছড়া। ছাল-চামড়া···(ছাল ও চর্ম—সহচর শব্দ )। ছাল, ত্বক। নুন-ছাল··ষ্য. দেহের উপরের যে ত্বক লোনা থাকে, দেহের

উপরের সূক্ষ্ম ত্বক (epidermis)। ছালট, ছালাট ··ষ্য. (ছাল+কাঠ)। বড় কাঠের কর্ত্তিত ছাল ভাগ। ছালটি ··ষ্য. (ছাল+সূত্র)। তিসী গাছের ছালের সূত্রে বোনা কাপড় (linen)।

ছালনা (গ্রা°)···ছাঁদনা দেখ।

ছালা...ষ্য. (সং ছল্লি হইতে ছাল; ছাল+আ)। মূল অর্থ পশুর কিংবা গাছের ছালে নির্ম্মিত আধার। ইহা হইতে যে আধারে দ্রব্যাদি পুরিয়া গোরুর পিঠে লাদা যায় (তু° বোরা। ও° ছেলা—প্রায় দুই মণ ওজন; দুই পাটে এক ছেলা); বলদের পিঠে যে ভার চাপানা যায়, (দুই পাশে দুই ছালায় প্রায় ১॥০ মণ হইতে ২ মণ ভার থাকে)। প্রঃ—তানলীর ভেসে গেল তামুকের ছালা (মাঃ)। (মালদহে ঝাইল। ঝাইল দেখ)।

ছালাট ··ছাল দেখ।

ছালিয়া, ছেলে···ষ্য. (ছাওয়াল হইতে)। ছেলে, প্রঃ—ছালিয়া ধরা রাজার দূত খাইলেক সর্পে (চৈতন্য-মঙ্গল)।

ছিঃ, ছেঃ, ছী ··ব্য. (সং)। নিন্দায়, ধিক্কারে।

ছি-ছি, ছি ··ব্য. নিন্দায়। ছি-ছি করা—নিন্দা করা। কথায়, দশে যারে বলে ছি, তার প্রাণে কাজ কি?

ছি (গ্রা°)···ণ. (সং শ্রী)। শ্রী, প্রঃ—ছি-হত্থ (শূং পুঃ)। ছি-হস্তে—শ্রীহস্তে।

ছিচকা·· ষ্য. (শিক—ছিচ+কাঠি)। হুঁকার নলিচার কাইট দূর করিবার কাঠি বা গজ; শিক কাঠি। ছিচকা-চোর·· ষ্য. যে সিঁদকাটি দিয়া চুরি করে; ছোট জিনিসের চোর।

ছিঁচ···ধাতু (সং সিচ ধাতু সেচনে)। ছিঁচি—ক্ষরণ করি, সেচন করি, প্রঃ—শিকড় ছিঁচিয়া রস বাহির করা—লোড়ার আঘাতে; আরসা হইলে জেন ছিচএ দিব পানি (শূং পুঃ)—রসহীন হইলে পানি ছিচিয়া দিবে। ছেঁচা, ছিঁচ॥ ছিঁচ·ষ্য. সেচন। জল-ছেঁচা·· ষ্য. জল-সেচন। ছেঁচা···ধাতু. (ছিঁচ ধাতু আস্তে)। ছেঁচানা॥

ছিঁচ-কাঁদনিয়া ··ণ. যাকে ছুঁইলে কাঁদিয়া উঠে, যে অল্পত্রুটিতেই কাঁদে। ছড়ায়, ছিঁচ-কাঁদনিয়ার নাকে ঘি—যে সর্বদা কাঁদে তার নাকে সর্বদা শিকনি লাগিয়া থাকে।

ছিট ··ষ্য. (সং চিত্র হইতে হিং)। চিহ্ন; চিত্রিত বস্ত্র। (সং ছটা হইতে। ছিটা দেখ)। জল-কণা বর্ষণ, অবশেষ, চিহ্ন; প্রঃ—পাগুনার ছিট মেটানা, পাগলামির ছিট।

ছিটকা·· ধাতু. (ছটকা ধাতু দেখ। কিংবা ক্ষিপ্তীকৃত, ছিন্নীকৃত হইতে। হিংতে ছিটকনা, ছিটকানা—দুইই আছে। অতএব ছিটকা নাম ধাতু। সং ছিটকার—নিক্ষেপ)। ছিটকাই—বহু হইতে অল্প পৃথক হইয়া দূরে পড়ি, পথভ্রষ্ট হই, প্রঃ—ছাতের জল ছিটকাইয়া বারাণ্ডায় আসে, গোরু ভুলিয়া পাল হইতে ছিটকাইয়া পড়ে। ছিটকানা (প্রায়ই ছিটকনা)॥

ছিটকানি···ষ্য. (ছটকা ধাতু হইতে?)। কপাট বন্ধ করিবার কীলক।

ছিটনি ··ণ্য. (ছিটা ধাতু হইতে ছিটানি—ছিটনি)। খড়ের চালের রোয়ার উপরে এবং শাঁড়কের সমান্তরে যে শলা বাঁধা হয়; এই শলা বন্ধন। প্রঃ—তালর কাঁড়ি লাগে

গুআর বাখারি, ছিটনি তখির উপর (শূ:পু:)।

ছিটা ··ধাতু. ( সং ছটা—রেখা, সমূহ হইতে)। ছিটাই—রেখা করি, পরম্পরা করি, ধারা নিক্ষেপ করি; প্রঃ—জল ছিটাইয়া পাত পাড়া, বীজ ছিটাইয়া গাছ করা। ছিটানা, ছিটানি॥ ছিটানি, ছিটনি···যাহা চালের বাঁশের উপর সাজাইয়া বিছাইয়া বাঁধা হয়। ···ষ্য. বিন্দু-নিক্ষেপ, জল-বিন্দু নিক্ষেপ। দৃষ্টান্তে, কাটা ঘায়ে নুনের ছিটা—বিপদের সময় বাক্যবাণ। ছিটা-ফোঁটা ··ষ্য. ( সহচর শব্দ )। এক আধ ফোঁটা, এক আধ ফোঁটা বৃষ্টি। ছিটা-ফোঁটা করা—মন্ত্রিত জলের ছিটা লওয়া এবং বশ করিবার ঔষধের ফোঁটা কপালে পরা, প্র —ছিটা ফোঁটা করিয়াছে ঔষধ প্রবন্ধ ( ক'বিকঃ )। ( বোধ হয় এই ছিটা-ফোঁটার ছিটা—সং চিত্র হইতে। কপালে চিত্র ও ফোঁটা করা। তুং ওং চিতা কাটা, শূং পুঃ চিট্যা-ফটা )।

ছিটা-বেড়া···ঝিটা-বেড়া দেখ।

ছিটাম্···ষ্য. (ছিটা+কাম। ছিটা ধাতু দেখ)। ছিটানি কর্ম।

ছিঁড়···ধাতু. ( সং ছিদ ধাতু ছেদনে। ছিদ ধাতু হইতে ছিদি—ছিড়ি-ছিঁড়ি। বোধ হয় সং ছিনত্তি পদে অনুনাসিক বর্ণ আছে বলিয়া ছিড়ি না হইয়া ছিঁড়ি। ছিন্ন হইতে ধাতু ছিঁড়া হইত)। ছিঁড়ি—বিদারণ করি, চিরি। ছেঁড়া॥ ছেঁড়া ··ধাতু. (ছিঁড় ধাতু আস্তে)। ছেঁড়ানা॥ ছেঁড়া, ছিঁড়া · ণ. ছিন্ন।

ছিণ্ড ··ধাতু. ( সং ছিন্ন হইতে। ছিণ্ড ধাতু হইবার ছিল )। ছিণ্ডি— ছিঁড়ি। ছিণ্ডা॥ ( প্রাচীন বাং )।

ছিঁদ···ষ্য. ( সং সন্ধি, ছিদ্র )। ছোট ছিদ্র। প্রঃ—ছুঁচের ছিঁদে সুতা পরানা ( ছিঁদ ছোট, ছেঁদা বড় )।

ছিদাম···ষ্য. ( ছদাম দেখ। তুং সং দ্রবিণ —দামড়ি দেখ। হিং ওং ছদাম। ছদাম।

ছিন·· ধাতু. ( ছিঁড়, ছিণ্ড ধাতুর রূপান্তর )। ছিনি—ছিঁড়িয়া লই, কাড়িয়া লই, প্রঃ—গলা হইতে হার ছিনিয়া লইয়াছে। ( বোধ হয় ছিনাইয়া শুদ্ধ )। ছিনা, ছেনা॥ (ছেনা প্রায় শোনা যায় না )।

ছিনা···ণ. ( সং ক্ষীণ, শীর্ণ। ওং স'ণু—ছোট; মং শান, ছান—সূক্ষ্মতা; হিং ঝীনা—ছোট। বাং ঝিনা-দহ—ছোট দহ )। শীর্ণ, প্রঃ—মেলেরিয়া জ্বরে পেট লাউ হয়, পোঁদ ছিনা হয়। ছিনা জোঁক···সরু জোঁক।

ছিনাল, ছিনার ণ. ( সং ছিনা—বেশ্যা। ছিনা +আল, আর—বেশ্যার ভাব বিশিষ্ট )। বেশ্যাতুল্যা ভ্রষ্টা নারী। ছিনালি···ষ্য. ( ছিনাল+ই )। ছিনালের ভাব।

ছিনি-নিনি···ষ্য. ( অনুকার শব্দ। তথাপি, নিক্ষেপ শব্দ মূলে থাকিতে পারে )। জলে খোলাম কুচি নিক্ষেপ ( বাল-খেলায় )।

ছিন্ন ণ. ( সং )। ছেঁড়া। ছিন্ন-ভিন্ন, ছিন্ন-বিচ্ছিন্ন ··ণ. ( সং। সহচর শব্দ )। ছেঁড়া ও বিদীর্ণ; পৃথগ-ভূত।

ছিপ ( গ্রাং ) ··সিপ দেখ। (২) ডাকাইতের দ্রুতগামী সরু নৌকা বিশেষ।

ছিপা · ধাতু. ( ছাপা ধাতু দেখ )। ছিপাই—গুপ্ত করি। ছিপানা॥ ( প্রায় চলিত নাই।

ছিপি···ষ্য. ( চাপ ধাতু হইতে চাপি-চাবি )। বোতলের মুখে যাহা চাপা হয়, গুঁজি।

ছিপী ··ষ্য. ( হিং। ছাপ হইতে )। যে কাপড় ছাপে, রঙ্গ দিয়া চিত্রিত করে।

ছিবড়া ··ষ্য. ( সং চর্বিত হইতে। কবিকঃ—ছোপড়া, কৃত্তিঃ—ছিবুড়া। ওং ছিটা—সং শিষ্ট ; মং চিপাড়—যাহা চিপড়া বা রস-শূন্য করা হইয়াছে। ঢাকায় ছাবা। অতএব ছিবড়া ও ছোবড়া একার্থ নহে)। শাকাদির চর্বিত ও নিষ্কাশিত রস ডাঁটা, প্রঃ—আখ খাইয়া ছিবড়া ফেলা।

ছিবা·· ষ্য. ( সং চর্বিত হইতে )। চর্বণে যে রস হয়। ( কোথাও কোথাও পানের ছিবা, কোথাও বা ছেপ বলে )।

ছিম্‌নী (গ্রাং) ··ষ্য. ( সং ছেদনী )। লৌহাদি কাটিবার ছেনী।

ছিয়াত্তর·· ণ. ষ্য. ( সং ষট্‌সপ্ততি )। ছয় অধিক সত্তরি সঙ্খ্যাক,-সঙ্খ্যা ; ৭৬।

ছিয়ানব্বই, ছিয়ানই ··ণ. ষ্য. ( সং ষণ্ণবতি )। ছয় অধিক নব্বই সঙ্খ্যাক,-সঙ্খ্যা ; ৯৬।

ছিয়াল্‌ ··ণ. (সং শ্রী—ছি+আল)। শ্রীসম্পন্ন, পুষ্ট।

ছিয়াশি · ণ. ষ্য ( সং ষড়শীতি )। ছয় অধিক আশি সঙ্খ্যাক,-সঙ্খ্যা ; ৮৬।

ছিরকা···সির্কা দেখ।

ছিরকা···ধাতু. (ছিটকা ধাতু দেখ)। ছিরকাই—বিন্দুর আকারে বিক্ষিপ্ত হই। ছিরকানা, ছিরকানি॥ ( ছিটকা ধাতু কঠিন ও দ্রব উভয়বিধ দ্রব্যের বিক্ষেপে, ছিরকা দ্রব-দ্রব্যের বিক্ষেপে )।

ছিরা ··ষ্য. ( সং শ্রী হইতে )। শ্রী ; শ্রীমন্ত ( মানুষের নাম )। হতচ্ছিরা··ণ. ( সং হতশ্রী )। হতশ্রী, হতভাগ্য।

ছিরি·· ষ্য. ( সং শ্রী। সং প্রাং সিরী )। শ্রী, লক্ষ্মী। ছিরি-ছাঁদ·· ষ্য. (সহচরশব্দ)। ছিরি ও ছাঁদ, শ্রী ও ছন্দ। বিচ্ছিরি···ণ. ( সং বিশ্রী ))। বিশ্রী। ছিরি-ফল ··ষ্য. ( সং শ্রীফল )। বিল্বফল ( প্রাচীন পদে )।

ছিল ··ধাতু. ( সং ছল্লী—বল্কলে। ওং ছেল, হিং ছীল ছোল ধাতু। বাংতেও ছিল ও ছুল ধাতু একার্থ)। ছিলি—কাটারী ইত্যাদি দ্বারা ছাল বা উপরের অসমান অংশ দূর করি, কোদাল দ্বারা তৃণাবরণ দূর করি। ছেলা॥ ছেলা ··ধাতু. (ছিল ধাতু আস্তে)। ছেলানা॥

ছিলকা ষ্য. ( সং ছল্লিকা )। সরু বা সূক্ষ্ম ছাল ; পাতলা টুকরা।

ছিলা ··ষ্য. ( সং ছল্লি। মং চিল্লা )। ধুতি শাড়ীর দুই প্রান্তের বহির্গত সূত্র বা দশী ; ধনুকের জ্যা।

ছিলিম ··ষ্য. ( ফাং চিলম )। হুঁকার কলিকা। এক ছিলিম তামুক—এক কলিকা।

ছিষ্টি (গ্রাং) ··ষ্য. ( সং সৃষ্টি )। সৃষ্টি (শুং পুঃ)। ছিষ্টি-ছাড়া ··ণ. সৃষ্টিবাহ্য।

ছুঁ ··ধাতু. ( সং ছুপ ধাতু। ওং ছুঁ, হিং ছু ধাতু)। ছুঁই—স্পর্শ করি। ছোঁয়া॥ ছোঁয়া-ছুঁয় ··ষ্য. পরস্পর স্পর্শ। ছোঁয়াছিয়া··· ণ. ( ছোঁয়াছুঁয়ি হইতে )। ছোঁয়াতে ছোঁয় বা চলিয়া আসে যাহা। ছোঁয়া···ধাতু. ( ছুঁ ধাতু আস্তে )। ছোঁয়ানা॥

ছুঁই ছুঁই···ব্য. ( ছুঁ ধাতু দেখ )। স্পর্শ-আশঙ্কায়। ছুঁই-ছুঁই করা—শঙ্কা পাছে ছুঁইয়া ফেলে ( শুচিবাতিকে )।

ছুঁচ···ছুচ দেখ। ( ২ ) (গ্রাং ) ছুৎ দেখ।

ছুঁচা···ষ্য. ( সং চুঞ্চু, ছুছুন্দরী। ওং চুচুন্দরা। ঢাকায় চিকা )। ( ১ ) রাত্রিচর কীট-ভোজী জন্তুবিশেষ। (Musk shrew. Crocidura cærulea )। চক্ষু ক্ষুদ্র ; নাক দীর্ঘ সম্মুখে

বহির্গত। ভীত হইলে দেহের অঙ্গবিশেষ হইতে দুর্গন্ধ বাহির হয়। প্রঃ—কিচ্-মিচ করে কত ছুঁচা পণে পণ (কবিকঃ)—ছুঁচা কিচ্-কিচ করে, কিচ্-মিচ করে না। (২) নীচপ্রকৃতি লোক (গন্ধমূষিকের দুর্গন্ধ হেতু), প্রঃ—ছি ছি ওরে ছোঁচা ভেড়া ছার তোর জীবনে (মাঃ)। (ছুঁচা বাঁদর গোরু গাধা বোকা মেড়া ইত্যাদি প্রায় যাবতীয় চতুষ্পদ পশু মানুষের গালি হইয়াছে। হাতী ঘোড়া বিড়াল প্রভৃতি কয়েকটি হয় নাই)। (৩) অগ্নিবাণ বিশেষ, ছুঁচার মতন ঘুরিয়া বেড়ায়। প্রবাদে, (১) ছুঁচা মারিয়া হাত গন্ধানা—নীচলোককে দণ্ড দিতে গেলে যশ হয় না। (২) ঘরে ছুঁচার কীর্ত্তন বাইরে কোঁচার পত্তন—ঘরে সর্বদা কলহের কিচি-কিচি কিংবা লক্ষ্মীর অভাব, বাহিরে ভব্যতা প্রদর্শন যেন সব ভাল। (৩) সাপের ছুঁচা গেলা—সাপ যাহা দাঁত দিয়া ধরে তাহা গলার দিকে চলিয়া যায়। ছুঁচা ধরিলে দুর্গন্ধ-হেতু বাহিরে ফেলিতে চেষ্টা করে, কিন্তু পারে না। অতএব উভয় সঙ্কটে পড়া।

ছুঁচা···ধাতু. (সং শুচি, শৌচ হইতে)। ছুঁচাই—মলদ্বার ধুইয়া শুচি হই। ছোঁচানা॥

ছুচি-বাই···ষ্য. (সং শুচিবাতিক)। সর্বদা শুচি-রক্ষা, সর্বদা অশুচি হইবার শঙ্কা। ছুচি-বাইয়া, ছুচি-বায়া, ছুচি-বেয়ে ··ণ. (ছুচি-বাই+ইয়া)। শুচি বাতিক-গ্রস্ত।

ছুট ··ধাতু. (সং ক্ষিপ্ত, সং-প্রাং ছুট হইতে। ওংতে ছুট ধাতু সর্বত্র চলিত নাই। মংতে ছুট ধাতুর বাং অর্থ নাই। হিং ছুট ধাতু হইতে বাংতে আসিয়া থাকিবে)। ছুটি—বিক্ষিপ্ত হই, বেগে বহির্গত হই, মুক্ত হই; প্রঃ—ছুটিলাম পাপ হৈতে (চৈঃ চঃ), ছুটিয়া গিয়া ধরা, নেশা ছুটিল। ছোটা, ছুটন, ছুটনি॥ ছুটা-ছুটি ··ষ্য. একের পশ্চাতে অন্যের ধাবন, এদিকে ওদিকে দৌড়ন। ছুটি ··ষ্য. মুক্তি, বিদায়। ছুট ··ষ্য ছুটি, দৌড়ন; পরিত্যাজ্য, বাদ—প্রঃ—কেনা-বেচায় ছুট দিতে হয়। ছুটকা, ছুটকিয়া ·· ণ. যে বা যাহা বিক্ষিপ্ত হয়, পলায়ন করে, প্রঃ—ছুঃ গোরু। ছোটা ধাতু. (ছুট ধাতু আস্তে)। ছোটানা॥

ছুটলা···ণ. (ছোট+ল)। ক্ষুদ্র, অনির্দিষ্ট, প্রঃ—ছুঃ খরিদদার—অল্প দ্রব্যক্রেতা, যে কদাচিৎ ক্রয় করিতে আসে।

ছুড়, ছুর···ধাতু. (সং ছুট ছুর ধাতু ছেদন)। ছুড়ি, ছুরি—ছেদন করি, ছাল উন্মোচন করি, প্রঃ—পাঁঠা ছোড়া, ছোরা—পাঁঠার ছাল কাটা। ছোড়া, ছুড়ন॥ ছোড়া···ধাতু. (ছুড় ধাতু আস্তে)। ছোড়ানা॥

ছুঁড় ·ধাতু (সং ক্ষিপ্ত, নিক্ষিপ্ত হইতে। ছুট ধাতু দেখ। ওংতে এই ধাতু নাই। হিং ছোড়না বাং ছাড়া)। ছুঁড়ি—নিক্ষেপ করি, প্রঃ—ইট ছোঁড়া। ছোঁড়া, ছুঁড়ন॥ ছোঁড়া ··ধাতু. (ছুঁড় ধাতু আস্তে)। ছোঁড়ানা॥

ছুঁড়ী ··ষ্য. (ছোঁড়া স্ত্রীং)। ছুকরী। দৃষ্টান্তে, ওঠ ছুঁড়ী তোর বিয়ে—বিনা আয়োজনে বিবাহ হয় না; তেমনই, আয়োজন না থাকিলে অপর কাজও হয় না।

ছুতা ··ষ্য. (সং সূত্র)। সূত্র, ছিদ্র, প্রঃ—ছুতা পেয়ে ভর্ৎসনা। ছুতা-নেতা ··ষ্য. (সং সূত্র, সং নেত্র। সহচর শব্দ)। সূত্র, দোষ, ছল। ছুতা···ছুতা দেখ।

ছুতার···ষ্য (সং সূত্রধর। মং সুতার; হিং সুতার, ওং বঢ়ই। বাং বাড়ই সং বর্ধকী—বাংতে দক্ষ স্বষ্টা)। কাষ্ঠকর্মকার; প্রতিমা-নির্মাণকার। হিন্দুজাতিবিশেষ। স্ত্রীং ছুতারনী। পশ্চিম বঙ্গে ছুতারে চিড়া করে, প্রাঃ—ছুতার হাটের মাঝে চিড়া কুটে খই ভাজে, কেহ করে চিত্র নিরমাণ (কবিকঃ)।

ছুবা ··ধাতু. (চুবা ধাতু দেখ)। ছুবাই—রঙ্গাদি জলে সিক্ত বা রঞ্জিত করি। ছোবানা॥ ছোব, ছোপ · ষ্য. রঙ্গ, দাগ।

ছুবা ··ধাতু. (ছো, ছোবলা দেখ)। ছুবাই—হা করিয়া কামড়াই, প্রাঃ—দূরে গেলে ছুবায় কুকুরে (কবিকঃ)। ছোবানা॥

ছুবি ··ষ্য. (ছুবা ধাতু হইতে)। গোরুর নিমিত্ত খইল-জল-মাখা কাটা জাব।

ছুয়ারা ··ছোয়ারা দেখ।

ছুরী···ষ্য. (সং ক্ষুরী, ক্ষুরিকা, ছুরিকা)। ছোট কর্তরী (বড়—ছোরা)। পূর্বকালে কাতি শব্দ চলিত ছিল। ওংতে অদ্যাপি কাতি, তেলুগু কাত্তি)। দৃষ্টান্তে ক্ষীরের ভিতর হীরের ছুরী—মুখে মিষ্ট অন্তরে কাটারী। গলায় ছুরী দেওয়া—অতিবঞ্চনা করা। চাকু-ছুরী ···চাকু দেখ।

ছুল · ধাতু. (ছিল ধাতু দেখ)। ছুলি—ত্বক ও অসার দূর করি, মল দূর করি, প্রাঃ—ডাব ছোলা, জিব-ছোলা। ছোলা॥ ছোলা ·· ধাতু. (ছুল ধাতু আস্তে)। ছোলানা॥ প্রাঃ—ফল ছোলাইয়া পাত্র ভরে শাঁসে (চৈঃ চঃ)।

ছুলি ··ছলি দেখ।

ছুঁচ ··ষ্য (সং সূচী)। সেলাই করিবার সূচ।

ছুঁচলা · ণ. (ছুঁচ+লা)। সূচীর তুল্য সরুমুখবিশিষ্ট, সরুমুখবিশিষ্ট। ছুঁচ-পানা ·· ণ. সূচী-প্রায়, সরুমুখ। দৃষ্টান্তে, ছুঁচ হয়ে ঢোকা ফাল হয়ে বেরনা—সূচী সূক্ষ্ম, ফাল স্থূল, ইহা হইতে অল্পে অল্পে বহু অধিকার। (২) ছুঁচ চালাইতে চালাইতে বেটে্য চালানা— গুণ-ছুঁচে বেটে্য (বাটিয়) দোড়ী পরাইয়া গুণ-চট সিঁইবার সময় ছুঁচ সহজে চলিয়া যায়, কিন্তু দোড়ী যায় না। কিন্তু ছুঁচ এপাশে ওপাশে চালাইতে চালাইতে শেষে দোড়ী যাইবার পথও হয়।

ছে·· ষ্য. (সং ছেদ)। কাষ্ঠাদির ছেদ বা খণ্ড; প্রাঃ—কাঠ ছে করা বা দেওয়া। ছেয়া···ষ্য. (সং ছেদ)। ছিন্ন বা কর্তিত খণ্ড; প্রাঃ—কাঠের ছেয়া কমানা—লম্বায় ছোট করা। ছে·· ষ্য. (সং পদ চ্ছেদ); পদচ্ছেদ (foot-step)। এক ছে এক ছে করিয়া যাওয়া—ধীরে ধীরে পা ফেলিয়া গমন।

ছেঃ, ছেছে ··ব্য. ছিঃ, ছিছি (অশিষ্ট)।

ছেঁক ··ব্য. (ছাঁক ধাতু দেখ)। তপ্ত তৈলাদি স্পর্শজনিত শব্দ, প্রাঃ—ছেঁক করিয়া মাছ ভাজা; জ্বরের আরম্ভে গা ছেঁক্-ছেঁক করে—দেহ তপ্ত বোধ হয়; ভয়েও গা ছেঁক করিয়া ওঠে—যেন তপ্ত তৈলে পড়ে, দেহ লোমাঞ্চিত হয়।

ছেঁক ··ধাতু. (বোধ হয় ছকা—চতুষ্ক কাটা হইতে ছেঁকা। হিং ছেঁকনা, মং ছেকর্ণে ছকর্ণে—লেখার উপর রেখা করিয়া লেখা কাটা)। ছেঁকি—বেষ্টন করি, প্রাঃ—তাহাকে মৌমাছিতে ছেঁকিয়া ধরিয়াছে। ছেঁকা॥

ছেঁক···ধাতু. (ছাঁক, সেক ধাতু দেখ)। ছেঁকি—আদগ্ধ করি, ভাজি। ছেঁকা॥ লোহা পোড়াইয়া গায়ে ছেঁকা দেওয়া—চর্ম দগ্ধ করিয়া রেখা বা চিহ্ন করা। (তু° ছকা, ছেঁচকি)।

ছেকড়া···ণ. (স° ছিন্ন, ছিন্নীকৃত)। ছিন্ন বা ছিন্নীকৃত, প্রঃ—ছেকড়া ছেকড়া দই।

ছেঁচকি···ষ্য. (ছাঁক ধাতু হইতে। অল্পে অল্প সিদ্ধ করিয়া পরে গরম তাওয়ায় তেল দিয়া ছাঁক শব্দে যে ব্যঞ্জন ভাজা হয়, যেমন নিম-ছেঁচকি। ছেঁচকি-পোড়া হওয়া—ছেঁচকির তুল্য আধ-পোড়া হওয়া।

ছেঁচড়··(স° ছিত্বর—ধূর্ত? হি° ছিচোরা—বা° ছিচকা চোর=ছিচোর—ছেঁচড়। সিঁদ চোর হইতেও ছেঁচোর—ছেঁচোড় আসিতে পারে)। ধূর্ত, যে সহজে ছাড়ে না; ছোট জিনিষের চোর বা ছিচকা-চোর। হাত-ছেঁচড়··ষ্য. (স° হট্ট-চৌরক)। হাটে বাজারে জনতায় ছিনিয়া চুরি করে যে।

ছেঁচড়া···ষ্য. (স° ছিত্বর—কুচরিত্র। স° ছু-চোরা, ছছোরা—ছাবলা)। নষ্টচরিত্র, কূটবুদ্ধি, ধূর্ত (গালিতে। তু° ছেঁড়া)।

ছেঁচড়া···ষ্য. (ছাল+ছড় হইতে। তু° হি° ছিছড়া—ছাল। তু° ছেঁচড়, ছেঁচড়া লোক—যাহার ছাল ছেঁড়া? তু° ছেঁড়া)। মাছের আঁষ পোঁটা, শাগ, কুমড়ার খোলা প্রভৃতি ওঁছা দ্রব্য যোগে ব্যঞ্জন। ··ধাতু. ছেঁচড়াই—বন্ধুর স্থানে ঘর্ষণ দ্বারা ছাল ছিন্ন হই। ছেঁচড়ানা॥

ছেঁচা ··ছিঁচ ধাতু দেখ।

ছেড়···ষ্য. (ছাড়া হইতে)। সেতার বাজাইবার সময় নায়কী তারে ডা বাজাইয়া পাশের তারে রা বাজানা।

ছেঁড়া···ণ. (স° ছিন্ন। ছিঁড় ধাতু দেখ)। ছিন্ন; সমাজভয়-ছিন্ন, প্রঃ—ছেঁড়া লোক; পরিশ্রমসাধ্য কিন্তু অকিঞ্চিৎকর, প্রঃ—ছেঁড়া কাজ; পিণ্ডীভূত, প্রঃ—ছেঁড়া দুধ। ষ্য. ছেদন। ছেঁড়া-খঁড়া ··ণ. (ছিন্ন+খণ্ডিত। সহচর শব্দ)। ছেঁড়া, প্রঃ—ছেঃ কাগজ। ছেঁড়া লেঠা ··যে লেঠা বা বিঘ্ন শেষ হয় না।

ছেতো ·ণ. (ছাতু+উয়া)। ছাতু—ছত্রাক-বিশিষ্ট। (ছেতো পড়া, ধরা।)

ছেদ ··ধাতু. (স° ছিদ ধাতু ছেদনে)। ছেদি—খণ্ড করি, কাটিয়া খণ্ড খণ্ড করি। ছেদা॥ ছেদা···ষ্য. খণ্ডিত বা কর্তিত অংশ, ছেয়া। ছেদা ··ধাতু. (স° ছেদ হইতে)। ছেদাই—ছেদ বা খণ্ড করি। ছেদানা॥ ছেদ ··ষ্য. (স°)। খণ্ড, বিরাম, বিরামচিহ্ন (।)।

ছেঁদা ··ষ্য. (স° ছিদ্র)। ছিদ্র; বড় ছিঁদ।

ছেঁদো ··ণ. (ছাঁদ+উয়া—ছাঁদুয়া)। ছন্দ-বিশিষ্ট; প্রবাদে—ছেঁদো কথা মাথার জটা খুলতে গেলে বিষম লেঠা। (২) ছন্দে কথা কহে যে, প্রঃ—ছেঁদো লোক।

ছেনা···ষ্য. (স° সন্তানিকা—ক্ষীরশর—হইতে বোধ হয় না। স° ছিন্ন হইতে। সুতরাং শব্দটি ছানা নহে, ছেনা। তু° আসা° ও° ছেনা, হি° ছেনা)। দুধ ছিড়িলে বা কাটিয়া গেলে যে পিণ্ড হয়; প্রঃ—নারিকেল শস্য ছানা শর্করা মধুর (চৈঃ চঃ); বিশা দরে ছেনা কিনি (কবিকঃ)। ছেনা-বড়া···ষ্য.(স° বটক—বড়া)। গুড়ে পক্ক ছেনার বড়া; মিষ্টান্নবিশেষ।

ছেনী···ষ্য. ( সং ছেদনী। সং ব্রশ্চন )। ধাতু কাটিবার মোটা বাটালী। ( গ্রাং ছিমনী )

ছেপ ··ষ্য. ( সং ষ্ঠীব্ )। থুথু।( রাঢ়ে অপ্রচঃ)

ছেবলা···ছাবলা দেখ।

ছেমড়া···ণ. ( সং ছমণ্ড—মৃত-পিতৃক, বন্ধু-হীন—শব্দকল্পঃ )। অশিষ্ট, দুর্জন।

ছেয়া···ষ্য. ( সং ছেদ )। ছেদ, খণ্ড, খাদি।

ছেয়ানী···ষ্য. ( সং ছেদনী )। ছেনী, প্রঃ—ছেয়ানীতে কেহ কাটে ( কবিকঃ )।

ছেয়ে ··ণ. ( ছাই+ইয়া—ছাইয়া—ছেয়ে )। লতাপাতার ভস্ম ( ছাই ) বর্ণবিশিষ্ট।

ছের···ধাতু. (ছট্, ছড়া হইতে। ওং ছের ধাতু; তুং ওং জগন্নাথের যাত্রার পর ছেরা পহঁরবা—পথে ছল ছড়ানা ও ঝাঁটানা ) ছেরি—তরল মল ত্যাগ করি। ছেরা, ছেরানি॥ ছেরানি ··তরল মল

ছেলা···ধাতু. ছিল ধাতু দেখ।

ছেলী ··ষ্য. ( সং ছেলকী। হিং ওং ছেলী )। ছাগ, ছাগালী ( কবিকঃ )। ( অপ্রচঃ )

ছেলে ··ষ্য.(সং ছল্লী—সন্তানে—মেঃ। ছল্লী—ছালিয়া—ছেলে। প্রাচীন বাংতে ছাওয়াল, ছাবাল। ছাওয়াল+ইয়া=ছায়ালিয়া ছালিয়া—ছেলে হইতে ও পারে। ঢাকায় ছাইলা—অর্থাৎ ছালিয়া)। সন্তান। ছেলে-পিলে···ষ্য. ( মূলশব্দ ছালিয়া-পীলা। পীলা—সং পীলক—পিপড়া, পীলু—পরমাণু। ছেলে-পিলে···সন্তান-রূপ ক্ষুদ্র জীব কিংবা পরমাণুবৎ সন্তান। ওং পিলা—বালক, পিলী—বালিকা; হিং পিল্লা—কুকুর-শাবক, পিল্লূ—কীট; মং পীল—শাবক। তুং বাং পিল্‌পিল। পূর্ববঙ্গে পোলা ( সং পোত হইতে ? )—পুত্র সন্তান। অতএব পিলা—পিলে—সম্প্রতি অনুচর শব্দ)। সন্তানাদি। ছেলে-ছোকরা···ষ্য. ( প্রায় সহচর শব্দ)। ছোট ও বড় বালক। ছেলে-মানুষ ··ষ্য. ছাওয়ালমানুষ, শিশু। ছেলে-মানুষি ··ষ্য. বালচাপল্য। ছেলে-ধরা ··ষ্য. শিশু-চোর। আটাসিয়া ছেলে, আটাস্যে ছেলে··· ( আটমাস + ইয়া—আটমাসিয়া—আটাসিয়া )। যে ছেলে আটমাস মাত্র গর্ভে থাকিয়া জন্মে; প্রঃ—আমি কি আটাসে ছেলে। ভয়ে ভুলব না ক চোক রাঙ্গালে। (রামপ্রসাদ)। আঁতুড়িয়া ছেলে, আঁতুড়্যে ছেলে ··এত শিশু যে এখনও সূতিকা-গৃহ ত্যাগ হয় নাই। কচি-ছেলে ··কোমল শিশু। কোলের ছেলে · শেষ সন্তান। দুধের ছেলে ··মাতৃস্তনদুগ্ধ পোষা। বেটা-ছেলে ··বালক, পুরুষ। মেয়ে-ছেলে ·· বালিকা, স্ত্রীলোক। দৃষ্টান্তে, ছেলের চেয়ে ছেলের গু ভারী—দেহ অপেক্ষা দেহের মল ভারী; লক্ষণায়, গৌণদ্রব্যের আধিক্য। ছেলেমি ··ষ্য. (ছেলিয়া+আমি—ছেলিয়ামি—ছেলেমি )। বালচাপল্য।

ছৈ ··ছই দেখ।

ছোঁ · ষ্য. ( সং ছম ধাতু—ভক্ষণে—হইতে )। উপর হইতে বেগে নামিয়া আক্রমণ বা গ্রহণ। সাপ ও চীল ছোঁ মারে, প্রঃ—কপালে তিলক দিতে সাপে মারে ছোঁ ( কবিকঃ )।

ছোকরা ··ষ্য. ( সং তোক—শিশু। ইহা হইতে ওং টোকা—বালক, টুকী—বালিকা। হিং ছোকরা ছোকরী)। বালক, যুবা। স্ত্রীং ছোকরী—ছুকরী। ( ছোকরা, ছুকরী প্রায়ই নিন্দিতার্থে )।

ছোঁচা…ষ্য. ( ছুঁচা হইতে )। বড় ছুঁচা—নীচ-প্রকৃতি, প্রঃ—কেহ ছোঁচা কেহ বোঁচ কেহ বা সরল ( কবিকঃ )। স্ত্রী° ছুঁচী।

ছোঁচা ‥ধাতু. ( স° শৌচ হইতে )। ছোঁচাই—মল-ত্যাগের পর জল-শৌচ করি। ছোঁচানা॥ ( ছুঁচ ধাতু দেখ )

ছোট্‌ ‥ণ. ( স° ক্ষুদ্র—ছুট—ছোট্‌। তু° হি° ছুদ্র, ছুদর। চৈঃ অমৃতে—ছুটা পাণ বিঁড়া। ও° ছুটিআ, ক্ষুদ্রিয়া। হি° ছোটা—বস্তুতঃ ছুটা)। ক্ষুদ্র। ছোট্ট ‥ণ. (স° ক্ষুদ্র—ক্ষুদ্দ—ছুট্ট )। অতি ক্ষুদ্র। ছোট্‌-খাট্‌ ‥ণ. ( সহচর শব্দ )। ছোট্‌। ছোট-বড়্‌ ‥ণ. ক্ষুদ্র ও বৃহৎ। ছোট্‌কী, ছুট্‌কী (ছোট+ক+ঈ)। ছোট্‌ বউ। ছোট আদালত…অল্প দাবির বিচারালয় (a small cause court)। ছোট্‌ ঠাকুর ‥শ্বশুরের কনিষ্ঠ পুত্র। ছোট্‌ দিন ‥হ্রস্ব দিবা। ছোট্‌ নজর ‥ক্ষুদ্রদৃষ্টি, ক্ষুদ্রচেতা। ছোট্‌ বউ ‥কনিষ্ঠা বধূ। ছোট্‌ মা …ছোট বিমাতা। ছোট্‌ লোক ‥নীচ ব্যক্তি, ইতর লোক।

ছোট্‌…ষ্য. ( স° কচ্ছোটিকা বা° কাছোটা হইতে, ক ঈ লুপ্ত )। ছোট্‌ কাছা ; ( ২ ) বস্ত্র, প্রঃ—এক ছোটে—উত্তরীয় বিনা ; দো-ছোট—উত্তরীয়। (৩) তুচ্ছ দ্রব্যের ছোট্‌ দোড়ী, প্রঃ—খড়ের ছোট্‌।

ছোটকী, ছুটকী ‥ছোট দেখ।

ছোটা…ছুট ধাতু দেখ।

ছোড়-ভঙ্গা…ণ. ( স. ছত্রভঙ্গা ? শ্রেণীভঙ্গা ? ছাড়ি—সারি—শ্রেণী )। শ্রেণীভঙ্গা, প্রঃ—বরযাত্রী ছোড় ভঙ্গা হইয়া পড়িল।

ছোঁড়া…ষ্য. ( ছোকরা হইতে )। ছোকরা। স্ত্রী° ছোঁড়ী—ছুঁড়ী।

ছোপ…ষ্য. ( স° ক্ষুপ ধাতু হইতে বা° ছুপ ধাতু স্পর্শনে। তু° স° ক্ষেপ—লেপনে—মেঃ)। ঈষৎ রঙ্গা। ছোপানা…ণ. ঈষৎ রঞ্জিত।

ছোবড়া ‥ষ্য. ( চোপা+ড়া )। নারিকেলাদি ফলের আঁশ। ( ছিবড়া দেখ )

ছোবল ‥ষ্য. ( স° কব্বল হইতে। কব্বল হইতে কামড়, খামল, চোবল, ছোবল )। মুখ বিস্তার করিয়া দংশন, প্রঃ—সাপে ছোবল মারে। ছোবলা ‥ধাতু. ছোবলাই, প্রঃ—সাপে ছোবলায়। (কামড়ানা সামান্য, তদপেক্ষা অধিক খাবলানা, তদপেক্ষা অধিক ছোবলানা )।

ছোঁয়া ‥ষ. ণ. ছুঁ ধাতু দেখ। ছোঁয়াছিয়া, ছোঁয়াছ্যে, ছোঁয়াচো ( গ্রা° ) ‥ণ. ( ছোঁয়া-ছুঁই+ইয়া—ছোঁয়া-ছুঁইয়া—ছোঁয়া ছুঁইয়া—ছোঁয়াছিয়া )। স্পর্শে জাত ( contagious )। ছোঁয়াচ ‥ষ্য. ( ছোঁয়া-ছুঁয়ি হইতে )। অপবিত্র স্পর্শ দোষ।

ছোয়ারা ‥ষ্য (হি° ছুআরা। ফা° খুর্মা দেখ)। শুষ্ক বন্য খর্জ্জুরবিশেষ ( Phoenix dactylifera )। প্রঃ—বাদাম ছোয়ারা দ্রাক্ষা পিণ্ডখর্জ্জুর ( চৈঃ চঃ )। ( ছোয়ারা—বন্য, পিণ্ডখর্জ্জুর—উত্তম )।

ছোল ‥ষ্য. ( ছুল ধাতু দেখ )। ছুলিলে যাহা হয়, টুকরা, প্রঃ—শিং-ছোল—মহিষাদির শৃঙ্গো চিরনী ইত্যাদি করিবার সময় যে পাতলা টুকরা হয় (Shavings ) ; ফলাদির ছাল, প্রঃ—পাকা নারিকেল ছোলে কাতা হয়। ছোলা…ছুল ধাতু দেখ।

ছোলঙ্গা…ষ্য. (স° মাতুলুঙ্গা হইতে)। বাতাবি নেবু, প্রঃ—নারঙ্গ ছোলঙ্গা টাবা কমলা

বীজপুর ( চৈঃ চঃ )। ( ফরিদপুরে ছোলঙ্গা শব্দ চলিত আছে)।

ছোলা, ছলা···ষ্য. (সং চণক—চড়া—চলা—ছলা। হিং চনা, বুট; ওং বুট, সোলা )। শিম্বাদিবর্গের কৃষিজাত শাক বিশেষ ( The gram or Chick pea. Cicer arietinum )। এই শাকের শুঁটীর বীজ। ছোলা-ভাজা ··ষ্য. ভাজা ছোলা।

ছ্যা···ছি দেখ।

ছ্যুত···ণ. ( সং )। অপবিত্র। ছ্যুত হাঁড়ী···অপবিত্র হাঁড়ী; ছ্যুত পড়া···অশুচি হওয়া ( ছ্যাত শব্দ বহু প্রচলিত। গ্রাং ছুঁত)।

## জ।

জ···ষ্য. (সং )। ব্যঞ্জন-বর্ণ, অক্ষর বিশেষ। ( প্রাচীন ও গ্রাম্য বাঙ্গালায় য স্থানে জ বানান দেখা যায়।)

জ ··ষ্য. (সং যব। হিং জৌ, ওং ও)। প্রসিদ্ধ যব শস্য ( Barley. Hordeum vulgare ); এক ইঞ্চির চতুর্থাংশ।

জই···ষ্য. ( সং যব হইতে হিং )। যব-সদৃশ কৃষিশস্য-বিশেষ (Oats. Avena sativa) এদেশের জই মানুষের ভোজ্য হয় না, ঘোড়ার খাদ্য হয়। বিশেষতঃ জই-এর খড় ঘোড়ার খাদ্য হইয়া থাকে। এই খড় পশুর পুষ্টিকর।

জউ ··ষ্য. ( সং জতু )। লাক্ষা (lac)। (লাক্ষা নাম অপেক্ষা জউ নাম অধিক চলিত। সেকরা কাঁপা গহনার ভিতর জউ পূর্ণ করে। পিত্তলাদি কুঁদিবার 'জউ'—ধুনা রজন তেল মিশাইয়া হয়)। জউ-পোকা···লাক্ষা কীট ( Tachardia lacca )। এই পতঙ্গ পলাশ অশ্বত্থ কুসুম শাল বদরী প্রভৃতি গাছে থাকিয়া রস খাইয়া বাঁচে। স্ত্রীং পতঙ্গ গাছের ডালেই থাকে। ইহাদের উদর হইতে ক্ষুদ্র ক্ষুদ্র রক্তবর্ণ কীট বহির্গত হইয়া ডাল লাল বর্ণ করিয়া তোলে। অধিকাংশ মরিয়া যায়; যে অল্প অন্য পতঙ্গ কিংবা পক্ষীর দেহে লাগিয়া কিংবা নিজ চেষ্টায় অন্য রস-বিশিষ্ট ডালে উপনীত হয়, তাহারাই বাঁচে। সেখানে তাহাদের পা খসিয়া যায়। পরে তাহাদের দেহ হইতে জউ নিঃসৃত হয়। লাক্ষা দেখ।

জওজ ··য্য. ( আং জউজ )। স্বামী (আদাঃ)। জওজে শ্রীহরিদাস—শ্রীহরিদাস যার স্বামী।

জঁক ··জোঁক দেখ।

জঁক···য্য. ( সং যক্ষ—কুবের )। যক্ষকুবের। টাকার জঁক ··কুবের তুল্য ধনবান্। জঁকের কড়ি, ··· ··কৃপণের। গ্রাম্য জন বিশ্বাস করে, এক এক নদীর ও পুকুরের ঘাটে জঁক নামে দেবযোনি থাকে। তার উদর টাকায় ভরা, পিঠ ··· মতন। সে টাকা লইয়া ব্যক্তি বিশেষের অপেক্ষা করে। অন্যে দৈবাৎ পিঠে পা ··· জলের ভিতরে টানিয়া লইয়া মারিয়া ফেলে।

জক্-জক··· ··. ( সং জক্ষ ধাতু হসনে )। দীপ্তি ··· প্রায়ই ঝক্-ঝক। জক্-জকা···যাহা জক্-জক করিতে থাকে, যেন হাসিতে থাকে; প্রতিমার ডাক-সাজ বিশেষ, পিতলের পাতলা পাত ( হিং জগ্‌জগা )।

জক্ক-শক, জক্-শকা · ণ. (সং জক্ষ ধাতু ভক্ষণে; সং শক ··· শক্তি )। শক্তিহীন, অতিক্রান্ত।

প্রঃ—পাথর তুলিতে তুলিতে জকৃশক হওয়া, খাওয়া।

জখন (গ্রা°)···যখন দেখ।

জখম ··ষ্য. (ফা° জ়খম)। আঘাত, ক্ষত; আহত। জখমী···ণ. (জখম+ঈ)। আহত।

জগ ··ষ্য. (স° জগৎ)। জগৎ, প্রঃ—জগ ভরি লাজ (জ্ঞানদাস); জগভরি কলঙ্ক রহিল চিরদিন (চণ্ডীঃ); তোমার সেবক জগজন (কবিকঃ)। জগজন·· জগৎ জন, প্রঃ—শূঃপুঃ; আমি যে তোমার দাসী জগজনে জানে (মাঃ)। জগদল, জগমোহন দেখ।

জগ্‌জগা · জকৃজকা দেখ।

জগঝম্প ··ষ্য. (স° জগঝম্প—তাল বিশেষ। হয়ত জগৎ-ঝম্প হইতে। তু° জগদল)। মাটির একমুখা আনদ্ধ বাদ্য বিশেষ; এক প্রকার ছোট ঢাক বলা যাইতে পারে, কিন্তু ঢাকের নীচের দিক গোল।

জগৎ-সংসার ··ষ্য. (স°। সহচর শব্দ। স° গম ধাতু হইতে জগৎ, সৃ ধাতু হইতে সংসার। উভয় শব্দের অর্থ যাহা গতিশীল, অস্থায়ী)। সমস্ত জগৎ, জগতের লোক।

জগদল·· ষ্য. (স° জগদ্‌দলন)। অতিশয় ভারী, এত ভারী যে ভারে জগৎ দলিত হয়। পূর্বকালে বুকে জগদল পাথর চাপাইয়া দণ্ড দেওয়া হইত, প্রঃ—বুকে তুলি দেহ পাসান জগদল (শূঃ পুঃ)।

জগন্নাথ-ভোগ···ষ্য. (স°)। জগন্নাথদেবের ভোগের নিমিত্ত মিষ্টান্ন বিশেষ (ও° নাম জগন্নাথ বল্লভ। চৈতন্য-মঙ্গল)।

জগমোহন···ষ্য. (স° জগন্মোহন)। ওড়িশার বড় বড় মন্দিরের যে ভাগে দর্শকেরা দাঁড়াইয়া ঠাকুর দর্শন করে; প্রঃ—নৃত্য গীত করি জগমোহনে বসিলা (চৈঃ চঃ)।

জঙ্গ···ষ্য. (ফা°। তু° স° জঙ্গ—যুদ্ধ)। যুদ্ধ। জঙ্গী···ণ. (জঙ্গ+ঈ)। যুদ্ধসম্বন্ধীয়। জঙ্গী লাট·· (লাট দেখ)। প্রধান সেনাপতি (Commander-in-chief)।

জঙ্গা···ষ্য. (ফা°)। মড়িচা। (বা°তে প্রায় চলিত নাই। জাঙ্গাল দেখ)।

জঙ্গল ··ষ্য. (স°—নির্জনস্থান—মেঃ। ও°তে ছোট বন, হি°তে বন, মরুদেশ)। এখানে ওখানে স্বতঃ উৎপন্ন ছোট বড় গাছের বন; আবর্জনাপূর্ণ স্থান। বনে জঙ্গলে, বন জঙ্গল সহচর শব্দে জঙ্গল শব্দের স° অর্থ প্রায় আছে। যেখানে মানুষের বাস থাকে না, সেখানে জঙ্গল হয়। জঙ্গলা · ণ. (জঙ্গল+অ)। বনা, অসভ্য। নানা রাগিণীর মিশ্রণে রাগিণী। জঙ্গলী ··ণ. (জঙ্গল+ঈ)। জঙ্গলে জাত; অসভ্য।

জঙ্গাল · জাঙ্গাল দেখ।

জজ ··ষ্য. (ই° Judge)। প্রধান বিচারক। জজ-গিরি ··ষ্য. জজের কর্ম। জজিয়তি···ষ্য. (জজ+ইত প্রত্যয়। ব্যাকরণ দেখ। কিংবা জজ+ঈয়—জজীয়, +তি)। জজের বৃত্তি।

জঞ্জাল ··ষ্য. (স° ঝঞ্ঝানিল হইতে? তু° ঝঞ্ঝাট। জঙ্গাল শব্দ হইতেও জঞ্জাল আসিতে পারে। জঙ্গাল—জঙ্গাল—জঞ্জাল। স° জলাঞ্চল—শৈবাল—ইহা হইতে জঞ্জাল—যাহা শৈবালের তুল্য ব্যাপ্ত হয়। বোধ হয় ঝঞ্ঝানিল শব্দই মূল)। বিপদ, সঙ্কট, আবর্জনা; প্রঃ—ম্লেচ্ছ দেশে কর্পূর চন্দন আনিতে জঞ্জাল (চৈঃ চঃ); কোতোয়াল

ধূমকেতু তিলেকেতে পাড়িবে জঞ্জাল (ভাঃ); জঞ্জাল লাগাব যেয়ে মায়ের নিকট (মাঃ)। জঞ্জালিয়া ··ণ. ঝঞ্ঝাট-পূর্ণ, প্রঃ—জঃ কাজ।

জট, জঁট (গ্রা°)···ষ্য. (সং জটা—কেশ)। মাথার কেশ। জটিয়া ··ণ. (জট+ইয়া)। জটাবিশিষ্ট, দীর্ঘকেশবিশিষ্ট। জটলা ··ণ. (সং জটাল। কিংবা জট+লা)। জটাযুক্ত; একত্রীকৃত; পরামর্শ নিমিত্ত মিলিত। জটা · ষ্য. (সং)। সংহত কেশ; সংহত, প্রঃ—চুলে জটা বাঁধে—চুল পরস্পর সংহত হয়। জটিল ··ণ. (সং)। জটাযুক্ত; বহুবিষয় হেতু দুর্বোধ। জটামাংসী···ষ্য. (সং)। হিমালয়ের শাকবিশেষের (Spikenard. Nardostachys jatamansi) মূলবৎ কন্দ। এই কন্দে জটাকার শিকড় থাকে। তৈল সুগন্ধি করিতে জটামাংসী লাগে।

জটালঙ্কা···সিজু দেখ।

জড়···ষ্য. (সং জটা—শিফা)। শিকড়, মূল, প্রঃ—আনিল বেণার জড় (চণ্ডীঃ)। জড়ী···ষ্য. গাছের সরু শিকড় (প্রায়ই ঔষধ)। জড়ী-বটী ··ষ্য. (জড়ী ও বটী—সহচর শব্দ। জড়ী-বড়ী নহে? হিং জড়ী-বুটী)। ঔষধার্থে গাছের শিকড়, বড়ী ইত্যাদি। জড়্-জড়া, জড়্-জড়িয়া ণ. জটা-যুক্ত; জটাতুল্য পরস্পর লগ্ন। (সং জল হইতে)। ঈষৎ আর্দ্র।

জড়্···ণ. (সং জট ধাতু সংহতি হইতে। জড়া ধাতু দেখ)। সংহত, একত্রিত। জড়্-পুটলী···ণ. (সহচর শব্দ)। একত্রিত ও পুটলী করা (তুং পুটলী, কিংবা পুট+লী—আবৃত)।

জড়···ণ. (সং)। নিস্তেজ, নিস্পন্দ, প্রঃ—শীতে জড় হওয়া। জড়-ভরত···ণ. (সং)। ভরতমুনির তুল্য নিস্পন্দ; মূর্খ; স্ফূর্তি-হীন। জড়-সড়্ ··ণ (সং জড়—নিস্পন্দ; সং সন্ন—অবসন্ন, বিষণ্ণ)। নিস্পন্দ অবসন্ন, প্রঃ—ভয়ে জড়-সড়।

জড়া ··ধাতু. (সং জটা—সংহত কেশ হইতে। সং জট ধাতু সঙ্ঘাত)। জড়াই—সংহত করি, বেষ্টন করি, কর্মে বা দোষে বদ্ধ করি; প্রঃ—চুল জড়াই,—মাথার কেশ বাঁধি, গায়ে কাপড় জড়াই, হাত দিয়া জড়াইয়া ধরা, মকদ্দমায় জড়ানা। জড়ানা॥ (বিপঃ—আ-জড়া)। জড়ানিয়া · ণ. (জড়ানা+ইয়া)। জটিল; পরস্পর মিশ্রিত, প্রঃ—জঃ লেখা। জড়িত ··ণ. (বাং জড়া ধাতু+ইত)। মিলিত, বেষ্টিত। জড়া-জড়ি ·· ষ্য. দুই বস্তু বা জনে পরস্পর বেষ্টিত। জড়াও (জড়োয়া গ্রা°) ··ণ. (হিং জড়াউ, জড়িত; ম° জড়াব, জড়ীত। জড়াও—জড়াঅ, ঢালাও—ঢালাঅ, ফালাও—ফালাঅ প্রভৃতি কয়েকটা শব্দ মূলে হিং। ব দিয়া বিশেষণ পদ বাং হইতে উঠিয়া গিয়াছে, ওংতে আছে। তুং করিবা, করা) মণি-খচিত প্রঃ—জড়াও গহনা।

জড়ী···জড় দেখ।

জড়ুল, জরুল···ষ্য. (সং জটুল)। মানুষের দেহের আজন্ম কৃষ্ণচিহ্নবিশেষ।

জত্ (গ্রা°)···যত দেখ। (হিং জিতনা)

জন···ষ্য. (সং)। জীব, প্রঃ—জনপ্রাণী (সহচর শব্দ); ব্যক্তি—যেমন মানুষ-সংখ্যায়—চারি জন পুরুষ, বালক, কন্যা, স্ত্রী; লোক, বা মানুষ, প্রঃ—জনমানব (সহচর শব্দ); মোটা কাজ করিবার মানুষ, প্রঃ—

মুনিষ জন। কোথাও কোথাও মুনিষ (সং মনুষ্য) না বলিয়া কেবল জন বলে, যেমন, জন খাটাইয়া চাষ করা)। জনরব ··ষ্য. (সং)। লোকের রটা কথা, কিংবদন্তি। জনা···ষ্য. (সং জন হইতে। আ—অনাদরে)। জন, প্রঃ—সে জনা রসিক নয় (চণ্ডীঃ); এ জনার প্রাণগতিক—(তুং সং অয়ং জনঃ, সখীজন)। জনা-জাত ··(জন-যাত্রী, যাত্রী-জন)। প্রত্যেকে, প্রঃ—জঅনা যাত্রী এ ধম্মর মন্দির বেড়িআ গেল (শূংপুঃ)। জনা-জনা···প্রত্যেক জন। জনা-কি·· জন প্রতি, প্রঃ—জনা কি পাঁচ টাকা। (প্রতি অর্থে কি আর পাওয়া যায় না। তুং শের-কে এক ছটাক—সের প্রতি)।

জনম···ষ্য. (সং জন্ম)। জন্ম (প্রায়ই পদ্যে, ও গ্রাং)। জনম ভর ··সারা জীবন, এ জন্মের সমস্ত সময়।

জনানা, জানানা ··ষ্য (ফাং জনানা)। নারী; পরিবার (শহরে চলিত)।

জনাব···ষ্য. (আং। সং শব্দসারে—জনাব্—লোক-পালক—সং জন-অব-ঘে ক্বিপ)। প্রভু; আজ্ঞে প্রভু (মুসলমানী উত্তরদানে)।

জনার···ষ্য. (সং যবনাল, যাবনাল, জাবনাল শব্দ হইতে। হিং জুনেরা, প্রায়ই মক্কা, ভুট্টা; ওং মক্কা)। ধান্যাদি বর্গের কৃষিশস্য বিশেষ (Maize, Indian corn. Zea mays)। আদি বাস দক্ষিণ আমেরিকা। বিহারে আদরও যেমন, চাষও তেমন বিস্তীর্ণ।

জনু · বা. (সং যেন; সং প্রাং জেণ,জণু। হিং জনে; ওং যেনে)। যেন। (প্রাচীন পদে)

জন্ম, জনম (গ্রাং) ··ষ্য. (সং)। জন্ম। (জন্ম মৃত্যু, জন্ম মৃত্যু-বিবাহ—এই পর্যায়ে প্রয়োগ)। জন্ম-জন্ম···প্রতিজন্ম, একের পর অন্য জন্ম। জন্ম-তিথি ··যে তিথিতে জন্ম হইয়াছে। (এই রূপ জন্ম-দিন, জন্ম নক্ষত্র, জন্ম রাশি। জন্ম-দিন বঙ্গদেশে জন্ম তিথি)। জন্ম-তিথি, জন্ম-দিন পালা—যে তিথিতে জন্ম হইয়াছে, সেই তিথিতে ঠাকুর পূজাদি-বিধি পালন। জন্মশোধ·· জীবনে শেষ বার, প্রঃ—জন্ম শোধ দেখা—যেন দর্শনে জন্মের পরিশোধ হয়। জন্ম ··ধাতু. (সং জন্ম হইতে বাং নাম ধাতু জন্মা হয়, এবং বহুলোক জন্মা ধাতুর প্রয়োগ করে। কিন্তু, সকর্মক জন্মা ধাতু আবশ্যক হয় বলিয়া জন্ম অকর্মক ধাতুর প্রয়োগ হইয়াছে। তুং কম কমা, কামড় কামড়া ধাতু)। জন্মি—উৎপন্ন হই, প্রঃ—জনমিয়া (শূং পুঃ); গাছ জন্মিয়াছে, এ মাটিতে কাপাস জন্মে না। জন্মা ॥ (বিপঃ, অ-জন্মা)। জন্মা ··ধাতু. (জন্ম ধাতু অন্তে)। জন্মাই—উৎপত্তি করাই। জন্মানা ॥

জন্য, জন্যে বা. (সং জন্য—উৎপাদ্য, উৎ-পাদক); কারণ, হেতু। নিমিত্ত (নিমিত্ত অর্থে জন্য শব্দের প্রয়োগ গ্রাং, কিন্তু, বহু প্রচলিত)।

জপ···ষ্য. (সং)। মন্ত্রাদির পুনঃ পুনঃ উচ্চারণ। জপ-মালা ষ্য. (সং)। উচ্চারণ-সংখ্যা করিবার তুলসী কাষ্ঠাদির মালা। জপমালা করা—(বৈষ্ণবের জপমালা হইতে) নিত্য সহচর করা। জপ-তপ জপ ও তপ (সহচর শব্দ)। জপ ··ধাতু. (সং জপ ধাতু কথন, জপন)। জপি—পুনঃ পুনঃ উচ্চারণ বা স্মরণ করি। জপা ॥ জপা ··ধাতু. (জপ ধাতু. অন্তে)। জপাই—উচ্চারণ বা স্মরণ করাই, কুমন্ত্রণা দিই। জপানা ॥

জব্‌-জব···ব্য. ( চব্‌-চব দেখ। জবড়া ধাতু দেখ )। রসাদি হেতু অতি-সিক্ত, প্রঃ—ঘৃতে জব্‌জব কৈল নালিতার শাক (কবিকঃ) ; লালাতে মুখ জব্‌জব করে—মুখে অধিক লালা-নিঃসরণ হেতু। জব্‌জবা ···ধাতু। জব্‌জবানি ॥

জবড়জঙ্গ ··ণ. (আ° জবর—বল, ফা° জঙ্গ—যুদ্ধ ? হি° ঝাবড় ঝল্লা—যেন ঝালর ঝোলা )। অনাবশ্যক বেশভূষায় পূর্ণ ; অপরিপাটী।

জবর ··ণ. ( আ° জ্বর )। বলবান্‌, প্রবল, বৃহৎ। জোর-জবর ··ষ্য. উৎপীড়ন। জবর-দস্ত · ণ. ( আ° )। বলবান্‌। জবরদস্তি··· ষ্য. বল-প্রয়োগ।

জবা ··ষ্য. ( সং। ও° নাম মন্দার )। উদ্যান-জাত রক্তবর্ণ পুষ্প ক্ষুপ বিশেষ ( Hibiscus rosa-sinensis )। ফুল প্রায় বারমাস ফোটে। কিন্তু বীজ জন্মিতে দেখা যায় না। শ্বেতজবা ·· ক্ষুপ-বিশেষ ( Hibiscus syriacus )। ফুল শাদা। পাতার বোঁটা অপেক্ষা ফুলের বোঁটা ছোট। পঞ্চমুখী জবা ··বহুদল জবা।

জবাই ··ষ্য. ( আ° জিবা, জবীহ্‌ )। ধর্মমতে পশুবধ ; বধ।

জবান · ষা. ( ফা°। তু° সং জিহ্বা )। শব্দ, বাক্য। জবানবন্দি ··ষা. ( ফা° )। বর্ণনা ( আদাঃ )। জবানী ··ণ. মৌখিক, প্রঃ—জবানী বলিবে।

জবাব ··ষা. ( আ° )। উত্তর ; অন্যের সহিত ঐক্য, প্রঃ—বাড়ীর এ পাশে থাম থাকিলে অন্য পাশে থাম রাখিয়া জবাব দিতে হয়। জবাব-দেহি ··ষ্য. দায়িত্ব। জবাব-শওয়াল ···উত্তর প্রত্যুত্তর, উত্তর-প্রশ্ন ( প্রায়ই শওয়াল জবাব )।

জবে ( গ্রা° )···ব্য. ( সং যদা। হি° জব )। যবে দেখ। জবে-তবে ( গ্রা° জবে খবে ) ···ণ. যবে অবসর হবে তবে করা যাবে, এইরূপ কল্পনায় অসম্পূর্ণ, প্রঃ—কাজ জবে-খবে করিয়া রাখা—অল্প করিয়া ভবিষ্যতের জন্যে ফেলিয়া রাখা।

জব্‌দ ··ণ. ( আ° জব্‌ত্‌—অধিকার, গ্রহণ )। অধিকৃত, পরাজিত, সংযত, প্রঃ—সম্পত্তি জব্‌দ, শত্রুকে জব্‌দ করা।

জম ··ধাতু. ( সং যম ধাতু বন্ধনে, যোজনে। ইহার সহিত সং জম ধাতুর ( ভোজনে ) সম্বন্ধ নাই। হি° জিমানা—খাওয়ানা। জমি —বদ্ধ, যুক্ত, সংঘাত হই, প্রঃ—হাতে টাকা জমিলে, পুকুরে জল জমিয়াছে, দুধ জমিয়া দই, গোলমালে গান জমে না। জমা ॥ জমা··ধাতু ( জম ধাতু আস্তে )। জমানা ॥

জমক ··ষ্য. ( জম ধাতু হইতে ? চমক—দীপ্তি হইতে ? )। মরা সোনার রং ভাল সোনার মতন করিবার উপকরণ। যেমন, নুন ও ফটকিরি আধা-আধি ভাগে জলে বাটিয়া জিনিষে মাখাইয়া আগুনে পোড়াইয়া লাল করিবে। তার পর জলে ধুইবে। ফটকিরি ১, নুন ১, সোরা ॥° ভাগে জলে ফোটাইবে। এই জল জমক। এই জলে সোনার জিনিষ ফুটাইলে সোনার হলুদ রং হইবে। তার পর, পিতলের কুঁচি দিয়া ঝাড়িয়া—পরিষ্কার করিয়া—গন্ধক ও তেঁতুল জলে গরম করিবে। (এই জলে অত্যল্প তুতিয়া মিশাইলে সহজে রং আসে)। এখন জিনিষের রং লাল

হইবে। জমক দিয়া সোনার রং করা এদেশী নহে। প্রায় এক শত বৎসর হইল ফরাসী দেশে জমক প্রথম আবিষ্কৃত হইয়াছিল। পূর্বকালে এদেশে কেবল পাকা সোনার গহনা হইত। একারণ জমকের রং আবশ্যক হইত না। কেবল তেঁতুল-গন্ধকের রং করিলেই চলিত। রুপা শাদা করিতে ফটকিরি ও নুন সমান ভাগ শীলে বাটিয়া জিনিষে মাখাইয়া পোড়াইবে। তার পর জলে ধুইয়া তেঁতুল-জলে ফুটাইয়া পিতলের কুঁচি মারিবে। ( রাঢ়ের গ্রাম্য সেকরার জ্ঞানানুসারে জমকের এই বিবরণ লিখিত হইল)। (২) চমক, দীপ্তি, প্রভাব, প্রঃ—জাঁকজমক ( সহচর শব্দ )।

জমকা···ধাতু. ( জমা করি—হইতে )। জমকাত—জমা করি, লোক জমা করি, লোকের দৃষ্টি বদ্ধ করি। জমকানা॥ আসর জমকানা—আসরের দৃশ্য এমন করা যে দেখিলে লোকে মুগ্ধ হয়। (জম্‌-জম দেখ )

জমকাল্··ণ. ( জমক+আল—যুক্ত )। দীপ্তি-যুক্ত, দৃষ্টি-আকর্ষণকারী। ( অন্য রূপ, জাঁকাল )।

জম্‌-জমা·· ণ. ( জম ধাতু দেখ। সং চম, জম ধাতু ভক্ষণে। সং চমৎকৃত শব্দের মূলার্থ ভক্ষিত, বিস্ময়ে অভিভূত। তথাপি, বোধ হয় জমা-জমা—জম্‌-জমা—একত্রীভূত )। সংঘাত, চমৎকৃত, প্রঃ—আসর জমানা—আসর জমজমা করানা।

জমা ··ষ্য. ( আং )। সর্ব, সমষ্টি, একত্রীকৃত বস্তু, মোট; মূলধন, পুঁজি; মোটপ্রাপ্তি, আয়; জমির খাজানা; জোত। জমা-খরচ···জমা ও খরচ, আয় ও ব্যয়, প্রাপ্তি ও দেয়। জমা-খরচ করা—আয় ব্যয় লেখা, হিসাব করা। জমা-খরচ কাটা—জমা হইতে খরচ বাদ দেওয়া। জমা-খরচী ··জমা-খরচ সম্বন্ধী। জমা-ওয়াশীল···জমা—মোট রাজস্ব, ওয়াশীল—আদায়; দেয় এবং দত্ত। ওয়াশীল কাটিলে—বাদ দিলে যাহা থাকে তাহা বাকি বা কৈফিয়ৎ। জমা-ওয়াশীল-বাকি···জমা, আদায়, ও বাকি। জমা ··জমিদারের প্রাপ্য টাকা বা রাজস্ব। সদর জমা · জমিদারকে না দিয়া একাএক সরকারকে দিতে হয় সে কর। জমাই ··ণ. কর দিতে হয় যে জমির, প্রঃ—জমাই জমি। জমা-নবিস ষ্য. জমা-লেখক। জমাবন্দি ··ষ্য. প্রজার জমির জমার হিসাব, খাজনা আদায়ের কাগজ; অন্য নাম হস্তবুদ ( rent-roll )। ণ. জমা ধার্য। ইস্তমরারী জমা ··( আং )। চির-কালের জন্য নির্দিষ্ট জমা। উঠ্‌বন্দি জমা··· ( নদীয়ায় ) এক বৎসরের নিমিত্ত জমা। ওয়াকফ জমা ··( আং ৱাকিফ )। মসজিদ রক্ষার নিমিত্ত দত্ত জমি। খয়রাতী জমা··· ( আং )। আয় হইতে দান নিমিত্ত দত্ত জমি। খানাবাড়ী জমা ··বাসস্থান করিতে দত্ত নিষ্কর জমা। খারিজা জমা ··( খারিজা দেখ )। রাজস্ব হইতে মুক্ত জমি, যে জমি জমিদারকে বিক্রয় করা হইয়াছে। ( জমি দেখ )। জঙ্গল বাড়ী জমা···পতিত জমির জমা। ঠিকা জমা ··কয়েক বৎসরের নিমিত্ত ইজারা লওয়া জমা। মুকদ্দমী জমা···( আং মুকদ্দম—গ্রামের মণ্ডল)। পূর্বকালে গ্রামের মণ্ডল ( ও° পধান—সং প্রধান ) প্রায় জমি-দারের স্থানীয় ছিল। গ্রামের কর্ম-নির্বাহার্থে মণ্ডলকে দত্ত জমা। নজরাৎ জমা···( আং নজর )। পীরের ভরণপোষণ ও পর্বে ব্যয়

নির্বাহার্থে দত্ত জমি। পঞ্চকী জমা—পঞ্চক বসিয়া যে জমা (প্রায়ই অল্প) ধার্য্য করা হয়। মিয়াদী জমা (আ°)। নির্দিষ্ট কালের নিমিত্ত পাট্টা দিয়া জমা। মুকররী জমা—(আ°) এই জমা বৃদ্ধি হয় না। মৌরসী জমা (তালুক দেখ)। চিরস্থায়ী জমা, মুকররী তুল্য কিন্তু দান বিক্রয় হইতে পারে না। জমা ধাতু (আ° জমা হইতে)। জমাই—সঞ্চয়, সংগ্রহ, সংহত করি। টাকা জমানা—অর্থ সঞ্চয় করা। কাঠ জমানা—বাটিয়া চাঁচিয়া সারাংশ আনা। (জম ধাতু দেখ।)

জমায়ৎ—ষ্য. (আ°)। মিলন, সভা, দল, প্রঃ—লোক জমায়ৎ—লোকের মিলন বা দল

জমাট—ণ. (হি° জমারট—অর্থাৎ জমাৎ জমা দেখ)। পিণ্ডবৎ, সংহত, প্রঃ—ছেনা জমাট—সংহত ছানা, জমাট দেহ—সংহতপেশী দেহ।

জমাদার—ষ্য. (আ° জম+ফা° দার)। সুবেদারের নিম্নস্থ কর্মচারী; দারোগার নিম্নস্থ পুলিশ কর্মচারী; মেথর। জমাদারি—জমাদারের কাজ।

জমি—ষ্য. (ফা° জমিন্)। ভূমি, কৃষিক্ষেত্র; মাটি (দেখ); কাপড়ের, চিত্রের গা। জমিন্—ষ্য. (ফা°)। জমি, প্রঃ—এমন মানব-জমিন্ রইল পতিত (রামপ্রসাদ)। জমি-জমা—নিজের জমি ও জমার জমি; যেমন জমি হইতে প্রাপ্ত আয়; জমির জমা বা খাজানা; ভূ-সম্পত্তি। জমি-জিরাৎ (আ° জিরাআৎ—চাষের জমি,—অনুচর শব্দ)। চাষ যোগ্য ভূমি। জমি-জায়গা—(সহচর শব্দ)। ভূমি। জমি বাড়ী—(জমি ও সং বাটিকা—সহচর শব্দ)। ভূমি (তু° ঘর-বাড়ী)। অনাবাদী জমি—(সং অন+ফা° আবাদী)। যে জমির চাষ হয় নাই। আওল জমি—(আ° আব্বল)। প্রথম শ্রেণীর জমি। দুয়ম, দোয়ম—দ্বিতীয় শ্রেণীর; সুয়ম, সোয়ম তৃতীয় শ্রেণীর। আবাদী জমি—যে জমির চাষ হয়। খামার জমি (খামার দেখ)। যে জমির খাজানা না দিয়া উৎপন্ন শস্যের ভাগ দেওয়া হয়, রায়তী জমি নহে। খিল জমি—(সং খিল)। অ-কৃষ্ট ভূমি। জোত জমি—(জোত দেখ)। জমিদারকে কর দিয়া প্রাপ্ত চাষের জমি। জমার জমি...যে জমির কর জমিদারকে দিতে হয়। অন্য নাম, মাল জমি। চাকরান জমি—(ফা° চাকর হইতে)। চাকরি নিমিত্ত দত্ত জমি, যেমন গ্রামের চৌকীদারকে চৌকীদারী চাকরান। জোলান জমি...যে জমির জল শীঘ্র মরে না। ডাঙ্গা জমি উচ্চ জমি, প্রায়ই নীরস বলিয়া নিকৃষ্ট। দেবোত্তর জমি—(সং দেবত্র—দেবত্তর—দেবোত্তর)। দেব-পূজা নিমিত্ত দত্ত ভূমি। দো-জমি—যে জমিতে দুই বার (বর্ষা ও শীতকালে) ফশল হয়। নয়াবাদী জমি—(ফা° নব আবাদী)। যে পতিত জমি নূতন কৃষি উপযোগী করা হইয়াছে। নামাল জমি—নিম্ন ভূমি, যে জমি নদীর বন্যায় প্লাবিত হয়। পতিত, পড়ুয়া, পোড়ো জমি—(সং পতিত হইতে পড়িয়া হইত। ও° পড়িআ)। অ-কৃষ্ট ভূমি। সাবেক পতিত—পূর্বকাল হইতে পতিত; হাল পতিত বা ফশল পতিত—যাহাতে ফশল তোলা

হইয়াছে কিংবা হইয়া থাকে, এখন পতিত। বাজাপ্তি জমি·· ( বাজাপ্তি দেখ )। যে জমি পূর্বে নিষ্কর ছিল, পরে স-কর করা হইয়াছে, যেমন চাকরান-বাজাপ্তি ( এই জমির খাজানা কম। একারণ কোথাও কোথাও আধাজমা জমি বলে )। বিষ্ণুপ্রীতি···( সং বিষ্ণু-প্রীতি )। বিষ্ণুর পূজা উদ্দেশে দত্ত ভূমি। ব্রহ্মোত্তর জমি ··( সং ব্রহ্মত্র—বস্তুতঃ ব্রহ্ম-পূজা উদ্দেশে )। ব্রাহ্মণকে দত্ত ভূমি। পীরোত্তর ·· ( পীর+উত্তর। দেবোত্তর দেখ ): মুসলমান পীর—ধর্মগুরুর উদ্দেশে দত্ত ভূমি। ফকীরান জমি ··ফকীরকে দত্ত জমি। মহৎত্রান জমি···( সং মহৎত্র ? )। ব্রাহ্মণ ব্যতীত অন্য জাতীয় মহৎ ব্যক্তিকে দত্ত ভূমি। শুনা জমি ··শুকনা ভূমি; দো-জমি অপেক্ষা রসহীন। শিবোত্তর জমি ··( সং শিবত্র )। গ্রামের শিব-পূজা নিমিত্ত দত্ত জমি। শালি জমি ··আর্দ্র ভূমি; ইহাতে বৎসরে তিনবার ফশল হইতে পারে। লাখেরাজ, লাখরাজ জমি ·· ( ফাং লা-খিরাজ )। নিষ্কর ভূমি। জমিদার ···( ফাং জমিন্দার )। সরকারের অধীনস্থ ভূম্যধিকারী ( তালুকদার দেখ )। জমিদারি ···ষ্যা. জমিদারের কাজ, অধিকার। জমি-দারী···ণ. জমিদার-সম্বন্ধীয়, প্রঃ—জঃ সেরেস্তা।

জম্বুরা...ষা. ( আং জম্বুরা )। দৃঢ় সাঁড়াশী (pliers)। (২) প্রতিমার ডাকসাজ বিশেষ, একপিঠ তামাল অন্য পিঠ রাঙ্গাল পিতলের পাতলা পাত।

জম্ম ( গ্রাং ) ··ষা. ( সং জন্ম )। জন্ম। কথায়, জম্মের মধ্যে কম্ম ··জন্মে—জীবনে এক কর্ম।

জয়-জয়-কার ··ষ্যা. ( সং ) জয়-জয়-ধ্বনি ( প্রশংসায় )। জয়-জয়ন্তী ··রাগ-রাগিণী দেখ। জয়-ঢাক ষ্যা. জয়ঘোষণা নিমিত্ত বৃহৎ ঢাক, বৃহৎ ঢাক। জয়-পত্র···ষ্যা. জয়ের বিজ্ঞাপন-সরপ পত্রিকা; সন্দেহভঞ্জন পত্র, কলহে নিমন্ত্রণ-পত্র।

জয়ত্রি·· জায়ত্রি দেখ।

জয়ন্ত ··রাগরাগিণী দেখ।

জয়ন্তী ··ষা. ( সং )। শিম্বাদি বর্গের ছোট তরু-বিশেষ ( Sesbania ægyptiaca, var. bicolor )। বকফুলের গাছের সাদৃশ্য আছে, কিন্তু ফুল ছোট। ফুলের কলি বা মুকুল সোজা।

জয়পাল·· ষা. (সং। হিং জমাল)। মুহি-আদি বর্গের ছোট তরু-বিশেষ ( Croton tiglium )। পাতায় তিনটা শিরা আছে, পাতা মসৃণ। পুং কেশর ১৫ হইতে ২০টা। বীজ হইতে প্রসিদ্ধ রেচক তৈল ( croton oil হয়।

জয়শ্রী রাগরাগিণী দেখ।

জর·· ধাতু.(সং জৃ ধাতু জীর্ণভাবে, পরিপাকে) জরি—জীর্ণ হই, পরিপক হই, বিলীন হই, প্রঃ—রোদ জল খাইয়া কাঠখানা জরিয়া গিয়াছে। জরা॥ জরা···ধাতু. ( জর ধাতু আন্তে )। জরানা॥ নুন দিয়া নেবু জরানা — নেবুর রসের পরিপাক সাধনা।

জর-কসী ··ষা. (জরী, কসীদা দেখ)। সোনার তারের কাজ। ( জরকাসী—জরি—ভাঃ )।

জর্-জর·· ণ. (সং জর্জর। সং জৃ ধাতু জীর্ণভাবে)। প্রায় বিলয় প্রাপ্ত, জীর্ণ, প্রঃ—প্রেমে জর-জর। জর-জরিয়া···ণ. ( জর্-জর+ইয়া )। প্রায় জর্জর, প্রঃ—জর্-জরিয়া কাঠ। জীর্-

জীর…ণ. জর্জর হইয়া শীর্ণ, প্রঃ—এমন রোগা যে বুকের হাড় জীর্-জীর করে।

জরদ…ষ্য. (ফা° জর্দ)। হরিদ্রাবর্ণ। জরদ-ফুটকী…ষ্য. কীট-গ্রাহী পক্ষী-বিশেষ (Grey bearded flycatcher. Cryptolopha)।

জরপেষগী…ণ. (ফা° জরেপেষগী—আগামী দাদন) তালুক দেখ।

জরারৎ…জিরাৎ দেখ।

জরিপ…ষ্য. (আ° জরীব—মাপিবার শিকল)। ভূমি-মাপন (survey)। ক্ষেত্রবন্দ জরিপ প্রত্যেকের অধিকারে যত জমি থাকে, তাহার মাপ (Cadastral survey)। জরিপের চিঠা…যে কাগজে ভূমির মাপ লেখা থাকে। স্থাথৎ-সন্ধানে, 'চারি হাতে কাঠা হয় বিশ কাঠাতে রসি। দীর্ঘে প্রস্থে জমী মাপি সারাকালী কসি॥ তদ তহু তপ তপূ দীর্ঘের নির্ণয়। কাঠায় বেরিজ দিলে চিঠা পূর্ণ হয়॥' তদ—তৎ দক্ষিণে, তহু—তৎ উত্তরে, তপ—তৎপশ্চিমে, তপূ-তৎপূর্বে। (স্থাথৎ…সেহা-থৎ। বেরিজ…তেরিজের বিপরীত (?), বিয়োগ।)

জরিমানা…ষ্য. (আ°)। অপরাধের দণ্ড; অর্থ-দণ্ড।

জরী…ষ্য (ফা° জর—স্বর্ণ)। সোনালী কিংবা রুপালী তামার সূতা। এই প্রকার জরী ঝুটা (মিথ্যা)। সাচ্চা (সত্য) জরী সোনা কিংবা রুপার চেপটা তার। জরী-জহরৎ…(সহচর শব্দ। জহরৎ দেখ)। স্বর্ণাদির অলঙ্কার।

জরু…জোরু দেখ।

জরুর…ণ. (আ° জরুর)। অত্যাবশ্যক। জরুরৎ…ষ্য. (আ°)। প্রয়োজন। জরুরী…ণ. (আ° জরুর+বা° ঈ)। অত্যাবশ্যক।

জর্জর…ণ. (স°)। জীর্ণ, জর্-জর, প্রঃ—জর্জর ধুতি (কবিকঃ)।

জর্দা…ষ্য. (ফা° জর্দ)। হরিদ্রাবর্ণ। (২) পানের সঙ্গে খাইবার এক প্রকার তামুক। জর্দা-পাড়িয়া…হলুদা-পাড়-যুক্ত।

জল্-জল…ব্য. (স° জ্বল ধাতু হইতে)। উজ্জ্বলতায়, প্রঃ—চোখ জল-জল করে। (২) (জাল-জাল হইতে)। জালবৎ বহু-ছিদ্রময়ত্বে, প্রঃ—কাপড় জল-জল করে। (৩) (জল-জল হইতে)। জল ভাবে, প্রঃ—দুধ জল্‌জল করে। জল্‌জলা, জল্‌জলিয়া…ণ. জল্‌জল ভাব বিশিষ্ট।

জল…ষ্য. (স°। পূর্বকালে বা°তে জল শব্দের পরিবর্তে পানী শব্দ প্রচলিত ছিল। অদ্যাপি বা° ছাড়া অন্যান্য ভাষায় জল শব্দের চলন হয় নাই। বঙ্গদেশের মুসলমান অদ্যাপি পানী বলে। ও°তে পাণি, হি° পানী, ম° পাণী, উর্দু পানী। তেলুগু ভাষায় নীরলু (স° নীর+বিভক্তির লু), উদক-মু (স° উদক+বিভক্তি মু), এবং জল-মু শব্দ চলিত আছে। নিম্নশ্রেণীর তেলুগু ডোম-নারীর মুখে উদক-মু শুনিতে পাওয়া যায়।) সামান্য জল; বৃষ্টি; দ্রব, জলের মিশ্রণ। জল উঠা—জল দৃশ্য হওয়া, জল-নিঃসরণ, জলের বৃদ্ধি হওয়া। জল করা—দ্রব করা, দ্রবীভূত করা, জল সংগ্রহ করা। (অন্য অর্থ নীচে দেখ)। জল খাওয়া—জল পান করা, জল-পানের পূর্বে লঘু মিষ্টান্নাদি-ভোজন। ডুবে ডুবে জল খাওয়া—নিরম্বু উপবাসে লোক-চক্ষুর অন্তরালে স্নানের সময় জলে ডুবিয়া জল পান করা; লক্ষণায়, বাহিরে সাধুতা প্রকাশ ভিতরে বঞ্চনা করা।

সাত ঘাটের জল খাওয়ানা—( বোধ হয়, ) এমন তৃষার্ত্ত করা যে সে তৃষা মিটাইতে এক পুষ্করিণীর জল পর্যাপ্ত হয় না, সাত ( কি-না অনেক ) পুষ্করিণীর জল আবশ্যক হয়, অতিশয় ব্যাকুল করা। তু° তোর বিরহ-জ্বরে পতি যদি মরে, কোন ঘাটে খাবে পানী ( কবিকঃ )। জল দেওয়া—পানার্থে জল-প্রদান, রুগ্ন অবস্থায় মুখে জল-প্রদান, পুণ্যার্থে জল-দান, বৃক্ষমূলে পুণ্যার্থে জল সেচন। জল ভাঙ্গা—জলের নির্গমন, জলে গমন। জল সরা—জল-নিঃসরণ। জল সহা, জল সাধা—বিবাহের পূর্বে কন্যার নিমিত্ত জল-সংগ্রহ। ( বোধ হয়, নানা নদনদীর পবিত্র জলে কন্যার অভিষেক হইতে এই প্রথার উৎপত্তি হইয়াছে। কবিকঃ,—কাঁখে হেমঝারি মেনকা সুন্দরী, জল সাধে ঘরে ঘরে। নানা লোকের বাড়ীতে পুণ্য-জল-সন্ধান। ওংতে পাণি সআ। সাধ স্থানে সাহ হইয়া জল সাহা—সাওয়া, জল সহা—জল সওয়া হইয়াছে (সাধ ধাতু দেখ )। রাজাভিষেকে ও অন্য পুণ্য কর্মে পুণ্যতীর্থের জল সংগ্রহ করিতে হয়। অধুনা বিবাহের কন্যা সখীসহ নদী-পুষ্করিণী-প্রভৃতি জলাশয়ে গমনপূর্বক জল সংগ্রহ করে। তু° কুলবধূগণ উলসিত মন পানি সাইবারে সাজয়ে রঙ্গে ; পানি সাই শেষে ভবনে প্রবেশে—নবদ্বীপ-পরিক্রমা। জল হওয়া—দ্রব হওয়া, প্রাঃ—নুন বর্ষাকালে জল হইয়া যায় ; বৃষ্টি হওয়া, প্রাঃ—রোদ হয় জল হয় খেঁকশিয়ালীর বিয়ে হয় ( শিশু-ছড়ায় )। জল-কর ··ষ্য. ( স° )। নদী-পুষ্করিণী-আদির শুল্ক বা রাজস্ব ; পুষ্করিণী-আদির জলের বিস্তার যাহা দেখিয়া রাজস্ব নির্দিষ্ট হয়। জল-খাবার··ষ্য. ( জল খাবার শব্দ আধুনিক ; পুরাতন শব্দ জলপান। খাবার—সম্বন্ধপদ )। জল খাবার সামগ্রী ; লঘু পথ্য, মিষ্টান্নাদি। জল-খাবারী ··ষ্য. জল পান করিবার ভোজ্যক্রয়ের নিমিত্ত পয়সা। জল-ছত্র···জলসত্র দেখ। জল-ছবি···ষ্য. জল দ্বারা যে চিত্র কাগজে বসাইতে পারা যায় ( transfer picture )। জল-জীয়ন্ত ···ণ. জলে যেমন মাছ জীয়ন্ত থাকে তেমন সত্য, বর্ত্তমান। জল জীয়ন্ত মিছা কথা··· জীয়ন্ত যাহা, সত্য যাহা, তাহাকে মরা বলা, মিথ্যা বলা। জল-ঝড় ··ষ্য. বৃষ্টি ও ঝড়। জল-টুঙ্গী···ষ্য. ( টুঙ্গী দেখ)। পুষ্করিণীর মাঝে বিশ্রাম বা কেলি-গৃহ। জল-তরঙ্গ ··ষ্য.জল-পূর্ণ বাটী দ্বারা বাদ্যবিশেষ ; বাটীতে অসমান জল রাখিয়া কাঠি দ্বারা বাজানা হয়। জল দোষ ··ষ্য. পানীয় জলের দোষে জাত রোগ, অণ্ডকোষ বৃদ্ধি রোগ (hydrocele)। জল-নালা ··ষ্য. পয়ঃ-প্রণালী। জল-নিকাশ ··ষ্য. জলের নির্গমন। জল-পথ ··ষ্য. নদী-খাল-রূপ পথ। জল-পড়া · ষ্য. যে জলে মন্ত্র পাঠ করা হইয়াছে। ( তেল পড়া দেখ )। লোকের বিশ্বাস, জল-পড়া খাইলে নজর-দোষে জাত অজীর্ণ-রোগ সারে। মন্ত্রপাঠ ঠিক হইয়াছে কি না, তাহার পরীক্ষা এই, পড়িলে জলপাত্রের তলে রক্ষিত মাপা খড়িকা বাড়িয়া উঠে, না বাড়িলে নজর দোষ লাগে নাই। জল-পীড়ি ··ষ্য. পাদপ্রক্ষালনার্থে জল, তদনন্তর উপবেশনার্থে আসন, পাদ্য ও আসন। জলপাই···ষ্য. (পাই ?)। ফলকব বৃক্ষবিশেষ ( Elæocarpus ser-

ratus)। রুদ্রাক্ষবৃক্ষ সদৃশ কিন্তু ছোট কুলের মতন। পূর্ববঙ্গের স্থানে স্থানে দেখা যায়। পূর্ববঙ্গের হিমালয়ে ও ত্রিবাঙ্কুড়ে জন্মে। লোকে ফলের ( wild olive ) কাঁচা শাঁস খায়, তেলে ফেলিয়া আচার করে। ফল নারিকেলিয়া। জলপাই…( জল-প্রাপ্তি ); ( মেদিনীপুরে ) যে জমিতে সমুদ্রের জোয়ারের জল উঠে। জল-পাত্র · ষ্য. ঘটা বা গাড়ু; রক্ষিতা স্ত্রী। জল-পান ··ষ্য. জল পান; লঘু পথ্য; যাহা খাইয়া জল পান করিতে পারা যায় (অধুনা শহরে, জল-খাবার, জলযোগ)। জল-পানী · ষা. কর্মের পুরস্কার সরূপ বৃত্তি, ( প্রায়ই ) বিদ্যালয়ে পরীক্ষায় সফল হইলে মাসিক বৃত্তি (Scholarship)। জল-পিপলী…ষ্য. ( সং জল-পিপ্পলী )। লতানিয়া বন্য শাকবিশেষ ( Commelina salicifolia )। ভিজা স্থানে জন্মে। বাঘ-লালার সদৃশ গাছ। পাতা সরু রসাল, ফুল সুন্দর নীলবর্ণ। দুই গাঁইঠের মাঝের ডাঁটা দীর্ঘ। জল-পিপি ··ষা. কুলেচর বর্গের ১৫।১৬ আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ ( The Jacana. Metopidius indicus )। পুকুরে জলের ধারে, দলের মাঝে বসিয়া পোকা শামুক খায়। পিপি শব্দ করে বলিয়া নাম। মাথা চকচকা কাল, ছোট; ঠোঁট লম্বা আগা বাঁকা; লেজ ছোট খয়রা। জল-বাতাস…ষ্য. জল-সম্পৃক্ত বাতাস; জল-বায়ু। জল-বায়ু…ষ্য. দেশের জল ও বায়ু (climate)। আয়ুর্বেদ বলেন, দেশ স্বাস্থ্যকর কিনা, তাহার বিচার করিতে হইলে দেশ কাল জল অনিল—এই চারির অবস্থা বুঝিতে হইবে। দেশ—মৃত্তিকা অর্থাৎ যে স্থানে থাকিতে হইবে; যেমন বালুকাময়, পার্বত্য, জলময়, নিম্নভূমি প্রভৃতি একপ্রকার স্বাস্থ্য-বা অস্বাস্থ্য কর হইতে পারে না। কাল—ঋতু; ঋতুভেদে একই দেশ স্বাস্থ্যকর কিংবা অস্বাস্থ্যকর হইতে পারে। জল—পানীয় জল, ও অন্য আবশ্যক জল। অনিল—বায়ু; যেমন দেশবিশেষে পূর্ববায়ু ও পশ্চিমবায়ু শরীরের একপ্রকার হিতকর হয় না। অতএব জলবায়ু বলিতে অধুনা সংক্ষেপে দেশের সমস্ত অবস্থা বুঝিতে হয়। বোধ হয়, ফাং আব হাওয়া হইতে জলবায়ু নাম হইয়াছে। জল-বিছাটি ··( বিছাটি দেখ )। জলে ভিজান বিছাটি গাছ। এই গাছ গায়ে মারিলে অত্যন্ত জ্বালা করে। জল-ভম্‌কা… জল-পূর্ণ (ভম্‌কা দেখ)। জল-মুহরী ··জল-নির্গম মুখ। জল-মুহান ··জল-নির্গমের বড় মুখ। জল-যোগ ··জল পান। জল-সত্র · ষা. ( সং )। পানীয় জল-দান, যেখানে পানীয় দান করা হয়। জল-সরা… ণ. যাহাতে জল নিঃসৃত হইয়াছে, জল পৃথক হইয়াছে, যেমন জল-সরা কালী, জল-সরা দই। জল-সরানি ··ষ্য. ( জল-সরা পানি )। পৃথক্‌ভূত জল। জল-সার · ষা. ( সং জলাসার )। জলের আসার বা ধারা, কলশী কলশী জল ঢালিয়া জল-ধারা; সর্পদষ্ট ব্যক্তির অন্তিম অবস্থায় জলাসার—নিদানকালের ব্যবস্থা। অসারে জল সার··শেষ উপায়। জল্‌জল ··ণ. জল্‌জল, দেখ। জল-জ·া, জল্‌জলিয়া ··ণ. জলবৎ, প্রঃ—জল-জলা দুধ। জলটা ·ণ. ( জল+টা)। জল-সদৃশ, প্রঃ—জলটা দুধ—যে দুধে প্রচুর জল মিশিয়াছে। তুং কালটা রং। জল

…জলের ক্ষেত্রফল, প্রঃ—পুকুরের জল এক বিঘা। পুকুরে জল কত ?—জলের গভীরতা কত। যথা, এক চাটুয়া, এক-হাঁটু, এক-জাং, এক-কোমর, এক-বুক বা -ছাতি, এক-গলা, এক-মানুষ বা -পুরুষ, -বাঁশ ; ডুবন জল সাঁতার-জল, ইত্যাদি। পাথার জল ··( সং পাথস্, পাথ—জল ; পাথ+আর=পাথার —জল-পূর্ণ )। অগাধ জল। অথল জল ·· ( সং অস্থল )। অতল জল, গভীর জল। জলে থই, থৈ পাওয়া—( সং স্থল—থই )। জলে স্থল পাওয়া। জল থই থই করা—বহু স্থলভাগ ডুবিয়া গভীর জলময় হওয়া। জলে টই-টম্বুর ( টই টম্বুর দেখ। তুং টুবু টুবু, সং ডুবুক )। জলে পূর্ণ ও উচ্চ ; লক্ষণায়, জল খাইয়া পেট টই-টম্বুর—উদর স্ফীত ও বিস্তীর্ণ। ( তুং পেট টুমেইবা—পেট টই-টম্বুর করা )। জলম্ময় ···ণ. ( সং জলময় ; বলন্যাসে বাং গ্রাং জলম্ময় )। জলময়, জলে ব্যাপ্ত। জল-শাসন ··ডঃ শাসন খনন নিমিত্ত অল্প খাজনায় প্রাপ্ত জমি। জল ··বিশেষ অর্থে, বৃষ্টি ; প্রঃ—জল হইতেছে, পড়িতেছে—বৃষ্টি হইতেছে। এক-পসলা জল ··( সং প্রসার হইতে পসলা। কবিকঃ—পসালা। উকীলের পসার—খ্যাতির প্রসার। প্রসার শব্দ সং আসার অর্থে জলের পসালা )। এক আসার। এক-তড়কা জল·· তট-তট বা তড়-তড় শব্দে অকস্মাৎ এক পসলা। কবিকঃ—বেঙ্গ-তড়কা পড়ে বাজ বরিষে মুষলধারে জল।—বেঙ্গাতড়কা ·· বেং যেমন লাফাইয়া লাফাইয়া চলে তেমন বাজ পড়ে, এবং মুষলের তুল্য স্থূল ধারায় বৃষ্টি। এক তড়্-তড়া · (সং তট-তট)। অকস্মাৎ অল্প বৃষ্টি। তুং জলের তড়্-তড়া দেওয়া। জল ঢালা ··প্রচুর বর্ষণ। ভারি বর্ষা···ভূরি বর্ষণ। ফিন্ ফিনা বৃষ্টি ··ক্ষুদ্র বিন্দু-বিন্দু আকারে বর্ষণ। গুঁড়ি ঝাড়া·· চাউলের গুঁড়ি যেমন চালনী দিয়া ঝাড়া হয়, ক্ষুদ্র-কণায় তেমন অল্পবৃষ্টি। ঝাড়িয়া জল হওয়া ···মধ্যে মধ্যে একটু একটু বৃষ্টি না হইয়া একবারে সব বর্ষণ ( ঝাড় ধাতু দেখ )। ঝম্-ঝম বৃষ্টি·· ( তুং সং ঝঞ্ঝা—ঝড় বৃষ্টি )। ঝমঝম শব্দে ভূরি বর্ষণ। ফোঁটা ফোঁটা, টোপা টোপা বৃষ্টি বড় বড় বিন্দুতে বৃষ্টি, যাহাতে জলে ফোঁটা বা টোপা উঠে। (ফোঁটা—সং স্ফুট ধাতু হইতে। বিপর্যয়ে টোফা—টোপা )। জলের, বৃষ্টির ছাট, ঝাট ·· বৃষ্টির আঘাত ( ছাট দেখ )। জলের ঝাপটা·· প্রবল ছাট বা ঝাট। জলের ঝিট ·· অল্প বা মৃদু ছাট। জল···ণ. ( সং )। শীতল, প্রঃ—গায়ের রক্ত জল হওয়া। জল ·· ণ. ( সং প্রাঞ্জল হইতে )। প্রাঞ্জল, প্রঃ —জল করিয়া বুঝাইয়া দেওয়া। ( জল-তুল্য নির্মল বা বিশদ, এমন ব্যাখ্যাও হইতে পারে। তুং তোমার কবিত্ব যেন গঙ্গাজলধার—চৈঃ চঃ )। জলা···স্ত্রী. ( জল +আ )। জল-বিশিষ্ট বা জলময় স্থান, যে বিস্তীর্ণ নিম্নভূমি বর্ষাকালে জলমগ্ন থাকে। ( বিল সবসময়ে জলপূর্ণ থাকে )। জলা··· ণ. জল-বিশিষ্ট, জলে জাত, প্রঃ—জলা ঘাস। জলাঞ্জলি···স্ত্রী. ( সং )। শব-দাহের পর চিতায় অঞ্জলি-পূর্ণ জল-নিক্ষেপ, চিতা-নির্বান নিমিত্ত। ইহা হইতে একেবারে শেষকর্ম। জলাঞ্জলি দেওয়া—একেবারে

পরিত্যাগ করা, প্রঃ—কূলে জলাঞ্জল।
জলাতঙ্ক··ষ্য. (সং। কিন্তু, আয়ুর্বেদে নাম জলত্রাস)। পাগলা কুকুর শিয়াল বিড়াল কামড়াইলে রোগী জল দেখিয়া ভয় পায়। জল দেখিয়া ত্রস্ত হওয়া রোগ (hydrophobia)। জলুয়া,জ'লো·· ণ. (সং জলবৎ হইতে বা' জল+উয়া)। জল-তুল্য, জল বিশিষ্ট, জল-মিশ্রিত, জলে জাত। প্রঃ—জ'লো দুধ,জ'লো বাতাস,জ'লো ঘাস।
জলদ ··ণ. (আং। তুং সং দ্রুত)। দ্রুত, প্রঃ—জলদ-তেতালা। জলদি ··ণ (আং জলদী— শীঘ্রতা)। দ্রুত, শীঘ্র।
জলুই ··ষ্য. (? তুং গলই)। লোহার গজাল।
জলুয়া·· জল দেখ।
জলুস ··ষ্য. (জিলা শব্দের অপভ্রংশ? জলসা?)। দীপ্তি। (২) (আং)। উপবেশন, সভা।
জল্লাদ···ষ্য. (আং)। ঘাতক
জশম·· ষ্য. (ফাং জোশন। হিংতে এক প্রকার পাথর। পুখরাজ? বোধ হয় প্রথমে এই পাথরের অলঙ্কার হইত)। পার্শ্ব-বিশিষ্ট ক্ষুদ্র স্তম্ভাকার সোনার বাহু ভূষণ-বিশেষ।
জস্তা·· ষ্য. (হিং ও। সং যশদ)। দস্তা (Zinc)। রূপ-জস্তা·· ষ্য. (হিং)। রূপার তুল্য শাদা দস্তা-বিশেষ (pewter)। বস্তুতঃ রূপ-জস্তায় রাং ও সীসা থাকে। (৫ ভাগ রাঙ্গো ১ ভাগ সীসা মিশাইয়া উত্তম রূপদস্তা হয়)।
জহর ··ষ্য. (ফাং। তুং সং গরল গ স্থানে জ?)। গরল।
জহরৎ ··ষ্য. (আং। তুং সং গহ্বর। গহ্বরে—খনিতে জাত?)। মণিমুক্তা। জহরতী··· জহরৎ-সম্বন্ধীয়।
জহরী · ষ্য. (আং জওআহির+ঈ)। মণিমুক্তা বিক্রেতা। (জোহরী দেখ)।
া···ষ্য. (বৈদিক সংস্কৃত। পরবর্তী সংতে জাত—শিশু। তুং ফাং জা, জাদা, জাদী—যেমন শাহজাদা)। (সমাসে) সন্তান, প্রঃ—ঘোষজা—ঘোষ বংশের সন্তান।
জা···ষ্য. (সং যাতৃ)। পতি-ভ্রাতৃ-পত্নী।
জা (গ্রাং) · ধাতু. যা ধাতু দেখ।
জাং···জাঙ্গ দেখ।
জাই·· ষ্য. (সং জাতি)। মল্লিকাদি বর্গের প্রসিদ্ধ পুষ্পক্ষুপ (Jasminum grandiflorum)। বঙ্গদেশে কষ্টে হয়। আরণ্য প্রদেশে ফুলে গাছ ভরিয়া থাকে। এই পুষ্প দ্বারা প্রীতি জন্মে বলিয়া সং নাম জাতি। অন্য চলিত নাম চামেলী দেখ। (হিং জাই)।
জাইগীর·· জায়গীর দেখ।
জাইট · জাঠ দেখ।
জাউ·· ষ্য. (সং যবাগূ)। (ছয়গুণ) জল দিয়া সিদ্ধ-করা চাল, যব প্রভৃতির খুদ, প্রঃ—উদর পুরিয়া খেত আউটিয়া জাউ (মাঃ)।
জাওনা·· ষ্য. (সং যা ধাতু হইতে)। জল যাইবার নালা,কুলি অপেক্ষা সরু জল-নালা।
জাওর···জাবর দেখ।
জাওলা ষ্য. (?)। মাছ ধরিবার একপ্রকার টাঙ্গা। জাওলার টোপ জলে তল হইতে চারি আঁগুল উচ্চে থাকে।
জাঁক···ধাতু. (সং যন্ত্রক হইতে। যন্ত্রীকৃত হইতে?)। জাঁকি—যন্ত্রে বদ্ধ করিয়া চাপ দিই, প্রঃ—বালিশের খোলে তুলা জাঁকিয়া দেও, জাঁকিয়া বসিয়াছে—যেন যন্ত্র দ্বারা পেষণ করিয়া। জাঁক, জাঁকা

জাঁক · ষ্য. আড়ম্বর,দম্ভ। জাঁক-জমক···ষা. (সহচর শব্দ। জমক দেখ)। আড়ম্বর, দীপ্তিশালী আড়ম্বর। জাঁকা ধাতু. (জাঁক ধাতু আস্তে)। জাঁকানা॥ জাঁকাল্··ণ. (জাঁক + আল)। জমকাল্, আড়ম্বর পূর্ণ। জাঁকুয়া, জেঁকো···ণ. (জাঁক+উয়া) দম্ভ-প্রদর্শনপ্রিয়।

জাঁকড় ··ষ্য. (জাঁক হইতে। জাঁক+ড়। হি° জাকড়)। দর্শন কিংবা পরীক্ষা নিমিত্ত দ্রব্যের বিনিময়ে অঙ্গীকার কিংবা টাকা জমা; ভূসম্পত্তি বাঁধা রাখা যে তাহার আয় হইতে কর্জা টাকার সুদ পাওয়া যাইতে পারে। জাঁকড়-বহি ··যে খাতায় জাঁকড়ের হিসাব থাকে। জাঁকড়ী ·ণ. (জাঁকড়+ঈ)। জাঁকড়ে রক্ষিত, প্রঃ—জাঁঃ গহনা।

জাগ ··ধাতু (সং জাগৃ ধাতু জাগরণে)। জাগি —অনিদ্রিত থাকি, সচেতন থাকি, সতর্ক হই; দৃশ্য হই—প্রঃ—জলে মাথাটি জাগিতেছে। জাগা॥ দৃষ্টান্তে,—অন্ধ জাগ, না কিবা রাত কিবা দিন—অন্ধের দিন রাতি সমান; লক্ষণায়, সমান অবস্থা। জাগন্ত ·· ণ. (জাগ+অন্ত)। জাগরণশীল। জাগরণ ···ষ্য. (সং)। অনিদ্রা, রাত্রিকালে না ঘুমানা। জাগরণী ··ণ. (জাগরণ+ঈ)। জাগরণ-সম্বন্ধীয়; পর্ববিশেষে রাত্রিকৃত্য; যাত্রাগান গাইয়া রাত্রিশেষ করা। জাগা ··ণ. জাগরণশীল, প্রঃ—জাগা ঘরে চুরি হয় না। জাগা ··ধাতু. জাগ ধাতু আস্তে)। জাগানা॥

জাগ···ষ্য. (জাঁক হইতে?)। পত্রাদির মাঝে রাখিয়া ফল পাকানা (জাগ দেওয়া)। জাগা ···ধাতু. জাগাই—অপক্ব ফলকে গরমে রাখিয়া পাকাই। জাগানা॥

জাগীর···ষ্য. (ফা° জা—স্থান, গীর—গ্রহণ)। জায়গীর দেখ।

জাগ্রৎ · ণ. (সং)। জাগরণশীল, প্রঃ—জাঃ দেবতা।

জাঙ্গা···ষ্য. (সং জঙ্ঘা। কিন্তু সং জঙ্ঘা— জানু হইতে গুল্ফ পর্য্যন্ত অঙ্গ। বাংতে উরু অর্থ পাইয়াছে। এই রূপ, ওংতে জঙ্ঘ, হি° মং জাঙ্ঘ। বোধ হয়, সং জাঘনী— উরু হইতে জঙ্ঘা শব্দের অর্থান্তর ঘটিয়াছে)। উরু। জাঙ্গিয়া ষ্য. (জাঙ্গা+ইয়া)। যে ক্ষুদ্র বস্ত্র কেবল জাঙ্গা আবরণ করে, কিংবা জানু পর্য্যন্ত বিস্তৃত হয়।

জাঙ্গাল ··ষ্য. (সং জঙ্গাল—শব্দকল্পঃ)। উচ্চ আলি, রোধ বা বাঁধ (শূংপুঃ), উচা ডাঙ্গা (কবিকঃ)।

জাঙ্গাল ··ষ্য. (সং জাঙ্গুল—বিষ; সং জাঙ্গাল—জঙ্গাল-সম্বন্ধীয় হইতে। সং জঙ্গাল—বৈদ্যকঃ। ফা° জঙ্গার)। তাম্র-ঘটিত ঘাসবর্ণ রঙ্গ বিশেষ (verdigris— an acetate of copper)। তামা-শেঁখো-গন্ধক-যোগ হেতু জাঙ্গাল-রঙ্গ বিষ।

জাচ · যাচ ধাতু দেখ। (হি° জাঁচ ধাতু)।

জাজিম ··ষ্য. (ফা°)। বিচিত্র বস্ত্রনির্মিত আসন-বিশেষ।

জাঠা, জাঠী ··ষ্য. (সং যষ্টি)। সে কালের লোহার যষ্টির যুদ্ধাস্ত্রবিশেষ।

জাঠি, জাঠ · ষ্য. (সং যষ্টি। সং যষ্টি হইতে সংপ্রা° লট্‌ঠী। জাঠ শব্দ পরিবর্তে লাঠ বা লাঠ শব্দও চলিত আছে। হি° জাঠ, মং লাট। ওং নাম কাঠ)। দীর্ঘ যষ্টি, পুষ্করিণীর ভাঁড়ারে অর্থাৎ মধ্যস্থলে পোতা কাঠ, (শূং

পুঃ—মালজাট—মল্লযষ্টি ?); ঘণাগাছের গর্ত্তে যে দীর্ঘ কাঠ ঘুরিয়া পিষিয়া সরিষা তিল প্রভৃতি হইতে তেল বাহির করে; হুঁকার নলিচা।

জাড় ··ষ্য. (সং জড—হিমগ্রস্ত, জাডা—শীতলত্ব। মং জড—শীতল। তুং সং জল। হিং জাড়া, ওং জাড)। শীত (কৃত্তিঃ উং)। জাড় কাল ··শীতকাল। জাড় লাগা—শীত বোধ করা। জাড়ে হাত পা আড় ··শীতে আড়ষ্ট।

জাড়ি ··ষ্য. (জ্বর-জারি; জ্বর-জাড়ি। জ্বর হইতে জাড়ি—অনুচর শব্দ)। জ্বর। (অপ্রচলঃ)

জাড়ী··ষ্য. (সং জটা হইতে। অগদবৃক্ষের শিকড়, প্রঃ-ধনের জাড়ি পড়িবেক তোমার হাতেতে (চৈঃ চঃ)। (অপ্রচঃ)

জাড্য ··ষ্য. (সং)। জড়তা; শীতবোধ; মূর্খতা।

জাড্য (গ্রাং) ··ষ্য. (সং দার্ঢ্য)। দৃঢ়তা, প্রঃ—লোককে জাড্য করিয়া ধরা; যাবে কোথা যোগী ঠাকুর জাড্য করে বল (মাঃ)—সত্য করিয়া।

জাত, জাৎ ··ণ. (সং জাত)। প্রশস্ত, আসল, প্রঃ—জাত সাপ। (২) আনীত,রক্ষিত প্রঃ—গোলাজাৎ করা—গোলাতে রাখা। ··ষ্য. (সং)। জাতি, প্রকার, প্রঃ—আমের অনেক জাত বা জাৎ আছে। (এখানে জাত—প্রকার—variety)।

জাত, জাৎ ··ষ্য (সং যাত্রা—উৎসব)। সমাগত বহু লোকের উৎসব, উৎসব উপলক্ষে বহু লোকের সমাগম, মেল, প্রঃ—বারুণী দিনে দীঘির জাত বসে; শনি কুজবারেতে করিহ মোর জাত (কবিকঃ)।

জাত ··ষ্য. (সং)। সমূহ, প্রঃ—দ্রব্য-জাত (কবিকঃ, ভাঃ)। ণ. উৎপন্ন, প্রঃ—কথা জাত হয়।

জাতক···ষ্য. (সং)। যে জন্মিয়াছে তাহার জন্ম-কোষ্ঠী; জাত-কর্ম। জাত-কর্ম ··ষ্য. (সং) শিশুর জন্মকালীন কর্ম। "তিন দিনে নিদয়ার সুপথ্য পাঁচন॥ পাঁচদিনে পাচুটি পাউস বিসর্জন। ছয়দিনে ষাট্যারা করিয়া জাগরণ॥ আটদিনে কৈল আট কলাই ধর্ম্মকেতু। নয় দিনে নবনক্তা কৈল শুভহেতু॥ ষষ্টিপূজা একুশে করিল একমাসে।"—কবিকঃ। অদ্যাপি প্রায় এই-রূপ আছে। পাচন—গ্রাং পাঁচন। পাঁচটি গ্রাং পাঁচুটি—পাচ দিনে কৃত্য। পাউস ? ষট্রা—ছয়দিনে বা রাত্রে কৃত্য, গ্রাং ষেটেরা। আট কলাই—আটপ্রকার কলাই ভাজা। নবনক্তা—নব—নয়, নক্ত—রাত্রি—নবম রাত্রে কৃত্য, গ্রাং নক্তা। ষষ্ঠী পূজা—শিশুপালিকা (কৃত্তিকা)-ষষ্ঠী দেবীর পূজা।

জাঁত ··ষ্য. (সং যন্ত্র। ওং জন্তা)। যন্ত্র; সোনা রুপার তার টানিবার ছিদ্রযুক্ত ইস্পাত। (জাঁতা, জাঁতী দেখ)। জাঁত ··ধাতু. (সং যন্ত্র্ ধাতু সঙ্কোচ, বন্ধনে)। জাঁতি—যন্ত্রে বদ্ধ করি, যন্ত্র দ্বারা আকর্ষণ, পেষণ করি; প্রঃ—সিংহের দশন ভাঙ্গে অঙ্গে যেন জাঁতয়ে কিঙ্কর (কবিকঃ); জাঁতিয়া গাঁথিয়া সোণা সাঁড়াশীতে টানে গুণা, নিরূপণ সূতার সঞ্চার (কবিকঃ)—জাঁতিয়া——যন্ত্রে পরাইয়া, গাঁথিয়া—যন্ত্রের ছিদ্রে পরাইয়া। গুণা—তার (কবিকঙ্কণের সময়ে ফাং তার পরিবর্তে সং গুণ—শব্দ চলিত ছিল)। সূতার সঞ্চার—এক থাই সূতামাত্র

প্রবেশ করিতে পারে, এমন সূক্ষ্ম। জাঁতা॥
জাঁতা…ধাতু.(জাঁত ধাতু আস্তে)। জাঁতানা॥
জাঁতা…ষ্য. ( সং যন্ত্র )। গম-কলাই পেষা যন্ত্র। ( দুই 'পাটী' পাথর, মাঝে গুঁজি—কীলক। বাং জাঁতা, ওং চকী, হিং চক্কী, মং জাঁতে। পাথরের দুই চক্র বলিয়া চাকী। বাং ও মংতে সং যন্ত্র হইতে নাম )। ( ২ ) কামারের ভস্ত্রা ( ওং ভাতিআ )।
জাতাঙ্কুর…ষ্য. ( সং )। যবধান্যের জাত অঙ্কুর ( মাঙ্গলিক )।
জাতি, জাত ‥ষ্য. ( সং জাতি ) জন্ম, বংশ, ব্রাহ্মণাদি বর্ণ, প্রকার। প্রঃ—জাতিতে ব্রাহ্মণ—জন্মে। জাতি ব্রাহ্মণ জন্মে ব্রাহ্মণ, কর্মে অব্রাহ্মণ। জাতিতে মুসলমান—জন্মে। জাতিতে ম্লেচ্ছ—বংশ, ধর্মে। গুণ কর্ম-বিভাগে জাতির সৃষ্টি হইয়াছে। বস্তুতঃ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র—চারি জাতি নহে, চারি বর্ণ। চলিত কথায়, হিন্দুর জাতি ছত্রিশ, প্রঃ—ছত্রিশ জাতের ভাত খাওয়া। জাতে উঠা—নষ্ট-বংশ পুনঃ-প্রাপ্তি। জাত ক্ষয়ানা—জাতি হারানা। জাত খাওয়া—জাতি নাশ। জাত-ভাই ‥এক জাতির লোক। জাত দেওয়া—জাত্যন্তর গ্রহণ। জাত মারা—জাতি নাশ করা। জাত যাওয়া—জাতি নষ্ট হওয়া, অপবিত্র হওয়া। জাত লওয়া—সতীত্ব নাশ করা। জাতি-কুল …(সহচর শব্দ)। বংশ। বে-জাত ‥বিগত-জাতি,নষ্ট-জাতি। জাত্যংশ ‥প্রধান চতুবর্ণের অন্তর্গত জাতি, প্রঃ—জাত্যংশে হীন।
জাঁতী…ষ্য. ( সং যন্ত্র—জাঁতা, + ঈ ক্ষুদ্রার্থে )। সুপরী-কাটা কাতি। জাঁতী-কল ‥জাঁতীর তুল্য কল, ইন্দুর-ধরা কল-বিশেষ।

জাদ ‥ষ্য. ( ? সং জতু হইতে ? )। খোপ, খোপনা, প্রঃ—সুরঙ্গ পাটের জাদে বিচিত্র কবরী বান্ধে ( কবিকঃ )। ( অপ্রচঃ )
জাঁদরেল ( গ্রাং ) ‥ষ্য. ( ইং general হইতে )। সেনাপতি, নায়ক।
জাদু ‥ষ্য. ( সং জাত—শিশু, আদরে উ। সং যাদব হইতেও আসিতে পারে। হিং জাঁতা—শিশু )। আদরে বাৎসল্যে শিশু। ( ছেলেকে মা যেমন নীলমণি—কৃষ্ণ—বলিয়া ডাকেন, যাদু, যাদুমণি—যাদব, যাদবমণি—বলিয়াও ডাকেন। মাণিকে, লাউসেনকে যাদব নামে ডাকা হইয়া ছ )। জাদুমণি ‥আদরে শিশুর নাম। জাদু… উপহাসে, অশিষ্ট সম্বোধনে, প্রঃ—এবার জাদু দেখা যাবে।
জাদু ‥ষ্য. ( ফাং। প্রাচীন সং জাতু, জাতু-বিদ্যা )। কুহক, ভেলকি। জাদুগর, জাদুকর ‥ষ্য. ( ফাং জাদুগর )। কুহকী। জাদুগরি ‥ষ্য. কুহকবিদ্যা। জাদু-ঘর… ( আধুনিক শব্দ। ইং museum—যেন কুহক দ্বারা আনীত দ্রব্যাগার )। অপূর্ব দ্রব্যাগার। জাদু-বিদ্যা ‥হাতের ক্ষিপ্রতায় দ্রব্যের আবির্ভাব ও তিরোভাব। (ভোজবিদ্যা দেখ )।
জান…ধাতু ( সং জ্ঞা ধাতু জ্ঞান। সংতে জানাতি, এই হেতু দেশভাষায় জান ধাতু )। জানি—অবগত আছি, বুঝি। জানা॥ জানা-জানি…ষ্য. লোকের নিকট প্রকাশ। জানা-শোনা…ষ্য. পরিচয়, জ্ঞান। জানিত ‥ণ. ( সং জ্ঞাত )। জানা, জ্ঞাত। না জানি… জানি না। ব্য-সরূপ প্রয়োগ হয়, 'না জানি কত দুঃখ আছে'—খেদে, বিস্ময়ে।

কি জানি ··সন্দেহ-প্রকাশে, ব্য-সরূপ, প্রঃ—কি জানি চোর আসিতে পারে। জানিতে, জান্তে ·( সং জানতঃ )। জ্ঞাত অবস্থায়, জ্ঞাত হইলে, প্রঃ—জান্তে একাজ করিত না—পূর্বে ফল জানিতে—বুঝিতে পারিলে। নিষেধে অ-জানা, অ—জান্তে। প্রঃ—অজান্তে পাপ নাই জান্তে পাপ—জ্ঞানকৃত কাজে পাপ, অজ্ঞানকৃত কাজে পাপ নাই। জানবি ( গ্রাং ) ··ণ. (সং জ্ঞাপিত হইতে )। জ্ঞাত, জানা, প্রঃ—জানবি লোক। জানবিৎ...ণ. ( স. জ্ঞানী, বিৎ )। পরিচিত, জানা, প্রঃ-জানবিৎ লোক। জানা ··ধাতু. ( জান ধাতু আস্তে )। জানাই—প্রকাশ করি, বোধ করাই, জ্ঞাত করাই। জানানা জানানি॥ জানান ··ষ্য. ···ষ্য. বোধ, লক্ষণ-প্রকাশ, প্রঃ—বৃষ্টি হইবে,মেঘে জানান্ দিয়াছে ; রোগ জানাইয়াছে—রোগের লক্ষণ দেখা দিয়াছে। জান ...ষ্য. ( সং জ্ঞ ) দৈবজ্ঞ।

জান...ষ্য. ( ফাং। সং জীবন )। জীবন, সারাংশ ; প্রেয়সী ( জানানা দেখ )। সঙ্গীতে যে রাগে যে সুর অধিক লাগে কিংবা অধিক কাল স্থায়ী করিতে হয়, অপর নাম বাদী সুর। ··( ফাং আঘাত করা )। সমাসে, যে হত করে, প্রঃ—রাহা-জান—পথদস্যু। জানোয়ার ··ষ্য. (ফাং জানবার )। জীবনবিশিষ্ট অর্থাৎ জীব, প্রায়ই চতুষ্পদ হিংস্র জন্তু ; নির্বোধ ( গালিতে )। জান-বাচ্চা ··ষ্য. ( জান—জীবন, স্ত্রী ; বাচ্চা—বৎস্য ; প্রায় সহচর শব্দ )। স্ত্রী-পুত্র, প্রঃ—জানবাচ্চা এক খাদে গাড়িব হারামজাদে ( ভাঃ )।

জানানা · ষ্য. ( ফাং জান। তুং সং জনী—নারী। আসাং-তে জনী চলিত আছে। জান+আনা )। নারীর যোগ্য ; ইহা হইতে নারী। জানানা-শআরী...যে শআরী বা যানে নারী আছে।

জানালা, জানলা ··ষ্য. ( পর্তুং Janella—window। তুং জালানা—সং জালান্তর। জালনা শব্দও চলিত আছে )। ঘরে আলোকবায়ু-প্রবেশ-দ্বার, গবাক্ষ।

জাপটা ··ধাতু. ( ঝাপটা, সাপটা, সাবটা—অন্যান্য রূপ। ওং জাপিবা, জাবুড়িবা—বেষ্টিত করিয়া ধরা ; মং সাঁপড়ণেঁ—পতিত হওয়া, ধরা। তুং বাং চিতপটানা—চিতপাত হওয়া। অতএব সা, জা, ঝা,-পাটা। স-পাটা—সং সম্পাতিত—মিলিত—করি, কিংবা সং সম্বেষ্টিত—করি। সম্ এর অনুনাসিকত্ব মংতে আছে। তুং ঝাঁপ ধাতু আবরণে )। জাপটাই—বেষ্টিত করি, বেষ্টন করিয়া ধরি। জাপটানা॥

জাফরান ··ষ্য. (আং জাফরান। Ital. Zafferano। হিং জাফরান, অন্য নাম কেসর )। কুঙ্কুম। পারস্য ও কাশ্মীর দেশীয় শাকবিশেষের (Crocus sativus ) ফুলের গর্ভকেশর। কখন কখন জাফরানের সঙ্গে কুসুম ফুল মিশ্রিত হইয়া বাজারে বিক্রয় হয়। কুঙ্কুম দেখ।

জাফরী···ষ্য. ( আং )। বাঁশের শলাতে রচিত রন্ধ্র-পূর্ণ চাঁচ।

জাব...ষ্য. ( সং যবস, জবস—ঘাস )। গোরুর খাবার নিমিত্ত কাটা খড়। জাবনা···ষ্য. ( না—ক্ষুদ্রার্থে )। ছোট ছোট করিয়া কাটা খড়, প্রায়ই খইল-জল মিশ্রিত, ছুবি।

**জাব** ··ষ্য. ( সং যাব—অলক্তক )। ঈষৎ রক্ত বর্ণ, প্রঃ—পুরানা কাঁসা ও ভরণে জাব ধরে —গায়ে ঈষৎ রক্তবর্ণ আবরণ পড়ে। ( এই জাব হইতে কাঁসায় গাব ধরে। )

**জাবকা** ··ধাতু. (জব্-জব দেখ। জব্-জব করা —জাবকা )। জাবকাই—জল দিয়া মাখি, প্রঃ—কাঁথ দিবার কাদা জাবকানা॥ কখন কখন 'জাব করা' বলা যায়।

**জাবড়া** ··ধাতু. ( জব্-জব হইতে। কিংবা চ্যাবিত হইতে। জোবড়া দেখ )। জাবড়াই —অতিসিক্ত করি, প্রঃ—ডাইলে ভাতে জাবড়া করা। জাবড়ানা॥ ( জাবড়া শব্দ হইতে বুঝা যায়, জাবড় ধাতুও আছে )।

**জাবড়ী বুড়ী** ··( জাবড় ধাতু হইতে ? )। সূতিকা-গৃহের পশ্চাতে যে গোমুণ্ড হাড় সিন্দুর গোবর কড়ি দিয়া রাখা হয়।

**জাবনিক** · যাবনিক দেখ।

**জাবর, জাওর** ··ষ্য. ( বোধ হয়, জাব হইতে। সং যবস—ঘাস : জাব+র—তৃণ-সম্বন্ধীয় কর্ম। ওং পাগুলি ; হিং পাগুর,জুগালী ; মং রোঁথ—সং রোমন্থন। রাঢ়ে জাবর, জাওর প্রচলিত নাই। আছে পাজ ( করা )— ভুক্ত তৃণ-পঞ্জী। ওং পাকল—পক্ব। সং পক্ব হইতে পাগুলি, পাগুর ? বাং পাগলা ধাতু দেখ। সং জৃ ধাতু জীর্ণ-করণে হইতে বাং জারা। সুতরাং সং জারণ হইতে জাবর আসিতে পারে না। বিশেষতঃ হিং জুগালী আসে না )। গবাদি-পশুর চর্বিত-চর্বণ বা রোমন্থন।

**জাবেতা** ··ষ্য. ( আং জাবিতা )। বিচারপদ্ধতি, প্রঃ—জাবেতা নকল—বিচারালয়ের নিয়মানুসারে প্রাপ্ত নকল ( আদাঃ )।

**জাম**...ষ্য. ( সং জম্বু। ওং জামু )। প্রসিদ্ধ উদ্যান-ফলতরু (Eugenia jambolana) কৃষ্ণবর্ণ ফল। এই হেতু কাল-জাম বলা যায়। গুড়া-জাম, গুড়ু-জাম...ষ্য. ( সং ক্ষুদ্রজম্বু,—ভাবপ্রকাশে )। ছোট বন্য তরু বিশেষ ( Eugenia fruticosa )। ফল ছোট, মটর-কলাইর মতন, বিস্বাদ অম্ল। কেহ প্রায় খায় না। গোলাপ-জাম ··ষ্য. কাল জামের তুল্য সুশ্রী তরু ( Eugenia jambos )। পাকিলে ফল গোলাপী হয়। এই ফল ( rose apple ) দেখিতে ও ঘ্রাণে ভাল, কিন্তু ভক্ষণে কিছু নয়। বন-জাম·· বন্য ক্ষুপ বা ছোট তরু বিশেষ ( Ardisia humilis )। পাতা একোত্তর, মসৃণ। ফুল প্রায় আরক্ত, পঞ্চদল। ফল গোল, প্রায় জামের মতন। কিন্তু জামের সহিত বন-জামের আকার ছাড়া অন্য বিষয়ে সাদৃশ্য নাই। বনজাম ছেলেরা খায়। এই জামের অন্য নাম ভুঁইজাম ( সং কাকজম্বু ?)।

**জামতা** ( গ্রাং )···জামাতা।

**জামদানী** ··ষ্য. ( ফাং। তুং জামা—বস্ত্র )। তাঁতে বুনিবার সময় ফুল-তোলা কাপড়।

**জাম-বাটী** ··ষ্য. ( ফাং জাম—বাটী। অতএব সহচর শব্দ। ফাং জাম—কাঁসার পিয়ালা। মালদহে জাম-খোরা। মং জাঁব—বাঁট দেওয়া জল পাত্র )। কাঁসার খুরা-হীন বড় বাটী।

**জামরুল**···ষ্য. ( ইং Jambolana হইতে )। জম্বুকাদি বর্গের উদ্যান জাত ফল-তরু ( Eugenia alba )। মাঝারি আকারের গাছ। সুশ্রী। বর্ষাকালে ফলে। ফল শাদা, মসৃণ, জলুয়া। মালয়দ্বীপ হইতে এই গাছ আনীত হইয়াছে।

জামা...ষ্য. ( ফা° জামা—বস্ত্র, লম্বা কোর্তা )। সেঁআ গাত্রাবরণ, পিরাণ। জামা-জোড়া ·· ষ্য. ( হি° জোড়া— জুতা )। জামা ও জুতা। পা জামা···ষ্য. সেঁআ পাদাবরণ বস্ত্র।

জামাই···ষ্য. ( স° জামাতৃ )। কন্যার পতি। ঘর-জামাই· ·যে জামাই শ্বশুর-ঘরে বাস করে। স্ত্রী-জামাই· কন্যা ও কন্যার পতি। কথায়, ঘর-জামাইর পোড়ার মুখ মরা বাঁচা সমান সুখ। দৃষ্টান্তে, যম জামাই ভাগিনা কেহ নয় আপনা। জামাই-ষষ্ঠী···ষ্য. নূতন প্রচলিত পার্বণ। জ্যৈষ্ঠ-মাসের শুক্ল-ষষ্ঠী-তিথিতে জামাইর পূজা-পার্বণ।

জামি ··ষ্য. ( স° )। ভগিনী। ( বা° অপ্রচঃ ; ও°তে রাজ-পরিবারে প্রচলঃ )।

জামিন (গ্রা° জাবিন)···ষ্য. ( আ° )। প্রতিভূ ; আশ্রয়, প্রঃ—ভাঙ্গা খুঁটীতে জামিন দিয়া দাঁড় করাইয়া রাখা। জামিনদার ··ষ্য. প্রতিভূ। জামিনী···ণ. জামিন-সম্বন্ধী। জামিনি···ষ্য. জামিন রাখা কর্ম। ফেল-জামিনি ··শান্তি-রক্ষার নিমিত্ত মুচলেকা ( আদাঃ )। মাল-জামিনি · টাকা দিবার নিমিত্ত জামিন হওয়া। হাজির জামিনি ·· উপস্থিত হইবার নিমিত্ত জামিন হওয়া।

জামীর ··( স° জম্বীর )। নেবু দেখ।

জামেয়ার...ষ্য. ( ? )। সর্বাঙ্গ ফুল-তোলা শাল বিশেষ।

জায় ··ষ্য. ( ফা°—স্থান ) তপসীল, বিবরণ।

জায়গা...ষ্য. ( ফা° জায়—স্থান, গা—স্থান বস্তুতঃ সহচর শব্দ। তু° স° জগৎ )। স্থান, অবকাশ ; পাত্র।

জায়গীর...ষ্য. ( ফা° জাগীর—জা—স্থান, গীর —গ্রহণ )। যুদ্ধ কর্ম-নিমিত্ত দত্ত জমি ; কর্মের পুরস্কার-স্বরূপ দত্ত জমি। জায়গীর-দার···ষ্য. ( ফা° )। জায়গীর ভোগ করে যে।

জায়ত্রি···ষা. ( স° জাতিপত্রী। ও° জাইত্রি )। জায়-ফলের বীজের সুগন্ধ আবরণ বিশেষ ( mace )। ( কখন কখন জয়ত্রি )।

জায়দা ··ণ ( আ° জাইদ, জয়াদা )। উদ্‌বৃত্ত ; অধিক।

জায়দাদ ··ষ্য ( ফা° )। সম্পত্তি। মৌরসী জায়দাদ...পৈতৃক সম্পত্তি। নীলামী জায়দাদ ·· নীলামে বিক্রেয় সম্পত্তি।

জায়ফল...ষ্য. ( স° জাতিফল )। মালক্কা দ্বীপের ও দক্ষিণ ভারতের শীতল স্থানের বৃক্ষ-বিশেষের ( Myristica fragrans) ফল ( nutmeg )।

জার · ধাতু ( স° জৃ ধাতু ণিচ ) জারি—জর্জর করি, প্রঃ— অমৃত বলিয়া গরল ভক্ষিণু, বিষেতে জারিল দে ( চণ্ডীঃ ) ( দেহ—দে )। জারা ॥ জারা...ধাতু ( জার ধাতু আস্তে )। জারাই, প্রঃ—নেবু জারাইয়া আচার। জারানা ॥ জারক · ষ্য. ( স° )। জীর্ণকারক দ্রব্য।

জারা · ষা. ( ই° Jarrah )। অষ্ট্রেলিয়া দ্বীপের বৃক্ষবিশেষ ( Eucalyptus rostrata )। ইহার কাঠ ( Jarrah wood ) কলিকাতায় বিক্রয় হয়।

জারি...ণ. ( আ° )। প্রচলিত, বর্তমান, প্রঃ ডিগ্রি জারি করা—ডিগ্রি মতন কাজ করা ( আদাঃ )। জারি-জোরি, জারি-জুরি...ষ্য. ( জারি, জোর )। প্রতাপ-প্রকাশ।

জারুয়া···ণ. ( স° জার—উপপতি, +বা° উয়া )। জারজ ( কবিকঃ )।

জারুল...ষ্য. ( ? )। ধাতক্যাদি বর্গের পুষ্পতরু বিশেষ ( Lagerstrœmia flos-reginæ )। ফুল বড় বড়, প্রায় তিন আঙ্গুল চওড়া। কাঠে কাজ হয়, কলিকাতায় বিক্রয় হয়। আসাম ও চট্টগ্রামে ব্রহ্মদেশে এই গাছ জন্মে।

জাল...ষ্য. ( সং )। মৎস্যাদি ধরিবার রজ্জু-কিংবা সূত্র-নির্মিত যন্ত্র; গবাক্ষ ছিদ্র; সমূহ; ইন্দ্রজাল। মাছ-ধরিবার জালের নাম —(১) কুঁড়া-জালী...( ছোট জাল—জালী )। কাপড়ের ছোট ঝুলীর আকার। কুঁড়া দিয়া চার হয় বলিয়া নাম। ইহাতে বুসা মাছ পড়ে। (২) কলি বা ফেটা জাল...( সর্প-ফটার আকার বলিয়া ফেটা। সূচাকার বলিয়া কলি নাম )। দুই পাশে বাঁশ দিয়া ত্রিকোণাকার জাল। ইহাতে চুনা মাছ পড়ে। (৩) খেয়া, খেপলা...( সং ক্ষেপ—নিক্ষেপ। ও° নাম খেপা। অন্য বা° নাম মাথা-ঘুরণী, ও° নাম মাথা-ঘুমা )। বিস্তৃত করিলে চক্রাকার, কুঞ্চিত করিলে গো-পুচ্ছের আকার। পুচ্ছের মুখে ডোর থাকে। মাথার উপরে ঘুরাইয়া নিক্ষেপ করা হয়। ( ৪ ) গাঁতি ( সং গ্রন্থন হইতে বা° গাঁথা ) অল্প-পরিসর কিন্তু অতিদীর্ঘ জাল। খয়রা, মৌরলা প্রভৃতি ভাসা মাছের মাথা গাঁথা পড়ে বলিয়া নাম। ( ৫ ) ঘাট গাঁতি...ফেটা জালের আকার, কিন্তু ছোট ত্রিকোণাকার। দুই পাশের বাঁশ ধরিয়া জাল ছুঁড়িয়া রাত্রে ঘাটের মাছ ধরা হয়। (৬) চাটনী...( চালনী হইতে )। চালনীর আকারের ছোট জাল। চাবি ...( চাপ ধাতু হইতে )। চালনীর আকার, কিন্তু বড়। পা দিয়া চাবিয়া বা চাপিয়া মাছ ধরা হয়। (৭) ডোঁড়া...( সং ডোর হইতে )। ডোরের বা দোড়ীর বোনা দীর্ঘ আয়তাকার। ইহা দ্বারা কেবল পোনা মাছ ধরা হয়। (৮) পাশ...( সং পাশ )। বড় ফাঁদ খেয়া জাল। (৯) পোলো...( সং পলব, প্লব )। বাঁশের শলার ধুতুরা ফুলের আকারের চাবি-যন্ত্র বিশেষ। ইহাকে জাল বলা যায় না। সারেং...(সং শ্রেণী হইতে ?)। সূত্রনির্মিত, দীর্ঘ আয়তাকার, ভাসা জাল। অনেকগুলা জুড়িয়া লম্বা করিয়া পুকুরের এ মাথা ও মাথা করা হয়। জালের অঙ্গ,— কাঁঠি...( সং কণ্ঠী )। জালের নিম্ন প্রান্ত ভারী করিবার নিমিত্ত লোহার কিংবা পোড়ানা মাটির কণ্ঠী। লোচ, লোট ...(সং লোচক )। জালের যে অংশে বা কোষে মাছ জমা হয়। সেত ...( সং সূত্র )। জালের প্রান্তের ও জাল টানিয়া তুলিবার ডোর। জাল বোনার শব্দ,—(১) কাঁড়িয়া, কেঁড়ো...( কাণ্ড+ ইয়া )। যষ্টি-খণ্ডে গুড়ানা সূতা বা দোড়ী। (২) জাল-বাটিয়া, জাল-বেটো...( বাটিয়া দেখ )। জাল বুনিবার শণের সরু দোড়ী। (৩) তাকুড়, তফিল...( ও° নাম সড়িঙ্গা। সং তর্কটী হইতে তাকুড়—যদ্দ্বারা সূতা কাটা হয়। ফা° তহবিল হইতে তফিল ? কোথাও কোথাও ইহাকে কেঁড়ো বলে )। জাল বুনিবার লোহার কিংবা বাঁশের মাকু। ইহার দুই প্রান্ত চেরা বা খাঁজ-কাটা। পাতি...( সং পত্র )। বাঁশের পাতলা বাখারী। ইহা ধরিয়া জালের ফাঁদ তোলা হয়। অন্য নাম ফল-কাঠি—( সং ফলক ) ফলা। ফালি...জালের যতখানি একবারে বোনা হয়। তু° কুমড়ার ফালি। পাশ

ফেলা )...( সং পাশ )। জাল বুনিবার সময় যে অতিরিক্ত ঘর বা ফাঁশ ফেলা হয়। ইহা না থাকিলে জালের আকার ক্রমশঃ প্রসারিত হইতে পারে না। ফাঁদ, ফাঁশ... (ফাঁদ দেখ। সং পাশ)। জালের ঘর। পট, পোট (পড়া)...( সং পতিত)। জাল বুনিবার সময় যে ঘর বাদ পড়ে (ভুলে)। গাছের বীজ বুনিলে কোন বীজ হইতে গাছ না জন্মিলেও 'পট পড়া' বলা হয়; তেমন, জাল বুনিবার সময় কোন ফাঁশ ফাঁক পড়িলে 'পট পড়া' বলে।

জাল...ষ্য. ( আং জআল। তুং সং জাল—ইন্দ্র-জাল, কপট)। কপট-লেখন; কৃত্রিমতা, কাপট্য। জাল-কাগজ,-খৎ...কৃত্রিম কাগজ, খৎ। জালিয়াৎ...ষা. ( আং জালিয়া+বাং আৎ ?)। কপট লেখক। জালিয়াতি ...ষা. জালিয়াতের কাজ। জাল-জালিয়াতি... ষ্য. জাল-কর্ম, জালিয়াতের কর্ম (জাল শব্দই দুইবার)।

জাল-গাঁঠি...ষ্য. ( জাল+গ্রন্থি ? হিং জাল-গঠি)। শ্যামা ঘাসের মতন কিন্তু প্রণত বর্ষায়ু তৃণ-বিশেষ ( Panicum javanicum )। দেড় হাত দুই হাত দীর্ঘ হয়। বড় জাল গাঁঠি...জালগাঁঠির তুল্য ঘাস ( P. setigerum )। লম্বা হইয়া শুইয়া বাড়ে।

জালতি ষ্য. ( সং জাল-পাত্রী)। গোরুর মুখের জাল; ফল পাড়িবার জাল-পাত্র।

জালনা...ষ্য. ( সং জাল—গবাক্ষ—অঃ। জাল +বাং না—হ্রস্বার্থে। কিংবা সং জালান্তর হইতে। জালান্তর—গবাক্ষছিদ্র। জানালা দেখ। ঝরকা দেখ। তুং নাম পঞ্জর—সং পিঞ্জর)। ঝরকা।

জালা ষ্য. ( সং অলিঞ্জর)। জল রাখার বড় কলশী।

জালাতন...জ্বালাতন দেখ।

জালিয়া, জেলো...ষ্য. (সং জালিক)। জাল দিয়া মৎস্যাদি ধরে যে জাতি, প্রঃ—সেই মৎস্য জালিয়া ধরিয়া লবে জালে (ভাঃ)। হিন্দু জাতি বিশেষ। স্ত্রীং জালিয়ানী, জেলেনী।

জালিয়াৎ...জাল দেখ।

জালী...ষ্য. ( সং জাল, জালক+বাং ঈ )। ছোট জাল, গবাক্ষ ছিদ্র; কুষ্মাণ্ডাদি-বর্গের যাবতীয় গাছের অচির-জাত ফল। এই ফল ফুলের নীচে থাকে। অন্য নাম সনি ( সং স্তন—পুষ্প )।

জাসু...ষা. ( আং জাসুস। হিং ঝাঁসু )। গুপ্ত-চর, প্রবঞ্চক। চোরের জাসু...চোরাই মাল রাখে যে ( সং যক্ষ হইতে ? )।

জাস্তি...ণ. ( আং জিয়াদতি হইতে )। জায়দা, অধিক।

জাহা ( গ্রাং )...যাহা দেখ।

জাঁহা ( গ্রাং )...যাহাঁ দেখ।

জাহাঁ...ষা. ( ফাং জহান )। পৃথিবী। জাহাঁ-পনা...ষা. ( ফাং পনা—আশ্রয়দাতা )। পৃথিবীর আশ্রয়, প্রভু (বাদশাহ সম্বোধনে)।

জাহাঁবাজ...ণ. ( আং জেহন—বুদ্ধি )। তীক্ষ্ণ-বুদ্ধি, কূটবুদ্ধি।

জাহাজ...ষা. ( আং জাহাজ )। অতিবৃহৎ নৌকা। জাহাজী...ণ. জাহাজ সম্বন্ধী; জাহাজে আনীত; বিদেশী। ষ্য জাহাজে বাণিজ্যকারী, নাবিক। দৃষ্টান্তে, আদার বেপারীর জাহাজের খবর কেন—আদার খরিদদার অল্প, আদা বিক্রয় হয় অল্প। জাহাজে অল্প সামগ্রী আসে না, আসে

প্রভৃত। এই হেতু, যাহার অল্প প্রয়োজন, তাহার অধিকে আগ্রহ সাজে না।

জাহান্নম...ষ্য. (আ° জহন্নম)। (মুসলমান ধর্মগ্রন্থের) নরক। জাহন্নামে যাওয়া—কুচরিত্রাদি হেতু বিনাশের পথে গমন।

জাহির...ষ্য. (আ°)। প্রচার, প্রকাশ, প্রঃ—বিদ্যা জাহির করা।

জিওল···ষ্য. (সং নাম জিঙ্গিনী। কিন্তু, জিওল—বোধ হয় জীবল হইতে, যাহা শীঘ্র মরে না। রাঢ়ে নাম বা-শিমুলা দেখ)। আম্রাদি-বর্গের বৃক্ষবিশেষ (Odina wodier)। আমড়া গাছের সদৃশ। পাতা পক্ষাকার, বর্ষে বর্ষে ঝরিয়া পড়ে। গাছ হইতে অজস্র নির্যাস (জিওলী আঠা) বাহির হয়।

জিগর, জিগির...ষ্য. (ফা° জিগর)। সাহস, নির্বন্ধ।

জিজিয়া...ষা. (আ°)। অ-মুসলমানের (বাস্তবিক নাস্তিকের) প্রতি মুসলমান-বাদশাহের স্থাপিত কর।

জিজ্ঞাস··ধাতু. (সং জিজ্ঞাসা হইতে)। জিজ্ঞাসি—প্রশ্ন করি, জানিতে চাই, প্রঃ—ইহা জিজ্ঞাসিব গিয়া যথা পঞ্চানন (কৃত্তিঃ)। জিজ্ঞাসা॥ জিজ্ঞাসাবাদ··ষ্য. (সং)। জিজ্ঞাসা ও বিতর্ক।

জিঞ্জির...ষ্য. (ফা° জঞ্জীর)। শৃঙ্খল।

জিত···ষ্য. (সং জিতি)। জয়। ··ধাতু. (সং জিত হইতে জিতা ধাতু হইবার ছিল। জিন ধাতু দেখ)। জিতি—জয় করি, পরাজয় করি। জেতা॥ জিতা, জেতা···ধাতু. (জিত ধাতু আস্তে)। জিতাই, জেতাই—পরাজয় করাই। জেতানা॥

জিদ, জেদ···ষ্য. (আ° জিদ)। নির্বন্ধ। জিদী, জিদ্দী···ণ. নির্বন্ধকারী, স্বেচ্ছাচারী।

জিন··ধাতু. (সং জিত শব্দ হইতে। জিত, জিন—দুই-ই হয়। ও°তে জিতিবা জিনিবা—বা° জেতা, জেনা। মেঘনাদবধে, "কে জিনিল কে হারিল? কহ ত্বরা করি"; "ইন্দ্রজিতে জিতি তুমি॥")। জিনি—পরাজয় করি, বশীভূত করি, প্রঃ—যে জিনে বিচারে বরিবা তাহারে (ভাঃ)। জেনা॥ জিনা···ধাতু. (জিন ধাতু আস্তে)। জিনাই—পরাজিত করাই। জেনানা, জিনানা॥

জিন···জীন দেখ।

জিন··ষা. (সং)। বুদ্ধ।

জিন-বাড়ী···ষা. (সং অজিন—চর্ম+বাড়ী—যষ্টি)। ভ্রমর যন্ত্র ঘুরাইবার ধনুক (ও° কমানি)।

জিনি (গ্রা°)···যিনি দেখ।

জিনিয়া···ষ্য. (ই° Zinnia)। বিদেশী পুষ্প-শাক বিশেষ (Zinnia elegans)। গেঁদার মতন ফুল হয়। গাছ বর্ষায়ু। আধুনিক উদ্যানে দেখা যায়।

জিনিষ, জিনিস···ষ্য. (আ° জিন্‌স্)। বস্তু; সোনা রূপার আভরণ। জিনিষ-পাতি, জিনিষ-পত্র··জিনিষ সমূহ (পত্র দেখ)।

জিব··ষ্য. (সং জিহ্বা)। জিহ্বা। আল-জিব···ষা. (সং তালু-জিহ্বা। তালু—তাল—আল; অল-আকার জিহ্বা বা অল-জিহ্বা মনে হয় না)। তালুদেশের ক্ষুদ্র জিহ্বা (uvula)। অন্য নাম নুড়-নুড়ি—নড়ে বলিয়া নড় নড়ি, হ্রস্বার্থে নুড়-নুড়ি। জিব ছোলা··ষ্য. (বা° ছুল ধাতু হইতে

ছোলা)। জিহ্বানির্লেখন নিমিত্ত পাতলা সরু কোমল কাষ্ঠাদি পত্র। দাঁতে জিব কাটা —লজ্জায় দন্তদ্বারা জিহ্বা দংশন; প্রঃ— দশনে রসনা কাটি গুড়ি গুড়ি যায় (ভাঃ)। জিবিয়া, জিবা ··ষ্য. (জিব+ইয়া,+আ)। জিহ্বাসদৃশ অঙ্গ, প্রঃ—ঘাণীর জিবিয়া বা জিবা। জামার জিবা ··পকেট।

জিম্‌নাষ্টিক···ষ্য. (ই° gymnastic)। ব্যায়াম।

জিম্মা ··ষ্য. (আ° জ়িম্‌মা)। ন্যাস, রক্ষণ, দায়িত্ব, প্রঃ—ভাঁড়ার জিম্মা যাঁর কাছে মা, সে জন তোমার পদতলে (রামপ্রসাদ)। জিম্মাদার···ষ্য. যার কাছে ন্যস্ত।

জিয়ল ··জিওল দেখ।

জিয়া ··ষ্য. (বোধহয় স° দংশ হইতে। দংশ হইতে ডাঁশ, ডিঁয়া, জিঁয়া। ও° জন্দা। হি° নাম চিউঁটী, ম° মুঞ্জী)। যে পিঁপিড়া দংশন করে। (পিপিড়া দেখ)।

জিয়াপুত, জিয়াপোতা ··ষ্য. (স° পুত্রঞ্জীব— ভাব-প্রকাশে। ভাব-প্রকাশে পুত্রঞ্জীব ও ইঙ্গুদী—পৃথক গাছ। অমরের টীকায় উভয়ে এক। ডাঃ উদয়চাঁদ পৃথক ধরিয়াছেন। ইঙ্গুদীর ফল মানুষে খায়, জিয়াপোতার ফল খায় না)। সুহি-আদি বর্গের পার্বত্য উচ্চ তরুবিশেষ (Putranjiva roxburghii)। পুং গাছ ও স্ত্রী গাছ পৃথক। পুং ফুলে পাপড়ি নাই, কেশর ২।৪ টা। স্ত্রী ফুলে ফল হয়। ফুল ছোট ছোট ফলে ১টা আঁঠি। কাঠ শাদা, শক্ত।

জিয়াদা ··ণ. (আ° জ়িয়াদ, জ়য়াদ—বৃদ্ধি)। উদ্বৃত্ত, অধিক। (জায়দা দেখ)।

জিন্দাজ ··ষ্য. (ফা° জের+অন্দাজ)। ছুবা। বৈঠকের লতাপাতা-আঁকা বা তোলা আচ্ছাদন।

জিরা ··ধাতু. (স° বিশ্রাম—প্রা° বিচরাম; ইহা হইতে চিরাই—জিরাই)। জিরাই— বিশ্রাম করি। জিরানা॥ জিরান···ষ্য. বিশ্রাম। জিরান-কাট ··খেজুর গাছের রস-নির্গমে বিশ্রাম দিয়া পরে কর্তন-হেতু রস-নির্গমন।

জিরাৎ ··ষ্য. (আ° জ়রাআৎ, জ়িরাআৎ)। কৃষি; চাষের জমি, প্রঃ—জমি-জিরাৎ।

জিরাফ ··ষ্য. (ই° giraffe)। আফ্রিকা দেশের দীর্ঘপদ দীর্ঘপুচ্ছ দীর্ঘগল দীর্ঘকর্ণ দীর্ঘজিহ্বা চতুষ্পদ বিশেষ। দশ হাত উচ্চ হয়।

জিল ··ষ্য. (স° ঝিল্লী)। উচ্চ সুর; বেহালার তন্ত্রীবিশেষ।

জিলা···ষ্য. (আ° জ়িলা। তু° স° জ্বল্— দীপ্তি)। জেল্লা, দীপ্তি।

জিলা ··জেলা দেখ।

জিলাপী ··ষ্য. (হি° জলেবী)। ঝিলাপী দেখ।

জিল্‌দ ··ষ্য. (আ°)। চর্ম; বহির বাঁধন চর্ম; বহি।

জিল্‌ফা ··রাগিণী বিশেষ। রাগরাগিণী দেখ।

জিশু খ্রিষ্ট ··ষ্য. (ই° Jesus Christ)। খ্রিষ্টানদের উপাস্য মহাপুরুষের নাম।

জিহ, জিহি ··ষ্য. (স° জিহ্বা)। জিহ্বা (ভাঃ)। (অপ্রচলঃ)।

জিহাদ, জহাদ ··ষ্য. (আ°)। নাস্তিকের বিরুদ্ধে মুসলমানের যুদ্ধ; মুসলমান-ব্যতীত অন্য সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধ।

জী ··ষ্য. (স° জীব, জীবন হইতে। হি° জী)। (সমাদরে, বাৎসল্যে) প্রাণ-পুত্র, প্রঃ—

বাবাজী—বাবা-জীবন। জীউ দেখ। (হি° উর্দুতে অর্থ, মহাশয়; তু° বা° বাবু)।

জী…ধাতু. (স° জীব্ ধাতু)। জী-ই—প্রাণ-ধারণ করি, প্রঃ—সেই জলে জীয়ে শাখ' ফল ফুল হয় (চৈঃ চঃ)। জীআ, জীয়া॥ জীআ, জীয়া ‥ধাতু. (জী ধাতু আস্তে)। জীআই, জীয়াই—জীবিত করি। জীআনা॥ জীয়স্ত…ণ. (স° জীবন্ত)। যে বা যাহা জীবিত আছে।

জীউ…ষ্য. (স° জীব)। জীবন, প্রঃ—জীউ রাখা, জীউ-দান; সমাদরে, বাৎসল্যে প্রাণ পুত্র, প্রঃ—বাবা-জীউ, রঘুনাথ-জীউ। (জী দেখ)।

জীন…ষ্য. (ই° jean)। মোটা ঘন-বোনা সূতার বস্ত্র বিশেষ। জীন কাপড় বুনিতে চারি পাঁচটা 'ব' ও ঝাঁপ আবশ্যক হয়।

জীন…ষ্য. (ফা°। তু° স° পর্যান)। অশ্ব-পৃষ্ঠের পর্যান। জীন-শওয়ারী…ণ. অশ্বারূঢ়।

জীন…ষ্য. (আ°)। প্রেত, দৈত্য।

জীন-বাড়ী…জিন-বাড়ী দেখ।

জীব…ষ্য. (স° জীব)। প্রাণী। জীব-জন্তু… (স°। সহচর শব্দ)। জীব। কৃষ্ণের জীব ‥ যে প্রাণীকে শ্রীকৃষ্ণ সৃষ্টি করিয়া পালন করিতেছেন, এমন শ্রদ্ধার প্রাণী; (শ্লেষে), কৃপার পাত্র। জীব…ব্য. (স° জীব)। হাঁচিলে 'জীবিত থাক' বলা। জীব…ষ্য. (স° জীব)। জীবন। জীবদ্দশা ‥জীবন-কাল। জীবৎমান…জীবিত, জীয়ন্ত। জীবন্‌-মৃত…জীবিত অবস্থায় মৃত, দেহ জীবিত, মন মৃত (শ্লেষে)। কথায়, জীব দিয়াছেন যিনি আহার দিবেন তিনি—ঈশ্বর জীবন দিয়াছেন, জীবনরক্ষার উপায়ও করিয়া দিয়াছেন। (ইহার তাৎপর্য্য এমন নয় যে মানুষ অলস হইয়া বসিয়া থাকিলে আহার আপনি জুটিবে)। জীবন ‥ষ্য. (স° জীবন)। জীবন; বাৎসল্যে জীবন, প্রঃ—বাবাজীবন (জী, জীউ দেখ)।

জীয়ন্ত, জীবন্ত…ণ. (স° জীবন্ত। কিংবা বা° জী ধাতু+অন্ত—জীঅন্ত)। জীবিত, যে বাঁচিয়া আছে। জীয়ন্তে মরা…মৃততুল্য অবস্থায় বাঁচা (মনের ক্লেশে)। জল জীয়ন্ত …জলে যেমন মাছ জীয়া থাকে, সে কথা যেমন সত্য, তেমনই।

জীয়াপুত…জিয়াপুত দেখ।

জীরা…ষ্য. (স° জীরক; জীর্যতি অনেন—অঃটীঃ)। (১) ধন্যাদিবর্গের শাকবিশেষের (Cuminum cyminum) মউরীসদৃশ ফল-বিশেষ (cumin)। মরিচের সঙ্গে এই জীরা একত্র বাটা হইয়া রাঁধিতে লাগে। জীরা-মরিচের জীরা এই জীরা। (ভাব-প্রকাশে ইহার নাম জীরক, দীর্ঘজীরক (?)। বঙ্গদেশে ইহার চাষ হয় না, অন্যত্র হয়। (২) কাল জীরা, কৃষ্ণজীরা…অন্য এক বর্গের (Ranunculaceæ) বর্ষায়ু শাক-বিশেষের (Nigella sativa) কৃষ্ণবর্ণ ত্রিকোণ বীজবিশেষ (Black cumin)। ইহাও রাঁধিতে লাগে। (ভাবপ্রকাশে কৃষ্ণ-জীর নামে যে জীরার উল্লেখ আছে, তাহা এই জীরা কিনা, সন্দেহ। কারণ পৃথ্বী, কারবী উপকুঞ্চিকা—এই সব নাম হইতে প্রচলিত কাল জীরা বোধ হয় না)। (৩) কাল জীরা, শা-জীরা…ধন্যাদিবর্গের শাক বিশেষের (Carum bulbocastanum) কৃষ্ণবর্ণ মউরী-সদৃশ ফল বিশেষ (Black cara-

way)। কাশ্মীর, আফগানস্তান প্রভৃতি স্থানে এই জীরার জন্মস্থান। সেখানে ইহার গাছ প্রায়ই বন্য অবস্থায় দেখ যায়। (ভাবপ্রকাশের কারবী, উপ-কুঞ্চিকা নাম হইতে এই জীরা বোধ হয়)। (৪) মিঠা জীরা ··ধন্যাদিবর্গের বিদেশী শাক বিশেষের (Carum carui) শ্বেতবর্ণ মউরী সদৃশ ফলবিশেষ (European caraway)। এই জীরা বিলাত হইতে আসে। (কারোয়া দেখ)। কেহ কেহ ইহাকে শা-জীরা অর্থাৎ শ্বেত-জীরক বলে।

জীরা···ষ্য. (ফা°)। শিকলের সাঁজোয়া বা কবচ।

জীর্ণ··ণ. (সং)। পরিপক, জর্জরিত, বৃদ্ধ। জীর্ণশীর্ণ·· ণ. (সং সহচর শব্দ)। জীর্ণ ও শীর্ণ। জীর্ণ জ্বর · বহুকালের পুরাতন জ্বর।

জুই, জুঁই···ষ্য. (সং যূথী)। মল্লিকাদি বর্গের প্রসিদ্ধ পুষ্প। গাছ লতানিয়া ক্ষুপ (Jasminum auriculatum); ফুল শাদা সুগন্ধ, গ্রীষ্মকালে ফোটে। (সং যূথ—পুষ্পবৃন্দ একবৃন্তে ধরে বলিয়া সং নাম যূথী, যূথিকা)। স্বর্ণ জুই, হেম জুই ··(সং স্বর্ণ যূথিকা)। ফুল জুইর মতন, কিন্তু পীতবর্ণ ও গন্ধহীন (Jasminum heterophyllum)।

জুইপানা ··ষ্য. (সং যূথিকাপর্ণী)। বাসকাদি-বর্গের ক্ষুপ বিশেষ (Rhinacanthus communis)। ফুল শাদা ওষ্ঠবৎ, পুং কেশর ২টা। দক্ষিণভারতে নাম নাগমল্লী।

জুখ, জুঁখ ··ধাতু. (সং জুষ ধাতু আশ্রয়, উপযোগ, পরিতর্পণ। ও হিং সং জোখ ধাতু তৌল, মাপ)। জুখি, জুঁখি—পরিমাণ করি, তৌল করি; প্রঃ—কাটিআ ছিড়িআ মাপিআ জখিআ সত হাথে হইল পোতা (শূং পুঃ)—মাপিয়া জুখিয়া শত হস্ত পোতা (বাড়ীর) হইল; দর করে এক মুলে জুঁখে লয় দুনা তুলে (ভাঃ)—এক মুল্যে দর করিয়া দুনা তুলায় জুঁখিয়া লয়। জোখা, জোঁখ ॥ জোঁখা দেওয়া—সমান কি না তাহা পাশে পাশে রাখিয়া দেখা। লেখা জোখা করা—(সহচর শব্দ)। লেখা করা, হিসাব করা। মাপ-জোখ · (সহচর শব্দ)। মাপ।

জুঝ ··ধাতু. (সং যুধ ধাতু)। জুঝি—যুদ্ধ করি। জোঝা॥ লক্ষণায়, কর্মনির্বাহ, প্রঃ—প্রত্যহ রান্নাঘরে হাঁড়ির সঙ্গে জোঝা যে-সে কথা নয়! জুঝা, জোঝা ··ধাতু. (জুঝ ধাতু আন্তে)। জোঝানা॥ জুঝারু ··(জুঝ +আরু)। যোদ্ধা।

জুট···ধাতু (জুড় ধাতু দেখ। সং যৌট, যৌড ধাতু যোগে—হইতে?) জুটি—যুক্ত হই, মিলিত হই, সম্ভাব্য হই, প্রঃ—সঙ্গীরা আর জুটিতে পারিল না, পরিতে একটু কাপড়ও জোটে না। জোটা॥ জোট ··ষ্য. দল, প্রঃ—জোট বাঁধা। জোট-পাট (পরে দেখ)। জোটা ··ধাতু. (জুট ধাতু আন্তে) জোটানা॥

জুড় ··ধাতু. (সং জুড ধাতু গতি, বন্ধন। সং যুক্ত হইতে?)। জুড়ি—বন্ধন করি, যুক্ত করি, আরম্ভ করি, আবৃত করি, প্রঃ—দুই থানা কাপড় জুড়িয়া চাদর, তাঁতে কাপড় জোড়া, উড়ে এসে জুড়ে বসা; ক্ষণেকেতে বায়ুবেগে গগন যুড়িল মেঘে চতুর্দ্দিকে কলিঙ্গ নগর (কবিকঃ)। জোড়, জোড়া,

জোড়ন ॥ জোড়া···ধাতু. ( জুড় ধাতু আস্তে )। জোড়ানা ॥

জুড়া···ধাতু ( বোধ হয় জাড়—শীত হইতে )। জুড়াই—শীতল হই, প্রঃ—তাপ জুড়ায় ( চৈঃ চঃ ), এ মনের জ্বালা জুড়াই বিরলে ( মেঘনাদবধঃ )। জুড়ানা ॥

জুড়ি···ষ্য. ( জুড় ধাতু )। সমধর্মী সহচর ( জুটি শব্দও বসে ); যাত্রাগানের যে বয়স্ক গায়কেরা জোড় বাঁধিয়া গান করে; যে দুই জন মন্দিরা বাজায়। জুড়ি-দার···ষ্য. ( জুড়ি। ফা° দার অনাবশ্যক )। যাত্রা-গানের জুড়ি। জুড়ি-দারি···ষ্য. ( জুড়ির কাজ। জুড়ি ঘোড়া · সমান দুই ঘোড়া।

জুৎ···ষ্য. ( স° যুতি—মিশ্রণ; স° যুক্তি )। উৎকৃষ্ট ধাতুর সহিত নিকৃষ্ট ধাতুর মিশ্রণ ( alloy ); এক শের তামার সহিত যে পরিমাণ দস্তা মিশানা হয়, যেমন এক শের তামার সহিত চৌদ্দ ছটাক দস্তা মিশাইলে, জুৎ—চৌদ্দ ছটাক দস্তা, অর্থাৎ যুক্তি—পরিমাণ বা ভাগ। (২) স্বাস্থ্য, সুবিধা, প্রঃ—শরীরের জুৎ নাই ( স° দ্যুতি বা জ্যোতিঃ ? )। জুৎ-আলা···ণ. স্বাস্থ্যসম্পন্ন, সুন্দর, সুবিধা-জনক। জুৎ মাফিক · পরিমাণ মতন, সুবিধা মতন। জুৎ-বরাৎ···সুবিধা ( বরাৎ দেখ )। জুৎ-জাৎ · ( জাৎ—প্রচর শব্দ )। জুৎ।

জুত···ধাতু. ( স° যোক্ত্র, যোত্র হইতে )। জুতি—যুগাদিতে রজ্জু—প্রায়ই চর্মরজ্জু দ্বার বাঁধি। জোতা ॥ গাড়ীতে ঘোড়া জোতা, লাঙ্গলে গোরু জোতা—চর্ম-রজ্জু দ্বারা বাঁধা। জোতা···ধাতু. ( জুত ধাতু আস্তে )। জোতানা ॥

জুতা···ষ্য. ( উর্দু। ও° জোতা, হি° জূতা; স° জোতা। ও° বা°তে জুতা শব্দ পুরাতন নহে। কৃত্তিবাস, কবিকঙ্কণ, মাণিকে, পানই—স° উপানহ। চল্লিশ পঞ্চাশ বৎসর পূর্বে জোড়া, বিনামা, প-পোষ ( ফা° ) শব্দ চলিত ছিল। ও°তে জোড়া শব্দ অদ্যাপি চলিত আছে। স° পাদত্র হইতে পা লুপ্ত হইয়া দতা—জোতা—জুতা? কিংবা স° যোক্ত্র—বন্ধন চর্ম হইতে জোতা—জুতা। তু° ম° জুর্তে—চর্মবদ্ধ খড়ম )। পাদুকা। চটী জুতা··পাতলা জুতা, ঘোড়-তোলা জুতা নহে। ঘোড়-তোলা জুতা··· ( স° ঘুট—গুল্ফ )। গোড়ালি-তোলা জুতা। জুতা-বরদার···ষ্য. ( ফা° বরদার )। পাদুকা-বাহক ভৃত্য। জুতাস্ত ( করা ) · ণ. ( জুতা + বা° বস্ত—বিশিষ্ট অর্থে )। জুতা-বিশিষ্ট ( করা ), জুতা দ্বারা প্রহার। জুতা খাওয়া—পাদুকা দ্বারা প্রহার ভোগ করা, অতিশয় অপমানিত হওয়া। জুতা মারা—পাদুকা দ্বারা প্রহার। জুতা যোগানা—পায়ের কাছে জুতা ধরা। গোরু মেরে জুতা দান—গোরু হত করিলে হিন্দুকে প্রায়শ্চিত্ত করিতে হয়। হত গোরুর চর্ম-নির্মিত পাদুকা ব্রাহ্মণকে দান করিলে সে প্রায়শ্চিত্ত হয় না। জুতা···ধাতু. জুতাই—জুতা দ্বারা প্রহার করি। জুতানা ॥

জুতি···ষ্য. ( স° জ্যোতিঃ, দ্যুতি )। জ্যোতিঃ, প্রঃ—হেম জিনি দেহ জুতি ( কবিকঃ )।

জুদা···ণ. ( ফা° )। পৃথক। ( প্রায় চলিত নাই )।

জুন···ষ্য. (ই° June)। ইংরেজী ষষ্ঠমাস নাম। ( ১৮।১৯ জ্যৈষ্ঠ হইতে ১৫।১৬ আষাঢ় )।

জুনিপোকা, জুনিপোক···ষ্য. ( সং জ্যোতিরিঙ্গণ হইতে জোনি—জুনি। ঢাকা, পাবনা, ফরিদপুর প্রভৃতি অঞ্চলেও জুনি)। জোনাকি পোকা।

জুব্বা···জোব্বা দেখ।

জুম··ষা. ( আং জুলম হইতে )। জুলম, প্রঃ—বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম (ভাঃ)। ( অপ্রচলঃ )।

জুমর, জুমল···ষ্য. ( আং জুমলা শব্দের বহুবচন )। মোট, সমষ্টি।

জুমলা · ষ্য. ( আং )। মোট, সমষ্টি, প্রঃ—এইরূপে হিসাবে জুমলা যত হয়, ধার্য্য হয় সেই সুদ জানিবে নিশ্চয় ( শুভঙ্করী )।

জুয়া···ধাতু ( সং যোগ হইতে )। জুয়াই—যোগাই, যোগ্য হই, প্রঃ—এই পাপঘরে রহিতে নাহি জুয়ায় ( কবিকঃ ); ঐ সব সিদ্ধান্ত গূঢ় কহিতে না যুয়ায় ( চৈঃ চেঃ ); কর্ণ বলে সেই কথা মুখে না জুয়ায় ( দাতাকর্ণ )। জুয়ানা॥

জুয়া···ষ্য. ( সং দ্যূত )। পণ রাখিয়া ক্রীড়া। জুয়া-খেলা ··দ্যূত-ক্রীড়া। জুয়ার ··ষ্য. (দ্যূত+আর)। জুয়াখেলাসক্ত, প্রঃ—পূর্ব্ব সত্যযুগে এক জুআরের কথা (চৈতন্যমঙ্গল) জুয়ারী ···ষ্য. ( দ্যূত+আরী )। দ্যূতক্রীড়াসক্ত। জুয়াচোর, জুয়াচ্চোর ··ষ্য. ( দ্যূত-চৌর )। দ্যূতক্রীড়ায় যে প্রতারণা করে; অত্যন্ত ধূর্ত ব্যক্তি। জুয়াচোরি, জুয়াচ্চোরি ·· ষ্য. জুয়াচোরের কাজ, প্রতারণা। (চৈতন্য-মঙ্গলে, জুআর চোর, প্রঃ—জুআর চোরের কথা শুন এক চিত্তে; অতএব বোধ হয়, জুয়াচোর—বস্তুতঃ জুয়ার চোর—সহচর শব্দ। এই কারণে জুয়াচ্চোর—চ এর দ্বিত্ব ঘটিয়াছে )।

জুয়াল, জুআল···ষ্য. (ওং জুআঠ্ঠি, হিং জূহড়, জুআ; মং জূঁ। শূংপুরাণে জুআল। বোধ হয়, সং যুগ+বাং ল, আল—স্বার্থে)। রথ গাড়ী লাঙ্গাল প্রভৃতির যে কাঠ বা বাঁশ গোরুর কাঁধে বাঁধা থাকে। জুয়ালী···ষ্য. ছোট জুয়াল।

জুরি ··ষ্য. ( ইং Jury )। বিচারালয়ে বিচারকের সহিত যাঁহারা ঘটনার সত্যাসত্য বিচার করেন।

জুল···ধাতু. জুট ধাতুর রূপান্তর—মিলিয়া-জুলিয়া—মিল ধাতুতে ল আছে বলিয়া জুট স্থানে জুল হইয়াছে। জুল ধাতুর অন্য পদ প্রচলিত নাই।

জুল-জুল ··বা. জ্বল-জ্বল দেখ।

জুলম, জুলুম ··ষ্য. ( আং জুলম )। উৎপীড়ন, অত্যাচার।

জুলাই···ষ্য. ( ইং July )। ইংরেজী সপ্তম মাস নাম ( ১৬।১৭ আষাঢ় হইতে ১৫।১৬ শ্রাবণ )।

জুলাব, জোলাপ ··ষ্য. (আং জুল্লাব)। ভেদক ঔষধ।

জুলী···ষ্য. ( সং চুল্লী )। দীর্ঘ চুলী, প্রঃ—আখের গুড় পাক করিতে মাটিতে জুলী কাটা হয়; অল্প পরিসর দীর্ঘ খাদ। (শূংপুং—জোলি )। জোল দেখ।

জুল্‌ফি···ষ্য. ( ফাং জুল্‌ফ্‌ )। কুন্তল, কাণঝাপটা, কর্ণমূলের নিকটের কেশ, ( সং কাকপক্ষ; ওং গাল-মোচা—গালের মোছ। চণ্ডীদাসে জুলুফা। চণ্ডীদাসে এই শব্দ আসে কেন ? )।

জূয়া, জূআ···জুয়া দেখ।

জূ-জূ···ষ্য. ( সং জূঃ—পিশাচী—মেঃ; সং

জিঃ—পিশাচ)। অন্ধকারের পিশাচ (৫° অন্ধার-গুড়-গুঁড়ি)। জূ-জুর ভয় দেখানা—অন্ধকারে অ-দৃষ্ট পিশাচের ভয় প্রদর্শন; ইহা হইতে বৃথা ভয়-প্রদর্শন।

জে (গ্রা°)···যে দেখ।

জেঠ···ণ. (স° জ্যেষ্ঠ)। যাহা অগ্রে পাকে, প্রঃ—জেঠ ধান, অর্থাৎ নামি ধান নহে। জেঠিয়া, জেঠ্যে···. (জেঠ+ইয়া)। জেঠ পাকা সম্বন্ধীয়; যে জমিতে শস্য জেঠ পাকে।

জেঠা···ষ্য. (স° জ্যেষ্ঠ-তাত)। পিতার জ্যেষ্ঠ ভ্রাতা। জেঠাই···ষ্য. (স° জ্যেষ্ঠআর্যিকা। হি° জিঠানী—স° জ্যেষ্ঠতাত পত্নী)। জেঠার পত্নী। জেঠ-তাত, জেঠাত ভাই··· জ্যেষ্ঠতাতের পুত্ররূপ ভ্রাতা। জেঠশ্বশুর··· শ্বশুরের জ্যেষ্ঠ ভ্রাতা। জেঠশাশুড়ী, জেঠ-শাশ···শ্বশুরের জ্যেষ্ঠভ্রাতার পত্নী। জেঠা···ণ (স° জ্যেষ্ঠতাত)। পিতার অগ্রজ—অতএব বহুদর্শী অভিজ্ঞ, ইহা হইতে প্রগল্ভ। জেঠামি···ষ্য. (জেঠা+আমি)। প্রগল্ভতা।

জেঠী···ষ্য. (স° জ্যেষ্ঠী)। টিকটিকি, প্রঃ—জেঠি ডাক নীলাম্বর করিল শ্রবণ (কবিকঃ)। (পাঁজীতে জেঠী টিকটিকির ফল লেখা থাকে—কিন্তু, যাহা জেঠী তাহা টিকটিকি)।

জেদ···জিদ দেখ।

জেন (গ্রা°)···যেন দেখ।

জেব···ষ্য. (আ°)। জামার পকেট বা থলী।

জেমন (গ্রা°)···যেমন দেখ।

জেয়াদা···জায়দা দেখ।

জের···ষ্য. (ফা°)। নিম্নস্থ হিসাব। ব্য. নীচে, প্রঃ—জের টানা—নীচে নামানা।

জেরবার···ণ. (ফা° জের—নীচে, বার—ভার)। ভার-গ্রস্ত, জর্জরিত, প্রঃ—রোগে জেরবার।

জেরা···ষ্য. (আ° জুরা—অস্বীকার)। আদালতে আসামী ও সাক্ষীকে কূটপ্রশ্ন।

জেল···ষ্য. (ই° jail, gaol)। কারা। জেলখানা···ষ্য. কারাগার। জেল-খালাসী···ষ্য. কারাদণ্ড হইতে যে মুক্ত হইয়াছে। (খালাসী কারণ—জেলে খাটিতে হয়)। জেল খাটা—কারাগারে দণ্ডভোগ করা। জেল দেওয়া—কারাগারে প্রেরণ।

জেলা···ষ্য. (আ° জিলা)। প্রদেশের ভাগ বা মণ্ডল, ডিষ্ট্রিক্ট; কাগজে হিসাবের এক এক সারি (জমিদারীঃ)। জেলাদার··· কাটাখালের কর্মচারী। জেলাদারি··· জেলা-দারের কাজ।

জেলিয়া, জেলো···ষ্য. (জালিয়া দেখ)। ধীবর, জাতিবিশেষ। স্ত্রী° জেলিয়ানী, জেলেনী। জেলে-মালা···জেলিয়া ও মালা (সহচর শব্দ)। মালা—মাল্লা—যে ধীবর নৌকা বাহে।

জেল্লা···ষ্য. (ফা° জিলা। তু° স° জ্বল ধাতু, স° ঝিলী)। দীপ্তি।

জেহাদ···জিহাদ দেখ।

জৈন···ষ্য. (স°)। বৌদ্ধ-সম্প্রদায়বিশেষ। বিহারে মহাবীর দ্বারা উৎপত্তি। দিগম্বর, শ্বেতাম্বর, স্থানকবাসী—তিন শাখা।

জৈবন (গ্রা°)···ষ্য. (স° যৌবন)। যৌবন।

জৈমিনি (গ্রা° জৈমুনি)···ষ্য. (স° জৈমিনি)। পুরাতন ঋষি বিশেষের নাম। ইহাঁর নাম-স্মরণে বজ্রাপাত নিবারিত হয়, এই বিশ্বাসে বজ্রপাতের সময় লোকে জৈমিনি জৈমিনি

উচ্চারণ করে। ( ওড়িশায় পণ্ডিতে আর এক বজ্রবারক—বৈশম্পায়নের নাম স্মরণ করেন )।

জো ··ষ্য. ( সং যোত্র—যুগাদিবন্ধন রজ্জু ; জোত্র দেখ। সং যোগ )। সূত্র, খাই ; উপায়, সুযোগ, উত্তম অবসর, (নদীয়ায় এক অর্থ, ভূমির কর্ষণোপযোগী অবস্থা ), তাঁতে কাপড় বুনিবার পূর্বে পাইট-করা সুতার জোড়া জোড়া বিভাগ। ( কোন্ খাই কোন্‌টার সঙ্গো যাইবে তাহা স্থির করার নাম জো করা ; এই জো অনুসারে ব তুলিতে হয় )। কাজের জো হারানা—কাজের সূত্র বা সুযোগ হারানা। দৃষ্টান্তে, জো পেলে জোলায় বোনে—সূত্র পাইলে অজ্ঞেও কাজ করিতে পারে।

জোক, জোঁক ··ষ্য. ( সং যুক)। অস্থিহীন জল-কীট বিশেষ (Leech)। ছিনা জোক ··ক্ষীণ জলৌকা। জোকের মুখে চুন (বা নুন)··· লক্ষণায়, যেমন কুকু। তেমন মুগুর।

জোগা ··ধাতু. (সং যোগ হইতে)। জোগাই—মিলন, নির্বাহ করাই, যোগ হই, প্রঃ—বাগদি যোগায় দোলা ( কবিকঃ ) ; মন জোগাইয়া চলা—মনের যোগ্য—মনের মতন আচরণ ; মুখে কথা যোগায় না ( প্রাচীন বাং জুয়া ধাতু দেখ )। জোগান, জোগানা। জোগানিয়া, জোগান্যে ·· (জোগান+ইয়া )। যে জোগান দেয়। মন জোগানিয়া কথা—মন যাহা চায়, তাহাতে সায় দেওয়া কথা। ( যোগ ধাতু দেখ)।

জোগাড় ··ষ্য. ( সং যোগ+বাং আড় )। আয়োজন, উপায়। জোগাড়-যন্ত্র ··( সহচর শব্দ )। উপায়। জোগাড়িয়া. জোগাড়ো ···ষ্য. ( জোগাড়+ইয়া )। যে আহরণ করে, অন্যের সহায়। জোগাড় জাগাড়··· ( জাগাড় উপচর শব্দ )। জোগাড়-টোগাড়। ( যোগাড় দেখ)।

জোগী, জুগী ··ষ্য. ( সং যোগী )। হিন্দুজাতি বিশেষ। স্ত্রীং জুগিনী।

জোচ্ছনা, জোন্‌তনা···ষ্য. ( সং জ্যোৎস্না )। জ্যোৎস্না। কাগ-জোচ্ছনা ··রাত্রি শেষের অল্প জ্যোৎস্না যখন ভোর হইল ভাবিয়া কাক কাকা শব্দ করিতে থাকে। ফুট-ফুটিয়া, ফুট্‌কুট্যে জোচ্ছনা ··স্ফুট অর্থাৎ নির্মল আকাশহেতু স্ফুট জ্যোৎস্না। জোচ্ছনায় ফিন ফোটা—এমন জ্যোৎস্না যে গাছপালা ভিন্ন-ভিন্ন—স্পষ্ট-স্পষ্ট দেখা যায়। ( ফিন্-ফিন দেখ )। ( কোথাও কোথাও জোছনা জহন্ শব্দ আছে )।

জোট...ষ্য. ( জুট ধাতু দেখ )। মিলন, দল জোট বাঁধা—দলবাঁধা, মিলিত হওয়া। এক জোটে—মিলিত হইয়া। জোট পাট ·· ষ্য. জোট—জোড়, পাট –পট্ট বস্ত্র ; অতএব জোড়াপাট বা পাটের জোড়—ধুতি চাদর। ইহা হইতে সম্পূর্ণ আয়োজন। জোটা ·· ধাতু. জুটধাতু দেখ।

জোড় ··ষ্য. ( জুড় ধাতু দেখ )। জোড়া, মিলন, যুগ্ম, যুগল। এক জোড় কাপড়—দুইখানা একত্রে। পাটের জোড়— পাটের ধুতি চাদর একত্রে বোনা। ধুতির জোড়—ধুতি ও চাদর। জোড় ভাঙ্গা—দুই সমান দ্রব্যের একটি পৃথক করা। জোড় লাগা—যুক্ত হওয়া ; পাখী সাপ প্রভৃতি তির্যক প্রাণী দম্পতীর মিলন, প্রঃ—যোড় ছাড়ি

মৃগপক্ষী করিছে আগমন (কৃত্তিঃ, অরণ্যে)। জোড়-ঘাই ··ষ্য. ( জোড়—মিলন বা যোগ, ঘাই—ঘাতি)। হানি-পথ, যে পথে বা সন্ধিতে দুই দ্রব্য মিলিত হইয়াছে। জোড়-তাড়···ষ্য. ( জোড়—মিলন, তাড়—তোড়া —মোচন )। যে যন্ত্রাদি দ্বারা দ্রব্য জুড়িতে ও পৃথক করিতে পারা যায়; লক্ষণায়, কাজের উপকরণ। জোড়া-তাড়া দেওয়া... ণ. কোন রকমে কাজের যোগ্য করা।

জোড়া···ণ. ( জুড়ধাতু দেখ )। যুক্ত, বদ্ধ, নিযুক্ত, পূর্ণ।···ষ্য. সমকক্ষ, সমান দুই-খণ্ড। প্রঃ—কাজে হাত জোড়া আছে; ঘটীর জোড়া একটি হারাইয়াছে; এক জোড়া ধুতি; এক জোড়া জুতা—জুতার দুই খণ্ড বা পাটি। জোড়া···এক জোড়া শাল, প্রঃ—জামা জোড়া গায়ে দেওয়া—জামা ও শাল জোড়া,প্রঃ—অঙ্গ হৈতে খসাইয়া দিল খাসা জোড়া ( কবিকঃ ); পাদুকা, প্রঃ—জামা জোড়া পরা। জোড়া ··কাঁসারীর বিশেষ অর্থে, তাতল পোড়াইয়া রাং দিয়া ধাতুর দুই খণ্ড যুক্ত করা, যেমন গাড়ুর নল রাং দিয়া জোড়া হয়,—অর্থাৎ প্রথম নির্মাণে জোড়া। তখন ঝালা বলা যায় না ( ঝালা দেখ )।

জোত···ষ্য. ( সং যোকৃত্র, যোত্র—যুগাদি-বন্ধন-রজ্জু, সম্পত্তি। ও° হি° জোত)। সামান্য ভূসম্পত্তি, যে জমির চাষ হয়, ভূম্যাদির অধিকার, চাষ। নিজ জোত··· স্বয়ং চাষের জমি। ভাগ-জোত···অন্যের সহিত চাষের জমি; যে জমির খাজনার পরিবর্তে উৎপন্ন খাদ্য ভাগ করিয়া লওয়া হয়। জোত ভোগ করা—প্রাপ্ত জমি দখলে রাখা। জোত-জমা ·· জমিদারের নিকট হইতে প্রাপ্ত জমির খাজানা, চাষের ও খাজনা পাইবার জমি, ভূসম্পত্তি। জোতদার···ষ্য. ( ফা° দার)। রায়ৎ, যে জমিদারের নিকট হইতে চাষের জমি ভোগ করিতেছে। সে জমি অন্য রায়তকে চাষ করিতে দিলে এই রায়ত কোর্ফা-প্রজা হয় ( প্রজা দেখ )।

জোত্র ··ষ্য. ( সং যোত্র )। সূত্র, সুযোগ, প্রঃ—জোত্র পেয়ে মাহুদ্যা যুড়িল কুমন্ত্রণা ( মাঃ )—সূত্র পাইয়া। (জো, জো-সো দেখ )।

জোন ··ষ্য. (জোচ্ছনা দেখ)। জ্যোৎস্না।

জোনাকী পোকা, জোনী পোকা, জুনী পোক ···ষ্য. ( সং জ্যোতিরিঙ্গণ। ও° জুন্ডু-জুন্ডিআ পোক)। খদ্যোত। ( জুনীপোকা দেখ)

জোন্দা,জোঁদা...ষ্য. (? জিঁয়া পিপিড়া হইতে ? তু° টক-চুন। ও° জন্দা—বড় কৃষ্ণবর্ণ পিপিড়া। সং দংশ হইতে জিঁয়া)। এমন টক যে মুখে করিলে মুখ জ্বালা করে, প্রঃ—পথ শ্রমের জোন্দা, কিনহ তোরানি মন্দা, মরিচ সমান যার তার ( কবিকঃ ),—অম্লরস দ্বারা পথশ্রম দূর হয়। তোরানি—ও° শব্দ তোড়ানি, বা° আমানি। কেহ বলে তোয়ান্ন হইতে তোড়ানি। আমানি দেখ। মন্দা—ও° মন্দাএ, মুন্দাএ, বুন্দাএ—এক বিন্দু—অল্প পরিমাণ। মরিচ—

জোবড়া, জুবড়া···ধাতু. ( সং চ্যাবিত হইতে। রূপান্তর, জাবড়া )। জোবড়াই. জুবড়াই —অতিসিক্ত করি, প্রঃ—ঘৃতে জোবড়াইয়া

(কৃত্তিঃ লং),—অধিক ঘৃত মাখাইয়া। জোবড়া, জোবড়ানা॥ (যখন জোবড়া শব্দ আছে, তখন জুবড় ধাতুও স্বীকার করিতে হইতেছে)। কালী-জোবড়া লেখা··কালী পড়াতে লেখা অস্পষ্ট।

জোব্বা ··ষ্য. (আ° জুব্বা)। লম্বা কোর্তা-বিশেষ। জোব্বা জোব্বী·· (জোব্বী, জুব্বী—ছোট জোব্বা)। জোব্বা প্রভৃতি।

জোয়ান ··ণ. (ফা° জবান, স° যুবন)। যুবা। জোয়ান-মর্দ ··সাহসী পুরুষ। জোয়ানী···ণ. (জোয়ান+ঈ)। যৌবনকাল সম্বন্ধী, যৌবনকাল-যোগ্য। জোয়ান—স্ত্রীলিঙ্গে যুবতী (গ্রা° জুবত্ত)।

জোয়ান, জোঁয়ান ··ষ্য. (স° যমানী। হি° আজোয়ান)। ধন্যাদি বর্গের কৃষিজাত শাক-বিশেষের (Carum copticun) ফল (ajowan)। পানের মসলায় লাগে। জলের সহিত চোয়াইয়া জোয়ানের জল, আরক, তেল প্রভৃতি প্রস্তুত হয়। খোরাসানী জোয়ান···(হি° খুরসানী। স° পারসিক)। হিমালয়ের বঙ্গানাদিবর্গের বিষবৃক্ষ-বিশেষ (Henbane. Hyoscyamus niger)।

জোয়ার, জুয়ার ··ষ্য. (স° উর্ধ্ব—জু, স° বার—জল, জুবার—উচ্চ জল। হি° জুবার, ম° ভরতী)। নদী কিংবা সমুদ্রের জল-বৃদ্ধি। জোয়ার—জল-বৃদ্ধি, ভাটা (ভাঁটা নহে)—জল-হ্রাস (ভাটা দেখ)। প্রঃ—ভাটি পানি উজান বহে কূল ভাঙ্গে স্রোতে (কৃত্তিঃ উং); ভ্রমেণ উজান ভাটি চৌদিকে কোঁচের বাটী (কবিকঃ); জুয়ার ভাটা বুঝিয়া লোহার বাড় দিল (কবিকঃ)। দৃষ্টান্তে, জোয়ারের জল···ক্ষণস্থায়ী বৃদ্ধি। জোয়ারী···ষ্য. (হি°)। নদীজলের উর্ধ্ব-গতি তুল্য,—ইহা মূলার্থ। ইহা হইতে, সেতার তানপুরা প্রভৃতি যন্ত্রের শওয়ারীর উপরে যে সূত্রখণ্ড দিয়া সুর উচ্চ করা হয়।

জোয়ার, জুয়ার ··ষ্য. (স° যাবনাল—যব ধান্যের তুল্য নাল—খড় যার। কেহ কেহ বলেন, স° যবপ্রকার—এক প্রকার যব—হইতে)। মূলে স° যব শব্দ আছে)। ধান্যাদিবর্গের কৃষিজাত শস্যবিশেষ (The Indian or great millet. Sorghum vulgare)। গাছ আখগাছের মতন উচা হয়। খড় শক্ত, সোজা, শীষ বহু-বিভক্ত। চাল গোলাকার। বঙ্গদেশে ইহার চাষ বড়-একটা হয় না। বঙ্গাদেশে চলিত নাম দেধান (স° দেব-ধান্য)। ভারতের উত্তর-পশ্চিম প্রদেশ, পঞ্জাব, বোম্বাই, মাদ্রাজ প্রভৃতি প্রদেশে জোয়ার একটা প্রধান খাদ্য শস্য। বর্ষা ও শীত—দুই কালের ফশল।

জোয়াল ··জুয়াল দেখ।

জোর ··ষ্য. (জোড় দেখ)। জোড়, এক জোড়া (প্রাচীন পদে)।

জোর ··ষ্য. (ফা°)। পরাক্রম, বল। জোর করা—বল প্রয়োগ। গায়ের জোর ··বাহু-বল। গায়ের জোরে ··অন্য প্রমাণ নাই, বাহুবল মাত্র প্রমাণে। গা-জোরি ···বাহু-বল প্রয়োগ। জোর-জবর ··(ফা°। সহচর শব্দ)। পরাক্রম, বলপ্রয়োগ। জোর জবর-দস্তি ···(ফা°)। বলপ্রয়োগ, উৎপীড়ন। জোর-জুলম ··(আ°। সহচর শব্দ)। উৎপীড়ন।

জোর-জারি…(জারি—প্রচর শব্দ)। জোর। জোর-জবরি…( জোর-জবর+ই )। বল-প্রকাশ। জোরাল্…ণ. ( জোর+বা° আল )। বলবান্। কম-জোর…ণ. বলহীন, অদৃঢ়। জোর…ণ. অধিক, চড়া, প্রঃ—জোর দাম, জোর হুকুম। (তু° জবর দাম)।

জোরু…ষ্য. (উর্দু। জোড় বা জোড়া হইতে? তু° সঙ্গা)। ভার্যা ( মুসলমানী ভাষায় )।

জোল…ষ্য. ( জুলী দেখ )। অল্পপরিসর খানা, প্রঃ—খালে জোলে বনে টালে বেড়িয়াছে পর্ব্বত (কৃত্তিঃ, অরণ্যে)। (টালে—কোথাও কোথাও টিলা—উচ্চ ডাঙ্গা); দীর্ঘ নিম্ন-ভূমি, প্রঃ—জোল জমি। (জোলি—পুং-পু:)। জোলান…জোলতুল্য।

জোল ( গ্রা° )…জুয়াল।

জোলা…ষা. (আ° জাহেল—মূর্খতা)। মুসল-মান মূর্খ তাঁতী যাহারা জালুয়া কাপড় বোনে প্রঃ—তাসন করিয়া নাম বলাইল জোলা ( কবিকঃ )। স্ত্রী° জোলানী।…ণ. মূর্খ।

জোলাপ…ষ্য. (আ° জুলাব। পর্তু° Jalapa)। রেচক ঔষধ। জোলাপ লওয়া—রেচক ঔষধ সেবন। জোলাপ ধরা—রেচকের গুণ প্রকাশ হওয়া। জোলাপ খোলা—দাস্ত হওয়া। ('জোলাপ খাওয়া' বা°তে বলে না)। ( ২ ) কলম্বী-আদি বর্গের লতাবিশেষ ( Ipomœa purga )। মেক্‌সিকো দেশের গাছ। এদেশে নীলগিরিতে এবং মসুরী পাহাড়ে চাষ হইতেছে। ইহার মূল জোলাপ নামে খ্যাত। দেশীয় জোলাপের গাছ তিঅড়ী।

জো-সো…ষ্য. ( স° যোত্র, সূত্র—সহচর শব্দ। জো-সো করিয়া কাজ চালানা—সূতা টূতা দিয়া? অর্থ ভাল হয় না। হয়ত হি° জো—যে, সো—সে। জো-সো—যে-সে মানুষ কিংবা দ্রব্য)। যে-সে উপায়, অসুবিধা। জো-জা…( জা—প্রচর শব্দ )। জো।

জোন্‌তা (গ্রা°)…ষ্য. (স° জোৎস্না)। জ্যোৎস্না। জোন্‌তা পোকা…খদ্যোত ( জোন, জোনী পোক দেখ )।

জোহরী…ষ্য. (আ° জৌহর—মূল্যবান মণি+ঈ)। মণিকার, মণিবিক্রেতা।

জোহার…ষ্য. ( স° জয়কার হইতে। তু° জোকার। স্থানবিশেষে জয়জয়-কার আনন্দ-ধ্বনি অর্থে আছে। হি° জুহার—নমস্কার, ও° জোহার )। জোড়হাতে প্রণাম, প্রঃ—কবে বীর বেণেরে জোহার (কবিকঃ); মাহুত হাতীর কাঁধে জানায় জোহার (ভাঃ)। (বর্তমানে অপ্রচলঃ। ও° হি°-তে রাজা প্রভৃতি মান্য ব্যক্তিকে প্রজা জোহার করে)।

জৌ…জউ, পোকা দেখ।

জ্ঞাত…ণ. (স°)। অবগত। জ্ঞাতসারে… ( স° জ্ঞাতসারে )। জানিয়া, জানাইয়া। জ্ঞাতি, জ্ঞাত…ষা. (স° জ্ঞাতি)। দায়াদ, ভায়াদ। জ্ঞাতি-গোত্র…( স° সহচর শব্দ )। জ্ঞাতি-গোষ্ঠী…ষ্য. (স° সহচর শব্দ)। জ্ঞাতি ও পরিবার। জ্ঞাতি-কুটুম্ব…ষ্য. (স° সহচর শব্দ)। জ্ঞাতি ও পোষ্য বা পরিবার। বা°-তে কুটুম্ব শব্দের স° অর্থ ইদানী নাই। জ্ঞাতিত্ব…ষ). (স°)। দায়াদের ধর্ম, সপিণ্ড-ভাব। জ্ঞাতি-শত্রু…যে জ্ঞাতি অথচ শত্রু। জ্ঞাতিত্ব সাধা—বিদ্বেষ প্রকাশ।

জ্ঞান···ষ্য. (সং)। বোধ, জানা। জ্ঞান করা—বিবেচনা করা। জ্ঞান পাওয়া—বোধ, শিক্ষা পাওয়া। জ্ঞানগম্য···ণ. (সং)। জ্ঞানের আয়ত্ত। জ্ঞানতঃ···ব্য. (সং)। জানিয়া। জ্ঞানবান্···ণ. (সং)। বিচার-বুদ্ধিসম্পন্ন। জ্ঞানবন্ত···ণ. (সং জ্ঞানবৎ হইতে)। জ্ঞানবান। জ্ঞানী···ণ. (সং)। বোধ-সম্পন্ন। ব্রহ্মজ্ঞানী···ণ. (সং)। ব্রাহ্ম সম্প্রদায়ভুক্ত।

জ্যামিতি···ষ্য. (সং জ্যা—পৃথিবী,ধনুর গুণ। সং অর্থ করিলে জ্যামিতি ইং mensuration, trigonometry বরং বুঝায়। ইং geometry শব্দ সাদৃশ্যে বাং জ্যামিতি শব্দের উৎপত্তি। এই অর্থে ক্ষেত্রতত্ত্ব বা রেখা-গণিত শব্দ ছিল)। রেখাগণিত।

জ্যোতিষ্মতী··(সং)। লতা-ফটকী দেখ।

জ্যুতি, জ্যুৎ (গ্রাং)···ষ্য. (সং দ্যুতি। তু° আসাং জুই—অগ্নি)। দ্যুতি (কবিকঃ)।

জ্যৈষ্ঠ, জোষ্টি (গ্রাং)··ষ্য. (সং জ্যৈষ্ঠ)। জ্যেষ্ঠা নক্ষত্রযুক্ত মাস; দ্বিতীয়মাস নাম।

জ্যোতিষ··ষ্য. (সং জ্যোতিষ, জ্যোতিষ—জ্যোতিঃশাস্ত্র)। বাং-তে জ্যোতিষশাস্ত্রজ্ঞ, ফলগণক।

জ্বর···ষ্য. (সং)। গাত্রতাপ (fever), গাত্র-দাহ। জ্বর জ্বর হওয়া···ঈষৎ জ্বরবোধ। জ্বরবোধ, জ্বরভাব···ঈষৎ জ্বরভোগ। জ্বর-জ্বালা···ষ্য. (সং জ্বর,সং জ্বালা—অগ্নিশিখা; সহচর শব্দ)। জ্বরাদি রোগ। জ্বরজ্বারি··ষ্য. (সং জ্বালা—জ্বালি—জ্বারি)। জ্বরঠুটা···ষ্য. (বাং ঠোঁট+উয়া—ঠোঁটুয়া, ঠুঁটো, ঠুটা)। ঠোঁটের পাশে জ্বরহেতু ঘা। (অন্য নাম, আম ঠুটা—সং আম হইতে)। জ্বরবিকার·· ষ্য. (সং সহচর শব্দ)। সন্নিপাত—ত্রিদোষজ বিকার। আন্ত্রিক জ্বর··(সং আন্ত্রিক)। অন্ত্রসম্বন্ধীয় জ্বর (enteric fever)। আন্তরিক জ্বর বাহে প্রকাশ পায় না, কিন্তু ভিতরে ভোগ হয়। একজ্বর··· যে জ্বরের বিরাম না হইয়া ভোগ চলে (continued fever)। কফজ্বর··· শ্লেষ্মা হেতু জ্বর (catarrhal fevers) ঘুষ্-ঘুষিয়া, ঘুষ্ঘুষ্যে জ্বর··ঈষৎজ্বর, অস্পষ্ট জ্বর (ঘুষঘুষ দেখ)। জ্বরাতিসার ···(সং)। জ্বর সহিত অতিসার(dysentric fever)। জীর্ণজ্বর···(সং)। পুরাতন জ্বর (cachexia)। ডেঙ্গু জ্বর, ঠেঙ্গাজ্বর··· (ইং dengue হইতে বাং ঠেঙ্গা)। জ্বর-বিশেষ, মাথা ধরিয়া গাঁইঠে ব্যথা হইয়া প্রবলজ্বর বিশেষ। (গাঁইঠে ব্যথা হয় বলিয়া লোকে মনে করে যেন কেহ ঠেঙ্গা মারে)। পালাজ্বর··(সং পালি—শ্রেণী)। যে জ্বর এক দিন কিংবা দুই দিন অন্তর ভোগ হয় (tertian and quartan fever), ইহা মেলেরিয়া জ্বরবিশেষ। পিত্তজ্বর··· (সং)। পিত্তদোষহেতু জ্বর (bilious fever)। বাতজ্বর···(সং)। আম·বাতদোষজ জ্বর (rheumatic fever)। বাতিক জ্বর··(সং)। শরীরের বায়ুদোষজ জ্বর (nervous fever)। বিষমজ্বর··· সবিরামজ্বর। মেলেরিয়া জ্বর···ইং (malaria)। সবিরাম কম্পসহ জ্বর বিশেষ (এই জ্বর এদেশে নূতন। এইহেতু ইহার সং নাম নাই)। সন্ততজ্বর···(সং)। অবিরাম জ্বর বা স্বল্পবিরাম জ্বর (remittent fever)। সন্নিপাত জ্বর··(সং)। কফ

পিত্ত বায়ু—এই ত্রিদোষজ জ্বর (প্রায়ই typhoid fever। বাস্তবিক adynamic fever)। জ্বর··ধাতু (সং জ্বর ধাতু)। জ্বরি—জ্বরগ্রস্ত হই। জ্বরা॥ জ্বরা ··ধাতু. (জ্বর ধাতু আস্তে)। জ্বরানা॥

জ্বল ··ধাতু. (সং জ্বলধাতু দীপ্তি,জ্বলন)। জ্বলি—অগ্নিশিখা বহির্গত করি, দীপ্ত হই, দগ্ধ হই প্রঃ—কাঠ জ্বলে, লোহা জ্বলে না, অন্যায় কথা শুনিলে গা জ্বলে; কীর্ত্তন শুনি বাহিরে তারা জ্বলিপুড়ি মরে (চৈঃ চঃ)। জ্বালা, জ্বলন॥ জ্বলন্ত···ণ. (সং জ্বলৎ হইতে। কিংবা জ্বল ধাতু বাং অন্ত)। যাহা জ্বলিতেছে। জ্বলা···ধাতু. (জ্বলধাতু আস্তে)। জ্বলানা॥ গা-জ্বলানা কথা···যে কথায় গাত্র-দাহ হয়। জ্বলানিয়া · ণ. (জ্বলান+ইয়া)। যাহা জ্বলায়।

জ্বল্-জ্বল···ব্য. (সং জ্বল ধাতু)। দীপ্তি-প্রকাশে, প্রঃ—রাত্রে বিড়ালের চোখ জ্বল্ জ্বল করে। জুল্-জুল ··ব্য. (জ্বল—জুল)। ক্ষুদ্র বস্তুর দীপ্তিপ্রকাশে, প্রঃ—ছেলে রাত্রে না ঘুমাইয়া জুল্-জুল করিয়া চাহিয়া থাকে। জ্বল্-জ্বলা···ণ. যাহা জ্বল জ্বল করি-তেছে। এইরূপ, জুল্-জুলা।

জ্বাল···ধাতু. (সং জ্বালি ধাতু)। জ্বালি—দগ্ধ করি, উদ্দীপ্ত করি প্রঃ—কাঠ জ্বালি। জ্বালা॥ জ্বালন···ষ্য. জ্বালিবার কাঠ, ইন্ধন। জ্বালা-পোড়া···ষ্য. (সহচর শব্দ)। জ্বালা। জ্বালা-যন্ত্রণা···ষ্য. (সং। সহচর শব্দ)। যন্ত্রণা। জ্বালামুখী···ষ্য. (সং)। পাহাড়ের রন্ধ্র দিয়া বহির্গত অগ্নিশিখা। জ্বালা··· ধাতু. (জ্বাল ধাতু আস্তে। কিংবা সং জ্বালিত হইতে)। জ্বালাই—প্রজ্বলিত করাই। জ্বালানা॥ জ্বালানি···ষ্য. জ্বালাই-বার কাঠ, ইন্ধন।

জ্বালাতন···ণ. (সং জ্বালিতং? আং জলা-বতন—দেশ হইতে দণ্ডহেতু নির্বাসন।) পীড়িত, জ্বালায় অস্থির, প্রঃ—হাড় জ্বালাতন করা।

## ঝ

ঝ···ষ্য. (সং)। ব্যঞ্জন বর্ণ, ব্যঞ্জন অক্ষর-বিশেষ।

ঝক্-ঝক···ব্য. (জক্-জক দেখ)। ধাতব দ্রব্যের দীপ্তিতে, প্রঃ—ঝক্ঝক ঝকি কাঞ্চনকঞ্চুকবিভা (মেঘনাদবধে)। ঝিক্-ঝিক···ব্য. ক্ষুদ্র ধাতব দ্রব্যের দীপ্তিতে, প্রঃ—কণ্ঠের চীক ঝিক্ঝিক্ করে।

ঝকড়া ··ষ্য. (ঝগড়া দেখ। ঝড় শব্দের মাঝে ক আগম। ক এখন গ হইয়াছে। তুং পাকড়ী—পাগড়ী, সং পট্টী হইতে)। কলহ, প্রঃ—ঝকড়ায় ঝড়ের আকার (ভাঃ)।

ঝক্-মক ··ব্য. (ঝক—দীপ্তি; মক—সং মনক্ ধাতু ভূষণে মনচ ধাতু দীপ্তি। চক্-মক দেখ। বোধ হয়, সং ম্রক্ষ ধাতু ম্রক্ষণ, স্নেহন হইতে মক; ঝক্-মক—দীপ্তি-মাখা)। ব্যাপ্ত দীপ্তিতে; প্রঃ—বিদ্যুৎ চক্মক করে, চিক্কণ ধাতুপাত্র ঝক্ঝক করে, নূতন ডায়-মন-কাটা অলঙ্কার ঝক্মক করে। চিক্কণ ধাতুপাত্র তৈললিপ্ত হইলে দীপ্তির ব্যাপ্তি ঘটে, তখন তাহা ঝক্-মক করে।

ঝক-মারি ··ষ্য. (হিং ঝক—ক্রোধ; ও° ঝক্

মারিবা—দোষ স্বীকার করা; ম° ঝক মারণেঁ—ভুল করা। বোধ হয় স° ধক্ষ ধাতু নাশনে, ধুক্ষ ধাতু সন্দীপনে ক্লেশনে হইতে ঝক। ধোঁকা—ঘনঘন নিশ্বাস ত্যাগ; ধোঁকা—সন্দেহ, ভ্রম। তু° ঝুকি লওয়া। বা° মার ধাতু হইতে মারি)। ভুল, দোষ; ক্রোধনাশ নিমিত্ত দোষ স্বীকার। ঝকমারির মাশুল · পাপের প্রায়শ্চিত্ত।

ঝকা-ঝকি···ষ্য. (স° ধক্ষ ধাতু নাশনে হইতে ঝক, ধাক্কা। বা°তে ঝক্ ধাতুর প্রয়োগ নাই। ঝুক ধাতু আছে। ঝক ধাতু হইতে ঝকা-ঝকি)। টানা-টানি।

ঝগড়া ··ষ্য. (ঝগড়'-ঝাটি শব্দ হইতে দেখা যাইতেছে, ঝগড়া শব্দের মূলে ঝড় আছে। ঝড় শব্দ স° নহে, ঝটিকা শব্দও নহে। স° ঝঞ্ঝা, ঝঞ্ঝাবাত হইতে ঝড়, ঝাটি, ঝাট। তু° ঝঞ্ঝাট। ঝড় হইতে ঝকড়—ঝগড় ঝগড়া। প্রথমে ক আগম, পরে ক স্থানে গ। প্রঃ—ঝকড় বিদ্যার বরে হয় কুলা ঝাটা (মাঃ), ঝকড়-বিদ্যা—ঝড় বিদ্যা, বায়ু-বিদ্যা? অন্যত্র, ঝকড়-ভঙ্গিনী কালী (মাঃ)। বাক্যের ঝঞ্ঝাবাত—ঝগড়া। ও°তে ঝগড়া শব্দ প্রায় নাই, প্রাচীন বা°তেও নাই। কৃত্তিবাসের 'জাঠি ঝগড়া' শব্দের অর্থ ভিন্ন। হি° ম° ঝগড়া, ও° কঠি)। কলহ, বাক্যে উত্তর-প্রত্যুত্তর। ঝগড়া-ঝাটি ···ঝগড়া। ঝগড়া-মারামারি···বাক্যুদ্ধ ও হস্তযুদ্ধ। ঝগড়াটিয়া···ণ. (ঝগড়া+টা+ইয়া)। ঈষৎ কলহপ্রিয়, কলহকারী।

ঝগড়া···ষ্য. (স° ঝটি—ক্ষুদ্র বৃক্ষ, স° ঝাট—নিকুঞ্জ। বৃক্ষশাখার প্রহরণ, প্রঃ—জাঠি ঝগড়া (কৃত্তিঃ), ঝটিতি করাহ মাতা ঝগড়া মোচন (কবিকঃ)। (অপ্রচঃ)।

ঝঞ্ঝন ··ষ্য. (ঝন্‌ঝন ধ্বনি হইতে। স° নাম শণপুষিকা, ঘণ্টারবা)। শিম্বাদিবর্গের বন্য বর্ষায়ু শাকবিশেষ (Crotalaria retusa, C.sericea) দেখিতে শণ গাছের মতন। পাকা শুঁটী বাতাসে ঝন্-ঝন ধ্বনি করে।

ঝঞ্ঝনা, ঝঞ্ঝনি···ষ্য. (স° ঝম ধাতু)। ঝন্‌ঝন ধ্বনি, বজ্রপাত ধ্বনি।

ঝঞ্ঝা···ষ্য. (স°)। বৃষ্টিযুক্ত পবন।

ঝঞ্ঝাট···ষ্য. (স° ঝঞ্ঝাবাত)। ভূরি বর্ষণসহ প্রবলবাত্যা; নানা বিঘ্ন, আয়াস-সাধ্য কাজ।

ঝট · ব্য. (স° ঝটিতি)। শীঘ্র, দ্রুত। ঝট্-পট ···ব্য. দ্রুত; ছট্‌ফট। (ঝটকা ধাতু দেখ)।

ঝটকা·· ষ্য. (ঝড় দেখ)। সহসা বাত্যা, ঝাট। (২) (স° জটা—জট+কা)। আনারস প্রভৃতি গাছের কোমল পাতা গাছ হইতে টানিয়া লইলে গোড়ায় যে কোমল অংশ থাকে; কেশাদির সহসা আঘাত, প্রঃ—গোরু লেজঝটকা মারে।···ধাতু. (স° ঝটিতি—দ্রুত হইতে? স° ঝট ধাতু সংঘাতে? তু° ঝাপটা; হি° ঝপট—বেগে আক্রমণ, ম° ঝপাটণেঁ—আক্রমণ করা)। ঝটকাই—দ্রুত আকর্ষণ ও প্রসারণ করি, প্রঃ—গোরু লেজ ঝটকায়। ঝটকানা॥ (রোগের যাতনায় প্রাণ ছট্-পট, ছট্‌ফট করে, বিড়ালে ধরিলে পাখী ঝট্-পট করে। ছট্-পট—আছাড় খায় ও পড়ে, অর্থাৎ উঠে পড়ে; ঝট্-পট—পিণ্ডের তুল্য সংঘাত হইয়া পড়ে)। ঝটা-পটি ··পরস্পর ধারণ ও পতন।

ঝটিকা···ষ্য. ( বা° ঝড় শব্দের স° রূপ। তু° বা° গড়ন—গঠন )। ঝড়।

ঝড় ··ষ্য. ( স° ঝর—নির্ঝর, পর্বতাবতীর্ণ জল-প্রবাহ—অঃ। ঝড় শব্দের প্রাচীন অর্থ ভূরি বৃষ্টি। তু° ও° ঝড়ি—বৃষ্টি, হি° ম° ঝড়, ঝড়ী—বহুকাল ব্যাপী বৃষ্টি। হি° ঝড়-বাতাস, ঝড়-তুফান—বা° বৃষ্টি ও প্রবল পবন। ঝড়—যাহা ঝরে—ভূরিবর্ষণ। বোধ হয় প্রাচীন বাংতে কেবল ঝড় শব্দের প্রয়োগ হইত না)। প্রবল পবন। ঝড় ঝাটি ··(স° ঝর, ঝরী—একই অর্থ)। প্রবল বাতা ও বৃষ্টি। ঝড়-বাতাস ··( সহচর শব্দ )। ঝড়। বিমুখিয়া ঝড় ··যে ঝড় বিপরীত দিক হইতে বহিতেছে ( কবিকঃ )। ঝড়ুয়া, ঝ'ড়ো ··ণ. ( ঝড়+উয়া )। ঝড়ে জাত, ঝড়ে আহত, প্রঃ—ঝ'ড়ো কাগ—যে কাক ঝড়-বৃষ্টি খাইয়াছে।

ঝড় ··ধাতু. (স° ঝৃধাতু জীর্ণীভাবে। তু° স° ধ্ব ধাতু চূর্ণন পতন)। ঝ'ড়ে—জীর্ণ হইয়া ভূতলে পড়ি, প্রঃ—পুরাতন পাতা ঝড়িয়া পড়ে। ঝড়া॥ ঝড়া ··পূর্ব্ব বৎসরের যে ধান ঝড়িয়া পড়িয়াছিল সেই ধানের গাছ। ঝড়া-ধানগাছের ধান আগে পাকে, এই হেতু ক্ষেতেই নষ্ট হয়। ( ও° বাঠজা—জারজ)। ঝড়্তি, (গ্রা° ঝলতা) ··ষ্য. যাহা ঝড়িয়া পড়ে, নষ্ট হয়। ঝড়তি-পড়তি ··( সহচর শব্দ )। যাহা ঝড়িয়া পড়ে, অপব্যয়। ঝড়া ··ধাতু, (ঝড় ধাতু আস্তে)। ঝড়ানা॥ ( ঝর ধাতু দেখ। )

ঝনকা···ষ্য. (ঝিন্‌ঝিনি দেখ)। যে গোরু পা টানিয়া টানিয়া চলে; পঙ্গু।

ঝনকাঠ···ষ্য. ( স° ধরণম্—সেতু হইতে ঝন+কাষ্ঠ )। দ্বারের কপালীর দুই পাশে স্থাপিত পাটা বা কাষ্ঠ-দণ্ড ( কবিকঃ )। ( ঝন-কাঠের অপর নাম ডাঁশা স° নাগদন্ত। দ্বার-নির্মাণের এই প্রাচীন রীতি ক্রমশঃ উঠিয়া যাইতেছে। ঝনকাঠের আকার মকরমুখা হইত )।

ঝন্-ঝন্ ··ব্য. (স° ধন, ধণ ধাতু শব্দে। তু° স° ঝঙ্কার, ঝনৎকার )। ঝন্‌ঝন্ শব্দে, শুষ্কদ্রব্যের পরস্পর ঘাতজন্য শব্দে। ঝঞ্চন, ঝন্‌ঝন্ ··ঘণ্টারবা গাছ। ঝন্‌ঝনা ··বজ্র। ঝন্‌ঝনি ··ঝন্‌ঝন, প্রঃ—অসির ঝন্‌ঝনি ( মেঘনাদবধে )। ঝন্‌ঝনিয়া ··ণ. নাড়িলে যাহা ঝন্‌ঝন করে, প্রঃ—ঝন্‌ঝনিয়া কাঠ—এত শুখনা। ঝন্‌ঝন ··ধাতু. ঝন্‌ঝন্ রব করে, প্রঃ—চিকুর ঝন্‌ঝনে। ঝন্‌ঝনানি, ঝন্-ঝনানা॥ ঝুনুঝুন্···অলঙ্কারাদির মৃদু মৃদু শব্দে, প্রঃ—ঝুনুনু ঝুনুনু নূপুর বাজে (মাঃ)।

ঝপ, ঝপ্-ঝপ ··ব্য. ( স° ক্ষিপ্র। তু° থপ। তু° স° জব। হি° ঝপ )। শীঘ্র, দ্রুত, প্রঃ—ঝপ করিয়া, ঝপ্-ঝপ করিয়া খাইয়া ফেল।

ঝপ্-ঝপ ··ব্য. (স° ঝম্প হইতে। কিংবা ধপ্-ধপ, চপ্-চপ দেখ)। জলে পদক্ষেপ-শব্দে। ঝপঝপানি।

ঝম্-ঝম ··ব্য. ( ঝন্‌ঝন দেখ। স° ঝঙ্কার)। ঝম্-ঝম ধ্বনিতে, প্রঃ—ঝম্‌ঝম করিয়া বৃষ্টি,পায়ের মল (বলয়) ঝম্‌ঝম করে (এখানে ঝন্‌ঝন বলা যায় না। ঝম্‌ঝম ধ্বনি গভীর ঝন্‌ঝন সহসাজাত )। ঝম্‌ঝমা ··ধাতু। ঝমঝমানি॥ ঝম্‌ঝমিয়া, ঝম্‌ঝমা। ঝুম্-ঝুম ··ব্য. মৃদু ঝম্‌ঝম শব্দে, প্রঃ—ছোট

মল ও ঘুঙ্ঘুর ঝম্‌ঝম্‌ করে। ঝুম্‌ঝুমি ··ষ্য. শিশুর ক্রীড়নক-বিশেষ, নাড়িলে ঝুমঝুম ধ্বনি হয়।

ঝর ··ষ্য. (সং)। নির্ঝর, উচ্চ স্থান হইতে অবতীর্ণ জলপ্রবাহ, মৃত্তিকা ভেদ করিয়া যে জলধারা উঠে,প্রঃ—কুয়াতে ঝর থাকে। ঝরণা···ষ্য. ( সং ঝর+বাং না ক্ষুদ্রার্থে )। ছোট ঝর। ঝর···ধাতু. ( সং ঝৃ ধাতু )। ঝরি—জীর্ণ হইয়া পড়ি, নির্ঝর হই, প্রঃ—গাছ হইতে শুখনা পাতা ঝরিয়া ( তুং ঝড় ধাতু) পড়ে; ফোড়া হইতে রস ঝরিতেছে, গুড়ের মাৎ ঝরিলে ঝরা হয়; পুত্র না দেখিয়া মোর ঝরয়ে নয়ন ( চৈঃ চঃ)—অশ্রু বহে। ঝরা, ঝরণ॥ ঝরা···ধাতু ( ঝর ধাতু আন্তে)। ঝরাণা, ঝরাণি॥ ঝর-ঝর··· ব্য. নির্ঝর তুল্য জলধারায়, প্রঃ—ঝরঝর ঝরে অবিরল অশ্রুধারা ( মেঘনাদ বধে ); পুলকে পূরল তনু ঝরঝর ঘাম (জ্ঞানদাসঃ) পুরাতন চাল হইতে মাটি ঝর্‌ঝর করিয়া পড়ে। ঝর্‌ঝর্‌ ঝরে জাহ্নবী তায় (ভাঃ) —এখানে ঝরঝর—শব্দে (তুং সং স্থ ধাতু)। ঝির্‌ঝির্‌ ··ব্য. মৃদু পতনে,প্রঃ—ঝর হইতে ঝির্‌ঝির্‌ করিয়া জল আসিতেছে, ঝির্‌ঝির করিয়া বাতাস বহে, ধূলাও পড়ে (তুং সং ধ্ব ধাতু চূর্ণীভাবে, পতনে। তুং সং স্থ ধাতু গতিতে—সির্‌সির্‌—ছির্‌ছির্‌—ঝির্‌ঝির্‌)। ঝুরঝুর ··ব্য. অতিমৃদু পতনে।

ঝরকা ··ষ্য. ( সং অধ্যলক্ষ্য। ধ্য স্থানে ঝ, ল—র, ক্ষ্য—খা, বা। হিং ঝরোখা, মং ঝরোকা, ওং ঝরকা বা জঠাকবাটি—জালময় কপাট যাহাতে। সং জালক হইতেও ঝরকা আসিতে পারে)। গবাক্ষ, যাহার ভিতর দিয়া বাহির দৃশ্য হয়, প্রঃ—সখীগণ হেরই ঝরকহি ঝাঁপি (জ্ঞানদাসঃ); গবাক্ষ, জানালা, প্রঃ—ধূপাবলি রাখিল সকল ঝরকায় ( মাঃ )।

ঝর-ঝরিয়া, ঝর্‌ঝরো···ণ. (জ্বল-জ্বলিয়া হইতে) উজ্জ্বল, প্রঃ—ঝরঝরিয়া ঘর, পরকাল ঝরঝরিয়া করা—অন্ধকার দূর না করিয়া উজ্জ্বল স্পষ্ট করা।

ঝরি ··ষ্য. ( ঝর—পয়ঃপ্রণালী হইতে )। নালী, কাঠে নালী। ঝরি-রাঁধা···ষ্য. ঝরি কাটিবার রাঁধা ( কলিকাতায় ইং ploughplane শব্দের অপভ্রংশে পলু-পেলেন )।

ঝলক ··ষ্য. ( সং জ্বলকা, ঝলা—আতপের ঊর্মি—মেঃ। সং ঝলা শব্দের মূল সং জ্বলকা বোধ হয়। হেমচন্দ্রে জ্বালাচির্ঝলকা। ঝ স্থানে হ হইয়া বাং হলকা, দলক)। তরঙ্গ, ক্রমাগত ঊর্মি, প্রঃ—ঝলকে ঝলকে রক্ত উঠিতেছে; ডুবিতে লাগিলা নৌকা ঝলকে ভরে জল (চৈঃ চঃ)। ···ধাতু. ঝলকি—তরঙ্গের আকারে দীপ্তি দিই, প্রঃ—মণিময় আভরণ চমকে ঝলকে (ভাঃ), অঙ্গুলীর আগে চাঁদ যে ঝলকে পড়িছে উছলি জোর ( চণ্ডীঃ )। ঝলকা ··ষ্য. দ্রবদ্রব্যের তরঙ্গাকারে প্রবাহ, প্রঃ—এক ঝলকা জল খাইয়াছে। ( হলকা—আতপের ঊর্মি—প্রঃ—প্রখর গ্রীষ্মের সময় বোধ হয় যেন আগুনের হলকা আসিতেছে। তুং হড়কা বান )।

ঝল্‌-ঝল···ব্য. ( সং ঝল্লী—আতপের ঊর্মি ঝলক দেখ )। যেন দীপ্তি খেলিতে থাকে, প্রঃ—

ঝল্‌ঝল্ করে। ঝল্‌ঝলা, ঝল্‌ঝলিয়া…ণ. দীপ্তিশালী।

ঝল্-ঝল…ব্য. (সং ঝলজ্ঝল। ঝুলন—দোলনে) ঝুলনভাবে, প্রঃ—বড় মশারি ঝল্‌ঝল করে—ঝুলিতে থাকে। ঝল্‌ঝলা, ঝল্ ঝলিয়া…ণ. অতি-পরিসর।

ঝলতা…ঝড়তি দেখ।

ঝল্-মল ..ব্য. (সং ঝলা—আতপের ঊর্মি, কিংবা ঝলকা—অগ্নিশিখা; সং মল্লক—দীপবৃক্ষ। ঝলা-মল্লক—যেন দীপ্তির তরঙ্গের বৃক্ষ)। দীপ্তির তরঙ্গে, প্রঃ—গলায় চাঁদের মালা করে ঝলমল (মাঃ)—দীপ্তিশালী দ্রব্যটি বৃহৎ না হইলে ঝল্‌মল করে না। ছোট হীরা ঝল্‌মল করে না; ঝক্‌ঝক, কিংবা ঝক্‌মক করে; কিন্তু রাংতার বড় আঁচলা ঝল্‌মল করে। ভারতে, মণিময় নানা অলঙ্কার ঝলমল. মাণিকে, গলায় গরুড়মণি করে ঝলমল; মেঘনাদবধে, ঝলমলি ঝলে অঙ্গে নানা আভরণ,—এখানে অলঙ্কার ও গরুড়-মণি নিশ্চয় বৃহৎ ছিল। শূং-পুরাণে, ঝলমল করে তথি মুকুতাপ্রবাল। চৈঃ-অমৃতে, সালঙ্কার হৈলে অর্থ করে ঝলমল,—বৃহৎ অলঙ্কার যেমন ঝল্‌মল করে, তেমন কবিতা সালঙ্কার হইলে করে। অন্যত্র, গঙ্গার লহরী জ্যোৎস্নায় করে ঝলমল (চৈঃ চঃ)। ঝল্-মলিয়া ..ণ. ঝল্‌মল করে যাহা। ঝল্-মলানি॥

ঝলসা…ধাতু. (সং জ্বলিত হইতে। জ্বলিত—দগ্ধ সদৃশ—ঝলসা। হিং ঝুলস ধাতু)। ঝলসাই—তাপ-প্রাধর্ষহেতু পীড়িত হই, ঈষৎ দগ্ধ হই, প্রঃ—রোদে চোখ ঝলসাইয়া আগুনের তেজে গাছ ঝলসাইয়া ঝলসানা॥

ঝা ..ব্য. (ধাঁ শব্দের রূপান্তর)। বেগে গমনে প্রঃ—ঝাঁ করিয়া যাও।

ঝাঁই ..ছাঁই দেখ।

ঝাঁই-ঝাঁই ব্য. (সং ধ্বা ধাতু শব্দে)। কানে তীব্র শব্দবোধে, প্রঃ—কাঁসার বাদ্যে কান ঝাঁই-ঝাঁই করে।

ঝাইল, ঝাঁল ..ষ্য. (সং পালি—রাশি, শ্রেণী হইতে। তুং সং পুঞ্জক—বাং ঝাঁক)। সমান আকারের এক জোড়া, প্রঃ—এক ঝাইল গুণ (থলিয়া), এক ঝাইল কপাট—দ্বারের দুই খণ্ড। (কোথাও কোথাও বড় গুণকে ঝাইল বলে, তুং তিন বোঝারি ঝালি বহে ক্রম করিয়া,—চৈঃ চঃ; বোঝারি—বোঝা বহে যে)।

ঝাইল, ঝাঁল ..ঝালি, ঝাল দেখ।

ঝাউ ..ষ্য. (সং ঝাবুক)। বন্য ক্ষুপবিশেষ। অনেক গুল্ম জন্মিয়া বনের মতন করে। নদীর তীরে, চরে জন্মে। পাতা আঁইষের মতন। বাতাসে ঝাঁ—ঝাঁ শব্দ করে বলিয়া সং ঝাবুক (অঃ টীঃ)। দীর্ঘ নমনীয় ডাঁটায় ঝোড়া নির্মিত হয়। (১) বনঝাউ ..পাতায় খোল নাই, একই গাছে পুং স্ত্রী পুষ্প জন্মে। ফল মাজুফলের মতন, এবং তৎপরিবর্তে বিক্রয় হয়। ফল তিনকোণা এবং ছোট (Tamarix gallica)। (২) লাল ঝাউ পাতায় খোল আছে, পুং ও স্ত্রী গাছ পৃথক (T. dioica)। (৩) বিলাতী ঝাউ ..বিদেশী, অষ্ট্রেলিয়ার তরু (Casuarina equisetifolia)। পাতা আঁইষের মতন, ছোট ছোট। ডাঁটা সরু সরু গোল লম্বা তারের মতন। ফল ছোট, গায়ে কাঁটা আছে। দ্রুত বাড়ে, সমুদ্রতীরে প্রচুর জন্মে।

(সং ঝাবুক বা' ঝাউ গাছের সাদৃশ্যে নাম হইয়াছে)।

ঝাঁক ··ষ্য. (সং পুঞ্জ হইতে ওং পঞ্জা। সং পুঞ্জক—পঞ্জাক, প-লোপে ঝাঁক)। পাখী পতঙ্গ ও মৎস্যের দল, প্রঃ—খঞ্জনা খঞ্জনী করে নানা ধুনি, বৈসএ ঝাকে ঝাক (শূং পুঃ)। (ঝাঁক শব্দ প্রাচীন। কৃত্তিবাসেও আছে)। ঝাঁক বাঁধা—দলে দলে থাকা।

ঝাঁক ··ধাতু. (সং ধক্ক ধাতু নাশনে হইতে ধাক্কা)। ঝাঁকি—ধাক্কা দিই, কম্পিত করি, প্রঃ—গুণে চাল ভরিয়া ঝাঁকিলে তাহাতে আরও চাল ধরে। ঝাঁকা, ঝাকনি॥ ঝাঁকি মারা—হঠাৎ বেগে চালনা। ঝাঁক· ·ধাতু. (ঝাঁক ধাতু আস্তে)। ঝাঁকানা॥

ঝাঁকড় ··ষ্য. (হিং ঝাঁকড়া—বন, বা' ঝোপ। সং ঝাট হইতে; মাঝে ক আগম। তুং ঝকড়া)। ঝোপ (অপ্রচঃ)। ঝাঁকড় মাকড় ···ষ্য. (মাকড় ? তুং ওং মাকড়া পাথর—উচানীচা আবুড়া-খাবুড়া পাথর—laterite)। ঝোপ, প্রঃ—ঝাঁকড় মাকড় চুল নাহি আঁধি-সাঁধি (ভাঃ)—ঝোপের তুল্য। ঝাঁকড়া ··ণ. (ঝাঁকড়+আ)। ঝোপ-তুল্য, প্রঃ—ঝাঁকড়া চুল।

ঝাঁকরা ··ধাতু. (ঝাঁক ধাতু হইতে)। ঝাঁকরাই—বেগে কম্পিত করি, বেগে সঞ্চালিত করি, প্রঃ—গুণের মধ্যে চাল পুরিয়া ঝাঁকরাইলে চাল বেশী ধরে ঝাঁকারা, ঝাঁকরানি॥ ঝাঁকারি ··ষ্য. বেগে সঞ্চালন।

ঝাঁকা ··ষ্য. (সং ঢাক ধাতু হইতে। তুং হিং মং ঝাঁক ধাতু বা' ঢাকা। ঢাক ধাতু দেখ)। সং অধ্যক্কন ?)। ঝোড়া অপেক্ষা বিস্তৃত ও অগভীর বংশ-পাত্র। (ঝাঁকার মুখে ঢাকনী থাকে)। ঝাঁকা-মুটিয়া ··ষ্য. যে মুনিষ ঝাঁকায় দ্রব্যাদি বহন করে।

ঝাঁকি...ঝাঁক ধাতু দেখ।

ঝাঁজ···ঝাঁঝ দেখ।

ঝাঁজি ··ষ্য. (সং জর্জর—বৈদ্যকঃ)। পচা পুকুরের ভাসা বা প্রায়-ডোবা শাক-বিশেষ (Utricularia)। পাতা বহুচ্ছিন্ন, সরু চুলের মতন। এই পাতায় ছোট ছোট ফোস্কা থাকে। ফুলের বোঁটা জলের উপরে উঠে। ফুল ছোট, হলুদা। পুং কেশর দুইটা (কলিকাতা অঞ্চলে গাঁজ, কি-না জলজ অপুষ্পক উদ্ভিদ-বিশেষকেও (Chara) ঝাঁজি বলে)।

ঝাঁঝ · ষ্য. (সং ধ্মা ধাতু হইতে ধ্মা-ধ্মা—ঝাঁ-ঝাঁ—সংক্ষেপে ঝাঁঝ)। অগ্নির তেজ, সরিষা লঙ্কা প্রভৃতির কটুতা।

ঝাঁঝ ··ষ্য. (সং ঝর্ঝর)। দেবালয়ে বাজাই-বার কাঁসার বাদ্যবিশেষ। বাজাইলে ঝাঁ-ঝাঁ শব্দ হয়।

ঝাঁঝরা ··ণ. (সং জর্জরীক—মেঃ)। বহুচ্ছিদ্র, প্রঃ—পিতলের পুরাতন বাসন কালে ঝাঁঝরা হয়। ঝাঁঝরী ··ষ্য. (সং ঝর্ঝর)। লোহার বা পিতলের বহুছিদ্র-বিশিষ্ট হাতা বা ছানতা।

ঝাঁ-ঝাঁ ··ব্য. (সং ধ্মা ধাতু অগ্নি-সংযোগে)। অগ্নি সংযুক্ত ভাবে, প্রঃ—রোদ ঝাঁ ঝাঁ করিতেছে—যেন অগ্নিসংযুক্ত হইয়াছে।

ঝাট ··ব্য. (সং ঝটিতি)। ঝট, শীঘ্র (প্রাচীন বা')।

ঝাঁট ··ষ্য. (ঝাঁটা দেখ। বোধ হয় ঝাঁটি, ঝাঁটি শব্দের ই লোপে)। ঝাঁটা দ্বারা গৃহাদি মার্জন, প্রঃ—ঘর ঝাঁট দেওয়া।···ধাতু.

( ঝাঁটা হইবার কথা )। ঝাঁটি—ঝাঁটাইয়া ( রাঢ়ে ঝেঁটিয়ে )—( চৈঃ চঃ )।

ঝাঁটা…ষ্য. ( সং ঝাট—মার্জন, যথা, ঝাটো নিকুঞ্জে কান্তারে ত্রণাদিনাংশ্চ মার্জনে—মেঃ। ঢাকায় পিছা—সং পুচ্ছ। হিং ঝাড়, ঝাড়ূ; মং ঝাড়ূ; ওং ছাঞ্চুনি। ঝাড় ধাতু দেখ। রাঢ়ে গ্রাং ঝেঁটা )। সম্মার্জনী, প্রঃ—ঝাঁটা পারা ছুটা গোঁপ ( কবিকঃ ) —নারিকেল পাতার শিরার ঝাঁটা। অন্যত্র, ঝাঁটি, প্রঃ—ঝাঁটি জল দিয়া কৈল ভোজনের স্থল। ঝাঁটার মধ্যে গুঁজী—ছোট গোঁজ, কিংবা গুঁজি —যাহা গুঁজিয়া দেওয়া হয়—স্থূলমুণ্ড কীলক থাকে। পালা ঝাঁটা ·· ডালপালার সম্মার্জনী, যেমন খেজুরপাতার। ( নারিকেল শিরার ঝাঁটা—খেঙ্গারা)। মুঁড়া ঝাঁটা ··মুণ্ডিত অর্থাৎ যে ঝাঁটার অগ্র ক্ষয়িত। ঝাঁটা মারা—যে সম্মার্জনীর দ্বারা গৃহের মলাদি আবর্জনা তিরস্কৃত হয়, তদ্দ্বারা প্রহার, কাজেই অত্যন্ত অপমান করা। ঝাঁটা মারিয়া বিদায় করা—অত্যন্ত অপমান করিয়া। মুড়া ঝাঁটা মারা—অপমানের চূড়ান্ত করা, মুড়া ঝাঁটার প্রহারে বিলক্ষণ আঘাতও লাগে। ঝাঁটার মুড়া ··ঝাঁটার মুণ্ড অর্থাৎ গোড়া, প্রঃ—মাথায় ঝাঁটার মুড়া মারে গণ্ডা দশ (মাঃ)। ঝাঁটা-পেটা করা—ঝাঁটা দ্বারা পেটা—পীড়িত করা। ঝাঁটার বাড়ি···( বাড়ি দেখ )। ঝাঁটা-রূপ প্রহরণ। ঝাঁটা-তারা···ষ্য. ঝাঁটার আকারের জ্যোতিষ্ক—ধূমকেতু। ঝাঁটা··· ধাতু. ঝাঁটাই ( প্রায়ই ঝেঁটাই )—ঝাঁটা দ্বারা গৃহ মার্জন করি। ঝাঁটানা॥ (ঢাকায় ঝাঁটা শব্দ স্থানে পিছা; ঝাঁটা ধাতু স্থানে সোর ধাতু—সং অবস্থপ ধাতু অবসর্পণে )।

ঝাটি ··ষ্য. (ঝাঁটা দেখ)। ঝাঁটা, প্রঃ—পথে ঝাটি দেই পবন সম্মার্জ্জনী হাথে—(চৈতন্য-মঙ্গল)।

ঝাটি ··ষ্য. ( সং ঝাট, ঝটি—ক্ষুদ্রবৃক্ষ )। প্রাচীন কালের অস্ত্র বিশেষ। (বোধ হয় ক্ষুদ্র-বৃক্ষের আকারের প্রহরণ)। ঝাটি-ঝগড়া···ষ্য. (ঝগড়া—গ আগম; সং ঝট, ঝটি হইতে। সুতরাং সহচর শব্দ)। ঝাটি ও ঝগড়া নামক অস্ত্র, প্রঃ—ঝাটি ঝগড়া হাথ গরুড় কটাল (শূং পুঃ)—গরুড় কোটাল হাতে ঝাটি ঝগড়া লইয়া।

ঝাট্যাতি···ষ্য. (ঝাঁটা+বৃত্তি ? তুং চৌলতি, কুটতি)। ঝাঁট দেওয়া বৃত্তি যার। (অপ্রচঃ)

ঝাড় ·ষ্য. (সং ঝাট, ঝটি। হিং ঝাড়)। ক্ষুদ্র বৃক্ষ, সংহত-শাখ ক্ষুদ্র বৃক্ষ; কলা বাঁশ প্রভৃতি যে সকল গাছ একত্র অনেক জন্মে; লম্বিত দীপ-বৃক্ষ। ঝাড় বাঁধা—শাখা-বিশিষ্ট হওয়া। ঝাড়াল ··ণ. ঝাড়-বিশিষ্ট।

ঝাড়···ধাতু. (সং ঝট, জট ধাতু সংঘাতে, রাশীকরণে। ইহা হইতে ঝাট—মার্জনে)। ঝাড়ি—মার্জিত করি, প্রঃ—বস্ত্রে স্থান ঝাড়ি ( চৈঃ চঃ); সংহত করি, প্রঃ—ধান ঝাড়া—গাছ হইতে ধান্য পৃথক করিয়া রাশি করি, গা ঝাড়িয়া উঠা—গাত্রপেশী সংহত করিয়া; ভূত প্রেতাদি অপসারিত করি, মন্ত্রদ্বারা নিরাময় করি, প্রঃ—ঝাড়-ফুঁক। ঝাড়া॥ ঝাড়ন···ষ্য. ( ঝাড়+অন )। ঝাড়া কর্ম্ম, যাহা দ্বারা ঝাড়া—মার্জন করা যায়। ঝাড়া ··ণ. সংহত, নির্মলীকৃত, স্পষ্ট, প্রঃ—ঝাড়া ধান, ঝাড়া

তিনঘণ্টা ঝাড়া ছিলাম—তিনঘণ্টার একটু ন্যূন নহে, যেন সংহত তিন ঘণ্টা। ...ষ্য. (হিং)। মলত্যাগ, প্রঃ—ঝাড়া ফেরা—বাং বাহ্যে ফেরা। ঝাল ঝাড়া—ঝাল রাশি করা, বিপক্ষের অঙ্গে রাশি করা, সুতরাং কটূক্তি-বর্ষণ। ঝাড়া ধাতু. (ঝাড় ধাতু আস্তে)। ঝাড়ানা॥ ঝাড়ানি ··ষ্য. (ঝাড়া+আনি)। ঝাড়া কর্ম, ঝাড়ার বেতন। ঝাড়াই · ষ্য. (ঝাড়া+ই)। ঝাড়ন কর্ম। ঝাড়া-ঝোড়া ··ণ. (ঝোড়া—প্রচর শব্দ)। ঝাড়া, পরিষ্কৃত।

ঝাড়ী···ষ্য. (ঝাড় দেখ)। ছোট বন (প্রাচীন পদে। হিং)।

ঝাড়ু···ষ্য. (হিং)। ঝাঁটা। ঝাড়ু-বরদার ·· ষ্য. যে পথ ঘাট ঝাঁট দেয়। ঝাড়ুকষ ·· (হিং। সং কৃষ ধাতু হইতে কষ)। যে জমিদারের কাছারী ঝাঁট দেয়।

ঝাঁতলা ··ষ্য. (সং শীতলা হইতে অপভ্রংশে শাতলা, ঝাঁতলা। শীতলা—চলিত বাংতে পাটা-শেঅলা)। দোড়ী দিয়া বোনা এক প্রকার জলজ পাটা-শেঅলা গাছের মোটা আসন।

ঝানু ··ণ. (সং ঝৃণিঃ—ক্রমুকভেদেঽপি দুষ্ট দৈবশ্রুতৌ—মেঃ। তুং ঝুনা নারিকেল। তুং আং জহীন—তীক্ষ্ণবুদ্ধি)। তীক্ষ্ণবুদ্ধি, চতুর। (তুং ঝুনি সর্ষা—যে সর্ষাতে ঝাঁঝ আছে)।

ঝাঁপ ··ধাতু. (বাং ঝাঁপা, ওং ঝাঁপিবা, হিং ঝাঁপনা,মং ঝাপর্ণে ঝাঁপর্ণে। সং ঝম্প—ঝম্ পত ধাতু হইতে। ঝম্‌ধাতুর অর্থ ভক্ষণ; ভক্ষণ করিতে পতন—ঝম্প? তুং ওং চীলে ঝাঁপিলা—চীলে ছোঁ মারিল। ঝম্প হইতে লম্ফ-ঝম্প। সে ঝম্প অন্য শব্দ। বোধ হয় সং পি·ধা ধাতু হইতে ধাপি—ঝাঁপি। তুং ওং পিন্ধা, হিং পিন্‌হা—বস্ত্র পরিধান)। ঝাঁপি—আবরণ করি, প্রঃ—ধীবর কাল হাতে লই জাল, তুরিতে ঝাঁপয়ে তারে (চণ্ডীঃ), সমুখে তাহার রূপ সদা মনে ঝাঁপে গো (চণ্ডীঃ), মুখে ঝাঁপিলা অম্বর (ভাঃ)। ঝাঁপা॥ ঝাঁপ ··ষ্য. বাঁশ দড়মা তালপাতা প্রভৃতির নির্মিত কপাট,যাহা দিয়া দ্বার ঝাঁপিতে—আবৃত করিতে পারা যায়। ঝাঁপি ষ্য. (ওং ঝাঁপি)। বর্ষার জল নিবারক তালপাতার পেটকাকার মস্তকাচ্ছাদন (ইহার অন্য নাম টোকা); বেত্রাদি নির্মিত পেটিকা, প্রঃ—এই ঝাঁপি যত্নে রাখ কভু না খুলিবে (ভাঃ)।

ঝাঁপ ··ষ্য. (সং ঝম্প)। উচ্চ হইতে লাফাইয়া পড়া; কাপড় গুণ চট প্রভৃতি বুনিবার সময় ব-এর উঠা বা নামা; পড়িয়ানের সূতা বা দোড়ী যাবার নিমিত্ত টানার সূতা বা দোড়ীর মাঝের ফাঁক (ওং ঝাঁপ); গাজনে যে দ্রব্যের উপর সন্ন্যাসী ঝাঁপ দিয়া পড়ে; যথা, আগুন-ঝাঁপ— অগ্নিকুণ্ডের উপর পতন, কাঁটা ঝাঁপ—কাঠের পাটায় বোঁটির আকারের কাঁটা মারা থাকে, তদুপরি পতন। নীচে খড়-কুটিভরা গুণ থাকে। ঝাঁপ ভাঙ্গা—গাজনের শেষ যেদিন সন্ন্যাসী লোহশলাকার উপর ঝাঁপ খায়। ঝাঁপা··· ধাতু. (সং ঝম্প হইতে)। ঝাঁপাই—ঝাঁপ দিয়া পড়ি। ঝাঁপানা॥ ঝাঁপান···ষ্য. গাজনিয়া সন্ন্যাসীর কৃচ্ছ্র সাধন, অগ্নিলোহাদি-শলাকা প্রভৃতির উপর পতন (তুং ওং ঝাম্‌-ঝাঁপ্‌ ··ঝাম্—অগ্নি—সং ধ্মা ধাতু হইতে);

(রত্নাবতীর শালে ভর—শাল—শল্যে পতন বা শয়ন)। মনসার ঝাঁপান—মনসা—সর্পাধিষ্ঠাত্রী দেবীর প্রীত্যর্থে ঐন্দ্রজালিক ক্রীড়া। এই ক্রীড়া দুই পক্ষে হয়। এক পক্ষের গুনিন্ অন্য পক্ষের গুনিন্‌কে 'বাণ' মারে। এই বাণে কখনও সাপ, কখনও ভিমরুল, কখনও বিছা প্রভৃতি আশ্চর্যজনক ব্যাপার জন্মে। (এখন নাকি বিদ্যাটি লোপ পাইয়াছে)। দশহরার দিন মনসার ঝাঁপান হয়। ঝাঁপ-নিয়া সন্ন্যাসী···যে সন্ন্যাসী ঝাঁপান করে।

ঝাপটা ··ষ্য. (সং ঝম্প—ঝাপ+টা)। বেগে হঠাৎ পতন, আঘাত, প্রঃ—গোরু কান-ঝাপটা মারে, বৃষ্টির ঝাপটায় কাঁথ ভাঙ্গে; চূলের গুচ্ছ, চূল হইতে লম্বিত পুষ্পগুচ্ছ; পুষ্পগুচ্ছের অনুকরণে মাথার সোনার ভূষণ বিশেষ (চূলে ঝাপটা আটকানা থাকিয়া ঝম্প দিতে থাকে বলিয়া নাম)। কান-ঝাপটা···কানের সমুখের কেশগুচ্ছ.

ঝাপটা···ধাতু. (জাপটা ধাতু দেখ)। ঝাপটাই —বেষ্টন করি, প্র —লাউসেন উলটে ধরিল ঝাপটে, উলটিয়া উঠিল বাঘ (মাঃ)। —লাউসেন বাঘকে ঝাপটায়া ধরিল। ঝাপটানা॥

ঝাপসা···ষ্য. (বাং ঝাঁপ ধাতু আবরণে+ সা—সাদৃশ্যে—আবরণের সাদৃশ্য)। চোখের রোগ-বিশেষ (glaucoma), যাহাতে চোখে কুয়াসার মতন দেখায়। ঝাপসা দেখা—অস্পষ্ট দর্শন।

ঝাঁপা · ষ্য. (সং ঝম্প হইতে)। মাথার চুল হইতে লম্বিত পুষ্পগুচ্ছ, ঝাপটা, প্রঃ— চারিদিকে শালুক ফুলের ঝাঁপা দুলে (মাঃ)।

··ধাতু. ঝাঁপাই—ঝাঁপ দিই। ঝাঁপানা, ঝাঁপান (ঝাঁপ দেখ)॥ ঝাঁপাই-ঝোড়া··· (উচ্চ হইতে পতন—ঝাঁপাই, এবং ঝোলা ঝুল ধাতু হইতে—উচ্চ হইতে লম্বিত হওয়া; অতএব ঝাঁপাই-ঝোড়া প্রায় সহচর শব্দ)। উচ্চ হইতে বেগে পতন, আস্ফালন। ঝাঁপাই-ঝুড়···ধাতু. ঝাঁপাই-ঝুড়ি—ঝাঁপ দিই ও ঝুলিয়া পড়ি, প্রঃ—ছেলেরা জলে ঝাঁপাই-ঝোড়ে—উঠে পড়ে, ঝাঁপ দিয়া খেলা করে, প্রঃ—জলে ঝালি খেলে (কবিকঃ), দাবাই ঝুড়ে চলে (মাঃ)— দাবাইয়া ও ঝুড়িয়া—কাদা তুলিয়া।

ঝাঁপান ··ঝাঁপ দেখ।

ঝাঁপি···ঝাঁপ দেখ।

ঝাঁপুড়···ধাতু. (সং সম্পুট ধাতু সংশ্লেষণে)। ঝাঁপুড়ি—সংশ্লিষ্ট হই, সম্পুট—সাঁপুড়ার মতন হই, প্রঃ—গাছ ঝাঁপুড়িয়া পড়িয়াছে। ঝাঁপুড়া (প্রায়ই, ঝাঁপড়া)॥ (ওং ঝাঁপুড়া)। ঝাঁপুড়া, ঝাঁপড়া ··ণ. ঝাঁপির সদৃশ, ঝোপ-সদৃশ, প্রঃ—ঝাঁঃ চুল, গাছ। (ঝোপসদৃশ হইলেও ঝোপ শব্দ হইতে ঝাঁপুড়া বোধ হয় না)। ঝাঁপুড়া ··ধাতু. (ঝাঁপুড় ধাতু আছে)। ঝাঁপুড়ানা, ঝাঁপড়ানা॥

ঝামকা ··ধাতু. (ওং ঝমকা ধাতু। ধমকা ধাতু হইতে? বোধ হয় ঝম্প হইতে)। ঝামকাই—মাথা নাড়িয়া তর্জন করি। ঝামকা, ঝামকানি॥ মুখ-ঝামকা মারা, দেওয়া—মাথা বেগে চালিত করিয়া তর্জন করা।

ঝামর···ধাতু. (সং ধ্মা ধাতু অগ্নি-সংযোগে। ধ্মা—ঝাঁ, ঝাম। ঝাঁ-মরা—দাহে মরা। ঝাঁমরা, (কিংবা) কখন কখন ঝাঁই-মারা,

ছাঁই-মারা—নারিকেল-কোরা গুড়ের সহিত পাকে শুষ্ক করিলে ছাঁই )। ঝামরি—দাহে মরি, শুষ্ক হই, প্রঃ—রোদে গাছ ঝামরিয়া গিয়াছে, প্রঃ—নীল কমল ঝামরু হয়েছে মলিন হয়েছে দেহা (চণ্ডীঃ)। ঝামরা॥ (কৃত্তিবাসে ঝাঁওরা, ও° ঝাঁউন্তি)। ঝামরা ··ধাতু. (বোধ হয় ঝাঁ-মারা)। ঝামরাই—দাহে শুষ্ক হই। ঝামরানা॥

ঝামা···ষ্য. (স° ঝামক স° ধ্মা ধাতু হইতে)। অতিদাহে পিণ্ডীভূত ইষ্টক। ঝামা মারা—ঝামার অবস্থায় পরিণত হওয়া; ঝামা দ্বারা ঘষা।

ঝারা ··ষ্য. (স° ধারা)। ধারা, জলধারা। সহস্র-ঝারা···সহস্রধারা কলশী, শালগ্রাম ঠাকুর ও তুলসী গাছের উপরে জল-ধারা।

ঝারা ··ষ্য. ( ঝাড় হইতে )। চাল কিংবা ছাত হইতে লম্বিত কড়ির, শোলার, কিংবা ফুলের গৃহ-অলঙ্কার (ও° ঝাড়)।

ঝারি...ষ্য. ( ধারা+ঈ—ঝারী। কিংবা স° ভৃঙ্গার হইতে )। জল-ধারা দিবার ভৃঙ্গার, ভৃঙ্গার, প্রঃ—শূংপুঃ, চৈঃচঃ, কবিকঃ। কাঁখে হেম ঝারি—কবিকঃ; সোনার গাড়ু সোনার ডাবর সোনার সব ঝারি—কৃত্তিঃ অযোঃ। ( ঝারি ও গাড়ু এক নহে। গাড়ু কুব্জপৃষ্ঠ, ঝারি ঘটাকার )।

ঝাল ··ষ্য. ( স° জ্বালা—দাহ। বোধ হয় ইহা হইতে স° ঝালি—ব্যঞ্জনবিশেষ )। জ্বালাকর কটুতা, প্রঃ—মরিচের ঝাল ( চৈঃচঃ ); গোলমরিচ লঙ্কা যোগে ব্যঞ্জন। ··ণ. কটু, প্রঃ—ঝাল বাম্নন। ঝাল ঝাড়া—কটু বচন-প্রয়োগ, ক্রোধ প্রকাশ দ্বারা দেহ হইতে কটুতা নিক্ষেপ করা, তীব্র ভর্ৎসনা করা। পরের মুখে ঝাল খাওয়া—অন্য দ্বারা আস্বাদ গ্রহণ, অন্য দ্বারা কাজ করানা। ঝালে ঝোলে অম্বলে এক···নানাবিধ অসঙ্গত পদার্থের মিশ্রণ।

ঝাল ··ধাতু. ( ও° উঝালিবা—পঙ্কোদ্ধার; হি° ঝালনা, ম° ঝালণেঁ। স° উদ্ধার—মোচন, উত্তোলন হইতে। উঝাল ধাতু দেখ )। ঝালি—উদ্ধার করি, দোষমুক্ত করি, ধাতু গলাইয়া সন্ধি জুড়ি, প্রঃ—পুরাতন পুকুর ঝালা—পঙ্কোদ্ধার করা, রাং দিয়া পিতলের ঘটী ঝালা—ছিদ্র বা ফাটা জোড়া। ঝালা॥ নিষেধে, আ ঝালা। ঝালা ··ধাতু. ( ঝাল ধাতু আস্তে )। ঝালানা॥ ঝালানি ··ঝালার বেতন। ঝালাই · ঝালা কর্ম। ঝাল ··ষ্য. ( ঝাইল, ঝালি—শুদ্ধ রূপ )। রাং পিতল প্রভৃতি যাহা দিয়া ধাতু জুড়িতে পারা যায় (solder); সেচনী দিয়া জল সেচন করিতে জলভাণ্ডার। ঝালা··· কাঁসারীর বিশেষ অর্থে, আগুনে পাইন গলাইয়া দুই খণ্ড ধাতু জোড়া, যেমন পিতলের কলশী পিতলের পাইন দিয়া ঝালা হয়। ইহাকে জোড়া বলে না।

ঝালর ··ষ্য. ( স° ঝল্লা। তু° হি° ঝাল—ঢেউ )। তরঙ্গের আকারে যে বস্ত্র মশারি চাঁদোয়া প্রভৃতির প্রান্ত হইতে ঝুলিয়া থাকে; ( কিংবা ) যাহার ঝাল—দীপ্তি আছে, এমন অলঙ্কার, ঝালরে মুক্তা কিংবা মুক্তা-তুল্য পংক্তি থাকে।

ঝালা ··ঝাল ধাতু দেখ।

ঝালা-পালা ··ষ্য. ( স° জ্বালা, বা° পোড়া হইতে। জ্বালা-পোড়া—ঝালা-পালা। অনু-প্রাসের নিমিত্ত পোড়া শব্দ রূপান্তরিত।

অতএব সহচর শব্দ। তু° হি° ঝাল ঝালনা —পীড়া দেওয়া)। জ্বালা-পোড়া, প্রঃ—পান গুয়া গন্ধমালা অগ্নিসম দেয় জ্বালা করিলেক ঝালা পালা তনু প্রাণ রহেনা (ভাঃ রসমঞ্জরী); ঢাকের বাদ্যে কান ঝালা-পালা করে—কর্ণ পীড়িত করে।

ঝালি ··ষ্য. (ঝাল ধাতু দেখ)। সেচনী দ্বারা জল সেচন নিমিত্ত জল ভাণ্ডার, প্রঃ—নাহি ঝালি কাটে বীর না ধরে সিয়নি (কবিকঃ)। (সেচনীর জল যে গর্ত্তে পড়ে তাহাকেও কেহ কেহ ঝালি বলে)।

ঝালি ··ষ্য. (?)। পেটিকা, পেঁড়া, প্রঃ—চৈঃ চঃ, প্রবোধচন্দ্রিকা।

ঝি ··ষ্য. (স° দুহিতা হইতে পালি ধী, ধি, ধিতা। দহ স্থানে ধ, এবং ধ স্থানে পরে ঝ আসিয়াছে। স°তেও ধীলটি, ঝলা—দুহিতা শব্দের স্থানে বসিয়াছে। ধীলটি হইতে বা° ঝিঅড়ি। ধিতা হইতে ও° ঝিঅ, প্রাচীন বা° ঝিয় (কবিকঃ)। তু° হি° জীজী—বা° দিদী (ভগিনী)—পালি ধি-ধি স° দুহিতা হইতে। এ, এর বিভক্তি বসিলে ঝি স্থানে ঝিয় হয়)। কন্যা; কন্যা স্থানীয়া নারী; কন্যাস্থানীয়া পরিচারিকা (আধুনিক প্রয়োগ)। ঝি-মা ··আয়ী। বউ-ঝি লইয়া ঘর করা—(ঝি-বউ নহে। পুত্রবধূ ও দুহিতা—যাহাদের মান-রক্ষা গৃহস্থের কর্ত্তব্য। ঝিয়ড়ী···ষ্য. দুহিতা, পরিবারের কন্যা, প্রঃ—লুঠিয়া লইল ধন ঝিউড়ী বহুড়ী (ভাঃ)—ঝিউড়ী বানান অপেক্ষা ঝিয়ড়ী, ঝিঅড়ী শুদ্ধ। ঝিয়ারী, ঝিআরি ··ষ্য. ঝিয়ড়ী; প্রঃ—জনক ঝিআরি (শূং পুঃ, কৃত্তিঃ)। দৃষ্টান্তে, ঝিকে মেরে বউকে শেখানা—স্বীয় দুহিতাকে মাতা সহজে শাস্তি দিতে পারেন, পুত্রবধূ—যে অন্য নারীর কন্যা তাহাকে শাসন করিতে শাশুড়ী সঙ্কোচ বোধ করেন। ইহা হইতে, নিজ দ্বারা দৃষ্টান্ত-প্রদর্শন।

ঝিক ··ষ্য. (স° ধিক্ষ ধাতু সন্দীপন, ক্লেশন হইতে ধিক, ঝিক। অন্য শব্দ ফিক। কিংবা স° খ্মাক হইতে? ঝিঁক দেখ)। উৎক্ষেপ, বেগে বহির্গমন, প্রঃ—নাড়ী কাটা পড়িলে ঝিক দিয়া রক্ত পড়ে, প্রঃ—রুধির নিকলে ঝিক্ দিয়া (মাঃ)।

ঝিঁক ··ষ্য. (স° ধিক্ষ ধাতু সন্দীপন। কিংবা খ্মাক হইতে। ও° নাম পথা—পক্ষ)। উনানের ভিতরের আগুন বাহির হইবার নিমিত্ত উনানের পরিধিতে পথ, অগ্নিধূম-নির্গম-পথ; উনানের পরিধির উপরে ধূমনির্গম-পথের মৃৎপিণ্ড।

ঝিক্-মিক ··চিক্-মিক্ দেখ। প্রঃ—চিনিলাম আভরণ করে ঝিকিমিকি (কৃত্তিঃ, অযোঃ)।

ঝিকর ··ষ্য. (ঝিঁকুর দেখ)। কাঁকর (কৃত্তিঃ)। (অপ্রচঃ)।

ঝিঁকরা ··ধাতু. ঝাঁকরা ধাতু দেখ।

ঝিঁকা ··ষ্য. (ঝুঁক ধাতু দেখ। স° ধুক্ষ ধাতু হইতে)। হঠাৎ বেগে আকর্ষণ। ঝিঁকা মারা—নৌকার হাইল টানিয়া নৌকা চালনা। ঝিঁকা ··ধাতু. ঝিঁকাই—বেগে আকর্ষণপূর্বক চালাই। ঝিঁকানা॥

ঝিকুর ··ষ্য. (বোধ হয়, ঘি-কুঁড়—ঘৃত-কুণ্ড—মস্তিষ্ক হইতে)। মস্তিষ্ক, প্রঃ—তাকে বলিয়া বলিয়া মাথার ঝিকুর নড়িয়া গেল, তবু সে শুনিল না। (ঝিকুর নড়া—এই এক প্রয়োগ)।

ঝিকুঁর···ষ্য. ( তু° ও° ঝিঙ্কর—কঙ্কর )। কাঁকর, প্রঃ—তৃণ ধূলি ঝিকুঁর সব একত্র করিয়া ( চৈঃচঃ মধ্যলীলা ( অপ্রচঃ )।

·ষ্য. ( সং ঝিঙ্গী—ভাবপ্রকাশে ; সং ঝিঙ্গাক। বোধ হয় অর্বাচীন সং। হিং ঝীঙ্গা—চিংড়ীমাছ। হিং ঝীঙ্গা তরুই, তরুই—বাং ঝিঙ্গা। ওং নাম জহ্নী—সং জ্যোৎস্নী—সন্ধ্যার সময় ফুল ফোটে বলিয়া)। কুষ্মাণ্ডাদি বর্গের অংশুময় প্রসিদ্ধ গদাকার দশকোণ ফল। গাছ ( Luffa acutangula ) প্রতানী, ফুল পীতবর্ণ, পুং কিংবা স্ত্রী। পুং পুষ্পে ৩টা কেশর। (কোথাও কোথাও তরুই বলে। ধুন্দুল নামক ফলকেও কোথাও কোথাও তরুই বলে। ধুন্দুল—বৃহৎ প্রতানী, ফল বড়, পুং কেশর ৫)।

ঝি-ঝি ( পোকা ) ··ষ্য. ( সং ঝিল্লী, ঝিল্লী। তু° সং ধন ধাতু)। পতঙ্গ বিশেষ। ইহার ডেনা ঝিল্লীময়। গ্রীষ্মকালে রৌদ্রের সময় বাবলা তেঁতুল প্রভৃতি গাছে বসিয়া ঝিঁ ঝিঁ শব্দে দিক পরিপূর্ণ করে। দৈর্ঘ্যে প্রায় দুই আঙ্গুল। মুখের চঞ্চু ছারপোকার তুল্য বেধন ও শোষণ উপযোগী। ঝিঁ-ঝিঁ···ষ্য. ঝিঁ ঝিঁ শব্দ।

ঝিঁঝিঁট ··ষ্য. ( ঝিঁ-ঝিঁ হইতে? )। রাগ-রাগিণী দেখ।

ঝিট ··ষ্য. ( ছিট ধাতু হইতে )। বৃষ্টি জলের আঘাত, ঝাট, ছাট।

ঝিটা-বেড়া, ছিটা-বেড়া · ষ্য. ( ছিটা+বেড়া। ও° ঝাটি-মাটি )। কঞ্চির বেড়া করিয়া তাহাতে কাদা ছিটিয়া—লেপিয়া নির্মিত যে ঘর। ( সং ঝিণ্টী—ক্ষুপবিশেষের বেড়া নহে )।

ঝিঁটী···ষ্য. ( সং ঝিণ্টী )। বাসকাদি বর্গের বন্য ক্ষুপ বিশেষ ( Barleria )। পত্র অভি-মুখী, পুং কেশর ২টা। কোথাও কোথাও ঝাটি বলে ( শূংপুঃ )। কাঁটা ঝিটী ··ষ্য. (ও° নাম দাস-করণ্টা—সং দাসী, কুরণ্টক )। কাঁটা গাছ (B. prionites)। পুষ্প পীত-বর্ণ। শাদা ঝিঁটী ··গাছে কাঁটা নাই, ফল দীর্ঘাকার, ফুল শাদা ( B. cristata, var. dichotoma )। নীল ঝিঁটী ··গাছ ঐ প্রকার। ফুল নীল ( B. cristata )। লাল ঝিঁটী ··গাছ ঐ প্রকার। ফুল বড়, আরক্ত, ( সং নাম কুরবক )।

ঝিন্-ঝিনি ··ষ্য. ( ঝিম ধাতু দেখ। হিং ঝিন-ঝিনী, ও° ঝিমি-ঝিমি )। অঙ্গ-সুপ্তি ( limbs going to sleep), চাপ পাইয়া পদাদি অঙ্গের অসাড়তা। ( গোরুর পায়ের ঝনকা )।

ঝিনুক ··ষ্য. ( সং নাম শুক্তি। ও° নাম ছামুকা—সং শম্বূক। শামুক হইতে ছামুক —ছিমুক—ঝিনুক। ছ স্থানে ঝ আসিতে পারে। তু° ছিনা। শীর্ণ)—ঝিনা ( দহ )। জল-চর দ্বিখোলকী প্রাণী-বিশেষ (mussel)। (২) ঝিনুক-খোলার আকারের দুগ্ধপানের রূপা পিতলের চমস। ঝিনুক-খুলী··· ঝিনুকের খোলা।

ঝিম্-ঝিম ··বা. ( ঝম্-ঝম দেখ ) লঘুতায়, প্রঃ—ঝিমি-ঝিমি শবদে বরিখে ( জ্ঞান দাস )। ঝিমকানি...বা. (ঝিমকা+ পানি )। ঝিম্-ঝিম শব্দে বৃষ্টি, লঘুবৃষ্টি, প্রঃ —আসিনে মাসেত মেঘে বরিসএ ঝিমি-কানি ( শূংপুঃ )।

ঝিম্-ঝিম···ষ্য. (ঝিমা ধাতু দেখ। ঝিন্-ঝিনি

দেখ)। দুর্বলতা, প্রঃ—অনশনে গা ঝিম্‌ঝিম করে।—এই রূপ কারণে লোকে ঝিমায়।

ঝিমা···ধাতু. (বা° ঝিমানা, ও° ঝিমেইবা ; হি° ঝুমনা—দোলিত হওয়া, ঝপানা—তন্দ্রা লওয়া ; ম° ঝুমকর্ণে—গমন (বিশেষ) করা। ঝিমানা—ঢাকায় ঝোমন। ঘুম হইতে ঝিমনা? তু°হি° ঝুমনা—বা° ঘুমানা। স° হিম—শীতল হইতে হিমাই—ঝিমাই? মানুষ কি শীতবোধ করিলে ঝিমায়? বোধ হয়, স° সমাধি—ধ্যান, নিদ্রা—হইতে মাধি—ধিমা—ঝিমা। তু° আসা° সমাজিক—স্বপ্ন—স° সমাধিক হইতে)। ঝিমাই—নিদ্রাতুর হইয়া দোলিত হই। ঝিমানা॥

ঝিয়···ষ্য. ঝি দেখ। প্রঃ—মাঙ্গ ঝিয়ে খুল্লনা (কবিকঃ)।

ঝির্‌-ঝির ··ঝর্‌-ঝর দেখ।

ঝিল ··ষ্য. (হি°। ঝাল ধাতু দেখ)। বিল।

ঝিল ··ষ্য. (হি°)। গানের খাইদ সুর।

ঝিল-মিলী ··ষ্য. (হি°তে ঝিল-মিল—জলের কিংবা তারার ঝিকি-মিকি। তু° বা° ঝল্‌মল। ঝিল—দীপ্ত, মিল—মিলিত বা অদৃশ্য হয়, একবার দীপ্ত হইয়া পরক্ষণে অদৃশ্য হইলে ঝিল্‌মিল)। কাঠের পাটাখণ্ডের এমন কপাট যাহা বন্ধ হইলেও ভিতর দিয়া আলো বায়ু আসিতে পারে। পালকী-বাহকেরা পালকীর কপাটকে ঝিল্‌মিলী ও খড়্‌খড়ী বলে।

ঝিলাপী ··ষ্য. (হি° জিলাবী। স° নাম কুণ্ডলী। তু° ও° ঝিলি—বিরীর দাইল-বাটা। বিরী হইতে ঝিলী?)। কুণ্ডলাকারে রচিত দাইলের মিষ্টান্নবিশেষ। ঝিলাপীর পেঁচ ··ঝিলাপীর যেমন কুণ্ডল আছে, তৎতুল্য, কূটবুদ্ধি।

ঝিলি···ষ্য. (ও°)। বাটা বিরী দাইল (চৈতন্য মঙ্গল)। (অপ্রচঃ)।

ঝিলি-মিলি···ব্য. (ঝল্‌মল দেখ)। ঝল্‌মলের ন্যূন ভাবে প্রঃ—কণ্ঠে ঝিলিমিলি হার করে ধিকি ধিকি (কবিকঃ)।

ঝিল্লী···ষা. (স° ছল্লী—ত্বক)। সূক্ষ্মচর্ম-বিশেষ (membrane)।

ঝী ··ঝি দেখ। (বোধ হয় ঝি বানান অপেক্ষা ঝী বানান শুদ্ধ। একাক্ষর শব্দের স্বর প্রায়ই দীর্ঘ হয়। স্ত্রীলিঙ্গে ঈ রাখা সঙ্গত। বুৎপত্তিতে পালি ধী ধি দুই-ই আছে)।

ঝীল ··ঝিল দেখ।

ঝুঁক ··ধাতু. (স° ধুক্ষ, ধিক্ষ ধাতু সন্দীপনে ক্লেশনে। বা° ঝোঁকা, ও° ঝুঁকিবা, হি° ঝুকনা, স° ঝুকর্ণে)। ঝুঁকি—ভারে ক্লেশে হেলিয়া পড়ি। ঝোঁকা, ঝুঁকি, ঝোঁক॥

ঝোঁক·· পতন-প্রবণতা। ঝুঁকি···ভারে হেলন, দায়িত্ব। ঝুঁকি লওয়া—ভার সহা।

ঝোঁকা ··ধাতু. (ঝুঁক ধাতু আস্তে)। ঝোঁকানা, ঝোঁকানি॥

ঝুঁজ...ধাতু. (স° ধুক্ষ ধাতু ক্লেশনে হইতে)। ঝুঁজি—বিন্দু-বিন্দুর আকারে নিঃসৃত হই, প্রঃ—হাত পা কাটিলে রক্ত ঝুঁজিয়া পড়ে। ঝোঁজা॥ (অধিক শুনিতে পাইনা)।

ঝুট···ষ্য. (স° জুষ্ট)। উচ্ছিষ্ট, অপবিত্র দ্রব্য, প্রঃ—না ছড়াও ঝুট (চৈঃ চঃ)। ঝুট-মুট...ণ. (হি°)। মিথ্যা। ঝুটা···ণ. মিথ্যা, কৃত্রিম, প্রঃ—ঝুটা হীরা। খোশ খবরের ঝুটাও ভাল—মিথ্যা হইলেও ভাল লাগে।

ঝুঁটা, ঝুঁটি ··ষ্য. (স° জুট, জটা। ও° চুড়, হি° ম° কুবড়—কুব্জ)। মাথার চূড়ার আকারের কবরী, মাথার খোঁপা ; গোরুর ককুদ।

ঝুড়...ধাতু (সং ধূর ধাতু হিংসায়)। ঝুড়ি—উচ্চ অংশ ছেদন করি. প্রঃ—বাঁশ ঝুড়িয়া ফেলা—বাঁশের গাঁইঠ কাটিয়া সমান করা; আখ ঝোড়া—পাতা কাটিয়া ফেলা; ছাগলটাকে কুকুর ঝুড়িয়া খাইয়াছে—টানিয়া টানিয়া মাংস কাটিয়া। ঝোড়া॥ ঝোড়া··ষ্য. ঝোড়া বাঁশ কঞ্চি দ্বারা নির্মিত পাত্র। (হিং ওড়া)। ঝুড়ী···ছোট ঝোড়া। ঝোড়া ...ধাতু. (ঝুড় ধাতু আস্তে। ঝোড়ানা॥

ঝুড়ি-ঝুড়ি...ণ. (সং ভূরি। ঝোড়া—পাত্র হইতে নহে)। ভূরি ভূরি, বহু. প্রঃ—ঝুড়ি-ঝুড়ি প্রমাণ।

ঝুড়ী···ঝুড় ধাতু দেখ।

ঝুণা···ণ. (সং ঝুণি—পুগবিশেষ—মেঃ)। পাকা শুষ্ক; পাকিয়া শুখাইয়া গুবাকবৎ কঠিন (নারিকেল); ধূর্ত।

ঝুণী...ষ্য. (সং ঝুণি হইতে)। উগ্র সর্ষপ-বিশেষ, অন্য নাম রাই। সরিষা দেখ।

ঝুন··ধাতু. (সং ধূর্ব ধাতু হননে: এই ধাতু হইতে সং ধূর্ত, ধূর্ণ। ধূর্ণ হইতে সং ঝূণি—পুগবিশেষে আসিয়া থাকিবে। ও সং ঝুণ ধাতু)। ঝুনি—টুকরা টুকরা করিয়া ছিঁড়ি, রস টানিয়া শুষ্ক করি, প্রঃ—ডালকোত্তা ঝুনিয়া খায়, ছেলে বড় হইলে মাতৃস্তন প্রায়ই ঝুনিয়া খায়। ঝোনা॥ ঝোনা···ধাতু. (ঝুন ধাতু আস্তে)। ঝোনানা॥

ঝুপ··ব্য. (সং ক্ষিপ্র)। ক্ষিপ্র, প্রঃ—ঝুপ করিয়া যাও। ঝপ দেখ। ঝুপ-ঝুপ··ব্য. ক্ষিপ্রতায়।

ঝুপরী...ণ. (ঝোপ+রী)। ছোট ঝোপের আকারের। ঝুপরী বন···ক্ষুপের বন। ঝুপরী ঘর···ছোট ও নীচা ঘর যেন ঝোপের মতন নুইয়া পড়িয়াছে। (খুপরী ঘরও ছোট ও নীচা, কিন্তু নুইয়া পড়ে না)।

ঝুপী··ষ্য. (ঝোপ+ঈ—ঝোপী—ঝুপী)। ছোট ঝোপ।

ঝুমকা...ষ্য. (সং ঘূর্ণ হইতে)। কানের নিমিত্ত সোনার টোপরের আকারের আভরণ বিশেষ। ঝুমকা লতা··প্রতানী লতা-বিশেষ (Passiflora. Passion flower)। আধুনিক উদ্যানে ইহার অনেক জাতি দেখিতে পাওয়া যায়। অধিকাংশ আমেরিকার গাছ। পাতা তিন-কানিয়া, ফুল সুগন্ধ প্রায়ই নীলবর্ণ, পঞ্চদল। বর্ষাকালে ফোটে। ফুলের ভিতরে সারি সারি কেশর থাকে। এই কেশর (পুং কেশর নহে) দেখিয়া ঝুমকা সাদৃশ্য বোধ।

ঝুম্-ঝুমি...ষ্য. (ঝুম্-ঝুম শব্দ করে বলিয়া)। ছোট ছেলেদের খেলনা বিশেষ।

ঝুমর, ঝুমুর...ষ্য. (সং ঝুমরি—শৃঙ্গাররস-প্রধান রাগিণী বিশেষ। হিং ঝুমর। বোধ হয় সং ঘূর্ণ ধাতু হইতে)। নিম্নশ্রেণী নারীদ্বারা ঘুরিয়া ঘুরিয়া অশ্লীল নৃত্য ও গীত।

ঝুর·ধাতু. (সং অশ্রু হইতে)। ঝুরি—অশ্রুমোচন করি, প্রঃ—তোমাহেন বঁধু হেলায় হারায়ে ঝুরিয়া ঝুরিয়া মনু (মরিনু, চণ্ডীঃ), কত অনুরাগিণী ঝুরে অনুরাগে (জ্ঞানদাস); মূর্ত্তি দেখে সদাই মদন ঝুরে মরে (মাঃ)। ঝোরা॥ (অঝুর, অঝোর দেখ। আধুনিক কবি এই ধাতু বিস্মৃত হইয়াছেন)।

ঝুরি·ষ্য. (ঝুলিয়া থাকে বলিয়া ঝুলি—ঝুরি। তুং বাং আল ও ওলম্ব—সং (অ-) বরোহ, ব স্থানে ও, রোহ স্থানে লম্ব।

অবরোহ হইতেও ঝুরি আসিতে পারে)। বটাদি বৃক্ষের সরু সরু জটা। (ঝূল অবরোহ—আল)।

ঝুরিভাজা ··ষ্য. (সং চূর্ণ লইতে চুরি—ঝুরি। সং ধূলি হইতে ঝুলি—ঝুরি)। ভাজা মৎস্য-চূর্ণ; বটের ঝুরির আকারের দাইল-বাটার মিষ্টান্ন-বিশেষ (হিং)।

ঝুল···ধাতু. (সং ছুল ধাতু দোলনে। দ স্থানে ঝ প্রায় হয় না, হয় জ। বোধ হয় সং হিন্দোল শব্দে দহ থাকাতে হইয়াছে)। ঝুলি—ঢুলি, লম্বিত হই। ঝোলা, ঝুলন॥ ঝোলা···দোলা, লম্বিত আধার। ঝুলী··· (ঝোলা+ঈ)। ছোট ঝোলা। ঝোলনা ···(ঝোলা+না হ্রস্বার্থে)। দোলনা, যাহাতে শিশু ঢুলিতে থাকে; ছোট ঝুলী। ঝোলা গুড়, মাছের ঝোল ··ঝোল দেখ। ঝুলন··দোলন। ঝুলন যাত্রা···শ্রীকৃষ্ণের দোলন উৎসব, হিন্দোল। ঝুলা, ঝোলা··· ধাতু. (ঝুল ধাতু আস্তে)। ঝোলানা॥

ঝূট···ণ. (হিং। ঝুট দেখ)। কূট, মিথ্যা, কৃত্রিম।

ঝূল···ষ্য. (সং ধূলি—ধুল—ঝূল। সং নাম ধূম্ধুমার)। রান্নাঘরের লম্বিত ধূম-অঙ্গার, মাকড়সার জালে বদ্ধ ধূলি। রান্নাঘরের ধুয়া। লাগিয়া—কালী ঝূল।

ঝেঁটা···ঝাঁটা দেখ। ঝেঁটা-খেগো···ণ. যে নিন্দনীয় কাজের জন্য ঝাঁটার প্রহার খাইয়া থাকে।

ঝেঁতলা···ঝাঁতলা দেখ।

ঝোঁক···ষ্য. (সং ঝুঁক ধাতু দেখ)। নতি।

ঝোড়·· ষ্য. (সং ঝর)। বর্ষাকালের জল গড়াইয়া নিম্ন নালী। বন-ঝোড়···বন ও ঝোড়। ঝোড়ঝাড়···ঝর ও ঝাড়—নিকুঞ্জাকারে গাছ বা বন। ঝোড়-ঝঙ্কার ···ঝোড় ঝাড় (চৈতন্য মঙ্গল)।

ঝোড়া···ঝুড় ধাতু দেখ।

ঝোপ···ষ.. (সং ক্ষুপ, ছুপ হইতে)। ক্ষুপ, বহুশাখ ক্ষুদ্র বৃক্ষ। ঝোপড়ী, ঝুপড়ী... ণ. (ঝোপ+ড়ী)। ঝোপ বিশিষ্ট। ঝুপী ···(ঝোপ+ঈ)। ছোট ঝোপ। ঝুপী বন ...ঝুপীর বন। ঝোপড়ী বন··· ঝোপের বন। ঝোপ-ঝাপ···(ঝাপ—উপচর শব্দ)। ঝোপ ইত্যাদি। উপদেশে, ঝোপ বুঝিয়া কোপ—সুযোগ দেখিয়া আক্রমণ।

ঝোল··ষ্য. (সং নাম সূপ। সূপ—দালি। কবিকঃ—সূপ—রাঁধা দালি। জল হইতে ঝোল। ওং ঝোল্ল, হিং ঝোল)। রাঁধা মৎস্য দালি ইত্যাদির জল, জল দিয়া রাঁধা মৎস্য-ব্যঞ্জনাদি, প্রঃ—তিক্ত সুক্ত ঝোল (চৈঃ চঃ)। ঝোলা···ণ. (জল+উয়া—জলুয়া—জোলা—ঝোলা)। যাহাতে জলের ভাগ অধিক থাকে, প্রঃ—ঝোলা গুড়। ঝোল-ঝাল···ঝোল ও ঝাল ব্যঞ্জন (বোধ হয় ঝাল—উপচর শব্দ)।

ঝোলনা··ঝুল ধাতু দেখ।

ঝোলা··ষ্য. (ঝুল ধাতু দেখ। ঝোল দেখ)। বস্ত্রাদির আধার। (চৈঃ চঃ-তে ঝালি, যথা, সে সব সামগ্রী এক ঝালিতে ভরিয়া।

ঝোলী, ঝুলী...(ঝোলা+ঈ)। ছোট ঝোলা।

## ঞ।

ঞ...ষ্য. (সং)। চবর্গের অনুনাসিক বর্ণ, অক্ষর। বাং উচ্চারণে ইঙঁ। এই হেতু সং

গোস্বামী হইতে প্রাচীন বা° গোসাঞি। চবর্গে সংযুক্ত হইলে বা° উচ্চারণে ন কার তুল্য, যেমন চঞ্চল—উ° চন্‌চল, শুদ্ধ উ° চন্‌চল।

---

## ট।

ট...ষ্য. (স°)। ব্যঞ্জন বর্ণ,-অক্ষর বিশেষ।

টই-টম্বুর ··ণ. ( স° তটী ( তীর )—টই; স° অম্বু+র···অম্বুর—টম্বুর )। তীর পর্যন্ত জলপূর্ণ, জলে স্ফীত, প্রঃ—জল খেয়ে পেট টই-টম্বুর। ( জল দেখ )।

টই, টুঁই···ষ্য. ( স° তটি—শ্রেণী, তটী—তীর )। ঘরের চালের মটকা ( শৃং-পুঃ; বাঁকুড়া )। প্রঃ—টইভুঁই—মাটি হইতে ঘরের চাল পর্যন্ত।

টক···ব্য. ( ত্বরা কর—তড়াক হইতে। টক্-টক দেখ )। শীঘ্র; গবাদি-পশু তাড়নায়। ( চট, ঝট, সট, পট, টপ দেখ )।

টক···ষ্য. ( স° তক্র হইতে। তক্র—অম্ল—শব্দকল্পঃ )। অম্ল।...ধাতু. ( তক্র হইতে ধাতু টকা হইবার ছিল। টকা হইতে হি° ও° খটা )। টকি—অম্ল হই, প্রঃ—দই টকিয়া গিয়াছে। টকা॥ টকা ধাতু. ( টক ধাতু আস্তে )। টকানা॥ টকুয়া, টঁকো ···ণ. ( টক+উয়া )। অম্লাস্বাদ, প্রঃ—টঁকো আম।

টক্কর...ষ্য. (হি°—বা° ঠোকর)। প্রতিদ্বন্দ্বিতা। টক্করা-টক্করি···ষ্য. পরস্পর প্রতিদ্বন্দ্বিতা, স্পর্ধা। টক্-টক···ব্য. ( অনুকার শব্দ। তু° স° টক্ ধাতু গতি )। টক্-টক ধ্বনিতে, প্রঃ—ঘড়ী টক্ টক করিতেছে। টিক্-টিক...ব্য. টিক্-টিক ধ্বনিতে; সর্বদা বিরক্তিপ্রকাশে। টিক্‌টিকি···ষ্য. জেষ্ঠী প্রাণী, টিক্-টিক ধ্বনি করে বলিয়া নাম।

টক্-টক...ব্য. ( তক্-তক, টুক্-টুক দেখ )। প্রখর দীপ্তিতে, প্রঃ—লাল টক্-টক করে। টুক্-টুক···ব্য. ( স° টুণ্টুক—রক্তবর্ণে; যথা, টুণ্টকঃ শোণকল্পয়োঃ—মেঃ। ম° তুক-তুকী)। ক্ষুদ্রবস্তুর মৃদু দীপ্তিতে, প্রায়ই লাল বর্ণে, প্রঃ—লাল টুক্-টুকা। টুক্-টুকা টুক্‌টুকিয়া, টুক্-টুক্যে ··ণ. ( টুক্-টুক+আ, ইয়া )। টুক্‌টুকবিশিষ্ট, লাবণ্য-বিশিষ্ট, প্রঃ—টুঃ ছেলে।

টগর ··ষ্য. ( স° তগর। ও° তগর )। তগরাদি-বর্গের পুষ্প-ক্ষুপ বিশেষ (Tabernamontana coronaria )। গাছ ক্ষীরী, মানুষের সমান উচা হয়। পাতা মৎস্যাকার। ফুল শাদা, রাত্রে সুগন্ধ। ফিরকী-টগর ··ফিরঙ্গী টগর (Periwinkle. Vinca )। শাদা ফুল ও লাল ফুল, দুই জাতি সর্বদা দেখা যায়। গাছ প্রায় দেড় হাত উচা হয়, ঝাঁপুড়া। বার মাস ফুল ধরে। প্রতি ফুল হইতে ২টা শুঁটী হয়। (Vinca alba, V. rosea)। ( ফা° গুল-ই-ফরঙ্গা। ও° সদা-বিহারী—সদা ফুল হয় বলিয়া )।

টগ্-বগ ··ব্য. ( তগ্‌বগ দেখ )। অগ্নিতে জলাদির স্ফুটন ধ্বনিতে, প্রঃ—ভাত টগ্-বগ করিয়া ফুটে।

টগরা...ণ. ( স° টগরঃ হেলাবিভ্রমগোচরে—মেঃ। টগর+আ। কিংবা স° দিক্কর—বা° ডেকরা )। ধূর্ত, প্রগল্ভ।

টঙ্কার ··ষ্য. ( স° )। টং-এই ধ্বনি।

টং-টং...ব্য. ( অনুকার শব্দ। তু° স° টঙ্কার)।

টানা তার বাজাইলে যে ধ্বনি; ছোট ঘড়ীর শব্দে, প্রঃ—টং-টং করিয়া ৩টা বাজিল। **টিং-টিং**···ব্য. টং-টং ধ্বনির মৃদুতায়। যে তারে টং-টং শব্দ বাহিরায়, সে তার অপেক্ষা সরু না হইলে টিং-টিং শব্দ বাহিরায় না। ইহা হইতে, সরু টিং-টিঙ্গা—যেন সরু তার, যাহা টিং-টিং শব্দ করে। **টিং-টিঙ্গা কাপড়**···যে কাপড়ের পরিসর অল্প। **টুং-টুং**···ব্য. ছোট ও সরু তার বাজাইলে যে শব্দ হয়: ইহা হইতে, ব্যবসা টুম্‌টাম চলা—এত ছোট ও অল্পপরিসর যেন ছোট সরু তার।

**টঙ্গা, টং** ণ. (সং তুঙ্গা। ফাং তঙ্গা—টান)। সর্বোচ্চ, প্রঃ—গাছের টঙ্গা ডালে আম আছে। রাগে টঙ্গা—ক্রোধে শরীর উন্নত (কিংবা সং টঙ্ক—ক্রোধ হইতে)।

**টঙ্গাশ্-টঙ্গাশ**···ব্য. (তুং সং টন্‌ক ধাতু বন্ধনে কিংবা সং তঙ্গা ধাতু কম্পনে, পদস্খলনে)। অবিরত ভ্রমণ-হেতু ক্লান্ত ভাবে; পা ভারিয়া গেলে, মাটি হইতে পা উচ্চ করিয়া ফেলিতে কষ্ট হইলে—যেন পা বাঁধা আছে কিংবা যেন ঝুলিয়া পড়ে—টঙ্গাশ-টঙ্গাশ করিয়া চলা বলা যায়।

**টট্**···ব্য. (চট হইতে তট। কিংবা ত্বরা হইতে)। পশ্বাদি চালনা শব্দে।

**টন**···ষ্য. (ইং ton)। ইংরেজী ওজন বিশেষ, ২০ হন্দর, ওজনে প্রায় ২৭।৹ মণ। (ওজন দেখ)।

**টনক**···ষ্য. (বোধ হয়, সং টঙ্কিত—বদ্ধ হইতে। সং টঙ্ক, টন্‌ক ধাতু বন্ধনে। হিংতে টনক—টন্‌টন শব্দে, কপালের পাশের শিরার দপদপানি)। স্মরণ-চেষ্টায় ললাটের শিরার হঠাৎ কুঞ্চন, প্রঃ—গরুড়ের কপালে টনক পড়য়ে তখনি (কৃত্তিঃ); কপালে টনক পড়ে (কবিকঃ)—হঠাৎ স্মরণ হওয়াতে। 'টনক পড়া', পরে 'টনক নড়া' হইয়াছে, প্রঃ—কপালে টনক নড়ে হাত হৈতে হাতা পড়ে, উছট লাগিয়া পদ টলে (ভাঃ)।

**টন্‌কা** · ণ. (সং টন্‌ক ধাতু বন্ধনে। মং টনকা)। সবল, টান, প্রঃ—রোগ ভোগের পর টন্‌কা হওয়া—দেহ পূর্বে শিথিল ছিল।

**টন্-টন**···ব্য. (সং তন ধাতু বিস্তারে)। টান হেতু ব্যথায়, প্রঃ—ফোড়া টন্‌টন করে যখন ফুলিতে থাকে, শিরা প্রসারিত হইয়া টন্‌টন করে। **টন্-টনানি**॥ **টন্-টনিয়া, টন্-টনা**···ণ. (টন্-টন+ইয়া, আ)। দূরে প্রসারিত, প্রঃ—টন্-টনিয়া জ্ঞান—যে জ্ঞান চারিদিকে প্রসারিত, সবদিক দেখিবার জ্ঞান (টান ধাতু দেখ:

**টনিক**···ষ্য. (ইং tonic)। বলকারক ঔষধ।

**টপ**···ব্য. (সং পট ধাতু গতি হইতে বাং পট—টপ। কিংবা টপ্-টপ দেখ)। শীঘ্রতায়, প্রঃ—টপ করিয়া লাফাইয়া পড়া। (টপকানা দেখ)।

**টপ**...ষ্য (সং আটোপ—যেমন ঘটাটোপ। হিং টপ—আচ্ছাদন)। আচ্ছাদন। (টপকা ধাতু দেখ)।

**টপকা**...ধাতু. (বাং টপ—আচ্ছাদন। ও: টপিবা, হিং টপনা)। **টপকাই**—উল্লম্ফন করি, প্রঃ—প্রাচীর টপকাইয়া চোর আসিয়াছে। **টপকানা**॥

**টপ্-টপ**···ব্য. (সং তিপ ধাতু ক্ষরণে। কিংবা ফোটা হইতে টোপা—টপ)। বড় বড় ফোটায়, প্রঃ—টপ্‌টপ করিয়া বৃষ্টি। টপ্-

টপানি ॥ টপাটপ...না থামিয়া, অবিরাম। টুপ্ টুপ···আরও ছোট ফোটায়।

টপ্পা···ষ্য. (হিং—হ্রস্ব। তু° বা° টপকা ধাতু)। সংক্ষিপ্ত লঘুপ্রকৃতি গীত। টপ্পা-বাজ···ষ্য. টপ্পা গানে পটু। টপ্পা মারা (অশিষ্ট)—লাফাইয়া বেড়ানা, বৃথা গল্প করা।

টব ··বা টুব্ টুব দেখ।

টব...ষ্য. ( ই° tub )। মাটি কাঠ প্রভৃতির বড় গামলা। ফুলের টব···যে মাটির ডাবায় ফুল গাছ জন্মানা যায় ; ফুলগাছ-সহিত টব।

টম্-টম ··বা. ( স° স্তন ধাতু শব্দে )। প্রসারিত আনদ্ধ যন্ত্রের বাদ্যে, প্রঃ—ঢাকের টম্-টম বাদ্য।

টম্-টম ষ্য. ( ই° tandem—প্রকৃত অর্থ, একটা ঘোড়ার পশ্চাতে আর এক ঘোড়া জুতিয়া যাহাকে চালাইতে পারা যায় এরূপ গাড়ী )। এক ঘোড়ায় টানা দুই চাকার গাড়ী। টমটম হাঁকানা—টমটমের ঘোড়া চালানা।

টর···ণ (স° টল ধাতু ব্যাকুলতায় ?)। তীব্রতা হেতু ব্যাকুল, অজ্ঞান প্রঃ—নেশায় টর—টলিয়া পড়িলে।

টল · ধাতু ( স° টল ধাতু বৈকল্যে )। টলি—বিচলিত হই, নীচে পড়ি, প্রঃ—টল-টল টলে টলিল কনকলঙ্কা ( মেঘনাদ-বধে )। আসন টলিয়াছে—নড়িয়াছে, অন্যত্র যাবার সম্ভাবনা হইয়াছে। টলা, টলন ॥ টলা···ধাতু. ( টল ধাতু আস্তে )। টলানা ॥ টল্-টল ··ব্য. অস্থির ভাবে, প্রঃ—নেশায় মাথা টল্-টল করে, সমুদ্রে জাহাজে গা টল্-টল করে ( টুল-টুল দেখ )। টল্-টলানি ॥ টল্-টলিয়া, টল্-টলা...ণ. টল্-টল করে যাহা।

টল-টলায়মান···ণ. (স°)। কম্পমান, অস্থির।

টল্-বল···ব্য. ( স° টল ধাতু বৈক্লব্যে ; স° বল ধাতু প্রাণনে )। অস্থির-সুস্থির ভাবে, প্রঃ—টলবল করে যেন পদ্মপত্রের বারি (মাঃ)—একবার নড়িতেছে, পরে স্থির হইতেছে, আবার নড়িতেছে। ( এখানে টল্-টল শব্দ বসাইলে কেবল নড়ন বুঝাইত)।

টল্মল···ব্য. ( স° মল ধাতু হইতে মলিত, মর্দিত )। অস্থিরতা-হেতু মর্দিত ভাবে, প্রঃ—দুহু ভাসিল জলে করিছি টলমল (শূংপুঃ—দোঁহে জলে ভাসিয়া টল্-মল করিতে লাগিলেন ; জিনি মদমত্ত হাতী গমন মন্থর-গতি, ধরণী করয়ে টলমল (জ্ঞানদাস) ; পদ-ভরে টল-মল, স্বর্গ মর্ত্ত্য রসাতল ( ভাঃ )—এখানে শুধু বিচলন নহে ভারে মর্দন। ঢেউ দিলে নদীতে ডোঙ্গা টল্-মল করিতে পারে না, টল্-টল করে ; ডোঙ্গাতে বহু আরোহী থাকিলে ভারে টল্-মল করিতে পারে। টল-মলা, টল্-মলানি। টল্-মলিয়া, টল্-মলা···ণ. যাহা টল্মল করে।

টসকা ··ধাতু. (স° রস হইতে টস। কিংবা স° তস ধাতু বস্তুহানিতে। হি° টসকনা—নড়া ; হি° ঠসনা—ভাঙ্গা )। টসকাই—জীর্ণ হই, ছিদ্রবিশিষ্ট হই, প্রঃ—এতদিনেও কলশীটা টসকায় নাই—কলশী হইতে রস-ক্ষরণ হয় না, কলশী জর্জর হয় নাই। টসকানা ॥

টস্-টস ··ব্য. ( স° রস )। বিন্দু বিন্দু আকারে রসক্ষরণে, প্রঃ—চোখের লো টস্-টস করিয়া পড়িতে লাগিল ; রস-পূর্ণতায় প্রঃ—নব-জ্বরে মুখ টস্-টস করে—রসাধিক্যে। টস্-টসিয়া, টস্-টসা কথা—রসিকতা-পূর্ণ, এমন

কথা যাহা শুনিলে ক্রোধ জন্মে ( গ্রা° টেঁস-টেঁসিয়া)। টস্-টসানি ॥ টুস্-টুস...ব্য. ক্ষুদ্র বিন্দু পতনে।

টসা···ধাতু. ( স° রস হইতে )। টসাই—রস ক্ষরিত হই ( বিন্দু বিন্দু আকারে ), প্রঃ—রক্ত টসাইয়া টসাইয়া পড়িতেছে। টসা, টসানা ॥ টসা-টসা···বিন্দু বিন্দু।

টহরম...ষ্য. ( ই° term )। যে সময় আদালত খোলা থাকে। টহরম-মহরম···ষ্য. ( মহরম প্রচর শব্দ)। মাথা-মাখি ভাব, ঘনিষ্ঠতা।

টহল···ষ্য. ( হি°—সেবা, কাজ, চাকরি ; স° চল্ হইতে চহল—টহল ? ) পরিক্রমণ। ···ধাতু.। টহলি—পরিক্রমণ করি। টহলা ॥ টহলা···ধাতু. (টহল ধাতু আস্তে)। টহলানা॥ টহলিয়া···ষ্য. যে টহল করে। টহলদার ·· ষ্য. (হি° টহলবা )। যে ভৃত্যের কর্ম ঘোরা-ফেরা।

টা...ষ্য. ( ঘণ্টা শব্দের সংক্ষেপে )। ঘণ্টা ( বেলা ), প্রঃ—চারিটা বাজিয়াছে—চারি ঘণ্টা সময় (মধ্যাহ্নের পরে) অতীত হইয়াছে।

টা ··প্রত্যয়. ( প্রাচীন বা° গোটা ; যথা, এক গোটা অঙ্গুরীতে—একটা অঙ্গুরীতে। স°-তে হ্রস্বার্থে টী ছিল—যেমন বধূটী। গোটা শব্দের মূল একটা। গোটা দেখ। ব্যাকরণ দেখ )। সঙ্খ্যা-নির্দেশে, প্রঃ—পাঁচটা আম ; সামান্য বস্তু নির্দেশে, প্রঃ—গোরুটা শুইয়াছে ; অনাদরে নির্দেশে, প্রঃ—লোকটা না বলিয়া চলিয়া গেল ; প্রায়ই বৃহৎ ও কুৎসিৎ আকারে, প্রঃ—বাঘটা বিকট মূর্ত্তি বাড়ায় তখন ( মাঃ )। টা পরিমাণ-বাচক নহে ; কেহ কেহ ভুল করে, বলে 'এতটা পরিমাণে,' 'এতটা পরিশ্রম'। এত—পরিমাণ বুঝায়। কদাচিৎ 'এতটা দুধ'—এখানে টা অনাদরে ; আদরে 'খানি', প্রঃ—এতখানি দুধ )। টায়ে-টোয়ে ··( টো উপচর শব্দ )। যত আবশ্যক ঠিক তত, কষ্টে। টায়-টায় ··যত আবশ্যক ঠিক তত, উদ্বৃত্ত নহে। ( এখানে টা—সঙ্খ্যা ও পরিমাণ—দুই-ই বুঝায়। বস্তুতঃ টাএ টাএ, টাএ-টোএ )। টাক, টাএক... প্রত্যয়. (একটা—টাএক—টাক )। প্রায়িক পরিমাণ অর্থে, প্রঃ—দণ্ডটাক বেলা আছে, টাকা-টাক খরচ ( এক ভিন্ন অন্য সঙ্খ্যা-বাচক শব্দের উত্তর এক, প্রঃ—টাকা পঁচিশেক। ( টাএক অপ্রচলঃ হইতেছে। )

টাইপ · ষ্য. ( ই° type )। ছাপিবার অক্ষর।

টাইম, টাইন ··ষ্য. (ই° time)। সময়।

টাউন ··ষ্য. ( ই° town )। নগর। টাউন-হল · ·ষ্য. ( town-hall )। যে অট্টালিকায় নগরবাসিগণের পরামর্শাদি কাজ হয়।

টাউর কাঁ৷ ··টিয়ারী দেখ।

টাক ষ্য. ( স° চক্র হইতে। চ স্থানে ত, ত স্থানে ট। টাকা হইতে ? হি° টাঁট—মাথার তালু )। মাথার চক্রাকার খলতি। টাকুয়া, টেকো ··ণ. ( টাক+উয়া )। টাক-যুক্ত। টাক-পড়া মাথা ··যে মাথা খলতি-হেতু কেশহীন হইয়াছে।

টাক ··ধাতু. ( স° তর্ক ধাতু তর্কণে। ও° টাক ধাতু। তাক দেখ )। টাকি—বিতর্ক আশা করি, লক্ষ্য করি, প্রঃ—মরণ টাঁকিলি বেটা অনাথা দেখিয়া ( ভাঃ—টাঁকিলি—গ্রা° ), কিলায় নির্ঘাত তেকে কুজের উপর (মাঃ)। (মাণিকে অন্যত্র তাগ ধাতু )। টাকা ॥

টাঁক···ধাতু. ( সং টঙ্ক ধাতু বন্ধনে )। টাঁকি —সিঁয়া ক্ষুদ্র বস্তু জুড়ি, প্র:—বোতাম টাঁকা। কাপড় টাঁকা—ছেঁড়া জোড়া। টাঁকা॥ টাকা ··ধাতু. (টাঁক ধাতু আস্তে)। টাকানা॥

টাকনা ··ষ্য. ( চাখনা হইতে )। খাদ্য গলাধঃকরণ নিমিত্ত যে উপকরণ অল্প খাওয়া যায়, যেমন নুন, লঙ্কা।

টাকরা ··ষ্য. ( তু° ও° টাকরা—টক্-টক-রব, হিং চটকারা—জিহ্বা দ্বারা সুস্বাদ দ্রব্য আস্বাদনে চট্-চট—টক্-টক রব। সং তালুক হইতে টাকরা আসা কঠিন )। তালু, মুখের যে অংশে জিহ্বা লাগাইয়া টক্-টক রব করিতে পারা যায়।

টাঁক-শাল···ষ্য. (সং টঙ্ক-শালা)। যে বাড়ীতে টাকা নির্মিত হইয়া থাকে (mint)।

টাকা···ষ্য. ( সং টঙ্ক, তু° টাঁকশাল। ও° টঙ্কা, প্রাচীন বাং তঙ্কা। তনকা দেখ। হিং টাঁকা, প্রায়ই রূপেয়া; হিং টকা—দু-পয়সা; মং রূপয়া; মং টকা,টঙ্কা—ষোল পয়সা। বাং টাকা সং টঙ্ক হইতে আসিয়াছে বটে, কিন্তু অর্থ-সম্প্রারণ ঘটিয়াছে )। রৌপ্য পূর্ণ-মুদ্রা ( ওজনে ১৮০ গ্রেণ। রূপা ১১+তামা ১=১২)। টাকা-কড়ি ··(সহচর শব্দ )। টাকা ও মূল্যবান দ্রব্য। টাকাটা সিকাটা···( সিকি দেখ )। একটা টাকা হউক, অন্ততঃ একটা সিকি হউক ( টা অনাদরে )। টাকা-মাকা, টাকা-ফাকা ·· ( মাকা, ফাকা প্রচর শব্দ )। টাকা ইত্যাদি (অবজ্ঞায়)। টাকা-ভাঙ্গানি···ষ্য. টাকার পরিবর্তে স্বল্প মুদ্রা, টাকা ভাঙ্গাইয়া প্রাপ্য মুদ্রা। টাকা করা—অর্থ সঞ্চয় করা। টাকা গতানা—অন্যের নিকট দাদন দেওয়া। টাকা গছানা—অন্যের অনিচ্ছাসত্ত্বেও লওয়ানা। টাকা-ভাঙ্গানা—স্বল্প মুদ্রা দ্বারা টাকা বিনিময় করা। পাকা কড়াকিয়া বা মুদ্রা মান,—৪ কড়ায় ১ গণ্ডা। ৫ গণ্ডায় ১ পাই (সং পাদ,—আণকপাদ। ও° পাহি, হিং পাই )। ৪ পাইএ আনা; '৪ পয়সায় আনা' বলা যায় না। (কিছু দিন পূর্ব পর্যন্ত আধুনিক পয়সা মুদ্রার নাম 'পাই' ছিল। এখনও হিসাবে সেই পাই চলিতেছে)। ইংরেজী আধুনিক মুদ্রা 'পাই' (pie ও° পাহুলা) নাম সুবিধা-জনক হয় নাই। বাং পয়সা—পাই+সা—পাই-সদৃশ মুদ্রা। চৈঃ চঃ—পয়সা। হিং পৈসা, ও° পইসা। হাতে পাই-পয়সা নাই—যেন বুঝায় পুরাতন পাই অপেক্ষা পয়সা অল্পমূল্য। পাই-সদৃশ বলিয়া পয়সা। তু° টাকা-কড়ি, কড়া-ক্রান্তি )। আধলা···( সং অর্ধ+ল। ও° অধলা, হিং মং অধেলা )। অর্ধপয়সা। ডবল পয়সা ··( ই° double-pice )। পয়সার দ্বিগুণ মুদ্রা ( এক পয়সা ওজনে ১০০ গ্রেণ, এক ডবলপয়সা ওজনে ২০০ গ্রেণ )। পহলা, আধলা, পয়সা, ডবলপয়সা তাম্রনির্মিত। ৪ পাইতে ১ আনা ( সংপ্রা° আণক, ও° অণা। বৎসর কয়েক হইল এক-আনি মুদ্রা চলিত হইয়াছে। এই মুদ্রা নিকেল নামক ধাতুবিশেষে নির্মিত )। ৪ আনাতে ১ সিকি ( সং চতুষ্কী। ও° সউকী )। ৪ সিকিতে ১ টাকা। দু-আনি, সিকি, আধলি রৌপ্যনির্মিত। ( ব্যাকরণ-অনুসারে এক-আনী, দুআনী, সিকী, আধলী—ঈকারান্ত হয় )।

১৬ টাকায় ১ মোহর ( পূর্বকালে স্বর্ণ মুদ্রা মোহর = ১৬ টাকা ছিল। এখন মোহর মুদ্রা চলিত নাই। মোহর—সং মুদ্রা হইতে মুদ্রা —মুদ্রা—মুহরা—মুহর—মোহর। এখন মোহর মুদ্রার স্থান ইং সভরিন বাং নাম গিনি লইয়াছে। ইহার মূল্য ১৫ টাকা। কয়েক বৎসর পূর্বপর্যন্ত ইহার মূল্য ১০ টাকা ছিল। )

টাকা-চোর ··হাঁড়ী-চাঁচা দেখ।

টাকুয়া ··টেকো, টাক দেখ।

টাঙ্গন ··ষ্য. ( সং টঙ্কণ। সং টঙ্ক ধাতু বন্ধনে। তুং বাং টনকা হওয়া রোগ ভোগের পর বল পাইলে। হিং টাঙ্গন)। যে অশ্বের অঙ্গপেশী দৃঢ়বদ্ধ; পাহাড়িয়া টাটু।

টাঙ্গনা ··ষ্য. ( সং টঙ্গন )। সোহাগা (borax)।

টাঙ্গা ··ধাতু. ( সং তুঙ্গা হইতে বাং টঙ্গা; টঙ্গো তুলি—টাঙ্গাই। কিংবা সং টঙ্কিত —বদ্ধ হইতে। হিং টাংগনা, ওং টঙ্গা-ইবা )। টাঙ্গাই—উচ্চে লম্বিত করি, বদ্ধ করি। টাঙ্গানা॥ প্রঃ—মশারি টাঙ্গানা। —(কোথাও কোথাও টানা ধাতু, প্রঃ— বড় বড় চন্দ্রাতপ এখন টানাইলা—নবদ্বীপ-পরিক্রমা )। টাঙ্গা···ষা. মাছ ধরিবার উপায়বিশেষ। কঞ্চির মাথা হইতে কাঁটা-বাঁধা দোড়ী টাঙ্গানা থাকে। সেই কঞ্চি জলের ধারে পোতা হয়। মাছ কাঁটায় বিদ্ধ হইয়া ধরা পড়ে। ( জাওলা দেখ। )

টাঙ্গী···ষ্য. (সং টঙ্গা, টঙ্কিকা। হিং টাঙ্গী)। কোল জাতির ভাষায় টাঙ্গির)। খড়্গ-ভেদ। ( টাঙ্গীর ফলা ছোট, বাঁট লম্বা; খাঁড়ার ফলা লম্বা, বাঁট ছোট )।

টাট···ষ্য. ( সং আস্তরণ? তুং হিং টাট, মং তরট। চাটাই দেখ)। পালানের উপরের আস্তরণ, চট; তালপাতা বাখারী ও দোড়ী দিয়া বাঁধা আচ্ছাদন ( টাটী দেখ )।

টাট ··ষ্য. ( টাটি দেখ। হিং টাটিয়া—থালা )। পূজার উপকরণ-রক্ষার নিমিত্ত তামার থালা।

টাটকা ··ণ. ( সং তৎকাল। ওং টটকা, হিং টট্‌কা, মং টরটরীত—বাং ডবডবা)। তৎ-কাল, সদ্য, তাজা, প্রঃ—টাটকা মাছ দুধ —যাহা পরে বিকৃত হইয়া পড়ে।

টাটকা ··ষ্য. ( বাং তাক দেখ। তাক—দৃষ্টি হইতে? হিং টট—বাং তাক। মাণিকে টটকা। তড়কা দেখ )। স্থির ঊর্ধ্ব-নেত্র ( মৃত্যুর পূর্বকালীন ); বিস্ময়-বোধ। শিশুর টাটকা লাগে—হঠাৎ চোখ উপরে উঠিয়া শিশু অজ্ঞান হয়। ( রস-তড়কা দেখ )।

টাটা ··ধাতু. ( সং তপ্ত হইতে তাত। হিং টটা ধাতু )। টাটাই—ব্যথা অনুভূত হই, তপ্ত হইয়া ব্যথা পাই, প্রঃ—ফোড়া টাটায়— তপ্ত হইয়া টানিয়া ধরে; চোখ টাটায়— চোখে ব্যথা অনুভব করায়, ঈর্ষায় ব্যথা বোধ করায়। টাটানা, টাটানি॥

টাটর, টাটরা ··ণ. ( সং তপ্ত হইতে তাত+র )। অতি শুষ্ক ( মাটি ), যাহা সহজে টাড়া যায় না।

টাটারা, টাটরা ··ধাতু. ( টাটা ধাতু হইতে )। টাটরাই—টাটাই। টাটারানা, টাটরানা॥

টাটি ( গ্রাং টাঁটি ) ··ষা. ( চাটু, তাটু, তাটি টাটি এক মূল হইতে? তুং চাটি—প্রদীপ (চাটি-গাঁ), ওং তাটিআ—বাং বাটী)। মাটির বাটী বা খুরী।

টাটী…ষ্য. ( টাট দেখ। হিং টট্টী )। তাল-পত্রাদির আবরণ, প্রঃ—তৃণ টাটি দিয়া চারিদিগ্ আবরিল ( চৈঃ চঃ )।

টাটু…ষ্য. ( হিং টট্টু )। ছোট আকারের ঘোড়া। দল-টাটু…যে ছোট ঘোড়া দানা পায় না, দল তৃণ খাইয়া বাঁচে।

টাট্টী…ষ্য. ( হিং টট্টী। টাটী দেখ )। মলমূত্র পরিত্যাগের নিমিত্ত ঘেরা স্থান। ( হিংতে টট্টী যানা=বাং ঘাটে যাওয়া )।

টাড়্…ধাতু. ( তাড় ধাতু দেখ )। টাড়ি—বিদীর্ণ করি, প্রঃ—গোরু শিং দিয়া মাটি টাড়িয়া ফেলিয়াছে, গলা টাড়িয়া ঝগড়া করে। টাড় ॥ টাড়া…ধাতু. ( টাড় ধাতু আস্তে )। টাড়ানা ॥ টাড়ানি…শুকনা আচোট মাটি বিদারণ, বিদারণ-বেতন।

টাড়-বালা…ষ্য. ( তুং সং তাড়ঙ্ক—তাড়পত্র বা তালপত্র—কর্ণভূষণ-বিশেষ )। প্রাচীন কালের হাতের বলয়-বিশেষ ( শূং পুঃ )।

টান…ধাতু. ( সং তন ধাতু হইতে তানি ধাতু )। টানি—বিস্তৃত,প্রসারিত, দীর্ঘ করি; আকৃষ্ট, শুষ্ক করি। প্রঃ—টানিয়া লম্বা করা, পেট টানিয়া ধরে—উদর আকৃষ্ট হইলে। টানা ॥ টানা-টানি…পরস্পর আকর্ষণ; টানা-টানির সংসার—যে সংসার-নির্বাহ আয় ও ব্যয়ের পরস্পর আকর্ষণে চলে। টানা…ষ্য. তাঁতের যে সূতা টানিয়া রাখা হয়, কাপড়ের লম্বা দিকের সূতা; যাহা টানিয়া রাখে, প্রঃ—কানে মাকড়ি টানায় ঝুলাইতে পারা যায়। টানা-পড়িয়ান ষ্য. ( পড়িয়ান, পড়্যান দেখ )। তাঁতের লম্বা দিকের ও বিস্তার দিকের সূতা। টানা-পড়্যান করা—একই কাজ পুনঃ পুনঃ করা, আনা-গনা করা, ঘোরা-ফেরা। টানা-বোনা…তাঁতে জোড়া লম্বা দিকের সূতা—টানা, টানার আড় দিকে বোনা। কিন্তু টানিয়া-বুনিয়া কাজ করা—দ্রব্যের অকুলান হইতে না দিয়া অল্পে শেষ করা। ( বোধ হয় বুনিবার সূতা টানিয়া হইতে। ইহাতে অল্প সূতায় বোনা হয়। ) টানা কাড়া…তাঁতে টানার সূতা লম্বা করিয়া আকর্ষণ, শানায় গাঁথিবার পূর্বকর্ম। টানা-পাখা…যে পাখা টানিয়া ছাড়িয়া দিলে বাতাস হয়, লম্বিত পাখা। টান…ণ. ষ্য. আকৃষ্ট, অশিথিল, গাঢ়; সংহত; আকর্ষণ; নদীর বেগ; সংসক্তি; মনোযোগ, প্রঃ—টান বাঁধা, টান শরীর, লেখা পড়ার টান, রক্তের টান। টানন…ষ্য. আকর্ষণ। টাননদার…ষ্য. যে টানে, যে কুঁদের দোড়ী টানিয়া কুঁদ ঘোরায়। টান টোন…( টোন উপচর শব্দ )। টান।

টাপ…ষ্য. ( সং স্থাপন হইতে ? থাবা দেখ। ওং টাপু—খুর; হিং টাপ—অশ্বপদধ্বনি; মং টাপ—ঘোড়ার সম্মুখ পা দিয়া আঘাত)। ঘোড়ার গমন-বিশেষ। ( ২ ) কানের ও নাকের স্বর্ণের তিলকাকার ক্ষুদ্রভূষণ-বিশেষ।

টাবা…নেবু দেখ। নেবু বিশেষ ( শূংপুঃ )। টাবুয়, টেবো…ণ. ( টাবা+উয় )। টাবা নেবু তুলা স্ফীত, প্রঃ—টেবো গাল।

টার, টার-বালা…গড় বালা, টাড়-বালা দেখ।

টাল…ধাতু. সং টল ধাতু হইতে। ওং টাঠ, মং টাঠ, হিং টাল ধাতু )। টালি—বিচলিত করি, বঞ্চনা করি, কালকর্তন

করি, প্রঃ—কোন রকমে সময় টালে, করিতে না পারে নিশা টালে-টোলে টালে (ভাঃ)। ( নিশা—নিষা—অন্বেষণ )॥ টালা॥ টালনি···হেলন, বিচলন, প্রঃ—চূড়ার টালনী বামে ময়ূর-চন্দ্রিকা ঠামে (জ্ঞানদাস) ; চূড়ার ময়ূরপুচ্ছ, প্রঃ—ডাহিনে টালনী বাঁধে লটপট পাগ ( জ্ঞানদাস )। টাল···ষ্য. এক পাশে হেলন, মোটা কাঠ বা কলসী কাঁদিবার মধ্যবিন্দু আশ্রয় না পাইলে যে পাশ অধিক সে পাশ অধিক ঘোরে, তখন বলা যায় টাল ধরা। টাল-মাটাল··ষ্য. ( মাটাল—প্রচর শব্দ ? হিং টালমটাল)। বঞ্চনা, নড়চড়, প্রঃ—মাট মাটাল করা—হচ্ছে হবে বলা, বৃথা আপত্তি দেখাইয়া কাল-বিলম্ব করা। টাল-টোল—ষ্য. ( টোল—উপচর শব্দ )। টাল, বঞ্চনা। টালা··ধাতু. ( টাল ধাতু আন্তে )। টালাই—বঞ্চিত করি, প্রঃ—কাজ টালাইয়া দেওয়া—নিজের কর্তব্য অন্যকে দিয়া নিশ্চিন্ত হওয়া। টালানা॥ টালি...ষ্য. টালা।

টালি, টাইল...ষ্য. ( ইং tile )। পাতলা চওড়া ইট।

টি, টী···প্রত্যয়. ( ব্যাকরণ দেখ )। সংখ্যা-নির্দ্দেশে, আদরে বস্তু-নির্দ্দেশে, প্রঃ—দুইটি আম, লোকটি বসিয়া আছে ; পরিহাসে, প্রঃ—হাসিয়া কথাটি কয় (জ্ঞানদাস), ইত্যাদি। ( টা হইতে টী, যেমন একটা একটী। অতএব টী বানান ঠিক। একটা অনির্দ্দেশে, একটি আদরে অনির্দ্দেশে, একটী এক-নির্দ্দেশে )।

টিউটর···ষ্য. ( ইং tutor)। শিক্ষক।

টিউসনি···ষ্য. ( ইং tution )। শিক্ষকতা।

টিক···ধাতু. ( সং স্থা ধাতু হইতে। তুং বাং তিষ্ঠ ধাতু। হিং ওং টিক ধাতু )। টিকি—থাকি, স্থিতি করি, প্রঃ—কোন রকমে টিকিয়া আছি, কাপড়খান টিকিবে না। টেকা॥ টেক-সই···ণ. (টেকা-সহ )। স্থিতি-শীল, দৃঢ়। টেকা ··ধাতু. (টিক ধাতু আন্তে)। টেকানা॥

টিক্-টিক···ষ্য. (সং তাক্ত হইতে তিক- টিক)। ত্যক্তকরণে, প্রঃ—টিক্‌টিক করিলে রাগ হয়।

টিক্‌টিকী ··ষ্য. ( টিক্‌টিক, টক্‌টক ধ্বনি করে বলিয়া নাম। সং চট্টনী—বৈদ্যকঃ। সং নাম পল্লী। ওং ঝিট-পিটি, হিং টিক-টিকী, মং পল্লি )। গৃহ-সরীসৃপ বিশেষ ( The house gecko. Hemidactylus )। অঙ্গুলী নখবিশিষ্ট, স্ফীত ; মস্তক অণ্ডাকার। টিক্‌টিক টক্‌টক শব্দ করে। (২) ছেলেদের খেলায় দ্বিতীয় অঙ্গুলীর উপর তৃতীয় অঙ্গুলী স্থাপন করিলে যে আকার হয়। ( ইহার নানা নাম আছে, হুগলীর পশ্চিমাংশে আদা, পূর্বাংশে ঢেঙ্গা, যশোরে একড়া, ইত্যাদি )।

টিক্-টিকী · ষ্য. ( হিং। ইং triangle—টি এঙ্গাল হইতে ? ত্রিকাষ্ঠ হইতে ? )। ত্রিপাদ কাষ্ঠ যাহাতে দোষীকে বাঁধিয়া ফৌজদারী কাছারীতে বেত মারা হইয়া থাকে। (২) (ইং detective হইতে )। আইন-লঙ্ঘনকারী দোষীকে যে পুলিশ-কর্মচারী অন্বেষণ করে।

টিকরা ··ষ্য. ( ? )। শাখাশ্রয়া বর্গের পক্ষী বিশেষ ( The reed-warbler. Acrocephalus dumetorum )। ছোট,

৮ আঙ্গুল। উপরে বাদামিয়া খয়রা, পক্ষপুচ্ছ খয়রা। পুং স্ত্রীং একপ্রকার। শীতকালে বঙ্গদেশে আসে।

**টিকলী**...ষ্য. ( সং তিলক হইতে বাং টিকা ; টিকা+লী—টিকলী। হিং টিকলী )। চক্রাকার ক্ষুদ্রখণ্ড, প্রঃ—মুগের টিকলী—চক্রাকার মুগ-কলাইর ভাজা পিষ্টক-বিশেষ বা বড়া ; আখের টিকলী—আখের চক্রাকার খণ্ড।

**টিকা**...ষ্য. ( সং তিলক হইতে। ওং টিকা, হিং টীকা, মং টিকলা, টিকা )। (১) কপালে গোরচনা-চন্দনাদির ফোঁটা বা তিলক ; (২) রাজা ও রাজপুত্রের কপালের তিলক ( রাজটিকা ) ; (২) বসন্তরোগ-প্রতিষেধ নিমিত্ত মানুষ কিংবা গোরুর বসন্তের রস-প্রয়োগ। টিকা দেওয়া—বসন্তরোগের বীজ সংক্রামিত করা। টিকাদার...যে বসন্তের টিকা দেয়। টিকাদারি...টিকাদারের কর্ম। (৪) ( হিং টিকিয়া )। তামুক খাইবার নিমিত্ত অঙ্গার-চূর্ণের পাতলা বড়া।

**টিকারা**...ষ্য. (?)। ছোটবড় দুইটা করতাল-বিশেষ। পূর্বকালে হাতীর পিঠে রাখিয়া বাজানা হইত।

**টিকিং**...ষ্য. ( ইং ticking )। গদী তোষক বালিশের খোল করিবার এক প্রকার মোটা ডোরালা কাপড়।

**টিকিট**...ষ্য. ( ইং ticket। হিং টিকট, ওং টিকস )। প্রবেশ-অনুমতি পত্র ; মূল্য কিংবা অঙ্ক-লেখা পত্র। রেল-টিকিট...ষ্য. রেলগাড়ীতে আরোহণের অধিকার-পত্র। ডাক-টিকিট...ষ্য. ডাকে পত্রাদির প্রেরণমূল্য চিহ্নপত্র। টিকিট কাটা—মূল্য লইয়া রেল গাড়ীর টিকিট দেওয়া। ( কট করিয়া কাটা হয় বলিয়া )।

**টিকী**...ষ্য. ( চুটকী—চুটিকী হইতে। সং চূড়া, চুল হইতে ওং চুটি, হ্রস্বে চুটিকী )। মস্তকের কেশ-চূড়া। ( অন্য নাম চৈতন-চুটকী)। টিকী দেখিতে না পাওয়া—মানুষের মূর্তি নহে, মাথার টিকীরও দর্শনাভাব।

**টিঞ্চার**...ষ্য. (ইং tincture)। সুরাতে দ্রবীভূত ঔষধ।

**টিটকারি**...ষ্য. ( সং ধিক্কার )। নিন্দায় ধিক্-ধিক শব্দ ( টিঃ দেওয়া )। প্রঃ—হাসিলা কেহ বা অট্টাহাসে টিটকারি ( মেঘনাদবধ ), ( টিটকারি—টিটকার দিয়া )।

**টিট্টিভ** ষ্য. ( সং। ওং টেটা )। পক্ষী-বিশেষ। সন্ধ্যাকালে টেঁ-টেঁ রব করিতে করিতে উড়িয়া যায়। বাং তিতই? (দেখ)।

**টিন্-টিন**...ষ্য. (সং তুঙ্গ—উচ্চ হইতে)। ক্ষুদ্র বস্তুর উচ্চ অবস্থানে, প্রঃ—কাপড় বহরে ছোট টিন্-টিন করিবে—উচ্চে থাকিবে, নীচে নামিবে না। টিন্‌টিনিয়া...ণ ( টিন্-টিন+ইয়া ) অল্পবিস্তার-বিশিষ্ট, হ্রস্ব।

**টিপ**...ধাতু. ( সং টিপ ধাতু প্রেরণ, চালন। ওং টিপ ধাতু )। টিপি—চাপি, মর্দন করি, অঙ্গাদি সংবাহন করি, সংক্ষেপে লিখি ; প্রঃ—লোহার বাটুল টিপে করে ফেলে চূর্ণ ( মাঃ ) ; গা টিপিয়া—সংবাহন করিয়া ; গোপনে সঙ্কেত নিমিত্ত মন্ত্রণা নিমিত্ত অঙ্গ চাপিয়া ; বোতলে ছিপি টিপিয়া বসাও। টেপা, টিপন, টিপনি॥

**টিপ**...ষ্য. ( তুং সং টিপ্পনী। ওং টিপা )। সংক্ষিপ্ত লিপি, স্মারক-লিপি ; কপালে

তিলক নিমিত্ত পতঙ্গবিশেষের উজ্জ্বল হরিত ও নীলবর্ণ অঙ্গবিশেষের ক্ষুদ্রাকার চক্র (ও° টিপা, হি° টিকালী)। (টিপ পরা। টাপ দেখ); সেলাইর এক এক ঘর। টিপন ··ষ্য. চাপা, মর্দন। টিপন-দাঁড়া...ষ্য. তাঁতের অঙ্গবিশেষ, উঠা-নামা করাইবার নিমিত্ত পা দিয়া যে দাঁড়া—দণ্ড পরে পরে টেপা হয়। টেপা ··ধাতু. (টিপ ধাতু আস্তে)। টেপানা ॥ টেপা-টিপি ··ষ্য. পরস্পর টেপা, পরস্পর সঙ্কেত।

টিপারা...ষ্য. (স° ত্রিপুর হইতে)। ত্রিপুরা প্রদেশের লোক, ভাষা।

টিম্-টিম ··বা. (স° স্তিম ধাতু)। স্তিমিত ভাবে, প্রঃ—সভা টিম্-টিম করে—স্তিমিত, উৎসাহহীন হয়। টিম্-টিমা, টিম্-টিমিয়া ··ণ. অনুজ্জ্বল, উৎসাহহীন, প্রঃ—টিম্-টিমা আলো—অনুজ্জ্বল।

টিয়া, টেয়া···ষ্য. (টি টি-টি রব করে বলিয়া টি+ইয়া—টিয়া। হি° তোতা। স° নাম শুক। প্রাচীন বা° ও বর্তমান ও° সুআ)। প্রসিদ্ধ হরিৎ বর্ণ শুক পক্ষী (Rose ringed paraquet. Palæornis torquatus)। ২১।২২ আঙ্গুল দীর্ঘ হয়। পুং পক্ষীর চোখের কাছে কৃষ্ণ রেখা, গালে গোলাপী কণ্ঠী। স্ত্রী পক্ষীর রেঁখা ও কণ্ঠী থাকে না।

টিয়ারি···ষ্য. (টেরি নামও আছে। ও° কণ্টী—কাঁটা আছে বলিয়া। রাঢ়ে নাম টাউর-কাঁটা। স° তুবরী শব্দ হইতে? তুবরস্তু, কষায়ে স্যাৎ—মেঃ। যে ফলে কষায় রস অধিক আছে, তাহারই একটা চলিত নাম টেরি)। কৃষ্ণচূড়াদি বর্গের বন্য অতি কণ্টকী ঝাঁপুড়া ক্ষুপ-বিশেষ (Cæsalpinia digyna)। দেখিতে নাটা গাছের মতন। শুঁটী, মসৃণ, চেপটা; দুই তিনটা বীজ থাকে। শুঁটীতে প্রচুর কষায় রস আছে। আসাম চাটিগাঁ ব্রহ্মদেশ ও বোম্বাই প্রদেশে বিস্তর জন্মে। (কণ্টী দেখ)।

টিলা···ষ্য. (স° স্থলী হইতে। হি° টীলা)। ডাঙ্গা, পাহাড় (পূর্ববঙ্গে)। ঠিলা দেখ।

টী ··প্রত্যয়. (ব্যাকরণ দেখ। টি দেখ)। এক সংখ্যানির্দেশে, প্রঃ—একটী টাকা চাই—অর্থাৎ দুই তিন নহে। (টি স্থানেও টী বসিয়া থাকে)।

টিন···ষ্য. (ই° tin। স° নাম বঙ্গ, বা° রাং)। রাং-লেপা লোহার চাদর (tin-plate); দস্তা-লেপা লোহার ঢেউ তোলা চাদর (corru gated iron-sheet)।

টু, টুক, টুকু, টুকুন···প্রত্যয়. (ব্যাকরণ দেখ। তু° স° টুণ্ট্ক, ত্রুটি, স্তোক। স° স্তোক—হি° থোড়া)। অল্প পরিমাণে, প্রঃ—ওষুধ-টুকু; অল্প সময়-পরিমাণে, প্রঃ—একটু পরে যাচ্ছি, টুক চারি পরে (স° ত্রুটি হইতে)।

টুঁ···ষ্য. (উঁ শব্দ হইতে। ট আগম। প্রায়ই র আগম হয়, র ও ট স্থান পরিবর্তন করিতে পারে)। প্রশ্নের উত্তরে উঁ শব্দ, প্রঃ—এত বকিলাম টুঁ-শব্দ নাই।

টুআ···ধাতু. (বোধ হয় টু-টু বা তু-তু হইতে। পালিত পক্ষী কুকুরকে তু তু শব্দে ডাকা হইয়া থাকে)। টুআই—উত্তেজিত করি, পাখীকে উড়িতে ছাড়িয়া দিই। টুআনা ॥ (টেকচাঁদে)।

টুইল...ষ্য. (ই° twill)। এমন বোনা কাপড় যে সূতার কোণা-কোণি বা তেরচা রেখা দেখায়।

টুক, টুকু...ষ্য. ( সং ত্রুটি ; যথা, ত্রুটিঃ স্ত্রী সংশয়ে স্বল্পে স্বল্পেলা কালমানয়োঃ—মেঃ। টু দেখ )। ত্রুটি কাল, অল্প সময়, প্রঃ—একটুকু, একটু থাম, টুক চারি পরে হবে ( টুক চারি প্রয়োগ বাঁকুড়ায় ও দক্ষিণ রাঢ়েও আছে )। ( ২ ) অল্প পরিমাণ ( সং স্তোক, টুণ্টুক হইতে। ওং টিকিএ, হিং টুকসা )। টুক-টাক...ষ্য. ( টাক উপচর শব্দ )। ছোটু খাটু (কাজ)।

টুক...ধাতু. ( সং টীক ধাতু টীকা লেখা হইতে। তুং হিং টাঁকনা—লেখা, বাং টাঁকা —সেঁআ)। টুকি—স্মরণার্থে লিখিয়া রাখি, প্রঃ—কথাগুলা টুকিয়া রাখ, নতুবা ভুলিয়া যাইবে। টোকা ॥ ( তুং টিপ )। টোকা ..ধাতু. ( টুক ধাতু আস্তে )। টোকানা ॥

টুক্-টুক · টক্-টক দেখ।

টুকনী...টুকরী দেখ।

টুকরা ..ষ্য. ( সং স্তোক—টুক+রা, টুক-করা। হিং টুকড়া )। ক্ষুদ্র অংশ, টুকরা-টাকরা...ষ্য. ( টাকরা উপচর শব্দ )। কাটা ছেঁড়া ছোট খণ্ড। টুকরা করা—ছোট ছোট খণ্ডে বিভক্ত করা, খণ্ড খণ্ড করা।

টুকরী...ষ্য. ( তুং হিং টোকরা—বড় ঝোড়া, টোকরী—ছোট ঝুড়ী। বাং টোকা, ওং টোকেই, শব্দ হইতে। টোকা—ছোট ঝাঁপি, টোপরের আকারের বৃষ্টি-নিবারক আচ্ছাদন। যথা, কবিকঃ, বিয়নী চালনী ঝাঁটা ডোম গড়ে টোকা ছাতা। টোকার সদৃশ—টোকারা, টোকরা ; হ্রস্বে টোকরী)। বংশত্বকনির্মিত ছোট পাত্র, পাতিয়া। (অপভ্রংশে কোথাও কোথাও টুকনী, যথা, কক্ষে ঝুলি টুকনি হাতে )।

টুঙ্গা ..ধাতু. (সং ত্রোটি—চঞ্চু। মং টোঁক, টোঁচ, টোঁচ—চঞ্চু, টোচণেঁ টোঁচণেঁ—চঞ্চুদ্বারা বেধন। হিং টুঙ্গানা, টুঙ্গারনা—চঞ্চুদ্বারা ঠোকরানা। ওং টুক ধাতু। নদীয়ায় টুক )। টুঙ্গি—( পাখীর ঠোঁট দিয়া ) অল্প অল্প খাই, ঠুকরাইয়া ঠুকরাইয়া খাই, এক একটা করিয়া খাই। টোঙ্গা ॥

টুঙ্গী ..ষ্য. ( সং তুঙ্গ—উচ্চ হইতে। ওং টুঙ্গি)। উচ্চ ও অন্য গৃহ হইতে পৃথক গৃহ, প্রঃ—নানা রত্নে নির্ম্মিত টুঙ্গি শতে শতে ( কৃত্তিঃ অযো ), খিড়কি উত্তর ভাগে জল টুঙ্গি তার আগে ( কবিকঃ )। ( জল-টুঙ্গি —জলাশয়ে নির্মিত উচ্চ গোল গৃহ ); পায়রা বসিবার উচ্চ মাচা ( সং বিটঙ্ক )।

টুট ..ধাতু. (সং ত্রুট ধাতু ছেদন, বিদীর্ণ-ভাবে। তুং সং ত্রুটিঃ—স্বল্পে )। টুটি—ন্যূন হই, স্বল্প হই, প্রঃ—টুটি যাকু জল (কবিকঃ ), তোমার টুটিবে মান মোর যাবে জাতি প্রাণ ( ভাঃ ) টুটা ॥ টুট ..ষ্য. ( সং ত্রুটি )। ন্যূনতা, হানি, প্রঃ—মরাই-টুট—মরাই গোলাতে ধান রাখিলে শুখাইয়া পোকা খাইয়া যে ন্যূনত ঘটে। টুটা ..ণ. বিদীর্ণ, প্রঃ—ভাঙ্গা-টুটা ( হিং তে টুটা—ভাঙ্গা)। টুটা ..ধাতু. (টুট ধাতু আস্তে )। টুটানা ॥ প্রঃ আহার টুটান দেবী দিবসে দিবসে ( কবিকঃ )।

টুঁটি, টুটি ..ষ্য. ( সং তুণ্ডি—মুখ, চঞ্চু ; ত্রোটি—চঞ্চু। ওং টুণ্টি। মং টোঁচ, টোঁচ —চঞ্চু )। কণ্ঠ, প্রঃ—টুঁটি টিপিয়া মারা, টুঁটি ধরা—গলা বসা।

টুটি ( গ্রাং ) ..ষ্য. (সং ত্রুটি)। ত্রুটি, কর্তব্যে হানি বা ন্যূনতা।

টুন ··টোয়াইন দেখ।

টুন্-টুন···ব্য. টং-টং দেখ।

টুন্-টুনি···ষ্য. ( টুণ্টুক, তুন্নবায়। ও° ছুঁচ-মুনিআ )। শাখাশ্রয়ী-বর্গের ক্ষুদ্র পক্ষী-বিশেষ ( The Indian tailorbird. Orthotomus sutorius )। ৬।৭ আঙ্গুল দীর্ঘ, কিন্তু ডাক—টুউই-টুউই—উচ্চ। চঞ্চু ও মস্তক সমান দীর্ঘ। চঞ্চু সরু ও দীর্ঘ। এতদ্দ্বারা পাতার ধার সেলাই করিয়া বাসা নির্মাণ করে। ( এই হেতু সং নাম তুন্নবায়, সৌচিক )। পক্ষ খয়রা। প্রঃ—আমি অতি ক্ষুদ্র জীব পক্ষী রাজা টুনি (চৈঃ চঃ)। (২) শাখাশ্রয়ী-বর্গের ক্ষুদ্র পক্ষীবিশেষ (The fantail warbler. Cisticola cursitans )। ভূমিচর, ঘাস ও শস্যক্ষেত্রে বেড়ায়। ৫।৬ আঙ্গুল দীর্ঘ। পুচ্ছ হ্রস্ব গোলাকার। উপরের পালখ খয়রা বা কাল, চঞ্চু ক্রমশঃ সূচল।

টুনি ··টুন্টুনি দেখ।

টুপী ··ষ্য. ( হি° ম° উর্দু টোপী, ও° টোপি। সং স্ফুট হইতে? তু° ফোটা—টোপা )। মাথার গোলাকার আবরণ। টুপী-আলা ···ষ্য. ( আলা প্রত্যয় )। টুপী মাথায় আছে যার; টুপী-বিক্রেতা।

টুব, টুব্-টুব ··ষ্য. ( ডুব হইতে )। জলাদি-দ্রব্যে ক্ষুদ্র বস্তুর নিমজ্জন-শব্দে, প্রঃ—জলে ঢিল ছুড়িলে টুব করিয়া ডুবিয়া যায়। টব ··ব্য. বৃহৎ বস্তু ডুবিবার শব্দে, প্রঃ—তাল জলে পড়িয়া টব করিয়া ডুবিয়া যায়।

টুম্-টাম ··ষ্য. ( টাম উপচর শব্দ। টুম্—সং টুণ্টুক··স্বল্পে—মেঃ )। নগণ্য, তুচ্ছ কর্ম। টুম্টামিয়া ··ণ. ( ইয়া প্রত্যয় )। নগণ্য, প্রঃ—টুম্টামিয়া পূজা।

টুমুর···ষ্য. ( সং তুবরিকা, তুবরী )। অড়র দেখ।

টুল···ষ্য. ( ই° stool )। পৃষ্ঠহীন কাষ্ঠাসন, চউকী।

টুল্-টুল ··ষ্য. ( ঢুল্-ঢুল হইতে )। ক্ষুদ্র বস্তুর দোলনে। (২) ( সং তূল হইতে )। তুলার মতন কোমল নমনীয় দ্রব্যে। ( তু° তল্-তল )। প্রঃ—পাকিয়া ফুলিয়া টুল্-টুল করিতেছে।

টুলো ··ণ. টোল দেখ।

টুসকি ··ষ্য. ( সং ছোটিকা—বর্ণ-বিপর্যয়ে টোছিকা—টোসিকা—টোসকি। ম° চুটকী )। বুড়া আঙ্গুল বেগে মাঝের আঙ্গুলে পড়িয়া শব্দ, প্রঃ—টুসকি মারা।

টুসী···ষ্য. ( হি° টূসী—কলি, টূসা—অঙ্কুর )। ফলের কষী।

টেঅরা, টেওরা ··ষ্য. ( সং তির্যক হইতে ? )। নদী কূপ প্রভৃতি হইতে জল তুলিবার ঢেঁকী-কল। অন্য নাম লাঠা। তির্যক বাঁশ বা কাঠ উঠে নামে বলিয়া টেঅরা ? ( বাঁকুড়ায় নাম )।

টেক সই ··ণ. ( টিক ধাতু দেখ )। টেকা—থাকা সহিতে পারে যাহা, স্থায়ী, প্রঃ—কাপড় দেশী হইলেই টেকসই হয় না।

টেঁক ··ষ্য. ( সং টঙ্ক—খড়্গ-কোষ। টঙ্ক—টাঁক—টেঁক। তু° ও° অণ্টা—সং কটি)। কটিবস্ত্রে কোষ, প্রঃ—টেঁকে টাকা রাখা নিরাপদ নয়, টেঁক-ঘড়ী ··যে ছোট ঘড়ী টেঁকে রাখিতে পারা যায়। (২) নদীর বাঁকের মধ্য ভাগ। টেঁক-খর ··ণ. ( সং

টঙ্ক—কোপ, খর—কর্কশ)। কোপে কর্কশ, টাকা-প্রাপ্তি-বিষয়ে কর্কশ, চাহিবামাত্র টাকা পাইতে ইচ্ছা করে যে। (সং টঙ্ক শব্দের অনেক অর্থ আছে; যথা, টঙ্কো নীল কপিত্থে চ খনিত্রে টঙ্কণেঽস্ত্রিয়াম্। জঙ্ঘায়াং স্ত্রী পুমান্ কোষে কোপাসিগ্রাবদারণে—মেঃ। বোধ হয় খনিত্র, টাঙ্গীর আকার হইতে নদীর টেঁক বলা হয়)।

টেকা ··ষ্য. (টিক ধাতু দেখ)। স্থিতি, থাকা।

টেকো ··ষ্য. (সং তর্কু)। ও° টাকু, হিং টুকরা। তর্কু হইতে টাকু হইবার কথা। টাকু হইতে টাকো—টেকো হইতে পারে। বোধ হয় টাকু+উয়া—টাকুয়া—টেকো মনে করা ঠিক)। চরকার লৌহ শলা।

টেকো ··ণ. (টাক+উয়া)। যার মাথায় টাক আছে।

টেক্কা ··ণ. (সং এক হইতে। একক—এক্কা—টেক্কা। ট আগম)। প্রথম, অদ্বিতীয়।··ষ্য. উৎকর্ষ, প্রতিদ্বন্দ্বিতা, প্রঃ—টেক্কা দেওয়া—প্রথম হওয়া; প্রথম তাস।

টেক্‌স (গ্রা° টেস্‌ক) ··ষ্য. (ই° tax)। রাজকর। টেক্‌স-দারোগা ··(দারোগা দেখ)। টেক্‌স-আদায়কারী কর্মচারী।

টেঙ্গারা··ষ্য. (সং ত্রিকণ্টক। ও° কণ্টিআ। তেলুগু শেঙ্গাল অর্থাৎ শৃঙ্গাল—শৃঙ্গ-বিশিষ্ট?)। অশকলা মৎস্যবিশেষ (Macrones vittatus)। কাদার মাছ, ৯,১০ আঙ্গুল দীর্ঘ হয়। লালচিয়া, কদাচিৎ কাল হয়। গায়ে পাঁচটা লম্বা ডোরা থাকে। দুইপাশে দুই এবং পিঠে এক কাঁটা আছে বলিয়া ত্রিকণ্টক নাম। ক্রুদ্ধ হইলে পিঠের পাখনা দাঁড়াইয়া উঠে; এবং মাছটা কোঁ-কোঁ শব্দ করিতে থাকে। কাবাসিয়া টেঙ্গারা ··শাদা বলিয়া কাবাসিয়া অর্থাৎ কার্পাসবর্ণ। বড় হইলে নাকি একহাত দীর্ঘ হয় (Macrones cavasius)।

টেঙ্গা ··ষ্য. (বাঁকুড়ায় নাম)। জল তুলিবার লাঠা কল। (টেঅরা দেখ)।

টেঁ-টেঁ ··বা. (অনুকার শব্দ। তু° চেঁ-চেঁ, চিঁ-চিঁ)। সদ্যজাত শিশুর ক্রন্দন-ধ্বনিতে। টেঁ-টেঁ আনা, টেঁটেঁ আনি॥

টেড়া ··ণ. (সং তির্যক। ও° তেঢ়া। তেড়া দেখ)। তির্যক, বক্র, প্রঃ—টেড়া কাঠ; ক্রোধন, দুঃশীল, প্রঃ—টেড়া মেজাজ (হিং টর্‌রা)। টেড়া-বাঁকা ··ণ. (প্রায় সহচর শব্দ)। তির্যকভাবে বাঁকা। টেড়ি ··টেরি দেখ।

টেনা···ষ্য. (সং তন্ত্র হইতে তানা, টানা। শূং-পুরাণে টানা—সূতা; ও° টনা। ঢাকায় তেনা)। ক্ষুদ্র বস্ত্র, বস্ত্রখণ্ড; ছোট ছেঁড়া কাপড়, নেকড়া, প্রঃ—শতগাঁটি ছিঁড়া টেনা করি পরিধান (ভাঃ)।

টেপা ··টিপ ধাতু দেখ।

টেপারি ··ষ্য. (ই° strawberry নাম হইতে? ফল টেপা যায় বলিয়া টেপারি নাম বোধ হয় না)। বঙ্গাদি বর্গের বর্ষায়ু ফলশাক বিশেষ (Cape gooseberry. Physalis peruviana)। ফল ছোট, বেগুনের মতন বহুবীজ, কিন্তু অশ্বগন্ধার ফলের মতন ফুলের বহিশ্ছদে আবৃত থাকে। এই গাছ বিদেশী, পেরুদেশের; বন্য টেপারিও আছে, কদাচিৎ দেখিতে পাওয়া যায়।

টেপির···ষ্য. ( ই° tapir )। আমেরিকার স্থূলচর্ম হ্রস্বগল দীর্ঘ-ওষ্ঠ চতুষ্পদবিশেষ।

টেবিল···ষ্য. ( ই° table )। পাদবিশিষ্ট কাষ্ঠ প্রস্তরাদির পট্ট, মেজ; পদক বা সারণী।

টেবো···টাবা দেখ।

টেয়া···টিয়া দেখ।

টের···ষ্য. ( স° তীর—নদীকূল )। প্রান্ত, প্রঃ —গাঁয়ের এক টেরে ঘর।

টের···ষ্য. (স° তীর্থ হইতে। তু° ঠার। স° তীর্থ শব্দের নানা অর্থ আছে; তন্মধ্যে শাস্ত্র উপায় আদি বা উৎপত্তি, পথ—মেঃ)। ইঙ্গিত, সন্ধান, প্রঃ—'ক্রোধ হলে মৌন ভাব কেহ টের পায় না।' হাসনে দিলেক টেরা মাহুদ্যা পাতর ( মাঃ )—মাহুদ্যা ( মহামদা ) পাত্র হাসন নামক সেনাপতিকে টেরা দিলেক—ঠার করিল। টের-টার···( টার উপচর শব্দ )। টের।

টেরচা···টেড়চা দেখ।

টেরা···ণ. ( স° টেরক। হি° টগরা, 'ও° টেরা। স° তুণ্ডীকেরী হইতে টেরক ? )। বক্রচক্ষু ( quinsy )।

টেরি···ষ্য. ( স° তির্যক হইতে। টেড়া দেখ )। তির্যক সীমন্ত, মাথার চুলের তির্যক বিন্যাস ( টেরি কাটা )।

টেরী···টিয়ারী দেখ।

টেরেন, টেন···ট্রেন দেখ।

টেরেম, টেম···ট্রাম দেখ।

টেলিগ্রাফ, টেলিগেরাপ ( গ্রা° )···ষ্য. ( ই° telegraph )। তার-যোগে সংবাদ।

টেলিফোন···ষ্য. ( ই° telephone )। তার-যোগে কথাবার্তা।

টেঁস···ণ. ( টস হইতে ? টেঁস-টেঁসা দেখ ) রসিক, প্রঃ—টেঁস ফিরিঙ্গী—যে ফিরিঙ্গী ইংরেজীতে অনর্গল রসিকতা করে—( উপহাসে ) অর্থাৎ পারে না।

টেঁস-টেঁস··ব্য. ( টস্-টস দেখ। টস্-টস হইতে অশিষ্টতা ও গ্রাম্যতায় টেঁস্-টেঁস )। রসপূর্ণ ভাবে, প্রঃ—টেঁস্-টেঁস করিয়া কতকগুলা কথা শুনাইল—এমন রস দিয়া যে তাহাতে ক্রোধ জন্মে। টেঁস্-টেঁসা, টেঁস্-টেঁসিয়া ··ণ. ( আ, ইয়া, প্রত্যয় )। রসযুক্ত, ছল-পূর্ণ, প্রঃ—টেঁস্-টেঁসা কথা।

টৈ-টম্বুর ··টই-টম্বুর দেখ।

টৌকরী ··টুকরী দেখ।

টোকা···ষ্য. ( ? স° রক্ষা হইতে ? তু° টোকরী, টুকরী, ও° টোকেই। ও° টোকা )। বৃষ্টি-নিবারক গোলাকার ছোট আচ্ছাদন, ঝাঁপি, প্রঃ—বিয়নী চালনী ঝাঁটা ডোম গড়ে টোকা ছাতা ( কবিকঃ )।

টোকা···ষ্য. ( টক্-টক ধ্বনি হইতে )। টক্-টক ধ্বনি করিয়া আঘাত, প্রঃ—কপাটে টোকা মারা—আঙ্গুল দিয়া মৃদু আঘাত করা।

টোকা···টুক ধাতু, টুঙ্গা ধাতু দেখ।

টোঙ্গা ··ষ্য. ( স° তুঙ্গা। তু° টঙ্গা, টুঙ্গী )। উচ্চ অল্পভূমিখণ্ড। টোঙ্গী, টুঙ্গী··· টোঙ্গা অপেক্ষা অল্প-পরিসর ভূমি। এই ভূমি প্রায়ই সূচ্যাকার।

টোঙ্গার, টোঙ্গারা ··ণ (প্রকৃতিবাদ অভিধানে, "টোঙ্গার—তোমর—তৈমুর শব্দজ"; টোঙ্গার-সদৃশ—টোঙ্গারা )। ম্লেচ্ছভাবাপন্ন, কু-চরিত্র, মন্দ, প্রঃ—টোঙ্গার লোক, টোঙ্গার জমি—অনুর্বর।

টোটকা ··ষ্য. ( সং তৎকাল হইতে বাং টাটকা ; টোটকা শব্দ টাটকা শব্দের রূপান্তর। টাটকা-টোটকা, টোটকা-টোটকী, দুই রূপ আছে। হিং-তে টোটকা—অর্থে মন্ত্র। সং তন্ত্র হইতে টোটকা ? )। তৎকাল ফল পাইবার ঔষধ বা মন্ত্র। টোটকা-টোটকী···ষ্য. ( টোটকী উপচর শব্দ )। টোটকা।

টোটা···ষ্য. (সং চূত—আম্র—হইতে চুতা—তোতা—টোটা। ওং তোটা )। আম্রফলোদ্যান, প্রঃ—দুইদিকে টোটা সব যেন বৃন্দাবন ( চৈঃ চঃ )। ( অপ্রচলঃ )।

টোটা ··ষ্য. ( সং ত্রুটি হইতে ? )। আম্রগাছের অভাপাত-বিশেষ। কীটের দ্বারা ছোট ছোট গাছের কলি নষ্ট হয়। এই কীট বা পোকা শাদা দুর্গন্ধ।

টোটা···টুট ধাতু দেখ।

টোটা ··ষ্য. ( ? )। বন্দুকের কার্তুস।

টো-টো···ব্য. ( সং অট ধাতু ভ্রমণে। তুং সং অটাট্যা )। উদ্দেশ্যহীন ভ্রমণ, প্রঃ—টো-টো করিয়া রোদে বেড়ায়, ( প্রায়ই বলা যায়, বোলে )।

টোড়ী···টোরী দেখ।

টোপ···ষ্য. ( সং লোভ হইতে। ল স্থানে ড-ট হইতে পারে। তুং লোভের নিকটে যদি ফাঁদ পাতা যায় ( ভাঃ )। ওং থোপ, হিং টোপ। সং নাম আমিষ )। মৎস্যাদি ধরিবার আমিষাদি লোভ। কথায় ( অশিষ্ট ), টোপ ধরে না ঠোকরায়—ছলনা করে।

টোপ ··ষ্য. ( সং স্ফুট হইতে ফোটা, ফোটা শব্দের বর্ণ-বিপর্যয়ে টোপা ? )। বুদ্‌বুদ, বুদ্‌বুদ আকারে স্ফীত অঙ্গ। টোপনা ···ষা. সেকরা যে বিঁধনী দ্বারা টোপ তুলে। টোপসা ··ণ. ( টোপ+সা—সাদৃশ্যে )। টোপ—স্ফীত বুদ্‌বুদ-সদৃশ। টোপা ··ষা. বুদ্‌বুদ, প্রঃ—টোপা-টোপা বৃষ্টি, টোপা-পানা—পানা দেখ।

টোপর ··ষ্য. ( টোপ+র হইতে ? সং ত্রপু—রাং। ত্রপু—তাপুর—তোপর—টোপর ? ) বরের মাথার মুকুট, রাংতা ( ও সোলায় ) নির্মিত ত্রাপুষ ( সং )।

টোপা ··টোপ দেখ।

টোয়াইন, টুন ··ষ্য. ( ইং twine )। পাক-দেওয়া সুতা।

টোরী ··রাগ-রাগিণী দেখ।

টোরী ··ষা. ( সং তুবরী ইতি তোরী—ভাবপ্রকাশে )। সর্ষপ-বিশেষ।

টোল ··ষা. ( সংস্কৃত নহে। ওং মংতে নাই, সে সে ভাষায় মঠ, চৌপাড়ী। হিং টোল—সভা, মণ্ডলী। হিং টোলা—পটী। সং তল, স্থল হইতে টল, টোল। তুং টোলা )। সংস্কৃত-বিদ্যালয়। টোলুয়া, টুলো ··ণ. ( টোল+উয়া )। টোলে শিক্ষিত, টোল-সম্বন্ধীয়।

টোল ··ষা. ( সং তল। ওং টোলা )। তৈজস পাত্রাদিতে জাত তল বা নিম্ন অংশ। টোল খাওয়া, পড়া—তৈজস পাত্রের কোন অংশ বসিয়া যাওয়া।

টোল ··ষা. ( ইং toll )। পথ কিংবা সাঁকো দিয়া যাইবার অনুমতির মূল্য।

টোলা ··ষ্য. ( সং তল। হিং )। পল্লী, নগরের পাড়া। টোলী, টুলী ··(টোলা+ঈ)। ছোট পল্লী।

টোসকি, টুসকি···ষ্য. ( সং ছোটিকা। টুসকি

দেখ )। অঙ্গুলি-স্ফোটন। ( হাই উঠিলে তুড়ি বা টুসকি দেওয়া নিয়ম আছে। কারণ অন্যমনস্ক হইয়া হাই তুলিলে কখন-কখন নীচের চোয়াল এত অধিক নামিয়া যায় যে তাহা সহজে উপরে উঠে না। হাই তুলিবার সময় দুই আঙ্গুল একত্র করিতে করিতে চোয়ালেরও অনুরূপ ক্রিয়া স্মরণ হয়, তখন বিপদের শঙ্কা থাকে না )।

ট্রাম···ষ্য. ( ই° tramway )। লোহার রেলে চালিত ঘোড়ার গাড়ী।

ট্রেজারি, তেরেজারি ··ষ্য. ( ই° treasury )। সরকারী কোষ।

ট্রেন ··ষ্য. ( ই° train )। রেল গাড়ীর শ্রেণী, রেল-গাড়ী।

## ঠ।

ঠ···ষ্য. ( স° )। ব্যঞ্জন বর্ণ, অক্ষর বিশেষ।

ঠক, ঠক্-ঠক ··ব্য. ( স° স্তক, ষ্টক ধাতু প্রতিঘাতে )। কঠিন বস্তুর প্রতিঘাতশব্দে, প্রঃ—নাইর উপর হাতুড়ী পিটিলে ঠক্-ঠক শব্দ হয়, শীতে দাঁতে দাঁতে ঠক্-ঠক করিয়া কাঁপে। লক্ষণায়, দুই দ্রব্যের ঘাত-প্রতিঘাত, প্রঃ—বাড়ীতে টাকা ঠক্-ঠক করিতেছে। ঠক্-ঠকি···ষ্য. যাহা ঠক্-ঠক করে। ঠক্-ঠকি তাঁত···যে তাঁত চালাইবার সময় ঠক্-ঠক শব্দ হয় ( মাকু চালাইবার মেচা ধারের কাঠে মাথা ঠোকাতে ঠক্-ঠক শব্দ হয় (Fly-shuttle loom)। ঠক্ঠকি···কঠিন ব্যাপার। ঠক্-ঠকানি··ষ্য. ঠক্-ঠক ধ্বনি। ঠক্-ঠুক···ব্য. ছোট কঠিন বস্তুর মৃদু প্রতিঘাত শব্দে। ঠুক ধাতু দেখ।

ঠক ··ধাতু. ( স° স্থগ, ষ্টগ ধাতু গোপনে )। ঠকি— প্রতারিত হই, প্রঃ—কাপড় কিনিতে বেশ ঠকিয়াছে; ক্লান্ত হই, প্রঃ—কাঠ চেলাইতে চেলাইতে ঠকিয়া গিয়াছে। ( ও° থক ধাতু)। ঠকা, ঠকন॥ ঠকা···ধাতু. (ঠক ধাতু আস্তে)। ঠকানা॥ ঠকা-ঠকি···ষ্য. পরস্পর প্রতারণা, দুরূহ কাজ। ঠকানিয়া ··ণ. (ঠকান+ইয়া)। যাহাতে ঠকায়, প্রঃ—ঠকানিয়া কথা, কাজ। ঠক, ঠগ···ষ্য. ( স° স্থগ—ধূর্ত )। ধূর্ত; ধূর্ত দস্যু, নরহন্তা; প্রঃ—ঠেকেছে ঠকের ঠাঁই আর যায় কোথা ( নাঃ )। দৃষ্টান্তে, ঠক বাছিতে গাঁ উজাড় —দলের সবাই ধূর্ত। ঠকামি ··ষ্য. ( ঠক +আমি )। ঠকের বৃত্তি, কাজ।

ঠগ ··ঠক দেখ। ঠগী ··ণ. ( ঠগ+ঈ )। ঠগ— ধূর্ত-নরহন্তা-সম্বন্ধীয়, ঠগ-দমন-সম্বন্ধীয়।

ঠং-ঠং···ব্য. ( অনুচর শব্দ )। কাংস্য বাদ্যে। ঠন্-ঠনানি॥

ঠনকা···ষ্য. ( স° স্তন+বা° কা। তু° স্তন হইতে হি° থন)। দুধের চাপে প্রসূতীর স্তন-পীড়া। ( কোথাও কোথাও থুনকা বলে )।

ঠন্-ঠন···ব্য. (অনুচর শব্দ )। কাংস্য পাত্রাদির আঘাত শব্দে। ঠন্-ঠনানি॥ ঠুন্-ঠুন ··ব্য. ক্ষুদ্র লঘু কাংস্যাদির আঘাত শব্দে, প্রঃ—ঝাড়ের কলম ঠুন্-ঠুন করে। ঠুনকা···ণ. ( ঠুন+কা )। ঠুন করিয়া ভাঙ্গে যাহা, ভঙ্গুর, প্রঃ—ঠুনকা কাঁচ।

ঠমক···ষ্য. ( স° ধাম হইতে? ঠাম দেখ। থমকা ধাতু দেখ। হি° ঠুমক )। তালে তালে নৃত্য, চলন; হাবভাব-সহ গতি-ভঙ্গি ( থামিয়া থামিয়া চলন হইতে?

নৃত্যের সময় পায়ের ঘুঙ্ঘুরের ঠুন্-ঠুন শব্দ হইতে ? তু° হি° টমক—তাল ঠুংরী)। ঠমক ···ষ্য. বাদ্যযন্ত্র-বিশেষ।

ঠর্-ঠর ··ব্য. (থর্-থর দেখ)। কম্পে, প্রঃ—রাগে ঠর্-ঠর করিয়া চলিয়া গেল—ক্রোধে কাঁপিতে কাঁপিতে। ঠর্-ঠরানি॥

ঠা ··ষ্য. ( স° দৃষ্টি। তু° ঠাওর )। দৃষ্টি, সম্মুখ ; প্রঃ—ঠায় জিনিসটা আছে দেখিতে পাওনা ?

ঠা ··ষ্য. (স° স্থান—ঠান—ঠাঁই—ঠা। তু° ও° ঠা )। স্থান, এক স্থান, প্রঃ—হাত পা ভাঙ্গিবে যেন বসে থাকে ঠায় (মাঃ) ; ঠায় ঠায় জল দাঁড়াইয়াছে—স্থানে স্থানে। ঠাঁই দেখ।

ঠা···ব্য. (স° স্থা ধাতু)। স্থির বা ধীর-ভাবে, মন্দ মন্দ, প্রঃ—ঠা বাজানা। ঠা-ঠা দেখ।

ঠাঁই···ব্য. ( স° ষ্ঠৈ ধাতু শব্দে )। ঠা-শব্দে, প্রঃ—ঠাঁই করিয়া চড় মারিল।

ঠাঁই ··ষ্য. ( স° স্থান। স°প্রা° ঠাণ—প্রঃ—কহ জননীর ঠান ( জ্ঞানদাস ); প্রাচীন বা° ঠাঞি )। স্থান ; ভোজনস্থান, প্রঃ—ঠাঁই করা ( ও° ঠা করা )। ঠাঁই-নাড়া · ণ. ষ্য. স্থান পরিবর্তিত ; এক স্থান হইতে অন্য স্থানে অস্থায়ী বাস। ঠাঁইএ, ঠিঁএ · স্থানে, নিকটে, প্রঃ—আমার ঠাঁইএ, ঠিঁএ এখন পয়সা নাই। (প্রাচীন ঠাঞি, প্রঃ—পসারীর ঠাঞি অন্ন ( চৈঃ চঃ )—ঠাঁই—নিকটে।

ঠাওর, ঠাঅর, ঠাহর ··ষ্য. ( স° দৃষ্টিগোচর হইতে ? দৃষ্টি—ইঠ্ঠি—ঠি—ঠা ; গোচর—ওচর—ওঅর। দৃষ্টিগোচর—ঠা-ওর ঠা-অর। হ আগমে ঠাহর। হি° ঠহরনা, ও° ঠউরিবা—স° স্থির হইতে, অর্থ থাকা। তু° বা° ঠার )। দৃষ্টিগোচর, অনুভব, প্রঃ—রাত্রে পথ ঠাওর হইল না, ঠাওর করিয়া দেখা—নিরীক্ষণ করা। ঠাওরা···ধাতু. ঠাওরাই—দৃষ্টিগোচর করি ; অনুভব, অনুমান করি। ঠাওরানা॥

ঠাকরণ ··ঠাকুরাণী দেখ।

ঠাকুর · ষ্য. ( স° ঠক্কুর—অর্বাচীন স°। তু° হি°তে ঠাকুর—নাপিত, ঠাকুরাণী—নাপিতিনী। ও° ঠাকুর—দেবতা )। আর্য, প্রভু, কর্তা, প্রঃ—দানীর ঠাকুর ( জ্ঞানদাস ) ; ব্রাহ্মণ, প্রঃ—বামুন ঠাকুর ; দেবতা, প্রঃ—ঠাকুর-দেবতা ( সহচর শব্দ ) ; পিতা, প্রঃ—পিতা-ঠাকুর ( সহচর শব্দ ), বাপের ঠাকুর ··পিতার পিতা ; শ্বশুর, প্রঃ—ঠাকুর-জামাই ··শ্বশুরের জামাই ; পাচক-ব্রাহ্মণ ( কলিকাতায় আধুনিক প্রয়োগ )।

ঠাকুরাণী, ঠাকুরণ ··ষ্য. (ঠাকুর স্ত্রী°)। মান্যা নারী, ব্রাহ্মণী, গুরুপত্নী, দেবী। ঠাকুরালী, ঠাকুরাল ··ষ্য. ( ঠাকুর+আলী। তু° চতুরালী )। ঠাকুরের যোগ্য ব্যবহার। ঠাকুর-ঠুকুর ··ষ্য. ( ঠুকুর—উপচর শব্দ )। ঠাকুর। ঠাকুর-বাড়ী···ষ্য. দেবতা-বাটিকা। ঠাকুর-মাঁড় ··ষ্য. (স° মণ্ডপ—মাঁড়)। দেবমণ্ডপ। ঠাকুর-সেবা ··ষ্য. দেবপূজাদি। ঠাকুরের দুয়ার ধরা—দেবতার আশ্রয়-লাভেচ্ছায় ঠাকুর-মণ্ডপের দ্বার গ্রহণ করা,ঠাকুর অভীষ্ট-সিদ্ধি করিবেন এই বিশ্বাসে থাকা। ঠাকুর-মাঁড়য় হত্যা দেওয়া—অভীষ্ট-লাভের আশায় ঠাকুরের নিকট অনাহারে আত্মহত্যা করা, অনাহারে পড়িয়া থাকা। ধন্না দেওয়া—ধরণা—স° ধারণা—আত্মসমর্পণ করা। ঠাকুরের ভর হওয়া—ঠাকুরের আবির্ভাব

হওয়া। ইহার পূর্বলক্ষণ, যে ব্যক্তিকে ভর হয় সে নিরন্তর মাথা চালে, নির্বাক হইয়া থাকে, কদাচিৎ বিড়্বিড় করিয়া বকে, ইত্যাদি। ঠাকুর ··পিতা ; শ্বশুর এবং শ্বশুরের ভ্রাতা। ঠাকুর জামাই ··শ্বশুরের জামাই, ননদীর স্বামী। ঠাকুর-ঝী ··শ্বশুরের ঝী, ননদী। ঠাকুর-পো ··শ্বশুরের পুত্র, দেবর। ঠাকুর-দাদা···ঠাকুর-তাত, মান্য তাত, পিতামহ, মাতামহ। (সম্বোধনে প্রায়ই দাদামশায়)। ঠাকুর-মা···পিতার মাতা, (সম্বোধনে প্রায়ই, দিদী কিংবা দিদী-মা ; মাতার মাতা—আয়ী)। ঠাকুরণ-দিদী···ঠাকুরাণী দিদী, মান্যা ভগিনী। ঠাকুরাণ··ষা. (ঠাকুরাণী শব্দের অপভ্রংশে)। ঠাকুরাণী, প্রঃ—এ তোমার কোন ঠাকুরাণ (জ্ঞানদাস)—অপ্রচলঃ।

ঠাট ··ষ্য. (সং স্থিতি হইতে। ওং ঠাটু)। (১) স্থিতি, আধার, প্রঃ—মাটির প্রতিমার ঠাট অর্থাৎ কাঠাম। (২) সেতার বীণা প্রভৃতি যন্ত্রের পর্দা বা সরণী-সমূহের বিশেষ স্থিতি। অচল ঠাট···যে যন্ত্রের (যেমন বীণার) পর্দা বা ঘাটি সরাইতে হয় না। সচল ঠাট ···যে যন্ত্রের (যেমন সেতারের) পর্দা বা ঘাটি সরাইতে হয়। (৩) সৈন্যশিবির, প্রঃ—কুড়ে ঠাট ডুবিল তাম্বুতে এল বান (ভাঃ)। (৪) সৈন্যদল, প্রঃ—(কবিকঃ), রামের ঠাট (কৃত্তিঃ), ডাকে ঠাট কাট কাট মালসাট মারে (ভাঃ) (ওংতে সৈন্যদল)। (৫) যাত্রা, লোকশ্রেণী, প্রঃ—বরযাত্র ঠাট (কবিকঃ)। (৬) সমাবেশ-শোভা, প্রঃ—করনথ চাঁদের ঠাট, বংশী উপর করে নাট (চৈঃ চঃ)। (৭) রীতি, ভঙ্গী, প্রঃ—আগো মেনে একি ঠাট ঠাটে কহে হীরা (রামপ্রসাদের বিদ্যাসুন্দরে) ; আছিল বিস্তর ঠাট প্রথম বয়সে (ভাঃ) ; ঠাকুরের ঠাট দেখে জলে যায় গা (মাঃ) ; বংশের পুরাতন ঠাট বজায় রাখা। ঠাট করা—অঙ্গ বা বাক্য-ভঙ্গী করা (ঠাট্টা ?)।

ঠাটা (গ্রাং) ··ষা. ঠাট্টা দেখ। উপহাস।

ঠাটারী ··ষা. (সং স্থালকার। ওং থঠারী, হিং থটেরী)। থালা-বাটী-নির্মাণকারী কাঁসারী (বাংতে অধিক প্রচলঃ নহে)।

ঠাট্টা···ষা. (সং টট্টরী ; যথা, টট্টরী স্যান মৃষাবাদে—মেঃ। হিং ঠট্টা, ওং ঠটা। কৃত্তিবাসে (লং) ঠাটা। উপহাস। ঠাট্টা-বিদ্রূপ··· ষা (সহচর শব্দ)। উপহাস ও অঙ্গভঙ্গী। ঠাট্টা বাজি ··ষা. উপহাস। ঠাট্টা বাটখারা ·· (বাটখারা ?)। উপহাস, ঠাট্টা-তামাসা।

ঠা-ঠা ··বা. (সং স্থা ধাতু)। স্থিরভাবে,থাকিয়াথাকিয়া, মন্দমন্দ, প্রঃ—ঠা-ঠা চলা, ঠা-ঠা ঢেঁকীতে পাদ-দেওয়া ; বাঁয়াতে ঠা ঠা আঘাত।

ঠাড় ··ণ. (সং স্থির হইতে। হিং ঠহরনা—থাকা)। স্থির, প্রঃ—রঘু ভিক্ষা লাগি ঠাড় না হয় সিংহদ্বারে (চৈঃ চঃ)। (অপ্রচলঃ)। ঠার ধাতু দেখ।

ঠাণ্ডা ··ণ. (হিং ঠণ্ডা। সং শান্ত হইতে ? ওং ঠাণ্ডা)। শান্ত, প্রঃ—ঠাণ্ডা মেজাজ, রাগ ঠাণ্ডা করা—দমিত, নিবৃত্ত, শীতল, প্রঃ—হাত পা ঠাণ্ডা, ঠাণ্ডা জল। ষ্য. শৈত্য, গ্রীষ্মাভাব, প্রঃ—ঠাণ্ডায় ঠাণ্ডায় যাওয়া—সকালে-সন্ধ্যায় ; শরদী, প্রঃ—ঠাণ্ডা লাগা। ঠাণ্ডাই ··ষা. (হিং ঠণ্ডাই)। শীতলতা, যে পানীয় দ্বারা দেহ শীতল হয়

ঠাম ··ষা ( সং ধামন্—ধাম। ধাম দেহে গৃহে রশ্মৌ স্থানে জন্মপ্রভাবয়োঃ—মেঃ )। দেহ, প্রঃ—কাহাঁ সে ত্রিভঙ্গ ঠাম কাহাঁ সেই বেণুগান, কাহাঁ সেই যমুনাপুলিন ( চৈঃ চঃ ); গৃহ, স্থান, প্রঃ—হাম নাহি যাওব সো পিয়াঠাম ( বিদ্যাপতি ), প্রভাতে উঠিয়া ভয়ভীত হৈয়া আসিলা রাধার ঠাম ( চণ্ডীঃ )। সুঠাম ··ণ. সুদেহ, সুষ্ঠু। ( ধাম —ধামক হইতে ঠমক ?—প্রভাব ? )

ঠার ··ধাতু. ( সং স্তৃ, স্তৄ—আচ্ছাদনে। ওং ঠার ধাতু। হিং মতে বাং অর্থে নাই )। ঠারি—চোখের পাতা দিয়া চোখ আচ্ছাদন করি, চোখ দিয়া ইঙ্গিত করি, ইঙ্গিত করি। ঠারা॥ প্রঃ—আঁখি ঠারা, চোখ ঠারা। ঠার ··ষা ইঙ্গিত, চক্ষু-হস্ত দ্বারা ইঙ্গিত, হাব। ঠেরা, দেখ। ঠার-ঠোর ·· ( ঠোর—উপচর শব্দ। চুলি দেখ )। ঠার, প্রঃ—ঠারে-ঠোরে কথা কহা।

ঠার ··ধাতু. ( সং স্থল ধাতু গতিনিবৃত্তি। হিং ঠহর ধাতু )। ঠারি—স্থির হই, প্রঃ—ঠারি রহল তাহাঁ যাই ( জ্ঞানদাস )। ঠারা॥ (অপ্রচলঃ)। ঠাড় দেখ।

ঠাশ···ব্য. ( সং ঠৈ ধাতু শব্দে। ঠা-শব্দ—ঠাশ )॥ ঠা-শব্দে, প্রঃ—ঠাশ করিয়া চড় মারা। ঠাই দেখ।

ঠাস ··ধাতু. ( সং স্তন্ভ, স্তুন্ভ, স্তুভ ধাতু রোধে। ঠুস দেখ। ওং ঠেস, হিং ঠাস, মং ঠস ধাতু )। ঠাসি—জড়ীকৃত, রুদ্ধ করি, নিবিড় করি, চাপ দিয়া প্রবেশ করাই, প্রঃ—বালিশের খোলে তুলা ঠাসা। ঠাসা॥ ঠাসা-ঠাসি···নিবিড়, পরস্পর গাত্র-ঘর্ষণ। ঠাস, ঠাসা ··ণ নিবিড়, ঘন, প্রঃ—কাপড়ের ঠাস বুনন, ঘরে ঠাসা মাল। ঠাসা ··ধাতু. ( ঠাস ধাতু আস্তে )। ঠাসানা॥

ঠাসা ··ষা. ( সং স্থাসক—জলবুদ্বুদ—হেমঃ ) হিং ঠপ্পা, ওং মং ঠসা )। লোহা কিংবা কাঁসার ছাঁচ বা নক্সা যাহার উপরে সোনা রূপার পাত রাখিয়া পিটিয়া সেকরা পাতের আকার ঠাসার অনুরূপ করে (ইং dic)।

ঠিঁ (গ্রাং) ··ঠাই দেখ।

ঠিক ··ধাতু. ( সং স্থগ ধাতু সংবৃতি, গোপন। ঠক, ঠেক ধাতু দেখ )। ঠিকি—গতি রুদ্ধ হই, প্রঃ—চলে কি বাহনে ঠিকে কোন স্থানে ( চণ্ডীঃ )। ঠিকিয়া শেখা—ঠকিয়া শেখা। ( ঠক ধাতু দেখ )। ঠেকা॥ ঠিক ·· ণ. স্থিত, স্থাপিত, স্থির; যোগ্য, স্বাভাবিক: সমান, রীতিমত, সম্পূর্ণ; সত্য, নিরূপিত। বিঃ—বে-ঠিক। ঠিক করা—স্থিত, স্থির, সম্পূর্ণ করা। ঠিক দেওয়া—স্থিতি দেখা, মোট করা। ঠিকে ভুল—সমষ্টিতে ভুল। ঠিকা ···ণ. স্থিরীকৃত, নির্দিষ্ট কালের নিমিত্ত নিযুক্ত। ঠিকা দেওয়া—বেতন নিরূপিত করিয়া কাজ করিতে দেওয়া। ঠিকা-দার ·· ষা. ( ফাং দার )। যে ঠিকার কাজ লয়। ঠিকা-দারি···ষা. ঠিকা-দারের কাজ। ঠিকজী ···ষা. ( ঠিক+পঞ্জী )। যে পত্রে জন্মকাল স্থির করিয়া লেখা থাকে, সংক্ষিপ্ত জাতক-পত্র। ঠিকা ··ধাতু. ( ঠিক ধাতু আস্তে )। ঠিকাই, ঠেকাই—স্থিতি করাই, স্থির করাই। ঠিকানা, ঠেকানা॥ ঠিকানা···ষা. স্থান, আবাস, সীমা ( তুং হিং ঠীক—ঘর); সংস্থান, জোগাড়, আয়োজন। ঠিক-ঠিকানা ··ষা. কূল-কিনারা; নিদর্শন, চিহ্ন। ঠিক-

ঠাক···(ঠাক উপচর শব্দ)। ঠিক, নিরূপিত, নির্দিষ্ট।

ঠিকর··ধাতু (তু° ঠোকর—বাধা। ঠক্-ঠক দেখ। স° স্তক, ষ্টক ধাতু প্রতিঘাতে হইতে ?)। ঠিকরি—বাধা পাইয়া বিক্ষিপ্ত হই, প্রঃ—ইটটা কাঠে ঠিকরিয়া মাথায় পড়িল, রোদে চোখ ঠিকরিয়া যায়—যখন চোখে বস্তু দর্শন হয় না। ঠিকরা॥ ঠিকর··· ণ. তীক্ষ্ণ, প্রঃ—ঠিকর তুপর বেলা।

ঠিকরা···ষ্য. (স্থিতি-করা হইতে ? টুকরা হইতে ?)। যে মৃৎ বা কঙ্কর-খণ্ড ছিদ্র পথে অধোগমন রোধ করে, যেমন তামুক খাবার কলিকার ঠিকরা—মাটির গুলী যাহা তামুককে স্থিতি করায়। চৈঃ চঃ-তে ঠিকারি—খোলা ভাঙ্গা। ঠিকরী··ষ্য. (ঠিকরা+ঈ)। ছোট ঠিকরা। ঠিকরা কলাই·ষ্য. শিম্বাদি বর্গের প্রায় বন্য কলাইবিশেষ। মাষকলাই তুল্য, কিন্তু কৃষ্ণবর্ণ ছোট। ভাল সিদ্ধ হয় না বলিয়া নাম। (মাষকলাই আকৃষ্ণ)।

ঠিল···ধাতু. (স° স্খল ধাতু গতি। বা° ঠেলা ও° ঠেলিবা হি° ঠেলনা। ম° ঠেল—প্রচুর। প্রায়ই ঠেল ধাতু শোনা যায়)। ঠিলি—চালনা, প্রেরণ করি, প্রঃ—ঠেলে মাথা দিয়া (চৈঃ চঃ)। ঠেলা॥ ঠেলা··ষ্য. চালনা, আক্রমণ, চাপ, প্রঃ—এখন করিতেছ, পরে ঠেলা বুঝিবে; যাহা দ্বারা চালনা করিতে পারা যায়। ঠেল···ষ্য. চাপ, প্রঃ—বানের জলের ঠেল লাগিয়া বাঁধ ভাঙ্গিয়াছে। ঠেলা··ণ. প্রচুর, প্রঃ—পুকুরে মাছ ঠেলা আছে। ঠেলা·· ধাতু. (ঠিল ধাতু আস্তে)। ঠেলানা॥

ঠিলা···ষ্য. (স° স্থলী)। উচা ডাঙ্গা, প্রঃ—ঠিলায় এক মঠ পাইল (চৈঃ চঃ)। টিলা দেখ। (অপ্রচলঃ)।

ঠিলী···ষ্য. (স° স্থলী। তু° স্থালী—থালী, হি° ঠিলিয়া—মাটির কুজা)। পিতলের ছোট কলশী।

ঠুক··ধাতু. (স° স্ত্যৈ ষ্ট্যৈ—শব্দে। তু° ধাক্কা, ঠক্-ঠক। কিংবা ধুক্ষ ধাতু ক্লেশনে। তু° হি° ঠুক, ও° ঠুকা ধাতু)। ঠুকি—(কঠিন দ্রব্যে কঠিন দ্রব্য দ্বারা) আঘাত করি, প্রঃ—গজালটা কাঠে ঠুকিয়া বসাও। ঠোকা, ঠুকন। ঠোকা···ধাতু. (ঠুক ধাতু আস্তে)। ঠোকানা॥ ঠুক-ঠাক···ষ্য. (ঠাক—উপচর শব্দ)। মৃদু আঘাত।

ঠুকরা···ধাতু. (স° ত্রোটি—পক্ষিচঞ্চু। টুঙ্গা ধাতু দেখ)। ঠুকরাই—ঠোঁট দিয়া আঘাত, দংশন করি; প্রঃ—পাখীতে ঠুকরাইয়া খাইয়াছে। ঠুকরানা॥ ঠোকরা ধাতু দেখ।

ঠুঁটা···ণ. (স° স্থাণু হইতে। হি° ঠুণ্টা। ম° থোঁটা—স্থাণু। তু° স° থূর্ণ, থেঁতা)। শাখা-প্রশাখাহীন, প্রঃ—ঠুঁটা গাছ; অঙ্গুলিহীন, কুষ্ঠরোগে অঙ্গুলিহীন, প্রঃ—ঠুটা খোঁড়া হয়ে যেন ঘরে বসে থাকে (মাঃ)।

ঠুনকা···ণ. (ঠন্ ঠন দেখ। ঠুন করে বলিয়া)। যাহা ঠুন শব্দে ভাঙ্গে, ভঙ্গপ্রবণ, যেমন কাঁচ, কাঁসা।

ঠুনকা···ঠনকা দেখ।

ঠুংরী···ষ্য. (হি° ঠুমরী—পয়ার ছন্দবিশেষ)। কাওয়ালীর সদৃশ তালবিশেষ; রচনায় টপ্পা, তালে আদ্ধা কাওয়ালী কিংবা ঠুংরী, এমন গীত।

ঠুলি ··ষ্য. ( সং স্থূ, স্থূ ধাতু আচ্ছাদনে। ঠার দেখ )। হাব, অঙ্গভঙ্গি, ছল, প্রঃ—চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠুলি ( ভাঃ )। ( অপ্রচলঃ )।

ঠুলী ··ষ্য. ( ঠুলি দেখ )। আবরণ, গবাদি পশুর চোখের আবরণ, প্রঃ—চামঠুলি ( কবিকঃ )। ঠোলা দেখ।

ঠুস ··ধাতু. ( ঠাস ধাতু দেখ )। ঠুসি—জড়ীকৃত, স্তম্ভিত, নিবিড় করি। ঠোসা, ঠুসন॥ ঠোস ··ষ্য. নিবিড়, টান, প্রঃ—পেট ঠোস মারিয়া আছে—টান হইয়া বিষ্টম্ভ বা বিষ্টব্ধ হইয়া; প্রঃ—এমন ঠুসন ঠুসিয়াছে যে আর কথা কইতে হবে না,—স্তম্ভিত করিয়াছে. ঠোসা ··ধাতু. ( ঠুস ধাতু আস্তে )। ঠোসানা॥

ঠেং, ঠেঙ্গা ··ষ্য. ( সং টঙ্ক, টঙ্গা—পদ; যথা, টঙ্গাঃ জঙ্ঘায়াং—মেঃ। হিং টাঙ্গা। বাং ঠেং উচ্চারণে ঠ্যাং। ইহা হইতে মূল শব্দ ঠাঙ্গা পাইতেছি। তুং সং প্রতিষ্ঠান—পদ )। পদ ( অশিষ্ট ), শীর্ণ পদ, প্রঃ—পাখীর ঠেং। এক-ঠেঙ্গা করা—পাঠশালায় গুরুমশায় ছাত্রকে এক পায়ে ভর দিয়া দাঁড় করাইয়া এক-ঠেঙ্গা করেন ( দণ্ড দিবার অভিপ্রায়ে )।

ঠেক ··ধাতু. ( ঠিক ধাতুর রূপান্তর। ঠেক ধাতুই অধিক চলিত আছে )। ঠেকি—বাধা পাই, ঠকি, স্পর্শ করি, প্রঃ—তুমি যদি পরীক্ষার ঠেক গুণবতী ( কবিকঃ ); ঠেকিলি ঠকের ঠাই কোথা যাবি আর ( মাঃ ); ভাতে কাপড় ঠিকিয়াছে। ঠেকা॥ ঠেক ··ষ্য. যাহাতে রোধ করে, প্রতিরোধ; বৃক্ষাদি যাহাতে পালকীর গতি রুদ্ধ হইতে পারে ( রাঢ়ের দোলিয়া-কাহার ভাষায় ); তালপাতার বোনা ডোল ( হিং ঠেক—আধার )। ঠেকা ··ষ্য. বাঁশের বেতীর বড় ঝোড়া ( তুং টোকেই )। ঠেকনা ··ষ্য. (ঠেক +না )। যদ্দ্বারা আশ্রয় দেওয়া যাইতে পারে, প্রঃ—হাঁড়ীটা তিনটা ঠেকনা দিয়া বসাও। ঠেকা ··ধাতু. (ঠেক ধাতু আস্তে)। ঠেকানা॥ ঠেকা-ঠেকি ··পরস্পর স্পর্শ।

ঠেকা ··ষ্য. ( ঠোকা হইতে )। বোল না বাজাইয়া কালমাত্রাজ্ঞাপক আঘাত, নিরলঙ্কার তাল। আড়া-ঠেকা ··ষ্য. ( সং অর্দ্ধ—আড়া )। অর্দ্ধ-তালবিশেষ।

ঠেকা ··ঠেক দেখ।

ঠেকুয়া, ঠেকো ··ণ. (সং স্থগিত হইতে। ঠেক ধাতু দেখ )। সঙ্গতি হইতে স্থগিত বা পৃথক্‌কৃত।

ঠেঙ্গা ··ষ্য. ( সং টঙ্গা হইতে। ঠেং দেখ )। পায়ের মতন লম্বা কিন্তু সরু লাঠি, প্রঃ—ঠেঙ্গা লঞা উঠিল প্রভু পড়ুয়া মারিবার ( চৈঃ চঃ )। লাঠি-ঠেঙ্গা ··( সহচর শব্দ )। লাঠি ও লাঠির মতন কাঠ বাঁশ। ঠেঙ্গা ··ধাতু. ঠেঙ্গাই—ঠেঙ্গা দ্বারা প্রহার করি। ঠেঙ্গানা, ঠেঙ্গানি॥ ঠেঙ্গা-ঠেঙ্গি ··ঠেঙ্গা লইয়া পরস্পর মারা-মারি। ঠেঙ্গাড়া ··ষ্য ( ঠেঙ্গা+আড়া )। যে দস্যু পথিককে ঠেঙ্গাইয়া মারে। ঠেঙ্গাড়িয়া··ণ. ( ঠেঙ্গাড়া+ইয়া )। ঠেঙ্গাড়ার তুল্য বৃত্তি যার, দস্যু। ঠেঙ্গা-জ্বর··ষ্য. ( ইং dengue fever। Dengue হইতে? ঠেঙ্গা হইতে? )। জ্বরবিশেষ যাহাতে হাতে পায়ে এত ব্যথা হয় যেন কেহ ঠেঙ্গাইয়াছে। ( জ্বর দেখ )।

ঠেটা, ঠেঁটা…ণ. ( স° ধৃষ্ট। তু° হি° ঠেট হিন্দী—অসভ্য গ্রাম্য হিন্দীভাষা )। ধৃষ্ট, প্রগল্‌ভ, নির্লজ্জ. প্রঃ—পানগুয়া নিত্য লয় ঠেঁঠা ( কবিকঃ ) ; মর মর ঠেটা মাগী চুপ করে থাক ( মাঃ ), বলে বেটা ঠেটা ঠোঁট-কাটা বর্ব্বর নিগূঢ় ( মাঃ )। স্ত্রী° ঠেটী। ঠেঁটাপনা, ঠেটামি…ষ্য. ( ঠেটা+পনা, আমি )। ঠেঁটার ভাব, নির্লজ্জতা।

ঠেঁটী…ষ্য. ( ঠুঁটা শব্দের সহিত সম্বন্ধ থাকিতে পারে )। বিধবার পাড়হীন শাড়ী বা ধুতি।

ঠেরা • ঠার দেখ। ( অপ্রচলঃ )।

ঠেল…ধাতু. ( ঠিল দেখ )। ঠেলি—চালনা করি, অপসারিত করি, প্রঃ—না ঠেলেহ ছলে ( চণ্ডীঃ )। ঠেলা॥

ঠেস…ধাতু. (ঠাস, ঠুস ধাতু দেখ )। ঠেসি—নিবিড় করি, স্তম্ভিত করি, প্রঃ—ঠেসিয়া থাইবে না, কাঁধ ঠেসিয়া বইস। ঠেসা॥ ঠেস ··ষ্য. নিবিড় সন্নিবেশ, প্রঃ—বালিশে ঠেস দিয়া বইস। ঠেসা…ধাতু. ( ঠেস ধাতু আস্তে )। ঠেসানা॥ ঠেসান ··ষ্য, আধার, আশ্রয়, প্রঃ—বালিশের ঠেসান পিঠে দেও। ঠেস-ঠোস…ষ্য, ( ঠোস—উপচর শব্দ ? ঠুস ধাতু দেখ )। কোন প্রকার ঠেস।

ঠোকর, ঠোক্কর ··ষ্য. ( ঠক হইতে। যাহাতে ঠক্ শব্দ করে )। হঠাৎ কঠিন দ্রব্যে আঘাত, প্রঃ—পায়ে ঠোকর লাগা।

ঠোকরা…ধাতু. ( স° ঠো, ঠ—মণ্ডলে শূন্যে—মেঃ। ঠো—মণ্ডলাকার গর্ত+করা হইতে ? তু° ও° খুম্পিবা—খুম্প—গুম্ফ—গর্ত ? স° ত্রোটি—পক্ষী-চঞ্চু, হইতে ? তু° হি° ম° চোঁচমারনা, ম° টোঁচ চোঁচ মারণেঁ। চোঁচ, টোচ—স° চঞ্চু )। ঠোকরাই—কঠিন চঞ্চুদ্বারা আঘাত করি, সরুমুখ শস্ত্রাদি দ্বারা গর্ত করি, প্রঃ—পাখী ঠোকরায়, কাটারীর মুখ দিয়া নারিকেল ঠোকরাইয়া ছেঁদা কর। ঠোকরানা॥

ঠোঙ্গা…ষ্য. ( স° তূণ হইতে ? স° দ্রোণ দোনা—ঠোঙ্গা ? ও° ঠোলা, দেখ )। বাঁশের পাতিয়ার কিংবা শাল প্রভৃতির পাতার মোচার আকারের ছোট পাত্র, প্রঃ—আসিয়া পড়িল ঠোঙ্গা চন্দ্রাবলীর ঘরে ( চণ্ডীঃ )। ঠুঙ্গী…( ঠোঙ্গা+ঈ )। ছোট ঠোঙ্গা।

ঠোঁট…ষ্য. ( ও° ওঠ্ঠ, হি° ওঁঠ হোঁঠ, ম° হোট হোঁট, আসা° ওঁঠ। স° অধরোষ্ঠ হইতে রোষ্ঠ—ঠোঁট ? স° ত্রোটি হইতে ? তু° ও° থণ্ট, আসা° হি° ঠোঁট—পাখীর চঞ্চু )। ওষ্ঠ। ( স°তে ওষ্ঠ উপরের ঠোঁট, অধরোষ্ঠ নীচের ঠোঁট )। ঠোঁটকাটা · ণ. ঠোট কাটা যার, নির্লজ্জ। স্ত্রী° ঠোঁটকাটী। ( গন্নাকাটা…ণ. ( ও° গ্রহণ-খণ্ডিআ—অর্থাৎ গ্রহণ খণ্ডিত )। যাহার উপর ঠোঁট কাটা। )

ঠোনা…ষ্য. ( ঠোঙ্গার আকার বলিয়া ? স° তর্জনী হইতে ? ঢাকায় ঠোংনা, হি° ঠোঙ্গা। ও°তে মুখি—স° মুষ্টি। আসা° ঠোঙ্গোনা )। মুষ্টিবদ্ধ তর্জনীর পর্ব, প্রঃ—বসায় বুড়ির গালে বজ্রমাণ ঠোনা ( মাঃ ), ঠকঠাক গণ্ডাচারি ঠনা মারে ঠোঁটে (মাঃ)। ঠোনা…ধাতু. ঠোনাই—ঠোনাদ্বারা প্রহার করি। ঠোনানা॥

ঠোলা…বড় ঠুলী। ঠুলী দেখ।

ঠোস…ঠুস ধাতু দেখ।

## ড

ড ··ষ্যা. ( সং )। ব্যঞ্জনবর্ণ, অক্ষরবিশেষ। শব্দের মধ্যে ও অন্তে উচ্চারণে ড় হয়। ( ব্যাকরণ দেখ )।

ডগ, ডগা ··ষা. ( ওং ডঙ্ক ; হিং মং ডগ—পদক্ষেপ। সং তঙ্গ ধাতু গতি হইতে )। অগ্রভাগ, বৃক্ষশাখাগ্র। ডগী ··ষা. ( ডগ+ঈ )। ছোট সরু ডগ।

ডগ্-ডগ ··ব্যা. ( সং রাগ—রক্তবর্ণ )। রক্তবর্ণ, প্রঃ—লাল ডগ্-ডগ।

ডগ্-মগ্ ··ণ. ( হিং ডগ-মগ, ডগ ডগ—কম্পমান, স্ফুরিত। বোধ হয় সং তঙ্গ ধাতু কম্পন, সং মঙ্গ ধাতু গতি হইতে )। কম্পিত, স্ফুরিত, প্রঃ—রসভরে ডগমগ অঙ্গ ( জ্ঞান-দাস ); কাঁচা সোণা জিনিঞা গৌরাঙ্গ ডগমগি ( চৈতন্যমঙ্গল ); ডগমগ তনু রসের ভরে ( ভাঃ )।

ডগলা···ষ্যা. ( ডগ+লা )। বৃক্ষের সরু অগ্র-প্রদেশ।

ডগালী ··ষ্যা. ( ডগ, ডগলা দেখ )। বৃক্ষের অগ্রসহ শাখা, বৃক্ষের কর্তিত সরু শাখা।

ডগী ··ষ্যা. ( ডগ দেখ )। বৃক্ষের কোমল অগ্রসহ শাখা।

ডঙ্ক ··ষ্যা. ( সং দংশন )। দংশন, প্রঃ—হেন বুঝি খুল্লনাকে হৈল সাপডঙ্ক ( কবিকঃ )। ( অপ্রচলঃ )।

ডঙ্কা ··ষ্যা. ( ডং ডং শব্দ করে বলিয়া ? )। সং দুন্দুভি ?)। ঢাক। ডঙ্কা মারিয়া—ঢাক বাজাইয়া। নবডঙ্কা ··নূতন ঢাকবাদ্য ? ( অশিষ্টে )।

ডজন ··ষ্যা. ( ইং dozen )। দ্বাদশ সংখ্যা। ডজন দরে—প্রতি বারটার মূল্য লইয়া।

ডণ ··ষা. ( সং দণ্ড )। ডণ্ডাকারে দেহের ব্যায়াম-বিশেষ। ডণ টানা ( ওং হিং দণ্ড ফেলা )—নৌকার দাঁড় টানিবার মতন ব্যায়াম করা।

ডণ্ড ( গ্রাং ) ··ষা. ( সং দণ্ড )। শাস্তি; ষাটি পল সময়।

ডবকা ··ণ. ( তুং হিং ডবকা—মোটা, ডব—পরাক্রম, ডবকনা—চমকনা ; মং ডবক, ডবকা—বাং ডোবা পুকুর। হিং ডব—সং দর্প ? ডবকা—দর্পে স্ফীত ? ডুব ধাতু হইতে ডোবা ; যৌবনে ডুবিয়াছে যে ? ) যৌবন-স্ফীতা, যৌবনগর্বিতা ( যুবতী ), প্রঃ – ডবকা মেয়ে।

ডব্-ডব...বা. ( ডুব ধাতু হইতে )। রসে ডুবু-ডুবু ভাবে, প্রঃ—ডব্-ডবা চোখ—রসপূর্ণ, বিস্ফারিত। ডব্-ডবা ··ণ, ডব্-ডব ভাব বিশিষ্ট। ডব্-ডবানি॥

ডবল ··ণ. ( ইং double )। দ্বিগুণ, প্রঃ—ডবল-পয়সা—যে মুদ্রা ( মূল্যে, ভারে ) পয়সার দ্বিগুণ। ডবল করা—দ্বিগুণ, দোহারা করা।

ডম্ফ ··ষ্যা. ( সং দম্ভ হইতে ? ফাং হিং ডফ ) আনদ্ধ বাদ্যযন্ত্র-বিশেষ।

ডর ··ষা. (সং দর—ভয়ে—অঃ)। ভয়। ভয়-ডর ··ষ্যা. ( সহচর শব্দ )। ভয়।···ধাতু. ( সং দৃধাতু )। ডরি—ভীত হই, প্রঃ—সে ডরিবার মানুষ নয়। ডরা॥ ডরা ধাতু. ( ডর ধাতু আন্তে )। ডরাই—অন্য হইতে ভীত হই, ভয় করি, প্রঃ—আমি কি ডরাই সখী ভিখারী রাঘবে (মেঘনাদবধ)। ডরানা॥

ডহন ( গ্রাং ) ··ষ্যা. ( সং দহন ) দহন, জ্বালা, প্রঃ—নিজের ডহনে জ্বলিতেছি।

ডহর···ষ্য. ( সং দর—গর্ত্তে ; দর—দঅর—ডহর )। নিম্নস্থান, বিস্তীর্ণ গর্ত্ত, বিল, প্রঃ—ডহর ডাঙ্গর সব একুই সুসর (শুং পুঃ ), ডাঙ্গা ডহর সোসর করহ সকল বাট ( কৃত্তিঃ, অযোং )। ডহর-করঞ্জা ··যে করঞ্জগাছ নিম্নভূমির পাশে জন্মে। ডহর-কুঁড়···ষ্য. (কুঁড়—কুণ্ড—নিম্নস্থান। সহচর শব্দ )। নিম্নভূমি, যে ভূমিতে বর্ষাকালে জল জমে। ডহরা ··ণ গভীর।

ডাং···ষ্য. ( সং দণ্ড )। ডাঙ্গা দেখ।

ডাইন···ণ. ( সং দক্ষিণ )। দক্ষিণ, প্রঃ—ডাইন হাত। ডাইনে আনিতে বাঁয়ে নাই—জমাখরচ হিসাবে ডাইনে খরচ করিতে বামে জমা নাই। ডাইনে যায়—লাঙ্গল গাড়ী টানিবার গোরু বাঁয়ের গোরু অপেক্ষা বলবান হয় ; লক্ষণায়, নায়ক হয়। ডাইনিয়া, ডাইন্যে ··ণ. ( ডাইন+ইয়া )। দক্ষিণস্থিত, দক্ষিণোদ্ভব, দক্ষিণ হইতে প্রবাহিত, প্রঃ—ডাঃ বাতাস।

ডাইনী, ডাইন···ষ্য. (সং ডাকিনী—কালীগণ-বিশেষ )। যে নারী কু করে, ছোটছেলের প্রতি কু-দৃষ্টি করে। ( কুৎসিৎ কদাকার ইতরজাতীয়া বৃদ্ধানারীকে গ্রামাজন ডাইনী বলিয়া আশঙ্কা করে। ইহারা না-কি ছোট ছেলের স্বাস্থ্য দেখিলে, তাহাকে কিছু খাইতে দেখিলে এমন কুদৃষ্টি করে যে ছেলে ক্রমে ক্রমে শীর্ণ হইতে থাকে ) ইহার প্রতীকার ঝাড়-ফোঁক। লোকের জ্ঞান, কাঙর-কামিখ্যায় গেলে ডাইনীবিদ্যা শিখিতে পারা যায় )। কথায়, জন্ম গেল ছেলে খেয়ে আজ বলে ডাইন—অর্থাৎ কুমন্ত্রণা করা নূতন নহে।

ডাইল, ডাল···ষ্য. ( সং দালি দালী, যথা দলিতন্তু শমীধান্যং দালির্দালী স্ত্রিয়ামুভে—ভাবপ্রকাশে। ওং ডালি, হিং ডাল, মং ডাল্ঠ। বাং ডাল নহে, ডাল দেখ )। মুগ-মসুর প্রভৃতি কলাই দলিত করিয়া তুষ ছাড়াইলে দাইল হয়। ডাইল রাঁধা, অর্ঁধা দুইই বুঝায়। লবণাদিযুক্ত জলে-সিদ্ধ দালি সং-তে সূপ, কবিকঃ-তেও।

ডাইস·· ষ্য. ( ইং die, বহুবচনে dies )। লৌহাদি ধাতুর ইস্কুরুপ কাটিবার যন্ত্র ; ছাঁচের ঠাসা ( ঠাসা দেখ )।

ডাক···ধাতু. (বাং ওং তে এই ধাতু। হিং মং-তে ডাক ধাতুর অর্থ ভিন্ন। বোধ হয় মূল ভিন্ন। শব্দকল্পে ডী ধাতু উড্ডয়ন হইতে ডা—ডাকিনী শব্দ। ডাকিনী উড়িয়া যাইত। মেদিনীতে ডা—ডাকিনী। সং ড—শব্দে। ইহা হইতে পালিতে ডাক শব্দ অর্থাৎ ডঙ্কার। তুং হুঙ্কার )। ডাকি—রব করি, প্রঃ—ডাকিল শকুনি তার মাথার উপর ( কবিকঃ ), আহ্বান করি, প্রঃ—ডাকিলে শুনে না। ডাকা॥ ডাক···ষ্য. শব্দ, ধ্বনি, প্রঃ—বড় ডাকে কথাটা কহিতে যে না পারে ( চণ্ডীঃ ); লোকপ্রবাদ, প্রঃ—ডাকের কথা ( তুং সং ডাক—পিশাচবিশেষ, স্ত্রীং ডাকিনী। ওংতে ডাক-ঋষি ); পত্রবহন, পত্রপ্রেরণ ; পত্র ( পূর্ব্বকালে পথে বাঘভালুক ও দস্যুর ভয়ে পত্রবাহক চীৎকার করিতে করিতে পত্র লইয়া যাইত )। ডাক-নাম ···যে নামে মানুষকে আহ্বান করা হয়। ( রাশি-নাম নহে )। ডাক-ঘর ··যে ঘরে প্রেরণযোগ্য পত্র দেওয়া হয়, পোষ্টআপিস।

ডাকমাশুল ··পত্রাদি বহন নিমিত্ত পোষ্ট আফিসে দিতে হয় যে শুল্ক। ডাক-মুন্সি··· পোষ্ট-মাষ্টার। স-ডাক···ণ ( সং সহ সমাসে স )। ডাকমাশুলসহিত ( কদর্য শব্দ )। ডাকুয়া, ডেকো···ষ্য. (ডাক+উয়া )। পত্রবাহক। ডাক বসানা—দুরে দুরে বাহকাদি নিযুক্ত করা। এক ডাকের পথ—যত পথ হইতে মানুষের ডাক—চীৎকার শুনিতে পাওয়া যায়। ডাক-হাঁক ( সহচর শব্দ )। আহ্বান। ডাক-হরকরা ··যে পত্র বিলি করে। ডাক-সুরৎ···(সুরৎ দেখ )। নামে, কথাবার্তায়, প্রঃ—ডাকসুরৎ পাঁচ বিঘা, মাপে কিছু কম। ডাকা···ণ ( ডাক+আ )। চীৎকার সহ, প্রঃ—ডাকা-চুরি ( কবিকঃ )—চীৎকারসহ চুরি অর্থাৎ ডাকাতি; ডাকাইত; ডাকাতি, প্রঃ—দিবস দুপরে হৈল সাত নায়ে ডাকা ( কবিকঃ )। ডাকা-বুকা, ডাকা-বুকুয়া, ডাকা-বুকো···ণ. ডাকাইত-তুল্য বুক—সাহস যার। ডাক-সিদা ( গ্রা° ডাক-সাইদা)···ণ. ডাক-সিদ্ধ, সুপ্রসিদ্ধ, প্রঃ—রাজার দরবারে যার ডাকসিদা নাম (মাঃ)। ডাক-ডোক···( ডোক উপচর শব্দ )। আহ্বান। ডাকা···ধাতু. (ডাকধাতু আস্তে)। ডাকানা॥ ডাকা-ডাকি ··ষ্য. পরস্পর তারস্বরে আহ্বান।

ডাক, ডাক-সাজ ··ষ্য. ( সং টঙ্ক ধাতু বন্ধনে, তু° মং ডকণে—আঁটা )। রাংতার যে সজ্জা বা ভুষণ প্রতিমায় আঁটা হয়।

ডাক-তুরুপ ··ষ্য. ( তুরুপ দেখ )। তাসের খেলাবিশেষ।

ডাক-পাখী, ডাহুক ··ষ্য. ( সং দাত্যূহ, ডাহুক, ও° ডাহুক )। কূলেচরবর্গের পক্ষী-বিশেষ (water-hen. Amaurornis phœnicurus)। ১৬।১৭ আঙ্গুল। মাথা বুক শাদা, পিঠ পাংশুবর্ণ, চঞ্চু সবুজ। পলাইবার সময় পুচ্ছ তুলিয়া পলায়। জলের ধারে বসে, ঝোপে বাসা করে,কক্‌ক-কোআ—কোআ-কোআ, কিংবা কুক্‌কুক ডাক।

ডাকাইত, ডাকাত ··ষ্য. (ডাকা—শব্দ+ইত ) যে দস্যু চীৎকার করিতে করিতে লুঠ করে। (বহু না হইলে এবং ডাক না থাকিলে ডাকাইত বলা যায় না। না থাকিলে চোর মাত্র )। ডাকাইতের, ডাকাতের সর্দ্দার—নেতা; গোলালোক—যাহারা অস্ত্রখেলা জানে না, চুরি করিতে জানে। ডাকাতি ·· ষ্য. ডাকাইতের কর্ম, ডাকাইত দ্বারা লুণ্ঠন। দিনে দুপরে ডাকাতি—ডাকাতি রাত্রে হয়, দিনে দুপরে যদি ডাকাতি হয়, তাহা হইলে অতিশয় ভীষণ সাহসী ডাকাইতের কর্ম। ডাকাতিয়া···ণ. ( ডাকাত+ইয়া )। ডাকাতের যোগ্য, প্রঃ—কৃষ্ণের যে ডাকাতিয়া বক্ষঃ ( চৈঃ চঃ ); ডাকাতিয়া বাঁশী—এমন বাঁশী যাহা ডাকিয়া—লোক জানাইয়া মন প্রাণ হরণ করে।

ডাক্তার ··ষ্য. ( ইং doctor )। ইংরেজী-বিদ্যায় পারদর্শী; ইংরেজী মতে রোগ-চিকিৎসক। সংক্ষেপে ডাঃ। ডাক্তারি··· ষ্য. রোগ-চিকিৎসক ডাক্তারের বৃত্তি। ডাক্তারী···ণ-ডাক্তারসম্বন্ধীয়, প্রঃ—ডাক্তারী দোকান। ডাক্তারখানা··· ষ্য. ইংরেজী ঔষধালয়। নেটিভ ডাক্তার···(ইং native) নিম্নশ্রেণীর স্বল্পশিক্ষিত ডাক্তার।

ডাগর ··ণ. ( রঙ্গপুরে ডাঙ্গার; আসা° ডাঙ্গর

ডাঙ্গরীয়া—বৃহৎ, মহৎ ; হিং ডিঙ্গার—মোটা ; ওং ডেঙ্গা—বাং ঢেঙ্গা ; মং ঢঙ্ক—অতিদীর্ঘ॥ সং দীর্ঘ শব্দের অপভ্রংশ। তুং দিঘল গাঁ, দিঘড়া দিগড়া গ্রাম)। বৃহৎ, বড়, প্রঃ—ছেলেটি ডাগর হইয়াছে, আষাঢ়ের বেলা ডাগর ; ডাক দিয়া ডুমনী ডাগর ডাক ছাড়ে (মাঃ)। ডাগর ডুগুর …(ডুগুর—উপচর শব্দ। তুং ঠাকুর-ঠুকুর)। প্রায় বড়।

ডাঙ্গা, ডাং…ষ্য. (সং দণ্ড)। দণ্ড, ছোট বংশখণ্ড, প্রঃ—ঝোড়াতে মোট তুলিতে ডাং বাঁধা। গুলী-ডাঙ্গা—দণ্ড দিয়া গুলী—প্রায়ই ছোট কাটি নিক্ষেপ—খেলা-বিশেষ, গুলীডাণ্ডা। ডাঙ্গা-পিটা ··ণ.ডাঙ্গা—দণ্ডদ্বারা পিটিয়া বেড়ায় যে, নির্ভীক।

ডাঙ্গাশ…ষ্য. (সং অঙ্কুশ। ড আগম। ওং নাম গজবাগ—গজবল্গা)। গজাদি-পশু-চালনের অঙ্কুশ। (শূং পুঃ—ডকবুশ)।

ডাঙ্গা…ষ্য. (সং তুঙ্গ হইতে। হিং ডাঙ্গা—পর্বতের চূড়া)। উচ্চভূমি। (শূং পুঃ—ডাঙ্গর)। ডাঙ্গা-ডহর ··(প্রতিচর শব্দ)। উচ্চভূমি ও নিম্নভূমি। ব্রহ্ম-ডাঙ্গা…অনুর্বর উচ্চভূমি। (ব্রাহ্মণের বাসের যোগ্য, এত উচ্চ। অতএব বোধ হয় অন্য জাতির বাস নিম্নভূমিতে হইত)। দৃষ্টান্তে, জলে কুমীর ডাঙ্গায় বাঘ—জলাশয়ের পাড়—ডাঙ্গা ; অতএব উভয় পথেই বিপদ। (বরিশালে ডাঙ্গা অর্থে ক্ষেতের যে স্থান দিয়া ডোঙ্গা যাইতে পারে। বোধ হয় ডোঙ্গা হইতে এই শব্দ)।

ডাঙুরো…ষ্য. (বোধ হয় ডাং—দণ্ড+রা। তুং হিং ডোহরা—(সং দর্বি+রা)—যে নারিকেলের মালা দিয়া আখের রস এক পাত্র হইতে অন্য পাত্রে ঢালা যায়)। এক পাত্র হইতে অন্য পাত্রে আখশালের আখের রস লইবার ছোট হাঁড়ী।

ডাঁট ··ণ. (সং দৃঢ়। আসাং ডাঠ)। দৃঢ় প্রঃ—রোগভোগের পর দেহ ডাঁট হয়, কাপড় ডাঁট আছে ; প্রঃ—কঠিন জাঁতির কাছে গুয়া কত ডাঁট (মাঃ)।

ডাঁটা…ষ্য. (সং দণ্ড)। গাছের সরু ডাল ; সরু গাছ ; লম্বা ফল, প্রঃ—শজিনা ডাঁটা। (কোথাও কোথাও শাগখাড়াকে ডাঁটা বলে)।

ডাঁটী ··ষ্য. (সং দণ্ড—ডাঁটা+ঈ)। ছোট ডাঁটা, ছাতা প্রভৃতি ধরিবার দণ্ড।

ডাঁড় ষ্য. (সং দণ্ড)। নৌকা চালাইবার বহিত্র ; পোষা পাখী বসিবার দণ্ড ; ঝোড়া প্রভৃতি তুলিবার কাঠি বা ডাঙ্গা।

ডাঁড়কাগ (গ্রাং)…দাঁড়কাগ, কাগ দেখ।

ডাঁড়া (গ্রাং) · দাঁড়া দেখ। পিঠের শির-দাঁড়া ; জমির সরু আইল ; রীতি (ধারা হইতে)

ডাঁড়ী (গ্রাং)…দাঁড়ী দেখ।

ডাঁড়ুকা…ষ্য. (দাঁড়ুকা দেখ। সং দণ্ড-বেষ্টিকা হইতে)। তস্করাদির পদবন্ধন শৃঙ্খল, প্রঃ—শূং পুঃ, খনার বচন, চৈঃচঃ,কবিকঃ ; লোহার বলয় (ঠাকুরের নিকট বাঁধিয়া রাখিতে ছেলেপিলের, পাঁঠার পায়ে ডাঁড়ুকা দেওয়া হয়।)

ডাণ্ডা…ধাতু. দাঁড়া ধাতু দেখ। (প্রাচীন বাং)।

ডাণ্ডী ··ষ্য. ( সং দণ্ড )। সেতারের দণ্ডাকার কাঠ।

ডানকুনি ··ষ্য. ( সং দণ্ডোৎপল )। বর্ষায়ুঃ ঋজু শাক বিশেষ ( Canscora decussata)। নাল চতুষ্কোণ, পত্র অভিমুখী; পুষ্প শ্বেত, যুক্ত-চতুর্দল; কেশর চারি, একটা দুইটা দীর্ঘ; ফল দ্বিকোষ; বীজ ক্ষুদ্র বহুকোণ। শীতকালে ফল পাকে। জলের ধারে ক্ষেতে গাছ জন্মে। (২) ডানকুনি,ডানকোনা···ক্ষুদ্রমৎস্যবিশেষ,মৃগেলের মতন লম্বা কিন্তু ক্ষুদ্র। দানকোনী দেখ।

ডানা, ডেনা···ষ্য. ( ওং ডেণা, হিং ডৈনা। মংতে পক্ষ। সং ডীন হইতে? ডেনা অধিক শুদ্ধ)। পাখীর পক্ষ।

ডানি, ডাইনা···ণ. ( সং দক্ষিণ )। দক্ষিণ। কথায়, ডাইনায় আনিতে বাঁয়ে নাই— ডাইনায় খরচ, বাঁয়ে জমা। খরচ করিতে জমা শেষ হয়, অর্থাৎ যত্র আয় তত্র ব্যয়।

ডাব ··ষ্য. ( ডাবা দেখ। ওং নাম পইড় )। অপক্ক নারিকেল। নেআপাতী ডাব··· অপুষ্ট ডাব ( নেআ—স্নেহ, পাতী—পত্র। যে ডাবে স্নেহপদার্থ অর্থাৎ শাঁস পত্রবৎ পাতলা আছে )।

ডাবর·· ষ্য. ( ডাবা দেখ )। ধাতু-নির্মিত পাত্র, প্রঃ—থালি খুরি ডাবরে পুরিয়া লহি চন্দন ( শূং পুঃ ); মুখ ধুইবার আচমনক; পান রাখিবার ধাতুনির্মিত পাত্র।

ডাবা · ষ্য. ( ডিবা—সাজা পান রাখিবার ধাতু-পাত্র, ডাবর তদপেক্ষা বড়, ডাবা আরও বড়, প্রায়ই মাটির। ওংতে ডবা প্রচলিত নহে, পান-ডিবা প্রচলিত আছে। হিং ডব্বা—তেল রাখিবার চর্মপাত্র, ডব্বু— লোহার দর্বি (সং), ডিবিয়া ডিব্বা ডিব্বী— বাং ডিবা। মং ডর—নারিকেল মালা, ডরলা ডরলী—নারিকেল মালার দর্বি। অতএব সং দর্বি—হাতা হইতে ডাব,ডাবর, শব্দের উৎপত্তি)। মাটির বড়-মুখ বড় পাত্র-বিশেষ।

ডামর···ষ্য. ( হিং। সং ধূনক হইতে? )। সহ্যাদ্রি পর্বতের তরু-বিশেষের ( Vateria indica ) ধূনার তুল্য নির্যাস বিশেষ (white dammar, Indian copal)। তার্পিন তেলের সহিত মিলাইয়া বার্নিশ হয়।

ডামা-ডোল···ষ্য. ( বোধ হয় ধামা—পাত্র, ডোল—পাত্র হইতে। সহচর শব্দ। হিং ডাম্বাডোল অন্য শব্দ )। ধামা ও ডোল, ডোলের মতন স্ফীত বা বৃহৎ।

ডায়মন ··ষ্য. (ইং diamond—হীরা)। কাটা হীরার মতন পল। ডায়মন-কাটা ··ণ. পল তোলা।

ডার ··ধাতু. ( হিং। সং দ্রাহ ধাতু নিক্ষেপে বাং ঢাল ধাতু )। ডারি—নিক্ষেপ করি, প্রঃ—আমারে ডারিয়া দিল ( চণ্ডীঃ ), সিংহদ্বারে গাবী আগে সেই ভাত ডারে ( চৈঃ চঃ )। ডারা॥ (অপ্রচলঃ )।

ডা-রা ডা রা ··ব্য. সেতার বাজাইতে শিখিবার সাঙ্কেতিক ধ্বনি। ডে-রে ডা-রা·· দ্রুত অঙ্গুলি-সঞ্চালনে।

ডাল···ষ্য. ( সং দলিক; যথা, দলিক দারুণী হেমঃ। ওং ডাল, হিং ডাল, মং ডাহলী )। বৃক্ষশাখা, শাখা। ডাল-পালা···ষ্য. ( সং পল্লব—পালা )। শাখা ও পত্র। ডালা··· ষ্য. ( ডাল+আ-স্বার্থে )। শাখা, ডাল। ডালী···ষ্য. (ডাল+ঈ )। ক্ষুদ্র ক্ষুদ্র শাখা।

(ডালা দেখ)। ডাল-কোত্তা···ডালের মতন দীর্ঘাকার কুকুর (কুকুর দেখ)। ডাল ··ধাতু. ডালাই—বৃক্ষের ক্ষুদ্র ক্ষুদ্র শাখা ছেদনকরি। ডালানা ॥

ডালনা (গ্রাং) ··ষা. (দালনা দেখ)। দলিয়া পক্ব ব্যঞ্জন, ঘণ্ট।

ডাল · ডাইল দেখ।

ডালা ··ডাল দেখ।

ডালা···ষা. (সং ডল্লকং বংশাদি নির্ম্মিত পাত্রম্ — শব্দকল্পঃ। ব্রহ্মবৈবর্ত্তপুরাণে। কিন্তু অর্বাচীন। শব্দসারে, অনার্য্য শব্দ। বোধ হয় মূলে সং দল—খণ্ড। বংশাদি-নির্ম্মিত বড়মুখ পাত্র, বাঁশের বেতীর বড়মুখ পাত্র, প্রঃ—কুল তেয়াগিনু ভরম ছাড়িনু লই কলঙ্কের ডালা (চণ্ডীঃ), যৌবনের ডালা (মঃ)। ডালী ··ষা. (ডালা+ঈ)। ছোট ডালা; ডালায় যাহা দেওয়া হয়, ফলাদি উপহার; পেড়া বাক্স প্রভৃতির উপরিভাগ।

ডালিম ··ষ্য. (সং দাড়িম, দালিম্ব, দাড়িম্ব। ওং মং ডাড়িম্ব, হিং ডারিম। ফাং নাম অনার)। প্রসিদ্ধ অম্ল-মধুর বহুবীজ ফল (pomegranate)। গাছ (Punica granatum) ছোট, ভারতবর্ষের প্রায় সর্বত্র আছে, রসামাটিতে ভাল বাড়ে না। বেদানা ··যে ডালিমের বীজ থাকে না। ডালিমা, ডালিম্ব ষা. (ওং নাম)। পিষ্টকবিশেষ (চৈতন্য মঙ্গলে)। গমচূর্ণ জলে সিদ্ধ করিয়া ডালিমের বীজের আকারে কাটিয়া ঘিতে ভাজা, অর্থাৎ ডালিম্ব-বীজাকার খাজাপুঞ্জ।

ডালিয়া · ষা. (ইং Dahlia)। গেঁদার মতন কিন্তু বৃহৎ বিদেশী পুষ্পবিশেষ।

ডালী ··ডালা দেখ।

ডাঁশ ··ষ্য. (সং দংশ)। মক্ষিকাবিশেষ, প্রায়ই চতুষ্পদ জন্তুকে দংশন করে।

ডাঁসা···ষ্য. (সং নাগদন্ত। দন্ত হইতে দাঁতা—দাঁচা—ডাঁসা?)। গৃহপ্রাচীরে প্রোথিত-মূল ক্ষুদ্র দণ্ড।

ডাঁসা ··ধাতু. (বোধ হয় দর পাচা—আধপাকা হইতে? দরপাচা—দাচা—ডাঁসা। তুং ওং দরপাচিলা—সং দর-পাকা। দর—সং অর্দ্ধ। সং দংশ্র হইতে)। ডাঁসাই—প্রায় পক্ক দংশনযোগ্য হই, প্রঃ—আম ডাঁসাইয়াছে পাড়িলে চলে। ডাঁসানা ॥

ডাহা···ণ. (? ঢাকা নগরীর নাম হইতে? তুং ঢাকা—ঢাহা, টাকা—টাহা (ঢাকায় ইতর প্রয়োগ)। ঢাহা—ডাহা?)। অবিকল প্রঃ—ডাহা মিথ্যা (ঢাকাই মিথ্যা?—ঢাকা রাজধানী থাকিবার সময় প্রবঞ্চনা কি অধিক ছিল? তুং কলিকাতাই বাবু। ডাঁসা (অর্ধপক্ক)—ডাহা? ডাহা মিথ্যা—কাঁচা মিথ্যা? তুং কাঁচা পচাল (গালি)।

ডিঅঁা · ষ্য. (সং ডীন। ওং ডিআ, ডেঁই)। লম্ফ, প্রঃ—ডিঅঁা মারিয়া চলিয়া গেল। প্রঃ—মাঃ। অপ্রচলঃ হইতেছে। ডিঙ্গা ধাতু দেখ।

ডিঁয়া···ষ্য. (জিঁয়া দেখ)। পিপিলিকাবিশেষ।

ডিগ্‌ডিগা ··ণ. (সং দীর্ঘ)। লম্বা ও সরু, প্রঃ—মানুষটি ডিগ্‌ডিগা—দীর্ঘ ও কৃশ।

ডিগবাজি...ষা. (ডিঙ্গানা-লম্ফ; বাজি ফাং), শূন্যে লাফ দিয়া উলটাইয়া পড়া খেলা।

ডিগ্রি ··ষ্য. (ইং degree)। উষ্মমানাদি যন্ত্রের অংশ।···ষ্য. (ইং decree)। বিচারকের আজ্ঞা, শাসন (আদাঃ)।

ডিগ্রিদার ··ষ্য. ( ফা° দার )। যে ব্যক্তির পক্ষে আদেশ হইয়াছে। ডিগ্রিজারি করা —আদালতের আদেশ পালন করা। ডিগ্রি-ডিসমিস ··বিচারকের অনুকূল কিংবা প্রতিকূল আদেশ ( আদাঃ )।

ডিঙ্গালী ··ষ্য. ( কুমড়া দেখ )। ডিঙ্গী—জাহাজে বিদেশ হইতে আগত কুমড়া, গুড়কুমড়া।

ডিঙ্গা ··ষ্য. ( স° দ্রোণ )। নৌকা, প্রঃ—গোঁজে বান্ধি রাখে ডিঙ্গা লোহার শিকলে ( কবিকঃ—এখানে ডিঙ্গা বৃহৎ ছিল )। ডিঙ্গী ··ষ্য. (ডিঙ্গা+ঈ)। ছোট নৌকা। দৃষ্টান্তে, শুখনা ডাঙ্গায় ডিঙ্গা ডুবায়—যেখানে শঙ্কা ছিল না, সেখানে বিপদ উপস্থিত।

ডিঙ্গা ··ধাতু. ( স° ডীন হইতে। ও° ডেঁ ধাতু। হিংতে কুদনা, ফাঁদনা ; মংতে উডণেঁ কুদণেঁ—বা° ডিঙ্গানা। হিং মংতে লাফ ধাতুও নাই )। ডিঙ্গাই—উর্ধ্বদিকে লাফাইয়া উত্তীর্ণ হই, প্রঃ—প্রাচীর বেড়া ডিঙ্গানা। ( গর্ত ডিঙ্গানা বলা যায়, এখানে লাফানা বলাও যায়। লাফানা—সমভূমিতে অল্প উচ্চে ; ডিঙ্গানা—উল্লম্ফনে, ঝাঁপানা—উচ্চ হইতে নিম্নে)। ডিঙ্গানা॥

ডিপজিট···ষ্য. ( ই° deposit )। অন্যের নিকট ন্যাস, প্রঃ—টাকা ডিপজিট করা, আমানত। ডিপজিটর ··ষ্য. ( ই° depo sitor )। আমানতকারী, ন্যাসকারী।

ডিপো···ষ্য. ( ফরাসী )। যেখানে মাল সঞ্চিত হয় ; প্রঃ—কয়লাডিপো। কুলীডিপো··· যেখানে প্রেরণ পূর্বে কুলী একত্র করা হয়।

ডিপুটী…ষ্য. ( ই° deputy )। প্রতিনিধি, প্রঃ—ডিপুটী মাজিষ্টর, ডিপুটী ইন্‌স্‌পেক্টর। ডিপুটী বাবু···নিম্নতন মাজিষ্টর। ডিপুটী গিরি···ডিপুটীর কাজ। ঘটীরাম ডিপুটী··· এক ডিপুটী মাজিষ্টরের নাম মুচিরাম ছিল। তিনি বিচারকার্য ভাল বুঝিতেন না। লোকে উপহাসে তাহাঁকে ঘটীরাম ডিপুটী বলিত। ইহা হইতে অকর্মণ্য ডিপুটী।

ডিবা ··ষ্য. ( ডাবা দেখ )। সাজা পান প্রভৃতি রাখিবার ধাতু নির্মিত কটুয়া।

ডিম ··ষ্য. ( স° ডিম্ব )। ডিম্ব। কথায়, ঘোড়ার ডিম—অশ্বাণ্ড যেমন মিথ্যা, তেমন। ঘুঘু-ডিম···ঘুঘু পাখীর ডিম্ব, তৎতুল্য ক্ষুদ্র অণ্ড। বায়া-ডিম···( স° বাম—প্রতিকূল হইতে? তু° বাম হইতে বাঁয়া—বাদা )। পক্ষীর যে অণ্ড হইতে ছানা জন্মে না।

ডিমকা · ধাতু. (স° ডিম্বিকা—মাংস-বুদ্‌বুদ্ )। ডিমকাই—মাংসের ক্ষুদ্র ক্ষুদ্র ডিম্ব হই, মাংসের বুদ্‌বুদ্ জন্মে, প্রঃ—ঘা ডিম-কাইয়াছে, শীঘ্র পুরিয়া উঠিবে। ডিমকানা॥ ডিমকি···ষ্য. ( স° ডিম্বিকা )। বুদ্‌বুদ্, প্রঃ—পচা জলে ডিমকি উঠে, ফোড়া পুরিবার সময় ডিমকি উঠে।

ডিম্‌-ডিম ··ব্য. ( স° )। বাদ্যবিশেষে, ডমরুর বাদ্যে। ডিম্‌ডিমী ··ষ্য. ডমরু। ডেম্‌-ডেম···ব্য. ডেম্‌ডেম বাদ্যে।

ডিমা···ষ্য. ( স° ডিম্বক হইতে। স° নাম পিণ্ডি )। পায়ের পশ্চাৎভাগের ডিম্বাকার পেশী।

ডিষ্ট্রাক্ট ··ষ্য. ( ই° district । যে জেলায় জজ-আদালত আছে।

ডিস্‌মিস ··ষ্য. ( ই° dismiss )। বর্জন, পরিত্যাগ, প্রঃ—মকদ্দমা ডিসমিস—অগ্রাহ্য ( আদাঃ )।

ডিহি···ষ্য. ( ফা°দেহ্‌। তু° স° দেশ )। কয়েকখানি গ্রাম লইয়া জমিদারের প্রধান কর্মচারীর বাস ( কবিকঃ )। ডিহি-খরচ ...ডিহিতে খরচ। ডিহিদার · ডিহির কর্তা।

ডুকর ··ধাতু. ( স° ডো-শব্দে। ডো-করা হইতে )। ডুকরি—উচ্চস্বরে কাঁদি ' ডুকরা ॥ ( অপ্রচলঃ )।

ডুগ্‌-ডুগী···ষ্য. ( ডুগ্‌-ডুগ করে বলিয়া )। সাপ-খেলোড়া মালের ডমরু বাদ্য ; বালকদের খেলা করিবার ছোট ঢোলক ( ও° ঢুলকী—ঢোলকী )।

ডুগী ··ষ্য. ( ডুগ্‌-ডুগ শব্দ হইতে )। বাঁয়া-তবলার বাঁয়া।

ডুব···ধাতু. ( স° বুড ধাতু ভাগ আচ্ছাদনে, বা°তে কোন কোন স্থানে বুড় ধাতু। এইরূপ ও° হি° ম°তে বুড ডুব ধাতু )। ডুবি—নিমজ্জিত হই। ডুবন, ডোবা ॥ ডোবা ··ষ্য. যে গর্ত বা ছোট পুকুরে ডুবিতে পারা যায়, গড়িয়া। ডুবন-জল···জলের যে গভীরতা থাকিলে মানুষ ডুবিয়া পড়ে। ডোবা···ধাতু. ( ডুব ধাতু আস্তে )। ডোবানা ॥

ডুব-ডুবি···ষ্য ( স° ডমরু )। সাপ খেলাইবার মাল-দের ডমরু নামক আনদ্ধ বাদ্যযন্ত্র।

ডুবারী···ষ্য. ( ডুব+আরী )। যে জলে ডুবিয়া থাকিতে দক্ষ। ( কবিকঃ-তে ডুবারু )। (২) প্লববর্গের ১২ আঙ্গুল দীর্ঘ পক্ষী বিশেষ (The Dabchick. Podicipes albipeunia )। মাথা কাল, পেট শাদা, বুক খয়রা। চঞ্চু সোজা, অগ্র ধারালা, পক্ষ ছোট, পুচ্ছ প্রায় নাই। জলে ডুবিয়া পাখা ও পা দিয়া সাঁতার দেয়।

ডুমুর ··ষ্য.(স° উড়ুম্বর। ও° ডিমিরি)। প্রসিদ্ধ নাতিদীর্ঘ বৃক্ষ-বিশেষ। গাছের প্রকাণ্ডে ফল ধরে বলিয়া এক স° নাম জঘনেফলা ( তু° উড়ুম্বর বৃক্ষ যৈছে ফলে সর্ব্ব অঙ্গে—চৈঃ চঃ )। গাছ হইতে প্রচুর জল নিঃসৃত হয় বলিয়া আর এক স° নাম ফল্গু। ডুমুরের দুইজাতি প্রসিদ্ধ। (১) ছোট ডুমুর ( স° কাকো-ডুম্বরিকা—কাক ডুমুর ) ···ফল ছোট আমরা রাঁধিয়া খাই ( Ficus hispida )। (২) বড় ডুমুর বা যজ্ঞ-ডুমুর ( স° উড়ুম্বর ) · ফল বড়, ঔষধে লাগে ( Ficus glomerata )। দৃষ্টান্তে, ডুমুর-ফুল হওয়া—ডুমুর ফুল যেমন অদৃশ্য থাকে, তেমনই দেখা না দেওয়া। (যাহাকে লোকে ডুমুরের কাঁচা ফল বলে, তাহার ভিতরে বস্তুতঃ অসংখ্য ফুল থাকে )। কাবুলী ডুমুর ( কাবুলী নাম আঞ্জীর ) বড় বড়, পাকিলে মিষ্টাস্বাদ ও ভক্ষ্য (Figs)।

ডুরী ··ডোরী দেখ।

ডুলি...ষ্য. ( স° )। কচ্ছপ বিশেষ।

ডুলী ··দোলা দেখ।

ডেং-ডেং ··ব্য. ( অনুকার শব্দ )। ডঙ্কার বা ঢাকের বাদ্যে। ডে-ডেং—ডেং···ব্য ঢাকের বাদ্যে।

ডেক...ষ্য. ( ফা°. দেগ )। তামার হাঁড়ী। ডেকচি···ষ্য. ( হ্রস্বার্থে—ফা° চি )। ছোট ডেক।

ডেক···ষ্য. (ই° deck)। জাহাজের পাটাতল।

ডেকরা ··ণ. ( স° দিকর—যুবা ; ডিঙ্গার—

ধূর্ত—মেঃ)। প্রগল্‌ভ যুবা, প্রঃ—কি বলে ডেকরা বড় যে চেগরা, ঐ কথা ফিরা ফিরা (ভাঃ। চেগরা—চাঙ্গড়া); প্রগল্‌ভ ধূর্ত, প্রঃ—কোথা হৈতে বুড়া এক ডোকরা বামণ (ভাঃ)—(ডেকরা স্থানে ভুলে ডোকরা)।

ডেঙ্গর…ষ্য. (সং ডিঙ্গর—খল ধূর্ত—শব্দকল্পঃ। ও° ডাগরা) মাথর বড় উকুণ, প্রঃ—ডেঙ্গর উকুণ নীকী করে ইলিবিলি (ভাঃ)।

ডেঙ্গা…ডাঙ্গা দেখ।

ডেঙ্গো…ণ. (ডাঙ্গা+উয়া)। নীরস উচ্চ ভূমিজাত, প্রঃ—ডেঙ্গো খাড়া—লাল নটিয়া শাগ (Amarantus gangeticus); বিপত্নীক, প্রঃ—ডেঙ্গো মানুষ; নারীহীন, প্রঃ—ডেঙ্গো বাড়ী। (সং রণ্ড হইতে? আসা° ডঙ্গুৱা; গ্রা° ও° আণ্ডলা—বিপত্নীক)।

ডেঙ্গো জর…জর দেখ।

ডেড়…ণ. (সং সার্ধক। দেড় দেখ)। এক এবং আধ। ডেড়া, ডেড়িয়া…ণ. (ডেড়+আ,+ইয়া)। এক এবং আধ বিশিষ্ট, প্রঃ—ডেড়া দাম।

ডেড়ি…ণ. (দেড় হইতে)। একের অধিক, অতিরিক্ত, প্রঃ—কবিকঃ; এক পাশে ভারবিশিষ্ট, যেমন কাঁধে ভার বহিবার সময় এক দিকে ভার না থাকিলে।

ডেড়ি (গ্রা°)…দেড়ি দেখ। প্রঃ—কুজ্ঞানী এই বুড়ী কার্য্য কৈল ডেড়ি—বিলম্ব; কপালের ডেড়ি (মাঃ)—অদৃষ্টের ফের।

ডেঁপো…ণ. (বোধ হয় ডাঁপ+উয়া—ডাঁপুয়া হইতে। সং দম্ভ হইতে ডাঁপ। তু° হিং টিপোর—দর্প, ও° ঢম্‌পণা—দম্ভীর ব্যবহার)। দম্ভী। ডেঁপো-পনা…ষ্য. ডেঁপোর ব্যবহার।

ডে-ফল, ডেঁ-ফল…ষ্য. (সং ডহু। ও° ভেউট)। উদ্যান-জাত অম্ল ফল-বিশেষ, অন্য নাম মাঁদার (দেখ)।

ডেম, ড্যাম…ব্য. (ইং damn)। নরকে যাও, (গালিবিশেষ)।

ডেমি…ষ্য. (ইং demy)। বিশেষ প্রমাণের কাগজ বিশেষ,আদালতে দরখাস্ত লিখিবার কাগজ বিশেষ। (এই কাগজ মিডিয়াম কাগজের প্রমাণ অপেক্ষা ছোট)।

ডেমেজ…ষ্য. (ইং damage)। ক্ষতি। ডেমেজ মাল…যে দ্রব্য প্রায় নষ্ট হইয়া গিয়াছে।

ডেরা…ষ্য. (হিং। ডার ধাতু দেখ)। অল্প কালের নিমিত্ত ঘর বা আশ্রয়, তাঁবু। ডেরা ডাণ্ডা ফেলা—তাঁবু ও গোঁজ ইত্যাদি সন্নিবেশ করা, অল্পকালের নিমিত্ত বাস করা।

ডেলা…ষ্য. (সং দলি)। পিণ্ড, প্রঃ—ময়দা ডেলা-বাঁধা হইয়া গিয়াছে, দলা (দলক—জ্ঞানদাস); ঢেলা।

ডেশ, ড্যাশ…ষ্য. (ইং dash)। বাক্যের পদসমূহের মধ্যে রেখা।

ডেস্ক…ষ্য. (ইং desk)। লিখিবার নিমিত্ত আধার।

ডোকরা, ডোকলা…ডেকরা দেখ।

ডোজ…ষ্য. (ইং dose)। ঔষধের মাত্রা।

ডোব…ষ্য. (ডুব ধাতু দেখ)। গর্ত। ডোবা…ষ্য. গড়িয়া, যে গর্তে বর্ষাকালে ডুবন জল থাকে। পচা ডোবা…যে ডোবায় গাছ

পচিয়া গিয়াছে। ডোবা ··ধাতু. ( ডুব ধাতু আস্তে )। ডোবানা ॥

ডোঁড়া···ষ্য. ( ডোর হইতে )। দোড়ীর বোনা লম্বা মাছ-ধরা জাল। জাল দেখ।

ডোঙ্গা · ষ্য. ( স° দ্রোণী। হি° ডোঙ্গী )। তালগাছের কাঁড়ীর লম্বা দ্রোণ বা নৌকা ; কলা খোলের নির্মিত দ্রোণ ( শ্রাদ্ধাদিতে লাগে )। ডোঙ্গা-কল ··ষ্য. জলসেচনের দ্রোণ বা তালগাছের ডোঙ্গা।

ডোম,ডম ··ষ্য. (স°)। হিন্দুজাতি বিশেষ। স্ত্রী° ডোমনী। ডোমের বাসন ডোম জাতি বাঁশের পাত্র গড়ে, (এবং কোথাও কোথাও বাদ্য বাজায় )। ইহা হইতে বংশ-নির্মিত পাত্রাদি। ডোম-চিল···চিল দেখ। দৃষ্টান্তে, বাঁশবনে ডোম কানা—দুই দশটার মধ্যে ভালটা বাছা সহজ, বহুর মধ্যে সহজ নহে।

ডোম ··ষ্য. ( ই° dome )। দীপাদির গোলাকার আবরণ।

ডোমনী···ষ্য. ( ? )। কপাট ঝুলাইতে যে লৌহ চৌকাঠের বাহুতে বদ্ধ থাকে।

ডোর·· ষ্য. ( স° দোর, ডোর )। পাট ( পট্ট ), কাপাস প্রভৃতির সরু মসৃণ দোড়ী, প্রঃ—ছেদন করিয়া দেও পিরীতের ডোরি (চণ্ডীঃ)। মাছ-ধরা ডোর···মসৃণ ও দৃঢ় সূত্র। ডোর-কাঁটা···মাছ-ধরা ডোর ও বড়িশ। ডোরী, ডুরী···ষ্য. সরু ডোর, হাতে কবচ ধারণের সূতা, প্রঃ—পাটের ডুরি ( শূং পুঃ )। ডোরিয়া, ডুরে ··ণ. (ডোর+ইয়া)। ডোর সূত্রের শ্রেণিযুক্ত, প্রঃ—ডোরিয়া শাড়ী। ডোরা···ষ্য. ( ডোর+আ)। রেখা। ডোরা-ডোরা···ণ. রেখা-বিশিষ্ট।

ডোল...ষ্য. ( স° কণ্ডোল—অঃ ) রক্ষার বাঁশের বেতীর গোল গভীর পাত্র, প্রঃ—স্রোতে ভেসে গেল মোর কাপাসের ডোল ( কবিকঃ )—কাপাসপূর্ণ ডোল।

ডৌল···ষ্য. ( স° ডম্বর—আকৃতি, বিলাস হইতে ? বা° দেউল হইতে ? তু° সুঠাম। হি° ম° ডৌল—প্রকার )। সৌষ্ঠব। ডৌল-শুদ্ধ ··সৌষ্ঠবসম্পন্ন, সুদর্শন। সু ডৌল ·· সুঠাম।

ড্রয়িং ষ্য. ( ই° drawing )। রেখা-চিত্র।

ড্রাম ··ওজন দেখ।

ড্রিল ··ষ্য ( ই° drill )। অঙ্গচালনাদি কর্ম-অভ্যাস।

ড্রেন ··ষ্য. (ই° drain)। পয়ঃনালা, নর্দামা।

## ঢ।

ঢ...ষ্য. (স°)। ব্যঞ্জন বর্ণ, অক্ষর বিশেষ।

ঢং-ঢং...ব্য. ( অনুকার শব্দ। তু° স° ধ্বন ধাতু শব্দে )। কাংস্যবাদ্যে, প্রঃ—ঢং-ঢং করিয়া ঘড়ীতে ৪টা বাজে। ঢং-ঢঙ্গানি ॥

ঢক, ঢক্ ঢক ··ব্য. (স° ঢৌক ধাতু গতিতে)। পানীয় গলাধঃকরণে, প্রঃ—ঢক করিয়া ওষুধ খাইয়া ফেল। ঢুক, ঢুক্-ঢুক···ব্য. অল্পে অল্পে পানীয় গলাধঃকরণে।

ঢঙ্গ···ব্য. ( স° দম্ভ। দম্ভস্তু কৈতবে—মেঃ। হি° ঢব, বা° ঢপ, ও° ধম্ এক বোধ হয়। স° ভঙ্গি হইতেও ঢঙ্গ আসিতে পারে )। ছল, প্রঃ—পরম পবিত্র মোরে কৈল এই ঢঙ্গে ( চৈঃ চঃ ); দম্ভী, দস্যু, প্রঃ—সাধু নহ ঢঙ্গ বেটা ( কবিকঃ )।

ঢঙ্গ-ঢঙ্গাতি · ( ঢঙ্গবাক্তি—ঢঙ্গাতি ? )। ধূর্ত, প্রঃ—ঢঙ্গঢঙ্গাতি নহি ( কবিকঃ )।

ঢন্-ঢন···ব্য. ( সং ধ্বন, ধ্বণ ধাতু শব্দে। তুং ঝন্‌ঝন )। শুষ্ক কাষ্ঠাদির শব্দে, শুষ্ক শীর্ণতায়, প্র.—শীর্ণ গোরু মানুষও ঢন্-ঢন করে। ঢন্‌ঢনানি॥ ঢন্‌ঢনা, ঢন্-ঢনিয়া...ণ. এমন শুষ্ক ও জর্জর যে নড়িলে ঢন্-ঢন শব্দ হয়। ঢন্না ··ণ. ঢন্-ঢন ঝন্‌ঝন শব্দ করে এমন শুষ্ক, প্রঃ—ঢন্না কাঠ।

ঢপ...ষ্য. ( সং ভাব হইতে। হিং ঢব )। ভাব, ভঙ্গি; কীর্তন গানবিশেষ, যেমন মধুকানের ঢপ। ঢপ-সঙ্গীত · এক প্রকার পাঁচালী।

ঢপ, ঢপ-ঢপ ··ব্য. ( সং স্তূপ ধাতু উচ্ছ্রায়ে টিপী দেখ )। বৃহৎ শিথিল বস্তুতে আঘাত শব্দে, প্রঃ—ঢাকের চর্ম—শিথিল হইলে ঢপ্-ঢপ করে। ঢপ্‌ঢপানি॥ টিপ, টিপ্-টিপ···ব্য. ক্ষুদ্র স্তূপে আঘাত শব্দে, প্রঃ—টিপ্‌টিপ করিয়া বালিশে ঠেঙ্গানা। টিপ্-টিপানি॥ ঢপ্-ঢপা, ঢপ-ঢপিয়া ··ণ বৃহৎ স্তূপাকার, অসংহত।

ঢর-ঢর ··ব্য. ( ঢল ধাতুর রূপান্তর )। ঢল্‌ঢল দেখ। প্রঃ—রসে তনু ঢর-ঢর ( জ্ঞানদাস )। ঢর্‌ঢর···ষ্য. ( সং ধ ধাতু বয়োহানিতে )। জীর্ণতায়, জর্জরীভাবে, প্রঃ—বাঁশটা ঢর্‌ঢর করিতেছে। ঢর্-ঢরা, ঢর্‌ঢরিয়া ··ণ জীর্ণ, জর্জর।

ঢল···ধাতু. ( সং হ্বল ধাতু চলনে। হিং ঢল, ওং মং ঢল ধাতু )। ঢলি—অবনত হই, বিহ্বল হই, প্রঃ—নিদ্রায় ঢলি, হাসিতে হাসিতে ঢলিয়া পড়ে। ঢলা ঢলান। ঢল · ষ্য. ক্রমনিম্নতা, প্রঃ—পুকুর পাড়ের ঢল; উচ্চভূমি হইতে যে বৃষ্টিজল নীচে গড়ায়, প্রঃ—ঢল নামে। ঢলা...ধাতু. ( ঢল ধাতু আস্তে )। ঢলানা॥ প্রঃ—কি ঢলান ঢলালি,—কামক্রোধাদি দ্বারা বিহ্বল হইয়া। ঢলানী···ষ্য. যে নারী ভাব ঢলায়। ঢল্-ঢল ·· ব্য. তারল্যে, বিহ্বলতায়, প্রঃ—ঢল্‌ঢল কষিত কাঞ্চনতনু গোরী ( জ্ঞানদাস ); আ মরি আ মরি সঙ্গিনী সকল,ভাবে ঢল ঢল হাসে খল্-খল, টল্-টল ধরণী (রামপ্রসাদ)। ঢল্‌ঢলা, ঢল্-ঢলিয়া · ণ. তরল, যেন দ্রবীভূত,প্রঃ—ঢল্‌ঢলিয়া চোখ। ঢুল্-ঢুল··· ব্য. ক্ষুদ্র বস্তুর অবনমনে, প্রঃ—আঁখি ঢুল্-ঢুল। ঢুল-ঢুলা, ঢুল্-ঢুলিয়া·· ণ. যাহা ঢুল্‌ঢুল করে।

ঢাক · ধাতু. ( সং ঢৌক ধাতু গতি, আবরণে, প্রঃ—বদনং ঢৌকতে। বাং ঢাকা, হিং ঢাঁকনা, মং ঢাঁকণেঁ, ঝাঁকণেঁ। ঢোকা ঢাকা এক ধাতু হইতে )। ঢাকি—আবৃত করি। ঢাকা॥ নিঃ—আ-ঢাকা। ঢাকন ··ষ্য. আচ্ছাদন, পিধান। ঢাকনা···ষ্য. আচ্ছাদন,যদ্দ্বারা আবৃত করিতে পারা যায়। ঢাকনী···ষ্য. ছোট ঢাকনা ( ওং ঢাঙ্কুণি ) ঢাকা-ঢোকা দেওয়া—( ঢোকা উপচর শব্দ ? )। কোন ক্রমে সংবৃত করা। ঢাকা ··ধাতু. ( ঢাক ধাতু আস্তে )। ঢাকানা॥

ঢাক ··ষ্য ( সং ঢক্কা )। প্রসিদ্ধ আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ। জয়-ঢাক...বৃহৎ ঢাক, তাহাতে বকের পালখ ( গজরা ) বাঁধা থাকে। ঢাকী ··ষ্য. ( ঢাক+ঈ )। ঢাকবাদ্যকর। ঢাক ঢোল ··ষ্য ( সহচর শব্দ ) ঢাক ও ঢোল, প্রঃ—ঢাকঢোল বাদ্য বাজে

শিবের মন্দিরে ( কবিকঃ )। ঢাক পেটা, ঢাক বাজানা—প্রচার করা। ধর্মের ঢাকে কাঠি পড়ে—অধর্ম আচরণ লুকানা থাকে না। ঢাকের বাদ্য থামিলেই মিষ্ট—বহু-কালব্যাপী ঢাকের বাদ্য শ্রুতিসুখকর নহে। দৃষ্টান্তে, ঢাকের কড়ীতে মনসা বিকায়—মনসা ঠাকুরপূজার সময় ঢাক বাজানা হয়। ঢাকীকে যে বেতন দিতে হয়, তার তুলনায় পূজার ব্যয় অল্প; ইহা হইতে লক্ষণায়, আনুষঙ্গিকে ব্যয়বাহুল্য।

ঢামালি ··ষ্য (সং দন্ত—ঢাম+আলি। আসাং ধেমালি। তুং ঢগ ঢগাঠি। তুং বাং দামাল )। অহঙ্কার, দর্প (প্রাচীন বাং)।

ঢাল ··ষ্য. ( সং )। দুশ্ছেদ্য চর্ম নির্মিত দেহ-রক্ষক, ফলা ( মাণিকে ঢাল শব্দ স্থানে ফলা )। ঢালী ·ষ্য. ( ঢাল+ঈ )। ঢাল-ধারী।

ঢালকী ··ষ্য. ( তুং ধানুকী )। যে ঢাল ধরিয়া যুঝে ( কবিকঃ )।

ঢাল ··ধাতু. ( সং হ্বালি ধাতু চালনে। সং দ্রাহ ধাতু নিক্ষেপে ? তুং হিং ডার ধাতু )। ঢালি—নির্গলিত প্রবাহিত করি, প্রঃ—থালাতে জল ঢাল, আজ মেঘ ঢালিবে—প্রচুর বর্ষণ করিবে। ঢালা॥ টাকা ঢালা—প্রচুর অর্থ ব্যয় করা। ঢালন-দার...ষ্য. ( ফাং দার )। যে ঢালে, যে পিত্তলাদি আওটাইয়া ছাঁচে ঢালে। ঢাল-সুমার করা—নিক্ষেপ পূর্বক গণা; ইহা উহাতে উহা ইহাতে দেওয়া। ঢালা·· ধাতু. ( ঢাল ধাতু আস্তে )। ঢালানা॥ ঢালাই···ষ্য. ( ঢালা+ই )। ঢালা-কর্ম। ঢাল, ঢল··· ষ্য. প্রবণতা, ক্রমনিম্নতা। ঢালু···ণ, ( ঢাল+উ )। ক্রমনিম্ন। ঢালাও, ঢালাও ···ণ. ( হিং হইতে )। এত যে গণিতে না পারিয়া ঢালিয়া দিতে হইয়াছে, প্রচুর, প্রঃ—ঢালাও লুচিসন্দেশ ; বিস্তীর্ণ, প্রঃ—ঢালাও বিছানা।

ঢিক ·ধাতু. ( সং ধিক্ষ, ধুক্ষ ধাতু ক্লেশনে )। ঢিকি—ক্লিষ্ট হই, প্রঃ—ঢিকিতে ঢিকিতে পথ চলা। ঢেকা॥ ( ঢিক ধাতু হইতে ঢিকিতে, অপভ্রংশে ঢিকুতে হয়। অন্য পদ অপ্রচলঃ )।

ঢিক-ফাজিল ··ষ্য ( সং অধিক হইতে ঢিক। ঢের দেখ। বর্ধমান জেলায় ঢের স্থানে ঢেক, ঢিক হয়। ফাজিল—কমজমা )। দুই অসমান রাশির মধ্যে অধিক রাশির কিয়দংশ লইয়া ন্যূন রাশির সমতা। যেমন দুই খণ্ড জমি পরিমাণে সমান না হইলে বৃহৎ খণ্ডের কিয়দংশ লইয়া দুই খণ্ড সমান করা—ঢিক-ফাজিল ভাঙ্গা। তেমনই, দাঁড়ী পাল্লায় দুই দ্রব্যের ওজন সমান না হইলে ঢিক-ফাজিল ভাঙ্গিতে হয়, অর্থাৎ দুই দিকের ভারের মধ্য লইতে হয়।

ঢি-ঢি ··ষ্য. ( ধিক্-ধিক্ )। ধিক্-ধিক রব, অপযশ, প্রঃ—এ কাজ কি ছাপা থাকে, চারিদিকে ঢি ঢি পড়িয়া গিয়াছে। ঢি-ঢিকার ...ষ্য. ( সং ধিক্-ধিক্কার )। ধিক্কার রব। ( তুং টিটকারি )।

ঢিপ, ঢিপ্-ঢিপ ··বা. ( সং স্তূপ হইতে )। স্তূপে প্রহার শব্দে। ঢিপ করিয়া গড় করা—হঠাৎ মাথা দ্বারা ভূমিতে আঘাত করা। ঢিপা···ধাতু. ঢিপাই—স্থূলদ্রব্যে প্রহার করি। ঢিপানা, ঢিপানি॥

ঢিপী…ষ্য. ( সং দ্বীপ )। উচ্চ ভূমি খণ্ড, প্রঃ —উই-ঢিপী ; স্তূপ।

ঢিবরী…ষ্য. ( ঢিপ—দ্বীপ হইতে ? )। বোলটু ইস্কুরূপ আঁটিবার মাদী ধাতু খণ্ড (nut)। (২) (দীপ হইতে)। কেরোসীন দীপ ( দোয়াতের আকারের )।

ঢিমা ণ. ( সং মন্থর। মাঠ দেখ )। মন্থর, মন্দ মন্দ গতি, প্রঃ—ঢিমা লোক, ঢিমা-তেতালা।

ঢিল…ষ্য. ( সং দলি. দলনী। ওং ঢেলা, টেঙ্কা, হিং ডেলা ঢেলা ; মং ঢোলা )। লোষ্ট্র। দৃষ্টান্তে, অন্ধকারে ঢিল মারা, ছোঁড়া—সন্ধান না করিয়া কাজ করা। ঢিলটি মারিলে পাটিকালটি খেতে হয়—ঢিল প্রায়ই মৃৎখণ্ড, পাটিকাল ভাঙ্গা ইট,—দুই বিপক্ষের মধ্যে যে আক্রমণকারী হয়, তাহাকেই অধিক ক্ষতি সহ্য করিতে হয়। ঢিলা …ধাতু. ঢিলাই—ঢিল নিক্ষেপ দ্বারা আঘাত করি। ঢিলানা॥ ( ঢেলা দেখ )।

ঢিলা…ণ. ( সং শিথিল ; সংপ্রাং সঢিল। ওং ঢিলা )। শিথিল, প্রঃ—ঢিলা বাঁধন ; অব্যবস্থিত, প্রঃ—ঢিলা মানুষ।…ষ্য. শৈথিল্য, আলস্য, প্রঃ—কাজে ঢিলা দেওয়া, করা। ঢিলামি…ষ্য. ( ঢিলা + আমি )। ঢিলার ভাব, শৈথিল্য।

ঢীট…ণ. ( সং ধৃষ্ট )। ধৃষ্ট, নির্লজ্জ।

ঢুক…ধাতু. ( সং ঢৌক ধাতু গতি )। ঢুকি—প্রবেশ করি। ঢোকা॥ ( ঢাকা দেখ )। ঢোকা…ধাতু. (ঢুক ধাতু আস্তে)। ঢোকানা॥

ঢুঁড়…ধাতু. ( সং ঢুণ্ঢ ধাতু অন্বেষণে )। ঢুঁড়ি—অন্বেষণ করি। ঢোঁড়া॥

ঢুণ্ড…ধাতু ( সং ঢুণ্ঢ ধাতু অন্বেষণে )। ঢুণ্ডি—অন্বেষণ করি, অন্বেষণ নিমিত্ত ভ্রমণ করি, প্রঃ—নিকুঞ্জ ভাঙ্গিয়া দণ্ডে, আহল বিহল ঢুণ্ডে ঝিঁটী ঝাউ ঝরণা গহন ( কবিকঃ )। অধুনা ঢুঁড় ধাতু।

ঢুপ, ঢুপ-ঢাপ…ঢপ, ঢিপ দেখ।

ঢুল…ধাতু. ( ঢল ধাতু দেখ। সং হ্বল ধাতু হইতে। সং ঢুল ধাতু হইতে ? তুং সং ঢুল ধাতু হইতে ঢোলক বাদ্যযন্ত্র )। ঢুলি—পতিত হই ; ঢুলি, নিদ্রাতুর হইয়া ঢুলি। ঢোলা॥ ঢুল…ষ্য. নিদ্রালস্য, নিদ্রালস্যে দোলন। ঢুলা, ঢোলা…ধাতু. ( ধাতু আস্তে )। ঢুলাই—ঢুলাই, প্রঃ—চামর ঢুলায় (কৃত্তিঃ) ; পাতিত করি, প্রঃ—মহল ঢুলাব তার না রাখিব মাটি (মাঃ)। ঢোলানা॥ ঢোলাই…ষ্য. পাতিত করা কাজ, সে কাজের বেতন।

ঢুলী…ষ্য. ( ঢোল দেখ )। ঢোল-বাদ্যকর, ঢোলী। (২) শণ-ফল, বীজ বাহির করিয়া লইলে যে শূন্য ফল থাকে।

ঢুষা…ধাতু. ( সং ধর্ষণ হইতে। সং ধৃষ ধাতু ধর্ষণে, হিংসায়। তুং ওং ভুস হিং মং ঢুস ধাতু )। ঢুষাই—মাথা কিংবা স্থূল দ্রব দ্বারা প্রহার করি, প্রঃ—মাতায় মাতায় ঢুষাইয়া মাতা করিল চুর (কৃত্তিঃ লং ; মাতা—মাথা )। ঢুষানা॥ (ঢু দেখ )। (শৃঙ্গদ্বারা আঘাত—গুতাঁনা।

ঢূ…ষ্য. ( সং ধৃষ ধাতু হিংসায় )। পশু-যুদ্ধে মাথায় মাথায় আঘাত, প্রঃ—মেড়া লড়াই করিবার সময় ঢূ মারে।

ঢূ-ঢূ…ব্য. ( সং ধূ ধাতু কম্পনে। ধূ ধূ দেখ)। কিছু নয়, তৃণহীন বালুকামাত্র।

ঢেআ…ধাতু. ( ঢেউ দেখ )। ঢেআই—

তরঙ্গিত করি, প্রঃ—ঢেআইয়া জল ভর—তরঙ্গ জাত করিয়া উপরের তৃণাদি সরাইয়া। ঢেআনা ॥

ঢেউ…ষ্য. ( হিংতে ঢেউ আছে বটে, কিন্তু লহর অধিক চলিত। ওং-তে লহড়ি, মং-তে লাট লহর, আসা° ঢৌ। বাংতে ঢেউ কোথা হইতে আসিল ? সং খগু—কুব্জ—হইতে ? খগু—ঢাউ—ঢেউ ? )। লহরি। ঢেউ-খেলানা ‥ণ. তরঙ্গিত।

ঢেউ…ষ্য. ( ? হিং ঢক, দাঙ্গি। সং দক্ষিণ হইতে ? )। অন্নের সম পরিমাণ, প্রঃ—কলশীর ঢেউ পিতল লও,—কলশীর সমান ওজনের।

ঢেঁকলী…ষ্য. ( ঢেঁকি হইতে )। কূপাদি হইতে জল তুলিবার ঢেঁকি কল, লাঠা।

ঢেকা…ষ্য. ( সং ধিক্ষ ধাতু ক্লেশনে হইতে। ধাক্কা দেখ )। ধাক্কা, প্রঃ—ঢেকা মারি পুরী বাহির রাখিলেন লৈয়া ( চৈঃ চঃ ); ঢেকা মারে একেবারে শত শত জন (কবিকঃ); ঢেকা দিয়া কোটালের ভাই লয়ে যায় (ভাঃ)। ( অধুনা প্রায় অপ্রচলঃ )।

ঢেঁকি, ঢেঁকী ‥ষ্য. ( ও° ঢেঙ্কি ; হিং ঢেঁকা ঢেঁকী। হিংতে ধান-কুট্টী নামও আছে। ধান-কুটি—যাহা দ্বারা ধান কোটা যায়—সংক্ষেপে ধান্‌কি—ধাঁকি—ঢেঁকি হইতে পারে। মাণিকে, 'ঢক ঢক করে ঢেঁকি'—অর্থাৎ ঢক-ঢক শব্দ হইতে ঢেঁকি ? লোকে বলে ঢেঁকি ঢেঁকশ-ঢেঁকুশ শব্দ করে। তুং ঢেকা—সং ধিক্ষ ধাতু ক্লেশনে হইতে। ধিক্ষ ধাতু হইতেও ঢেঁকি শব্দ আসিতে পারে। যাহা দ্বারা ঢেকা মারা যায়, তাহা ঢেকি—ঢেঁকি। বোধ হয় ধান-কুটি শব্দের সংক্ষেপে ঢেঁকি )। ধান্যাদি কুটিবার পাদ-চালিত স্থূল কাষ্ঠ। ( উদূখল মুষল—ধান রাখিবার কাঠের গড় ( গর্ত ) ও মুষল—বহু প্রাচীন যন্ত্র। এই যন্ত্র অদ্যাপি ভারতের দক্ষিণে ও পশ্চিমে চলিতেছে। বঙ্গ ও ওড়িশায় ঢেঁকি প্রাচীন উদূখল মুষলের স্থান লইয়াছে। উদূখল (হিং ওখলী, মং উখলী) —কাষ্ঠ নির্মিত ধান্য পাত্র ; ইহাতে ধান্য রাখিয়া দুই হাতে মুষল উত্তোলন করিয়া বেগে ধান্যে আঘাত করিতে হয়। ঢেঁকিতে হাতের কাজ পা দিয়া হয় )। ঢেঁকির অঙ্গ,—(১) ঢেঁকি ‥প্রায় চারি হাত দীর্ঘ স্থূল কাষ্ঠ। (২) পোয়া, পোআ…( সং পাদ )। যূপ-কাষ্ঠের আকারের কাষ্ঠদ্বয়। (৩) আকশলী, আঁকশলী…( সং অক্ষশলা )। যে শলা পোয়াতে থাকিয়া ঢেঁকির উঠিবার পড়িবার সাহায্য করে। (৪) মুষলী ‥ষ্য. ( কোথাও কোথাও মোনা বলে। বোধ হয় মণি হইতে। তুং মোনা কাটা)। মুষল। (৫) শামা ‥( সং শাম্ব। যথা, শম্বঃ স্যান্ মুষলা-গ্রস্থ লোহমণ্ডলকে—মেঃ )। মুষলের অগ্র-ভাগের লোহবলয়। গড়…(সং গর্ত, গড়)। প্রাচীন উদূখল স্থানীয় গর্ত। গড়-কাঠ …গড়ের তলের কাষ্ঠ। ( তলে কাষ্ঠ না দিলে মাটিতে মুষল পড়ে )। সতা ‥ ( সং সপত্নী হইতে )। এক দিকের আকশলী ক্ষয় পাইয়া নীচা হইলে যে পাতলা কাঠ পোয়াতে রাখিয়া ঢেঁকিকে সেদিকে উচ্চ করা হয়। ঢেঁকি-শাল ( প্রা° ঢেঁশকাল ) ‥ঢেঁকিশালা। ঢেঁকির লেজ—যাহাতে পাদ-দেওয়া হয়। এক কি দুই জন লেজে পাদ দিয়া ঢেঁকি দ্বারা ধান

ভানে (ভাঙ্গে), চিড়া খই প্রভৃতি কোটে। অপর একজন গড়ের কাছে বসিয়া গড়ের ধান হাতে করিয়া নাড়িয়া দেয়—গ্রা° সেঁকুত (দেখ) দেয়। প্রবাদে, (১) ঘরের ঢেঁকি কুমীর—ঢেঁকি কতকটা কুম্ভীরের মতন দীর্ঘ। কুম্ভীরে যেমন মানুষ খায়, আঘাত করে, সেঁকুত-দি-অনী অসাবধান হইলে তাহার হাতে কখন-কখন মাথায় মুষল পড়িয়া তাহাকে আহত করে। ইহা হইতে, যে ঘরের ছিদ্র বলিয়া দিয়া অনিষ্ট করে। (২) এক গাঁয়ে ঢেঁকি পড়ে অন্য গাঁয়ে মাথা ব্যথা—ঢেঁকির অবিরাম ঢক্-ঢক শব্দে নিকটস্থ ব্যক্তির কর্ণপীড়া জন্মে। কিন্তু দূরস্থ ব্যক্তির কর্ণপীড়া জন্মিতে পারে না। ইহা হইতে, এক ঘরের কলহ বা কষ্ট দেখিয়া অন্য লোকের সমবেদনার মূলে স্বার্থ থাকিবার সম্ভাবনা। (৩) ঢেঁকিশালে যদি মাণিক পাই তবে কেন পর্বতে যাই—বাড়ীতে ঢেঁকিশাল থাকে, এত নিকটে যদি কাম্যবস্তুর লাভ হয়, তবে কে দূরে পর্বতে তাহা অন্বেষণ করিতে যায়? (৪) ছিল ঢেঁকি হইল তুল কাটিতে কাটিতে নির্মূল—এক ছুতার ঢেঁকি গড়িতেছিল। সে এমন দক্ষ যে ঢেঁকি চাঁচিয়া চাঁচিয়া তুলে (তুলাযন্ত্রে) দাঁড় করাইল, শেষে তুলও হইল না। লক্ষণায়, সুন্দর করিতে গিয়া দ্রব্য নষ্ট করা। (৫) ঢেঁকিশাল দিয়া কটক যাওয়া—ঢেঁকিশাল বাড়ীর পশ্চাৎ-ভাগে, দক্ষিণ ব্যতীত অন্য ভাগে থাকে, বঙ্গের দক্ষিণে কটক। বাড়ীর দক্ষিণ দ্বার দিয়া কটক যাইবার সোজা পথ। সে পথে বাহির না হইয়া অন্য পথে বাহির হওয়া। লক্ষণায়, সোজা পথ ছাড়িয়া ঘোর পথে যাওয়া। তু° ইল্লী দিয়া দিল্লী যাওয়া। (বোধ হয় আরও কথা আছে। পূর্বকালে বাড়ীর স্ত্রীলোকে লুকাইয়া শ্রীক্ষেত্র দর্শনে যাইত। কটক দিয়া শ্রীক্ষেত্র যাইতে হইত। দক্ষিণে সম্মুখ-দ্বার দিয়া বাহির না হইয়া অন্য দ্বার খিড়কি-দ্বার দিয়া বাহির হইত। ইহা হইতে, সোজা পথে না গিয়া ঘোর পথে যাওয়া।) ঢেঁকির কচ্-কচি ··· (ঢেঁকি ঢেঁকচ-ঢেঁকচ (অর্থাৎ ঢেঁক-ঢেঁক-শব্দ) করে। ঢেঁকচ হইতে কচ)। ঢেঁকির উঠা-পড়ার বৃথা শব্দ; লক্ষণায় বৃথা তর্কবিতর্ক। ঢেঁকি-শাগ ··· অপুষ্পক শাক বিশেষ (Fern)। চাটিগাঁ ও পূর্ববঙ্গের অন্যান্য স্থানে ছায়াবৃত রসা ভূমিতে জন্মে। পাতা দীর্ঘ, অগ্রভাগ ঈষৎ বক্র। নবোদ্গত পত্র হাতীর শুঁড়ের মতন বাঁকিয়া থাকে। ইহা হইতে ঢেঁকি নাম।

ঢেকুর সা. (সং উদ্গার। ও° এউড়ি, হেউড়ি; হি° ডেকার, ঢকার; ম° ঢেঁকর। ঢাকায় ঢেকা। সং উদ্গার শব্দের অপভ্রংশে যে ঢেকুর, তাহা ও° এউড়ি শব্দ না থাকিলে হঠাৎ বিশ্বাস হইত না। উদ্গারে এউ—হেউ শব্দ হয় বলিয়া ও° এউড়ি, হেউড়ি মনে হইতে পারে। কিন্তু, অনুকারত্ব আকস্মিক বোধ হয়)। উদ্গার। খই-ঢেকুর খই চুঁইলে যেমন গন্ধ হয় যে ঢেকুরের তেমন গন্ধ থাকে। চোঁআ ঢেকুর —খই-চোঁআ ঢেকুর।

ঢেঙ্গা ···ণ. (সং দীর্ঘাঙ্গক? তু° হি° ধীঙ্গা—

পুষ্ট। ও° ডেঙ্গা। ঠেঙ্গা হইতে ? —দীর্ঘ যষ্টি)। দীর্ঘ, প্রঃ—ঢেঙ্গা মানুষ। স্ত্রী°—ঢেঙ্গী।

ঢেঁটা…ঠেঁটা দেখ।

ঢেঁড়শ…ষ্য. (স° ঢিণ্ডিশ—বৈদ্যকঃ। ঢিণ্ডিশ শব্দ অর্বাচীন। ও° ভেণ্ডি, বা°তেও কোন কোন স্থানে ভেঁড়ি। বোধ হয় ভেঁড়া-শৃঙ্গী নাম প্রথমে ছিল (মেষ-শৃঙ্গের তুল্য বকু ফল বলিয়া), পরে ঢেঁড়শ এবং এই নামের সংস্কৃত রূপ পরে ঢিণ্ডিশ হইয়াছে)। জবাদি-বর্গের কৃষিজাত ফলশাক-বিশেষ (Lady's fingers. Hibiscus esculentus)। ফল লম্বা, ক্রমশঃ সরু, মেষ-শৃঙ্গ-তুল্য বাঁকা, পিচ্ছিলরস। পাকিলে ফল ফাটিয়া যায়।

ঢেঁড়া, ঢেঁটরা…ষ্য. (স° ভেরি—পটহ-বিশেষ ?)। মাটির এক-মুখা আনদ্ধ বাদ্য-বিশেষ। দুই হাতে দুই কাঠী দিয়া বাজানা হয়; প্রঃ—জাহাঙ্গীর ঢেঁড়া দিলা সকল সহরে (ভাঃ)—ঢেঁড়া দেওয়া—ঢেঁড়া বাদ্য বাজাইয়া রাজাজ্ঞা ঘোষণা করা। ঢেঁড়া, ঢেঁটরা পিটানা—বাদ্য দ্বারা ঘোষণা করা, ঘোষণা করা।

ঢেঁড়ী…ষ্য. (ভেঁড়া শৃঙ্গের তুল্য বাঁকা বলিয়া ভেঁড়া হইতে ?)। নারীর কানের স্বর্ণ অলঙ্কার-বিশেষ। (আজ-কাল গহনাটি অপ্রচলঃ)। পোস্ত-ঢেঁড়ী… পোস্ত-ফল (হি° ঢীণ্ডরা)।

ঢেঁড়ো (গ্রা°)…ষ্য. (তু° হি° ঢোড়া—বৃথা দৃশ্য। স° ডুণ্ডুভ সর্প নাম হইতে ? ঢোঁড়া সাপ—সাপ বটে, কিন্তু বিষহীন, তেমন ঢেঁড়ো কাজ—নামে কাজ, ফলে বৃথা)। বৃথা কর্ম, প্রঃ—ঢেঁড়োতে পড়া—মিছা কাজে; কিছুই না, প্রঃ—ঢেঁড়ো হবে—কিছুই হবে না, যেমন ঘোড়ার ডিম। (বোধ হয় এই বহু প্রচলিত গ্রা° শব্দটির মূল রূপ ঢাঁড়ুয়া)। ডেড়ি দেখ।

ঢেপ্-ঢেপ…ঢপ্-ঢপ দেখ।

ঢেপসা…ণ. (ঢিপি-সদৃশ—ঢিপসা—ঢেপসা)। স্তূপ-সদৃশ, কদাকার।

ঢেমন…ণ. (ঢেমনী দেখ)। কুচরিত্র, প্রঃ—ঢেমন ঢোসরগুলা জানে ঢের ঢঙ্গ (মাঃ), কি বলে ঢেমন মাগী মালাকারের মেয়ে (মাঃ); জারজ, প্রঃ—জারুয়া ঢেমন (কবিকঃ)। ঢেমনা…ণ. (ঢেমন+আ)। জারজ (গালিতে)। ঢেমনা-বেধো… (বিধবা হইতে বেধো। অতএব সহচর শব্দ)। জারজ (গালিতে)।

ঢেমনা…ষ্য. (স° ধামন্—গৃহ হইতে ? ঢেমন হইতে ? লোকের বিশ্বাস, এই সাপ গোখুরা সাপের সঙ্গে জোড় লাগে। ও° ঢমণা)। নির্বিষ দণ্ডাকার সর্পবিশেষ (Zamenis mucosus)। দণ্ডাকার বলিয়া কোথাও কোথাও নাম দণ্ডাস আছে। চারি পাঁচ হাত দীর্ঘ হয়। লেজ এক হাত। দেহের উর্ধ্বভাগ ইটবর্ণ, নিম্নভাগ আপীত, পশ্চাৎ দিকে অঙ্গুরী চিহ্ন আছে। তুণ্ড ঈষৎ বহির্গত, চক্ষু বৃহৎ। গোয়াল-ঘরে প্রায়ই দেখা যায়, ইঁদুর পাখী খায়। ঢেমনা কেঁচো…কেঁচো দেখ।

ঢেমনী…ষ্য. (স° ধমনী—হট্টবিলাসিনী—অঃ)। উপ-পত্নী।

ঢের…ণ. (স° অধিক ? ভূরি ? ও° ঢের; হি° ঢের ঢেক; ম° ঢেল। বা°তে

কোথাও কোথাও ঢেক আছে )। অধিক, প্রচুর।

ঢেরা···ষ্য. ( সং হীরক—হীরা হইতে। হীরা —টীরা—ঢেরা। হিং ঢেরা। তেলুগুতে তিককড়—বাং তাকুড়। ওংতে শব্দ কিংবা দ্রব্যটি প্রচলিত নাই )। (১) পাট ও শণের দোড়ী কাটিবার কাঠের চতুর্ভুজ যন্ত্র-বিশেষ, ইহার ভুজ—পাখী ( সং পক্ষ ), মাঝে নাকী ( সং নাসিকা ) কিংবা আঁকুশী ( সং অঙ্কুশ ) থাকে। ( ২ )+— এই চিহ্ন। এই চিহ্নের সং নাম বজ্রচিহ্ন, বজ্র অর্থে—হীরক। হীরার স্বাভাবিক সংস্থান এই রূপ। যে লিখিতে জানে না,সে দলীলে এই ঢেরা-চিহ্ন করিয়া দেয় ( সস্তক দেখ )। পুথী লিখিবার সময় যেখানে ফাঁক পড়ে, সেখানে ( সং ) কাকপদ-চিহ্ন দেওয়া হয়। যুগল কাকপদ=ঢেরা-সহি। ঢেরা-সহি, ঢেরা-সই··ষ্য. ( সহি, সই দেখ )। ঢেরা-চিহ্ন লেখা।

ঢেলা···ষ্য. ( সং দলি। দলি—দিল—ডিল—ঢিল। সং লোষ্ট, লেষ্টু, শব্দের বর্ণবিপর্যয়েও ঢেলা আসিতে পারে। হিং ডলা, ঢেলা ; ওং ঢেলা, ডেলা )। লোষ্ট্র ( ঢিল দেখ। ঢিল ছোট, ঢেলা বড়। অতএব বোধ হয় ঢিলী শব্দ ছিল। এখন ঢেলী শব্দ কাহারদের ভাষায় আছে, অর্থ, ছোট ঢেলা,ভাঙ্গা ইট-পাথর )। ঢেলা-মারা ··ষ্য. লোষ্ট্র-নিক্ষেপ দ্বারা প্রহার ; বিবাহের দিন বরযাত্রীকে ঢেলা দ্বারা প্রহার। ( প্রাচীন আসুর বিবাহের শেষ চিহ্ন )। ঢেলা-ভাঙ্গানি ··ষ্য. ঢেলা-মারা হইতে রক্ষা পাইতে মিষ্টান্ন কিংবা অর্থদান। ঢেলা ধাতু· ঢেলাই —ঢেলা নিক্ষেপ দ্বারা প্রহার করি। ঢেলানা॥

ঢেঁশকাল ( গ্রাং )···ঢেঁকিশাল দেখ।

ঢোক ··ষ্য. ( ঢুক ধাতু হইতে ; তুং ঘোট। কিংবা সং স্তোক। ওং ঢোক্‌)। যে পরিমাণ পানীয় একবারে গলায় ঢোকাইতে পারা যায়, প্রঃ—এক ঢোক জল।

ঢোকা ··ঢুক ধাতু দেখ।

ঢোঁড়া ··ঢুঁড় ধাতু দেখ। ঢোঁড়া জাল··· জাল দেখ।

ঢোঁড়া ··ষা. ( সং ডুণ্ডুভ, ধোড। ওং ধেণ্ডুঅ )। নির্বিষ, ভীরু সর্প-বিশেষ ( Hypsirhinus ? )। স্থূলদেহ, গোল, খয়রা, চিহ্নহীন। ২৸০ হাত দীর্ঘ হয়। জলে কাদায় থাকে, মাছ খায়।

ঢোল ··ষ্য. ( সং )। কাঠের দু-মুখা আনদ্ধ বাদ্যবিশেষ। এক মুখে কাটি, অন্য মুখে হাত দিয়া বাজানা হয়। ঢোলী, ঢুলী···ষ্য. (ঢোল+ঈ)। ঢোলবাদ্যকর। ঢোলক···ষ্য. ( ঢোল+ক )। ছোট ঢোল, কিন্তু দুই মুখে হাত দিয়া বাজানা হয়। ঢোলকী···ষ্য. ( ঢোলক+ঈ )। ছোট ঢোলক ; ঢোলক-বাদ্যকর। ঢোল ··ণ. ঢোলতুল্য, ঢোল-তুল্য স্ফীত, প্রঃ—মড়াটা ফুলিয়া ঢোল হইয়াছে। ঢোল-কাণ ··ষ্য. ( সং শিথিল— ঢিলা শব্দের রূপান্তরে ঢোল ? )। দীর্ঘকর্ণ শশক ? ( কবিকঃ )। ঢোল-সমুদ্র···ষ্য. ( সং ঢোলসমুদ্রিকা )। ছোট ( প্রায় দেড় হাত ) বন্য শাকবিশেষ ( Leea macrophylla )। কিন্তু পাতা বৃহৎ ( এজন্য ওং নাম হাতীকানী—হস্তিকর্ণ তুল্য বৃহৎ পত্র যার)। বর্ষাকালে জন্মে, অন্য সময় দেখা

যায় না। পুষ্প গোয়ালী-লতার পুষ্প-সদৃশ।

ঢোলা...ণ. ( স° ঢোল+আ। স° শিথিল—ঢিলা হইতে)। স্ফীত ; শিথিল। ঢোলা-পাতা···কাঙুড়া দেখ। ( রাঢ়ে নাম )।

ঢোসর···ণ. ( স° ধূসর—গর্দভ হইতে ? হি° ঢূসর—বৈশ্য জাতিবিশেষ ; ইহারা আপনা-দিগকে বামুন বলে )। শঠ, প্রঃ—ঢেমন ঢোসর (মাঃ)।

ঢোসা···ঢুস ধাতু দেখ।

## ণ।

ণ···ষ্য. (স°)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষরবিশেষ। টবর্গের অনুনাসিক বর্ণ। বা°তে ন-তুল্য উচ্চারণ।

---

## ত।

ত···ষ্য. ( স° )। ব্যঞ্জন-বর্ণ, অক্ষরবিশেষ।

ত···ব্য. ( স° তু)। পাদপূরণে, প্রঃ—শূ°পু:, চৈ:চঃ। যথা, নীরে ত নিরমিল কাআ নাম নিরঞ্জন ( শূ°পু: )—নীরে অধিকরণ কারক, ত পাদপূরণে। পরে এই ত অধিকরণ কারকের বিভক্তি হইয়াছিল। অদ্যাপি আসামে, রঙ্গপুরে ত (৭) বিভক্তি আছে। অন্যত্র তে হইয়াছে। (২) অবধারণে,প্রঃ—আমি ত বলিয়াছি। (৩) পক্ষান্তরে, প্রঃ—তোমার ত যাওয়া ঠিক আছে। (৪) সমুচ্চয়ে, বাক্য উপন্যাসে, প্রঃ—তাই ত, কি করা যাবে, সব ভাল ত।(৫) (স° ততঃ, তদা )। তবে, প্রঃ—তুমি যাও তো আমি যাব ; তবে তো বিপদ্ ( এই অর্থে ত না লিখিয়া তো লেখা ভাল। ব্যাকরণ দেখ)। হয় ত···যদি হয় তবে,—মূলার্থ এই, প্রঃ—হয় ত আজি বৃষ্টি হইবে—যদি বৃষ্টি হয়, তবে আজি হইবে ; ইহা হইতে, আধুনিক প্রয়োগে সন্দেহ, সম্ভাবনা বুঝায়। তো দেখ।

তঃ, ত · প্রত্যয় ( স° তস্ )। হইতে, প্রঃ—প্রসঙ্গতঃ—প্রসঙ্গ হইতে। ( তঃ স্থানে ত বানান ঠিক নহে)।

ত ··ণ. ( তত দেখ )। তত, প্রঃ—তদ্দিন।

তক ··প্রত্যয়. ( হি°। স° ততঃ ? )। পর্যন্ত প্রঃ—এ তক—এ পর্যন্ত, কাহাঁ তক—কি পর্যন্ত।

তক্-তক ··ব্য. ( স° তক ধাতু হসনে; স° তর্ক ধাতু দীপ্তিতে)। দীপ্তিতে, প্রঃ—দালান ধুইবার পর তক্-তক করে—যেন হাসিতে থাকে, দালান হাসিতেছে—এরূপ প্রয়োগও আছে। (জলের দীপ্তি তক্-তক; তেলের দীপ্তি চক্-চক, কুচ্‌কুচ ; ধাতুর দীপ্তি ঝক্-ঝক—এই দীপ্তি তরল না হইলে জক্‌জক।) তক্-তকা, তক্-তকিয়া...ণ. তক্-তক দীপ্তি-শালী। তিক্-তিক·· ক্ষুদ্র বস্তুর জলীয় দীপ্তিতে ; অল্প দৃষ্টিতে, প্রঃ—পানা পুকুরে সে ডুবিয়া পড়িয়াছিল, কেবল মাথাটি তিক্-তিক করিতেছিল। তুক্-তুক ··অতি ক্ষুদ্র বস্তুর মৃদু দীপ্তিতে। ( চক্-চক=তক্-তক, চিক্-চিক=তিক্-তিক, চুক্-চুক=তুক্-তুক )।

তক্-তক···ব্য. ( স° তিক ধাতু গতি। তু° টক্-টক ; হি° টচ-টচ, টিক-টিক। ও°তেও এই রূপ )। গোরু চালাইবার অব্যক্ত শব্দে।

তকৃত···ষ্য. ( আ° তখ্‌ত )। রাজসিংহাসন।

তকৃতপোষ ··ষ্য. ( আ° তখ্‌তপোষ—বসিবার আস্তরণ )। এমন খাট যাহার শয়ন স্থান কাঠের পাটার।

তকৃতা···ষ্য. ( আ° তখ্‌তা। তু° স° তক্ষিত )। পাটা, কাঠের পাটা; কাগজের এক ফর্দ। তকৃতী···ষ্য. ছোট পাটা; পট্টাকার স্বর্ণ অলঙ্কার বিশেষ। তকৃতা-নামা ··ষ্য. ( ফা° তখ্‌তেরোআঁ—যে রাজাসন বাহিত হয় ) বিবাহের বরের উন্মুক্ত যান-বিশেষ।

তক্-বক্, টক্-বক, টগ্-বগ···ব্য. ( স° তক্ষ ধাতু উন্মোচনে, বক্ষ ধাতু সংঘাতে। তক্-বক—একবার উন্মুক্ত, পরবার সংঘাত অর্থাৎ ফুলিয়া উঠা ও সঙ্কুচিত হওয়া )। তাপে জলস্ফোটনশব্দে।

তকৃমা···ষ্য. (তুর্কী তমগা, অপভ্রংশে তকৃমা)। শাসনপট্ট।

তকরার···ষ্য. ( আ° )। তর্ক, আপত্তি। তক্-রারী···ণ. তর্কযোগ্য।

তকৃলিফ·· ষ্য. ( আ° তক্‌লীফ )। কষ্ট।

তকল্লব···তগল্লব দেখ।

তকুড়···ষ্য. ( স° তর্কু )। জাল বুনিবার দোড়ী রাখার মাকু। অন্য নাম তফীল। জাল দেখ।

তক্ষক ··ষ্য. ( স° )। নাগরাজবিশেষ; সূত্র-ধার, বিশ্বকর্মা; দক্ষকর্মা।

তখন ··ব্য. ( স° তৎক্ষণ )। সে সময়। তখনি ব্য.···(তখন+ই )। সে সময়েই।

তক্ষণি···ব্য. ( তৎক্ষণ+ই )। তৎক্ষণাৎ।

তখ্‌ত···ষ্য. ( আ° )। রাজসিংহাসন।

তগর ··ষ্য. ( স° )। টগর দেখ।

তগল্লব ( গ্রা° তকল্লব ) ·ষ্য. ( আ° )। বঞ্চনা। তগল্লবী···ণ. বঞ্চনাপূর্ণ, প্রঃ—তঃ কথা।

তঙ্কা···ষ্য. (স°)। টাকা, প্রঃ—তঙ্কা প্রতি অষ্ট গণ্ডা সের প্রতি ধর ( শুভঙ্করী ), শত তঙ্কা দিল সাধু পিঞ্জরের বাণি (কবিকঃ)।

তচ্-নচ···ণ. ( হি° তহস-নহস। স° তস ধাতু উপক্ষয়ে, নশ ধাতু বিনাশে )। নষ্ট, প্রঃ—ফুলের বাগান ভেঙ্গে তচ্-নচ করে; গ্রাম তচ্‌নচ হবে না কি ( টেকচাঁদ )।

তছরুপ···তসরুপ দেখ।

তছু ··সর্বনাম. ( স° তস্য )। তাহার ( প্রাচীন পদে )।

তজ্‌দিক...তসদিক দেখ।

তজ্‌বিজ···ষ্য. ( আ° তজ্‌বীজ )। বিচার, বিবেচনা।

তঞ্চ ··ষ্য. ( স° বঞ্চন হইতে? কিন্তু ব স্থানে ত দেখা যায় না। স° তঞ্চ ধাতু সঙ্কোচ হইতে ? )। বঞ্চনা, প্রঃ—কূটবুদ্ধি কোতোয়াল তঞ্চ করে নানা ( রামপ্রসাদের বিদ্যাসুন্দর)। তঞ্চক···ষ্য. প্রবঞ্চনা, প্রঃ—আমার সঙ্গে তঞ্চক করিবে না।

তটস্থ ··ণ. ( স°—তটে স্থিত; ইহা হইতে উদাসীন )। বা°-তে ভয়কাতর, বোধ হয় ভয়ে তটস্থ—ভয়ে উদাসীন—কিংকর্তব্য-বিমূঢ়।

তড়কা ··ষ্য. ( স° তাড়কা-রাক্ষসী নাম হইতে? স° তড় ধাতু তাড়না হইতে? টাটকা লাগা দেখ )। আক্ষেপ-রোগ, মৃগী-রোগের ন্যায় লক্ষণবিশিষ্ট রোগবিশেষ (convulsion)। (প্রায়ই, রস-তড়কা)।

তড়্-তড়···ব্য. ( স° তট, তড় ধাতু আঘাতে। তু° স° তট-তট )। বৃষ্টিপতন শব্দে, প্রঃ—

তড়্‌-তড় করিয়া বৃষ্টি আসিল; ঘুট ঘুট অন্ধকার শিলার তড়তড়ী (ভাঃ), বৃষ্টিল শিলা তড়তড়-তড়ে (মেঘনাদবধে)। তড়্‌-তড়া...ব্য. তড়্‌-তড় শব্দে হঠাৎ বৃষ্টি, জলপ্রক্ষেপ, প্রঃ—এক তড়-তড়া বৃষ্টি, পথে জলের তড়্‌-তড়া দেও। তড়্‌-তড়ানি॥ তড়্‌-তড়িয়া···ণ. (তড়্‌-তড়+ইয়া)। তড়্‌-তড় শব্দবিশিষ্ট।

তড়্‌-বড়···ব্য. (সং তট ধাতু উন্নতি, বড ধাতু আরোহণ; কিংবা বল ধাতু প্রাণন—বল করা)। বেগে লাফাইয়া উঠায়,উত্থান ও বলপ্রয়োগে। (দড়্‌-বড় দেখ)। তড়্‌-বড়ানা॥ তিড়্‌-বিড়···ব্য. এদিক্ ওদিকে বাঁকায়, লম্ফ-চেষ্টায়। তিড়্‌-বিড়া···ণ. চঞ্চল, যে অল্পেই চমকিয়া লাফাইয়া উঠে।

তড়াক...ব্য. (সং ত্বরা+ক্)। অতি বেগে।

তড়ি-ঘড়ি (গ্রাং)...ব্য. (ত্বরা করি—অপভ্রংশে)। অতি শীঘ্র।

তত ··ণ. (সং তাবৎ। তুং গ্রাং উং তত; ওং তেতে, হিং তেতা। সং ততি—শেষের ই লুপ্ত, তুং রীতি—রীত)। তাবৎ, তৎপরিমিত। (তুংযত—সাং যাবৎ)। (সংক্ষেপে তত সমাসে ত হয়)।

ততেক···ণ. (সং ততি+ক স্বার্থে। ওং তেতিকি)। তাবৎপরিমিত। (তুং যতেক)।

ততোধিক···ণ. (সং ততঃ+অধিক)। তদপেক্ষা অধিক, প্রঃ—তেতোধিক পাপী।

তৎকাল···ব্য. (সং)। সে সময়; শীঘ্র, প্রঃ—আসিব তৎকাল আজ্ঞা দেও না মোরে যেতে (মাঃ)। তৎপর...ণ. (সং)। তার পর; তাহাতেই নিযুক্ত।

তৎতরিয়া···ণ. (সং তরস্+তরস্+ইয়া)। ত্বরাকারী, ব্যগ্র।

তত্ত্ব···ষ্য. (সং)। সং-তে—যাথার্থ্য, বার্তা; ইহা হইতে বাংতে বার্তা পাইবার অভিপ্রায়ে দূত বা বাহকের সহিত প্রেরিত মিষ্টকাদি। অন্য নাম ব্যভার (সং ব্যবহার। ওংতেও ব্যভার)। তত্ত্ব-তল্লাস··· ষ্য. (তল্লাস দেখ। সহচর শব্দ)। সংবাদ-গ্রহণ।

তত্রত্য···ণ. (সং)। তৎস্থানভব, প্রঃ—তত্রত্য বৃক্ষ।

তত্রাচ···ব্য. (সং তথাচ—অপভ্রংশে)। তথাচ।

তথা···ব্য. (সং)। এই প্রকার, এবং, প্রঃ—রাম তথা শ্যাম পীড়িত; (যথা পরে তথা), প্রঃ—যথা রাম তথা শ্যাম—দুই-ই অসুস্থ। তথাপি···ব্য. (সং)। তবু। (যদিও যদ্যপি পরে তথাপি আসে)। তথৈব···ব্য. (সং)। ঠিক এই প্রকার। তথৈবচ···ব্য. (সং)। এই প্রকার। তথাচ···ব্য. (সং)। সং-তে এবং, এবং এই; বাংতে তথাপি, প্রঃ—এত বলা গেল, তথাচ গেল না। (তুং অথচ)। তথাস্তু···ব্য. (সং)। তাই হউক। তথায়···ব্য. (সং তত্র। ওং সেঠা, হিং তহাঁ, মং তেথেঁ)। সেখানে। (যথায় পরে তথায়, প্রঃ—যথায় রাম তথায় শ্যাম—যেখানে রাম সেখানে শ্যাম)।

তথি ··সর্বনাম. (সং তৎহি)। তাহা, প্রঃ—নাভি-সরোবর তথির উপর তনুরুহাঙ্কুরদাম (কবিকঃ), প্রঃ—নাসায় দোলয়ে মতি হীরার জড়িত তথি (কবিকঃ)।·· ব্য. তথা, এবং, প্রঃ—সুশীল ভগবান তথি বনমালী (কৃত্তিঃ আত্মপরিচয়)।

তদনন্তর···ব্য. (সং তৎ+অনন্তর)। তার পর।

তদন্ত · ব্য. (সং তৎ+অন্ত)। সেখানে শেষ; ইহা হইতে শেষ, অনুসন্ধান। তদবধি···ব্য. (সং তৎ+অবধি)। সে পর্যন্ত, তখন হইতে। তদ্দণ্ড...ষ্য. (সং তৎ+দণ্ড)। সে দণ্ড—সময়, প্রঃ—তদ্দণ্ডে পলায়ন। তদ্বৎ···ণ. (সং তৎ+বৎ)। সে প্রকার (তদ্বৎ বানান ঠিক নহে)।

তদারক···ষ্য. (আং—ধারণ)। অনুসন্ধান, নির্বাহ।

তদ্বির··ষ্য. (আং তদবীর)। অনুষ্ঠান, নির্বাহ, উপায়। তদ্বিরী···ষ্য. যে তদ্বীর করে।

তন্‌কা, তন্‌খা···ষ্য. (ফাং তন্‌খা; সং টঙ্ক—টাকা; প্রাচীন বাং তঙ্কা)। বেতন, মাসিক প্রাপ্য টাকা।

তন্ত্র-ধারক···ষ্য. (সং)। শক্তিপূজায় যে ব্রাহ্মণ তন্ত্র দেখিয়া বিধি বলিতে থাকেন। লক্ষণায়, উপদেষ্টা। তন্ত্রমন্ত্র···ষ্য. (সং)। তন্ত্রের মন্ত্র, তন্ত্র (ঔষধ) ও মন্ত্র (সহচর শব্দ)। প্রঃ—তন্ত্র-মন্ত্র করা—ঔষধ ও মন্ত্র প্রয়োগ করা।

তন্দুর···ষ্য. (ফাং তনুর হইতে উর্দু তন্দুর। পর্তুং Tenden—to mould bread)। পাওরুটী সেঁকিবার উনান।

তন্ন-তন্ন··ণ. (সং তৎ+ন)। তাহা নহে তাহা নহে, ইহা হইতে নিরীক্ষণ, প্রঃ—তন্ন-তন্ন করিয়া দেখা।

তপ...ষ্য. (সং তপঃ)। ব্রত, তপশ্চরণ। (জপ-তপ; তপ-জপ নহে)।

তপসী···ষ্য. (সং তপস্বী?)। কণ্টকপত্রী সমুদ্রমৎস্যবিশেষ (mangoe fish. Polynemus paradiseus)। কই মাছের মতন, ১০।১২ আঙ্গুল। দেহ চেপটা, সোনারঙ্গা। সমুদ্র হইতে গঙ্গায় আসে। (ভাঃ—তপসিয়া)।

তপসিল···তফসিল দেখ।

তপাস···ধাতু. (সং তপস্য ধাতু হইতে? তপস্যা—তপশ্চরণ, কৃচ্ছ্র সাধন)। তপাসি—তপঃক্লেশ করি, অন্বেষণ করি, প্রঃ—বিকল হইয়া, নারী তপাসিয়া ফিরেন সকল স্থানে (ভাঃ)। (কবিকঙ্কণ, মাণিকেও আছে)। তপাসা॥ (অপ্রচলঃ)।

তপ্পন (গ্রাং)··ষ্য. (সং তর্পণ)। জলদান পূর্বক পিতৃযজ্ঞবিশেষ, প্রঃ—স্নানতপ্পন (শূং পুঃ)।

তফরা···ষ্য. (আং? হইতে?)। ঝড়ে জাত বৃহৎ তরঙ্গ। তফরাখানা···(তফরা-খণ্ড?)। বিনষ্ট।

তফসিল··ষ্য. (আং তফসীল)। বিবরণ, যাবতীয় পদ।

তফাৎ··ষ্য. (আং তফাবৎ)। অন্তর।

তফিল...ষ্য. তহবিল দেখ। মাছ-ধরা জাল বুনিবার মাকু।

তব··সর্বনাম. (সং তব)। তোমার (পদ্যে)। প্রাচীন তুয়া।

তব (গ্রাং)···ষ্য. (সং স্তব)। স্তব। তব-তুতি (গ্রাং)...স্তব-স্তুতি (সহচর শব্দ)।

তব...ব্য. (হিং)। তখন, তদা। তবে দেখ। তবহুঁ···ব্য. (হিং)। তখনও। (প্রাচীন পদে)।

তবক...ষ্য. (আং)। সোনারুপা ধাতুর সূক্ষ্ম পত্র; পাত।

তবক···ষ্য. (তুর্কী তুপক)। আগুন দিয়া গুলী ছুড়িবার প্রাচীন বন্দুক। (কবিকঃ)।

তবকী…ষ্য. (ফা° তুপাকচী, তপাকী)। যে তবকে গুলী ছোড়ে।

তবলা…ষ্য. (আ° তবল—ঢাক, তবলা এক জোড়া ঢোল)। আনদ্ধ বাদ্যবিশেষ। বাঁয়া-তবলা…বাম হাতে বাজাইবার বাঁয়া, ডাইন হাতে বাজাইবার তবলা। এই হেতু তবলার এক নাম ডাইনিয়া। তবলী…ষ্য. সেতারের তুম্বের মুখের পাতলা কাষ্ঠ-পট্ট।

তবিয়ৎ…ষ্য. (আ° তবীআৎ)। মেজাজ, শরীর-স্বাস্থ্য।

তবিল (গ্রা°)…তহবিল দেখ। তবিলদার…কোষাধ্যক্ষ। তবিলদারি…কোষাধ্যক্ষের কাজ, প্রঃ—আমায় দেও মা তবিলদারি (রামপ্রসাদ)।

তবু…ব্য. (তবে দেখ। তবেও শব্দের রূপান্তরে। ও° তেবে, হি° তৌভী, ম° তরী)। তথাপি। (তবুও—অশুদ্ধ; কারণ তবু শব্দেই ও আছে)।

তবে…ব্য. (স° তর্হি, তদা। স° কদা, যদা, তদা শব্দের দ স্থানে ব হইয়া কবে, যবে, তবে। তবে, ও° তেবে, হি° তধী (স° তর্হি), ম° তেরহাঁ)। তাহা হইলে; বাক্য-উপন্যাসে। তবে-সে…তবে, (তু° সে-না), প্রঃ—ইথে পার তবে-সে পাইব (ভাঃ)।

তমস্থক…ষ্য. (আ° তমস্সুক)। ঋণস্বীকার-পত্র। তমস্থকী…ণ, তমস্থকসম্বন্ধীয়।

তমাদি…ষ্য. (আ°—স্থিতিকালনিয়ম)। নির্দিষ্ট কাল গত (আদাঃ)।

তমাল…ষ্য. (স°)। কালস্কন্ধস্তমালে স্যাৎ তিন্দুকে জীবকদ্রুমে—মেঃ; কালস্কন্ধ তমালঃ স্যাৎ তাপিচ্ছঃ—অঃ। তমালের অন্য স° নাম কালস্কন্ধ, তিন্দুক, জীবক-দ্রুম, তাপিচ্ছ। কৃষ্ণবর্ণ স্কন্ধ—কাণ্ড বলিয়া কালস্কন্ধ; গাছ শ্যামল বলিয়া তমাল; সহজে মরে না বলিয়া জীবকদ্রুম; তাপ নাশ করে বলিয়া তাপিচ্ছ। কিন্তু অমরে, তিন্দুকঃ স্ফূর্জকঃ কালস্কন্ধশ্চ শিতি-সারকে—এখানে তিন্দুক—তেঁদ গাছের নামও কালস্কন্ধ। অর্থাৎ অমরে তিন্দুক ও তমাল ভিন্ন ভিন্ন বৃক্ষ, মেদিনীতে এক। ফোটে বলিয়া স্ফূর্জক, কৃষ্ণবর্ণ সার বলিয়া শিতিসারক। হি°তে তেঁদ, বা°তেও তেঁদ গাছ আছে। আবলুস, কেন্দু, গাব দেখ। তমাল গাছকে বা°তে তমাল বলে। ও°তে কেন্দু, হি°তে তমাল তেন্দু)। গাব গাছের তুল্য তরুবিশেষ (Diospyros tomentosa)। গাবগাছ চিরশ্যামল মধ্যমাকৃতি; পাতা দুই সারি, রোমহীন উজ্জ্বল, প্রায় আয়ত। তমাল গাছের পাতা ঝরে। বল্কল কৃষ্ণবর্ণ, ফাটিয়া যায়। পুড়িবার সময় চড়্-চড় শব্দ করে (স° স্ফূর্জক)। পাতা অণ্ডাকার (তিল গাছের পাতার মতন কিন্তু বড়)। কোমল পাতা দুই পিঠেই রোমশ, পাকা পাতা কেবল নীচের পিঠে রোমশ। তমাল গাছ কাটিয়া দিলে আবার গজায় এবং অরণ্যে যেখানে একটা জন্মে, সেখানে শিকড় হইতে অনেক গাছের উৎপত্তি হয়। (স° জীবকদ্রুম)। পাকা কাঠের সার কৃষ্ণবর্ণ, আবলুসতুল্য, কিন্তু প্রায়ই খদিরবর্ণ রেখাযুক্ত থাকে। (প্রকৃত আবলুস-গাছ দক্ষিণ-ভারতে বিশেষতঃ সিংহলে জন্মে; কেন্দুর কৃষ্ণবর্ণ

সারও আবলুস নামে প্রসিদ্ধ আছে। বিহার মধ্যভারত হইতে বোম্বাই প্রদেশ গাব ও কেন্দুর দেশ বলা যাইতে পারে। পশ্চিম-বঙ্গের গ্রামেও দুই একটা গাব ও তমাল গাছ দেখিতে পাওয়া যায়। ওড়িশার অরণ্যে তমাল-গাছ কেন্দু নামে পরিচিত। বৃন্দাবনের তমাল=বা° তমাল, ও° কেন্দু। বা° গাব=ও° মাকড়া কেন্দু। অমর-কোষে তিন গাছের নাম পাওয়া যায়, যথা, তিন্দুক, কাকেন্দু বা কাকতিন্দুক, আর তমাল। তিন্দুক হইতে হি° তেঁদ, কাকেন্দু হইতে ও° বা° কেন্দু। কিন্তু দেশীয় প্রচলিত নাম স° কোষের নাম হইতে ভিন্ন হইয়াছে। মেদিনী-কোষের তমাল নাম অমর-কোষের তিন্দুক ও তমাল বোধ হয়। অমরের কাকেন্দু, যে নাম হইতে বা° হি° ও° কেন্দু—বনগাব (Diospyros montana) বোধ হয়। তিন্দুক ও তমাল-ফল মানুষে খায়। কাকেন্দু-ফল তিক্ত, বোধ হয় কাকে খায়। বন-গাব গাছ বড় হয় না, ফলও ছোট। হি°তে ইহাকে বিষতেন্দু বলে। ইহার এক জাতের গায়ে কাঁটা থাকে। কালিদাসের তমালতালীবনরাজি-নীলা—তমাল কৃষ্ণবর্ণ, বোধ হয় দক্ষিণ-ভারতের গাব গাছ। দাম্পল দেখ)।

তম্বি···ষ্য. (আ° তম্বীহ্। তু° স° তুম্ব ধাতু পীড়নে, তম্ব ধাতু হিংসায়)। তর্জন, ভর্ৎসনা।

তয়, তহ···ষ্য. (আ° ফা°। তু° স° তায়—বিস্তারে)। ভাঁজ, প্রঃ—কাপড় তয় করা—ভাঁজ বা পাট করা।

তয়্নাতি···ষ্য. (আ° তায়ুনাত্তী)। বিশেষ কাজের নিমিত্ত নিযুক্ত প্রহরী। জমিদারের তয়নাতি প্রজার নিকট খাজনা আদায় করে।

তয়ফা ··তায়ফা দেখ।

তয়ার...ণ. (ফা° তইআর)। নির্মিত, প্রস্তুত। তয়ারী···ণ. নির্মিত, রচিত; শিক্ষিত। (তৈয়ার দেখ)।

তর...ধাতু. (স° ত—তরণে)। তরি—উত্তীর্ণ হই, অতিক্রম করি, প্রঃ—তরিলা সে দায় (ভাঃ)—সে দায় হইতে তরিলা। তরা ‖

তরা ··ধাতু. (তর ধাতু আস্তে)। তরানা ‖

তর ··প্রত্যয়. (স° তর। ফা°তেও তর প্রত্যয় আছে, যেমন তর-ব-তর)। (বা°তে) অতি অর্থে, প্রঃ—খরতর খরা (কবিকঃ), দুহেঁ প্রেম অতিতর (ভাঃ), নিকটে হরির ঘর নহে অতি দূরতর (ভাঃ)। এইরূপ, গুরুতর, ক্ষীণতর, ঘোরতর, বহুতর। প্রঃ—গাড়ী করে এনেছিল নৌকা বহুতর (ভাঃ)।

তর ··ষ্য. (আ° তরহ—মূর্তি,বৃত্তান্ত)। প্রকার, প্রঃ—কেমন তর কথা—কেমন তর একার্থ, সুতরাং তর অনাবশ্যক প্রা°। তু° কেমন ধারা কথা। বে-তর···ণ. বে-আড়া। তর-বে-তর ··ণ. নানাবিধ।

তরকারি...ষ্য. (ফা° তরকারী—কাঁচা শাগ-পাত। উর্দুতে প্রায়ই, মাংস। তু° স° তাপহরী—তহরী—ভাবপ্রকাশে—হলুদ ও ঘি দিয়া ভাজা মাষকলাইর বড়ী ও চাল জলে সিদ্ধ করিয়া পরে সৈন্ধব আদা ও হিঙ্গু মিশ্রিত করিলে যাহা হয়। তু° আ° তাহিরী—হলুদ দিয়া রাঁধা ভাত)। রাঁধা ব্যঞ্জন। তরি-তরকারি···ষ্য. (ফা° তর—কাঁচা, রসযুক্ত)। আ-রাঁধা শাগ-পাতা।

তর্-তর ··ষ্য. (স° তৃ হইতে তারা—যাহা

আকাশে দীপ্তি বিকিরণ করে)। চিক্কণ দীপ্তিতে, প্রঃ—তর তর তর চাঁদ-মণ্ডল(ভাঃ)। তর্-তরা, তর্-তরিয়া ··ণ. দীপ্তিশালী।

তর্-তর ··ব্য. (সং ত্বর ধাতু বেগে)। বেগে, দ্রুতগমনে, প্রঃ—চারি দিকে তরঙ্গ জলেব তরতরী (ভাঃ)·—বেগে ধাবন; তর্-তর, ত্বর্-ত্বর কাজ করা। তর্-তরা, তর্-তরিয়া, তত্তরিয়া···ণ. (তর্-তর+আ, ইয়া)· বেগে কার্যকারী, ক্ষিপ্রহস্ত, ব্যগ্র।

তরফ ··ষ্য. (আং)। দিকে, পক্ষে। তরফদার ...ষ্য. (পূর্বকালে) তালুকদারের নিকট হইতে রাজস্ব-আদায়কারী; চিরস্থায়ী বন্দ বস্তের পর তালুকদার। ইহঃ হইতে, উপাধি বিশেষ। এক-তরফা ··ণ. এক পক্ষীয় (আদাঃ)। বর-তরফ ··ণ. বহিস্কৃত।

তরমুজ ··ষ্য. (সং তরম্বুজ। ফাং তরবুজ। ওং তরমুজ)। কুষ্মাণ্ডাদি-বর্গের প্রসিদ্ধ জলময় সুস্বাদু ফলবিশেষ (water melon. Citrullus vulgaris)। ফল মানুষের মাথার মতন প্রায় গোল, চিক্কণ, পাকিলেও হরিতবর্ণ থাকে।

তরশু···ব্য. (সং তৃতীয় শ্বঃ)। তৃতীয় দিবসে।

তরস্ত (গ্রাং) ··ণ. (সং ত্রস্ত—ভীত। সং তরস্বী—দ্রুতগামী)। দ্রুত।

তরা···তর ধাতু দেখ।

তরাই···ষ্য. (হিং। সং তলদেশ)। পর্বতের তলদেশ।

তরাজু ··ষ্য. (ফাং। তুং সং নারাচী, যথা, নারাচ্যোষণিকায়াং—মেঃ। ওং তরাজু, তেলুগু ত্রাসু—ফাং হইতে?)। দাঁড়ী-পাল্লা, তুলা, প্রঃ—দরিদ্রকে ধন দেন তরাজু ধরিআ (শূং পুঃ)—শূং-পুরাণে কয়েকটি যাবনিক শব্দ আছে। তরাজু—কবি-কঙ্কণেও আছে। (অপ্রচলঃ)।

তরাল (গ্রাং)···ষ্য. (সং তরবারি—তরআলি —তরআল—তরাল। তুং দ্বারবান—দর আন—দরান গ্রাং)। তরবারি।

তরাস···ষ্য. (সং ত্রাস। তুং ফাং তর্স)। ত্রাস, প্রঃ—প্রভু খায়েন তরাসে (চৈঃ চঃ), স্মরিলে পূর্ব্বের কথা, মরি মা, তরাসে (মেঘনাদবধে)। তরাসিয়া···ণ. (তরাস+ ইয়া)। যে অল্পে ত্রাস পায়। ভয়-তরাসিয়া ···ণ. ভয়ে ত্রস্ত। (বিপরীত, ডাং-পিটা, ডাকা-বুকা)।

তরি-তরকারি ··তরকারি দেখ।

তরিবৎ ··ষ্য. (আং তর্বীয়ৎ)। শিক্ষা, আচরণ।

তরুই ··ষ্য. (হিং। তরুতে চড়ে বলিয়া?)। পরোল দেখ। এক নাম ধুন্দুল আছে।

তরু-লতা···ষ্য. (সং নাম কামলতা)। কলম্বী-আদি বর্গের উদ্যানজাত বর্ষায়ুঃ রোহিণী-বিশেষ (Quamoclit pinnata)। পাতা বিচ্ছিন্ন, ফুল রক্তবর্ণ। তরুতে আরোহণ করে বলিয়া বাং নাম তরুলতা। এই লতা দিয়া কুঞ্জ রচিত হইতে পারে বলিয়া ওং নাম কুঞ্জলতা। বড় তরু-লতা···ষ্য. বন্য লতা-বিশেষ (Quamoclit phœnicea)। পাতা পানের মতন ও বড় বড়। ফুল তরু-লতার মতন।

তরে ··ব্য. (সং তৃ ধাতু তরণ, অতিক্রমণ হইতে। তুং ওং পাই—পাইবার নিমিত্ত; হিং লিয়ে—লইবার নিমিত্ত; মং করিতাং —করিবার নিমিত্ত। চারি ভাষায় চারি শব্দ)। নিমিত্তে, জন্যে, প্রঃ—শিশু কান্দে

ওদনের তরে (কবিকঃ) ; গিয়াছিলে মোর তরে কত ধন লয়ে (ভাঃ)।

তরোয়াল ··ষ্য. ( স° তরবারি, তরবাল )। তরবারি, খড়্গ।

তর্ক···ষ্য. ( স° )। বাদানুবাদ। তর্কবিতর্ক··· ষ্য. ( স°। সহচর শব্দ )। তর্ক, সন্দেহ-প্রকাশ।

তর্জন ··ষ্য. (স°)। ভয়-প্রদর্শন। তর্জন-গর্জন ···ষ্য. ( স°। সহচর শব্দ )। ভয়-প্রদর্শন।

তর্জ্জমা···ষ্য. ( আ° )। অনুবাদ, ভাষান্তর।

তর্জা ··ষ্য. ( আ° ফা° তরজীবন্দ—যে শ্লোকের একটা চরণ পরে পরে আসে—হইতে ? )। শ্লোকবিশেষ, প্রঃ—আচার্য্য তর্জ্জা পড়ে কেহ বুঝিতে না পারে (চৈঃ চঃ); কবিগানবিশেষ। নিম্নশ্রেণী লোকের প্রিয়। তর্জায় ঢোল বাজে।

তর্তিব···ষ্য. ( আ° )। ক্রম, একোত্তর-সঙ্খ্যা। তর্তিব-ওয়ারি, তর্তিব-আরি···ণ. ( ফা° বারি )। সঙ্খ্যানুগত। তর্তিবী নম্বর ··( ই° number )। সঙ্খ্যানুক্রম।

তর্মিম ··ষ্য. ( আ° তর্মীম )। সংশোধন। ( আদাঃ )।

তল ··ষ্য. ( স° )। পৃষ্ঠ, নিম্নতল, নিম্নদেশ। ( তলা দেখ )।

তলআর···ষ্য. ( স° তলবার )। খড়্গ।

তল্‌তল···ব্য. ( স° তল ধাতু গতিতে )। টিপিলে তলে—নিম্নে গতিতে ; প্রঃ—পাকা আম তল্‌-তল করে, পাতলা পিতল বাটীতে তল—টোল—পড়ে। তল্‌-তলা, তল্‌-তলিয়া ···ণ. তল্‌-তল করে যাহা। তুল্‌-তুল ··ব্য. কোমল ক্ষুদ্র বস্তুর তল্‌-তল ভাবে। তুল্‌-তুলা, তুল-তুলিয়া ··ণ. তুল্‌-তুল করে যাহা।

তলব ··ষ্য. ( আ° )। আহ্বান, বেগ ; বেতন, প্রঃ—কাছারীতে তলব ; মাসে দশটাকা করিয়া তলব পায়। তলবানা ··ষ্য. প্রতি আহ্বানে দেয় অর্থ (জমিঃ) ; তলব করিবার ব্যয়।

তলা···ষ্য. ( স° তল )। পৃষ্ঠ, প্রঃ—হাতের তলা ; নিম্নপ্রদেশ, প্রঃ—পায়ের তলা, জুতার তলা ; প্রতিষ্ঠা, প্রঃ—এক-তলা, দু-তলা, তে-তলা বাড়ী ; বীজবপন-ক্ষেত্র, প্রঃ—ধানের তলা করা, ( হ্রস্বার্থে তলী ) ; অট্টালিকা, বৃক্ষাদির আধারস্থান, প্রঃ— শিব-তলা, গাজন-তলা, বট-তলা।···ধাতু. তলাই—তলে গিয়া পড়ি, প্রঃ—ঘটী আর পাবে না, তলাইয়া গিয়াছে। তলানা॥ তলানি···ষ্য. ( তল+পানি )। তলের জল, আবিল জল। তলা-চোঁআ ··হাঁড়ীতে রস না থাকিলে ব্যঞ্জন যেমন চুঁইয়া যায়, গৃহস্থের অর্থরূপ রস না থাকিলে সে তেমন তলা-চোঁআ—নির্ধন। তলা-রসা ·· ণ. তলা-চোঁআর বিপরীত, সধন।

তলাও ··ষ্য. ( হি°। স° তলক )। পুষ্করিণী।

তলাই ··তালাই দেখ।

তলাক···তাল্লাক দেখ।

তলাশ···তল্লাস দেখ।

তলী···ষ্য. ( স° তল+ঈ)। তল, তলা দেখ। অধোদেশ, সংলগ্ন দেশ, প্রঃ—সহর-তলী। টোলা দেখ।

তল্পী ··ষ্য. ( স° তল্প—শয্যা )। শয্যাদি, বস্ত্রাদির বস্তা। তল্পীদার···ষ্য. (দার ফা°)। তল্পী-বাহক। তল্পী-তল্পা···( তল্পা—উপচয় শব্দ )। তল্পী বোচকা প্রভৃতি।

তল্লাট···ষ্য. ( তৎ+লাট=তল্লাট )। সে

প্রদেশ, প্রঃ—সে তল্লাটে দেখা যায় না—সে প্রদেশে।

তল্লাশ, তল্লাস...ষ্য. (তুর্কী তলাশ)। অনুসন্ধান। ··ধাতু. তল্লাশি—অনুসন্ধান করি, প্রঃ—তল্লাশিয়া দেখিব, তল্লাসি (ভাঃ)। তল্লাশা, তল্লাসা ॥

তষ্টি-রাম ··ষ্য. (সং তুষ্টি হইতে ? যে অল্পেই তুষ্ট হয়, বস্তুতঃ হয় না)। শ্রাদ্ধাদিতে আচার্য ব্রাহ্মণাদি যাহারা যোগ্য দানের নিমিত্ত বসিয়া থাকে, সময়ে সময়ে ঘটী বাজাইয়া দান প্রার্থনা করে। (রাম দেখ)। উপমায়, তষ্টিরামের মত বসিয়া থাকা—যতক্ষণ না পায়, ততক্ষণ না উঠা। তষ্টিয়া...ণ. তষ্টিরামের তুল্য নির্বন্ধশীল, না-ছোড়।

তস্দিক...ষ্য. (আং তসদীক)। সত্য প্রমাণ, মিলানা (আদাঃ)।

তস্বী···ষ্য. (আং)। জপমালা (ভাঃ)।

তস্বীর···ষ্য. (আং)। চিত্রপট।

তসর···ষ্য. (সং ত্রসর। সং ত্রসরঃ—সূত্রবেষ্টনম্—অঃ। কৌশেয়ং পটাম্বরং ত্রসরবস্ত্রঞ্চ—ভাবপ্রকাশে)। আরণ্য কোষ কীটের গুটীর সূত্র।

তস্রুপ···ষ্য. (আং তসর্রুফ)। ক্ষতি।

তস্লা···ষ্য. (? তুং উর্দু তসলা—যে পিতল থালায় ময়দা থাসা হয়, থাসা-থালা ? আং তসলসুল—শৃঙ্খল হইতে ?)। নালী, ফুকর, প্রঃ—জল-তসলা ; হুড়কা বা খীল, প্রঃ—লোহার কপাটে তার তাম্রের তসলা (মাঃ)।

তস্লিম ··ষ্য. (আং তসলীম)। বন্দনা, সম্ভাষণ।

তস্য ··সর্বনাম. (সং তদ্ শব্দের সম্বন্ধ পদ)। তাহার, প্রঃ—শ্রীনাথ-দাস তস্য পত্নী রামমণি (প্রায়ই দলিলপত্রে। তুং কস্য)।

তহ-খরচ···ষ্য. (ফাং)। বাজে খরচ (?)।

তহখানা ··ষ্য. (ফাং) মাটীর নীচের ঘর।

তহবিল (গ্রাং তবিল, তফিল)···ষ্য. (আং তহবীল)। কোষ, মজুত টাকা। তহবিলদার···ষ্য. কোষরক্ষক। তহবিলদারি—ষ্য. কোষরক্ষকের কর্ম।

তহরির ··ষ্য. (আং তহরীর)। লেখন, অন্যের নিমিত্ত লেখন-বেতন (আদাঃ)।

তহসিল (গ্রাং তসীল) ··ষ্য. (আং তহসীল আদায়। তহসিলদার ··ষ্য. যে খাজনা আদায় করে। তহসিলদারি···ষ্য. তহসিলদারের কর্ম। খাস তহসিল ··সরকারের রাজস্ব আদায়।

তহি···ব্য. (সং তত্র হি)। সেখানে, প্রঃ—কানু তহি উপনীত (জ্ঞানদাস)।

তহু···সর্বনাম. (সং তৎ)। তাহাতে (প্রাচীন পদে)।

তা···সর্বনাম. (সং তদ্)। তাহা, সে, প্রঃ—তাকে বলিবে ; তা কি করিব। ··ব্য. (সং ততঃ)। বাক্য-উপন্যাসে, প্রঃ—তা, কি করিবে, যা হবার হয়েছে। তা-ই···(সং তৎ হি)। সে-ই, তাহা। তা ছাড়া···অব্যতীত। সকল তা···সকল কাজ, প্রঃ—সকল তাতেই বাধা। তাই ত···সেই তবে, সেই বটে, (বাক্যউপন্যাসে)।

তা···ষ্য. (সং তার)। তার, তার-মোড়া, প্রঃ—গোঁফে তা দেওয়া—গোঁফের প্রান্ত মুড়িয়া তারের মতন করা ; প্রঃ—গোঁফে দেয় তার (কবিকঃ), অন্যত্র, গোঁপে তোলা, চাড়া ; গৌরবে গর্জ্জিয়া কয় গোঁপে দেয় তার (মাঃ)।

তা ··ষ্য. ( সং তাপ )। তাপ। ডিমে তা দেওয়া—পাখী দ্বারা আবরণ করিয়া আবশ্যক তাপে রাখা (তু° ও° ডিম্ব উষ্মেইবা —উষ্ম করা )।

তা ··ষ্য ( আ° তথ্‌তা, তা )। পট্টাকার খণ্ড, প্রঃ—এক তা কাগজ।

তাঁ···সর্বনাম. ( তা দেখ )। মান্য ব্যক্তি সম্বন্ধে বসে। তাঁর, তাহার, তাঁহার ·· সম্বন্ধপদ ; তাঁকে, তাহাকে তাঁহাকে · কর্মপদ

তাং ··ষ্য. (তারীখ শব্দের সংক্ষেপে )। তারিখ, প্রঃ—সন ১৩২০ সাল, তাং ৭ বৈশাখ।

তা-ই···তা দেখ।···ব্য. (প্রাচীন বা° তেঞি, তেঁই )। সেই হেতু।

তাই···ষ্য. ( সং তাপ হইতে। তু° সং তাপ—হিং তাই)। চেপটা কটাহসদৃশ ছোট হাঁড়ী।

তাই-তাই···ব্য. ( সং তালি, করতালি হইতে তাই )। শিশুর করতালি-শব্দে।

তাইৎ ··ষ্য. ( আ° তাইদ—সাহায্য )। সাহায্য, সেবা, প্রঃ—শরীরের তাইৎ করা।

তাইদ ··ষ্য. ( আ° )। প্রমাণপত্র। তাইদ-নবিস · ষ্য. (নবিস দেখ)। তাইদ-লেখক তাইদ-নবিসি ··ষ্য. তাইদ-লেখকের কাজ।

তাইন ( গ্রা° ) ··ষ্য. ( ই° time )। সময়।

তাঁইস · ষ্য. ( আ° তাসীর )। প্রভাব, ফল, শাস্তি ( টেকচাঁদ )। ( অপ্রচঃ )।

তাউই, তালই...ষ্য. (সং তাতগু—ক্ষুদ্র তাত। তু° হিং তাউ—জেঠা, সং তাত )। ভাই কিংবা বইনের শ্বশুর ( প্রবোধচন্দ্রিকা )।

তাউস · ষ্য. ( আ° )। ময়ূর, প্রঃ—তখ্‌ত-তাউস—ময়ূর সিংহাসন ; ময়ূরমুখী এসরাজ ( সং নাম মায়ূরী )।

তাওয়া···ষ্য. ( সং তপ্তক—ভাবপ্রকাশে )। তাপ দিবার লোহার চেটকা পাত্র, ভাজন। ···ধাতু. তাওয়াই—তাপ করি, তপ্ত করি, প্রঃ—তায় জাঁতা ( মাঃ )—কামারের ভস্ত্রা দ্বারা আগুন করে। তাওয়ানা॥

তাক ··ষ্য. ( সং তর্ক ধাতু দীপ্তিতে জ্ঞানে। সং তিক তিগ, তিঘ ধাতু ঘাতে ; তু° মরণ তেকে—টেকে বসিয়া আছে। বা° তিক, তিগ, তাক করা—শর নিক্ষেপকালে বধ্যের প্রতি স্থিরদৃষ্টি হওয়া—তাকানা। তু° ও° তিখ, লাখ( সং লক্ষ্য) ; হিং তাক, টক—দৃষ্টি ; মং টুক—তীক্ষ্ণ দৃষ্টি, কৌশল ( বা° তুক )। অতএব বোধ হয়, সং তর্ক ধাতুর সহিত সং অক্ষ ধাতুর অর্থ মিশিয়াছে )। আবদ্ধদৃষ্টি, লক্ষ্য. প্রঃ—গাছের ডালে বসিয়া ভালে, তাক করে একদিঠে (চণ্ডীঃ) —ডালে ভাল বসিয়া একদৃষ্টে লক্ষ করে ; সুযোগ, প্রঃ—তাক বহিতে দেওয়া। তাকা ··ধাতু. ( সং তর্ক শব্দ হইতে। আধুনিক। হিং হইতে )। তাকাই—বিতর্ক করি, আবদ্ধদৃষ্টি হই, মনোযোগ করিয়া দেখি। তাকানা॥ তাক-বাগ··· ষ্য. ( প্রায় সহচর শব্দ )। তাক বা তিক—একদৃষ্টিতে অবলোকন বা সন্ধান, বাগ—সং বল্‌গা—আয়ত্তি। তাক মাফিক··· ( মাফিক দেখ )। লক্ষ্য অনুসারে, ঠিক সময়ে।

তাক···ষ্য. ( উর্দু। তু° বা° থাক )। ে লঙ্গা, দেওয়ালে কাঠের আধার।

তাক···ষ্য ( আ° )। অদ্বিতীয়, আশ্চর্য, প্রঃ—দেখিয়া তাক লাগা।

তাকৎ ষ্য. ( আ° )। শারীরিক শক্তি।

তাক তথ্বি…ষ্য. (তাকৎ হইতে তাক ? কিন্তু তথ্বি ?)। শারীরিক স্বাস্থ্যবিষয়ে মনোযোগ।

তাকাবি…ষ্য. (আ° তকাবী)। কৃষিযন্ত্রাদি-ক্রয় নিমিত্ত কৃষককে টাকা দাদন।

তাকিদ…ষ্য. (আ°)। স্মারক, আদেশ, বলপ্রয়োগ।

তাকিয়া…ষ্য. (ফা° তকিয়া। ও° তকিআ, হি° তকিয়া, ম° তক্যা)। ঠেস দিবার মোটা বালিশ। (চণ্ডীদাসে ঠেসনা বালিশ)।

তাকুড়…ষ্য. (স° তর্ক্ন, তর্কুটী)। সূতা কাটিবার লৌহ কিংবা বংশশলা। এই শলার নিম্ন প্রান্তে ভারী চাকতি (তর্কু-পীঠ), কিংবা বাঁটুল (তর্কু-পিণ্ড) থাকে, উপর প্রান্তে নাকী (নাসিকা) থাকে। ঢাকায় সূক্ষ্ম সূত্র তাকুড় দিয়া কাটা হইত। তাকুড়ের পর চরকা উদ্ভাবিত হইয়াছিল। চরকার টাকুয়া ফলে তাকুড় মাত্র।

তাকুৎ (গ্রা°)…ষ্য, (আ° তাকৎ হইতে ?) নিয়ম-পালন, স্বাস্থ্যরক্ষার নিয়ম-পালন।

তাগা…ষ্য. (স° তন্তুক। ঢাকায় টাগা—ঘুন্‌সি। ধাকা দেখ। হি° তগগা, ধাগা)। ডোর, ঠাকুরের নামে বাহুতে সূত্র (তাগা বাঁধা,পরা, ধারণ। অভিপ্রায়, আপনাকে সে ঠাকুরের কাছে ডোর দিয়া বাঁধিয়া রাখা।); স্বর্ণাদি ধাতুর বাহুবলয়, অনন্ত। প্রঃ—কোথা বান্ধবিরে তাগা শিরে সর্পাঘাত (রামপ্রসাদের বিদ্যাসুন্দর)। দৃষ্টান্তে, শিরে যখন সর্পাঘাত, তাগা দিবে কোথা—পায়ে সর্পাঘাত হইলে পায়ের উপরে তাগা বাঁধা হয়, নতুবা হৃৎপিণ্ডে বিষ চলিয়া যায়। শিরে সর্পাঘাত হইলে তাগা বাঁধিবার স্থান পাওয়া যায় না, বিষ সহজে মস্তিষ্কে সঞ্চালিত হয়। ইহা হইতে বিষম বিপদ্।

তাগাড়…ষ্য. (তুর্কী তগার)। যে গর্তে চুন-শুরকি মিশানা হয়।

তাগাদা…ষ্য. (আ° তকাজা,—জ স্থানে দ)। পুনঃ পুনঃ প্রার্থনা। (তাকিদ দেখ)।

তাগী…ষ্য. (স° তক্ষণ হইতে ? তাগা—সূতার মতন সরু বলিয়া ?)। সরু বাটালী। (২) মাছ ধরিবার সূতী (নদীয়ায় তগী)।

তাগীদ…তাকিদ দেখ।

তাঙাড়া, তাংড়া · ধাতু. (স° ত্র্যঙ্গাটং শিক্যভেদে—মেঃ। ম° তাঙাড় ধাতু পায়ে বাঁধা। আসা° তাঙার ধাতু উৎকর্ষ করা)। তাঙাড়াই—শিকাতে বাঁধি, গুণে পুরি, প্রঃ—এত চাল এই গুণে তাঙাড়াইবে না—ধরিবে না। তাঙাড়ানা।

তাচ্ছল্য, তাচ্ছিল্য…ষ্য. (স° তুচ্ছ হইতে। তু° তুচ্ছ-তাচ্ছল্য, যেমন তুক-তাক। কিন্তু এই রূপে তুচ্ছ-তাচ্ছ হয়। বোধ হইতেছে, তুচ্ছ তাচ্ছ শব্দ গ্রামে প্রচলিত)। অবজ্ঞা। (তাচ্ছল্য—প্রবোধচন্দ্রিকায়)।

তাজ…ষ্য. (আ°)। উচ্চ মুকুট।

তাজা…ণ. (ফা°)। সজীব, নূতন, টাটকা।

তাজিয়া · ষ্য. (আ°)। করবালা নামক স্থানে হাসন-হোসেনের যে কবর আছে, তাহার প্রতিমা। মহরমের সময় শিয়া মুসলমান তাজিয়া করিয়া থাকে।

তাজী·· ষ্য. (ফা°)। আরবদেশীয় অশ্ববিশেষ।

তাজ্জব…ণ. (আ° তআজ্জুব)। আশ্চর্য-জনক, বিস্ময়কর, প্রঃ—তাজ্জব ব্যাপার।

তাঞ্জাম···ষ্য. (উর্দু তাম ঝাম)। দুই বাহকের যানবিশেষ, বরের দোলাবিশেষ।

তাড়, তাড়-বালা···ষ্য. (সং তাটঙ্ক)। হাতের অলঙ্কারবিশেষ (অধুনা অপ্রচলিত), প্রঃ—সোনার নূপুর তাড়বালা (জ্ঞান-দাস)।

তাড়···ধাতু. (সং তড ধাতু তাড়ন, আঘাতে)। তাড়ি—তাড়ন করি, বিদারণ করি, প্রঃ—গলা তাড়া, মাটি তাড়া। তাড়া॥ তাড়া··ধাতু. (তাড় ধাতু আস্তে)। তাড়ানা॥ তাড়ানিয়া, তাড়াস্তে ··ণ. (তাড়ানা+ইয়া)। যাহাতে তাড়িত করে, অপ্রিয়, প্রঃ—তাঃ কথা। তাড়া-হুড়া ··ষ্য. (হুড় ধাতু দেখ। সহচর শব্দ)। তাড়ন। তাড়া-ফোড়া···ষ্য. বিদারণ ও উদ্ভেদন (সহচর শব্দ)। তাড়া-তুড়ি···ষ্য. (তুড় ধাতু দেখ। সহচর শব্দ)। তাড়না।

তাড়া-তাড়ি···ব্য. (সং ত্বরা-ত্বরি। হিং তুরন্ত। মং তাডাতুডী, তাডা-তোডী)। সত্বর।

তাড়া···ষ্য. (সং তাল হইতে। অঙ্গুষ্ঠ হইতে মধ্যমাঙ্গুলি পরিমাণ—এক তাল)। গোছা, (হালা দেখ)। তাড়ী···ষা. (তাড়া+ঈ)। ছোট তাড়া; তালপাতা কাগজ প্রভৃতির বলয়।

তাড়ী···ষ্য. (সং তালকী, তালী—তাড়ী) তালগাছের মাদকরস, বৃক্ষাদির মাদকরস, প্রঃ—খেজুর-তাড়ী।

তাড়ু···ষ্য. (সং তর্দু—দারুহস্তক—হেমঃ)। কাঠের হাতা।

তাত···ষ্য. (সং তপ্ত)। তাপ। তাতা···ণ. (তাত+আ)। তপ্ত। তাতা আগুন ··এত তপ্ত যেন অগ্নি বোধ হয়। তাত-বাত ··ষা. (প্রতিচর শব্দ)। গ্রীষ্ম ও শীত। তাত-রসা ···ণ. তাপ ও রসযুক্ত, একবারে শুষ্ক নহে। তাত সয় ত বাত সয় না—গ্রীষ্ম সহে, শীত সহে না। তাত ··ধাতু. তাতি—তপ্ত হই তাতা॥ তাতা-পোড়া ··তপ্ত ও দগ্ধ তাতা ··ধাতু. (তাত ধাতু আস্তে)। তাতানা॥

তাঁত···ষ্য. (সং তন্ত্র)। বস্ত্রবয়ন-যন্ত্র। দেশী তাঁত··দেশীয় তাঁত যাহাতে হাত দিয়া মাকু ঠেলিতে হয়। ঠক্‌-ঠকি তাঁত ··ঠক্‌-ঠকি নাম অল্পদিনের (এই কোষকারের রচিত)। গ্রামে বলে, কলের তাঁত। কাপড় বুনিবার সময় ঠক্‌-ঠক শব্দ হয় বলিয়া; কিংবা মাকুকে মেড়া ঠুকিতে থাকে বলিয়া। এই তাঁত বঙ্গদেশের হুগলী জেলায়, বিশেষতঃ শ্রীরামপুরে প্রায় দুই শত বৎসর হইতে প্রচলিত আছে। মাকু ঠেলিবার উপায়টি বিলাতে আবিষ্কৃত। মেলা তাঁত··· যে তাঁতে লম্বা থান বোনা যাইতে পারে। এ নিমিত্ত তাঁতের বাহির নরাজ কাঠির হয়। কাঠি দোড়ী দিয়া টানা থাকে। তাঁত-ঘর··· —তন্তু-শালা, যে ঘরে তাঁত বোনা হয়। তাঁত বোনা—তাঁতে কাপড় বোনা। তাঁতী ···ষ্য. (সং তন্ত্রী)। যে তাঁতে কাপড় বোনে; জাতিবিশেষ। স্ত্রীং তাঁতিনী। তাঁতের অঙ্গ—(১) নরাজ—যে মোটা বেলনে বুনিবার সূতা গুড়ানা থাকে; (ক) বাহির-নরাজ—যে নরাজে টানার সূতা, (খ) কোল নরাজ—যে নরাজে বোনা কাপড় গুড়ানা হয়। (২) শানা—যে সরু শলার—'বাড়ের' ভিতর দিয়া টানার সূতা (জোড়া জোড়া) পরানা থাকে। ইহা দ্বারা খাট জোড়া ঠিক থাকে। শানা গাঁথা

—শানার ভিতর দিয়া সুতা পরানা। (৩) ব—যে সূত্রময় ফাঁশের ভিতর টানার সুতা একটী একটী করিয়া ঝুলিতে থাকে। ব তোলা—ব-এর ভিতর দিয়া সুতা পরানা। (৪) নাচনী পাখী—যার দুই প্রান্ত হইতে ব ঝুলানা থাকে। তাঁত বুনিবার সময় উপর নীচে উঠিতে নামিতে থাকে বলিয়া নাচনী, পক্ষীর আকার বলিয়া পাখী। (৫) টিপন-দাঁড়া—ব উঠা-নামা করাইতে নীচের যে দণ্ড পা দিয়া টিপিতে হয়। (৬) দক্তি—যে কাঠের উপর দিয়া মাকু যাতায়াত করে। (৭) মাকু—যাহার ভিতরে নলীতে পড়িয়ানের সুতা গুড়ানা থাকে। (৮) মেড়া—ঠক্-ঠকি তাঁতের মাকুকে আঘাত করিয়া এ পাশ হইতে ও পাশে চালাইয়া দেয়। (৯) মতি কাঁটা—যে পাতলা বাখারি দ্বারা তাঁতে বোনা কাপড় বিস্তৃত করিয়া রাখা হয়।

তাঁত, তাঁত···ষ্য. (সং তন্ত্র, তন্তু)। ছাগাদির অন্ত্র-তন্তু।

তান···ষ্য. (সং তান—বিস্তার, গীতাঙ্গ-বিশেষ)। গীতের স্বরবিস্তার। গ্রাম্য জন 'তান ধরা'কে 'রাগিণী টানা'ও বলে। গ্রাম্য যাত্রায় তারস্বরে রাগিণীর রূপ-প্রদর্শন বা আলাপ করা—তান ধরা। ইহাকে কণ্ঠস্বর-যন্ত্রের পরং বা কর্তব বলা যাইতে পারে, এজন্য গীতের গাম্ভীর্য-বৃদ্ধি হয়। কিন্তু প্রায়ই বিফল যাত্রার ব্যর্থ প্রয়াস মনে হয়। তান না-কি উনপঞ্চাশ কোটি আছে। তান-মান···ষ্য. তান ও মান (মান দেখ)। গীতের স্বরবিস্তার ও স্বরপরিমাণ। তানা-না-না···গীতারম্ভে স্বর-বিস্তার। তানা-না-না করিয়া পরে গীত আরম্ভ হয়। এই হেতু তানা-না-না করিয়া কাজ সারা—প্রকৃত কাজে হাত না দেওয়া, অবান্তর কাজ করিয়া প্রকৃত কাজ অসম্পূর্ণ রাখা। তান-পুরা ··ষ্য. তান পূর্ণ করে রাখে বলিয়া নাম তানপুরা ?—তন্ত্রী যন্ত্র-বিশেষ। অন্য নাম তম্বুরা, তাম্বুরা—তুম্ব—লাউ আছে বলিয়া তম্বুরা, তাম্বুরা; কিংবা তুম্বুরু গন্ধর্ব দ্বারা আবিষ্কৃত বলিয়া তম্বুরা, তাম্বুরা (তাম্বুরা দেখ)। তাম্বুরা হইতে অপভ্রংশে তানপুরা।

তানাক (গ্রাং)··ষ্য. (হিং। হিং তলাক, তক। সং স্থান-তক)। তুং হিং থানক—স্থান)। তক, পর্যন্ত।

তাফতা ··ষ্য. (ফাং)। এক প্রকার পট্টবস্ত্র (বাফতা দেখ)।

তাবৎ ··ণ. (সং)। তত, তত সময়, অবধি। যাবৎ-তাবৎ ··যেমন-তেমন, প্রঃ—যাবৎ তাবৎ করিয়া কাজ সারা।

তাঁবা···ষ্য. (সং তাম্র। সং প্রাং তাম্ব। ওং তম্বা)। তাম্র ধাতু; তাম্রনির্মিত বাহুবলয় (ধর্মপণ্ডিতের)। তামা দেখ।

তাবিজ ··ষ্য. (আং তবীজ)। বাহুভূষণ-বিশেষ, কবচ।

তাঁবী ··ষ্য. (সং তাম্র হইতে তাঁবা+ঈ)। তাম্রনির্মিত কুণ্ড, তাম্রনির্মিত দণ্ডাদি-কালমাপক ঘট।

তাঁবু···ষ্য. (আং তাম্বু)। পটবাস। (ইং tent)।

তাবে, তাবে (গ্রাং)···ষ্য. (আং তাবে—ভৃত্য)। অধীনতা। তাবেদার···ষ্য. অধীন ব্যক্তি। তাবেদারি···ষ্য. আনুগত্য।

তামড়ি ··ষ্য. (সং তাম্র্য)। তাম্রবর্ণ উপ-রত্নবিশেষ (garnet)।

তামলী…ষ্য. ( সং তাম্বুলী, তাম্বুলিক )। পান-বিক্রেতা জাতিবিশেষ। স্ত্রী° তামলিনী।

তামা, তাঁবা…ষ্য. ( সং তাম্র )। তাম্র, ধাতু-বিশেষ, প্রঃ—রাঙ্গা তামা বারি করি (ভাঃ)। তামা তুলসী হাতে করা—( বোধ হয় ) তাম্রকুণ্ডের জল ও তুলসী হাতে করা। তাম্রকুণ্ডে বিষ্ণুপূজার জল থাকে। হয় ত ধর্মঠাকুরের পূজক 'পণ্ডিতে'র তাম্রবলয় হইতে তামা-তুলসীর তামা। এই দুই হাতে লইয়া দিব্য গালা—শপথ করা।

তামাটিয়া, তামা.ট্য…ণ. ( তামা+টা—তামাটা—তাম্র ণ.,+ইয়া )। তাম্রবর্ণযুক্ত, ঈষৎ তাম্রবর্ণ।

তামাক…তামুক দেখ।

তামাম…ণ. ( আ° তমাম )। সমুদায়, সম্পূর্ণ।

তামাশা…ষ্য. ( আ° তমাশা—দৃশ্য, যাত্রা )। পরিহাস, আনন্দোৎসব। রঙ্গ-তামাশা, হাসি-তামাশা…( সহচর শব্দ )। পরিহাস। ( তামাশা অর্থে আনন্দোৎসব, বা যাত্রা—বাংতে প্রচলিত নাই, উর্দুতে আছে )।

তামিল…ষ্য. ( আ° তামীল )। অনুষ্ঠান, নিষ্পাদন, প্রঃ—হুকুম তামিল করা—আজ্ঞা পালন করা।

তামিল…ষ্য. ( তামিল শব্দ )। মাদ্রাজ ও দক্ষিণ-ভারতের লোকবিশেষ, সে লোকের ভাষা।

তমুক, তামাক…ষ্য. (পর্তুগীজেরা নাম আনে tabaco। ইহা হইতে ও° হি° ম° উর্দু তম্বাকু। বা° তামুক। কৃত্তিঃ কবিকঃ প্রভৃতি হইতে এ পর্যন্ত তামুক শব্দ বঙ্গের সর্বত্র প্রচলিত আছে। শহরে ইদানী তামাক। আরও বিকৃত হইয়া তবাক। অর্বাচীন সং তাম্রকূট। প্রায় পাঁচ শত বৎসর হইল, আমেরিকা হইতে ইয়ুরোপে তামুক আসিয়াছে। প্রায় চারি শত বৎসর হইল,এ দেশে পর্তুগীজেরা লোককে তামুক-খাওয়া শিখাইয়াছে। বিলাত হইতে তামুকের বীজ আনাইয়া এ দেশে তামুকের চাষ করাইয়াছে। এ দেশে তামুক-গাছ বন্য আকারে ছিল, কিন্তু কেহ তামুক-খাওয়া জানিত না। চরকাদি আয়ুর্বেদে ধূমপানের উল্লেখ আছে, কিন্তু তাহাতে তামুক নাই। ওংতে চলিত নাম ধুআঁ-পত্র। সং ধূমবর্তিকা—ও° পিকা)। বজ্ঞানাদি বর্গের বর্ষায়ুঃ শাকবিশেষ ( Nicotiana )। ইহার কয়েকটি জাতি আছে। কিন্তু কোন্ জাতি হইতে কোন্ জাতের উৎপত্তি হইয়াছে, তাহা অদ্যাপি অজ্ঞাত আছে। ভুরস্যুট, ভেলসা, মতিহারী, হিঙ্গালী প্রভৃতি জাতের নাম। ভুরস্যুট—হুগলী জেলায় দামোদর নদের পাশে ভুরস্যুট ( সং ভূরিশ্রেষ্ঠ ) পরগণা। এই খানে জাত তামুক—ভুরস্যুট তামুক দক্ষিণ রাঢ়ে প্রসিদ্ধ। ইহা নিকৃষ্ট। ভেলসা—নরম তামুক, হয়-ত বিলাতী হইতে নাম ভেল। হিঙ্গালী—উৎকৃষ্ট তামুক, হয়-ত ইঙ্গালিশ হইতে নাম। হিঙ্গালীর পর গুণে পুলা তামুক। বিষপাত—মতিহারীর নাম, অতি উগ্র তামুক। ডগী—তামুক গাছের ডগের পাতা। ইহা কড়া নয়, মিঠা নয়। গুড় মাখাইয়া পচাইয়া—গুড়ুক তামুক। অম্বর—সুগন্ধ হইতে অম্বরী তামুক ( অম্বরী দেখ )। তামুকপত্র—দোক্তা। দোক্তা চুণের সহিত পানে চর্বণ করা—দোক্তা

খাওয়া। গুড়ুক, অম্বরী তামুক—কলিকাতে আগুন-সাহায্যে ধূমে পরিবর্তিত করিয়া খাওয়া—তামুক খাওয়া। ধনিয়া মউরী প্রভৃতির সহিত শুষ্ক তামুক-পাতা চূর্ণ করিয়া—গুণ্ডী। পানের মশলা করিয়া গুণ্ডী চর্বিত হয়। তামুকখোর ··( খোর দেখ )। তামুকে আসক্ত।

তাম্বু···ষ্য. ( আ° )। তাঁবু, পটবাস, প্রঃ—তাম্বু-ঘর ( কবিকঃ )।

তাম্বুরা···ষ্য. ( আ° )। তানপুরা নামক তন্ত্রী-যন্ত্র।

তাম্বুলী···ষ্য. ( স° )। পান-গুআ-বিক্রয়ী জাতি বিশেষ, তামলী।

তায়দাদ···ষ্য. ( আ° তাদাদ )। সঙ্খ্যা, নির্দিষ্ট টাকা ( জমিদারীঃ )। তায়দাদ জমা ··নির্দিষ্ট জমার পরিমাণ। তায়দাদ-ভুক্ত ··ণ. ( ভুক্ত—স° )। নির্দিষ্ট সঙ্খ্যার অন্তর্গত ( জমিদারীঃ )।

তায়ফা···ষ্য. ( আ°—দল )। নাচনীর দল, নাচনীর গীতবিশেষ।

তার ··ষ্য. ( স° তন্ত্র )। ধাতুসূত্র ; সূত্রবৎ আকার, প্রঃ—গুড় পাক করিলে ঘন হইয়া তার কাটে—আঙ্গুল করিয়া তুলিলে সূত্র কাটে ; গোঁপে দেয় তার (কবিকঃ)—তা দেখ। তারের খবর ··টেলিগ্রাফ। তার-কষ ···ষ্য. (হি°)। যে টানিয়া সোনারুপার তার করে। তারকষি ··ষ্য. কষিয়া—টানিয়া—যে সরু তার হয়, তাহাতে নির্মিত অলঙ্কার। তার ··ষ্য. (স°)। আস্বাদ, প্রঃ—ব্যঞ্জনের তার। সু-তার···ণ. সুস্বাদু।

তারপলিন ··ষ্য. ( ই° tarpaulin )। আলকাতরা-মাখানা মোটা সুতার পাল।

তারপিন···ষ্য. ( ই° turpentine )। সরল নামক গাছের তরল নির্যাস, বার্নিশে লাগে।

তার · ধাতু. ( স° তারি ধাতু )। তারি—পার করি, নিস্তার করি, প্রঃ—তারিতে হবে মা তারা। তারা॥

তারা...ষ্য. ( স° )। আকাশের দীপ্তিশালী জ্যোতিষ্ক, প্রঃ—ধ্রুব-তারা···ধ্রুব নামক তারা, যে তারা আকাশে নিশ্চল দেখায় ; নক্ষত্রের এক এক জ্যোতিষ্ক, প্রঃ—তিনটি তারায় শ্রবণা নক্ষত্র ; উল্কা, প্রঃ—তারা খসিয়া পড়ে ; চক্ষুর কৃষ্ণবর্ণ মধ্যভাগ ( pupil )। পুরাণে বৃহস্পতির ভার্যা, রামায়ণে বালির ভার্যা, তন্ত্রে দ্বিতীয়া শক্তি। একতারা দেখা—রাত্রি আগমে নভোমণ্ডলে একটী তারা দেখা। একতারা দেখিলে মঙ্গল হয় না, যতক্ষণ অন্য তারা দেখা না যায়, ততক্ষণ আকাশ হইতে চক্ষু ফিরাইতে নাই ( শব্দকল্পঃ দেখ )। তারা-হার···ষ্য. ( স° তারা-হার। বোধ হয় স° তার-হার শব্দের সহিত মিশিয়াছে। স° তার-হার—মুক্তাহার )। সোনার তারার মালা। তারা-চিহ্ন ··ষ্য. লিখিবার সময় টীকা করিবার * চিহ্ন।

তারা. ··ণ. ( স° তার )। উচ্চ স্বর। সুর দেখ।

তারিখ ··ষ্য. ( আ° তারীখ ) মাসের দিন। সন তারিখ ·বৎসর ও মাসের দিন। ( তারিখ গণিবার শব্দ—পহেলা, দোসরা, তেসরা, চৌঠা, পাঁচই (বা পাঁচই) ইত্যাদি, উনিশে ইত্যাদি )। ফলানা তারিখ···অমুক দিন।

তারিফ···ষ্য. ( আ° তারীফ )। প্রশংসা।

তাল···ষ্য. ( স° )। তালাদিবর্গের দীর্ঘ তরু-

বিশেষ (The palmyra palm. Borassus flabellifer)। এক একটা গাছ ৬০।৭০ হাত উচ্চ হয়, কিন্তু ব্যাসে ১।০ হাত থাকে। চৈত্রমাসে ফুল ধরে। ফলের ব্যাস অঙ্গুষ্ঠ হইতে মধ্যমাঙ্গুলি পর্যন্ত হয়। ভারতের সর্বত্র গাছ জন্মে, দক্ষিণভারতে অধিক। তাল-শাঁস ··ষ্য. (সং তাল-শস্য)। অপক্ব তালফলের কোমল শস্য। তালাঙ্কুর, তাল-কুর ··ষ্য. (সং তালাঙ্কুর)। পাকা ফলের অঙ্কুরোদ্গমে লঘু শস্য। তাল-কাঁড়ী ··ষা. তালগাছের কাণ্ডের সার (ত্বক্)। তালগাছের আঁতী ··(সং অন্ত্র)। তালগাছের মধ্যস্থ অসার অংশ। তাল-বাখড়া ···ষ্য. (বাখড়া দেখ। ও° বাঞ্জা)। তালগাছের শুষ্ক পত্রের দীর্ঘ বোঁটা; অন্য নাম ডাঁটা। তাল-ষাঁড়া ··ষ্য. (সং ষণ্ড—বৃক্ষ হইতে? তু° ও° ষণ্ড—গজা)। কোমল তালপাতার বোঁটার গোড়া যাহা গাছকে বেষ্টন করিয়া থাকে। ইহার রস গোরুর রোগচিকিৎসায় লাগে। তালগাছের ভুঁড়া ··তালগাছের পুং-পুষ্পমঞ্জরী। চুল-চুলিয়া···ষ্য. (চুল+ইয়া)। যে চাদর দ্বারা তাল খেজুর প্রভৃতির মঞ্জরী আবৃত থাকে। তেআঁঠিয়া তাল ··যে তালফলে তিনটা আঁঠি থাকে। তাল-পুকুর ··ষ্য. যে পুষ্করিণীর পাড়ে তালগাছ আছে। সপ্ততাল বেধ ··শর দ্বারা সাতটা তালগাছ ভেদ। সাত-তাল বহা—সাগরের লহরি উপরি উপরি সাতটা তালগাছের মতন উচ্চ হওয়া। তাল-কাছাড়া হওয়া—তালগাছ কাটিলে তাহা যেমন লম্বা হইয়া পড়িয়া যায়, কাছাড় খায়—তেমন হওয়া। তাল পাকানা, তাল করা—তালফলের তুল্য পিণ্ড করা। তিলকে তাল করা—তিলবীজকে তালফল তুল্য বৃহৎ মনে করা, নগণ্যকে গণ্য করা। তাল···ষ্য. (সং)। অঙ্গুষ্ঠ ও মধ্যমাঙ্গুলি পর্যন্ত পরিমাণ, (তাড়া, হালা দেখ); করতল দ্বারা আঘাত। তাল ঠোকা—করতল দ্বারা বাহুর আস্ফোট। তাল···ষ্য. (সং)। সঙ্গীতের কালক্রিয়ামান। সং-তে আছে, হর গৌরীর নৃত্য হইতে তালের উৎপত্তি। হর-নৃত্য—তাণ্ডব, গৌরী নৃত্য—লাস্য। তাণ্ডব ও লাস্যের আদ্যবর্ণ হইতে তা-ল শব্দ। ছন্দ ব্যতীত নৃত্য হয় না; তাল দ্বারা কাল পরিমিত হইয়া ছন্দ প্রকাশিত হয়। গীত বাদ্য নৃত্য—এই তিনের নাম সঙ্গীত (গীত অর্থে সঙ্গীত বলা ভুল)। সঙ্গীতের ছন্দ প্রকাশ করিতে কালপরিমাণের প্রয়োজন, কাল পরিমাণ করিতে তালের প্রয়োজন। কর-তালি কিংবা অন্য আঘাত দ্বারা কাল স্থাপিত হয়। ইহার নাম তাল দেওয়া বা তাল রাখা। তালের সমাপ্তি—সম। সমে আসিবার পূর্ববর্তী তিনবার আঘাত—তেহাই (সং ত্রিঘাত)। তালের মাত্রানুসারে করতালি দ্বারা বিভাগ জানাইয়া শেষ বিভাগস্থানে কর-তালি না দেওয়া—ফাঁক (সং ফক্ক—সঙ্গীতদামোদরে)। আড় ··(সং অরাল)। কুটিল। আড়া ··(সং অর্ধ)। আধ। জলদ ··(দেখ। সং দ্রুত)। দ্রুত। ঠা ··(সং স্থির, ধীর)। ধীরে ধীরে। ঢিমা ··(সং মধ্য)। বিলম্বিত। দুন ··(সং দ্বিগুণ)। দ্বিগুণ দ্রুত। ফের ··(সং প্রত্যাবর্তন)। তালের পুনরাবর্তন। পরং ··(সং

প্রবন্ধ)। তালের অলঙ্কারবিশেষ। তাল-কানা...ণ. বাদ্যের তাল বুঝিতে পারে না যে; তালের সমের ঘর বুঝিতে পারে না যে, লক্ষণায়, ঠিক সময়ে যে কথা কহিতে বা কাজ করিতে জানে না। তালমানজ্ঞান ...তালের মাত্রাজ্ঞান। বে-তালা ..তাল-হীন, তালের বহির্ভূত। [এখানে ৺কৃষ্ণধন বন্দ্যোপাধ্যায়ের গ্রন্থ হইতে প্রচলিত তালের অবয়ব প্রদর্শিত হইতেছে। গানে পদ থাকে। কালপরিমাণ ব্যতীত পদ হয় না। যত কালকে একক-সরূপ ধরা হয়, তাহা মাত্রা। মাত্রা-সমষ্টিতে পদ। অথবা, পদের গুরু লঘু উচ্চারণ কালের নাম মাত্রা। পুনঃ পুনঃ এক নিয়মে গুরু লঘু উচ্চারণবিশিষ্ট পদের নাম ছন্দ। গানের ছন্দের যে পদে প্রস্বন বা বলন্যাস করিতে হয়, আঘাত দ্বারা তাহা প্রদর্শন করা তাল দেওয়ার উদ্দেশ্য। অধিক বলের সহিত উচ্চারণ স্থান—সম। তালের শেষ বা অবকাশ স্থান—ফাঁক। ছন্দের একবার পূর্ণ আবৃত্তি—ছন্দের এক ফের বা আওর্দা (সং আবৃত্তি)। প্রচলিত তালে চারি পদ আছে। তিন পদে তালি বা আঘাত, একটাতে অনাঘাত বা ফাক দিতে হয়। দ্বিতীয় তালি—সম। তালের যে স্থানে আঘাত দিবার নিয়ম, ছন্দের সে স্থানে প্রস্বন না থাকিলে—আড় (সং অরাল)। যে তালের প্রত্যেক পদকে চারি সমান অংশে ভাগ করিতে পারা যায়, তাহা চতুর্মাত্রিক তাল, যেমন কাওয়ালী। এরূপ তালে চারি চারি মাত্রা অন্তরে প্রস্বন পড়ে। যে তালের প্রত্যেক পদকে তিন সমান অংশে ভাগ করিতে পারা যায়, তাহা ত্রিমাত্রিক তাল, যেমন একতালা। এরূপ তালে তিন তিন মাত্রা অন্তরে প্রস্বন পড়ে। যে তালের পদে মাত্রাসংখ্যা অসমান, তাহা বিষমমাত্রিক, যেমন যৎ। এরূপ তালে অসমান মাত্রা অন্তরে প্রস্বন পড়ে। বাঁয়া ও মৃদঙ্গ বাদ্যে তালের ছন্দ প্রকাশের নাম ঠেকা। ঠেকার এক ফেরের মধ্যে কণ্ঠে কিংবা যন্ত্রে দুই ফের হইলে দুন ঠেকা, চারি ফের হইলে চৌদুন ঠেকা বলে। [তালের অবয়ব, সঙ্কেত—মাত্রা—১, সম—*, ফাঁক—°, পদ বিভাগ—।]

চতুর্মাত্রিক তাল—৪ পদ, ১৬ মাত্রা।

(১) কাওয়ালী ১১।১*১।১১।১°১।
(২) ঢিমা কাওয়ালী বা ঢিমা তেতালা
১১১১।১*১১১।১১১।১°১১১।
(কাওয়ালীর দ্বিগুণ বিলম্বিত।)
(৩) ঠুংরী ১*।১১।   (কাওয়ালীর অর্ধ।)
(৪) ছেপকা ১*।১১।১°১।১১।
(কাহার্বা এইরূপ।)
(৫) আড়া ঠেকা ১১।১১১১।১*১১১।১১১১।১°১।
(এক পদ অর্ধ ভাগে বিভক্ত বলিয়া আড়া)।
(৬) মধ্যমান ১১১১১১।১১১১১১১১।
১*১১১১১১১।১১১১১১১১১।১°১।
(আড়াঠেকার দ্বিগুণ।)

ত্রিমাত্রিক তাল—৪ পদ, ১২ মাত্রা।

(১) খেমটা ১*১১।১১১।১°১১।১১১।
(২) আড়া-খেমটা ১১।১১১।১*১১।১১১।১°।
(৩) একতালা ১*১১।১১১।১°১১।১১১।
(খেমটাও এইরূপ।)

(৪) অন্য একতালা ১*১১১।১১১১।১১১১।

(৫) চৌতাল ১*১।১°১।১১।১°১।১১।১১।

বিষমমাত্রিক তাল।

(১) পোস্তা—২ পদ, ৭ মাত্রা। (যৎএর অর্ধ)।

১*১১।১১১১।

(২) সুরফাঁক—৩ পদ, ১০ মাত্রা। ফাঁক নাই।

১*১১১।১১।১১১১।

(৩) রূপক—৩ পদ, ৭ মাত্রা।

১১।১১।১*°১১ (তেঅটের অর্ধ।)

(৪) তেঅরা—৩ পদ, ৭ মাত্রা।

১১।১১।১*১১।

(৫) ধামার—৩ পদ, ১৪ মাত্রা।

১*১১১।১১১১১ ১১১১।

(৬) ঝাঁপতাল—৪ পদ, ১০ মাত্রা।

১*১।১১১।১°১।১১১।

(৭) যৎ—৪ পদ, ১৪ মাত্রা।

১*১১।১১১১।১°১১।১১১১।

(৮) তেঅট—৪ পদ, ১৪ মাত্রা।

১১১১।১*১১।১১১১।১°১১।

(৯) আড়া চৌতাল—৪ পদ, ৭ মাত্রা।

১*।১১।১১।১১।

(১০) পঞ্চম শওয়ারী—৮ পদ, ৩০ মাত্রা।

১১১।১১১।১*১১১।১°১১১।১১১১।

১°১১১।১১১১।১°১১১।

এই সকল সাঙ্কেতিক রূপ দেখিলে বোধ হয় যে, আরও অনেক প্রকার তাল হইতে পারে। সংস্কৃত সঙ্গীতশাস্ত্রে অনেক তাল বর্ণিত আছে। কিন্তু, সে ব্রহ্মতাল, ইন্দ্রতাল ইত্যাদি প্রায় লুপ্ত হইয়া অন্য তাল প্রচলিত হইয়াছে। একতাল, ত্রিতাল, চতুস্তাল, পঞ্চতাল, রূপক প্রভৃতি কয়েকটি নাম সংস্কৃত। কাওয়ালী, কাহার্বা, তেঅরা (সং তীব্র জাতি হইতে?) প্রভৃতি তাল-নাম হইতে উৎপত্তি বুঝা যাইতেছে। দশকোষী (সং) এখন কেবল কীর্তন-গানে আছে।

তাল-চটা. ··ষ্য. (সং তাল-চটক)। শাখাশ্রয়ী-বর্গের পাংশুবর্ণ পক্ষিবিশেষ (the swallow shrike)। তালগাছে বাসা করে বলিয়া নাম তাল-চটক। দৈর্ঘ্যে ৯।১০ আঙ্গুল, পুং স্ত্রী একবর্ণ। চঞ্চু ক্রমশঃ সরু, ঈষৎ বক্র। পুচ্ছ হ্রস্ব; কিন্তু, পক্ষ বৃহৎ, এ কারণ অনেক ক্ষণ উড়িতে পারে, এবং উড়িতে উড়িতে পোকা ধরিয়া খায়। (কাবাসিয়া দেখ)।

তাল-চোঁচ ··ষ্য. (সং তালচঞ্চু)। লালবর্ণ পক্ষী-বিশেষ। লেজের উপরে শাদা দাগ থাকে। ঘরের কড়ি-বরগায় গৃহচটকের মতন বাসা করে।

তালমুলী ··ষ্য. (সং। অন্য সং নাম ভূ-তালী, তালপত্রিকা)। শাকবিশেষ (Curculigo orchiodes)। মাটিতে আলু হইতে জন্মে, পাতা লম্বা সরু, তালপাতার মতন। ফুল হলুদা, গন্ধহীন, ছয় দলে বিভক্ত। বাজারে শিকড় কাল-মুষলী নামে ঔষধার্থে বিক্রয় হয়।

তালা···ষ্য. (সং তালক)। চাবি। তালা-চাবি···তালার চাবি-কাটি।

তালা ··ষ্য. (সং তাল, তালক)। আঘাত, বধিরতা, প্রঃ—কানে তালা লাগে।

তালা···ণ. (আং তাআলা)। সর্বশ্রেষ্ঠ, প্রঃ—খোদা তালা (মুসলমানী ভাষায়)।

তালাই ··ষ্য. (সং তলাচী— শব্দকল্পঃ)। সরু বোনা চাটাই। (চাটাই মোটা)।

তালাক ··ষ্য. ( আ° তলাক )। (মুসলমানী ভাষায়) পতিপত্নীত্যাগ ( তালাক দেওয়া ); শপথ, তাল্লাক।

তালি··ষ্য. ( স° করতালি )। করতালের আঘাত; ছিন্ন বস্ত্রে যোজিত বস্ত্রখণ্ড; কর্ণের বধিরতা। দৃষ্টান্তে,—এক হাতে তালি বাজে না—দুই পক্ষ নইলে কলহ হয় না।

তালিকা···ষ্য. ( স°। আ° )। দ্রব্যনামপত্র, ফর্দ। ( স°তে তালিকা, তারিক শব্দের এই অর্থ)।

তালিম ··ষ্য. ( আ° তালীম )। শিক্ষা, প্রঃ—যাত্রাদলের ছেলে তালিম করা।

তালী ··ষ্য. ( স° )। তালগাছের সদৃশ তরু-বিশেষ (The talipot palm. Corypha umbraculifera )। এই গাছ হঠাৎ দেখিলে তালগাছ বলিয়া মনে হয়। কিন্তু তালগাছ অপেক্ষা কিছু মোটা, পাতা বৃহৎ। ইহার ফুল একবার হয়, প্রায় চল্লিশ বৎসর বয়স হইলে। তার পর ফল পাকিলে গাছ মরিয়া যায়। ( এই কারণে, অমরকোষে, তৃণরাজাহ্বয়স্তালী,— তালী তৃণরাজ )। দক্ষিণভারতে অরণ্যে ইহার জন্মস্থান। বঙ্গদেশে দুই একটা রোপিত হইয়া থাকে। ( কালিদাসের তমালতালী-বনরাজিনীলা—দক্ষিণ দেশের বর্ণনা )।

তালীশপত্র ··ষ্য. ( স° )। হিমালয়ের দেবদারু-আদি বর্গের তরুবিশেষ ( The silver fir. Abies webbiana )। ( হি°তে তালীশ-পত্র যে গাছ, বা°তে সে গাছ পানিয়ালা, তেজপাত )।

তালুক···ষ্য. ( আ° তআল্লুক )। ভূসম্পত্তি,—জমিদারের অধীনে গ্রামাদি অল্প ভূসম্পত্তি। তালুকদার···ষ্য. তালুকের স্বামী। তালুক-দারি ··ষ্য. তালুকদারের বৃত্তি। তালুক-মুলুক···( প্রায় সহচর শব্দ )। গ্রামাদি ভূসম্পত্তি। তালুক করা—তালুক সম্পত্তি উপার্জন করা, তালুকদারি করা। পত্তনী তালুক ··( স° পত্তন )। বর্দ্ধমানের মহা-রাজার অধীনস্থ সম্পত্তি। ইহার স্বামী—পত্তনীদার। দর-পত্তনী তালুক···পত্তনীদারের অধীনস্থ সম্পত্তি। সে-পত্তনী তালুক ··দর-পত্তনীদারের অধীনস্থ তালুক। মুকররী তালুক ·· যে মহলের খাজনা নির্দিষ্ট বৎসরের নিমিত্ত নির্দিষ্ট থাকে। ইস্তেমরারী তালুক···যে মহলের খাজনা বাড়ে না। চাকরান তালুক ··যে মহল পূর্বকালে সরকারী চাকরির বেতনসরূপ প্রদত্ত হইত।

তাল্লাক ··তালাক দেখ।

তাস ··ষ্য. (আ°)। জরী; মসৃণ সূত্র। তাসের সূতা—তাস কাগজে (?) জড়ানা মসৃণ সূতা।

তাস···ষ্য. ( আ° ? )। খেলিবার চিত্রিত কাগজখণ্ড। চিত্র চারিপ্রকার,—ইস্কাপন ( বোঁটা সহিত কৃষ্ণবর্ণ পান ), হরতন ( বোঁটাহীন রক্তবর্ণ পান ), চিড়িতন ( বিল্ব-পত্রের ন্যায়, ত্রিপর্ণ পাতা ), রুইতন বা রুহিতন ( রক্তবর্ণ তির্যক্ আয়ত )। এইরূপ চিত্রের নাম রঙ্গ। প্রত্যেক রঙ্গের ১৩খানা করিয়া কাগজ বা তাস, যথা,—টেক্কা ( এক্কা১ ), দুরী (২), তিরী (৩), চৌকা (৪), পঞ্জা (৫), ছক্কা (৬), সাতা (৭) আটা (৮), নহলা (৯), দহলা (১০), গোলাম (গোলামের চিত্র, ১), বিবী ( বিবীর চিত্র, ২), সাহেব ( সাহেবের চিত্র, ৩)। এক এক চিত্রের

সঙ্খ্যার নাম ফোঁটা। অতএব চারি রঙ্গের কাগজ সঙ্খ্যায় ৫২ খানা, ফোঁটায় ৪ × ১৬। কিন্তু খেলিবার সময় ফোঁটার সঙ্খ্যা অধিক ধরা হয়। দুই জনে খেলার নাম বিন্তী, দুই দুই জনে এক পক্ষ হইয়া চারি জনে খেলার নাম গ্রাবু (এই নাম তত চলিত নহে)। শেষোক্ত খেলা প্রসিদ্ধ। ইহাতে দুরী তিরী চৌকা পঞ্জা ছক্কা বাদ দিয়া অবশিষ্ট ৪ × ৮ = ৩২ খান তাস লাগে। তাস ··ধাতু. তাসি—চারি রঙ্গের তাস মিশাই। তাসা ॥ (ধাতু তাসা না হইয়া তাস। প্রয়োগবাহুল্যে ? না, সং তস্ ধাতু উৎক্ষেপণে হইতে ? তুং ইং toss)। তাস কাটা—৩২ খানা তাস দুই ভাগ করিয়া খেলায় একটা রঙ্গ প্রধান নির্বাচন করা। এই প্রধান রঙ্গের নাম তুরুপ (পর্তুং trunfo, ইং trump)। তখন অন্য রঙ্গ—বদ্-রঙ্গ। তাস দেওয়া, বাঁটা —চারিজন খেলআড়কে ৮ খানা করিয়া দেওয়া। ভেস্তা···প্রত্যেকের হাতে ৮ খানা করিয়া না আসা (ভুলে)। গ্রাবু খেলায় টেক্কার ১১, দহলার ১০, গোলামের ১, বিবীর ২, সাহেবের ৩ ফোঁটা ধরা হয়। কিন্তু, প্রধান রঙ্গ অর্থাৎ তুরুপের নহলার ফোঁটা ১৪, গোলামের ফোঁটা ২০ ধরা হয়। এই রূপে ৩ × ২৭ + ১ × ৬০ = ১৪১ ফোঁটা। ইহা ছাড়া, খেলিতে খেলিতে যে পক্ষের শেষ পিট হয়, সে পক্ষ "হাতের পাঁচ" অতিরিক্ত ৫ ফোঁটা পায়। সুতরাং মোট ফোঁটা ১৪৬ = ৭ কুড়ি ৬ ফোঁটা। তাস পেটা—তাস দ্বারা ভূমিতে আঘাত করা। ইহা হইতে চারি জনের প্রদত্ত বা পেটা তাস একত্রে এক 'পিট' হয়। যে পক্ষের ফোঁটা দুই কুড়ি সাতের কম হয়, সে পক্ষ হারে। হারিলে বিপক্ষ একখান তাস ধরে (অ-খেলা তাস উপড় করিয়া হারি গণে) এক পক্ষের তাসে তুরুপের সাহেব বিবী আসিলে "ইস্তক" হয়। ইস্তক আসিলে অন্য পক্ষকে অন্ততঃ তিন কুড়ি ফোঁটা সংগ্রহ করিতে হয়। করিতে না পারিলে সে পক্ষের হারি হয়। এক পক্ষের হাতে এক রঙ্গের তিনখানা তাস পরে পরে আসিলে "বিন্তী" হয়। বিন্তী হইলে অন্য পক্ষকে অন্ততঃ (২ কুড়ি ৭) + ১ কুড়ি = ৩ কুড়ি ৭ ফোঁটা দেখাইতে হয়। কুড়ি অধিক বলিয়া বিন্তী নাম (পর্তুং vinte। সং বিংশতি)। এক রঙ্গের চারিখানা তাস পরে পরে আসিলে "পঞ্চাশ"। যে পক্ষ পঞ্চাশ পায়, সে পক্ষ পঞ্চাশ ফোঁটা সংগ্রহ করিতে পারিলে জয়ী হয়। সে খেলায় অন্য পক্ষ ইস্তক পাইলে পঞ্চাশ ফোঁটার পরিবর্তে ষাটি ফোঁটা রাখিলে জয় হয়। ইস্তক লইয়া পঞ্চাশ হইলে না খেলিয়াই জয় হয়। চারি রঙ্গের গোলাম, কিংবা বিবী, কিংবা সাহেব, কিংবা টেক্কা এক হাতে আসিলে; অথবা একই রঙ্গের পাঁচ-খানা তাস পরে পরে আসিলে "শ" হয়। শ পাইলেও না খেলিয়া জয় হয়। এক পক্ষ ক্রমে ক্রমে পাঁচবার জয়ী হইলে সে পক্ষ অন্য পক্ষের বিরুদ্ধে "পঞ্জা" তাস ধরে। এক পক্ষ একটীও পিট না পাইলে অন্য পক্ষ জয়ী হইয়া "ছক্কা" তাস ধরে। পঞ্জা হইবার সময় ছক্কা হইলে দুইএ মিলিয়া "বম" হয়। তুরুপ করা—তুরুপ রঙ্গের তাস দেওয়া। ফেরাই

(ইং free ?)··বে-রঙ্গের এমন তাস যাহার উচ্চ তাস আর না থাকে। টেক্কা সকলের উচ্চ, সাতা নীচু।

তাসন···ষ্য. (সং ত্রসর; যথা, ত্রসরঃ সূত্রবেষ্টনম্—হেমঃ। তসর পাট বুনিবার পূর্বে মাঁড় মাখানা, প্রঃ—তাসন করিয়া নাম বলাইল জোলা (কবিকঃ); সূতা প্রসারিত করা, মাঁড় মাখানা, ফেরানা প্রভৃতি পাটি।

তাসা···ষ্য. (আং)। আনদ্ধ বাদ্যবিশেষ। ···তাস শব্দ দেখ।

তাহা ··সর্বনাম. (সং তৎ)। সে (মানুষ, দ্রব্য, গুণ, কর্ম)। তা দেখ।

তাহাঁ, তাঁহা ··সর্বনাম. (সং তৎ)। সে (মান্য দেবতা মানুষ)। ··ব্য. (হিং তহাঁ)। সেখানে, প্রঃ—ঠাঁরি রহল তাহাঁ যাই (জ্ঞানদাস)। তাহাঁতক ··ব্য. সে পর্যন্ত। তুং কাহাঁতক, যাহাঁতক।

তিউড়ী···ষ্য. (সং ত্রিপুটা, ত্রিবৃতা, ত্রিবৃৎ—অঃ)। কলম্বী-আদি বর্গের বৃহৎ রোহিণী-বিশেষ (Operculina turpethum, Ipomœa turpethum)। লতার গায়ে ডেনা বা পুট আছে। পাতা বড় বড়, ফুল বড় বড় শাদা পঞ্চদল। ফল চারি কোণা, পাকিলে উপর দিকে পেড়ার ডালার মতন খসিয়া যায়। বীজ কাল। মূল রেচক বলিয়া খ্যাত আছে। (২) (সং ত্রিপুটী)। খেঁসারি কলাই। (৩) মিশ্রিত তিন জাতীয় দাইল।

তিক · ষ্য. (তাক দেখ)। লক্ষ্য।

তিকিচ্ছা (গ্রাং) ··ষ্য. (সং চিকিৎসা)। চিকিৎসা (গ্রাং চিকিচ্ছা—তিকিচ্ছা)।

তিকুড়···ষ্য. (সং তবক্ষীর—শব্দকল্পঃ)। দেশী পালোবিশেষ। আরারুট দেখ।

তিক্তরাজ ··ষ্য. (বাং নাম। সং নাম রোহিতক। ওং বাং রোহাণ)। নিম্বাদি বর্গের তরুবিশেষ (Amoora rohituka)। গাছের মাথার দিকে বহু শাখা। কাঠ নিম-কাঠ অপেক্ষা অল্প লোহিত। পাতার ধার কাটা নহে। কোমল পাতা রোমশ। পর্ণ ৫-৭ জোড়া। ফুল ছোট, শাদা, ত্রিদল। ফল পাকিলে তিন খণ্ডে ফাটিয়া যায়। (অমরে, রোহিতকঃ প্লীহশত্রুর্দাড়িমপুষ্পকঃ—রোহিতকের ফল দাড়িমপুষ্প তুল্য)।

তিক্তশাক ··ষ্য. (সং—অঃ)। বরুণ গাছ দেখ।

তিক্ষ (গ্রাং)·ণ. (সং তিক্ষ্ণ)। তিক্ষ্ম, প্রঃ—তিক্ষ মেজাজের লোক।

তিখড়া ··ধাতু. (তিক্ষ+ড়া)। তিখড়াই—হঠাৎ বেগে লাফাইয়া উঠি, প্রঃ—জ্বরে ছেলে তিখড়াইয়া উঠে। তিখড়ানা।

তিজারৎ, তেজারৎ · ষ্য. (আং তিজারৎ)। বাণিজ্য ব্যবসায়। তিজারতী···ণ. ব্যবসায়-সম্বন্ধীয়।

তিজেল ··ষ্য (সং তিতিল—নাঁদা—শব্দকল্পঃ। পর্তুং Tigela—a small shallow metallic vessel হইতে ?)। তাই অপেক্ষা উচ্চ হাঁড়ী। ইহা চেপটা, কিন্তু বড়মুখা।

তিড়িং-বিড়িং ··ব্য. (তড়্-বড় দেখ)। এদিকে ওদিকে বক্রতায়, নর্তনে, প্রঃ—ছোট ও শীর্ণ ছেলে তিড়িং-বিড়িং করিয়া নাচে, লাফায়; চিংড়ি মাছ তিড়িং-বিড়িং করিয়া লাফায়। (তিড়িং-বিড়িং—

অনিয়ত ভাবে কৃশ দেহের নর্তন বা লম্ফন ; থপ্‌-থপ—স্থূল দেহের )।

তিত···ধাতু. ( সং তিপ ধাতু ক্ষরণ হইতে তিপ্ত ; তিপ্ত হইতে। তুং সং তপ্ত হইতে বাং তাত ধাতু )। তিতি—সিক্ত হই, প্রাঃ—রাত্রের হিমে কাপড়খানা তিতিয়া গিয়াছে ; তিতায় তিতিল দেহ ( চণ্ডীঃ )— তিক্তরসে তিতিল ; কান্দিয়া তিতায় মাটি সাধু হয়ে বেণে হয় চোর ( ভাঃ )। তেতা। তিতা ··ধাতু.'তিত ধাতু আস্তে'। তিতানা॥

তিতই···ষ্য. ( সং টিট্টিভ ? )। কূলেচর-বর্গের পক্ষীবিশেষ ( The lapwing. Sarcogrammus indicus )। ১৬।১৭ আঙ্গুল দীর্ঘ। চঞ্চু নাতিদীর্ঘ, পক্ষ দীর্ঘ, পদ দীর্ঘ, মাথা কৃষ্ণবর্ণ, পুচ্ছ শ্বেত ; চক্ষুর সম্মুখে লাল চর্ম-থলী ও চক্ষুর পশ্চাৎ হইতে এক শাদা ডোরা পিঠ পর্যন্ত বিস্তৃত থাকে। মাঠে জলের ধারে জোড়া জোড়া বসে, ও টিট্‌-টুটিট্‌ ডাকে।

তিতা ( গ্রাং তিঁতা ) ··ণ. ( সং তিক্ত)। তিক্ত। আ-তিতা···ণ. ঈষৎ তিক্ত, অ-তিক্ত।··· তিত ধাতু দেখ।

তি-তি···বা. ( তুং চিঁ-চিঁ, তু-তু )। পোষা পায়রা হাঁস প্রভৃতি ডাকিতে।

তিতি-বিরক্ত ( গ্রাং ) ··ণ. ( সং ত্যক্ত-বিরক্ত )। ত্যক্ত-বিরক্ত।

তিত্তির ··ষ্য. ( সং )। বিষ্কিরবর্গের ১৬।১৭ অঙ্গুলি দীর্ঘ পক্ষীবিশেষ (Partridge)। এক জাতি—গৌর-তিত্তির ( Grey partridge. Francolinus pondicerianus) পাংশুবর্ণ, তাহাতে গৌরবর্ণ তিলচিহ্ন থাকে। লোকে পোষে, খায়। গ্রামের ধারের পাহাড়ে বনে থাকে। কাল তিত্তির (Black partridge. Francolinus vulgaris ) পক্ষীর মাথার পার্শ্ব গলা বুক পেট কৃষ্ণবর্ণ। এই তিত্তির উত্তর-ভারতে দেখা যায়। পুং-তিত্তিরের পায়ে কাঁটা থাকে। আর এক জাতি (Arboricola torqueola ) হিমালয়ে দেখা যায়। ইহার মাথা খয়রা, বুক পাংশুবর্ণ। তিত্তির পক্ষী তি-তি করিয়া ডাকে।

তিথি···ষ্য. ( সং )। চান্দ্র মাসের এক দিন। জন্ম-তিথি···যে তিথিতে জন্ম হইয়াছে। তিথি মানা—স্মৃতি শাস্ত্রানুসারে তিথিকৃত্য করা। তিথির গ্রাং নাম—পিতিপদ্‌ (সং প্রতিপৎ ), দুতীয়া, ( সং দ্বিতীয়া), তিতীয়া ( সং তৃতীয়া ), চতুথী ( সং চতুর্থী ), দোয়াদশী ( সং দ্বাদশী ), তিরোদশী ( সং ত্রয়োদশী ), পুন্নমী ( সং পূর্ণিমা। ওং তেও পুন্নমী, কিন্তু গ্রাং নহে )।

তিন্ন ( গ্রাং ) ··ষ্য. (সং তৃণ )। তৃণ, প্রাঃ—মাঠে তিন্ন পর্যন্ত নাই।

তিন···ণ. ( সং ত্রিণি। ওং তিনি ; আসাং তিনি, তিন ; হিং তীন ; মং তীন। সং ত্রিণি হইতে তিনি, শেষের ই লোপে তিন। বাং উংতে প্রায়ই তীন)। ৩ সঙ্খ্যা,-সঙ্খ্যক। তিন-কড়ী ··তিনটা কড়ি দিয়া কেনা সন্তান, মানুষের নামবিশেষ। তিন কথা ··অশুভ কথা, গালি ( তিন সঙ্খ্যা বিযোড় ; বোধ হয় ইহা হইতে তিন সঙ্খ্যা অশুভ )। তিন কাল ··বাল্য, যৌবন, প্রৌঢ়ত্ব। তিন কাল গিয়া এক কালে ঠেকা—বার্ধক্য অবশিষ্ট। তিন কুল ··পিতা, মাতা, ও শ্বশুরের কুল। তিন কুলে কালি দেওয়া—

তিন কুলে দুর্নাম কলঙ্ক করা। তিন করা—অশুভ করা, প্রঃ—ছেলের তিন করি··অশুভ, মৃত্যু কামনা করি (ভর্ৎসনায়)। তিন দণ্ডী··(সং ত্রিদণ্ডী—সন্ন্যাসিবিশেষ)। বাংতে ব্রাহ্মণের তিন-গুণ তিন পইতা।

তিনি··সর্বনাম. (সং তৎ। প্রাচীন বাং তিঁহ, তেঁহ—সং তৎ শব্দের বহুবচনে তে। বাংতে গৌরবে বহুবচন ও অনুনাসিক)। মান্য পুরুষ ও স্ত্রীনির্দেশে কর্তাকারকে। অন্য কারকের বিভক্তি বসিলে তাঁ, তাঁহা হয়। যেমন, তাঁ-কে তাঁহাকে, তাঁর তাঁহার ইত্যাদি।

তিনিশ··ষ্য. (সং। অন্য সং নাম স্যন্দন। ইহা হইতে ও বন্ধন, হিং সন্দন)। শিম্বাদি-বর্গের আরণ্য তরুবিশেষ (Ougenia dalbergioides)। কাঠ শক্ত, ঈষৎ ইটবর্ণ, প্রায়ই বাঁকা। এই কাঠ দ্বারা রথের চাকা হয়। (এই হেতু সং নাম স্যন্দনো নেমী রথদ্রুঃ—অঃ)। বসন্তকালে পাতা ঝরিয়া পড়ে। বনে একত্রে অনেক জন্মে (এই হেতু সং নাম তিনিশ?)। বিহার, ওড়িশায়, মধ্যভারতে পাওয়া যায়।

তিপান্তর (গ্রাং)...ণ. (সং ত্রিপ্রান্তর)। বৃক্ষশূন্য তিনটা মাঠ যেখানে, প্রঃ—বৃহৎ তিপান্তর মাঠ।

তিপ্পান্ন, তেপ্পান্ন··ষ্য ণ. (সং ত্রিপঞ্চাশৎ)। তিন অধিক পঞ্চাশ সংখ্যা,-সংখ্যক; ৫৩।

তিমি··ষ্য. (সং)। (সংতে) মহাকায় মৎস্য বিশেষ (whale)।

তিয়র··ষ্য. (সং তীবর)। মৎস্যজীবী জাতি-বিশেষ; স্ত্রীং তিয়রনী। (২) (পুরীর সুলিয়া জাতির দেওয়া তেলুগু নাম)। সমুদ্রের বিজুলী মাছ (Narcine timlei)। গোলাকার দেহ, প্রায় এক হাত, পুচ্ছ দীর্ঘ। কাঁধের পাখনার কাছে বৈদ্যুতিক অঙ্গ আছে। এই হেতু এই মাছ ধরিতে গেলে হাতে বিক্ষোভ হয়, এবং সহজে কেহ ধরিতে চায় না।

তিয়াত্তর··ষ্য ণ (সং ত্রিসপ্ততি)। তিন অধিক সত্তরি সংখ্যা,-সংখ্যক; ৭৩।

তিয়ারী··ষ্য. (সং ত্রিপাঠী, ত্রিবেদী। হিং তিবারী। ওংতে তিআড়ী, ত্রিপাঠী—দুইই আছে)। তিন বেদ পড়িতে যোগ্য যে ব্রাহ্মণ। অধুনা, পশ্চিমা ব্রাহ্মণের উপাধি-বিশেষ। (তেওয়ারী দেখ)।

তিয়াষ··ষ্য. (সং তৃষা, স্বরবিপ্রকর্ষে তৃআষ—তিআষ—তিয়াষ)। তৃষা (পদ্যে)। (তির্ষা দেখ)।

তিরানব্বই, তিরানই...ষ্য. ণ. (সং ত্রিনবতি) তিন অধিক নব্বই সংখ্যা,-সংখ্যক; ৯৩।

তিরাশি··ষ্য. ণ. (সং ত্র্যশীতি)। তিন অধিক আশি সংখ্যা,-সংখ্যক; ৮৩।

তিরিশ (গ্রাং)···ত্রিশ দেখ।

তিরী (গ্রাং)··ষ্য. (সং স্ত্রী। তুং আসাং তিরী, তিরোত; ওং তির্লা)। স্ত্রী, নারী (প্রাচীন পদে)।

তিরী···ষ্য. তিন ফোঁটাযুক্ত তাস। (তাস দেখ)।

তিরোদশী (গ্রাং)...ষ্য. (সং ত্রয়োদশী)। ত্রয়োদশী তিথি।

তির্পল··ষ্য. (ইং tarpaulin)। আলকাতরা-মাখানা পাল।

তির্ষা··ষ্য (সং তৃষা। হিং তির্খা)। তৃষা।

তিল·ষ্য. (সং। ওং নাম খসা—সং খস্ খস

—পোস্ত; হিং তিল, মং তীল্‌ ; উর্দূ জিঞ্জলি)। কৃষিজাত তৈলপ্রদ প্রসিদ্ধ বীজ। শ্বেত ও কৃষ্ণ-ভেদে তিল দুই প্রকার। কৃষ্ণতিল-তৈল প্রসিদ্ধ। তিলের চাষ দুই সময়ে হয়, ভাদ্রমাসে—ভাদই, মাঘমাসে—মাঘী। মাঘী তিল কৃষ্ণতিল। শ্বেত কৃষ্ণ ব্যতীত আর এক তিল—কাট তিল আছে। বোধ হয় কটা রঙ্গের বলিয়া কটা—কাট। কিংবা গ্রীষ্মকালে পাকে বলিয়া কাট-(কাঠ-) তিল। গাছ বর্ষায়ুঃ শাকবিশেষ (Sesamum indicum)। আয়ুর্বেদে তিলতৈলের (Gingelly or Sesame oil) প্রশংসা আছে এবং বহুকাল হইতে এ দেশে তিল ভোজ্য হইয়া আছে। তর্পণ শ্রাদ্ধাদিতে যব তিল লাগে। তিল কেঁচকা ··তিলের শুঁটী ঝাড়িয়া লইলে যে শুকনা গাছ থাকে। (এইরূপ, সরিষার কেঁচকা)। (২) তিলাকার চিহ্ন (সং তিল, তিলকালক), আচিল, প্রাঃ—বাম নাসার উপরে আচিল। হৃদয়ে আছয়ে সাত তিল (কবিকঃ); (৩) অত্যল্প সময় (তাম্রীর ছিদ্রপথে ৩২ তোলা জল প্রবেশ করিলে এক পল সময় হয়। অসংখ্য তিলে এক তোলা হয়; সুতরাং এক তিল সময় অত্যল্প সময়, প্রাঃ—তিল তিল বাঢ়ি যায় (চণ্ডীঃ); (৪) তিলপ্রমাণ স্থান, অত্যল্প অংশ; (৫) এক কড়ার আশি ভাগের এক ভাগ। তিলা, তিলিয়া ··ণ. (তিল+আ, তিল+ইয়া)। তিলযুক্ত, প্রাঃ -তিলিয়া লাড়ু—(প্রায়ই শ্বেত) তিলযুক্ত লাড়ু; তিল-চিহ্নযুক্ত, প্রাঃ— তিলিয়া কোকিল। তিল-কাঞ্চন করা—কিঞ্চিৎ তিল ও স্বর্ণ দিয়া পিতৃমাতৃশ্রাদ্ধ করা। তিল তুলসী জল—লইয়া দান করিতে হয়, প্রাঃ—এ তনু সঁপেছি তিল তুলসী-দল দিয়া (জ্ঞানদাস)। তিলকে তাল করা —নগণ্যকে গণ্য করা। তিলার্ধ…ণ. (তিল +অর্ধ)। তিলের আধ; সূক্ষ্ম কাল, স্থান, অংশ। তিলেক ··ষ্য. (তিল+এক)। এক তিল সময়, প্রাঃ—তিলেক বিলম্ব নাহি চল মোরে লয়ে (ভাঃ)। তিলা-ফুটকিয়া ··ণ. (তিলা ও ফুটকিয়া; সহচর শব্দ)। তিলচিহ্ন ও ফুটকী-চিহ্নবিশিষ্ট। তিল-কুটা···ষ্য. (সং নাম তিলপিষ্টক)। কোটা তিল দিয়া রচিত তিলিয়া লাড়ু।

তিলক ··ষ্য. (সং)। ললাটাদিতে চন্দনাদির তিলাকার চিহ্ন (অন্য সং নাম তমালক, চিত্রক—৩ং চিতা)। প্রাঃ—হরিতাল তিলকে শোভিত হৈল ভাল (কবিকঃ)—বোধ হয় হরিতাল নহে, হরিতাল বর্ণের; কারণ গোরোচনার তিলক প্রসিদ্ধ। স্নানের পর মৃত্তিকার, হোমের পর ঘৃতাক্ত ভস্মের, তিলক-ধারণ বিধেয়। স্নানের পর পূজার পূর্বে দেহের দ্বাদশ স্থানে তিলক করিতে হয়; যথা,—ললাটে, কণ্ঠে, বাহুদ্বয়ে, বক্ষে, নাভিতে, পার্শ্বদ্বয়ে, কর্ণদ্বয়ে, মস্তকে, পৃষ্ঠে। স্নানের পর ব্রাহ্মণ ও বৈষ্ণবের ললাটে ঊর্ধ্ব-পুণ্ড্র—দুই ঊর্ধ্বরেখা; ক্ষত্রিয়, শাক্ত ও শৈবের ত্রিপুণ্ড্র—তিন ঊর্ধ্বরেখা; বৈশ্যের অর্ধচন্দ্র; শূদ্রের বর্তুল তিলক, করা বিধি। তিলকমাটি…তিলক করিবার মৃত্তিকা, গঙ্গা-মৃত্তিকা, বৃন্দাবনের মৃত্তিকা, কিংবা অন্য চিক্কণ মৃত্তিকা। এই মৃত্তিকা মৃদ্বর্ণ কিংবা পীতবর্ণ। কদাচিৎ গৈরিকমৃত্তিকা। তিলকা

...তিলক (অলকা দেখ)। তিলক-কামোদ ...রাগরাগিণী দেখ।

তিলী·· ষ্য. (সং তিলিন্ ?)। তিলবিক্রেতা; হিন্দু জাতিবিশেষ। স্ত্রীং—তিলিনী। (তেলী দেখ)।

তিষ্ঠ...ধাতু. (মূলে নামধাতু, সং তিষ্ঠ ক্রিয়াপদ হইতে)। তিষ্ঠি—থাকি, প্রঃ—তিষ্ঠিতে পারিলাম না। তিষ্ঠানা॥ (এখানে নামধাতুর লক্ষণ)।

তিসী · ষ্য. (সং অতসী। ওং নাম ফেসি; হিং তীসী, অলসী; মং অতশী)। কৃষিজাত তৈলপ্রদ বীজবিশেষ (Linseed)। অন্য নাম মসীনা। শীতকালের ফশল। ফুল পঞ্চ-দল, আকাশনীলবর্ণ। তিসী গাছের (Linum usitatissimum) বল্কল হইতে পূর্বকালে ক্ষৌমবস্ত্র—খুঞা (linen) প্রস্তুত হইত। কিন্তু আশ্চর্য এই, অধুনা বীজের নিমিত্ত তিসীর চাষ হইতেছে, তিসী গাছের ছাল হইতে যে সূত্র (flax) হইতে পারে, তাহা কৃষকেরা জানে না। আরও আশ্চর্য, যে গাছে ভাল বীজ হয়, সে গাছের ছালে সূত্র ভাল হয় না। অতসীকুসুম-শ্যাম—অতসীপুষ্প নীলবর্ণ; কেহ কেহ শণ বৃক্ষ মনে করিয়া পীত-বর্ণ অর্থে অতসীপুষ্পবর্ণ লিখিয়াছেন। (অমর-টীকায় জালসূত্রোপযোগি শণ ইতি খ্যাতে)।

তিঁহ...সর্বনাম. (সংতে বহুবচন)। তিনি (প্রাচীন বাং)।

তিহাই···ষ্য. (সং তৃতীয়। হিং)। তৃতীয় অংশ; তৃতীয় ব্যক্তি বা মধ্যস্থ। (তাল শব্দে তেহাই দেখ)।

তীখড়, তোখড় ··ণ. (সং তীক্ষ্ণ—ষ স্থানে খ, ণ স্থানে ড়)। তীক্ষ্ণ, তীক্ষ্ণবুদ্ধি।

তীত···ণ. (সং তিক্ত)। তিতা (চণ্ডীঃ)।

তীয়র···তিয়র দেখ।

তীর...ষ্য. (সং)। নদ্যাদির তট। তীরস্থ করা · মৃত্যু নিমিত্ত গঙ্গাতীরস্থ করা।

তীর···ষ্য. (ফাং)। বাণ, শর। তীর ছোড়া, চালা, মারা—তীর নিক্ষেপ। তীরন্দাজ...ষ্য. (ফাং)। শরনিক্ষেপক। তীর ··শাঙ্গা হইতে চাল তুলিয়া ধরিয়া রাখিবার লম্বভাবে স্থাপিত কাঠ। তীরের উপরে পাড়ি স্থাপিত হয়। শাঙ্গার উপরে যে কাঠের আধারে তীর দাঁড়ায়, তাহাকে বইঠনা (বা, বৈঠনা) বলে।

তীর্থ···ষ্য. (সং)। পুণ্যক্ষেত্র। তীর্থ করা—তীর্থ দর্শন করা, তীর্থে কৃত্য করা।

তু ··তু তু দেখ।

তুই···সর্বনাম. (সং ত্বং। ওং হিং তু, মং তূঁ)। নীচ ব্যক্তির প্রতি; আদরে বাৎসল্যে দেবতা ও মনুষ্য প্রতি। বিভক্তি যোগ হইলে তুই স্থানে তো হয়। যথা,—তোকে, তোর। তুই-তো-কারি...ষ্য. তুই, তোর শব্দ প্রয়োগ (অসম্মানে)।

তুক···ষ্য. (সং তান্ত্রিক ?)। কুহক, উপায়, প্রঃ—তুক করা। তুক-তাক···(তাক উপচর শব্দ)। কৌশল, উপায়।

তুক্-তুক···ব্য. ধুক্-ধুক দেখ, প্রঃ—প্রাণ তুক্-তুক করে—হৃৎপিণ্ড ধুক্-ধুক করে। তক্-তক দেখ।

তুচ্ছ...ণ. (সং)। অসার, হীন। তুচ্ছ-তাচ্ছল্য ...(তুচ্ছ হইতে তাচ্ছল্য)। হেয় জ্ঞান। (তাচ্ছল্য, তাচ্ছিল্য দেখ)।

তুড় ··ধাতু. ( সং তুট ধাতু কলহ করণে, তুড ধাতু ভেদে, তুদ ধাতু পীড়নে )। তুড়ি—পীড়ন করি, হিংসা করি, ভাঙ্গি। তোড়, তোড়া, তুড়ন, তুড়ি ॥ তোড়া · ধাতু. ( তুড় ধাতু আছে )। তোড়ানা ॥ নদীর তোড় ·· প্রবলবেগ ; মুখের তোড়···শব্দবহির্গমন-বেগ, বাগ্মিতা ( তোড় দেখ )।

তুড়্-তুড়ি ··ষ্য. (অনুকার শব্দ। তু° থুৎকার)। ঠোঁটে ঠোঁটে লাগাইয়া তুড়্ তুড় ধ্বনি। তুড়্-তুড়ি খেলা · ছেলেদের তুড়্-তুড়ি শব্দ করা। ছেলের মা বলেন, তুড়্-তুড়ি খেলিলে জ্বর হয়। কারণ ছেলের গায়ে থুতু পড়ে।

তুড়ি··ষ্য. (তুড় ধাতু ভেদ হইতে)। অঙ্গুলি-স্ফোট, দুই অঙ্গুলির পরস্পর ঘর্ষণে শব্দ। ( তুড়ি দেওয়া )। তুড়ি মারিয়া চলিয়া গেল —অবজ্ঞায় অঙ্গুলিস্ফোট করিয়া।

তুড়ি-লাফ ( গ্রা° থুড়ি লাফ ) ··ষ্য. ( সং ত্বরা হইতে তুড়ি )। ত্বরিতে লম্ফ, প্রঃ—ছেলে তুড়ি-লাফ খাইয়া উঠিতেছে—অকস্মাৎ লাফাইয়া উঠিতেছে।

তুড়ী···তোড়ী দেখ। রাগরাগিণী দেখ।

তুতিয়া, তুঁতিয়া ··ষ্য. (সং তুত্থ,তুত্থক—তুতা, +ইয়া—স্বার্থে তুতিয়া, তুঁতিয়া গ্রা° )। তু° ও° তুতিআ, হি° তুথা, ম° মোর-চূত ( সং ময়ূরতুত্থ)। তাম্রঘটিত নীলবর্ণ উপরস বিশেষ ( Blue stone. Copper sulphate )।

তুতী···ষ্য. ( ফা° । হি° )। শাখাশ্রয়ী বর্গের পক্ষীবিশেষ (The rose finch. Carpodacus erythrinus )। ছোট, ৭.৮ আঙ্গুল। মাথা গলা বুক গোলাপী, পিঠ খয়রা, বসন্তকালে রক্তবর্ণ হয়। শীতকালে এ দেশে আসে। লোকে পোষে। তুৎ-ফল খায় বলিয়া নাম তুতী।

তুৎ-বলাঙ্গা···ষ্য. ( ? )। বৃক্ষবিশেষের তোক-মারির মতন বীজ। এই বীজ সরু, লম্বা, কৃষ্ণবর্ণ ; জলে ফেলিলে ফুলিয়া উঠে। ( তোকবলাঙ্গা ? )।

তুঁৎ · তূৎ দেখ।

তুঁদ, তুন তূঁদ, তূন দেখ।

তুন্দুর ··তন্দুর দেখ।

তুফান · ষ্য. ( আ° ) আ°তে প্রবল ঝড়-বৃষ্টি। ( এই অর্থে ও° হি°তে )। বা°-তে ঝড়ে জাত জলের প্রবল তরঙ্গ। ( সমুদ্রের তুফান, নদীর ঢেউ )।

তুবড়া ধাতু. ( সং তুবর—কষায়—অঃ। কষায় রসে চর্ম সঙ্কোচ করে। ইহা হইতে তুবরানা—তুবড়ানা )। তুবড়াই—চর্মাদি কুঞ্চিত হই, প্রঃ—বুড়া হইলে গাল তুবড়াইয়া যায়। তুবড়ানা ॥ ( কখন কখন তুবড় ধাতু পদও শোনা যায়,যথা,—আম শুখাইয়া তুবড়িয়া গিয়াছে। এই তুবড় ধাতু হইতে তোবড়া )।

তুবড়া ··ষ্য. ( সং তুম্ব—লাউ হইতে তুম্বরী। হি° তোঁবী, ম° তুম্বারী। তু° তুম্বুরা, তাম্বুরা )। বাজিকরদিগের বাঁশীবিশেষ। এই বাঁশীর গোড়ায় লাউ-খোলার বায়ু-কোষ থাকে ( বিশেষতঃ দক্ষিণ-ভারতের বাজিকরদিগের )।

তুবড়ী...ষ্য. ( সং তুম্ব—লাউ হইতে ? তু° হি° তোমড়ী। তড়্-বড় করিয়া ফোটে বলিয়া তড়্-বড়ি—তুবড়ী ? )। অগ্নিবাণ-বিশেষ। তুম্ব— লাউ আকারের মাটির ভাঁড়ে বারুদ ও লোহার চুর থাকে। মুখে অগ্নি-

সংযোগে লোহার চুর স্ফুলিঙ্গ আকারে উৎক্ষিপ্ত হয়। (চাঁপা ফুলের সাদৃশ্যে ও° নাম চম্পা)।

তুম-তানা-নানা ··ষ্য. (অনুকার শব্দ)। গীত গাইবার সময় স্বরবিন্যাস।

তুমর ··ষ্য (আ° তুমার)। দীর্ঘ হিসাব, মোট হিসাব (জমিঃ)।

তুমি ·সর্বনাম. (স° ত্বং। প্রাচীন বা° তুহ্মি। ও° তুম্ভে)। মান্য ব্যক্তির প্রতি কর্তাকারকে। বিভক্তিযোগে তুমি স্থানে তোমা হয়; যথা,—তোমাকে, তোমার, তোমা দ্বারা।

তুমুল ··ষ্য. ণ. (স° তুমুল—রণসঙ্কুলে)। ব্যাকুল রব, বিশৃঙ্খল, বিষম, প্রঃ—তুমুল কাণ্ড, ব্যাপার।

তুম্ব ··ষ্য. (স°)। অলাবু; সেতারাদি যন্ত্রের লাউ।

তুম্বুরু ··ষ্য. (স°—ভাবপ্রকাশে। হি° নাম তেজবল)। নারাঙ্গাদি বর্গের ছোট কণ্টকী তরুবিশেষ (Zanthoxylum alatum)। কাঠ শাদা, ঘন। পাতা অভিমুখী; পাতার বোঁটায় পাখা আছে। ফুল ছোট ছোট পীতবর্ণ। পুং-স্ত্রী বৃক্ষ পৃথক্। ফল পাকিলে ফাটিয়া যায়। বীজ উজ্জ্বল কৃষ্ণবর্ণ। ইহা নেপালী ধনিয়া নামে বাজারে বিক্রয় হয়। শূলঘ্ন বলিয়া ঔষধে লাগে। হিমালয়, দার্জিলিঙ্গ, খাসিয়া পাহাড়ের গাছ।

তুয়া, তুআ ··সর্বনাম. (স° তব—সম্বন্ধপদ হইতে)। তোমার, প্রঃ—তোমারে ছাড়িয়া যে সুখে আছিনু, নিবেদি যে তুয়া পায় (চণ্ডীঃ)।

তুরক, তুরুক ··ষ্য. (স° তুরুষ্ক হইতে) তুরুষ্ক দেশের লোক, তুর্কী। তুরক-শওয়ার, তুরুক-শওয়ার ··তুর্কী অশ্বারোহী সৈন্য। (চৈঃ চঃতে তুড়ুক)। তুরকী···ণ. তুরুষ্ক-দেশজাত (লোক, ভাষা)।

তুরপন ··ষ্য. (ফা° তুরফান। তু° ফরাসী turbinc)। সূত্রধরের ভ্রমর যন্ত্র।

তুরিতে (গ্রা°) ব্য. (স° ত্বরিত)। শীঘ্র।

তুরী ষ্য. (স° তূর্য হি° তুরঈ তু-তু কিংবা পেঁ-পেঁ ধ্বনিকারী শিঙ্গাবিশেষ (bugle)। পিতলের দীর্ঘ নলের এক মুখে ধুতুরা থাকে, অন্য মুখে ফুঁকিতে হয়।

তুরপা···ধাতু (তুরপন হইতে?)। তুরপাই —সোজা সেলাই করি। তুরপানা॥ (বোধ হয় ধাতুটি তুরপ। তু° হি° তুরপনা)।

তুরস্ক, তুরুষ্ক ··ষ্য. (স° তুরুষ্ক)। তুর্কী দেশ; আনীলহরিত মণিবিশেষ (ফরাসী turquois—turkish)।

তুরুক...ষ্য. (তুর্ক)। তুর্কী সেনা। (চৈঃ চঃ-তে তুড়ুক)। তুরুক-শওয়ার···অশ্বারোহী সেনা।

তুরুপ···ষ্য. (পর্তু° trunfo। ই° trump)। তাস খেলা দেখ।

তুরুম ··ষ্য. (?)। কাঠের আধার যাহার ছিদ্রে দোষীর পা কিংবা পা-হাত প্রবেশ করাইয়া রাখিয়া শাস্তি দেওয়া হইত (ই° stocks)।

তুর্কী...ষ্য. (তুর্কী)। তুরস্কদেশজাত, সে দেশের লোক, ভাষা, ঘোড়া।

তুর্মলী, তুর্মলীন ষ্য. (ই° tourmaline। সিংহলী নাম। স° ত্রিবল্লী আধুনিক নাম)। সিংহলের মণিবিশেষ।

তুল ··ধাতু. ( সং উৎ-তুল ধাতু উত্তোলনে )। তুলি—উত্তোলন, উদ্‌গীরণ, উৎপাদন, নিষ্পাদন, সংগ্রহ, রক্ষণ করি, প্রঃ—মুখ তুলিয়া চায় না, দুধ তুলিয়া ফেলিয়াছে—বমন, ধান হইতে দশ টাকা তুলিয়াছে—উৎপাদন, জমি তুলিয়া দেওয়া—অন্যের জমিতে কৃষি নিষ্পাদন, কাপড় তুলিয়া রাখা—রক্ষণ। তোলা॥ তোলা কাপড় ··যে কাপড় যত্নে তুলিয়া রাখা হয়, কদাচিৎ পরা হয়। হাটের তোলা ··পণ্য দ্রব্য যাহা তুলিয়া লইতে পারা যায়। গা তোল-তোল করা—বমি বমি করা। তোল-পাড়া, তোল-পাড়...ষ্য. উত্তোলন ও পাতন, ব্যাকুলতা, বিহ্বলতা। তোলা · ধাতু. ( তুল ধাতু আস্তে )। তোলানা॥ তোলানা ·· বমন। তোলানি ·· ( তোল+পানি )। বমিত পানি ও অন্যান্য দ্রব্য। ( তুল ধাতুর বমন অর্থ অধিক প্রচলিত নাই, সে অর্থে তোলা ধাতু ( সং উৎ-তোলিত ) অধিক শুনিতে পাওয়া যায়; প্রঃ—দুধ তোলাইতেছে )।

তুল ( গ্রা° ) ··ষ্য. ( সং তুমুল )। তুমুল, বিবাদসঙ্কুল, প্রঃ—তুল বাধিয়াছে—তুমুল ব্যাপার ঘটিয়াছে।

তুল···তূল দেখ।

তুল-কালাম · ষ্য. ( আ° তুলকলাম—দীর্ঘ বাক্যবিন্যাস )। দীর্ঘ সমালোচনা, বিবাদ।

তুল-তুফান...ষ্য. তুমুল তুফান, তুলকালাম।

তুল্-তুল ··ব্য. ( সং তুল ধাতু বহির্গমনে, নিঃসারণে )। যাহা অন্তর্গত, তাহার বহির্গমনে, প্রঃ—ভয়ে প্রাণ তুল্-তুল করে—যাই-যাই করে। (২) ( সং তূল হইতে )। তুলাসাদৃশ্যে, তুলাতুল্য কোমলতায়, প্রঃ—ছেলের গা এত নরম যে, তুল্-তুল করিতেছে। তুল্-তুলা, তুলতুলিয়া ··ণ. যাহা তুল্-তুল করে। তল্-তল দেখ।

তুলসী···ষা. ( সং )। প্রসিদ্ধ ক্ষুপ; পত্র দিয়া বিষ্ণুপূজা হয়। এ কারণ প্রায়ই বিষ্ণুমন্দিরের নিকটে গাছ ( Ocimum sanctum ) রোপিত হইয়া থাকে। এই গাছের গোড়া মোটা হয়, এবং কুঁদিয়া তুলসীর মালা করা হয়। ফুলের বোঁটা যত লম্বা, ছদ ( বাহিরের আহরিত আবরণ) তত লম্বা। ( ও° নাম লণ্ডা বগুলি )। কৃষ্ণ-তুলসী ··ষ্য. ( সং )। তুলসীর জাতিবিশেষ। ফুল আরক্ত, ডাঁটা কৃষ্ণরক্ত, পাতা সুগন্ধ। বাবই তুলসী ··ষা. ( সং বর্বর, বাবয়। অন্য সং নাম অজগন্ধিকা। ও° নাম দুলভা—বোধ হয় ভুলে সং দুরালভা হইতে )। ফুল শাদা, ডাঁটা সবুজ, গাছ সুগন্ধ ( Ocimum basilicum )। কোথাও কোথাও গুলাল তুলসী বলে। রামতুলসী ··ষ্য. তুলসীসদৃশ ক্ষুপবিশেষ ( Ocimum gratissimum )। উদ্যানে রোপিত হয়, কারণ গাছ অতি সুগন্ধ। ফুল শাদা আপীত। ঠাকুরকে তুলসী দেওয়া—মঙ্গলকামনায় শ্রীহরির চরণে অর্পণ। তুলসী মারা—গোল আলু, বেগুন প্রভৃতি কৃষিজাত গাছের রোগবিশেষ। গাছের পাতা বিকৃত হইয়া তুলসীপাতার মতন ছোট হয়। রোগের কারণ এক জাতি সূক্ষ্ম উদ্ভিদ।

তুলা···ষা. ( সং )। তুল বা উন্মানদণ্ড; শতপল পরিমাণ ( সংতে প্রয়োগ ); তুলা-

রাশি; স্তম্ভোপরিস্থিত কাষ্ঠ বা তোড়া। তুলা দান ··দানকর্তার দেহের ভারের সমান স্বর্ণ-রৌপ্য-ধান্যাদি দান। তুলা করা—তুলাদান করা। তুলা-কোটি ··ষ্য. (সং)। নূপুর, প্রঃ—কবিকঃ।

তুলা ··ষ্য. ( সং তূল্ )। কার্পাসাদি। কাপাস তুলা ··কার্পাস। শিমুল তুলা ··শিমুল ফলের অন্তর্গত তুলা। এইরূপ, আকন্দ-তুলা। ( সং তূল্ শব্দের বিকারে তুলা। তূল্ শব্দও চলিত আছে )। তুলা-ধোনা করা—কাপাস তুলাকে যেমন ধনুক দিয়া ধুনিয়া বিপর্যস্ত করা হয়, তেমন করা। তুলা-ফুড়কী···ষ্য. ( সং নাম তুন্নবায় )। পক্ষীবিশেষ। গাছের পাতা ফুড়িয়া সেলাই করে বলিয়া নাম। টুন্‌টুনী দেখ।

তুলারু ··ষ্য. (বাং নাম, কিন্তু, অধুনা অপ্রচলঃ )। বন্য চতুষ্পদবিশেষ (শশক ? কান তোলা থাকে বলিয়া ? ), প্রঃ—বায়ু ভর করি ধায় তুলারু ঘোড়ারু ( কবিকঃ )।

তুলি···ষ্য. তুলি দেখ।

তুল্যমূল্য···ণ. ( সং )। সমান মূল্যবান্, প্রঃ—স্তুতিনিন্দা মৃত্তিকা মাণিক্য তুল্যমূল্য (ভাঃ)।

তুষ ··ধাতু. ( সং তুষ ধাতু )। তুষি—তুষ্ট করি, প্রঃ—এত তুষিয়াও মন পাইলাম না। তোষা ॥ তোষা...ধাতু. ( তুষ ধাতু আস্তে )। তোষানা ॥

তুষ, তুঁষ ··ষ্য. ( সং তুষ )। ধানের ত্বক্। তুষমাটি ··ষ্য. ( তুষ+মাটি )। তুষমিশ্রিত মৃত্তিকা লেপকর্ম। খড়টির পরে ও পাটটির পূর্বে প্রতিমায় তুষমাটি কর্ম করা হয়।

তুষানল...ষ্য. ( সং )। তুষের অগ্নি, যাহা অল্পে অল্পে পুড়িতে থাকে। তুষ-তুষলি ··ষ্য. বালিকাদের ব্রতবিশেষ। পৌষ মাসে কৃত্য। নূতনধানের তুষ ও গোবর দূর্বা দিয়া ডেলা করা হয়। পরে সরিষা ফুল দিয়া পূজা হয়। স্বামীর ধনধান্য-কামনায় ব্রত।

তুস্‌কা ( উং তুষ্‌কো )...ষ্য. ( ? সং তুচ্ছ হইতে ? হিং তুছ—তুচ্ছ হইতে ? তেসরা হইতে ? )। ইহা নয় উহা নয়, এমন কাজ, প্রঃ—এত তুস্‌কা করিতে পারি না; তুস্‌কা হবে—কিছুই হবে না ( কারণ ইহা উহা না হইলে আর কি হবে )।

তুহুঁ···সর্বনাম. (সং ত্বং হি)। তুমি-ই (প্রাচীন পদে)।

তুহ্মি ··সর্বনাম. তুমি দেখ। ( প্রাচীন বাং )।

তূ, তূ-তূ ··বা. কুকুরকে ডাকিবার শব্দ। ( কুকুর ছানা ডাকিতে কুর্-কুর্। বাং তূ, তূ-তূ; ওং ছুঃ ছিঃ; হিং তো তো; মং ছু-ছু—কুকুর তাড়াইবার শব্দ। হিং তো, মং ছু—কুকুর লেলাইবার শব্দেও )।

তূৎ, তুঁৎ ··ষ্য. ( সং তূদ, নূদ। নূদঃ—অশ্বত্থাকারে ব্রহ্মদারুণি—অঃ-টী। কিন্তু, তূৎ গাছ অশ্বত্থাকার ? তূৎ গাছের পাতা অশ্বত্থ-পত্রাকার। তূদ—ভাবপ্রকাশে। আং তূৎ)। কৃষিজাত ক্ষীরী ক্ষুপ বা ক্ষুদ্র তরুবিশেষ (Morus indica)। পাতা একোত্তর। ইহার পাতা তূৎ পোকা বা রেশম পোকার খাদ্য। পাকা ফল (mulberry) অম্লমধুর, মানুষের খাদ্য। শীতকালে ফল পাকে। তূৎ-পোকা···যে পতঙ্গ তূৎপাতা খাইয়া বাঁচে, পাট-পোকা।

তূন, তূঁদ...ষ্য. ( সং তুন্ন। হিং তূন; ওং নাম মহানিম্বু—মহানিম্ব। অন্য সং নাম নন্দীবৃক্ষ—নন্দি আনন্দকর বলিয়া। কিন্তু,

অন্য সং নাম কুবেরক—কুৎসিতদেহত্বাৎ —অঃ টীঃ। এক বৃক্ষের এমন দুই বিপরীত নাম হইয়াছে ? তুন গাছ দেখিতে কুৎসিত নহে)। নিম্বাদিবর্গের উচ্চ তরুবিশেষ (Cedrela toona)। কাঠ (Indian mahogany) লঘু কোমল লাল, পাকা মেহগনি কাঠের মতন, কিন্তু আঁশ মোটা। ফুল শাদা শাদা, ছোট। বীজ চেপটা, বীজের দুই দিকে ডেনা আছে।

তুল…ষ্য. (সং তুলা)। তৌল করিবার এক-পাল্লা যন্ত্র, প্রঃ—পরাণরতন পিরীতি পরশ, জুকিনু হৃদয়-তুলে (চণ্ডীঃ)। তুল ডাঁটী… তুলের দণ্ড, প্রঃ—তুলডাঁটী পারা দুটী হস্ত দেখ মোর (রামেশ্বরের শিবায়ন)।

তূল, তুলা…ষ্য. (সং তূল, তূলক)। কাপাস শিমুল প্রভৃতি ফলের রোআ (সং রোম। তুং হিং রূঈ—বাং কাপাস)। তূলট…ণ. (তূল+ট নির্মিত অর্থে)। তূল দ্বারা নির্মিত কাগজ। পূর্বকালে তূলর কাগজ করিয়া হরিতাল ও তেতুল বীজের কাই লেপিয়া পরে গিলা দ্বারা চিক্কণ করা হইত। তূলি… ষ্য. (সং)। চিত্রসাধনী। হয় ত প্রথমে তূলর বর্তিকা ছিল, এখন ছাগাদি পশু-লোমে তূলি নির্মিত হইয়া থাকে। তূলী… ষ্য. (সং)। তূলময়ী শয্যা, তোষক, প্রঃ—কবিকঃ, চৈঃ চঃ। তূলি, তুলি ষ্য. (সং তূলি—আকাশ হইতে)। চাঁদোয়া, প্রঃ—নেতপাট সিংহাসন উপরেতে তুলি (কৃত্তিঃ); হুগলিয়া তুলি (কৃত্তিঃ লং)—তোগ.ার ঝাঁপ।

তে…ণ. (সং তৎ)। সে, প্রঃ—তে কারণে —সে কারণে।

তে…ণ. (সং ত্রি)। তিন,—এই অর্থে অন্য শব্দের পূর্বে বসে, যথা, তে-কোণা… ত্রিকোণ, তে-ঘর…তিন ঘর, তেইশ…তিন +বিশ, ইত্যাদি।

তেঅড়া ণ. (সং তির্যক্—তির্ঝা—তিঅরা —তেঅড়া। তেরচা দেখ)। তির্যক বক্রীভূত।…ধাতু. তেঅড়াই—বাঁকি, ৫ঃ—কাঁচা কাঠের পাটা রোদে তেঅড়াইয়া যায়। তেঅড়ানা॥

তেউড়…ষ্য. (সং ত্রিপুট—শর হইতে ?)। কলা, বাঁশ, আখ প্রভৃতি গাছের পাশের শাখা হইতে জাত চারা, অন্য নাম পুঁকী (ওং ওধি, উধি)।

তেউড়ি…তিউড়ী দেখ।

তেঁই, তেঞি ব্য. (সং তৎশব্দের তৃতীয়া তেন সংপ্রাঃ তেহিঁ)। তে কারণে, সে হেতু, প্রঃ—আছি তেঁই তরুতলে বসে (রাম-প্রসাদ)। (অপ্রচলঃ। অধুনা, তাই)।

তেইশ…ষ্য. ণ (সং ত্রয়োবিংশতি)। তিন অধিক বিশ সংখ্যা,-সংখ্যক; ২৩। তেইশা, তেইশে…ষ্য. (তেইশ+আ,+ইয়া)। তেইশ দিনে কৃত্য, তেইশ দিনের দিন।

তেওয়ারী…ষ্য. (সং ত্রিবেদী। হিং তিবারী)। ব্রাহ্মণের উপাধিবিশেষ।

তে-কাঁটা মনসা, তে-শিরা মনসা…ষ্য. (সং ত্রিকণ্ট। অন্য সং নাম বজ্রী, বজ্রদ্রুম। মনসাতে কোথাও কোথাও সিজ বলে, বজ্রদ্রুমকে বাজবারণ বলে। বাস্তবিক, বজ্রবৎ দৃঢ় কাঁটা আছে বলিয়া বজ্রদ্রুম। সামান্য লোকে মনে করে, এই গাছের গুণে বাজ পড়ে না। গাছের অঙ্গপ্রত্যঙ্গাদিতে বিশেষ দেখিলে সামান্য লোকে সে গাছের

বিশেষ গুণ অনুমান করে। তু° বাঘনখা গাছের বীজ বাঘের নখের মতন, অতএব তাহা সাপে কাটার ঔষধ। ঈষুব, ঈশের মূলের গাছের ফুল বিচিত্র, অতএব তাহা সাপে কাটার ঔষধ, ইত্যাদি)। স্নুহি-আদি বর্গের ক্ষীরী বৃক্ষবিশেষ (Euphorbia antiquorum)। প্রায়ই বেড়াতে জন্মে, ১২।১৩ হাত উচা হয়। তিন সারি কাঁটা, তিনটা শিরা আছে বলিয়া বা° নাম। পাতা ছোট ছোট, অত্যল্প; তাহাও খসিয়া পড়ে। সুতরাং পাতাহীন দেখায়।

তে-কাঠা...ষ্য. (স° ত্রিকাষ্ঠক)। তিনটা কাঠে নির্মিত আধার; তে-পায়া।

তে-কোণা...ণ. (স° ত্রিকোণ)। তিনকোণ-বিশিষ্ট।

তেখন (গ্রা°)..বা. (স° তৎক্ষণ)। তেক্ষণ, তখন।

তে চল্লিশ..ষ্য. ণ. (স° ত্রয়শ্চত্বারিংশৎ, ত্রিচত্বারিংশৎ)। তিন অধিক চল্লিশ সঙ্খ্যা, -সঙ্খ্যক; ৪৩। (অনুরূপ, তেতাল্লিশ)।

তে-চোখো..ষ্য. (তে+চোখ+উয়া)। ক্ষুদ্র মৎস্যবিশেষ, তিন চারি আঙ্গুল। যেন ক্ষুদ্র খরশুলা। পিঠে পাখনা নাই, পুচ্ছের নিকট উপরে নীচে পাখনা। মুখ বিস্তৃত। লেজ সোজা, ফিঙ্গার মতন নয়। কপালে একটা শাদা মুক্তা-চিহ্ন থাকাতে লোকে চোক বলিয়া ভুল করে।

তেজ...ষ্য. (স° তেজঃ; ফা° তেজ—তীক্ষ্ণ)। তাপ, প্রতাপ, দীপ্তি, তীক্ষ্ণতা। বাজার তেজ. দুর্মূল্যতা। তেজী..ণ. (বা° তেজ+ঈ)। তেজস্বী। তেজাল..ণ. তেজ+আল)। তেজস্কর। তেজি-মন্দি..ষ্য. দামের হ্রাসবৃদ্ধি। তেজিয়ান..ণ. (তেজ-বান)। তেজস্বী, প্রঃ—তেজিয়ান পুরুষের ত্রিগুণ প্রকাশ (মাঃ)।

তেজ. ধাতু. (স° ত্যজ ধাতু)। তেজি—ত্যাগ করি। তেজা॥ (পদ্যে)।

তেজ..ণ. (স° তৃতীয়। হি° তীয়া, তীজা)। তৃতীয়, প্রঃ—তেজবর—যে বর তৃতীয় বার বিবাহ করিতেছে, তেজপক্ষে বিবাহ—তৃতীয় বারে। (দোজ দেখ)।

তেজপাতা, তেজপাত..ষ্য. (স° তেজপত্র, ত্বক্‌পত্র। স° ত্বক্ হইতে তেজ আসিয়া থাকিবে। কিন্তু, স° ত্বক্‌পত্র, ত্বচ—দারুচিনী গাছের নাম। এই দুই গাছ পৃথক্, কিন্তু, দারুচিনী গাছের পাতাও তেজপাতা হয়)। পূর্বহিমালয় ও খাসিয়া ত্রিপুরা প্রভৃতি পূর্ব-ভারতের নাতিদীর্ঘ চিরশ্যামল তরু-বিশেষ (Cinnamomum tamala. The cassia cinnamon)। পাতা সুগন্ধ বলিয়া রন্ধনে লাগে।

তেজারৎ..তিজারৎ দেখ।

তে-ঠেঙ্গিয়া, তে-ঠেঙ্গ্যা...ণ. তিন ঠেং—পা—বিশিষ্ট।

তেড়া..ণ. (স° তির্যক্)। বাঁকা। তেড়া-বাঁকা..ণ. (সহচর শব্দ)। বাঁকা।

তেড়ী..টেরি দেখ।

তে-তলা..ণ. (স° ত্রিতল)। তিন তলবিশিষ্ট, প্রঃ—তে-তলা বাড়ী। ষ্য. তৃতীয় তল।

তেতা (গ্রা°)..ষ্য. (স° ত্রেতা)। ত্রেতাযুগ।

তেতাল্লিশ..ষ্য. ণ. (স° ত্রিচত্বারিংশৎ)। তিন অধিক চল্লিশ সঙ্খ্যা, -সঙ্খ্যক; ৪৩। তে-চল্লিশ (চ স্থানে ত হইয়া তেতাল্লিশ; তু° চল্লিশ—চাল্লিশ)।

তে-তাস ··ষ্য. তিন তাস লইয়া খেলাবিশেষ।

তেঁতুল...ষ্য. ( সং তিন্তিড়ী ; ও° তেন্তুল্ঠি ; ড হইতে লকারে আসিয়াছে। অন্য সং নাম চিঞ্চা হইতে তেলুগু চিন্তা—চ স্থানে ত। হিং ইম্‌লি—সং অম্লিকা। সং তিম ধাতু ক্লেদনে। পাকা তেঁতুলে ক্লেদ থাকে বলিয়া নাম )। প্রসিদ্ধ অম্লফল। ভারতবর্ষের সর্বত্র তেঁতুল গাছ (Tamarindus indica ) আছে। বসন্তকালে নূতন পাতা হয়, কিন্তু গাছ হইতে পুরাতন পাতা একবারে ঝরিয়া পড়ে না। কৃষ্ণচূড়াদিবর্গের গাছ। কিন্তু পুষ্পদল তিনটা, পুং-কেশর তিনটা। লোকে তেঁতুলগাছের তলে শোয় না, কারণ তেঁতুল-পাতা হইতে অম্লবাষ্প উদ্‌গীর্ণ হয়। তেঁতুল-কাঠ কঠিন বলিয়া আখমারা গুঁড়ী করিতে, ঘনা-গাছ করিতে লাগে। জ্বালানি করিতে তেঁতুল-কাঠ শ্রেষ্ঠ। ( বাবলা, পলাশ প্রভৃতি এইরূপ )। বাঘা তেঁতুল ··এত টক যে, গন্ধে বাঘা পলায়। দৃষ্টান্তে, যেমন বুনো ওল তেমন বাঘা তেঁতুল—বন্য ওল সুসিদ্ধ হইলেও খাইবার সময় গলা কুট্‌-কুট করে। তখন অতি-অম্ল তেঁতুল খাইলে কুট্‌-কুটানির কিছু নিবৃত্তি হয় ; লক্ষণায়, শঠের সহিত শাঠ্য।

তেত্রিশ ··ষ্য. ণ. ( সং ত্রয়স্ত্রিংশৎ )। তিন অধিক ত্রিশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৩৩।

তেঁদ ··ষ্য. ( সং তিন্দুক )। কেন্দু দেখ।

তেঁদড়...ণ. ( উ° তেঁদড়—তান-দড় ? টান দড় ? )। যে উপদেশ মানে না, দুর্বৃত্ত।

তেন··ব্য. ( তেমন )। তেমন, প্রঃ—যেন রঘু রাজা তেন পালে প্রজা ( কবিকঃ ) ; ণ. প্রঃ—যেন রূপ তেন গুণ উত্তম বেভার ( কবিকঃ )। যেন-তেন করিয়া কাজ করা—যেমন তেমন। ( যেন দেখ )।

তেনা ··টেনা দেখ।

তে-পায়া···ষ্য. ( সং ত্রিপদী, ত্রিপদ। ত্রি স্থানে তে—ফা°তে সে হইয়া সে-পায়া )। তিন পদবিশিষ্ট আধার।

তেপ্পান্ন ··তিপ্পান্ন দেখ।

তে-বাচক···ণ. ( সং ত্রি-বাচক )। তিন বার 'সত্য' শব্দ বলিয়াছে যে। তু° তে-সত্য করা।

তেমত ··ব্য. ( তেমন দেখ )। সে মতন, তেমন।

তেমন·· ব্য. ( সং তৎ+বা° বন্ত—মন্ত তুল্যার্থে সং বৎ। অর্থাৎ সং তদ্‌বৎ। তৎ স্থানে তে হইয়া ও° ও প্রাচীন বা° তেমন্ত, তে স্থানে সে হইয়া ও° সেমন্ত। হিং ম° তৈসা—সং তৎসদৃশ। সং তথা, সং প্রা° তিম, কিন্তু তিম হইতে তেমন্ত, তেমত আসিতে পারে না। তেমন্ত—ন লোপে তেমত, ত লোপে তেমন)। তদ্‌-বৎ, সেই মতন। তেমনই ··সে মতনই। তেমনি ··কোন কাজের নহে, অকর্মণ্য, প্রঃ—তেমনি তেমনি গান। তেমন ··ব্য. ( সং তস্মিন্ কালে )। সে সময়ে, প্রঃ—যেমন শুনিলাম,তেমন আসিলাম। (প্রায়ই, তেমনি )।

তে মাথা...ণ. ( সং ত্রিমস্তক )। তিন পথ একত্র মিলিয়াছে যেখানে, তেরাস্তা।

তে-মুহানি, তে-মুয়ানি ··ষ্য. ( ত্রি+মুখ+পানি )। যেখানে নদীর তিন মুখ মিলিয়াছে। তে-মোহানা···তিন নদীর সঙ্গমস্থল।

তেয়াই···ষ্য. ( ? স° তীর হইতে ? ) নদীতে মাছ ধরিবার নিমিত্ত তাহাতে পোতা উচা কাঠ। এই কাঠে বসিয়া জালিয়ারা মাছ ধরে।

তেয়াগ···ষ্য. ( স° ত্যাগ )। ত্যাগ।···ধাতু. তেয়াগি—ত্যাগ করি, প্রঃ—ব্যাসের হইল ক্রোধ, তেয়াগিয়া উপরোধ, গঙ্গারে কহেন কটুভাষে ( ভাঃ )। ( পদ্যে )।

তেয়াৎ···ষ্য. ( আ° এহ্‌তেয়াৎ )। সতর্কতা, প্রঃ—তেয়াৎ করে না—পশ্চাৎ দেখে না।

তের্···ষ্য. ণ. ( স° ত্রয়োদশ। বাস্তবিক শব্দটি তেরহ। শেষে হ ছিল বলিয়া উ° তের্ না হইয়া তের )। তিন অধিক দশ সঙ্খ্যা, -সঙ্খ্যক ; ১৩। তেরই, তেরইঁ···ষ্য. মাসের ত্রয়োদশ দিবস।

তেরচা, তেড়চা ··ণ. ( স° তিরশ্চীন, তির্যচ্। ও° তের্‌ছা )। বক্র, বক্রগামী, প্রঃ—তেরছে প'ড়িল আলি মাথা কাটি গেল ( চৈঃ চঃ )।

তেরস্পর্শ ( গ্রা° )···ষ্য. ( স° ত্র্যহস্পর্শ )। এক দিনে তিন তিথির যোগ।

তে-রাত্ত ( গ্রা° )···ষ্য. ( স° ত্রিরাত্র )। তিন অহোরাত্র উপবাস, প্রঃ—তেরাত্ত করা।

তেরিজ···ষ্য. ( ? )। বিবরণপত্র ; গণিতে যোগ করণ। ( বেরিজ—বিয়োগ করণ )।

তেরি-মেরি···ষ্য. ( হি° তেরা—তেরী, মেরা—মেরী )। তোর-মোর বলা, ক্রোধে হিন্দী বাৎ বলা।

তেঁরিয়া ··ণ. ( হি° তেরি-মেরি+ইয়া—তেরি-মেরিয়া—তেঁরিয়া )। উগ্রস্বভাব।

তেরেস্তা ··ষ্য. ( পর্তু° trinta )। গ্রমরা খেলার শব্দবিশেষ।

তেল ··ষ্য. ( স° তৈল। স°প্রা° তেল্ল, ও° তেল, হি°ম° তেল। গ্রা° ও° নাম মালপা। মালপোয়া দেখ )। তৈল। ফুলেল তেল··· ( ফুল+তেল=ফুলেল )। পুষ্প-সুবাসিত তৈল। তেল মাখা—স° তৈলম্রক্ষণ ( মাখ ধাতু দেখ )। আভাং করিয়া মাখা—স° অভ্যঙ্গ—তৈল মর্দন করিয়া। তেলা···ণ. ( তেল+আ )। তৈলবিশিষ্ট, তৈললিপ্ত। তেল-তেলা, তেল তেলিয়া·· ণ. তৈললিপ্ত, চিক্কণ। তেলা-তেলা...ণ. যেন তৈললিপ্ত। তেল-চক্-চকিয়া...ণ. তৈললেপ হেতু চিক্কণ ( চক্-চক দেখ )। তেল-চিকটা··· চিকটা দেখ। তেলে জলে মিশ খায় না—মেশে না। তেলা মাথায় তেল দেওয়া—ধনীকে ধনদান, রূক্ষ মাথায় দিলে হিত হইতে পারে। তেল-তামাক করা—তেল মাখিয়া তামুক খাওয়া, প্রঃ—তেল-তামাকে পিত্তনাশ, যদি হয় বার মাস। তেলে বেগুনে জ্বলিয়া উঠা—তপ্ত তৈলে বেগুন ভাজিবার সময় বেগুনের যে অবস্থা হয়, সেই রূপ অবস্থা হওয়া, ক্রোধে দগ্ধ হওয়া। পায়ে তেল দেওয়া—তৈল দিয়া পদসংবাহন করা, অতিশয় আনুগত্য করা। নাকে তেল দিয়া ঘুমানা—স্বচ্ছন্দে নিদ্রা যাওয়া, নিশ্চিন্ত থাকা। ( নাকে তেল দিলে নিঃশ্বাসের ব্যাঘাত হয় না, নিদ্রা ভাঙ্গে না )।

তেলা-কুঁচা...ষ্য. ( স° নাম তুণ্ডীকেরী, বিম্বী। ও° পুং-গাছের নাম গোরুখিআ—গোরু খায় যাহা ; স্ত্রীং গাছের নাম কাইঞ্চি কাঁকুড়ি—কাইঞ্চি বা° কুঁচ-বীজের তুল্য—পাকা ফল লাল বলিয়া, কাঁকুড়ি কাঁকুড় বা শসার মতন ফল বলিয়া। বা° তেলা—

চিক্কণ, কুঁচা—কুঁচবর্ণ; তেলাকুঁচা—চিক্কণ গুঞ্জাবর্ণ ফল যার। সং বিম্ব—শোভা—আছে বলিয়া বিম্বী। সং তুণ্ডকেরী-শব্দের তুণ্ড হইতে তেলা মনে আসিয়া থাকিবে। তুণ্ড—মুখ—ওষ্ঠের সহিত উপমা দেওয়া হয় যার—অঃ টীঃ)। কুষ্মাণ্ডাদি বর্গের বন্য প্রতানীবিশেষ ( Cephalandra indica )। পুং স্ত্রী গাছ পৃথক্ পৃথক্। ফুল শাদা; ফল স্থূল পটোলের মতন, পাকিলে কুঁচবর্ণ হয়। এই হেতু ওষ্ঠের উপমা।

তেলানা…ষ্য. ( তে-রে-না )। তে-রে-না ইত্যাদি কতকগুলি নিরর্থক শব্দ। রাগ ও তালযোগে এই শব্দ গাওয়া হয় ( গীত-সূত্রসারে )।

তেলানিয়া, তেলান্যে…ণ. ( তল+পানি+ইয়া ? তলে মাত্র পানি যাতে—তলপানিয়া—তলানিয়া—তেলানিয়া )। চেটকা, অগভীর, প্রঃ—তেঃ পুকুর, তেঃ বাটী; ক্রমনিম্ন পাড় যে পুকুরের।

তেলা-পকা, তেলা-পোকা…ষ্য. ( সং তৈল-পক। অপভ্রংশে পোকা )। তৈলপায়িকা। ( আরসলা দেখ )।

তেলিনী-পোকা …ষ্য. দক্ষিণ ভারতের উগ্রগন্ধ উগ্রবীর্য পতঙ্গবিশেষ (Mylabis coleoptera )। কাজে বিদেশীয় canthadari তুল্য।

তেলী…ষ্য. ( সং তৈলিক )। হিন্দু জাতি-বিশেষ। স্ত্রীং তেলিনী। তেলীমালী, তেলী-তামলী…( সহচর শব্দ )। হিন্দুজাতিবিশেষ ( প্রায় সমান শ্রেণী বলিয়া সহচর শব্দ )। ( তেলী—তৈলকার, তিলী—তিলকার )।

তেলেঙ্গা…ষ্য. ( সং ত্রৈলিঙ্গ, ত্রৈলঙ্গ। ত্রিলিঙ্গ—ত্রিকলিঙ্গ হইতে )। ওড়িশার দক্ষিণস্থিত প্রদেশবিশেষের ভাষা, লোক। বর্তমান শুদ্ধ নাম তেলুগু।

তেলো …ষ্য. ( সং তাল+বাং উয়া—স্বার্থে =তালুয়া—তেলো। তুং আখুয়া—এখো)। করতল। (২) ( সং তালু+উয়া স্বার্থে )। তালু।

তেলো …ষ্য. ( তেল+উয়া )। মাছের তালুতে জাত স্নেহপদার্থ বা তেল।

তেষট্টি…ষ্য. ণ. ( সং ত্রিষষ্টি )। তিন অধিক ষাটি সঙ্খ্যা,-সঙ্খ্যক; ৬৩।

তেষ্টা ( গ্রাং )…ষ্য. ( সং তৃষ্ণা )। তৃষ্ণা, ৫ঃ—খিদা তেষ্টা। ( তেষ্টা শব্দ যেমন গ্রাং, খিদা শব্দও তেমন )।

তে-সনী…ণ. ( তে+সন+ঈ )। তিন বৎসরের নিমিত্ত।

তেসরা…ষ্য. ণ. ( সং ত্রিশর্বরী ? ব্যাকরণ দেখ। ওং হিং মং তিসরা )। তৃতীয় দিবস; তৃতীয়, প্রঃ—তেসরা লোককে জিজ্ঞাসিবে।

তেহ …সর্বনাম. ( সং তৎ শব্দের বহুবচনে তে+হ। তুং সেহ )। সে ( প্রাচীন বাং )।

তেঁহ…সর্বনাম. ( তেহ দেখ )। মান্যে তিনি ( প্রাচীন বাং )।

তেহাই …তিহাই দেখ। তাল শব্দ দেখ।

তে হরা…ণ. ( হরা দেখ। তিন গুণ।

তৈছনে…ব্য. ( তে-ক্ষণে। তুং সৈছনে )। তেক্ষণে, তখন ( প্রাচীন পদে )।

তৈছে …ব্য. ( হিং তৈসা—সং তৎসদৃশ )। তাদৃশ, প্রঃ—চৈঃ চঃ, প্রাচীন বাং।

তৈজসপাত্র, তৈজসপত্র…ষ্য. ( সং তৈজস-পাত্র )। ধাতুপাত্রাদি। ( পত্র দেখ )।

তৈয়ার …ণ. (ফাং তইআর )। নির্ম্মিত, সম্পূর্ণ,

উপস্থাপিত। (গ্রা° তোয়ের)। তৈয়ারি ··ষ্য. নির্মাণ। (গ্রা° তোয়েরি)। তয়ার দেখ।

তৈলঙ্গা ··তেলেঙ্গা দেখ।

তৈসা···ণ. (হি°। স° তাদৃশ)। তাদৃশ (প্রাচীন বা°)।

তো, ত ব্য. (স° তদা, স° প্রা° তো; হি° তো, ও° ত)। তদা, তবে, প্রঃ—যদি বল, তো করি। (২) (স° তু°)। পাদ-পূরণে, বাক্য-উপন্যাসে, প্রঃ—তাই তো, তাই ত, কি হবে ?

তো (গ্রা°) ··তয় দেখ।

তোক···ষ্য. (আ°)। শৃঙ্খল, প্রঃ—শূং পুঃ, চৈঃ চঃ, কবিকঃ; লুঠি নিল নারী গাড়ী দিল বেড়ী তোক (ভাঃ)—পায়ে বেড়ী শিকল। (অপ্রচলঃ)। (২) পরিবর্তন দ্বারা বিভাগ, একের পরিবর্তে অন্য, প্রঃ—বিষয়-সম্পত্তি তোক ভাগ করিয়া লওয়া।

তোকমারি ··ষ্য. (হি° নাম)। তুলস্যাদি বর্গের ক্ষুদ্র ক্ষুপ বিশেষের (Lallemantia roybana) বীজ। এই বীজ গরম জলে ফুলিয়া উঠে।

তোটক···ষ্য. (স° ত্রোটক)। কবিতাছন্দ-বিশেষ।

তোটা···টোটা দেখ।

তোড় · ষ্য. (স° তূর্ণি—বেগ ? স° তুড় ধাতু তোড়ন হইতে ?)। বেগ, প্রঃ—তোড়ে বৃষ্টি হইল; তোড়ের তরঙ্গে তরী তারা হেন ছোটে (মাঃ); প্রায়ই, শব্দ-সহ জল-তরঙ্গের বেগ।

তোড়ং···ষ্য. (ই° trunk)। দীর্ঘ পেড়া-বিশেষ, প্রায়ই ধাতুপত্রের।

তোড়-জোড় ··ষ্য. (তুড় জুড় ধাতু দেখ)। যাহা দ্বারা তোড়—ভাঙ্গা, এবং জোড়া যায়; আবশ্যক উপকরণ

তোড়া · ষ্য. (স° তুলা—গৃহাণাং দারুবন্ধায়—মেঃ। হি° টোড়া)। কাঁথ হইতে বহির্গত ছোট ছোট কাঠ বা বাঁশ (তোড়া খুঁটী-স্থানীয় হইয়া পাইড় ধরিয়া রাখে); দ্বারের মাথার কাঠ বা বাঁশ; যে কাঠ বা বাঁশ দিয়া ভারী দ্রব্য চাগাইয়া সরাইতে পারা যায়।

তোড়া···ষ্য. (স° তূণ। হি° তোড়া)। টাকা-পয়সা রাখিবার বড় থলী।

তোড়া ··ষ্য. (আ° তুর্রাহ্)। পুষ্পগুচ্ছ। তোরা দেখ।

তোড়ানি···ষ্য. (ও° তোরানি। তোলা+পানি)। আমানি, প্রঃ—কবিকঃ।

তোড়ী ··রাগরাগিণী দেখ।

তোতেলা, তোতলা···ণ. (তো-তো+লা; স° রার=লা। ও° শব্দ—খনা)। তো-তো করিয়া কথা কহে যে, স্খলিত-বাক্। ·· ধাতু. তোতোলাই, তোতলাই—তো-তো রব করিয়া কথা কহি। তোতোলানা, তোতলানা॥

তোতা···ষ্য. (উর্দু)। শুকপক্ষী (টিয়া দেখ)। প্রঃ—ময়না শালিক টিয়া তোতা কাকাতুয়া (ভাঃ) (—টিয়া আবার তোতা ? ভারতে এমন ভুল আরও আছে। সেজারু দেখ)।

তোপ ··ষ্য. (তুর্কী)। কামান। তোপ-খানা···যেখানে কামান থাকে। তোপ দাগা—কামানের বারুদ দাহ করা, বারুদে আগুন দেওয়া।

তোপচিনী ··ষ্য. ( তোপ চিনি—ভাবপ্রকাশে; অন্য নাম দ্বীপান্তর বচ )। বিদেশীয় (পারস্য দেশীয় ?) বচ-বিশেষ।

তোফা ··ণ. (আ॰ তোহ্‌ফাহ্‌)। অপূর্ব,উৎকৃষ্ট।

তোবা···ব্য. ( আ॰ তওবা )। হা!, হা ঈশ্বর। ( মুসলমানী ভাষা )।

তোমর···ষ্য. ( স॰ )। যুদ্ধে নিক্ষেপ-যোগ্য শাবল।

তোয়াক্কা ··ষ্য. (আ॰ তৱাক্কো)। আশা,ভরসা।

তোয়াজ···ষ্য. (আ॰ তৱাজ্জো)। মন আকর্ষণ, উপদেশ।

তোয়ালে, তোয়ালিয়া···ষ্য. (পর্তু॰ toalha ; ই॰ towel )। হাত-মুখ মুছিবার মোটা রুমাল, গামছা।

তোরা···ষ্য. ( ফা॰ তোরাহ্‌ )। উষ্ণীষের ভূষণসরূপ পক্ষ, পুষ্পগুচ্ছ, প্রাঃ—ভাঃ।

তোল-তোল···তুল ধাতু দেখ।

তোল-পাড়···তুল ধাতু দেখ।

তোলা ··ষ্য. ( তুল ধাতু দেখ )। হাটের বেপারীর নিকট হইতে যাহা বিনামূল্যে তুলিয়া লওয়া হয়, প্রাঃ—পম্পরা আছে মোর মণ্ডলিয়া তোলা ( কবিকঃ )। তোলা তোলা—তোলা সংগ্রহ করা।

তোলা ··ষ্য. ( স॰ তোলক )। ওজন দেখ।

তোলো ··ষ্য. (স॰ তুলা—ভাণ্ড+উয়া=তুলুয়া —তোলুয়া—তোলো। হি॰ তোলা )। ভাত-রাঁধা বড় হাঁড়ী ( কলিকাতায় )। ( ভিজেল, তাই হাঁড়ী দেখ )।

তোষক···ষ্য. ( ফা॰ )। কার্পাস তুলার শয্যা, পাতন। ( কৃত্তিঃ, কবিকঃ—তুলি—স॰ তূলিকা, তূলবতী। সে সময়ে তোষক শব্দ চলে নাই কি ? )

তোষাখানা···ষ্য. ( ফা॰ )। বহুমূল্য দ্রব্যাদির ভাণ্ডার।

তোষামোদ···ষ্য. (স॰ তোষ—হর্ষ, আমোদ—হর্ষ )। মন যোগানা, খোসামোদ। ( বোধ হয় খোসামোদ শব্দসাদৃশ্যে তোষামোদ শব্দের নূতন উৎপত্তি )।

তোসদান···ষ্য. ( উর্দু। কার্তুস-দান—তোসদান )। বন্দুকের কার্তুস রাখিবার বাক্‌স।

তোঁহার ··সর্বনাম. ( প্রাচীন বা॰ তুহ্মর। ও॰ তুম্ভর )। তোমার ( প্রাচীন পদে )।

তৌজি ··ষ্য. ( আ॰ তৌজী )। রাজস্ব-তালিকা।

তৌল···ধাতু. ( স॰ তৌল হইতে তৌলা ধাতু হইত )। তৌলি—তুলা দ্বারা উন্মান করি, প্রাঃ—মাছ তৌলিয়া চলিয়া গেল। তৌলা॥ তৌলা ··ধাতু. ( স॰ তৌলিত হইতে )। তৌলাই—তুলিত করি। তৌলানা॥

ত্যক্ত-বিরক্ত ণ. (স॰। সহচর শব্দ )। বিরক্ত। ( গ্রা॰ তিতি-বিরক্ত )।

ত্যজ ··ধাতু. ( স॰ ত্যজ ধাতু )। ত্যজি—ত্যাগ করি। ত্যজা॥ ( পদ্যে )

ত্রাহি···ক্রিয়া. ( স॰ ত্রৈ ধাতু লোট হি )। ত্রাণ কর, বাঁচাও। ত্রাহি ত্রাহি ডাক ছাড়া—রক্ষা কর রক্ষা কর রবে চীৎকার করা।

ত্রিকটু···ষ্য. ( স॰ )। শুঁঠ মরিচ পিপুল—এই তিন কটু।

ত্রিজগৎ···ষ্য. ( স॰ )। স্বর্গ মর্ত পাতাল এই তিন জগৎ, ভূমণ্ডল (অত্যুক্তিদোষে)।

ত্রিপণ্ড ··ণ. ( স॰ )। তিন বেদে জ্ঞান আছে যার, তীক্ষ্ণ-বুদ্ধি, প্রাঃ—বালকটী অতিশয়

ত্রিপণ্ড, মা সরস্বতীকে একেবারে জলপান করিয়া বসিল ( টেকচাঁদ )। ( অপ্রচলঃ )।

ত্রিপদী···ষ্য. ( সং )। তিন পদবিশিষ্ট কবিতা।

ত্রিপ্রান্তর···ণ. ( সং )। তিনটা বিস্তীর্ণ প্রান্তর আছে যার, প্রঃ—ত্রিপ্রান্তর মাঠ।

ত্রিফলা ··ষ্য. ( সং )। আমলকী, হরীতকী, বয়ড়া ( সমপরিমাণে )।

ত্রিভুবন···ষ্য. ( সং )। ( অত্যুক্তিতে) ভূমণ্ডল, প্রঃ—ত্রিভুবনে কোথাও দেখা যায় না, ভূমণ্ডলের কোথাও।

ত্রিশ...ষা. ণ. ( সং ত্রিংশৎ )। তিন দশ সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৩০। ত্রিশা, ত্রিশে···ণ. মাসের ত্রিশ দিবসে।

ত্রিশূল ··ষা. ( সং )। তিনটা লৌহ-শূল একত্র বদ্ধ থাকে যে প্রহরণে; ত্রিশূলাকার চিহ্ন ( + )।

ত্রিসীমানা ··ষ্য. (সং ত্রি+বাং সীমানা)। তিন সীমা, সীমা, প্রঃ—ত্রিসীমানা মাড়ায় না।

ত্বর···ষা. ( সং ত্বরা। ৩ং ত্বর—অবসর )। ত্বরা ; (বাংতে বিপরীত অর্থ) ধৈর্য, অবসর, প্রঃ—একটু ত্বর নাই, এত তাড়া-তাড়ি কেন। ত্বরা ··ষা. (সং)। বিলম্ব-অসহিষ্ণুতা, বেগ। ত্বরান্বিত ··বা. সত্বর।

থ ··ষ্য. ( সং )। ব্যঞ্জন-বর্ণ-,-অক্ষর-বিশেষ।

থ···ণ. ( সং থ—পর্বত—মেঃ। তুং থকারে পাথর ভূমি—ভাঃ)। অচল, নিশ্চেষ্ট, প্রঃ—শুনিয়া থ হইয়া বসিল। (২) (সং স্থিতি)। স্থিতি, বিধি, প্রঃ—কাজের থ নাই।

থই ··ষ্য. ( সং স্থল। তুং হিং থাহ )। তল, প্রঃ—নদীতে বাঁশে থই পাওয়া যায় না।

থইথই ··ব্য. ( সং বিস্তৃতি ? )। জলের বিস্তৃতিতে, প্রঃ—মাঠে জল থই-থই করে।

থউকা, থাউকা ··ষ্য. ( তুং হিং থক্কা—রাশি ; সং স্তবক। থোকা দেখ )। মাপ-জোখ না করিয়া রাশি, প্রঃ—থউকা দরে মাছ কেনা।

থক্-থক ··ব্য. ( সং স্তবক। কিংবা সং স্তক ধাতু প্রতিঘাতে। হিং থক্কা—পিণ্ডীকৃত )। রাশির আকারে, পিণ্ডের আকারে, প্রঃ—থক্-থকা গয়ার—যেন স্তবকে স্তবকে।

থকিত ··ণ. ( সং স্থগিত ) স্থির, নিবর্তিত প্রঃ—কালা নাম শুনিয়া থকিত হয় চিত ( জ্ঞানদাস )।

থটারী ··ষা. ( ঠাটারী দেখ থঠারী )। কাংস্যকার।

থত-মত ··ব্য. ( থ-মতন ? থ দেখ )। ভয়ে শোকে মুগ্ধ বা নির্বাক্‌ভাবে। ( থত মত খাওয়া )।

থপ, থপ্‌থপ···বা. ( সং স্থাপন হইতে )। স্থান-ব্যাপনে, প্রঃ—থপ করিয়া বসিয়া পড়া, থপ্-থপ করিয়া চলা—বৃহৎ পদতল স্থাপন করিয়া, হাতী থপ্-থপ করিয়া চলে। থপ্-থপা, থপ্-থপিয়া ··ণ. থপ্-থপ ভাব-বিশিষ্ট।

থমকা...ধাতু. ( সং স্তম্ভীকৃত হইতে। থাম ধাতু দেখ )। থমকাই —স্তম্ভিত হই, হঠাৎ স্থির হই, প্র —যাইতে যাইতে থমকাইলে যে ? জল থমকাইয়াছে, আর তোড় নাই। থমকা ॥ ( ঠমক দেখ )।

থম্‌থম...বা. ( সং স্তম্ভ ধাতু )। স্তম্ভিতভাবে,

প্রাঃ—দীঘির জল থম্‌-থম করে। থম্‌-থমা। প্রাঃ—বানের জল থম্‌-থমা খাইয়াছে।

থর...ষ্য. ( সং স্তর )। স্তর, প্রাঃ—পবাল মুকুতা থরে থর ( শূং পুঃ ), থরে থরে সাজানা। থর-কাটা...ণ. স্তরে স্তরে বিন্যস্ত সজ্জিত। থরে বিথরে···থরে থরে।

থর্‌-থর ··বা. ( সং স্থবির )। স্থবিরভাবে, বৃদ্ধের কম্পনে, প্রাঃ—হিয়া থর-থর কাঁপিছে ডরে ( ভাঃ ), এখনও কাঁপে হিয়া মম থর-থরি ( মেঘনাদবধঃ )। থর্‌ থ'নি ॥

থর-হর...বা. ( থর্‌-থর দেখ। থ স্থানে হ )। থর্‌-থর কম্পনে, প্রাঃ—ডরএ জগ কাঁপএ থর-হর ( শূংপুঃ )। থর-হরি ··ণ. ( থর্‌-থর+ঈ )। থর্‌-থরবিশিষ্ট, প্রাঃ—থর্‌-হরি কম্প। ( থর-হরী হইবার কথা )।

থল ··ষ্য. ( সং স্থল )। স্থল, প্রাঃ—জলে পরিপূর্ণ, থল মাত্র নাই। থলপদ্ম ··স্থলপদ্ম দেখ।

থল্‌-থল···বা. (সং শিথিল ? সং স্থল হইতে)। যেন পৃথক্‌ পৃথক্‌ স্থল—অংশ—বুঝিতে পারা যায়, প্রাঃ—মেদল দেহ থল্‌-থল করে, শিথিল পেশীও করে। থল্‌-থলা, থল্‌-থলিয়া···ণ. থল্‌-থল ভাববিশিষ্ট ( থস্‌ থস দেখ )।

থলিয়া, থল্যে···ষ্য. ( থলী+ইয়া। তুং হিং থৈলা, মং থৈলা থৈলী )। বড় থলী, গুণ।

থলী ··ষ্য. ( সং স্থলী, স্থালী )। টাকা কড়ী রাখিবার সূত্রনির্মিত পাত্র। (সং নাম স্থাত)।

থলুয়া, থল্যে ··ণ. ( স্থল+উয়া )। স্থলবিশিষ্ট, প্রাঃ—থলুয়া হুকা—যে হুকাতে অধিক স্থল ধরে, কিংবা যাহা রাখিতে অধিক স্থল আবশ্যক হয়।

থস্‌-থস ··বা. ( সং স্থা ধাতু )। স্তবক-স্তবকে, প্রাঃ—বালি-মেশা কাদা থস্‌-থস করে—আঁট নাই। থস্‌-থসা, থস্‌-থসিয়া...ণ. শিথিল, অসংহত, প্রাঃ—থস্‌-থসা শরীর।

থাক ··ধাতু. ( সং স্থা ধাতু+ক। তুং হিং থা, ওং থিলা=বাং ছিল। থাক ধাতু অসম্পূর্ণ। বর্তমান কাল ব্যতীত অন্য কালে হয় না )। থাকি—স্থিতি করি, বিদ্যমান হই। থাকা ॥ থাকা ··ধাতু. (থাক ধাতু আস্তে)। থাকানা ॥ প্রাঃ—আমি থাকাইব—থাকাব ( কদাচিৎ অন্য কালে )। থাক...ষ্য. স্থিতি, প্রাঃ—বন্যা থাক খাইয়াছে, আর বৃদ্ধি নাই। থাক-দম...ষ্য. স্থিতি, প্রাঃ—থাকদম খাওয়া, বৃদ্ধি না হওয়া।

থাক ··ষ্য. ( সং স্তবক )। শ্রেণী, প্রাঃ—থাকে থাকে জিনিস, থাক-ছাড়া ; ব্রাহ্মণের শ্রেণী-বিশেষ, মেলো ও অমেলে কুলক্রিয়া হইলে থাক ঘটে ; আধার, কাঁথের ভিতরে কিংবা বাহিরে দ্রব্যাদি রাখিবার আধার। ( তুং তাক )।

থাকবস্ত...ষ্য. ( হিং থাক—সীমাসূচক পাকা থান )। জমির সীমা জরিপ ( cadastral survey )।

থান ··ষ্য. ( সং স্থান )। স্থান, প্রাঃ—থান-ছাড়া হওয়া ; দেবতার থান ( গ্রাং )।

থান ··ষ্য. ( সং তন্ত্র—টানা হইতে )। তাঁতের এক টানায় যত লম্বা বস্ত্র হয়। ( থান ছোট হইতে পারে )। থান-ফাড়া ··ণ. একটা থান হইতে ফাড়া বা চেরা, প্রাঃ - থাঃ ধুতি। থান ··ষ্য. রত্ন ও স্বর্ণালঙ্কারের সংখ্যা, প্রাঃ—পাঁচ থান গহনা।

থান...ষ্য. ( সং স্থাণু )। খুঁটী, প্রাঃ—হাজার

হাজার দেখে থানে বান্ধা বাজী (ভাঃ)—বাজী—ঘোড়া। (অপ্রচলঃ)।

**থানকুঁড়ি, থানকুনি**…থালকুঁড়ি দেখ।

**থানা** ··ষ্য. ( সং স্থান )। রাজকর্মচারীর উপবেশনস্থান, প্রঃ—জম রাজার বসিবার থানা (শুং পুঃ); কোটালের স্থান, অবরোধ নিমিত্ত সৈন্যসমাবেশ, প্রঃ—দুয়ার জুড়িয়া দেয় থানা (কবিকঃ), থানা দিয়া পূর্ব্বদ্বারে বসিয়াছে (থানা দেওয়া); ডাকাইতের নির্জন স্থান, প্রঃ—থানা করা, পাতা—ডাকাতির পূর্বে যে নির্জন স্থানে ডাকাইত একত্র হয়; গাছের বীজ বুনিবার স্থান, প্রঃ—থানা করিয়া লাউ-বীজ রোআ। থানাদার…ফাঁড়িদার। পুলিশ-থানা ··যে থানায় পুলিশ থাকে।

**থাপ, থাপা** ··ষ্য ( সং স্থাপ )। করতল, করতলচিহ্ন (ধান ঝাড়িয়া রাশি করিয়া হাতের চিহ্ন দেওয়া হয়, উদ্দেশ্য, ধান চুরি গেলে জানা পড়িবে (হিং থাপা)। থাপী…ষ্য. কুম্ভকার যে ছোট পাটা বা পিটনা দ্বারা কাঁচা হাঁড়ী পিটে। থাপন (গ্রাং) ··ষ্য. স্থাপন।

**থাপড়, থাবড়**···ষ্য. (সং স্থাপনা। সং স্থাপ—বাং থাবা; থাবা+ড়)। থাবা, বিস্তৃত করতল, প্রঃ—মুখে তার থাবড় মারিল গোটা কুড়ি (মাঃ)।

**থাপ্পড়**···ষ্য. (হিং। থাপড় দেখ)। চপেটাঘাত।

**থাবড়**···ধাতু. (সং স্থাপিত, স্থাবর হইতে থাবড়া ধাতু হইবার কথা। থাবড়, থাবড়া—দুই-রূপই আছে)। থাবড়ি—স্থাপন করি, প্রঃ—পাছা থাবড়িয়া বসিল। থাবড়া॥

**থাবড়া**···ধাতু. (সং স্থাপিত হইতে)। থাবড়াই—স্থাপিত করি, প্রঃ—মুখ থাবড়াইয়া পড়িয়া গেল। থাবড়ানা॥ থাবড়ি খাওয়া—বিস্তারিত হওয়া, প্রঃ—থাবড়ি খেয়ে বসা।

**থাবড়া** ··ণ. (সং স্থপুট)। উচানীচা বিস্তৃত, প্রঃ—এক থাবড়া গোবর (বাং থাবড় ধাতু হইতে ?)।

**থাবর** (গ্রাং)···ষ্য. (সং স্থাবর)। স্থাবর, প্রঃ—থাবর অস্থাবর সম্পত্তি। (অস্থাবর—অথাবর নহে)।

**থাবা** ··ষ্য. (সং স্থাপনা)। বিড়াল, ব্যাঘ্র ইত্যাদি পশুর পদতল, সম্মুখ পদতল (করতল); মানুষের বিস্তৃত করতল, প্রঃ—এক থাবা ভাত।

**থাম** ··ধাতু. (সং স্তম্ভ ধাতু। হিং ওং থাম, মং থাম্ব ধাতু)। থামি—গতিরোধ করি, রোধ করি। থামা॥ চলিতে চলিতে থামা—চলন রোধ, গোল করিতে করিতে থামা—শব্দ রোধ। থামা·· ধাতু. (থাম ধাতু আন্তে)। থামানা॥ থাম ··ষ্য. (ওং থম্বা, হিং থম্ভা, মং থাম্ব। সং স্তম্ভ—স্তুম্ভ হইতে থাম্বা, থম্বা)। পাকা গাঁথনির স্তম্ভ (সং স্তম্ভ ধাতু দৃঢ়ীকরণ—যাহাতে পতন রোধ করে—তাহা থাম। এই অর্থে কোথাও কোথাও খুঁটী বুঝায়)।

**থারী**···ষ্য. (সং স্থালী)। থালী (নবদ্বীপ-পরিক্রমা)।

**থাল, থালা**···ষ্য. (সং স্থাল)। বিস্তৃতমুখ কাংস্যাদি-নির্মিত অগভীর পাত্র। থালার আকার অনুসারে নাম,—কাঞ্চন-থালা···কানা উচা নহে, পরন্তু অল্প উচা হইয়া বাহির দিকে গড়াইয়া পড়া; ৰগী থালা···

কানা অল্প উঁচা, কিন্তু সোজা; বেলী থালা ··কানা উঁচা। এইরূপ, মিছি থালা, বালেশ্বরী থালা, ইত্যাদি। থালী···ষ্য. (থালা+ঈ)। ছোট থালা।

থালকুঁড়ি, থানকুনি ··ষ্য. (সং নাম মণ্ডূকপর্ণী। ওং থলকুঁড়ি)। ধন্যাদি বর্গের ছোট বন্য শাকবিশেষ (Hydrocotyle asiatica), কিন্তু ধন্যা, মউরি প্রভৃতি গাছের সঙ্গে সাদৃশ্য অল্প। ভিজা স্থানে জন্মে। পাতা ভেক-পৃষ্ঠের তুল্য (এই হেতু সং নাম মণ্ডূকপর্ণী), কিংবা ৫ অঙ্কের তুল্য। ফুল শাদা। (সং নাম মাণ্ডূকী হইতে কুঁড়ি; কিন্তু থাল? পাতা থালার আকার বলিয়া? উত্তর ও মধ্যবঙ্গে আর এক জাতি (H. rotundifolia) আছে। ইহার পাতা গোল হইয়া পানের মতন। ইহা হইতেও ঠিক থালের আকৃতি আসে না)।

থাস...ধাতু. (ঠাস ধাতু দেখ)। থাসি—মর্দিত করি, প্রঃ—ময়দা থাসিয়া রুটী বেলা। থাসা॥ থাসা · ধাতু. (থাস ধাতু আস্তে)। থাসানা॥

থিত্···ণ. (সং স্থিত)। স্থিত, প্রঃ—থিত হইয়া বসা—বাড়ী-ঘর করিয়া গুছাইয়া বাস করা। থিতা ··ধাতু. থিতাই—স্থিত হই, প্রঃ—জলের কাদা থিতাইয়াছে। থিতানা॥ (থিত ধাতু হইতে থিতনা শব্দও আছে। এই হেতু আস্ত থেতা ধাতু আছে। থিতা ধাতুর গ্রাং থিনা ধাতু)।

থিয়েটর···ষ্য. (ইং theatre)। নাট্যশালা (গ্রাং থেটর)। থিয়েটরী ··ণ. থিয়েটর-সম্বন্ধীয়, থিয়েটরের যোগ্য।

থির ··ণ. (সং স্থির। ওংতেও থির গ্রাং নহে)। স্থির, প্রঃ—ভণয়ে বিদ্যাপতি, শুনহ যুবতি, চিত থির নাহি হোয় (বিদ্যাপতি)। থির্ বাঁধা—মনঃ স্থির করা, প্রঃ—ভুজের ভঙ্গিমা দেখি কেবা থির বাঁধে (নবদ্বীপ-পরিক্রমা)। থির্-থির···ষ্য. স্থির ভাবে, প্রঃ—বোলে থির্-থির (শূং পুঃ)—স্থিরে স্থিরে—ধীরেধীরে বলে।

থু ··ধাতু (সং স্থাপি ধাতু। বোধ হয় প্রথমে থা পরে থু ধাতু আসিয়াছে)। থুই—স্থাপিত করি, রাখি, প্রঃ—বিচারিয়া রুদ্র নাম থুইল প্রজাপতি (কবিকঃ)। থোআ, থোওয়া॥ (প্রায় দেড় শত বৎসরের মধ্যে দক্ষিণরাঢ় হইতে ধাতুটি উঠিয়া গিয়াছে। কিন্তু দেওয়া-থোওয়া শব্দে এখনও থু ধাতু আছে। অন্য স্থানে রাখ ধাতুর প্রয়োগ হয়)।

থুঃ ··ষ্য. (সং থূৎ থূৎ)। নিষ্ঠীবন ত্যাগশব্দে, ঘৃণাপ্রকাশে। থুঃ, ছিঃ ··ষ্য. ঘৃণায়, অবজ্ঞায়। থুথু ··ষ্য. (সং)। নিষ্ঠীবন (থু-থু ফেলা, উঠা)। থু-থু করা—নিন্দা করা। থুঅ ষ্য. থুথুর আকারের সূক্ষ্ম উদ্ভিদ। (প্রায়ই, থো দেখ)। থুথু-পোকা ··ষ্য. গাছের উৎকুণবিশেষের এক দশা থুথুর মতন শাদা ফেনিল পদার্থের মধ্যে থাকে।

থুড় ··ধাতু. (সং থুর্ব ধাতু হননে, থূর্ণ)। থুড়ি—ছোট ছোট খণ্ডে কাটি, প্রঃ—মাংস থুড়িয়া। থোড়া॥ থোড়া···ধাতু. (থুড় ধাতু আস্তে)। থোড়ানা॥

থুড়ি ··ষ্য. (সং থূর্ণ—বিনষ্ট হইতে? সং ত্রুটি দোষ হইতে? তুং হিং থুড়ী—ত্রুটি, অপমান)। এক কথা কহিতে কহিতে অন্য

কথা ক্রমে কহিলে, যেমন শ্রীবিষ্ণু, রাম ইত্যাদি বলা হয়, তেমন থুড়ি। থুড়ি—যেন সব গেল; কিংবা ত্রুটি—দোষ হইল।

থুড়ি-লাফ ··ষ্য. (তুড়ি দেখ)। তোড়ে—বেগে লাফ, প্রাঃ—থুলি লাফে পেরাতাম খাজুরের খামা (মাঃ)—(থুড়ি—থুলি গ্রা°) —খাজুরের খানা থুড়িলাফ খাইয়া পার হইতাম; ছেলে থুড়ি-লাফ খায়—হঠাৎ লাফাইয়া উঠে।

থুৎকড়ি, থুৎকুড়ি···ষ্য. (স° থুৎকার)। থুথু, প্রাঃ—এ কি থুৎকুড়ি দিয়া ছাতু গোলা (টেকচাঁদ)।

থুতনি·· ষ্য. (থুতি দেখ)। গবাদি পশুর অধরোষ্ঠ।

থুতি···ষ্য. (স° ত্রোটি হইতে। ও° থোড়)। অধরোষ্ঠ, চিবুক, প্রাঃ—ভুমে ঠেকে থুতি হাঁটু কাণ ঢেকে যায় (ভাঃ)।

থুতু···ষ্য. (থুথু দেখ)। মুখের রস বা লালা।

থুপ্-থুপ ··থপ্-থপ দেখ।

থুপ···ধাতু. (স° ধূপ ধাতু দীপ্তিতে। ধূপ ধাতু হইতে ধোপা। বোধ হয় স° স্তূপ মিশিয়াছে)। থুপি—কাপড় স্তূপ করিয়া কাচি। থোপা॥ থুপা, থোপা···ধাতু. (থুপ ধাতু আস্তে)। থোপানা॥

থুপি···ষ্য. (স° স্তূপ হইতে)। লেখার কালী শুকাইবার নিমিত্ত পাঁশের থলী; স্থূল তুলি।

থুপী...ণ. (থোবা+ঈ)। থোবার আকার-বিশিষ্ট, প্রাঃ—থুপী বেগুন—যে বেগুন থোবা থোবা ধরে।

থুবড়া···ণ. (স° স্থবির)। স্থূল-দেহ বালক।

থুবড়ী···ণ. স্থূলদেহ অবিবাহিতা কন্যা। (তু° স° পৃথুকা)।

থুবড়া···ধাতু. থাবড়া দেখ।

থুর্-থুর···থর্-থর দেখ। থুর্-থুরা, থুর্-থুরিয়া ···ণ. এত জীর্ণ-শীর্ণ যে দাঁড়াইলে থুর্-থুর করিয়া কাঁপিতে থাকে, প্রাঃ—থুর্থুরা বুড়ী।

থূল···ণ. (স° স্থূল)। স্থূল। (ও°তেও থূল গ্রা° নহে)।

থেই-থেই···ব্য. (অনুকার শব্দ)। ঢোল বাজাইবার সময় অনুকার; ধীরে ধীরে নৃত্যে (স° স্থির হইতে)।

থেকে···ব্য. (থাক ধাতু হইতে থাকিয়া—সংক্ষেপে থেক্যে—থেকে)। স্থিতি করিয়া, স্থান হইতে, প্রাঃ—কুথা থাকে আইলেন হংস কুথা তুহ্মার ঘর (শূংপুঃ)—থাকে—থেকে (প্রাচীন কালে থাকে ছিল)। কোথা থেকে এলে—কোন্ স্থান হইতে; অপেক্ষা, প্রাঃ—তোমার থেকে বুঝে ভাল।

থেঁতলা···ধাতু. (থেঁতা দেখ। ঠুঁটা দেখ। থেঁতা করা—থেঁতাকা—থেঁতলা)। থেঁতলাই—পেষিত করি, প্রাঃ—জুতা দিয়া কাদা থেঁতলাইবে না। থেঁতলানা॥

থেতা···ধাতু. (স্থিত ধাতু আস্তে)। থেতাই —স্থিতি করাই, গুছাই, প্রাঃ—ঘর-দ্বার থেতাইয়া রাখ। থেতানা॥

থেঁতা (গ্রা°)...থোঁতা দেখ।

থেবড়া···থাবড়া দেখ।

থেলো···থালুয়া দেখ।

থৈ, থৈ-থৈ···থই, থেই-থেই দেখ।

থৈকর···ষ্য. (স° স্থপতি; থই—থই+কর)। স্থপতি, রাজ (স° স্থপতি—অট্টালিকা-

নির্মাণকারী), প্রঃ—মুল বান্ধিবারে আনিল থৈকর ( কবিকঃ )। ( অপ্রচলঃ )।

থো…ষ্য. ( থুথুর মতন শাদা বলিয়া ? সং থ—রোগবিশেষ )। পচা ফলে, পুরানা কাসন্দিতে জাত শাদা তুলার মতন সূক্ষ্ম উদ্ভিদ-বিশেষ ( mould )। কোথাও কোথাও ছাতা বলে। ( থো, থ পড়া )।

থোওয়া…থু ধাতু দেখ। দেওয়া-থোওয়া—দেওয়া ও অবশিষ্ট রাখা।

থোক…ষ্য. ( সং স্তবক )। সমূহ, রাশি, প্রঃ—এক থোকে পঁচিশ টাকা।

থোকা…ষ্য. ( সং স্তোক—অল্প। তুং ওং থোক—অল্প )। জমিদারী সেরেস্তায় জমা-বন্দির সংক্ষিপ্ত বিবরণ হিসাব। প্রত্যেক প্রজার জমির ও জমার হিসাব।

থোড়…ষ্য. ( তুং ওং থোর—ওষ্ঠ, হস্তিশুণ্ড—সং অধর। ঢাকায় থোর—জঙ্ঘা। ঢাকায় থোড়—কলার মোচা, ভারালি—কলার থোড়। ভারালি—তুং আসাং ভরি—পদ, যে হেতু দেহের ভার পড়ে। অতএব ভারালি শব্দের মূলার্থ পদ। সং নাম কদলীদণ্ড। ওং কদলী মঞ্জা—মঞ্জরী। মং থোঁট—সং স্থাণু। ধানগাছ থোড় বাঁধে—সং স্তম্বকরি=ধান্য। থোড় শব্দের মূল কি ? সং স্থাণু ? সং স্থূল ?)। কলাগাছের মোচার দীর্ঘ বোঁটা, প্রঃ—প্রভু যাঁর নিত্য লয় থোড় মোচা ফল ( চৈঃ চঃ )। থোড় বড়ী খাড়া…( ড় দ্বারা অনুপ্রাস হেতু প্রয়োগ )। একই উপকরণ। ( ২ ) ধানগাছের শীষ যখন পাতা হইতে বহির্গত হয় নাই ( হিং থোড় ), প্রঃ—ধানে থোড় বাঁধে, গজায়। গর্ভ-থোড়…ধানগাছের পত্রগর্ভস্থ থোড়।

থোড়া…ষ্য. ( হিং। সং স্তোক )। অল্প, একটু। ( বাংতে চলিত নাই )।

থোড়া…থুড় ধাতু দেখ।

থোঁতা…ণ. (হিং থোতরা, থোথলা—ভোঁতা ; ওং থোন্তরা থোবরা ; মং থোঁটা থোঁট—সং স্থাণু। সং থূর্ণ—বিনষ্ট হইতে ? ভোঁতা দেখ )। সম্পীড়িত, ভুগ্ন, প্রঃ—দাঁতনের মুখ থেঁতো করা, বকিয়া বকিয়া মুখ থোঁতা হয়। থোঁতা মুখ ভোঁতা করা—তুং মড়ার উপর খাঁড়ার ঘা।

থোপ, থোপা…ষ্য. ( সং স্তূপ )। পুচ্ছের অনুকরণে সূত্রগুচ্ছ। থোপী, থুপী…ষ্য ( থোপ+ঈ )। ছোট গুচ্ছ। থোপনা…ষ্য. (থোপ+না)। গোরুর পুচ্ছের লোমগুচ্ছ।

থোবা…ষ্য. ( সং স্তবক )। পুষ্পাদির স্তবক।

থোর, থোরি…থোড়া। ( প্রাচীন পদে )।

## দ।

দ…ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ, অক্ষরবিশেষ। হাড়-গোড়-ভাঙ্গা দ…( হাত গোড়=হাড়-গোড়)। যে দ অক্ষরে হাত-পা ভাঙ্গা দেখায়।

দ…ষ্য. ( সং দর—গর্ত ; যথা,—দরোহন্ত্রী সাধ্বসে গর্তে কন্দরে তু দরী মতা—মেঃ। দর—দঅ—দহ। এ এর পরে থাকিলে দ স্থানে দয় হয় )। দহ, নদীগর্ভে গর্ত বা নিম্নস্থান, প্রঃ—নদীতে দ পড়ে ; মাতঙ্গ পড়িলে দয়ে পতঙ্গ প্রহার করে ( ভাঃ )। কাজে দ পড়া—যেন গর্ত হইয়া বিঘ্ন পড়া। শিয়াল-দ…শিয়ালের গত, ঝিনা-দ…ক্ষীণ গর্ত।

দ···ধাতু. দহ ধাতু দেখ।

দং···ব্য. (ফা॰ দরুন শব্দসংক্ষেপে)। নিমিত্তে, প্রঃ—দং জলকর ২৸০—জলকর নিমিত্ত (জমা বা খরচ) ২৸০।

দই···ষ্য. (সং দধি—দহি—দই)। দধি। দই বসানা, পাতা (দধি-স্থাপনা)—দুধকে দইতে পরিণত করার উপায় করা। বসানা—জমানো। (তুং ওং বসা-দই, যাহা ঘোল-দই নহে)। দইএর সাজা···সজ্জা (কলিকাতায় দখল)। খাঁটি দুধ এক সের হইতে তিন পোয়া উৎকৃষ্ট দই হয় (সাজার গুণ ও বসাইবার গুণ থাকা চাই)। সাজ দই···সদ্য-পাতা দই। উপমায়, ভিজা ভাতে দই—মুখরোচক হয় না।

দইয়াল···দয়াল, দোয়েল দেখ।

দঁক · ষ্য. (সং দকং—জল—হেমঃ। বোধ হয়, সং উদকং হইতে দকং। তুং সং দমঃ কর্দমে—মেঃ)। গভীর তরল পঙ্ক। হাতীর দঁকে পড়া—হাতী পঙ্কে হইতে উঠিতে পারে না; লক্ষণায়, ধনাঢ্য কিংবা প্রসিদ্ধ ব্যক্তির গভীর বিপদে পড়া।

দক্তী···ষ্য. (তক্‌তা—তক্‌তী হইতে? ওং দক্‌তী)। তাঁতের যে তক্তীর উপর দিয়া মাকু যাতায়াত করে।

দক্ষিণ···ণ. (সং)। ডাইন, প্রঃ—দঃ হাত, দঃ পাশ; সূর্যোদয়কালে সূর্য প্রতি মুখ করিয়া দাঁড়াইলে ডাইন, প্রঃ—দঃ দিক্। দক্ষিণ হস্তের ব্যাপার···ভোজন। দক্ষিণা···ষ্য. (সং)। পুরোহিতের প্রাপ্য বেতন, ভোজনের পর ব্রাহ্মণকে পুরস্কার বা পাথেয়। ডাকে, বামুন বাদল বান দক্ষিণা পেলেই যান—ব্রাহ্মণের কৃত কর্মের দক্ষিণা; দক্ষিণ দিক্ হইতে বাতাস বহিতে থাকিলেবাদল ও বন্যা শেষ বুঝিতে পারা যায়। (বঙ্গদেশের সর্বত্র এ নিয়ম নহে)। দক্ষিণিয়া, দক্ষিণ্যে···ণ. (দক্ষিণ+ইয়া)। দক্ষিণদিক্‌ভব, দক্ষিণদিক্‌বর্তী, প্রঃ—দক্ষিণ্যে বাতাস। (বোধ হয়, দক্ষিণা শব্দের রাঢ়ীয় উচ্চারণে দক্ষিণে শোনায়। তুং দান-দক্ষিণে)।

দখনো···ণ. (দক্ষিণ+উয়া—দক্ষিণুয়া—দখনো)। দক্ষিণদিক্‌ভব, দক্ষিণ-দেশভব, প্রঃ—দঃ বাতাস, দঃ গোরু।

দখল···ষ্য. (আং)। অধিকার, ভোগ; অভ্যাস, আয়ত্তি। দখল-নামা···যে পত্রে অধিকার স্বীকৃত হয়। দখলি···ষ্য. দখল। দখলি-স্বত্ব··অধিকার। দখলিকার···অধিকারী। দখলী···ণ. অধিকারভুক্ত, অধিকৃত, প্রঃ—দঃ জমি। ভোগ-দখল · (সহচর শব্দ)। ভোগ। নিঃ—বে-দখল।

দগড়···ষ্য. (সং দ্রগড়। রগড় দেখ)। মাটির ছোট নাগরাবিশেষ। (নদীয়ায় ডগর)। দগড়ে রগড় দেওয়া—দগড় নামক বাদ্য-যন্ত্রে কাঠির ঘর্ষণ (রগড়) করা। এই রূপে দগড় বাজানো হয়।

দগ্-দগ···ব্য. (সং দহ ধাতু সন্তাপে)। সন্তাপে, জ্বলনে, প্রঃ—হিয়া দগ্-দগ—যেন হৃদয় পুড়িতে থাকে; এ দুঃখ আমার চিত্তে দগ্-দগ জ্বলে (মাঃ)। দগ্-দগি···ষ্য. জ্বালা, প্রঃ—এই বড় দগ্-দগি অন্তরে রহিল (মাঃ)। দগ্-দগানি॥

দগ্ধ···ধাতু. (সং দগ্ধ হইতে)। দগ্ধি—দহি, প্রঃ—পরাণ দগ্ধিতেছে। দগ্ধা, দগ্ধন॥

দগ্ধা···ধাতু. (দগ্ধ ধাতু আস্তে)। দগ্ধাই—পোড়াই। দগ্ধানো॥ (দগ্ধা ধাতু স্থানে

প্রায়ই দগ্ধ ধাতুর প্রয়োগ হয়, প্রঃ—দগিয়া দগিয়া মারা—দগ্ধাইয়া।

দঙ্গল…ব্য. (সং জঙ্গল—অরণ্য হইতে। হিং—মল্লক্রীড়াস্থান)। অরণ্য, দল, প্রঃ—লোকের দঙ্গল—লোকারণ্য; নববাবুদিগের দঙ্গল (প্যারীচাঁদ)।

দজ্জাল…ণ. (আং)। মিথ্যাবাদী, বঞ্চক (কদাচিৎ প্রচলঃ)।

দড়…ণ. (সং দৃঢ়। প্রাচীন বাং দঢ়। আসাং ডাট)। দৃঢ়, প্রঃ—বাঁশের চাঁইতে কঞ্চি দড়; আটে পিঠে দড় ত ঘোড়ার পিঠে চড—অষ্টাঙ্গে দৃঢ় না হইলে অশ্বারোহণে সুখ নাই। (২) কঠিন, প্রঃ—ভিতরেতে দড় ভাত (চৈঃ চঃ)—শক্ত ভাত (তুং দহড়)। (৩) নিপুণ, প্রঃ—সিদ্ধিতে নিপুণ দড় (ভাঃ) —সিদ্ধি সেবনে নিপুণ।

দড়-কচা ..ব্য. (দড়ি+সং কচ—কেশ, বাং কচা—তৃণ-রজ্জু)। দোড়ি-দোড়ি-ভাব, প্রঃ—শুখনা বেগুন পোড়াইলে দড়কচা মারে। (দড়-কাঁচা দেখ)।

দড়-কাঁচা…ণ. (দর-কাঁচা। সং দর—অর্ধ। দর দেখ)। আধ-কাঁচা, অ-সিদ্ধ, প্রঃ—অল্প আগুনে পোড়াইলে বেগুন দড়-কাঁচা মারে—কোন্ অংশ সিদ্ধ হয়, কোন্ অংশ হয় না, কাঁচা থাকে।

দড়্-দড়…ব্য. (সং দল ধাতু বিদারণে)। দলিত বা বিদীর্ণভাবে, প্রঃ—দড়্-দড় করিয়া চলা—যেন মাটি দলিত, বিদীর্ণ হইতে থাকে, এত তেজে। (জীর্ণ বস্ত্র দড়্-দড় করে—ধড়্-ধড়, ঝর্-ঝর শব্দের অপভ্রংশে)।

দড়-পাকা...ণ. (সং দর—ঈষৎ—দ্রেঃ)। ঈষৎ-পক্ক।

দড়্-বড়…ব্য. (সং দল ধাতু বিদারণে, বল ধাতু বধে। অতএব দড়্-বড় সানুচর শব্দ)। দলিত বিনষ্টভাবে, প্রঃ—দেখিয়া মেনকা রাণী গলায় দড়-বড়ি (কবিকঃ)—মাটি দলিত ও হত করিয়া; দড়্-বড়ি চড়ি ঘোড়া অমনি চাবুক (ভাঃ); অশ্বের দড়বড়ি দাঁতের কড়মড়ি বারণ-বৃংহিত তায় (মাঃ), —অশ্বের দড়বড়ি—বেগে ও বলে গমন। ঘোড়া দড়বড়ি (মেঘনাদবধে)—ঘোড়াকে দড়বড় করিয়া চালাইয়া। দড়্-বড়িয়া…ণ. যে হঠাৎ উঠিয়া চলিয়া কাজ করে। দড়-বড়ানি ॥

দড়মা ..ব্য. (মাদুর হইতে? মাদুর—দুরমা—দরমা—দড়মা)। নল গাছের ডাঁটা চিরিয়া নির্মিত মোটা মাদুরবিশেষ।

দড়া…ব্য. (দোড়ী দেখ)। মোটা দোড়ী। দড়া-দড়ী…(দড়ী সমূ)। মোটা ও সরু দোড়ী। দড়া…ধাতু. দড়াই—দোড়ী দিয়া বাঁধি, প্রঃ—দড়ায়ে পায়ে উঠয়ে তাহে, থাকি থাকি সেই ঝোঁকে (চণ্ডীঃ)। দড়ানা ॥

দড়াম্ ..ব্য. (সং দণ্ড+আম্—শব্দে)। দণ্ডের তুল্য সোজা পতন-শব্দে, প্রঃ—দৌড়িতে দৌড়িতে দড়াম্ করিয়া পড়িয়া গেল। (তুং তাল-কাছাড়া)।

দড়ি…দোড়ী দেখ।

দঢ়.. ণ. (সং দৃঢ়। দড় দেখ)। দৃঢ়, প্রঃ—জ্ঞানদাসে কহে দঢ় করি থাক বুক (জ্ঞানদাস); (কবিকঃ)। দঢ়া…ধাতু. দঢ়াই—দৃঢ় করি (প্রাচীন পদে)। (অপ্রচলঃ)।

দণ্ড…ব্য. (সং)। যষ্টি; দমন; চারি হাত পরিমাণের যষ্টি; ষাটি-পল কাল-পরিমাণ (২৪ মিনিট)। দণ্ডকলস…ব্য. (সং নাম

দণ্ডোৎপল)। ডানকুনি গাছ দেখ। দণ্ডবৎ হওয়া—ভূমিতে দণ্ডবৎ পতিত হওয়া, ভূমিতে দণ্ডবৎ সোজা পড়িয়া প্রণাম, প্রঃ—দণ্ডবৎ হয়ে মুনি করিল প্রণাম (ভাঃ)। ( দণ্ডবৎ করি নহে, দণ্ডবৎ হই )। এক্ষণে, দণ্ডবৎ বলিলে সোজা দাঁড়াইয়া জোড়হাতে প্রণাম বুঝায়। খুরে দণ্ডবৎ ·· যাহার নিকট দণ্ডবৎ হইতেছি তাহাকে গোরু বলা ; গোরু যেমন খুর দিয়া চাটি মারে, তেমন যে গোঁয়ার সর্বদা ত্যক্ত-বিরক্ত করে, তাহাকে নমস্কার ( গালিতে )। দুটি পায়ে দণ্ডবৎ ··কাতরোক্তি, ক্ষমা-প্রার্থনা ( ব্যঙ্গচ্ছলে )। দণ্ড-বিধি···ষ্য. (সং)। দুষ্টের শাসন-বিষয়ক বিধান ( আদাঃ, Penal code )। দণ্ড-মুণ্ড ··ষ্য. ( সহচর শব্দ )। দণ্ড ও মস্তক। দণ্ডমুণ্ডের কর্তা, যিনি দণ্ড দিতে পারেন, এমন কি, মাথাও লইতে পারেন।

দণ্ডাস ··ঢেমনা সাপ দেখ।

দণ্ডি...ষ্য. (সং দণ্ড হইতে)। ব্রাহ্মণের পইতা দণ্ডপ্রমাণ লইয়া তিনফের করিয়া গ্রন্থি। একদণ্ডি পইতা—এক গ্রন্থি যে পইতায়।

দত্ত ··ষ্য. ( সং দত্ত, যেমন দেবদত্ত, যজ্ঞদত্ত হইতে )। হিন্দুজাতির পদবীবিশেষ।

দধি ··ষ্য. (সং)। দই। দধিকালী···হাঁড়া কিংবা হাঁড়ীর দই পরিমাণ। শুভঙ্করী আর্যা,—"গলা তলা ফাঁড় আদি যতেক মাপ হবে। তত ভাগের এক ভাগ অঙ্গুলী ধরিবে। ঊর্দ্ধে হবে যতেক অঙ্গুলী নিরূপণ। উভয় অঙ্গুলী লয়ে করিবে পূরণ। একুনে অঙ্গুলী যত যতনে রাখিবে। পঞ্চ সের দর দিয়া তাহারে হরিবে॥ হরিলে অঙ্গুলী যত কষিতলে রয়। এক এক অঙ্গুলে তার পাকি সের হয়॥"—গলা,তলা, ফাঁড় (—পেট—) যত আঙ্গুল বেড়। এই তিনের একভাগ × ঊর্দ্ধে যত আঙ্গুল। এই পরিমাণ + ৫ = পাকি সের ? পঞ্চসের দর—কি ?

দনা ··ষ্য. (সং দমনক। তুং দহনা, হিং দৌনা )। সোমরাজ্যাদি বর্গের শাক-বিশেষ ( Artimisia indica )। পাতা পক্ষচ্ছিন্ন, নিম্নপৃষ্ঠ রোমশ। মঞ্জরী হেলিয়া পড়ে। পাতায় ঈষৎ গন্ধ আছে। নাগ-দনা ··ষ্য. (সং নাগদমনক )। ঐ প্রকার শাক ( Artimisia vulgaris. The Indian worm-wood )। কিন্তু পাতা চেপটা, বেশী কাটা, নীচে দীর্ঘরোমশ। পাতা সুগন্ধ। এই হেতু কি সাপ আসে না ? লোকের বিশ্বাস, পাতার গন্ধে রাত্রে ভূতপ্রেত পলায়।

দনাই ··ষ্য. ( সং জনার্দন—জনা—দনা + আই—আদরে )। জনার্দ্দন নাম।

দন্ত ··ষ্য. ( সং। তুং ফাং দন্দান )। দাঁত ; ৩২ অঙ্ক। দন্তপাটি ··ষ্য. দন্তপঙ্ক্তি। দন্তস্ফুট···ণ. যাহাতে দাঁত ফুটাইতে পারা যায় না, এত কঠিন ; লক্ষণায় দুর্বোধ্য। দন্তাল···ণ. ( দন্ত+আল )। দন্তবিশিষ্ট, বৃহৎ দন্ত বিশিষ্ট। ( দাঁত দেখ )।

দন্তী ··ষ্য. (সং)। মুহী আদিবর্গের স্থূল ক্ষুপ-বিশেষ ( Baliospermum axillare )। পাতা অণ্ডাকার, দন্তুর, ঈষৎ লোমশ, ত্রিশীর। পাতার গোড়ায় দুইটা অর্বুদ আছে। ফল তিন-আঁঠিয়া। উত্তর ও পূর্ববঙ্গে গাছ আছে।

দপ, দপ্-দপ···ব্য. (সং দৃপ ধাতু গর্ব,পীড়ন, সন্দীপনে; দীপ ধাতু জ্বলনে)। সন্দীপনে, প্রঃ—দপ্ করিয়া দীপ জ্বলিল; দপ-দপদপ দপয়ে মণি (ভাঃ) পীড়ায় প্রঃ—ব্যথায় মাথা দপ্-দপ করে; গর্বে, প্রঃ—দব্দবা দেখ। দিপ্-দিপ··ব্য. পীড়ন, সন্দীপনের মৃদুতায়। দুপ্-দুপ··ব্য. অতি-মৃদুতায়। দুপ্দাপ দেখ। দপ্-দপা ষ্য. (সং দর্প)। দর্প, প্রতাপ।

দপ্তর...দফ্তর দেখ।

দপ্প (গ্রাং)··ষ্য. (সং দর্প)। দর্প।

দফা··ষ্য. (আং দফা)। বিষয়, প্রকরণ, পদ। দফা-দার ষ্য অল্প সেনার পতি; চৌকীদারের উপরিস্থ কর্মচারী, পুলিশ-রিপোর্টার। দফাদারি··ষ্য. দফাদারের কর্ম। দফা রফা, দফা সারা—কোন বিষয় অবশিষ্ট না রাখা। দফা-দফা...পৃথক্ পৃথক্; পুনঃ পুনঃ। দফে...পুনশ্চ।

দফাল...ধাতু. (দুই ফালি হইতে। সং স্ফল ধাতু সঞ্চলন, তাড়নে)। দফালি—দু-ফাল করি, আস্ফালন দ্বারা দুই খণ্ড করি, প্রঃ—ছেলেরা জল দফালিয়া বেড়াইতেছে। দফালা॥ দফাল···ষ্য. আস্ফালন, প্রঃ—অগ্নির দফালে যেন ষাঁড়ের গর্জ্জন (কবিকঃ)। (সং দর্প হইতে?)।

দফ্তর, দপ্তর···ষ্য. (আং দফ্তর)। খাতাপত্র। দফ্তর-খানা···দফ্তর রাখার স্থান। দফ্তরী···যে খাতাপত্র রাখে,যে বহি বাঁধে।

দব্-দব...দপ্-দপ দেখ।

দব্-দবা··ষ্য. (দপ্-দপ দেখ। তুং আং দবদবা)। প্রতাপ, প্রভুত্ব। দব্-দবানি···ষ্য. দব্-দবা।

দম··ধাতু. (সং দম ধাতু)। দমি—উপশান্ত হই, বিনত হই। দমা॥ দমা··ধাতু. (দম ধাতু আস্তে)। দমানা॥

দম···ষ্য. (ফাং)। শ্বাস, প্রঃ—দম লওয়া। দম-মারা···শ্বাসরুদ্ধ। নাকে-দম··প্রাণ বহির্গত হওয়ার উপক্রম। পেটবুক সমে-দম ···শ্বাস লইলে যেমন পেটবুক ফুলিয়া উঠে, তেমন। বে-দম হওয়া···শ্বাসরোধ। বে-দম মারি (মার)··এমন প্রহার যে, নিশ্বাস রোধ হয়। দম-কল··ষ্য. (ফাং দম+সং কলা—কল)। যে যন্ত্র দ্বারা বাতাস টানিয়া উচাতে জল তুলিতে পারা যায় (water-pump)। ঘড়ীতে দম দেওয়া—ঘড়ীর ইস্প্রিং মুড়িয়া দেওয়া, যেন ঘড়ী শ্বাসপূর্ণ করা হয়। (২) বঞ্চনা, প্রঃ—দম দিয়া ভুলানা। দম-বাজ··ণ. (ফাং)। বঞ্চক, ধূর্ত। দম-বাজি··ষ্য. বঞ্চনা।

দমক...ষ্য. (সং দম+ক স্বার্থে? তুং সং স্থামন্—শক্তি। ফাং দম?)। দমন, চাপ, প্রঃ—নৌকায় দমক দেওয়া। দমকা··ণ. (দমক+আ)। হঠাৎ বেগবান্, প্রঃ—দমকা বাতাস—মধ্যে মধ্যে হঠাৎ প্রবল ঝড় (তুং সং পরাকা—ব্রাত্যা)।

দমঘোষ··ষ্য. (সং)। মহাভারতে দমঘোষ রাজার পুত্রের নাম শিশুপাল। ঘোষ ও পাল উপাধিবাচক ছিল না। কিন্তু বাংতে ঘোষ ও পাল উপাধিবাচক। এই হেতু কথাটা শুনিলে লোকে আশ্চর্য বোধ করে। লক্ষণায়, বাপ যাহা করে নাই বা হয় নাই, বেটা তাহা করিতেছে বা হইতেছে।

দম্-দম··ব্য. (সং দম্ভ ধাতু দম্ভে, প্রেরণে।

সং দ্রম ধাতু গতিতে)। দম্ভপ্রকাশক শব্দে, প্রঃ—দামামা দম্‌দম (ভাঃ); দম্ভ-প্রকাশক গমনে, প্রঃ—দম্‌দম করিয়া চলা। দুম, দুম্‌-দুম ··ব্য. দুম শব্দে, প্রঃ—গাছ হইতে দুম করিয়া তাল পড়ে, দুম্‌-দুম করিয়া বম ফুটে, বন্দুকের আওয়াজ হয়। দুম্‌-দাম··ব্য. (দাম—উপচর শব্দ)। দুম শব্দে, প্রঃ—দু হাতে দুরন্ত কিল দুম-দাম পিটে (মাঃ)। (ধম্‌-ধম দেখ)।

দম্‌দমা ··ষ্য. (আ°)। মাটির উচা ডাঙ্গা।

দমনক ··ষ্য. (সং)। দনাগাছ দেখ।

দম্বল (কলিকাতায় গ্রা°) ··ষ্য. (সং দধাম্ল)। দই পাতিবার সাজা। (রাঢ়ে শব্দটি অজ্ঞাত)।

দয়মন্তী (গ্রা°) ··ষা. (সং দময়ন্তী)। নলরাজার মহিষীর নাম।

দয়া···ষ্য. (সং)। দয়া। দয়া-মায়া ··(সং। প্রায় সহচর শব্দ)। দয়া-দাক্ষিণ্য ··(সং। প্রায় সহচর শব্দ)। দয়া-ধর্ম ··(সং। প্রায় সহচর শব্দ)। প্রঃ—দয়াধর্ম তোমার শরীরে কিছু নাই (মাঃ)। দয়াল...ণ. (সং দয়ালু)। দয়ালু।

দয়াল (গ্রা° দোয়েল) ··ষা. (সং দধিকুল? ঢাকায় দধিকুল। দক্ষিণরাঢ়ে দইআল-চাকা। ভারতে, ছাতারিয়া করকটে ফিঙ্গা দহিয়াল। ও° দইআল। শব্দটি দইয়াল, সংক্ষেপে দ'য়াল—দোয়েল)। শাখাশ্রয়ী বর্গের পক্ষী-বিশেষ (The magpie robin. Copsychus saularis)। ১০।১২ আঙ্গুল। পা লম্বা, পুচ্ছ পক্ষ সমান লম্বা, পুচ্ছ পক্ষ মাথা কৃষ্ণবর্ণ, উদর শ্বেত। (এই হেতু নাম দধিআল?)। স্ত্রীপক্ষী ধূম্রবর্ণ। বাড়ীর বাগানে ভোরে শীষ দেয়, সরু সুরে শীষ দেয়। মাটিতে নামিয়া পোকা খায় এবং দৌড়াইবার সময় পুচ্ছ উচ্চ করে। লোকে আঠা-কাঠি দিয়া অনায়াসে ধরে।

দর ··ষ্য. (সং আ-দর হইতে? দ্রব্য হইতে?)। মূল্য। দর-দাম ··ষ্য. (সহচর শব্দ)। মূল্য। দর-দস্তুর ··ষ্য. (প্রায় সহচর শব্দ)। দাম ও বিক্রয়সম্বন্ধীয় নিয়ম বা পাওনা। দর-দস্তুরি ··ষ্য. দর-দস্তুরের ভাব। দর-কস্তুরি ··ষা. (কস্তুর দেখ)। দরে হ্রাস।

দর ··ণ. (সং)। অল্প, লঘু, প্রঃ—দর কর হিয়া (কবিকঃ)—হৃদয়ভার লঘু কর। (তুং ও° দর-দর হাস—মৃদু হাস্য)। (২) (সং—অর্ধ)। আধ, প্রঃ—দর-পোড়া, দর-কাঁচা।

দর · ব্য. (ফা°। তুং অন্তঃ)। অধীন, নিম্ন অর্থে, প্রঃ—দর-পত্তনী, দর-দালান।

দরকার ··ষা. (ফা° দর—অন্তঃ, কার—কার্য; কাজে লাগে যাহা)। প্রয়োজন। দরকারী ··ণ. (দরকার+ঈ)। প্রয়োজনীয়। বে-দরকার ··বিনা প্রয়োজন। বে-দরকারী ·· অপ্রয়োজনীয়।

দরখাস্ত ··ষ্য. (ফা° দরখ্‌আস্ত)। আবেদন, প্রার্থনা। দরখাস্তকারী··ষা. (সং কারী)। যে আবেদন করিতেছে, প্রার্থী।

দরজা ··দরোজা দেখ।

দরদ ··ষ্য. (ফা° দর্‌দ। তুং সং দরৎ—ভয়)। পীড়া, ব্যথা, প্রঃ—পায়ে দরদ, দরদের লোক—ব্যথার ব্যথী। দরদী ··ষা. যে অন্যের ব্যথায় ব্যথা বোধ করে।

দর্‌-দর ··ব্য. (সং দ্রু ধাতু)। দ্রবীভাবে,

দ্রব ক্ষরণে, প্রঃ—দুর্-দুর দেহ বয়ে ছুটে কাল-ঘাম (মাঃ)—(এখানে দর্দর হইতে পারিত)।

দর-দালান ··ষ্য. (ফা°)। দালানের ভিতরের দালান। (দালান দেখ)।

দরপেষ ··ষ্য. (ফা°)। দায়র (আদঃ)।

দরবার ··ষ্য. (ফা° দর—অন্তঃ, বার—বাটিকা)। রাজসভা; আবেদন। দরবারী··· ণ. (দরবার+ঈ)। দরবার-যোগ্য, দরবার-সম্বন্ধীয়।

দরবেষ ··ষ্য. (ফা°)। ফকীর, প্রঃ—দরবেশ হঞা আমি মক্কায় যাইব (চৈঃ চঃ)।

দরমাহা ··ষ্য. (ফা°)। মাসিক বেতন, তন্‌খা।

দরমিয়ান···ব্য. (ফা° অন্তরে, ভিতরে)। উল্লেখ করিয়া, অন্তরে রাখিয়া, শপথ করিয়া, প্রঃ—ঠাকুর দরমিয়ান কহিতেছি।

দরশন ··ষ্য. (স° দর্শন। হি°)। দর্শন, প্রঃ—ঠাকুর দরশনে গিয়াছে।

দরাজ ··ণ. (ফা°)। বিস্তীর্ণ, উন্মুক্ত, প্রঃ—দরাজ জায়গা।

দরান (গ্রা°) ··দরোয়ান দেখ।

দরিয়া···ষ্য. (ফা°)। সাগর। দিল-দরিয়া···ণ. (ফা° দরিয়াদিলী)। সাগরতুল্য বিস্তীর্ণ অন্তঃকরণ যাহার, মহানুভব।

দরিয়াফ্‌ত ··ষ্য. (ফা°)। অনুসন্ধান।

দরী ··ষ্য. (স° দর—গর্ত্ত+ঈ)। ছিদ্র-বিশিষ্ট লৌহখণ্ড, যার উপরে (লাল-পোড়) লোহা রাখিয়া বিঁধনী দিয়া ছিদ্র করা হয়। অন্য নাম মুহরী।

দরী···ষ্য. (ফা° দারাঈ—লাল রেশম কাপড় হইতে ? ডোর দিয়া বোনা—ডোরী—দোরী ?)। ছোট পাতলা শতরঞ্চ, আস্তরণ।

দরুন ··ব্য. (ফা° দরুন—ভিতরে)। কারণ, নিমিত্ত। (সংক্ষেপে দং)।

দরোয়ান, (গ্রা° দরান) ··ষ্য. (ফা° দর—স° দ্বার+ফা° বান—স° অর্থ পাল)। দ্বার-পাল। দরোয়ানি, দরানি···দ্বারপালের কর্ম।

দরোজা ··ষ্য. (ফা° দর্‌বাজা)। দ্বার।

দর্গা ··ষ্য. (ফা° দর্গাহ্)। মুসলমানদের পুণ্যস্থান।

দর্জন ষ্য. (ই° dozen)। ডজন, ১২টা।

দর্জী ··ষ্য. (ফা°)। সৌচিক। দর্জীগীরি ·· দর্জীর কর্ম।

দর্বেষ ··ষ্য. (ফা°)। ফকীর, মুসলমান ভিক্ষুক। (দরবেষ দেখ)।

দর্শ ..ধাতু. (স° দৃশ ধাতু)। দর্শি—প্রকাশিত করি, পাই, প্রঃ—ওষুধে ফল দর্শিবে। দর্শা॥ দর্শা ··ধাতু. (দর্শ ধাতু আস্তে)। দর্শাই—প্রদর্শন করি। দর্শানা॥ দর্শন ··ষ্য. (স°। বা° দর্শ+অন)। দেখা, দৃষ্টি। দর্শন-ডালী ··ণ. (স° দর্শনধারী। হি° ও° দর্শনধারী.। সুদর্শন (স° দর্শন—আকৃতি)। কথায়, আগে দর্শনডালী পরে গুণ বিচারি—আগে আকার-পরীক্ষা, পরে গুণ-পরীক্ষা। দর্শনী ··ষ্য. (দর্শন+ঈ)। দর্শনে—দেখাতে—দিতে হয় যে বেতন, ভিজিট।

দল ··ষ্য. (স°)। (১) এক ধর্ম্মের, এক উদ্দেশ্যের নিমিত্ত সম্প্রদায়, প্রঃ—নেড়া-নেড়ীর দল, যাত্রার দল—যাত্রা গায়ক-সম্প্রদায়। (২) গোষ্ঠী, প্রঃ—আখড়ার দল. দল বাঁধা—গোষ্ঠী হওয়া, সম্মিলিত হওয়া, দল পাকানা—দল বাঁধিবার জোগাড় করা। স্বদল ··নিজপক্ষীয় দল;

বে-দল ··অপরপক্ষীয় দল। ঘরদল··· মিত্রগোষ্ঠী ; পরদল···শত্রুগোষ্ঠী। দলপতি ···গোষ্ঠীনায়ক। দলাদলি ··ষ্য. (বা° । তু° কানাকানি, মুখামুখি)। দুই দলে বিভাগ-বশতঃ কলহ, শত্রুতা। দল-বল···ষ্য. (দল—সৈন্যদল, বল—সৈন্য। প্রায় সহচর শব্দ)। পক্ষীয় লোক জন। (৩) বেধ, প্রঃ—কপাটের পাটার দল, দলে পুরু। (৪) পাইনের নিমিত্ত রূপা তামার খাইদ, কোন্ কোন্ দলে দস্তাও থাকে। পাইন পত্রাকার বলিয়া নাম দল (সেকরার শব্দ)। (৫) জলে জাত পত্রবহুল তৃণাদি (৬) ধান্যাদিবর্গের জলজ তৃণবিশেষ (Panicum crus-galli, var. stagninum)। শ্যামা-ঘাসের তুল্য। খড় দুই হাত পর্যন্ত লম্বা হয়। পচা পুকুর ভরিয়া ফেলে। দল-টাটু ··টাটু দেখ। দলপিঁপি ··জলপিঁপি দেখ।

দলই···ষ্য. (সং দলপতি। ও° দলুই)। দলপতি, সেনাদলপতি, প্রঃ—সিংহদারের দলই (চৈঃ-চঃ); জাতির পদবীবিশেষ।

দলক···ষ্য. (সং জল হইতে ? সং দর্দুর—মেঘ ? নদীয়াতে চল)। প্রবল বর্ষণ, প্রঃ—তিন দলকে জ্যৈষ্ঠ কামাই—জ্যৈষ্ঠমাসে তিনবার ভূরিবর্ষণ হয়।

দল্-দল···ষ্য. (সং দল ধাতু)। শিথিলতায় প্রঃ—কাঁচা মাটির উপর চলিলে মাটি দল্-দল করে (তু° সং দলাঢ্য—দল্-দলা কাদা) দল্-দলা, দল্-দলিয়া···ণ. (আ, ইয়া)। দল্-দল করে যাহা।

দল্-মল···ষ্য. (সং দল, মল ধাতু)। দলিত মলিত ভাবে, প্রঃ—দলমল দোলে মুণ্ডের মাল (ভাঃ)—মালার ভারে দেহ দলিত ও মর্দিত হয়।

দলিজ, দলুজ···ষ্য. (ফা° দহলীজ। তু° সং দেহলী)। বৈঠকখানা-সরূপ ছোট মেলা। ইহার দুই পাশে দুই ঘর থাকে, প্রায়ই বাড়ীপ্রবেশপথে দলিজ বা দলুজ হয়। প্রঃ—দলিজ মসিদ নানা ছান্দে (কবিকঃ—বঙ্গবাসীর সংস্করণ)।

দলীল···ষ্য. (আ°)। লেখ্য প্রমাণ, নিদর্শন। দলীল দস্তাবেজ···ষ্য. (সহচর শব্দ)। লেখ্য প্রমাণাদি। দলীলী···ণ. (দলীল+ঈ)। দলীলসম্বন্ধীয়, দলীল আছে যার।

দলুয়া, দ'লো ··ষ্য. (সং দল—খণ্ড+উয়া। হি° দলিয়া—মোটা গুঁড়া)। গুড় হইতে মাৎ ঝরাইয়া লইলে যে পাণ্ডুরবর্ণ চিনী হয়। মাৎ ঝরাইতে ময়রা-শেঅলা লাগে।

দশ ··ণ. ষ্য. (সং দশন্। ম° দহা, দশ। ফা° দহ)। দশ-সঙ্খ্যক, দশ সঙ্খ্যা ; ১০। দশক ··ষ্য. (সং °)। দশ—এই রাশি। দশকিয়া · ষ্য. (দশক+ইয়া)। দশক-সম্বন্ধীয় গণিত। দশ-বিশ···দশ হইতে বিশ এই দুই সঙ্খ্যার মধ্যে এক সঙ্খ্যা, দশের ন্যূন নহে, বিশের অধিক নহে। দশকোষী···ষ্য. (সং তাল দেখ)। গীত-বিশেষ, প্রায়ই কীর্তন-গীতবিশেষ। দশচক্রে ভগবান্ ভূত—এক ব্যক্তির নাম ভগবান্ ছিল। দশজনে বলে, সে মানুষ নহে, ভূত। এইরূপ শুনিতে শুনিতে ভগবান্ শেষে নিজে ভূতযোনি বলিয়া বিশ্বাস করিয়াছিল। লক্ষণায়, দশজনের কুমন্ত্রণায় সাধুও অসাধু প্রতিপন্ন হইতে পারে। দশ-পঁচিশ খেলা···(প্রায়ই) নারী জনের

খেলাবিশেষ। কতকটা পাশা খেলার মতন। চারি জনে ৭টা কড়ী লইয়া খেলে, দুই দুই জনে এক পক্ষে। এক একজন কড়ী হাতে করিয়া চালিতে থাকে। এক কড়া কড়ী চিৎ হইলে ১০, পাঁচ কড়া চিৎ হইলে ২৫, "দান" ধরা হয়। ইহা হইতে খেলার নাম। **দশপুত্র বার** ··বালিকাদের ব্রতবিশেষ। পিঠলীর দশটা পুতুলা করিয়া পূজা করে। এই ব্রত বৈশাখ মাসে করা হয়। **দশবাহুচণ্ডী, দশবাইচণ্ডী**·· ষ্য. (গাছের বাহু—শাখা দেখিয়া এই নাম)। পুষ্প-শাকবিশেষ (The leopard flower. Belamcanda chinensis। পুরাতন নাম Pardanthus chinensis)। উদ্যানে রোপিত হয়। পাতা তরবারির মতন; দুই সারি। ফলের উপরে ফুল, ফুল বর্ষাকালে ফোটে, নির্গন্ধ। ফুলের বাহির-পিঠ হলুদা, ভিতর-পিঠ রক্ত-নারঙ্গ। ভিতর-পিঠে তিল-চিহ্ন আছে। **দশমাহী** ··ষ্য. (সং মাস। ফাং মাহ)। দশম-মাস সম্বন্ধীয় আদায়, দশম মাসে দিতে হয় যে রাজকর (জমিদারীঃ)। (ষষ্‌মাহী দেখ)। **দশমূল** ··ষ্য. (সং)। বেল শোণা গামার পারুল গণিয়ারী শাল পানি চাকুলা বৃহতী কণ্টকারী গোক্ষুর—এই দশ গাছের মূল (পাচন নিমিত্ত)।

**দশর** (গ্রাং) ··ষ্য. (সং দশহরা)। দশহরা, জ্যৈষ্ঠ শুক্লদশমী, পাঁজীর কৃত্যবিশেষ। **দশরা** ··ষ্য. (হিং)। দুর্গাদেবী-পূজায় বিজয়া-দশমী, দুর্গাপূজা।

**দশা**···ষ্য. (সং)। অবস্থা; দুরবস্থা, প্রঃ—আহা, কি দশা হইয়াছে; ভাব, ঠাকুরের ভর হইলে যে উন্মাদ জন্মে (লোকের দশা হয়, লোকে দশা পায়); **দশী**। ব্য. অনুতাপে, প্রঃ—আঃ দশা!

**দশী**···ষ্য. (সং দশা)। বস্ত্রের অন্তসূত্র বা ছিলা, প্রঃ—খড়েতে ছিঁড়িয়াছে পাট কাপড়ের দশী (কৃত্তিঃ, অযোং)। **দশী-কাপড়** ··যে কাপড়ের দশী আছে। **দশী-সূতা** ··মোটা সূতা, দশীর তুল্য সূতা।

**দস্ত**...ষ্য. (ফাং)। হস্ত (তুং দস্তআনা—দস্তানা)। **দস্তক** ··ষ্য. (ফাং)। অনুমতি-পত্র, আদেশপত্র (জমিদারীঃ)

**দস্তখৎ** · ষ্য. (ফাং)। স্বীকারসূচক স্বাক্ষর। **দস্তখতী**···ণ. (ফাং)। স্বাক্ষরিত। **দস্ত বে-দস্ত** ··(ফাং)। এক হাত হইতে অন্য হাতে, হাতে হাতে (জমিদারীঃ)।

**দস্তা** ··ষ্য. (সং যশদ। ওং জস্তা, মং জস্ত, হিং দস্তা)। ধাতুবিশেষ (zinc)।

**দস্তা** ··ষ্য. (ফাং দস্তাহ্‌)। খলের মুষল, যেমন হামান দস্তা। (দিস্তা দেখ)।

**দস্তানা** ··ষ্য. (ফাং। দস্ত দেখ)। হাতের মোজা।

**দস্তাবেজ** ··ষ্য. (ফাং দস্তাবীজ। ফাং দস্ত—সং হস্ত; হাতে যাহা লওয়া হয়, হাতে সাবধানে ধরা হয়)। লেখ্য প্রমাণ, দলীল। **দলীল-দস্তাবেজ** ..(সহচর শব্দ)।

**দস্তী** ··ষ্য. (ফাং)। হস্তসম্বন্ধীয়, হাত, প্রঃ—চারি দস্তীর কাঠা।

**দস্তুর** ··ষ্য. (ফাং)। নিয়ম, রীতি, চালি। **দস্তুর-মাফিক** ··(ফাং মুয়াফিক)। রীতি অনুসারে। **বে-দস্তুর**···নিয়মবাহ্য। **দস্তুরী** ··(ফাং)। রীতি অনুসারে প্রাপ্য।

**দস্যি** (গ্রাং) ··ষ্য. (সং দস্যু)। দস্যু, দুষ্ট, প্রঃ--দস্যি ছেলে (প্রায়ই আদরে)।

দহ...ধাতু. ( সং দহ ধাতু )। দহি—পুড়ি, প্রঃ—পরাণ দহে বিরহে। দহা, দহন॥ ( প্রায়ই পদ্যে )।

দহ, দ ··ষ্য. ( দ দেখ )। নদীগর্ভে 'অতল' গর্ত, প্রঃ—কালী-দহ। দয়ে মজানা—নদীর দহে জলের ভ্রমি থাকে, এই হেতু দহের উপর দিয়া নৌকা-চালনায় বিপদের শঙ্কা করিতে হয়। ইহা হইতে, বিনাশে ফেলা।

দহরম-মহরম ··ষ্য. ( ফাং দর্হম-বর্হম—উলট-পালট )। মাথামাথি ভাব, আত্মীয়তা, বাধ্যবাধকতা।

দহলা ··ষ্য. ( দহ+লা )। তাসের দশ-ফোঁটা তাস।

দা ··ষ্য. ( সং দাত্র। ওংতে দা—কাস্তিয়া, তুং শূং পুঃ দাইআ—কাস্তিয়া দিয়া কাটিয়া )। কাটারী ( দক্ষিণরাঢ়ে এই অর্থ অপ্রচলঃ )। দা-কাটা...কাটারী দিয়া কাটা, যেমন তামুক ( ঢেঁকীতে কোটা নহে )। কাঠ-দা ··কাঠ-কাটা কাটারী ( কবিকঃ )।

দাঁ, দাঁও ··ষ্য. ( হিং দাঁৱ। সং দান )। সুযোগ। দাঁ মারা—সুযোগে লাভ করা।

দাই ··ষ্য. ( সং ধাত্রী )। প্রসূতীর প্রসবকার্যে সাহায্য করিবার নারী ; দুগ্ধ-পায্য শিশুর পালিকা মাতা।

দাইদ, দাদ ··ষ্য. (সং দদ্রু। পূর্ববঙ্গে দাউদ। ওং জাদু। হিং দাদ। বাংতে দাদ নহে )। দদ্রু—চর্মরোগবিশেষ ( ring worm )। দাদমারি ··ষ্য. ( সং দদ্রুমর্দন। ওং জাদু-থাই )। কাঞ্চনাদিবর্গের বন্য ক্ষুপবিশেষ ( Cassia alata )। পাতা বড়, পর্ণও বড়, দশ বার জোড়া। ফুল বড় বড়, নারঙ্গা-পীত, শরৎকালে ফোটে। শুঁটীর দুই পাশে পাখনা থাকে। পাতায় দদ্রু বিনষ্ট হয় বটে, কিন্তু, অত্যন্ত জ্বালা করে। (২) বর্ষায়ুঃ শাকবিশেষ ( Ammania baccifera, or vesicatoria )। বর্ষাকালে ক্ষেতের ধারে জন্মে। বহুশাখ, পাতা অভিমুখী, মৎস্যাকার। ফুলে দল নাই। ফল প্রায় গোল, এককোষ। কাঁচা পাতা ছিঁচিয়া দেহে লাগাইলে ফোস্কা উঠে।

দাইল ··ষ্য. ( সং দালি। ওং জালি, দ স্থানে জ। ডাইল দেখ )। জাঁতায় ভাঙ্গা কলাই ; রাঁধা দাইল। ( কবিকঃ—সূপ )। দাইলপুরি ··ষ্য. ( সং পূরিকা )। কচুরী-বিশেষ ; দাইল-পোরা লুচী। বিঅলি দাইল ···বিঅলি দেখ।

দাউ-দাউ ··বা. ( সং দাৱ-অগ্নি, তুং দাবা-নল )। দীর্ঘ শিখা-সহ জ্বলনে, প্রঃ—ঘরের চাল দাউ দাউ করিয়া জ্বলিতে লাগিল।

দাউদী · ষা. ( ফাং )। গুল-দাউদী—চন্দ্র-মল্লিকা দেখ।

দাঁও···দাঁ দেখ।

দাওয়া ··ষ্য. ( সং দাৱ্‌ট—মন্ত্রণাগৃহ )। দ্বার-পিণ্ড, ঘরের সম্মুখের পিণ্ড, প্রঃ—(কবিকঃ)।

দাওয়া···ষ্য. ( ফাং দাৱা )। প্রার্থনা, স্বত্ব-প্রমাণ-প্রার্থনা। দাওয়াদার···ষ্য. যে দাওয়া করে বা যার দাওয়া আছে। দাওয়া-দাবি · দাবি দেখ।

দাওয়াই ··ষ্য. ( আং দৱা )। ঔষধ। দাওয়াই-খানা ··ঔষধালয় ( বাংতে দাওয়াই তত প্রচলঃ নহে )।

দাওরা···দায়রা দেখ।

দাওলী···ষ্য. ( সং দাত্র+বাং লী )। ঘাস উপড়াইবার ক্ষুদ্র কাস্তিয়াবিশেষ।

দাক্ষিণাত্য···ণ. ( সং )। দক্ষিণদেশীয়।...ষ্য. দক্ষিণাপথ ( Deccan )।

দাখিল ··ণ. ( আং )। প্রবিষ্ট, সন্নিবিষ্ট, উপস্থিত, প্রঃ—কর দাখিল করা। দাখিলী ··ণ. যাহা নিবিষ্ট করা হইয়াছে। দাখিল-খারিজ ··সরকারী খাতায় জমির মালিকের নাম পরিবর্তন,এক নাম গিয়া অন্য নাম বসা (আদাঃ)। দাখিলা · ষ্য. (ওং নাম পাউতি —সং প্রাপ্তি)। খাজনা-প্রাপ্তি-স্বীকারপত্র। দাখিলার পাঠ ··দাখিলায় যাহা লিখিতে হয়। চেক-দাখিলা···( ইং check )। যে দাখিলার পাঠ ছাপা এবং যাহার নকল থাকে।

দাগ...ধাতু. (সং দাহঃ—সং প্রাং দাঘো—দাঘ —দাগ। তুং ফাং দাগ—চিহ্ন )। দাগি— উত্তপ্ত লৌহাদি দ্বারা দগ্ধ করি, প্রঃ— গোরু দাগা, কামান দাগা ; চিহ্নিত করি' দাগা ॥ দাগ...চিহ্ন, কলঙ্ক, রেখা, অঙ্ক, প্রঃ—পাঁচের দাগ—পাঁচ অক্ষর চিহ্ন দেওয়া হইয়াছে যাহাতে। দাগনী··· ( দাগ ধাতু অনী )। যে লৌহ দ্বারা দাগা যায়। দাগা...দহন, চিহ্নকরণ, অঙ্কন ; আদর্শ-চিত্র, প্রঃ—পাঠশালায় গুরুমশায় দাগা দেন—আদর্শ অক্ষর উল্লেখন করেন ; মনে দুঃখের রেখা। দাগা বুলানা—গুরুমশায়ের দাগার উপর খড়ী বুলানা—ভ্রমণ করানা, অভ্যাস করা। খড়ী দাগা—খড়ী দিয়া লেখা। দাগ-রাজি...ষ্য. (দাগ—চিহ্ন, রাজি—রাজের কাজ )। পাকা বাড়ীর দেওয়াল কিংবা ছাতের চিড়-ফাট বালি-চুন দিয়া সংস্কার। দাগবিলি খতিয়ান···আসামীর তেরিজ, যে খাতায় প্রত্যেক প্রজার নাম, জমার ও জমির পরিমাণ লেখা থাকে। অন্য নাম খোকা।

দাগী ··ণ. ( দাগ+ঈ )। চিহ্নবিশিষ্ট, কলঙ্কবিশিষ্ট। দাগা...ধাতু. ( দাগ ধাতু আছে )। দাগানা ॥ দাগা···ষ্য. ( ফাং )। প্রবঞ্চনা, প্রঃ—দাগা দেওয়া। দাগাবাজ... ষ্য. ( ফাং )। শঠ। দাগাবাজি···ষ্য. শঠতা। দাগাদার ··ষ্য. ( ফাং )। কলঙ্ক করে যে, দাগাবাজ, ফেরববাজ। দাগাদারি ··কলঙ্ক-কর কর্ম।

দাঙ্গা···ষ্য. ( হিং দঙ্গা। ফাং জঙ্গ—যুদ্ধ হইতে জঙ্গা—দঙ্গা )। মারামারি। দাঙ্গা-হাঙ্গামা ( সহচর শব্দ )। দাঙ্গাবাজ ·· ণ. দাঙ্গাতে নিপুণ, দাঙ্গা প্রিয় যার।

দাড় ·····ষ্য. ( সং ধারা। ওং দাড় )। অস্ত্র-শস্ত্রের ধারা।

দাঁড়···ষ্য. ( সং দণ্ড )। কাঠী ; ঝোড়া তুলিবার গায়ের কাঠী ; চারি হাত পরিমাণের বাঁশ বা যষ্টি ; নৌকার বহিত্র ; পোষা পাখী বসিবার দণ্ড। দাঁড়-কাগ ··কাগ দেখ, প্রঃ—হায় বিধি পাকা আম দাঁড়-কাকে খায় ( ভাঃ )—যার যে যোগ্য নয়, তার তা পাওয়া। দাঁড়ী···ষ্য. ( দাঁড়+ঈ )। যে নৌকার দাঁড় টানে, প্রঃ—ঝড়ে ডিঙ্গা হয় কাতি দাঁড়িতে ধরিতে নারে দাঁড় ( কবিকঃ ); ( দাঁড়+ঈ—হ্রস্বার্থে )। দণ্ডাকার রেখা, তুলার দণ্ড। (দাঁড়ী দেখ)।

দাড়া, দাঢ়া···ষ্য. ( সং দংষ্ট্রা, দাঢ়া )। কাঁকড়া চিংড়ী পিপিড়া প্রভৃতির সন্দংশ।

দাঁড়া···ষ্য. ( সং দণ্ড )। জমির অস্থায়ী আইল বা শির ; ধারা, ব্যবহার, প্রঃ—নকল লেখিয়া দিব লাউসেনী দাঁড়া (মাঃ)। উলুটা

দাঁড়া···বিপরীত বা অসঙ্গত রীতি।·· ধাতু. (প্রাচীন দাণ্ডা)। দাঁড়াই—দণ্ডবৎ হই, যাইতে যাইতে থামি। দাঁড়ানো॥ দাঁড়াইয়া আসা—সঙ্গে যাওয়া, ভয় দূর করিতে সঙ্গে যাওয়া। খাড়া দাঁড়ানো—সোজা দণ্ডায়মান হওয়া। খাড়া-দম দাঁড়ানো—বহুক্ষণ সোজা দাড়াইয়া থাকা। দাঁড়ানিয়া ··ণ. (দাড়ানা+ইয়া)। যাহা দণ্ডবৎ থাকে, যাহা সোজা থাকে।

দাড়ি···ষ্য. (সং দাড়িকা। ঙং দাড়ি)। শ্মশ্রু। দাড়ি কামানো—শ্মশ্রুর ক্ষৌরকর্ম। দাড়ি ফেলা—দাড়ি কামানো, দাড়ি না রাখা। চাপ-দাড়ি (চাঁপ নহে)···ঘন দাড়ি যেন চাপ হইয়া আছে। দাড়িয়া, দেড়ো ··ণ. (দাড়ি+ইয়া)। দাড়ি-বিশিষ্ট। (খোসা, মাকুন্দ দেখ)। বুকে বসিয়া দাড়ি উপড়ানো—অত্যাচার করা।

দাড়িম···ষ্য. (সং দালিম্ব, দাড়িম্ব)। ডালিম দেখ।

দাঁড়ী···ষ্য. (সং দণ্ড। দাঁড় দেখ)। লেখায় ছেদসূচক ক্ষুদ্র ঊর্ধ্বরেখা (কষি—তির্যক্ রেখা)। দাঁড়ী দেওয়া—দণ্ডাকার রেখা করিয়া শেষ করা। দাঁড়ী টানা—দীর্ঘ ঊর্ধ্বরেখা করা। দাঁড়ীপাল্লা ··ষ্য. (সং দণ্ডপালী। দণ্ড—দাঁড়+ঈ হ্রস্বার্থে=দাঁড়ী, পালী—পাত্র—পাল্লা)। দাঁড়ীর দুই পাশে পালী ঝুলাইয়া দ্রব্য ওজন করিবার যন্ত্র, তরাজু।

দাঁড়ুকা···ষ্য. (সং দণ্ডিকা)। পায়ের নিমিত্ত লোহার বেড়ী, প্রাঃ—দাঁড়ুকা সহিত ডুবি কাহাঁ বহি গেল (চৈঃ-চঃ)। (ডাঁড়ুকা দেখ)।

দাঢ়া, দাড়া···ষ্য. (সং দংষ্ট্রা, সংপ্রাং দাঢা)। দাড়া দেখ।

দাণ্ডা...ষ্য. (সং দণ্ড)। ছোট যষ্টি। দাণ্ডা-গুলী...গুলী-দাণ্ডা দেখ।

দাণ্ডা ··ধাতু. দাঁড়া ধাতু দেখ।

দাঁত ··ষ্য. (সং দন্ত। মুখের কাটিবার, ছিঁড়িবার, চিবাইবার দন্ত; দাঁতের তুল্য উন্নতাবনত অংশ-পঙ্‌ক্তি, যেমন করাতের দাঁত। দুধিয়া, দুধো দাঁত...শিশুর দুগ্ধপোষা অবস্থায় যে দাঁত বাহির হইয়া পরে খসিয়া পড়ে (milk teeth)। সামনার দাঁত ···মুখের সম্মুখস্থিত দন্ত। কষের, কোয়াষের দাঁত ··(মুখ কোষ—কোআষ—কোয়াষ?)। মুখের গালের দিকের চিবাইবার দাঁত। চিরনী দাঁত ··(শিশুর) যে দাঁতের অগ্রভাগ চিরনীর তুল্য কাটা-কাটা। ফকলা, ফোকলা দাঁত···সমুখের দুই পাঁচটা দাঁত পড়িয়া গেলে কথা কহিবার সময় ফক্-ফক করে অর্থাৎ ফাঁক থাকে বলিয়া ফাকা-রব (ফাক-লা—ফকলা; কিংবা ফোকলা দেখ) বাহির হয়; যে দাঁতের পাটির সমুখের দুই পাঁচটা নাই। আক্কেল দাঁত ··মুখের কষের শেষের দিকের দাঁত। এই দাঁত ১৭ হইতে ২৫ বৎসর বয়সের মধ্যে উঠে। এই হেতু নাম (ইং wisdom teeth)। দাঁতুয়া, দেঁতো ··ণ. (দাঁত+উয়া)। দন্তসম্বন্ধীয়, দীর্ঘদন্তবিশিষ্ট। দেঁতো হাসি ··যে হাস্য অন্তরের নহে, কেবল মুখের। দাঁত-কপাটি লাগা—দন্তরূপ কপাট বন্ধ হওয়া, হনুগ্রহ। দাঁতের পাটি ··(সং দন্তপঙ্‌ক্তি। ঙং পাটি—দন্ত)। দন্তপঙ্‌ক্তি। বত্রিশ পাটি দাঁত ···মুখের দুই পাটি দাঁত (পূর্ণবয়স্ক ব্যক্তির

৩২টা দাঁত থাকে। চুষিয়া দাঁত ২০টা)। দাঁত-কড়মড়ি ··ষ্যা. (সং দন্তকড়মড়ি)। দাঁতে দাঁতে ঘর্ষণ দ্বারা কড়মড় শব্দ। দাঁত-খোঁটা···খড়িকা, যাহা দ্বারা দাঁতে লগ্ন দ্রব্যাদি বাহির করিয়া ফেলিতে পারা যায়। দাঁতে কুটা লওয়া, করা—দাঁতে তৃণ ধরিয়া অপরাধ স্বীকার করা (গোরু তৃণ খায়; আপনাকে গোরু বলিয়া প্রচার করা)। বিষদাঁত ··বিষধর সর্পের যে দাঁত দিয়া গরল ক্ষরিত হয়। দুই পাশের দুই বিষ-দাঁতের নাম 'কাল', 'বিকাল'। বিষদাঁত ব্যতীত যে অন্য দাঁত, তাহার নাম আহার-দাঁত। দাঁত ··ধাতু. (দাঁত হইতে ধাতু দাঁতা হইবার ছিল)। দাঁতি—উদ্গত-দন্ত হই, প্রঃ—গোরু দাঁতিয়াছে। দাঁতা॥ দাঁতন ·ষ্যা. (সং দন্তধাবন—দন্ত-আবন= দাঁতান হইবার ছিল। তুং ওং দান্তআনি —সং দন্ত-ধাবনী। সং দন্তধাবন ধরিলে দন্ত-অবন—দাঁতন আসিতে পারে)। দন্ত-মার্জন; দন্ত-মার্জন কাষ্ঠ। (সং দন্তধাবন অর্থে দন্ত-মার্জন ও দন্তকাষ্ঠ)।

দাঁতা ··ষ্যা. (সং নাগদন্ত। ডাঁসা, ঝন্কাঠ দেখ) দ্বারের দুই পাশের নাগদন্ত অর্থাৎ ভিত্তিতে প্রোথিতমূল দণ্ড। (ভিত্তির অন্য স্থানে হইলে ডাঁসা)।

দাদ...ষ্যা. (হিং দাদ)। দাদ দেখ।

দাদ···ষ্যা. (ফাং। তুং সং দা ধাতু হইতে দত্ত। তুং দাদন)। বিচার, ন্যায়বিচার (কোথাও কোথাও, প্রতিশোধ অর্থ আছে, প্রঃ— দাদ তোলা)। দাদ-ফরিয়াদ...ষ্যা. (ফাং)। ন্যায়-বিচার প্রার্থনা। দাদ-বে-দাদ ··ন্যায়-বিচারের নিমিত্ত জেদ।

দাদন ··ষ্যা. (ফাং। তুং সং দান)। দ্রব্য কিংবা কার্যের মূল্যস্বরূপ অগ্রিম দান। দাদনী···দাদনসম্বন্ধীয়।

দাদরা ··ণ. (সং। দর্দরঃ ঈষৎভগ্নভাজনে—মেঃ। ওং দদরা হাঁড়ি, দদরা না—নৌকা)। জীর্ণ, প্রায়-ভগ্ন, ঝাঁঝরা।

দাদরা ··ষ্যা. (সং দর্দুর—ভেক)। বাদ্যে তাল-বিশেষ, ভেকের প্লুতগতির তুল্য যাহার গতি।

দাদা···ষ্যা. (সং তাত। ওং দদা, দদাই (বা ককাই), আসাং দদাই—খুল্লতাত, ওং দাদি (আসাং ককাই)—জ্যেষ্ঠতাত। তুং ইং daddy। হিং ভাঈ, মং ভাউ)। জ্যেষ্ঠ ভ্রাতা। (দাদার পত্নী—ভাইজ; সম্বোধনে বউ। দাদা শব্দের স্ত্রীলিঙ্গ রূপ দিদী)। দাদাঠাকুর···ষ্যা. (সং তাত—দাদা)। ব্রাহ্মণকে সম্বোধনে (শূদ্রাদি বলিয়া থাকে)। ঠাকুরদাদা ··ষ্যা. ঠাকুরের—পিতার—তাত অর্থাৎ পিতামহ (ওং জেজে বাপা)। দাদা-শ্বশুর ·শ্বশুরের পিতা। দাদা-মশায় ··(দাদা-মহাশয়)। পিতামহ মাতামহ (সম্বোধনে)।

দাঁদাড়, দাঁদাল ··ধাতু. (সং দর্দর—ঈষৎ ভগ্ন-ভাজনে—মেঃ। অতএব দাঁদাড়া, দাঁদালা ধাতু হইবার কথা)। দাঁদাড়ি, দাঁদালি— লম্পঝম্প দ্বারা অতিশয় মর্দিত করি, প্রঃ— দাঁদুড়িয়া (কৃত্তিঃ কিং), নেঅটা ছেলে কোলে পিঠে চাপিয়া শরীরটা দাঁদালিয়া দেয়। দাঁদাড়া, দাঁদালা॥

দাদু···ষ্যা. (সং দদ্রু)। দাদ, প্রঃ—কবিকঃ।

দান ··ষ্যা. (সং)। পুণ্যার্থে বিতরণ, বিতরণ; কড়ী ও পাশা খেলায় যত অঙ্ক পড়ে। দান-ধ্যান...ষ্যা. (সং। সহচর শব্দ)। দান-

দক্ষিণা ··ষ্য. (সং। সহচর শব্দ)। দান যেমন দক্ষিণা তেমন—দানের পর দক্ষিণা দিতে হয় (নতুবা দানে পুণ্য হয় না। দানের মূল্য অনুসারে দক্ষিণার পরিমাণ হইয়া থাকে। দানী·· ষ্য. (দান ঈ—বিশিষ্ট অর্থে)। যে দান বা বেতন বা শুল্ক গ্রহণ করে, প্রঃ—অগ্রদানী; উৎকলের দানী রাখে চন্দন দেখিয়া। তাহা এড়াইল রাজপত্র দেখাইয়া॥ (চৈঃ-চঃ); সঙ্গে এক বট নাহি ঘাটী দান দিতে (চৈঃ চঃ)—ঘাটী পার হইবার শুল্ক; বট—কড়া। দানুয়া, দেনো···ণ. (দান+উয়া)। দানের যোগ্য, প্রঃ—দেনো ঘড়া।

দান ··ষ্য. (ফাং। তুং সংধান আধার, প্রঃ—শামা দান। দানী···ষ্য. (ফাং। তুং সং ধানী)। আধার, প্রঃ—নস্যদানী—নস্যধানী।

দানকোনী ··ষ্য. (সং দণ্ডোৎপল। অন্য সং নাম শঙ্খপুষ্পী)। বর্ষায়ুঃ বন্য শাকবিশেষ (Canscora decussata)। জলের ধারে ও ভিজা ক্ষেতে জন্মে। ডাঁটা চারি-কোণা। (সং দণ্ড—দান, ডাঁট কোণা বলিয়া কোণী)। পাতা অভিমুখ, ত্রিশিরা। ফুল শাদা, চতুর্দল, বর্ষাকালে ফোটে।

দানকুনি, ডানকুনি···ষ্য. (সং দণ্ডিক)। শকলী মৎস্যবিশেষ (Perilampus laubuca)। চারি পাঁচ আঙ্গুল অপেক্ষা বড় হয় না। কাঁধের পাখনার উপরে একটা কাল চিহ্ন আছে।

দানা···ষ্য. (ফাং)। শস্যবীজ; কলাই (হিং অর্থ), প্রঃ—ঘোড়ার দানা; অন্ন, প্রঃ—লোকের দানা মারা, দানাপানি—অন্নজল; ধান কলাই প্রভৃতি শস্যের তুল্য আকার, এই আকারের দ্রব্য, প্রঃ—গুড়ে দানা বাঁধে, মিছরির দানা; বয়স্কা নারীর সোনার কণ্ঠ-ভূষণবিশেষ। ইহা শস্য-বীজের আকারে নির্মিত হইয়া মালাকারে কণ্ঠে পরা হয়।

দানা ··ষ্য. (সং দানব)। দানব। দানা পাওয়া—দানব-প্রাপিত—দানাতে পাওয়া (তুং ভূতে পাওয়া)—মরিয়া পুনর্বার জীবিত হওয়া যেন দানব আসিয়া মৃতদেহে প্রবেশ করে। ভাল খাওয়া-পরা পাইলেও কেহ কেহ শুখাইয়া যায়। তখন বলা হয়, তাহাকে দানায় পাইয়াছে, কারণ, দানায় পাইলে লোকে খায় না, খাইলেও দেহ পুষ্ট হয় না।

দানিশবন্দ ··ণ. (ফাং দানিশমন্দ)। ধর্মশীল (কবিকঃ)। (অপ্রচলঃ)।

দানী ··ষ্য. (দান দেখ)। যে দান, শুল্ক, কর গ্রহণ করে, প্রঃ—দানী নাহি ছোড়য়ে বিদ্রুম-লোভ (জ্ঞানদাস); যে চোরাই মাল রাখে, প্রঃ—দানী ভাঁড়া যায় (ভাঃ)।

দাপ ··ষ্য. (সং দর্প)। দর্প, প্রতাপ। দাপট...ষ্য. (সং দর্প, দৃপ্ত)। প্রতাপ, পরাক্রম, প্রঃ—চরণের দাপটে পাষাণ হয় চুর (মাঃ)।

দাপনা ·ষ্য. (সং দর্ব্বি হইতে? আসাং দপনা—বৃহৎ একখণ্ড মাংস)। জানুর উপরে উরুর পেশী, প্রঃ—অঙ্গুলী মুড়িয়া যায় সাপিনী ফিরিয়া চায়, ছুঁয়ে যায় বাদিয়ার দাপনা (চণ্ডীঃ)।

দাব ·ধাতু (সং দম ধাতু। তুং সং দমন—গ্রাং দবন)। দাবি—শাসন করি, চাপি, প্রঃ—পাঁচনি-বেত্র বাম কক্ষে দাবই (জ্ঞান-

দাস )। দাবা ॥ দাব ··ষ্য. দমন। দাবা ·· ধাতু. ( দমিত হইতে )। দাবাই—শাসিত করি। দাবানা ॥

দাবড়া ··ধাতু. (দাপট হইতে )। দাবড়াই—পীড়ন, তর্জন করি। দাবড়ানা ॥

দাবড়ি ··ষ্য. ( দাপট হইতে )। দমন নিমিত্ত তর্জন। (দাবড়ি দেওয়া)।

দাবা ·সংরঞ্জ খেলা দেখ।

দাবি...ষ্য. ( ফা° )। অধিকার, স্বত্বপ্রার্থনা ( demand )। দাবিদার...ষ্য. অধিকার-প্রার্থী। দাবি-দাওয়া ··ষ্য. (সহচর শব্দ)। দাবি। দাবিপত্র...ষ্য. দাবি যে কাগজে লেখা হইয়াছে।

দাম ··ষ্য. ( স° দ্রম্ম )। মূল্য। দামী ·· ণ. (দাম+ঈ)। মূল্যবান্।

দাম ··ষ্য. ( স° দামন্—রজ্জু )। জলজ দল।

দামড়া ষ্য.(স° দম্য —বৎসতর—হেমঃ। দম্য —দাম+ড়া। ও° দামড়ি )। ছিন্নমুষ্ক বৃষ।

দামড়ি ··ষ্য. (স° দ্রাম্ম+ড়ি। হি° দমড়ী )। পয়সার অষ্টমাংশ।

দামা···ষ্য. ( ? )। শাখাশ্রয়ী-বর্গের পক্ষী-বিশেষ (The orange-headed ground-thrush. Geocichla citrina )। ১০।১২ আঙ্গুল। মাথা ও নীচের পালখ নারঙ্গা-খয়রা, উপরের নীলাভ। পক্ষে শাদা শাদা ফোঁটা আছে। বর্ণে পুং স্ত্রী বিভিন্ন।

দামামা ··ষ্য. স° দম্মম—দণ্ডঢক্কা—শব্দকল্পে। ফা° দম্মামা )। বড় নাগরা। (অন্য নাম ধামামা )।

দামাল ··ণ. (স° দন্ত+বা° আল=দন্তাল—দামাল )। দুরন্ত, প্রঃ—দামাল ছাবাল ছুটি (ভাঃ)।

দাম্পল ·ষ্য. ( হি° দম্পল—বোধ হয়, স° তমাল শব্দ হইতে তম্বাল—দম্পাল। ও° নাম সতাম্ব )। নাগকেশরাদিবর্গের সুঠাম শ্যামল মধ্যমাকার তরুবিশেষ (Garcinia xanthochymus )। পাতা স্থূল, বড় বড়, নিবিড় শ্যামল, চিক্কণ শাখা শ্যামল; ফুল শাদা সুগন্ধ, বসন্তকালে ফুটে। ফল পাতি-নেবুর মতন বড়, কুলের মতন চিক্কণ, কিন্তু অতি অম্ল। কেহ কেহ খায়। গোড়ার কাছ হইতেই বহু শাখা-প্রশাখা হয়। কেহ কেহ এই গাছকে তমাল বলিয়া ভুল করে। খাসিয়া পাহাড়ে, চট্ট-গ্রামে, ব্রহ্মদেশে ও দক্ষিণাপথে এই গাছ প্রচুর জন্মে। ওড়িশায় দুই একটা দেখিতে পাওয়া যায়।

দায় ··ষ্য. (স°—যৌতুকাদি দেয়)। নৈমিত্তিক ব্যাপার, নৈমিত্তিক ব্যাপারে ব্যয়; ক্ষতি-পূরণ; কর্তব্য, প্রঃ—জল-পীড়ির দায় থাকুক সন্তাষ না পায় ( কবিকঃ )। দায়-গ্রস্ত···ণ. (স°)। নৈমিত্তিক কর্ম করিতে হইবে যাহাকে। কন্যাদায়···কন্যার বিবাহ-রূপ কর্মে ব্যয়। পিতৃ-মাতৃদায় ··পিতামাতার শ্রাদ্ধাদি কর্মে ব্যয়। পেটের দায়...অন্ন-চিন্তা। দায়-দৈব ··দায়কর্ম ও দৈবকর্ম ( প্রায় সহচর শব্দ)। দায়-দফা . দায় এবং অন্য বিষয়, (দফা দেখ )। দায় পড়া—কর্তব্য প্রতিপালনে বাধ্য হওয়া। দায়ী ···ণ. ( স° )। যাহাকে দায়ে পড়িতে হইয়াছে।

দায়র, দায়ের ণ. ( ফা° দায়র )। যাহার নিষ্পত্তি করিতে হইবে। দায়ের করা—মকদ্দমা রুজু করা ( আদাঃ )। দায়রী,

দায়েরী …ণ. যাহা বিচারনিমিত্ত উপস্থিত করা হইয়াছে।

দায়রা…ষ্য. ( আ° দৌরা—পরিভ্রমণ )। জজের দ্বারা ফৌজদারী বিচার। দায়রা সপরদ্দ করা…জজের ফৌজদারী বিচারে ফেলা।

দার ··প্রত্যয়. ( ফা°। তু° সং ধর ) যার আছে বা যে করে রাখে, প্রঃ—জমিদার —যার জমি আছে, গড়ন-দার—যে গড়ন করে অর্থাৎ গড়ে, শিঙ্গাদার—শৃঙ্গাধর, হিস্‌সাদার—অংশদার ( গ্রা° অংশিদার )। দারি…প্রত্যয়. কর্ম অর্থে। দারী ··প্রত্যয়. সম্বন্ধীয় অর্থে, প্রঃ—জমিদারী সেরেস্তা।

দারা…ষ্য. ( সং দারঃ—পুংলিঙ্গ। বহুবচনে দারাঃ। এই বহুবচনে প্রয়োগ হইয়া থাকে। ভার্যা জায়াহথ পুং ভূম্নি দারাঃ স্যাৎ—অঃ )। পত্নী, প্রঃ—দারা সুত—স্ত্রী ও কন্যা।

দারী…ষ্য. ( সং দার—পত্নী+ঈ—বিশিষ্ট অর্থে। তু° ও° দারী—বেশ্যা )। স্ত্রীবিশিষ্ট, প্রঃ—দারী সন্ন্যাসী করি আমারে কহিবে ( চৈঃ চঃ )। ( অপ্রচলঃ )।

দারু ··ষ্য. ( সং বিদারক )। বারুদ। ( এই অর্থ ও°তে। বা°তে অপ্রচলঃ )।

দারু ··ষ্য. ( ফা° )। মদ্য। ( ইতর লোকের ভাষায় )।

দারুচিনী, দারচিনী · ষ্য. ( সং দারু—কাষ্ঠ ; কাষ্ঠ মিষ্ট বলিয়া চিনী। সং নাম গুড়ত্বক্—ত্বক্—বল্কল মিষ্ট বলিয়া )। দক্ষিণভারতের সুগন্ধ তরুবিশেষ ( The Cinnamon tree. Cinnamonum zeylanicum)। পাতা পুরু, উপর পিঠ চিক্কণ, ত্রি-শিরা। শুখনা ছাল পানের ও রাঁধিবার মশলা। তেজপাতের গাছও দেখিতে এই প্রকার। তেজপাতের ত্বক্‌কে লোকে দারুচিনী বলিয়া ভুল করে। তেজপাতের গাছ খাসিয়া পাহাড়, ত্রিপুরা, ব্রহ্মদেশে জন্মে।

দারুব্রহ্ম ··ষ্য. ( সং )। জগন্নাথ। দারুব্রহ্মা …ষ্য. ( সং )। বিশ্বকর্মা কবিকঃ)। দারু-হরিদ্রা ষ্য. (সং)। হিমালয়ের কণ্টকী ক্ষুপ-বিশেষ ( Berberis aristata )। কাষ্ঠ হরিদ্রাবর্ণ, মূলও হরিদ্রাবর্ণ, তিক্ত। ঔষধে লাগে।

দারোগা ··ষ্য. ( ফা° )। তত্ত্বাবধায়ক ; পুলিশ চৌকীদার ও কনষ্টবলের নায়ক। দারোগা-গিরি ··ষ্য. দারোগার কর্ম।

দারোয়ান ( গ্রা° ) ··দরোয়ান দেখ।

দাল · ষ্য. ( হি° দাল )। দাইল দেখ।

দালনা ··ষ্য. ( সং দাল – দলন+না )। দলিত করিয়া রাঁধা তরকারি, ঘণ্ট।

দালান ··ষ্য. ( ফা°। তু° সং অলিন্দ )। বৃহৎ কক্ষ ; অট্টালিকা। দর-দালান ·কক্ষের অন্তর্গত কক্ষ, অট্টালিকার ঘেরা বারাণ্ডা।

দালাল…ষ্য. ( আ° দল্লাল )। ক্রয়বিক্রয়ের মধ্যস্থ। দালালি ··দালালের কর্ম, দালালের প্রাপ্য বেতন। ফোঁপল-দালালি ··( ফোঁপল দেখ )। ফোঁপল—ফাঁপা+নারিকেল—যে নারিকেলের অঙ্কুর উদ্‌গত হইতেছে, তৎ-তুল্য অসার দ্রব্যের বা কর্মের মধ্যস্থ, নিরর্থক মধ্যস্থ।

দালিম…ডালিম দেখ।

দাস…ষ্য. ( সং )। ভৃত্য ; ধীবর, কৈবর্ত ; শূদ্র জাতি। দাস-খৎ ··(পূর্বকালে, কোথাও কোথাও অদ্যাপি, দাস-দাসীর ক্রয়বিক্রয় হইত)। দাসবিক্রয়পত্র, প্রঃ—রাই পাঠাল

মোরে, দাসখৎ দেখাবার তরে ( চণ্ডীঃ )। দাসী ··ভৃত্যা ; ধীবরী ; শূদ্রা ( শূদ্রা নারীর নামের পরে বসে )। ( প্রকৃত দাসী—যে নারী ক্রয় করা হইয়াছে। ইহা হইতে চাকরানী। ক্রীতদাসী অর্থ ও'তে আছে )। অধুনা বা'তে দাসী শব্দ স্থানে ঝী, চাকরাণী, প্রচলঃ হইয়াছে।

দাস্যা...ষ্য. ( স' দাসী শব্দের ষষ্ঠীর রূপ দাস্যাঃ বোধ হয় দাস্যাঃ সদৃশী হইতে )। বিধবা শূদ্রার নামের পরে বসে। ( সধবা কিংবা অবিবাহিতা শূদ্রা নারী—দাসী )।

দাস্ত ··ষ্য. ( ফা' দস্ত )। মলত্যাগ, বাহে। দাস্ত খোলা—মল নির্গত হওয়া।

দাহ···ষ্য. (স')। ভস্মীকরণ ; শব-দাহ ; জ্বালা, গাত্র-দাহ।

দি ··ধাতু. (স' দা ধাতু। বা' দেআ, দেওয়া ; ও' দেবা, হি' দেনা, ম' দেণেঁ। চারি ভাষাতেই দি স্থানে দে হইয়াছে )। দি-ই —দান অর্পণ স্থাপন রক্ষা নির্বাহ সম্পাদন করি। দেওয়া, দেআ ॥ ( স' দা ধাতুর তুল্য বা' দি ধাতুর নানা অর্থ হয় )। ঋণ দেওয়া —অর্পণ ; শোধ দেওয়া—ঋণ প্রত্যর্পণ ; প্রাণ দেওয়া—ত্যাগ ; কান দেওয়া— শ্রবণ ; চোখ দেওয়া—দর্শন ; সময় দেওয়া —নির্দিষ্ট সময় বর্ধন ; রোদে দেওয়া— স্থাপন ; মন দেওয়া—মনোযোগ ; বাক্য, কথা দেওয়া—প্রতিজ্ঞা ; কপাট দেওয়া— রোধ ; পরীক্ষা দেওয়া—পরীক্ষায় উপস্থিত হইয়া উত্তর দান ; ইত্যাদি। অন্য ক্রিয়ার সহিত কর্ম-নিষ্পত্তি বুঝায়, প্রঃ—করাইয়া দেওয়া, শোনাইয়া দেওয়া, বলিয়া দেওয়া, খুলিয়া দেওয়া, ইত্যাদি। দেআ-( দেওয়া ) থোআ—দান ও স্থাপন, দেওয়া। খাওয়া-দাওয়া—( খাওয়া আছে বলিয়া দেওয়া না হইয়া দাওয়া )—স্বয়ং ভোজন ও অন্যকে ভোজ্যদান। অনুজ্ঞা পদে, দেও, দাও দুই-ই হয়। ( ব্যাকরণ দেখ )। দেআ···ধাতু. ( দি ধাতু আস্তে )। দেআনা ॥ ( দেওয়ানা রূপ দেওয়া রূপের তুল্য নিরর্থক )। ( দিয়া, দেনা দেখ )।

দি, দিগ বিভক্তি. ( স' আদি, আদিক হইতে। ব্যাকরণ দেখ )। বহুবচনে, প্রঃ —বালকদি-কে বালকদিগ-কে বলিবে।

দিক, দিগ ··ষ্য. ( স' দিক্। স' দিশ্ হইতে। ও' দিগ )। পূর্বাদি দিক্ ; পার্শ্ব, পক্ষ, প্রঃ—বাঁ দিক্ - বাম পার্শ্ব, দু দিক্ হারানা —দুই পক্ষ, দুই কল্প ; দশ অঙ্ক। চৌদিক, চৌদিগ...চতুর্দিক। দিক্ বাঁধ ষ্য. বন্যা হইতে গ্রামরক্ষার্থে গ্রাম সীমানায় বাঁধ। দিগ্-বিদিক্ ··ষ্য ( স'। প্রায় সহচর শব্দ )। চারি দিক্ ও চারি বিদিক্—চারিদিকের মধ্যবর্তী প্রদেশ। দিগ্-বিদিক্জ্ঞানশূন্য ··ণ. ( স' )। দিশা-হারা।

দিক ··ণ. (আ')। বিরক্ত, ক্লিষ্ট। দিক্দারি, দিগ্দারি · ষ্য. বিরক্তি, ক্লেশ। দিক্-সিক ··ণ. ( সিক—প্রচর শব্দ ? )। ত্যক্ত-বিরক্ত।

দিগ্গজ ··ষ্য. (স')। পুরাণে অষ্ট গজ দ্বারা অষ্টদিক্ (দিক্ ও বিদিক্) রক্ষিত হইয়াছে। দিগ্গজ পণ্ডিত ··পাণ্ডিত্যে দিক্হস্তীতুল্য, সর্বশাস্ত্রের রক্ষক। দিগ্দিগন্তর...ষ্য. (স')। নানা দেশ। দিগ্ভুল···দিক্ভ্রম।

দিগর···বিভক্তি. (ফা')। এবং অন্যে, প্রঃ— ফলমূল দিগর—ফলমূল প্রভৃতি।

দিগার, দিগের (গ্রা°)···ষ্য. ( দিক+আর—যে দিক—দেশ রক্ষা করে )। চৌকীদার। (প্রাচীনকালে দিগার নাম ছিল। কোটালের অধীনে দিগার থাকিত। অদ্যাপি দিগার শব্দ প্রচলঃ আছে)। প্রঃ—দিগার কোটাল প্রজা সদ্দার সকল ( মাঃ )। দিগারি...ষ্য. দিগারের কর্ম, প্রঃ—পঞ্চাশ কাহন চাই আমার দিগারি (কবিকঃ)। দিগার-কোটাল ··( সহচর শব্দ )। চৌকীদার।

দিঠি ··ষ্য (স° দৃষ্টি)। দৃষ্টি, প্রঃ—কি ভুরু-ভঙ্গিমা দিঠি সুরঙ্গিমা যোগিজন মন হরে ( পদ্যে ) ; থাক মোর দিঠে ( শূং পুঃ )—দৃষ্টিতে—নিকটে ; দ্বাদশ অঙ্গুলী করিয়া কাঠি সূর্য্যমণ্ডলে দিয়া দিঠি ( খনা )—শঙ্কু দ্বারা ছায়া পরিমাণ করিতে "সূর্য-মণ্ডলে দৃষ্টি দিয়া" অর্থ হয় না। অর্থ করিতে হইবে, সূর্যের দিকে রাখিয়া বা ধরিয়া।

দিঢ় (গ্রা°)···ণ. ( স° দৃঢ় )। দৃঢ়।

দিদী, দিদি···ষা. ( হি° জীজী। দ স্থানে জ হয়। ও° রাজপরিবারে জেজে, অন্যত্র অপা। স° দুহিতা—পালি ধি হইতে ধি-ধি—দিদি ? বোধ হয় দাদা হইতে দাদী—দিদী) জ্যেষ্ঠা ভগিনী। দিদী-মা ঠাকুর-মা, পিতামহী মাতামহী (সম্বোধনে)। দিদী-শাশুড়ী···শ্বশুরের মাতা।

দিন···ষা. (স°)। সূর্যোদয় হইতে অপর সূর্যোদয় ( দিবস) ; সূর্যোদয় হইতে সূর্যাস্ত পর্যন্ত সময় ( দিবা ), প্রঃ—দিনের বেলা, দিনমান—দিন পরিমাণ ; সময়, প্রঃ—দিন থাকিতে টাকার জোগাড় করা।

দিনক্ষণ ··( স°। সহচর শব্দ )। শুভ দিন। দিনকাল ··(স°। সহচর শব্দ )। কাল, প্রঃ—যে দিনকাল পড়িয়াছে। দিনরাত, দিনরাত, রাতদিন, রাতদিন··· রাত্রিদিন, অহোরাত্র ; নিরন্তর। দিনে-দুপরে ··দিনের বেলা, দুপ্রহর সময়ে। বড় দিন ··খ্রিষ্ট-জন্ম উপলক্ষে খ্রিষ্টানদিগের পর্ব ( উৎসব বলিয়া বিশেষণ, বড় )। আজ মাসের ক দিন ··সৌর মাসের দিনসংখ্যা। আজ পাঁচদিন বা পাঁচই, বারদিন বা বারই, (দিন—ই)। চিরদিন···দীর্ঘকাল, প্রঃ—চিরদিন পরে পাইয়াছি লাগ আর না দিব ছাড়িয়া (জ্ঞানদাস)।

দিনায় ··ষ্য. (স° দৈনিক ?)। দৈনিক, প্রঃ—দিনায় রোজনামা—দৈনিক আয়ব্যয় হিসাব (জমিঃ)।

দিনামার···ষ্য. (ই° Denmark)। ডেনমার্ক দেশীয় লোক, ভাষা।

দিনিকা, দিনকা···ষ্য. (স° দিনিকা)। এক দিন কৃত কর্মের বেতন, একদিন নিমিত্ত ভৃত্য।

দিবস ··ষ্য. (স°)। অহোরাত্র। বাংতে সূর্যোদয় হইতে পরসূর্যোদয়। এই হেতু সোমবার রাত্রি বলিলে সোমবার দিন ও সে দিনের রাত্রি বুঝিতে হয়।

দিবা···ষা. ( স° )। সূর্যোদয় হইতে অস্ত পর্যন্ত কাল, প্রঃ—দিবামান। দিবানিশি··· ( নিশি দেখ )। দিবারাত্রি।

দিবি-দিবি ··ষ্য. ( ? ই°তেও Divi-Divi)। কৃষ্ণচূড়াদিবর্গের ছোট তরুবিশেষ (Cæsalpinia coriara. The American sumach)। আমেরিকা হইতে আনীত।

ফুল ছোট ছোট হলুদা, শরৎকালে ফুটে। শুটী পাক-দেওয়া। কষায় রসের জন্য প্রসিদ্ধ। বোম্বাই প্রদেশে গাছ জন্মিতেছে।

দিব্ব (গ্রা°) ··ষ্য. (স° দ্রব্য)। দ্রব্য।

দিব্বি (গ্রা°)···ষ্য. (স° দিব্য)। শপথ, (দিব্বি করা, গালা)। ··ণ. মনোহর, প্রঃ—দিব্বি ছেলেটি।

দিমাক···দেমাক দেখ।

দিয়ড়ি ··ষ্য. (স° দীপ্তি। "জ্বলন্ত দীপতি"—কৃত্তিঃ অরং)। মশাল, প্রঃ—দিয়ড়ি ধরে দানাগণ (কবিকঃ)। (এখন কেবল উপমায় দিয়ড়ি শব্দ চলিত আছে, প্রদীপ যখন অত্যন্ত দীপ্ত হইয়া উঠে, তখন বলা যায়, যেন দিয়ড়ি জ্বলিতেছে। স° দীপিকা —মশাল)।

দিয়া...ব্য. (স° দ্বারা হইতে? ব্যাকরণ দেখ।। দ্বারা, প্রঃ—ছুরি দিয়া কাটা, কলম দিয়া লেখা। (দি ধাতু ধরিলে অর্থ হয় না। স° আ-দা ধাতু হইতে পারে)।

দিয়ালা ··দেআলা দেখ।

দিয়ালী···ষ্য. (স° দীপাবলী, দিপালী)। কার্তিক অমাবস্যায় দীপাবলী-উৎসব।

দিয়াশলাই···ষ্য. (স° দীপশলাকা)। দীপ-শলাকা।

দিল···ষ্য. (ফা°)। মন। দিল-খোষ ·· প্রফুল্লমন; যে বা যাহা মন প্রফুল্ল করে। দিল-দরিয়া ··সমুদ্রতুল্য বদান্য। দিলদার ···ণ. মহানুভব। বে-দিল ··ণ. অনিচ্ছুক

দিলাসা···ষ্য. (ফা°—সান্ত্বনা)। শপথ।

দিল্লীকা লাড্ডু···দিল্লী নগরে প্রস্তুত লাড়ু—দেখিতে সুন্দর, কিন্তু স্বাদে কদর্য।

দিশ...ষ্য. (স°)। দিক্, প্রঃ—চৌদিশে কত আছে আনে (জ্ঞানদাস)। (অপ্রচলঃ)। দিশ-পাশ · (দিশ—দিক, পার্শ্ব—পাশ; অতএব সহচর শব্দ)। দিক; লেখা-জোখা, গণনা; রীতি (স° দিশ, দিক অর্থে রীতি আছে), প্রঃ—কাজের দিশপাশ নাই।

দিশা ··ষ্য. (স°)। দিক, রীতি, সংধান, প্রঃ—কাজের দিশা পাওয়া যায় না; প্রঃ—ফিরে যায় বাসা না পায় দিশা (খনার বচন); ততঃ কথাদিশা (চৈতন্যমঙ্গল)—কথার সুর (ও°তে দিশা—গানের সুর)। দিশা-হারা ··ণ. দিক্‌ভ্রান্ত। দিশা লাগা—দিশাহারা হওয়া।

দিষ্ট (গ্রা°) ··ণ. (স° দৃষ্ট)। দৃষ্ট। দিষ্টান্ত (গ্রা°) ··ষ্য. (স° দৃষ্টান্ত)। উপমান, দৃষ্টান্ত। দিষ্টি (গ্রা°) ··ষ্য. (স° দৃষ্টি। তু° দিঠি)। দৃষ্টি।

দিসি ··ষ্য. (স° দিবস)। দিবস, প্রঃ—নিশি-দিসি কাঁদি (চণ্ডীঃ), নিশি-দিসি তুয়া সেবি রচিল মুকুন্দ কবি (কবিকঃ); —দিবানিশি। (নিশি ইকারান্ত হওয়াতে দিসি ইকারান্ত)।

দিস্তা ··ষ্য. (ফা° দস্তা)। ২৪ তা কাগজ; হামামের ডাঁটি (হামামদিস্তা—খল ও মুষল)।

দীঘল...ণ. (স° দীর্ঘ—দীঘর—দীঘল)। দীর্ঘ। দীঘলিয়া···ণ. (দীঘল+ইয়া)। দীর্ঘ, দীর্ঘপ্রায়।

দীঘি···ষ্য. (স° দীর্ঘিকা)। বৃহৎ সরোবর।

দীন···ণ. (স°)। দরিদ্র, দুঃখিত। দীন-দুঃখী, দীন-দরিদ্র। দীন-হীন·· ণ. (স°। সহচর শব্দ)। দুঃখী, দরিদ্র।

দীন ··ষ্য. (আ°)। ধর্ম, মুসলমান ধর্ম। বে-দীন · ণ. অধার্মিক।

দীয়া, দী · ষ্য. ( সং দ্বীপ। ব্যাকরণ দেখ )। জল বেষ্টিত ভূমি. নূতন উৎপন্ন ভূমিখণ্ড।

দু ··ধাতু. দুহ ধাতু দেখ।

দু ··দুই দেখ। সমাসে দুই স্থানে দু, দো হয়। প্রঃ—দু-খানি, দু-তলা, দু-কাঠি।

দুঃখিত ··ণ. ( সং )। দুঃখী, দরিদ্র, প্রঃ—দুঃখিত কাঙ্গাল আনি করায় ভোজন ( চৈঃ চঃ )। ( ওংতে )।

দুও ··ণ ( সং দুর্ভাগ )। দুর্ভাগ্য ( ধিক্কারে )। ···ব্য. ( সং ধূত হইতে। ধুৎ দেখ )। ভর্ৎসিত, নিরস্ত, নিন্দায়, প্রঃ—দুও, হেরে গেল।

দুঅ-ভাষা ··ষ্য. ( সং দ্বিভাষা )। দ্বিমত, সন্দেহ।

দুআ ভুআ ··ষ্য. ( বোধ হয় দ্বিভাষা হইতে )। সন্দেহ, প্রঃ—দুই এক মাসে রঙ্গা করে দুআ-ভুয়া। তিন এক মাস হতে চিহ্ন গেল পাওয়া॥ (মাঃ)—দুই এক মাসে গর্ভের লক্ষণে সন্দেহ ছিল। ( দুয়া-ভুয়া বানানও আছে। শব্দটি প্রায় অপ্রচলঃ )।

দু-আওরি...ণ. ( দুবার হইতে। তুং দোবারা )। দুই বার করিয়া।

দুআনি ··ষ্য. টাকার অষ্টমাংশ মুদ্রা। টাকা দেখ।

দুই···ণ. ষ্য. ( সং দ্বৌ )। দুই সংখ্যক, দুই সংখ্যা, ২। ( অন্য শব্দের সহিত সমাসে পূর্বে বসিলে দুই স্থানে দু, দো হয়। যথা, দু-গুণ, দু-বার, দু-তলা, দো-কর, দো-রসা)। দুই-এ যাওয়া—মলত্যাগের অনুমতি পাইবার নিমিত্ত গুরুমশায়কে পাঠশালার পড়ুয়া দুই অঙ্গুলী প্রদর্শন করে। দুই-এর বাহির, দুই-এর বার ··ইহা উহার বাহির, অযোগ্য; কোন্ কাজের নয়। দু-এক, দু-তিন, দু-চারি ··অত্যল্পসংখ্যক।

দু-কাঠি ··ষ্য ( দুই+কাঠি )। দুইটা কাঠি, প্রঃ—দু-কাঠি বাজাইলে ঝগড়া হয়।

দু-কুল ··ষ্য. ( দুই+কুল)। দুই বংশ, মাতৃকুল পিতৃকুল।

দু-কূল ··ষ্য. ( দুই+কূল )। নদীর দুই তট।

দুখ ··ষ্য. ( সং দুঃখ )। দুঃখ, ক্লেশ। দুখী··· ণ. ( সং দুঃখী )। দুঃখী; স্ত্রীং দুখিনী। দুখ-সুখ, সুখ-দুখ ··সুখ-দুঃখ।

দু-খান...ষ্য. ( দুই খানা )। দুই খণ্ড, দুই স্থান, প্রঃ—দুটা দুখানে হইলেই মঙ্গল —যেমন সন্তান-প্রসবকালে।

দুগ্‌গন্ধ ( গ্রাং )...ণ. ( সং দুর্গন্ধ। পালি দুগ্‌গন্ধ )। দুর্গন্ধ।

দুগ্ধাল ··ণ. ( সং দুগ্ধ+বাং আল )। দুধাল, প্রঃ—দুগ্ধাল ধেনু ( কৃত্তিঃ, অযো )।

দু চালা ··চাল দেখ।

দু-চোখুয়া, দু-চোখো · ণ. ( দুই+চোখ+উয়া )। দুই দিকে—ভাল মন্দ—হিত অহিত—দৃষ্টি যার।

দু-টানা ··ণ. দুই দিকে মনের টান যার।

দুড়্-দুড়, দুর্-দুর ··ব্য. ( দড়্-দড়, দুর্-দুর দেখ )। সং দুল ধাতুও আসে )। গর্জনে, প্রঃ—মেঘ দুড়্ দুড় করে—যেন বিদীর্ণ হইতে থাকে; হুড়-হুড় দুড়-দুড় করে বিমুখিয়া ঝড় (কবিকঃ)—ঝড়ের গর্জনে।

দুৎ...ব্য. ধুৎ দেখ।

দুতীয়া ( গ্রাং)...ষ্য. (সং দ্বিতীয়া। ওং দুতীয়া, হিং দুতীয়া )। দ্বিতীয়া তিথি।

দুঁদিয়া, দুঁদো...ণ. ( সং দ্বন্দ্ব+ইয়া )। কলহকারী, একগুঁয়া।

ধ...ষ্য. (সং দুগ্ধ। ও° দুধ্; প্রায়ই, নিত্যানি—নিত্য যে পানি লাগে; হিং মং দুধ)। স্তনদুগ্ধ, বৃক্ষাদির ক্ষীর বা শাদা রস। দুধ আওটানা, ফুটানা, জ্বাল দেওয়া—পাক করা। দুধ ছেঁড়া, কাটা—বিকৃত হওয়া। দুধের বেসালি, দুধের কেঁড়ো...দেখ। দুধের বলক তোলা—বলক দেখ। দুধ দেওয়া—দুগ্ধদান, পানার্থে দান, দুধ খাইতে দেওয়া। দুধ তোলা—বমন। দুধ নামা—স্তনে দুধ আসা। কুলায় শুয়ে দুধ খায়—নবজাত শিশুকে কুলাতে শোআনা হইয়া থাকে; উৎপ্রেক্ষায়, তৎতুল্য শিশু। কচি ছেলে তুলায় দুধ খায়—উৎপ্রেক্ষায়, নবজাত শিশু যে কিছু বুঝে না, জানে না। গলা টিপিলে দুধ বাহিরায়—এত শিশু যে দুগ্ধ পান করিয়া জীবিত আছে। দুধের ছেলে · দুগ্ধপোষ্য শিশু। দুধে-আলতা ...ণ. দুধে অল্প অলক্ত মিশাইলে যে রঙ্গ হয়, পাটলবর্ণ। দুধ-কলমী ··কলমী দেখ। দুধ-কম্বল · প্রসবের পূর্বে গাভীর দুগ্ধসঞ্চার হেতু স্তনের নিকটবর্তী স্থানের স্ফীতি। (কম্বল, তুং গলকম্বল)। দুধ-কুসুমা ··ষ্য. দুধ দিয়া ঘোটা সিদ্ধি, প্রঃ—দুধ কুসুম্ভায় আজি হয়েছে বাসনা (ভাঃ)—(কুসুম্ভা অর্থে সিদ্ধি নাই। কুসুম—বোধ হয় সিদ্ধির কুসুমজটা। পাতার সহিত ফুলও ঘোটা হয়)। দুধ-খড়ী ··ষ্য (সং দুগ্ধপাষাণ)। শ্বেতবর্ণ পাথর, এমন খড়ী যাহা দিয়া শাদা লিখিতে পারা যায়, কিন্তু ফুলখড়ী নহে। দুধিয়া ··ণ. (দুধ+ইয়া)। দুগ্ধযুক্ত, দুগ্ধের তুল্য। দুধিয়া কেঁচো ··কেঁচো দেখ। দুধিয়া দাঁত ··দাঁত দেখ। দুধিয়া-লতা···ষ্য. (সং নাম দুগ্ধিকা, তিক্তদুগ্ধ)। অর্কাদিবর্গের দীর্ঘায়ুঃ লতাবিশেষ (Oxystelma esculentum) পাতা সরু, ফুল বড় বড় শাদা, ভিতরে গোলাপী। গ্রীষ্মকালে পাতা ঝরিয়া পড়ে। বীজে তুলা আছে। গাছ বেড়ায় চড়ে, জঙ্গাল করিয়া থাকে। গাছের রস দুধের মতন বলিয়া নাম।

দু-ধারী ··ণ (দুই+ধার+ঈ)। দুই পার্শ্বে অবস্থিত, প্রঃ—দুধারী দোকান।

দুধাল...ণ. (দুধ+আল)। যে (গাই) দুধ দিতেছে, যে অধিক দুধ দেয়। (খাড় গাই—যে গাই দুধ ছাড়াইয়াছে)।

দুন ··ণ. (সং দ্বিগুণ)। তাল দেখ।

দুনা ··ণ (সং দ্বিগুণ)। দ্বিগুণ, প্রঃ—দুনা দাম; দুনা বর্ষা উনা শীত—যে বৎসর অধিক বর্ষা হয়, সে বৎসর শীত কম হয়।

দুনিয়া ··ষ্য. (আং)। জগৎ। দুনিয়া-দারি··· জগতের কাজ, সংসারধর্ম। দুনিয়া-দারি মুসাফীরি সেরেফ আনা জানা—মুসাফীর যেমন কোথাও স্থায়ী হয় না, লোকও তেমন সংসারে আসিতেছে যাইতেছে।

দুপ ··বা. (সং স্তুপ হইতে)। স্তুপের পতনশব্দে (প্রায়ই ধুপ)। দুপ-দাপ ··বা. (দাপ—প্রচর শব্দ)। দুপ শব্দে।

দুপর ··ষ্য. (সং দ্বিপ্রহর)। দুই প্রহর বেলা, মধ্যাহ্ন কাল। দু-পহরিয়া ··ষ্য. (হিং ওং নাম)। বাঁধুলী দেখ। পুষ্পশাকবিশেষ। দেড় হাত উচা হয়। ফুল গাঢ় রক্তবর্ণ, সাত রাত্রি ফুটে? মধ্যাহ্নে ফুল ফুটে বলিয়া নাম। বন্য গাছ, কিন্তু উদ্যানের শোভা।

দু-পাক…ণ. (সং দ্বিপক)। দুইবার পক; দুইবার পাক দেওয়া হইয়াছে যে দোড়ী বা সুতা।

দু-ফাল…ণ. (দুই ফালি)। দুই ফালি বা খণ্ড করা হইয়াছে যাহা, প্রঃ—শরে বিন্ধে দুফাল করিতে পারি সিলে (মাঃ)—শিলাকে।

দুব্বল (গ্রাং) ‥দুর্বল।

দুব্বা (গ্রাং)…দুর্বা দেখ।

দু-ভাপা ‥ণ. দুইবার ভাপানা, যেমন চাল। (ভাপা দেখ)।

দুম্-দুম…দম্-দম দেখ।

দুমড়া (গ্রাং)…ধাতু. (দু-মুখ+ড়া—দুমুহড়া—দুমড়া। কলিকাতায়)। দুমড়াই—মুড়ি, ভাঁজ করি। দুমড়ানা॥

দু-মনা ‥ণ. (সং দ্বিমনাঃ)। দুই দিকে মন যাইতেছে যার, যার সংশয় যায় নাই।

দু-মালা ‥ণ. ভাঙ্গিলে দুইটা মালা হইতে পারে, এমন পাকা (নারিকেল)।

দুমুখা-,দুমুখো-সাপ ‥ষ্য.(সং দ্বিমুখ—রাজসর্পে বৈদ্যকঃ। দুমুখ+আ; দুমুখ+উয়া—দুমুখুয়া—দুমুখো)। মাটিয়া রঙ্গের ছোট সর্পবিশেষ। মুখ ও পুচ্ছ-প্রান্ত দেখিতে এক প্রকার বলিয়া নাম।

দুম্বা…ষ্য. (ফাং দুম—পুচ্ছ। দুম্বক—বৈদ্যকঃ)। গাড়লবিশেষ। এই গাড়লের পুচ্ছ মেদল ও স্ফীত হয়।

দুয়ম, দোয়েম ‥ণ. (ফাং দুয়ম)। দ্বিতীয়, দ্বিতীয় শ্রেণীর।

দুয়া…ণ. (সং দুর্ভাগা)। দুর্ভাগা,—দুয়া রাণী আর সুয়া রাণী। প্রঃ—ধ্রুবের জননী হৈলা স্বামীতে দুর্ভাগা (চৈতন্যমঙ্গল);—দুয়া।

দুয়াদশী (গ্রাং)…ণ. (সং দ্বাদশী)। দ্বাদশী তিথি।

দুয়ার…ষ্য. (সং দ্বার)। দ্বার, প্রঃ—কুঠারি কোদালি লহ দুয়ার করিতে (চৈঃ চঃ): দ্বারপিণ্ডী, প্রঃ—দুয়ারে বসিয়া ভাত খাই। ঘর-দুয়ার ‥গৃহ ও দ্বার, গৃহ। দুয়ারী‥ষ্য. (সং দ্বারী)। দ্বারী, দ্বারপাল। দুয়ার-রোধি, দুয়ার-রোঁধি‥ষ্য. দ্বারের মাথার কাঁথ যে কাঠ বা বাঁশ ধরিয়া রাখে; যাহা দ্বারের ঊর্ধ্বদেশ রোধ করে।

দুর্-দুর‥ষ্য. (সং দৃ ধাতু ভয়ে)। ভয়ে বুক দুর-দুর করে, প্রঃ—হিয়া কাঁপে দুর্ দুর পাছে যাই মরে হে (ভাঃ)। দুর্-দুরানি॥ (দর্-দর দেখ)।

দুরদৃষ্ট (গ্রাং দুরাদিষ্ট) ‥ষ্য. (সং দুরদৃষ্ট)। দুর্ভাগ্য।

দুরন্ত…ণ. (সং। তুং ফাং দরিন্দা)। দুর্দম, প্রঃ—পিরীতি দুরন্ত কে বলে ভাল (চণ্ডীঃ)। দুরন্ত-পনা…(পনা প্রত্যয়)। দুষ্টামি।

দুরন্ত…ষ্য. (Lat. Duranta plumieri—হইতে)। আমেরিকার কাঁটা ক্ষুপবিশেষ। বেড়ার নিমিত্ত আধুনিক বাগানে রোপিত হইতেছে। মানুষ অপেক্ষা কিছু উচা হয়। ফুল নীলবর্ণ, থোবা থোবা হয়। ফল মটরের মতন, নারঙ্গাবর্ণ।

দুরমুশ‥ষ্য. (সং দ্রুম-শাখা? হিং দুরমচ, দুরমট। ধুরমুশ দেখ)। ভারী মুগুর বা পিটনা। দুরমুশ করা—দুরমুশ দিয়া পেটা।

দুরস্ত ‥ণ. (ফাং)। ঠিক, যথার্থ। লেফাফা দুরস্ত‥কাগজপত্রে ঠিক (কাজে নয়)।

দুরালভা ‥ষ্য. (সং। দুর্লভা। অন্য সং নাম যবাসা)। বিহার ও উত্তর পশ্চিমাঞ্চলের কাঁটা ক্ষুপবিশেষ (Alhagi maurorum)।

দুরী‥ষ্য. (দুই হইতে)। দুই ফোঁটাযুক্ত তাস।

দুর্গা ( গ্রা° দুগ্‌গা )···ষ্য. ( সং )। দুর্গাদেবী। দুর্গা বল—মিথ্যা কথনে বা শ্রবণে যে পাপ হয়, তাহা নষ্ট করিতে দুর্গা নাম উচ্চারণ। দুর্গা বলিয়া বাহির হওয়া—যাত্রার পূর্বে দুর্গতিহারিণী দুর্গার শরণ-ভিক্ষা।

দুর্ঘোর···ণ. ( সং )। অতি ভয়ানক।

দুর্দণ্ড্য ণ. ( সং )। দুর্ধর্ষ, প্রাঃ—দুর্দণ্ড্য প্রতাপ।

দুর্দান্ত···ণ. ( সং )। দুরন্ত।

দুর্যোগ···ষ্য. ( সং ) দুর্দিন, বৃষ্টিবাদলা।

দুল...ধাতু. ( সং দুল ধাতু )। দুলি—ঝুলি, দোল খাই। দোলা, দুলন ॥ দোলা···ধাতু. দুল ধাতু আন্তে )। দোলানা ॥ দুল ··নারী-দিগের কানের স্বর্ণালঙ্কারবিশেষ। আকার নিমফলের মতন। দোলে বলিয়া নাম।

দুলকি···ষ্য. (দুল ধাতু)। ঘোড়ার চালিবিশেষ।

দুল্‌-দুল···ষ্য. ( সং দুল ধাতু )। দোলনে, প্রাঃ—বেগুন দোলে দুল্‌-দুল ( ছেলেদের ছড়ায় )।

দুলাল···ণ. ( দুল ধাতু হইতে। দুল+আল—দোলে যে ? হিং দুলার—স্নেহ )। পিতা-মাতার আদরে কোলে যে দোল খায়, প্রাঃ—আলা ঘরের দুলার মত চলিতে চলিতে ( প্রবোধচন্দ্রিকা ); তাহে বাপের দুলাল নহ ( চৈতন্যমঙ্গল )। (২) দোলনবিশিষ্ট, প্রাঃ—তরল তাল, গতি দুলাল, নাচে নটিনী নটন-সুর ( জ্ঞানদাস )। আলালের ঘরের দুলাল ···আলা—ধনবান্‌ ব্যক্তির আদরিয়া পুত্র। স্ত্রী° দুলালী, প্রাঃ—বাপের দুলালী ছিলি তাহে তিলাঞ্জলি দিলি ( রামপ্রসাদের বিদ্যা-সুন্দর )। দুলালচাঁপা ··( আধুনিক নাম )। চাঁপা দেখ।

দুলিচা ··ষ্য. ( দরী+চা—ছোট দরী ? ) কাপাস সূতার ছোট গালিচা।

দুলিয়া, দুল্যে ··ষ্য. (সং দোলা+বাং ইয়া—দোলিয়া )। দোলাবাহী ; দোলা-পালকী-বাহক হিন্দুজাতিবিশেষ। স্ত্রী° দুলিয়ানী, দুলেনী।

দুষ ··ধাতু. ( সং দুষ ধাতু )। দুষি—দোষী করি, দোষ দিই। দোষা ॥ দোষ···ষ্য. ( সং )। অপরাধ।

দুষ্‌খ···ষ্য. ( সং )। দুঃখ, প্রাঃ—অপার আনন্দে দুষ্‌খ জন্মাইলি চিত্তে ( মাঃ )। ( প্রায়ই গ্রা° প্রয়োগ )। দুষ্‌খী·· ণ. (সং)। দুঃখী। স্ত্রী° দুষ্‌খিনী ( পদ্যে )।

দুষ্ট ··ণ. ( সং )। দুর্জন। দুষ্টামি ··ষ্য. ( দুষ্ট+আমি )। দুষ্ট ব্যবহার। দুষ্টপনা ··ষ্য. ( পনা প্রত্যয় )। দুষ্ট ব্যবহার। নষ্ট-দুষ্ট · ণ. ( সং। সহচর শব্দ )। দোষী, কুচরিত্র।

দুষ্পাচ্য ··ণ. ( সং দুষ্পচ )। বিলম্বে জীর্ণ হয় যাহা, প্রাঃ—( প্রবোধচন্দ্রিকা )।

দুষ্‌মন ··ষ্য. ( ফাং। তুং সং দুষ্টমনা )। শত্রু। দুষ্‌মনি···ষ্য. শত্রুতা। দুষ্‌মন চেহারা—শত্রুর আকার ; বিকট আকার।

দুসরা ··দোসরা দেখ।

দু-সূতী···ণ. ( দুই+সূত্র+ঈ )। দুই খাই সূতায় নির্মিত।

দুহ, দু···ধাতু. ( সং দুহ ধাতু )। দুহি, দুই—দোহন করি। দোহা, দোআ ॥ দোহাল, দোআল···যে গাই দোহে। দোহা, দোআ ···ধাতু. ( দুহ, দু ধাতু আন্তে )। দোহাই, দোআই—দুগ্ধ দোহন করাই ; ভারবহনে শিক্ষিত ·বা সমর্থ করাই। দোহানা, দোআনা ॥ দোআনা বলদ···যে বলদকে

ভারবহন করিতে শেখানো হইয়াছে। দৃষ্টান্তে, এঁড়ো গোরু তো টেনে দো—এক ব্যক্তির দুধ দরকার। দোহাল বলিল, গোহালে সব এঁড়ো গোরু। তখন উত্তর হইল, তবে টানিয়া দোহ। অর্থাৎ গরজের তুল্য বালাই নাই। হাতদোহা করা—যে গাইর বাছুর নষ্ট হইয়াছে, তাহাকে বাছুর দ্বারা না পানাইয়া দোহা।

দুঁহা, দুহা···ষ্য. ( দুই হইতে। প্রাচীন বা° অন্য রূপ, দোঁহা। ও°)। দুই জনা। দুঁহে ·· দুই জনে। দুঁহার, দুঁহাকার ··দুজনের।

দু-হাতিয়া, দু-হেত্যে···ণ. ( দুই হাত+ইয়া )। দুই হাত পরিমিত ; দুই হস্তে ধৃত, প্রঃ—দুহাতিয়া বাড়ি।

দূতী···ষ্য. ( স° )। বার্তাবাহনী বা কুট্টনী ; সখীসম্বাদ গানে বৃন্দা সখী।

দূর ( গ্রা° ধূর )...ণ. ( স°। ফা° দূব ) নিকট নহে, প্রঃ—দূর দেশ। ষ্য. দূর দেশ, প্রঃ—দূরের কথা। দূরান্তর ··ষ্য. অতি দূর দেশ। দূরাদূর···ণ. ( দূর+অদূর )। অতি দূরবর্তী। দূর হ—নিকট হইতে যা। দূর-দূর করা—দূরে যা দূরে যা বলা। দূর ছি করা—অবজ্ঞা সূচক বাক্য কহা। ( অপ্রিয় মানুষ ও প্রাণী মাত্রকেই 'দূর দূর' শব্দে তাড়ানো হয়। ছিঃ, ছি ছি শব্দ আজকাল ইতর প্রাণীর প্রতি প্রযুক্ত হয় না। কিন্তু, তু° ছি ছি বলে ঠেলে ফেলে উঠে দিল রড় (মাঃ), তু° ও° স° ছূঃ ছূঃ )।

দূরবীন···ষ্য. ( স° দূরবীক্ষণ। হি° )। দূরবর্তী বস্তু দেখিবার যন্ত্রবিশেষ ( telescope )।

দূর্বা ( গ্রা° দুব্বা )...ষ্য. ( স° )। ধান্যাদিবর্গের প্রসিদ্ধ তৃণবিশেষ ( Cynodon dactylon )। দীর্ঘায়ুঃ লতানিয়া ঘাস। হাড়ে দূর্বা গজানো—খাইতে না পাইয়া মরিয়া হাড় মাটিতে পরিণত হইলে তাহাতে ঘাস গজানো—ভর্ৎসনায়।

দৃষ্ট ··ষ্য. ( স° দৃষ্টি, ই লুপ্ত )। দৃষ্টি, প্রঃ—খরতর দৃষ্টে (কবিকঃ), যার দৃষ্টে মৃত্যু হরে (ভাঃ)। তদ্দৃষ্টে ··তাহা দৃষ্টি করিয়া।

দে ··ষ্য. ( স° দেহ )। দেহ ( প্রাচীন পদে )।

দে···ষ্য. ( স° দেব হইতে। অন্যান্য ভাষায় দেও )। হিন্দুজাতির পদবীবিশেষ।

দেঅর···ষ্য. ( স° দেবর )। স্বামীর কনিষ্ঠ ভ্রাতা। ( সম্বোধনে ঠাকুর-পো )।

দেআলা...ষ্য. (স° দেবালয়। দেহারা দেখ)। দুগ্ধপোষা শিশুর স্বপ্নে হাস্য, যেন দেবালয় দেখিয়া আনন্দপ্রকাশ। ( দেয়ালা দেখ )।

দেউটি···ষ্য. ( স° দীপ্তি। দিয়ড়ি দেখ )। মশাল, প্রঃ—সন্ধ্যাতে দেউটি সবে জ্বলে ঘরে ঘরে (চৈঃ চঃ) ; (কবিকঃ)।

দেউড়ি···ষ্য. ( স° দেঅলী। ও° দেঅড়ি )। বাটীর মুখ্য দ্বার, প্রঃ—বরাতি দেউটি নাহি ছাড়ে ( কবিকঃ ),—বরাতি—বরযাত্রী। ( আজকাল শহরে ফাটক বলে ; গ্রামে ফাটক অর্থে কারাগার )।

দেউল···ষ্য. ( স° দেবকুল )। দেব-মন্দির। দেউল দেওয়া—দেউল নির্মাণ করানো। দেউল-দেহারা···ষ্য. (সহচর শব্দ)। দেউল।

দেউলা, দেউলিয়া···ষ্য. ( স° দেবল—দেউল +আ, ইয়া )। দেব-প্রতিমা-পরিচারক। ( শূং পুঃ—দেউল্যা )। স্ত্রী° দেউলানী।

দেউলা···ণ. (হি° দিবালা। স° দীপ+আলা)। নিঃসম্বল। ( ব্যবসায়ী নিঃসম্বল হইলে সে অবস্থা জানাইবার অভিপ্রায়ে বাড়ীতে

দিবসে দীপ জ্বালিয়া রাখে)। (Insolvent)।

দেওতাড়া, দেতারা…ষ্য. (সং দেবতাড, দেবদালী)। ধান্যাদিবর্গের প্রায় সোজা ঘাসবিশেষ (Andropogon caricosus)।

দেওয়া ‥দি ধাতু দেখ।

দেওয়ান ‥ষ্য. (ফা° দীৱান)। রাজস্বমন্ত্রী। দেওয়ানি…দেওয়ানের কর্ম। দেওয়ানী… দেওয়ানের যোগ্য, অর্থ-অধিকারসম্বন্ধীয় (আদাঃ)। (দেওয়ান ফা° দীৱান—রাজসভা। ইহা হইতে, দেওয়ানী আম ‥ রাজসভা, দেওয়ানী খাস ‥মন্ত্রীগণের বিচারালয়)। দেওয়ানজী ‥দেওয়ান-মহাশয় (জী দেখ)।

দেওয়াল…ষ্য. (ফা° দীৱার)। প্রাচীর, কাঁথ। (পাকা ঘরের দেওয়াল, কাঁচা ঘরের কাঁথ। তু° জোয়ের দেয়াল দিল অতি মনোহর (কবিকঃ)—জো—জতুর দেওয়াল, কাঁথ নহে)। দেওয়াল-গীর ‥ষ্য. (ফা°)। দেওয়াল-দীপ। দেওয়ালগীরী ‥ষ্য. (ফা°)। দেওয়ালে বদ্ধ দীপাধার।

দেওয়ালী, দেআলী…ষ্য. (সং দীপাৱলী)। কার্তিক অমাবস্যা তিথির দীপোৎসব।

দে-কাঠি…ষ্য. (সং দীপকাষ্ঠ। তু° দেরখা)। দীপ জ্বালিবার নিমিত্ত গন্ধক-লিপ্ত কাঠি বা শলা, দীপশলাকা।

দেখ…ধাতু. (সং দৃশ ধাতু। চারি ভাষাতেই দেখ ধাতু আছে। দৃশ ধাতুর শ স্থানে খ হইয়া, দেখ। হিং'তে দিখ ধাতুও আছে। য স্থানে খ হয়, শ স্থানে প্রায় হয় না। বোধ হয়, দৃশ শকারের পূর্বে ঋ থাকাতে শ ঠিক উচ্চারিত হইত না। তু° সং দ্রক্ষ্যতি, অদ্রাক্ষীৎ, দ্রষ্টা, দৃষ্ট)। দেখি—দর্শন, জ্ঞান, সাক্ষাৎকার করি। দেখা॥ দেখা… ধাতু. (দেখ ধাতু আস্তে)। দেখানা॥ দেখ ধাতুর আরও অনেক অর্থ আছে। যথা, ভাবিয়া দেখা—ভাবিয়া ঠিক করা; করিয়া দেখা—করিয়া বোঝা; দেখ দেখি—তুমি বুঝিতে চেষ্টা কর,—আমি দেখি, তুমি পার কি না; তোকে দেখিব—তর্জনে ভয় প্রদর্শন করা; দেখিস যেন হারায় না—সাবধান হইবে যেন; 'একবার চোখের দেখা দেখে আসি'—মনের মতন দেখা না হউক। (তু° রান্না রাঁধা, কান্না কাঁদা, ঘরকন্না করা)। দেখা করা - দর্শন। দেখা-শোনা করা—তত্ত্বাবধান। দেখা-সাক্ষাৎ করা—(সহচর শব্দ)। দর্শন-পরিচয়াদি। দেখন-হাসি ‥যাকে দেখিলে আনন্দ হয়, এবং মুখে হাসি দেখা দেয়। দেখ দেখানা, দেখ-দেখানিয়া ‥ণ. (দেখন+আ, ইয়া)। যাহা দেখাইতে হয়, দেখাইবার নিমিত্ত দেখা প্রীতির নিমিত্ত নহে, প্রঃ—দেখ-দেখানা একখান কাপড় দিয়াছে—লোক দেখাইবার তরে, ইচ্ছাপূর্বক নহে। ‥ষ্য. দর্শক, প্রঃ—বিবাহ-বাড়ীতে দেখ-দেখানিয়া কত লোক জোটে—বিবাহ দেখিতে। দেখতা ‥ণ. (দেখ+ইত—দেখিত হইতে)। দৃষ্ট, প্রঃ—আমার দেখতা সে ধনী। (তু° জানিত)। দেখিল…ণ. (দেখিত হইতে)। দৃষ্ট, প্রঃ—দেখিল চুরি তবু কবুল করিলনা।

দেখা ‥ধাতু. (সং দৃশ্য হইতে। ও° ম° দিশ ধাতু। দেখ ধাতু দেখ)। দেখাই—দৃশ্য হই, প্রঃ—কেমন সুন্দর দেখাইতেছে, এমন কর্ম ভাল দেখাইবে না। দেখানা॥

দেড়…ণ. ( সং অধ্যর্ধ। ধ্যর্ধ—ঢেড়—দেড়। কিংবা সার্ধ—অর্ধ—দেড় )। অর্ধ অধিক এক। দেড়িয়া…য্য. ( দেড়+ইয়া )। দেড় সম্বন্ধীয় গণিত, দেড়গুণ।

দেড়ি…য্য. ( দেড় হইতে ? )। বাঁকের দুই পাশের কেবল এক পাশে ভার থাকিলে দেড়ি ভার হয়, প্রঃ—এক ঘড়া অবশেষ দেখি মহাবীর, নিতে নারে দেড়ী ভার হইল অস্থির ( কবিকঃ )। অন্যত্র, কিছু কার্য্য আছে দেড়ী; লেখা জোখা নাহি দেড়ি ( কবিকঃ )—দেড়ি শব্দের প্রাচীন অর্থ এখন লুপ্ত হইয়াছে।

দেঁড়ো ··ণ. ( দাঁড়া ধাতু হইতে দাঁড়+উয়া )। দাঁড়াইয়া নিক্ষেপযোগ্য, প্রঃ—দেঁড়ো খোদাল।

দেঁতো…ণ. ( দাঁত+উয়া )। দাঁত দেখ।

দেত্তা…দেওতারা গাছ দেখ।

দেদার…ণ. ( ফাং দিল্‌-দার হইতে ? )। প্রচুর, প্রঃ—দেদার টাকা।

দেধান ··ষ্য. ( সং দেবধান্য )। জোয়ার দেখ। ধান্যাদিবর্গের শস্যবিশেষ (Broom corn. Sorghum saccharatum )। আখ গাছের মতন গাছ হয়। বঙ্গে অত্যল্প দেখা যায়। উত্তরভারতে কৃষি হয়। ডাঁটা মিষ্ট বলিয়া গোরুর উৎকৃষ্ট খাদ্য।

দেন···ষ্য. ( দেনা দেখ )। ঋণ। দেনদার… ঋণী। দেন-মোহর···অর্পণ অঙ্গীকারপত্রে স্বাক্ষর।

দেনা ··ষ্য. ( হিং দে, বাং দি ধাতু হইতে )। দিতে হইবে যাহা, দেয় টাকা, ঋণ। দেনা-পাওনা · যাহা দেয় এবং যাহা প্রাপ্য। দেনা-দার ··ঋণী। পত্র দেনা বালি-দেওয়ান গঞ্জ—বালি-দেওয়ানগঞ্জ গ্রামে পত্র দিতে হইবে।

দেনো···দান দেখ।

দেব···ষ্য. ( সং দেব )। দেবতা; ব্রাহ্মণ; ব্রাহ্মণ জাতির পদবী। স্ত্রীং দেবী। দেব-শর্মা···( সং শর্মণ্‌ )। ব্রাহ্মণজাতিবাচক উপাধি,* প্রঃ—ঈশ্বরচন্দ্র দেবশর্মা। দেব-গিরি…রাগরাগিণী দেখ। দেব-দ্বিজ · ষ্য. ( সং। সহচর শব্দ )। দেবতা ও ব্রাহ্মণ। দেবা···ষ্য. ( দেব+আ—অনাদরে )। অনাদরে দেবতা, প্রঃ—যেমন দেবা, তেমন দেবী—স্বামী যেমন, স্ত্রী তেমন ( দুষ্ট )। তুং যেমন হাঁড়ী, তেমন শরা। দেব্যা···ষ্য. ( দেবী শব্দের ষষ্ঠীর রূপ দেব্যাঃ। দেব্যাঃ সদৃশী হইতে )। বিধবা ব্রাহ্মণীর উপাধি। ( তুং দাস্যা, শ্রীমত্যা )।

দেবতা ··ষ্য. ( সং দেবতা )। দেব-দেবী; ব্রাহ্মণ ( প্রায়ই সম্বোধনে ); মেঘ, প্রঃ—দেবতার গতিক—মেঘের অবস্থা, দেবতা ঢালিবে—প্রচুর বর্ষণ হইবে।

দেবত্তর ··ষ্য. ( সং দেবত্র )। দেব-সেবার্থে ভূমি। জমি দেখ।

দেবদারু···ষ্য. ( সং দেবদারু। হিং দেবদার)। উত্তর পশ্চিম হিমালয়ের দীর্ঘ তরুবিশেষ (The Himalayan cedar. Cedrus deodara )। এক এক গাছ ১৫০-১৮০ হাত উচা হয়। কাঠ আপীতরক্ত, সুগন্ধ, শক্ত। শাখাগ্র নুইয়া পড়ে। (২) ( হিং নাম দেবদারী )। আতৃপ্যাদিবর্গের উচ্চ তরুবিশেষ ( Polyalthia longifolia, or, Guatteria longifolia )। পাতা দীর্ঘ মৎস্যাকার, ধার তরঙ্গিত। ফুল ত্রিদল,

এক ফুল হইতে অনেক ফল হয়। সং দেবদারু গাছের তুল্য উচ্চ হয় বলিয়া এই গাছের নাম দেবদারু হইয়াছে। প্রঃ—(কৃত্তিঃ লং, কবিকঃ)।

দেবোত্তর ··দেবত্তর দেখ।

দেমাক...ষ্য. (আং দমাগ, দিমাগ)। গর্ব, দর্প। দেমাকী ··ণ. (দেমাক+ঈ)। গর্বিত। দেমাকিয়া, দেমাকো ··ণ. (দেমাক+ইয়া)। গর্বী, অভিমানী।

দেয়ান ··দেওয়ান দেখ।

দেয়াল···দেওয়াল দেখ।

দেয়ালা···দেআলা দেখ।

দেয়ালিনী...দেউলিয়ানী (জ্ঞানদাস)। দেউল দেখ।

দেয়াসিনী ··ষা. (সং দেবৱাসিনী। তু° ও° ভূআসিনী—সং ভূৱাসিনী। দেবকন্যা; বিদেশিনী (চণ্ডীঃ)।

দেরখা···ষ্য. (সং দীপরক্ষা। ও° দীপ-রখা)। দীপ রাখিবার কাষ্ঠনির্মিত আধার।

দেরাজ ··ষ্য. (ই° drawers)। কাঠের টেবিল আলমারী প্রভৃতির যে বাক্স টানিয়া আনিতে ও ভিতরে ঢুকাইতে পারা যায়।

দেরি ··ষা. (ফা° দের)। কালবিলম্ব।

দেশ ··ষ্য. (সং)। পৃথিবীর অংশবিশেষ; স্বগ্রাম। স্বদেশ...নিজের জন্মদেশ, মাতৃভূমি। বিদেশ ··অন্য দেশ। প্রদেশ ··দেশের অন্তর্গত অংশবিশেষ, যেমন ভারতবর্ষ দেশের এক প্রদেশ বঙ্গ। দেশী···ণ. (সং দেশিন্)। স্বদেশ-জাত। দেশ-বিদেশ ··সর্বদেশ। দেশ-বিদেশে রাষ্ট্র ···সর্বদেশে প্রচারিত। দেশ-মুখ ··ষ্য. (সং দেশমুখ্য)। মণ্ডল। দেশান্তর...ষ্য. (সং)। অন্য দেশ, দূরবর্তী দেশ। দেশান্তরী · ণ. (সং)। অন্যদেশগত, দূরদেশবাসী, প্রঃ—"করিয়া সন্ন্যাস হইবেন দেশান্তরী"; (কবিকঃ)। দেশ-নালা... গ্রামের জলনির্গমনালী, কুলি। দেশাম ·· ষা. (দেশ-নিমন্ত্রণ)। দেশের—স্বগ্রামের নিকটস্থ গ্রামের সকলকে ভোজনের নিমিত্ত নিমন্ত্রণ। দেশোয়াল ··ষা. (হিং দেসৱাল)। স্বদেশী। দেশ ··ষ্য. (সং)। রাগরাগিণী দেখ।

দেহড়ী, দেহলী···দেউড়ি দেখ।

দেহারা···ষা. (সং দেৱালয়—দেআলা—দেহারা)। দেউল, প্রঃ—দেহারা দেউল নহি পরবত সকল (শূঃ পুঃ), (কবিকঃ)। (অপ্রচলঃ)।

দৈ ··দই দেখ।

দৈবাৎ ··বা. (সং)। কারণ ব্যতিরেকে, দৈব কারণে। দৈবি (গ্রাং) ··দৈবাৎ। দৈবি-সৈবি ··(সৈবি—প্রচর শব্দ)। দৈবাৎ।

দৈষৎ ··ষা. (আং দহ্‌ষৎ)। আশঙ্কা।

দো···দুই হইতে। সমাসে দুই, দু স্থানে দো হয়। যেমন, দো-ফলা আম—যে আম বৎসরে দুইবার ফলে। দো, দো-জমি ··যে জমিতে বৎসরে দুইবার ফশল হয়, দোআঁশ জমি।

দোআ, দোয়া ··দুহ ধাতু দেখ।

দোআ ··ষ্য. (আং দুআ)। আশীর্বাদ, ঈশ্বরের নিকট প্রার্থনা।

দো-আঁশ...ণ. (দুই অংশ)। যে মাটিতে মৃত্তিকা ও বালুকা প্রায় সমপরিমাণে আছে (loam)। মাটি দেখ। দো-আঁশলা···ণ. (দো আঁশ+লা)। যাহাতে দুই জাতির অংশ আছে, সঙ্কর (hybrid)।

দোকতা…ষ্য. ( দুই-কাটা ? )। শুখনা তামুক-পাতা।

দো-কর…ণ. ( দুই+করা )। দুইবার করা, প্রঃ—কাজ দোকর করা।

দোকলা… ণ. ( তু° একলা )। দ্বিতীয় ব্যক্তি।

দোকান…ষ্য. ( ফা° দুকান )। পণ্যশালা। দোকান করা—দোকান খোলা। দোকানী, দোকান-দার…ষ্য. দোকানের স্বামী। দোকানী-পসারী…(পসারী দেখ। সহচর শব্দ)। দোকানী। দোকান-দারি… দোকানদারের কর্ম। দোকানদারী… দোকানদারের যোগ্য, দোকানদার সম্বন্ধীয়, প্রঃ—দোকানদারী বুদ্ধি। দোকান-পাট… ষ্য. ( পাট দেখ )। দোকানে বেচা-কেনা।

দো-খেঁচড়া …ণ. ( দুই+খেঁচা+ড়া ) দুইদিকে খেঁচা—টানা—আছে যাহা। দো-খেঁচড়া কাজ—এ দিকে কিছু ও দিকেও কিছু কাজ। তু° আধা-খেঁচড়া।

দোঘা-শালা ( গ্রা° দোগাশাল )…ষ্য. ( স° দোহশালা—যেখানে গাই দোহা হয় )। গোরু থাকিবার ফাঁকা চালা। (পাগা দেখ)।

দোছোট…ষ্য. (দ্বিতীয়+ছোট দেখ)। উত্তরীয় ( গ্রা° )।

দো-ছোটি…ণ. ( দুই+কাছোটি দেখ )। দুই কাছা যার, প্রঃ—দোছোটি করিয়া পরে বার হাথ শাড়ী ( কবিকঃ )।

দোজ…ণ. ( স° দ্বিতীয়ঃ স°প্রা° দোজো। হি° দুজা )। দ্বিতীয়। দোজবর…দ্বিতীয় বার বর। দোজ-বরিয়া …ণ. দ্বিতীয়বার বিবাহিত বরের। দোজপক্ষ…দ্বিতীয় পক্ষ, প্রঃ—দোজ পক্ষের স্ত্রী—দ্বিতীয়বার বিবাহের স্ত্রী।

দো-জমি…( দুই+জমি )। যে জমির মাটিতে বালি ও মৃত্তিকা দুই আছে; যে জমিতে বৎসরে দুইবার ফশল হয়।

দোড়ী, দড়ী…ষ্য. ( স° দোরক, ডোর, ডোরক—শব্দকল্পে )। রজ্জু। ( ডোর দেখ )। দড়া—মোটা দোড়ী। দোড়ী ভাঙ্গা—দোড়ী পাক দিয়া খিলানা। গলায় দোড়ী …উদ্বন্ধনে প্রাণত্যাগ কর (ভর্ৎসনায়)। দোড়ী-কলশী জোটা—গলায় দোড়ী দিয়া কলশী বাঁধিয়া জলে ডুবিয়া মরিবার আয়োজন, আত্মহত্যা, প্রঃ—না মিলিল দড়ী না মিলিল কড়ী কলসী কিনিতে তোরে (ভাঃ)।

দোড়ী-বাজ (গ্রা° ধড়ীবাজ)…ণ. (বাজ দেখ)। দোড়ীর উপরে বাজি করে যে, অত্যন্ত শঠ।

দো-তরফা …ণ. ( দুই+তরফ+আ )। দুই পক্ষ সম্বন্ধীয়, প্রঃ—দো-তরফা ডিগ্রি।

দো-তারা …ণ. ( দুই +তার+আ )। দুই তার—কাটি—যাহাতে একত্র আছে, প্রঃ—দোতারা শপ। দো-তারিয়া, দো-তেরো…ণ. দুই কাটিবিশিষ্ট।

দো-নর…ণ. ( নর দেখ )। দুই সারি আছে যাতে, প্রঃ—দোনর হার।

দো-নলা …ণ. ( দুই+নল+আ )। দুই নল বা চোঙ্গা আছে যে বন্দুকে।

দোন, দোনী, দুনী… ষ্য. ( স° দ্রোণ )। জল তুলিবার ছোট ডোঙ্গা বা পাত্র-বিশেষ।

দোনা…ষ্য. ( স° দ্রোণ )। গাছের পাতায় গড়া পাত্র, ঠোঙ্গা, প্রঃ—দোনা ব্যঞ্জনে ভরি করেন প্রার্থনা (চৈঃ চঃ)—কলাগাছের খোলের দোনা।

দোনী…ষ্য. ( দোন দেখ )। জল-সেচনের ডোঙ্গা এমন স্থাপিত যে ঢেঁকির মতন

উঠিতে নামিতে পারে। ডোঙ্গা জল-পূর্ণ হইয়া উপরে জল ঢালে।

দোপুটী, দোমুটী, দোপাটী ··ষ্য. ( সং দ্বিপুট। প স্থানে ম হইয়া দুমুটী, দোমুটী। ওং নাম হরগৌরা। শুংপুঃ—দুই বটী)। বর্ষায়ুঃ পুষ্প-শাকবিশেষ ( Balsam. Impatiens balsamina )। ফুলদল অসমান, বিচিত্র-বর্ণ। ছদ ( দলের বাহিরের পুট ) দলের মতন রঙ্গিন বলিয়া নাম দ্বিপুট পাকা ফল ফাটিয়া বীজ ছড়াইয়া পড়ে।

দো-পাট্টা...ষ্য ( দুই+পাট্টা—সং পট্ট। মং দুপেটা। ওং দো-পট্টা )। মোটা কাপড়ের দুই খণ্ড মাঝে লম্বা সেলাই করিলে যে চওড়া চাদর হয়। দুই পটীতে নির্মিত বলিয়া নাম।

দো-পিয়াজা··ষ্য. ( দুই+পিঁয়াজ+আ )। মাংসের ব্যঞ্জন-বিশেষ। মাংসের দ্বিগুণ পিঁয়াজ দেওয়া হয় বলিয়া নাম। নিজের রসেই মাংস সিদ্ধ হয়।

দো-ফলা···ণ. ( দুই+ফল+আ )। বৎসরে দুইবার ফলে যে গাছ।

দোবজা...ষ্য. (?)। দো-পাট্টা, মোটা চাদর।

দো-বারা ··ণ. ( দুই+বার+আ )। দুইবার নির্মল করা হইয়াছে যাহা, যে চিনী।

দোবে ..ষ্য. ( সং দ্বিবেদী )। পশ্চিমাঞ্চলের ব্রাহ্মণের উপাধিবিশেষ।

দো-ভাষী···ষ্য. ( দুই+ভাষা+ঈ)। দুই ভাষা জানে যে।

দোমুটী...দোপুটী দেখ।

দোয়জ ··ণ. ( দোজ দেখ )। দ্বিতীয় পক্ষের, প্রঃ—দোয়জ বনিতা ( কবিকঃ )। (অপ্রচলঃ)।

দোয়া...ষ্য. ( আং দআ। দোআ দেখ )। ঈশ্বরের আশীর্বাদ প্রার্থনা (কবিকঃ)। দোয়া-দবা...ষ্য. ( দৱআ—ঔষধ)। ঈশ্বরের আশী-র্বাদ ও ঔষধ—এই দুই রোগপ্রতিকারক। তুং ঔষধ-শান্তি।

দোয়া...দুহ ধাতু দেখ।

দোয়াৎ, দোৎ ··ষ্য. ( আং দৱাৎ )। ওংতে দুআত্‌, মংতে দউৎ, দৌৎ। ওং দেশী নাম কাঠীঘটী কাঠী ঘড়ী ; তেলুগু শিরা-বুড্ডি, —শিরা—কালী)। মসীপাত্র। দোয়াৎ-কলম ...দোয়াৎ ও লিখিতে কলম। দোয়াৎ... কালীর দোয়াতের আকারের দীপ, প্রঃ—কেরোসীনের দোয়াৎ।

দোয়ার, দোহার...ষ্য. ( ধ্রুব=ধুআ ; ধুআ—দোহা+আর )। গানে যাহারা ধুয়া ধরিয়া রাখে। দোয়ারি, দোহারি...ষ্য. দোয়ারের কর্ম।

দোয়েম...দোয়ম দেখ।

দোয়েল ··দয়াল পাখী দেখ।

দোর ( গ্রাং )...দুয়ার দেখ।

দো-রসা...ণ. ( দুই+রস+আ ) দোআঁশ, প্রঃ—দোরসা মাটি ; অল্প রসযুক্ত।

দোরস্ত...দুরস্ত দেখ।

দোরী · দরী দেখ।

দো-রোখা...ণ. ( ফাং দোরুখা )। যাহার ( শাল ইত্যাদির ) দুই পিঠই সমান।

দোল...ষ্য. (সং)। শ্রীকৃষ্ণের ঝুলন। দোলমঞ্চ ...ষ্য. ( সং )। শ্রীকৃষ্ণের দোলন নিমিত্ত স্তম্ভোপরি নির্মিত মন্দির। দোলযাত্রা...ষ্য. ( সং যাত্রা—উৎসব )। শ্রীকৃষ্ণের দোলন-উৎসব। দৃষ্টান্তে, সাজ করিতে দোল ফুরায় দোলযাত্রা দেখিতে বেশভূষায় সময় ক্ষেপ

করা, অভিপ্রেত ছাড়িয়া আয়োজনই সার করার তুল্য। দোল-দুর্গোৎসব ··ষ্য. দোল উৎসব ও দুর্গা উৎসব ( সহচর শব্দ )। দোলা···ষ্য. ( সং )। শিশুর দোলন-শয়ন নিমিত্ত ঝোলা। দোলনা ··ষ্য. ( সং দোলা +বাং না—হ্রস্বার্থে)। ছোট দোলা। দোল, দোল্-দোল · ষ্য. দোলন, প্রঃ—দোলায় শিশু দোল খায়। চউদোল, চৌদল ··ষ্য. (সং চতুর্দোল)। ঠাকুর-প্রতিমা ও বিবাহার্থী বরের নিমিত্ত চারি বাহকের দোলা। চৌদোলা করা—চারি বাহক দ্বারা ঝুলাইয়া বহন। দোলা ··শববহনের খাট, প্রঃ—"বাঁশের দোলায় চড়ে কে হে বট যাচ্ছ চলে শ্মশানঘাটে"। দোলিয়া···দুলিয়া দেখ।

দোলী···ডুলী দেখ।

দোলমা ··ষ্য. ( ফাং )। আলু বেগুন প্রভৃতির ভিতরে মশলা পুরিয়া পক্ক ব্যঞ্জন।

দোল-মাল···ব্য. ( দল্-মল হইতে )। দল্-মল ভাবে, প্রঃ—উড়ি পড়ে ঘর গোলা করে দোলমাল (কবিকঃ)। (অপ্রচলঃ)।

দোলাই ··ষ্য. ( হিং মং দুলাই )। যে শীতবস্ত্র কাঁধ হইতে ঝুলিতে থাকে।

দো-শালা···ষ্য. (দুই+শাল+আ)। এক জোড়া শাল। শাল-দোশালা ··(সহচর শব্দ)। শাল।

দো-শালা...দোঘা-শালা দেখ।

দোসর...ষ্য. ( দোসরা দেখ )। দ্বিতীয় ব্যক্তি, সঙ্গী, প্রঃ—একা রাম রক্ষা নাই দোসর লক্ষ্মণ; প্রাণের দোসর ভাই গেল পরলোক (কবিকঃ), রাইয়ের দোসর (জ্ঞানদাস)।

দোসরা ··ণ. ( সং দ্বিতীয়। হিং মং ওং দুসরা। ব্যাকরণ দেখ )। দ্বিতীয়, দ্বিতীয় দিন, প্রঃ—আজ মাসের দোসরা।

দোস্ত...ষ্য. ( ফাং )। মিত্র, বন্ধু। দোস্তি... ষ্য. ( ফাং )। মিত্রতা।

দোহরা, দোহারা ··ণ. ( দুই+হরা। ব্যাকরণ দেখ )। দ্বিগুণ; নাতিস্থূল, প্রঃ—দোহরা

দোহা.. দুহ ধাতু দেখ।

দোহা, দোঁহা ··ষ্য. ( হিং। সং দ্বিপদা )। শ্লোক-বিশেষ, ছন্দ-বিশেষ।

দোঁহা ··দুই দেখ।

দোহাই ··ষ্য. ( আং দোআ ? হিং দুহাই )। সুবিচার, দয়া। রাজার দোহাই দেওয়া—রাজার নিকট সুবিচার প্রার্থনা করা।

দোহাল, দোআল ··ষ্য. ( দোহ+আল )। যে গাই দোহে ( দুহ ধাতু দেখ )। দোহালি·· দোহালের কর্ম।

দৌড়···ধাতু. ( সং দ্রু ধাতু পলায়নে। তুং অভিদ্রুদ্রাব—আভিমুখ্যেন অধাবৎ)। দৌড়ি —বেগে ধাবিত হই। দৌড়ন, দৌড়না, দৌড়নি, দৌড়া॥ দৌড় ··ষ্য. ধাবন, বিস্তার, প্রঃ—লম্বা দৌড়। দৌড় ধাপ···ষ্য. (সং ধাবন—ধাপ। সহচর শব্দ)। দৌড়ন। দৌড়া দৌড়ি...একের পশ্চাতে অন্যের ধাবন। দৌড়া ··ধাতু. (দৌড় ধাতু আস্তে)। দৌড়ানা॥

দৌলৎ ··ষ্য. (আং)। ধন, ঐশ্বর্য। ধন-দৌলৎ ...ষ্য. ( সহচর শব্দ )। ঐশ্বর্য। দৌলৎখানা ·· ষ্য. ধনীর অট্টালিকা, ( বিপঃ—গরীবখানা )। দৌলৎমস্ত ণ. ( ফাং দৌলৎমন্দ )। ধনবান্।

দ্রাক্ষা ··আঙ্গুর দেখ।

দ্রোণ · ষ্য. ( সং )। ধান্যাদি পরিমাপবিশেষ, পশুরি। দ্রোণপুষ্পী...ঘলঘষা দেখ।

দ্বন্দ্বজ ( গ্রা° )…ষ্য. (স° দ্বন্দ্ব+যুগ্ম)। কলহ।

দ্বার…ষ্য. ( স° )। গৃহপ্রবেশপথ, দুয়ার। দ্বারী, দুয়ারী…ণ. ( দ্বার+ঈ )। দ্বাররক্ষক ; দ্বারবিশিষ্ট, প্রঃ—দক্ষিণদ্বারী ঘরের রাজা, পূর্বদ্বারী তার প্রজা। পশ্চিমদ্বারীর মুখে ছাই, উত্তরদ্বারীর কাছেও না যাই॥—অর্থাৎ দক্ষিণদ্বারী ঘর উৎকৃষ্ট ; পূর্বদ্বারী কিছু ভাল ; পশ্চিমদ্বারী নিকৃষ্ট, কারণ, অপরাহ্ণে রৌদ্র আসে, এবং রাঢ়ে ( ও ওড়িশায় ) পশ্চিম দিক্ হইতে প্রবল বৃষ্টি হয় ; উত্তরদ্বারী—সকল বিষয়ে নিকৃষ্ট। অন্যরূপ, পশ্চিম দ্বারী ঘরের তাপ, উত্তরদ্বারী ঘরের পাপ। দ্বারস্থ…ণ. ( স° )। ভিক্ষার নিমিত্ত অন্যের দ্বারে উপস্থিত।

দ্বারা…ব্য. ( স° দ্বার শব্দের তৃতীয়ার রূপ। স° দ্বার—উপায়, সম্মুখ, দুয়ার। প্রাচীন সংস্কৃতে করণ কারকে দ্বারা পাওয়া যায় না। গত তিন চারি শত বৎসরের সংস্কৃতে পাওয়া যায়)। করণে, উপায়ে। (ব্যাকরণ দেখ)।

দ্বিধা ‥ষ্য. ( স° দ্বিধা—দুই খণ্ডে, প্রঃ—পৃথিবী দ্বিধা হও ; দুই প্রকারে )। বা°তে অন্য অর্থ, সন্দেহ, দ্বৈধভাব, প্রঃ—কন্যা তোরে দিব দ্বিধা না করিহ চিত্তে (চৈঃ চঃ)।

দ্বিভাব…ষ্য. ( স° দ্বিভাব—দুই ভাবযুক্ত )। বা°তে, দুই প্রকার ভাব, দ্বৈধীভাব।

## ধ।

ধ…ষ্য. ( স° )। ব্যঞ্জন-বর্ণ, -অক্ষর-বিশেষ।

ধ ‥ষ্য. ( স° ধব। ও° ধ )। হরীতক্যাদি বর্গের আরণ্য তরু-বিশেষ ( Anogeissus latifolia )। কাঠ শাদা বলিয়া স° নাম ধব। কাঠ দৃঢ়, কিন্তু ভিজিলে পচিয়া যায়। গাছ হইতে ধ আঠা পাওয়া যায়।

ধক্-ধক ‥ব্য. ( স° ধুক্ষ ধাতু সন্দীপনে, ক্লেশনে )। সন্দীপনে, প্রঃ—ধক ধক ধক ভালে অনল (ভাঃ) ; ক্লেশনে, প্রঃ—ফোড়া ধক্-ধক করে। ধক্-ধকানি॥ ধিক্-ধিক… বা মৃদু সন্দীপনে। ধিকি-ধিকি ‥আরও মৃদু জ্বলনে। ধুক্-ধুক্ ‥ব্য. দীপ্তিতে, প্রঃ—ধুক্-ধুকি—গলার অলঙ্কার, যাহা ঝিক্-ঝিক করে, প্রঃ—গলে দোলে ধুক-ধুকী করে ধক্-ধক (ভাঃ)—ধক্-ধক হইতে ঝক্-ঝক ( দেখ ) ; ক্লেশনে, প্রঃ—প্রাণ ধুক্-ধুক করে।

ধকল ‥ষ্য. (ধাক্কা+ল। হি° ধকেল—ধাক্কা)। ধাক্কা, পীড়ন, প্রঃ—পাতলা কাপড় ধকল সহে না।

ধইঞ্চা ‥ধনিচা দেখ।

ধড়…ষ্য. (স° ধট—দাঁড়িপাল্লার দাঁড়ী। ইহার সাদৃশ্যে)। মাথা ছাড়া সমস্ত দেহ, প্রঃ—তাহা দেখি প্রাণ মোর নাহি রহে ধড়ে (চৈঃ চঃ)।

ধড়্-ধড় ‥ব্য. ( স° দৃ ধাতু বিদারণে। স° দর্দর )। জীর্ণ কাষ্ঠাদির বিদীর্ণ ভাবে। (অন্য রূপ, চর-চর )। ধড়্-ধড়ানি॥ ধড়্-ধড়িয়া, ধড়্-ধড়া ‥ণ এত জর্জর যে অংশ শিথিল ও পৃথক্প্রায় হইয়াছে।

ধড়্-পড়, ধড়্-ফড় ‥ব্য. ( ধারণ ও পতন। বোধ হয়, ধ আ.ছ বলিয়া পরে প স্থানে ফ )। উত্থান ও পতনে, প্রঃ—বাণবিদ্ধ ভগ্নপদ করে ধড়ফড় ( চৈঃ চঃ )—মৃগ ; মন করে ধড়-ফড় ( ভাঃ ), বুক ধড়্-পড় করে—

চাঞ্চল্যে। ধড়্-পড়া, ধড়্-ফড়া...ধাতু. ধড়্-পড়াই, ধড়্-ফড়াই—ব্যাকুল হইয়া এটা ওটা ধরি এবং তৎক্ষণাৎ পড়িয়া যাই, ব্যাকুল হই। ধড়্-পড়ানি, ধড়্-ফড়ানি॥ ধড়্-পড়িয়া, ধড়্-ফড়িয়া ··ণ. অল্প কারণে অতিচঞ্চল, ব্যাকুল।

ধড়া···ষ্য. ( সং ধটী—চীরবস্ত্র )। কটিবস্ত্র, প্রাঃ—শ্রীকৃষ্ণের ধড়া-চূড়া—কটিবেষ্টন-বস্ত্র ও মস্তকের চূড়া ; পোষাক।

ধড়াম···ব্য. ( সং ধট—দাঁড়ী। কিংবা দড়াম হইতে )। লম্বা সোজা হইয়া পতনশব্দে।

ধড়াশ ··ব্য. ( ধড়+আশ—শব্দে ) ধড়শব্দে, স্থূল বস্তুর পতনশব্দে।

ধড়ী বাজ···দোড়ী বাজ দেখ।

ধন···ষ্য. (সং)। বিত্ত, সম্পত্তি, গো-ধান্যাদি ; প্রিয় বস্তু ; যোগচিহ্ন (+)। ধন-কড়ি, ধন-দৌলৎ, ধন-সম্পত্তি, ধন ধান্য, ধন-জন, ধন-প্রাণ, ধন-মান ··সহচর ও প্রায় সহচর শব্দে ধন—বিত্ত, অর্থ। ধন-প্রাণে মরা—ধন ও প্রাণ—দুই ই বিনষ্ট। ধন-প্রাণে মজা—ধন ও প্রাণ ডোবা, দুই নষ্ট। মূল ধন... ব্যবসায়ে লগ্ন টাকা, ব্যবসায়বিত্ত। ববরস্তু ধনক্ষয়ঃ ··(সং)। বর্বর অজ্ঞের ব্যসনহেতু ধনক্ষয়। ধন ··প্রিয় বস্তু, স্নেহপাত্র, প্রাঃ—বাছা-ধন, বাপ-ধন ; আদরে শিশু ; শিশুর শিশ্ন। ধনঞ্জয় ··( প্রহারেণ ধনঞ্জয়ঃ—হইতে )। প্রহার। ধনঞ্জয়ের পালা ·· প্রহার দ্বারা তাড়ানা। ধনি ··ষ্য. ( সং ধনিকা )। ধনবতী নারী, ভামিনী (গানে)। ধনী···ণ. ( সং ধনিন্ )। ধনবান্। ···ষ্য. স্বামী, মহাজন।

ধন্-ধন ··ব্য. ( সং ধণ, ধন, ধ্বন, ধ্বন ধাতু শব্দে )। শব্দসহ নৃত্যে। ধিন্-ধিন্···ব্য. বাদ্যের ও নটনর্তনের শব্দে।

ধনশ্রী ··রাগরাগিণী দেখ।

ধনিচা ··ষ্য. ( সং জয়ন্তী হইতে ? )। শিম্বাদি-বর্গের দীর্ঘ শীর্ণ ক্ষুপবিশেষ (Sesbania cannabina)। গাছ জয়ন্তী-তুল্য, কিন্তু ছোট ও বর্ষায়ুঃ, শুঁটী সোজা। পানের বরজে ডাঁটা লাগে, ছালে গোটা তামুক-পাতা বেঁধা হয়। আজকাল জমিতে গাছ-সার সরূপ চাষ হইতেছে।

ধনু · ষ্য. (সং)। ধনুক ; চারি হাত পরিমাণের দাঁড়। ধনুষ্টঙ্কার ··ষ্য. (সং)। রোগবিশেষ (tetanus), ইহাতে দেহ পৃষ্ঠদিকে ধনুকের মতন বাঁকিয়া পড়ে।

ধনুক · ষ্য. ( সং ধনু+ক স্বার্থে )। বাণ ও বাঁটুল নিক্ষেপের ধনু। তীর-ধনুক···তীর ও ধনুক। ধনুকের খাড়া বা কাঁড়—কার্মুক, ছিলা—বৃক্ষছল্লিনির্মিত গুণ, হুল—অলাকার অগ্র বা কোটি। প্রাঃ—ধনুকের হুলে বান্ধি রাখে (কবিকঃ)। ধনুক-ধারী · ষ্য. ধনুর্ধর ( রামচন্দ্র )। ধনুর্ধর ( গ্রাং ধনুদ্ধর )·· বীর পুরুষ। ধনুক-ভাঙ্গা পণ···( সীতার বিবাহের পণ হইতে )। অসাধ্য বা দুঃসাধ্য পণ।

ধনেশ ··ষ্য. ( সং ঘনেশ ? হিং ঘনেশ )। শাখাশ্রয়ীবর্গের প্রায় দুই হাত দীর্ঘ পক্ষী-বিশেষ ( Hornbill. Anthracoceros coronatus )। কালাতে সবুজ রং। চঞ্চু বক্র, বৃহৎ ; চঞ্চুমূলে বক্র শৃঙ্গ থাকে। পাখী বনে থাকে, গাছে কাদা দিয়া বাসা করে। পাটিয়াল ধনেশ···প্রায় ১।০ হাত দীর্ঘ পক্ষী (Lophoceros birostris)।

পাংশুবর্ণ। চঞ্চু বক্র, শৃঙ্গা ছোট, সম্মুখে বহির্গত।

ধন্দ, ধন্দা ··ষ্য. ( সং ধনদ—ধনদাতা। ওং ধন্দা, কাম-ধন্দা—কর্ম ও ধন্দা )। অর্থোপার্জন চেষ্টা, অর্থোপায়, প্রঃ—নিজের ধন্দে ঘোরা। ··ষ্য. ( সং দ্বন্দ্ব। ধাঁদা দেখ )। রহস্য, প্রঃ—এ বড় লাগল ধন্দ ( চণ্ডীঃ ), জগতে লাগিত ধন্দ (ভাঃ); সুখদুঃখ, রাগদ্বেষ ইত্যাদি বিরুদ্ধ যুগ্ম; সংসার-সংগ্রাম।

ধন্না···ষা. ( সং ধরণ, ধরণা—ধর্না—ধন্না )। চালের অবলম্বন বাঁশ বা কাঠ। ঢেঁকিশালের ধন্না···যে বাঁশ ধরিয়া পাদ-দিঅনী পাদ দেয়। ধন্না ··ষা. অনশনে উপবেশন। ধন্না দেওয়া—দ্বারে অনশনে বসিয়া প্রাপ্যলাভ চেষ্টা।

ধন্য ( গ্রাং ধন্নি )···ণ. (সং)। শ্লাঘ্য, সৌভাগ্যবান্। ধন্য-ধন্য-রব ··মহৎ কর্মের প্রশংসায় কৃতীকে ধন্য ধন্য বলা। ধন্যবাদ ষা. ধন্য—এই বচন। ধন্যবাদ করা—ধন্য বলা। আপনাকে ধন্যবাদ ··( ইংরেজীর অনুকরণে ) আপনি ধন্য—ইহা বলিতেছি।

ধন্যা, ধনিয়া · ষা. ( সং ধন্যা, ধন্যাক )। তাম্বূল ও রন্ধনের প্রসিদ্ধ গোলপ্রায় উপকরণবিশেষ (Coriander)। ইহার গাছ (Coriandrum sativum) বর্ষায়ুঃ, বহুশাখ শাক। ভারতের বিভিন্ন প্রদেশে বিভিন্ন সময়ে কৃষি হয়। ফুল শাদা বা ঈষৎ রক্ত। ধনিয়ার চাল ··(ধনাতণ্ডুল )। ধনিয়া ফলের বীজ, এই বীজ পৃষ্ঠে গোল, উদরে খোল। ( চৈঃ-চঃ—ধনিয়া )।

ধপ ··ব্য. ( সং স্থাপ হইতে )। বিস্তৃত শিথিল বস্তুর পতনশব্দে। ধপাশ···ব্য. ধপ্-শব্দে পতনে। ধপাৎ ··ব্য. ধপ্‌ভাবে, স্থাপনে, প্রঃ—ধপাৎ করিয়া বসা।

ধব ··ধ দেখ।

ধব্-ধব, ধপ্-ধপ ··ব্য. ( সং ধাব ধাতু। সং ধবল )। ধবল বর্ণে, প্রঃ—শাদা ধব্‌ধব করে। ধবুয়া, ধ'বো ··ণ. ( ধব+উয়া )। শুক্লবর্ণ। ধব্-ধবিয়া, ধব্-ধব্যে ··ণ. ( ধব্-ধব+ইয়া )। ধব্-ধব করে যাহা।

ধবল · ষা (সং)। শুক্লবর্ণ; শ্বেতকুষ্ঠ নামক রোগবিশেষ (Leucoderma)। ( সং আয়ুর্বেদে নানাবিধ চর্মরোগের সামান্য নাম কুষ্ঠ )। ধবলা, ধলা ··ণ. ( ধবল+আ )। শুক্লবর্ণ। ধবলী···ষা. (সং)। শুক্লা গাই। ধবলী শ্যামলী···শুক্লবর্ণ গাই ও কৃষ্ণবর্ণ গাই ( কৃষ্ণযাত্রাগানে )।

ধম্-ধম···ব্য. ( সং ধ্মা, ধ্মা ধাতু শব্দে ) গম্ভীর ধঁ ধঁ শব্দে। ধম্-ধম করিয়া পেটা—প্রহারে ধঁ-ঁ শব্দ হয়। ধমাধম ··পরে পরে ধম্-ধম আঘাত। ধুম্-ধুম···ব্য. ক্ষুদ্র বস্তু আঘাতে, ধুঁ-ধুঁ শব্দে।

ধমক···ষ্য. ( সং ধ্মা, ধ্মা ধাতু শব্দে। ধমকরা—ধমকা, ধমক )। ভর্ৎসনা, এমন তর্জন যাহাতে মনে পীড়া জন্মিতে পারে; চর্মবাদ্যাদির ধ্মা ধ্মা শব্দে, প্রঃ—ধাও ধাও ধামামা ধমকে কাঁপে ধরা (মাং)। (২) কাহার ভাষায়, উচ্চ হইতে অবরোহণ ( চড়ির বিপরীত )। ধমকা ধাতু. ধমকাই—তর্জন করি। ধমানো, ধমকানি ॥

ধম্ম···ধর্ম দেখ। ধম্ম-কম্ম...ধর্ম ও কর্ম ( ওং কাম ধাম)। ধম্ম-ঘট···স্বীয় জাতি বা ব্যবসায় রক্ষার্থে ঘটস্থাপনাপূর্বক প্রতিজ্ঞা।

ধম্ম-পত্ত···ধর্মপত্র। ধম্মপুত্ত··· ধর্মপুত্র। ধম্মিষ্ঠ...ধর্মিষ্ঠ। অধম্মো...অধর্মিয়া, অধার্মিক।

ধর · ধাতু. ( সং ধৃ ধাতু। সং ধৃ ধাতু সকর্মক অকর্মক দুই রূপ আছে। বাংতেও ধর ধাতু সকর্মক অকর্মক দুই-ই হয়। ধাতু সকর্মক; কিন্তু ভিন্ন ভিন্ন শব্দ সহযোগে অকর্মক ও নানার্থ হইয়াছে। তুং কর, লাগ ধাতু )। (১—অকর্মক) ধরি—হই, উৎপন্ন হই, প্রঃ—গাছে ফুল ধরিয়াছে; থাকি, প্রঃ—পাঁচ দিন ধরিয়া বর্ষা; প্রভাব বিস্তার করি, প্রঃ—ঔষধ ধরিয়াছে; স্থান পাই, প্রঃ—ঘটীতে জল ধরে না, মুখে হাসি ধরে না; মনোনীত হই, প্রিয় হই, প্রঃ—কাপড়খানা মনে ধরে না; পীড়িত হই, ভারী হই, প্রঃ—মাথা ধরা, পা কোমর গলা ধরা, মুখ ধরা (কণ্ডূয়ন); শেষ হই, বর্ষণ শেষ করি, প্রঃ—বৃষ্টি ধরিয়াছে, আকাশ ধরিয়াছে। (২—সকর্মক) ধরি—ধারণ করি, রাখি, প্রঃ—ছাতা ধরিয়া দাঁড়া, প্রাণ ধরিয়া আছি; গ্রহণ করি, প্রঃ—দোষ ধরা; পরিধান করি, প্রঃ—ভেখ ধরা: আশ্রয় করি, প্রঃ—ঠাকুরের দুয়ার ধরা, পায়ে ধরা; আরম্ভ করি, প্রঃ—গান ধর, আগুন ধরিয়াছে; আক্রমণ করি, প্রঃ—চোর ধরা; সংগ্রহ করি, বধ করি, প্রঃ—মাছ ধরা; পালন করি, প্রঃ—নিয়ম ধরা; শাসনে রাখি, প্রঃ—মাল সাপ ধরিয়াছে, দুর্দান্ত ছেলেকে ধরিয়া রাখে সাধ্য কি? কর কিংবা মূল্য দিয়া ভোগ করি, প্রঃ—রাম আমার জমি ধরে; হলকর্ষণ করি, প্রঃ—দিন দুই বিঘা জমি ধরা সোজা নয়; অবধারণ করি, প্রঃ—গণিয়া চোর ধরিতে জানে, ধরা কথা (অবধারিত); দৃষ্টান্ত গ্রহণ করি, প্রঃ—ধর রামের পিতৃভক্তি তিনি পিতার সত্যপালনের জন্যে বনে গেলেন; পরিমাণ করি, প্রঃ—দাঁড়ী ধরা, দোড়ী ধরা। ধরা, ধরণ, ধরণা॥ ধরণ ··ষ্য. ( সং )। অবলম্বন, রীতি, ভঙ্গি; অবর্ষণ। আকাট ধরণ ··কাষ্ঠবৎ শুষ্কতা, অবর্ষণ। ধরণ-ধারণ ··ষ্য. রীতি-নীতি, চালি-চলন। ধরণা, ধন্না...ধন্না দেখ। ধরতি...ষ্য. ( ধর ধাতু তি )। পূরণ। (ধরা-কাট ··ষ্য. ধরা—সংযম, কাট—সংযম )। অবধারিত নিয়ম বা সংযম ধরাট···ষ্য. ( ধরা+কাট হইতে ক লুপ্ত )। পানাহারে সংযম, কঠিন নিয়ম, প্রঃ—ধরাটে না থাকিলে কেবল ঔষধে কি হইবে। ধরাটি...ষ্য (ধরা+বৃত্তি)। ক্রয়বিক্রয়ে অবধারিত বৃত্তি বা ছাড়ি। ধরা-পাগড়া, ধর-পাগড়...ষ্য. ( সং প্রগ্রহ হইতে হিং পাগড়া, পাকড়া )। শাসন, আক্রমণ। ধরা-বাঁধা ··ষ্য. ( প্রায় সহচর শব্দ )। অবধারিত ও নিয়মবদ্ধ। ধরা ধরি·· ষ্য. পরস্পর ধারণ, বহু জনে ধারণ। ছেলে-ধরা ···ষ্য. যে ছোট ছোট ছেলেকে চুরি করে। ধরা...ধাতু. ( ধর ধাতু আন্তে )। ধরানা॥

ধর ··ষ্য. ( সং ধারণকর্তা )। হিন্দুর পদবী-বিশেষ।

ধরা ··ষ্য. ( সং )। পৃথিবী, ধরিত্রী। দৃষ্টান্তে, ধরাকে শরা জ্ঞান করা—দম্ভে পৃথিবীকে শরা তুল্য মনে করিয়া কাজ করা।

ধরাট, ধরাটি...ধর ধাতু দেখ।

ধর্তব্য (প্রাং ধত্তব্য)···ণ. ( সং )। গ্রহণযোগ্য, বিচারযোগ্য।

ধর্ম ( প্রা॰ ধম্ম )···বা, ( সং ধর্ম। পালি, সংপ্রা॰ ধম্ম )। শাস্ত্রানুযায়ী আচার, প্রঃ—মনুর ধর্মশাস্ত্র, হিন্দু-ধর্মে গোহিংসা নিষিদ্ধ; সৎ কর্ম, কর্তব্য, প্রঃ—ধর্ম করা, দান-ধর্ম, ধর্ম-কর্ম, পুণ্য-ধর্ম করা, চোরা না শুনে ধর্মের কাহিনী; পুণ্য, প্রঃ—দরিদ্রকে দান করিলে ধর্ম হয়; স্বভাব, গুণ, প্রঃ—কলির ধর্ম কলহ, তাপের ধর্ম দাহিকা, মানবধর্ম, পশুধর্ম; যম, প্রঃ—ধর্ম জানেন, আমি জানি না (যম—মানুষের যাবতীয় কর্ম লক্ষ্য করিতেছেন); ঈশ্বর ও পরলোক সম্বন্ধীয় বিশ্বাস, প্রঃ—তিনি ব্রাহ্মধর্মে দীক্ষিত; সাম্প্রদায়িক বিশ্বাস বা মত, প্রঃ—খ্রীষ্টান ধর্ম। (এই অর্থ আধুনিক, ইং religion শব্দের অর্থ হইতে আসিয়াছে। এইরূপে, এ দেশে হিন্দু মুসলমান খ্রিষ্টান ব্রাহ্ম আর্য জৈন বৌদ্ধ প্রভৃতি ধর্ম নাম হইয়াছে। এই অর্থ আধুনিক বলিয়া—তোমার ধর্ম কি? —জিজ্ঞাসিলে দেশের সাধারণ লোক প্রশ্ন বুঝিতে পারে না। ধর্ম শব্দের মূল অর্থ—যাহা ধরিয়া রাখে, স্থিতি করায়, দেহ মন আত্মার কল্যাণ করে। এই হেতু, মহাভারতে ধর্মস্য তত্ত্বং নিহিতং গুহায়াং। অমরকোষে ধর্মের নাম পুণ্য শ্রেয়ঃ সুকৃত (পাপের বিপরীত); ইহা হইতে, হিন্দুর পক্ষে, বেদবিহিত কর্মের নাম ধর্ম; এবং ধর্ম অর্থে পুণ্য যম (শরীর আত্মার সাধনাপেক্ষ কর্ম; কাজেই, ন্যায়, আচার স্বভাব—অমরকোষ)। ধর্ম-কর্ম, ধর্ম-কার্য···ধর্মানুষ্ঠান, পুণ্যকর্ম। ধর্ম-ঘট·· (সং—বৈশাখ মাসে ব্রাহ্মণকে দাতব্য জল-পূর্ণ ঘট)। ধর্মরক্ষার্থে, ব্যবসায় বা জাতির শ্রেয়ঃ-রক্ষার্থে, ধর্মরূপ ঘট স্থাপন পূর্বক প্রতিজ্ঞা। ধর্ম-নাশ, ধর্ম নষ্ট করা—পাতিব্রত্য-ধর্ম হানি করা। ধর্ম-পত্নী ··শাস্ত্রানুসারে বিবাহিতা পত্নী। ধর্ম-পুত্র ··শাস্ত্রানুসারে উৎপাদিত পুত্র; পুত্রকর্মার্থে গৃহীত পুত্র; যুধিষ্ঠির। ধর্মপুত্র যুধিষ্ঠির…যে যুধিষ্ঠির ধর্মের পুত্র ছিলেন তত্তুল্য সত্যবাদী। ধর্ম-পিতা, ধর্ম-বাপ ··ধর্মানুসারে যিনি পিতা; পিতৃধর্মপালনার্থে যিনি পিতা হইয়াছেন। ধর্ম-মা·· ধর্মপালনার্থে যিনি মাতা হইয়াছেন। ধর্ম-ভাই ··গুরু-ভাই। ধর্ম-শালা ·· ধর্মার্থে যে শালা—বাটী—সাধারণকে ভোগ করিতে দেওয়া হইয়াছে, অথিতিশালা। ধর্মের ঢাক বাজা—ন্যায় গুপ্ত থাকে না। ধর্মিয়া ··ণ. (ধর্ম+ইয়া)। ধার্মিক, ধর্ম শীল। (বিপঃ—অধর্মিয়া)। ধর্ম-ঠাকুর …নিরঞ্জন ঠাকুর, প্রঃ—তুমি ধর্ম্ম নিরাকার তুমি সংসারের সার (কবিকঃ, শিবের প্রতি ব্রহ্মার স্তব)। ন দেবায় ন ধর্মায়—এই কথায় বোধ হয়, দেব হইতে ধর্মের প্রভেদ করা হইয়াছে। ধর্ম্মমঙ্গল নামে বহু গ্রন্থে ধর্ম-ঠাকুরের মাহাত্ম্য বর্ণিত আছে। ধর্ম-পুরাণ নামে এক পুরাণ (বাঙ্গালা ভাষায়) আছে। শূন্য-পুরাণের প্রথমে ধর্ম কিরূপে এই পৃথিবী সৃষ্টি করিয়াছিলেন, তাহা বর্ণিত আছে। উত্তরবঙ্গ হইতে রাঢ় দিয়া ওড়িশা পর্যন্ত ধর্ম-সেবক আছে। যোগী জাতি নিরঞ্জনধর্মী। নিরাকার হইলেও ধর্ম-ঠাকুরের প্রায়ই পাথরের কচ্ছপমূর্তিতে পূজা হইয়া থাকে। পাশে, (প্রায়ই এক) 'কামিন্যা' থাকেন। নাম এইরূপ, পঞ্চানন্দ, জগৎ-রায়, যাত্রা-সিদ্ধি, দল-মাদল, ক্ষুদি-রায়, কালু রায়, বাঁকুড়া-রায়, খেলারাম, স্বরূপ-

নারায়ণ, ইত্যাদি। জালিয়া, চণ্ডাল, ডোম প্রভৃতি জাতি পূজক। পূজক 'পণ্ডিত', 'ধর্মপণ্ডিত' নামে খ্যাত, এবং চিহ্নস্বরূপ ডানি হাতে 'তামা'—(তাম্রবলয়) পরেন। এক এক ধর্মঠাকুরকে শ্রোত্রিয় ব্রাহ্মণেও পূজা করেন। সেখানে ধর্মঠাকুর শিবঠাকুর হইয়াছেন। সময়ে সময়ে নানা স্থানের বিগ্রহ একত্র করিয়া পূজা হয় ( গ্রহাহরণ দেখ )। কোন কোন ধর্মঠাকুরকে মদ্য অর্পণ করা হয়, ছাগবলিও হয়। পূজার মন্ত্র, বাঙ্গালা ও অপভ্রষ্ট সংস্কৃতের মিশ্রণ। পূজার মন্ত্র, পূজকের জাতি, ঠাকুরের রূপ প্রভৃতি ধরিলে ধর্মঠাকুরেরর মূলে বৌদ্ধধর্ম বুঝিতে পারা যায়। ( গাজন দেখ )।

ধলা ··ধবল দেখ।

ধষ ··ধাতু. (সং ধৃষ ধাতু হিংসায়, ধর্ষণ)। ধষি —দন্তপ্রকাশে বিপর্যস্ত করি, প্রঃ—পাঞ্জর ধসিয়া গেল (চণ্ডীঃ)। ধষা ॥ ধষ-মষ ·· ধাতু. ( সং ধৃষ হিংসায়, সং মৃশ ধাতু আক্রমণে )। ধষি-মষি—বিপর্যস্ত, নষ্ট করি, পরাভূত করি, প্রঃ—দুরন্ত ছেলে বিছানা ধষিয়া-মষিয়া দেয়, প্রঃ—ধুসে মুসে সকল লইবে ধরা ধন (মাঃ)। ধষা-মষা ॥

ধস ··ধাতু. ( সং ধ্বন্‌স ধাতু ধ্বংসে, অধঃপতনে, অবসংসনে )। ধসি—স্খলিত হই, নীচে পড়ি, প্রঃ—নদীর বাঁধ ধসিয়া গিয়াছে। ধসা ॥ ধস···ষ্য. স্খলন, চ্যুতি, প্রঃ—নদীর ধস, নদী ধস খায় (গ্রাং ধাস)। ধসা-রোগ ·· গোল-আলুর রোগ-বিশেষ (Potato-rot. Phytophthora infestans )। ইহাতে আলু পচিয়া যায়। ধসা ··ধাতু ( ধস ধাতু আস্তে )। ধসানা ॥ ( ঢুসা ধাতু দেখ )।

ধস্তা ··ধাতু. ( সং ধ্বস্ত হইতে )। ধস্তাই—বিধ্বস্ত করি। ধস্তানা ॥ ধস্তা-ধস্তি...পরস্পর আক্রমণ, পরাভব।

ধা···ধাতু. ( সং ধাব ধাতু গতি, বেগে )। ধাই —বেগে চলি ( পশ্চাতে কিংবা সম্মুখে ), প্রঃ—ধেয়ে ( ধাইয়া ) এল ( আইল ) বরের বাপ। ধাওয়া ॥ ধাওয়া···পশ্চাদ্‌ধাবন। ধাওয়া-ধাই ··পরস্পর অনুধাবন, ব্যস্তভাবে গমনাগমন, প্রঃ—চারিদিগে ধাওয়া ধাই রাজার আওাসে ( কৃত্তিঃ )—আওাসে—আবাসে। ধাওয়া ··ধাতু. (ধা ধাতু আস্তে। ধাআ ধাতুও মনে করা যাইতে পারে )। ধাওয়ানা ॥ ( বাং ঢেউ—এই ধাব হইতে ? জল ঢেআইয়া কলশী ভরা – জল ধাওয়াইয়া নহে কি ? )

ধা ··ষ্য. ( সং ধৈবত )। গীতের সপ্ত সুরের ষষ্ঠ সুর।

ধাঁ, ধাঁ-ধাঁ ··ব্য. ( সং ধ্মা ধাতু শব্দে। বোধ হয় গতি অর্থে সং ধাব ধাতু হইতে )। ধাঁ-ধাঁ শব্দে ( অন্য রূপ ধাঁ ); শীঘ্রগতিতে, প্রঃ—ধাঁ করিয়া যাও ( ধাঁ শব্দে ? )। ধাঁ ধাঁ কাজ শেষ কর—শীঘ্র শীঘ্র।

ধাই, দাই···ষ্য. ( সং ধাত্রী )। শিশুপালিকা; যে নারী সন্তানপ্রসব করায়।

ধাই ··ষ্য. ( সং ধাতকী )। পুষ্পক্ষুপবিশেষ (Woodfordia floribunda)। তাম্রবর্ণ পুষ্পের নিমিত্ত উদ্যানে প্রায়ই রোপিত হইয়া থাকে। পুষ্প বসন্তকালে ফোটে। পুষ্প ষট্‌দল, দ্বাদশকেশর। ফুলে কষায় রস আছে বলিয়া কাপড় রং করিতে ও ঔষধে লাগে।

ধাউড়িয়া, ধাউড়া···ণ. ( সং ধারক—জাতি-

বিশেষ)। লিপিবাহক জাতিবিশেষ (এখন দেখা যায় না)। ...ণ. (সং ধাবিত হইতে)। বিস্তীর্ণ, প্রাঃ—তালপাতার চালা এমন ধাউড়া করিয়াছ যে অল্প ঝড়েই পড়িয়া যাইবে।

ধাউস ··ষ্য. (?)। কাগজের বৃহৎ ঘুড়ী।

ধাওয়া ··ধা ধাতু দেখ। (হিং ধাবা)।

ধাক ··ষ্য. (তাগা দেখ। হিং মং ধাগা)। দুই তিন থাই পাক-দেওয়া সূতা।

ধাক্কা ··ষ্য. (সং ধক ধাতু নাশনে; সং ধাক—স্তম্ভ। ওং হিং ধকা। সং ধুক্ষ ধাতুও হইতে পারে। বেগে আঘাত, হঠাৎ আঘাত, প্রাঃ—নফরে হুকুম দিয়ে মারে তারে ধাক্কা (কবিকঃ)। (কবিকঃ ও ভাঃ-তে ঢেকা শব্দও আছে, প্রাঃ—ঢেকা দিয়া কোটালের ভাই লয়ে যায় (ভাঃ)। অধুনা ঢেকা প্রায় অপ্রচলঃ)। ধাক্কা খাওয়া—নিজে; ধাক্কা দেওয়া, মারা—অন্যকে।

ধাঁগড় ··ষ্য. (?)। সাঁওতাল জাতিবিশেষ। (ইহারা গোধা—গোসাপ ধরিয়া খায়। গোধা হইতে?)।

ধাঁচা ··ষ্য. (ওং ঢাঞ্চা; হিং ঢাঁচা—ঠাট। সং ছন্দ হইতে ছাঁদ—দাঁছ—ধাঁচা?)। ছাঁদ, ভঙ্গী, প্রাঃ—লোকের ধাঁচা।

ধাড়া···ষ্য. (সং ধট। ওং ধড়া, মং ধট)। বড় দাঁড়ী-পাল্লা। ধাড়া বাঁধা—দুই পাল্লা সমান করা।

ধাড়া গ্রাং) ··ষ্য. (সং ধারা)। বেড়া, বেষ্টন।

ধাড়া···ষ্য. (সং ধারা—সৈন্যের অগ্রিম স্কন্ধ হইতে)। হিন্দুজাতির পদবীবিশেষ।

ধাড়িয়া, ধেড়ো···ণ. (ধাড়ী+ইয়া। দেখ)। ধাড়ীর যোগ্য, ধাড়ীযুক্ত (ধাড়ী-পুং ধাড়িয়া), প্রাঃ—বুড়া বয়সে ধেড়ো রোগ—বুড়া বয়সে ধাড়ীর যোগ্য কর্ম, পুত্রোৎপাদন ইচ্ছা।

ধাড়িয়া, ধেড়ে ··ষ্য. (সং উদ্র হইতে)। উদ্-বিড়াল।

ধাড়ী ··ষ্য. (সং ধাত্রী)। যে ছাগীর (ও এই-রূপ পশুর) বৎস হইয়াছে, প্রাঃ—ধাড়ী ছাগল; বালকদের খেলায় প্রধান বা নায়ক, প্রাঃ—যম যদি ধাড়ি সাজে আছে প্রতিকার (কৃত্তিঃ, কিং)। বুড়া ধাড়ী... বৃদ্ধ-ধাত্রী, বৃদ্ধ অথচ বাল-নায়ক।

ধাতু, ধাত ··ষ্য. (সং)। কফ পিত্ত বায়ু শরীরের তিন ধাতু; রস রক্ত মেদঃ মজ্জা শুক্র মাংস অস্থি শরীরের সপ্ত ধাতু; কর-নাড়ী, প্রাঃ—আর ধাত পাওয়া যাইতেছে না; সোনা রূপা ইত্যাদি পার্থিব বিকার; শব্দের মূল; প্রকৃতি। ধাতু-ক্ষয় ··বীর্য ক্ষয়। ধাত চালা, ধাতের ব্যারাম ··প্রমেহ রোগবিশেষ (gonorrhœa); ইহাতে শুক্রধাতু ক্ষরণ হয়। সপ্তধাতু, যথা,—স্বর্ণ রৌপ্য তাম্র রঙ্গ লৌহ সীসা দস্তা। অষ্ট ধাতু, যথা,—স্বর্ণ রৌপ্য তাম্র রঙ্গ লৌহ সীসা দস্তা পারা।

ধাঁদা··ষ্য. (সং দ্বন্দ্ব। ধন্দ দেখ)। সুখ দুঃখ, শীত-গ্রীষ্মাদি বিরুদ্ধ যুগ্ম, ইহা হইতে সংসার-চিন্তা; রহস্য, প্রাঃ—ধাঁদায় পড়া—বুঝিতে না পারা। (২) (সং ধুন্ধুমার—অর্থাৎ ধূম-ধূম+আর—ঝুল যাহা ধূম বদ্ধ করে)। অস্পষ্টতা, অস্পষ্ট দর্শন (যেন চোখে ধূম লাগিয়াছে), প্রাঃ—চোখে ধাঁদা লাগে; প্রাঃ—রতনসম্ভবা বিভা নয়ন ধাঁধিয়া ধায় অগ্রে (মেঘনাদবধ)।

ধাধস ··ষ্য. (সং সাধ্বস—ভয়, সম্ভ্রম)। প্রিয়-

বিরহে চিত্তচাঞ্চল্য, চিন্তা, প্রঃ—নিদের আলসে বঁধুর ধাধসে তাহারে করিনু কোরে (চণ্ডীঃ)—কোরে—কোলে; প্রেমাবেশ, প্রঃ—(জ্ঞানদাস।

ধান…ষ্য (সং ধান্য। ধান্য শব্দের মূলার্থ যাহা পোষণ করে। তুং অন্ন। পূর্বকালে ধান্য ও ব্রীহি এক ছিল। অমরে ধান্যং ব্রীহিঃ; মেদিনীতে ধান্যং ব্রীহিষু; হেমচন্দ্রে ধান্যন্তু শস্যং; অর্থাৎ যে সকল শস্য দ্বারা দেহপোষণ হয়। কেহ ধান্যপঞ্চ গণনা করিতেন, যথা, শালি ব্রীহি শূক শিম্বি ক্ষুদ্র; কেহ বা সপ্তদশ গণিতেন। শূকধান্য যেমন যব, ক্ষুদ্রধান্য অন্য নাম তৃণধান্য যেমন কঙ্গু, শিম্বি বা শমীধান্য যেমন কলাই, ব্রীহিধান্য যেমন তিল, শালি ধান্যই ধান নামে খ্যাত। কিন্তু সং-তে ধান ত্রিবিধ, যথা, শালি—হৈমন্তিক, ষষ্টিক (ষাটিয়া)—গ্রৈষ্মিক, আশু (আউশ)—বার্ষিক; অর্থাৎ গ্রীষ্মকালে বর্ষাকালে হেমন্তে যে তিন প্রধান জাত পাকে। যখন ক্ষেত্রে থাকে, তখন তুষ থাকিলে ধান্য, নিস্তুষ করিলে তণ্ডুল, সিদ্ধ করিলে অন্ন)। প্রসিদ্ধ শস্য (rice, unhusked rice, paddy); ধান গাছ, প্রঃ—ধান কাটা; (গাছ ধানও বলা যায়); রতির চতুর্থাংশ ভার ("grain" পাকা রতি ধরিলে প্রায় ১ গ্রেণ হয়)। বীজধান…গাছ করিবার নিমিত্ত যে ধান রক্ষিত হইয়াছে (ও° বিহন—সং বীজন?)। বীচ…(সং বীজ) ধানের চারা। ধানের থোড় হওয়া…(সং স্তম্বকরি—স্তম্ভ—গোছা ঝাড় হয় বলিয়া? থোড় দেখ)। শীষ হইবার পূর্বে গাছের স্থূলত্ব (হিং থোল। সং স্থূল?)। গর্ভথোড়…ধান গাছের মধ্যভাগের স্থূলত্ব। ফুলা…ফুলযুক্ত। ঘোড়ামুখা…ণ. শীষের ঘোড়ার মুখের তুল্য বক্রতাবিশিষ্ট। ডাকের কথায়, থোড় তিরিশে ফুলা বিশে ঘোড়ামুখা তের দিন—থোড় হবার ত্রিশ দিন, ফুল হবার বিশ দিন আর ঘোড়ামুখা হবার তের দিন পরে ধান পাকে। ক্ষীরমুখী…ণ. শীষে ধানের ক্ষীর অর্থাৎ চাউলের দ্রব অবস্থা হইলে। শীষ ষা. (সং শীর্ষক)। ধান্যমঞ্জরী। শীষের ডালী…(ডাল+ঈ)। শীষের শাখা। ধানের শুঙ্গা, শুঁআ…(সং ধান্যশূক)। ধানের শৃঙ্গা (awn)। ধানের চিটা…অন্য নাম আগড়া। ধান গাছ কাটা হইলে—খড়; ক্ষেতে যে গোড়া থাকে—নাড়া (কোথাও কোথাও ধানের খড় অর্থে নাড়া শব্দ চলিত আছে)। খড়ে পত্র—পালা। পত্র মাড়া হইলে—পল, পোয়াল। গাছের গোড়ার দিকের যে পাতার খড় থাকে না—মাঙ্সুয়া পালা (সং মাংস+উয়া। ও°তেও এই উচ্চারণ)। ধান কাড়ান—বোনা ধানের ক্ষেতে লাঙ্গল দ্বারা তৃণাদি মারা। ডাকের কথায়, আষাঢ়ে কাড়ান নামকে (নাম নিমিত্ত, অর্থাৎ কাড়ানা হইয়াছে বলিতে)। শ্রাবণে কাড়ান ধানকে। ভাদরে কাড়ান শীষকে। আশ্বিনে কাড়ান কিসকে (বৃথা)। নিড়ান—নিস্তৃণীকরণ। ধান বোনা—ছড়াইয়া বীজ বপন। ধান রোআ—বীজতলায় চারা করিয়া রোপণ। ধান কাটা—গাছ কাটা (সং-তে ধান্যচ্ছেদনম্, পরে ধান্যকর্ত্তনম্)। ধান ঝাড়া—কাঠের পাটায় কিংবা বাঁশের আগড়ে গাছ ধরিয়া শীষসহিত আছাড়িয়া খড় হইতে ধান

পৃথক করা। ধান মাড়া—ধানের শীষ মর্দন; প্রায়ই গোরুর পা দিয়া। মাঝে খুঁটী (সং মেধী; কোথাও কোথাও মেইকাঠ বলে) রাখিয়া দোড়ী দিয়া বাঁধা এক সারি গোরু গাছের উপরে ঘুরিয়া ঘুরিয়া চলিতে চলিতে ধান মাড়া হয়। ধান সারানা—আগড়া বা চিটা, খড়-কুটি হইতে ভাল ধান পৃথক করা (প্রায়ই বাতাসে ধরিয়া)। ধানের জাত—ধানের কত জাত আছে, তাহা বলা দুঃসাধ্য। কারণ,ভূমি কৃষি গ্রীষ্মবর্ষাদি ঋতুভেদে ধানের আকার-প্রকার পরিবর্তিত হয়। কাজেই স্থানভেদে বহু নাম হইয়াছে। মোটা-মুটি, ধান এক বলা যাইতে পারে (Oryza sativa। সং ব্রীহি, ফাং বিরিঞ্জি হইতে Oryza, rice শব্দ)। ধান পাকার কাল হইতে নাম, (১) আউশ ··(সং আশু)। শীঘ্র পাকে বলিয়া, প্রাঃ—আউশ ধানের চাষ লাগে তিন মাস। (২) কেলেশ ধান ·· (কালশ হইতে :। কৃষ্ণবর্ণ ধান, আউসের ১০।১৫ দিন পরে পাকে। (৩) ষাটিয়া ··(সং ষষ্টিক ধান্য)। ষাটি দিনে পাকে বলিয়া নাম। বঙ্গে ইহা তেমন প্রচলিত নহে। (৪) লঘু-ধান ··লঘু অল্পকালে পাকে বলিয়া নাম। এই ধান কার্তিকের শেষে পাকে। (৫) হৈমন্তিক (প্রাং হৈঁঅৎ)···হেমন্তে পাকে। এই ধানই শ্রেষ্ঠ। ইহার দুই ভাগ আছে। (ক) লাল (সং রক্তশালি), (খ) শাদা বা শালি (সং শালি)। (৬) বোরো · (সং বোরব—বৈদ্যকে। বোধ হয় দেশীয় নামের সংস্কৃত-করা নাম। ধান বড় বড় বলিয়া বড়ো—বোরো নহে কি?)। ইহাকে গ্রীষ্মের আউশ বলা যাইতে পারে। জলাতে বোরো ধান হয়। আউশ-বীজ হইতে বোরোর চাষ হয়। উড়ী-ধান ··(সং নীবার)। বন্য ধান, অন্য নাম ঝড়া। যে ধান পাকিয়া গাছে লাগিয়া থাকে, তাহারই চাষ হইতে পারে। কারণ কাটা, বহা, ইত্যাদি না হইলে শস্য গৃহগত হইতে পারে না। ঝড়া ধান পাকিলেই ঝরিয়া পড়ে, সুতরাং গৃহগত করা কঠিন। পূর্বকালে উড়ীধান সংগ্রহ করার নাম উঞ্ছবৃত্তি ছিল। এই লক্ষণ হইতে জানা যায়, উড়ীধান বন্য। বোধ হয় এই ধান হইতে যাবতীয় ধানের উৎপত্তি হইয়াছে। আশ্চর্য এই, কৃষকেরা ক্ষেতে ঝড়া ও কৃষির ধান-গাছ চারা-অবস্থাতেই চিনিতে পারে। ধানের অভ্যাপাত (সং—বিঘ্ন)। (১) কেদো মারা...(কাদুয়া—কেদো)। কাদায় পচিয়া গাছের গোড়ার রোগবিশেষ। এক সূক্ষ্ম উদ্ভিদ ইহার কারণ। (২) গাঁধি-পোকা···(সং গন্ধিক)। দুর্গন্ধ পোকা দ্বারা ধানের রোগ। (৩) ভেঁপো ··কীট-বিশেষ। (৪ শাঁখী ··(শঙ্খ হইতে)। কীট-বিশেষ। (৫) ধানের গু ··(হিং নাম কাগুআ)। ধানের রোগবিশেষ। ধানের চালের পরিবর্তে কাল ধূলা দেখা যায়। এক জাতি সূক্ষ্ম উদ্ভিদ (Tilletia fœtans) এই রোগের কারণ। ধানুয়া, ধেনো···ণ. (ধান+উয়া)। ধান সম্বন্ধীয়, প্রাঃ—ধেনো ব্যাপারী; ধানে জাত, প্রাঃ—ধেনো মদ—(এই মদ কিন্তু ধান হইতে না করিয়া আতপ চাল হইতে করা হয়। চালের সঙ্গে ধান থাকে বলিয়া নিন্দায় ধেনো নাম হইয়াছে। সং পৈষ্টিক)। ধান-দূর্বা···বর ও মান্য ব্যক্তির আশীর্বাদ করিতে ধান্য ও দূর্বা। দৃষ্টান্তে, ধান ভানিতে

শিবের গীত—অসংলগ্ন বাক্য ('শিবের গীত' স্থানে 'মহীপালের গীত'ও বলে)। কত ধানে কত চাল মাপে কিংবা ওজনে কত ধান হইতে কত চাল পাওয়া যায়। চাল ধানের হিসাব জানা গৃহস্থমাত্রের কর্তব্য। ধানবাড়ি ··ষ্য. (সং ধান্যবৃদ্ধি)। ধান ঋণ দিয়া ধানে বৃদ্ধি লভ্য। বাড়ি ধান ···যে ধান বৃদ্ধি নিমিত্ত দেওয়া হইয়াছে কিংবা হইবে।

ধানী (গ্রাং)...ষ্য. (সং ধনী)। মূলধন দার, ব্যবসায়ে ধনী।

ধানুকী···ষ্য. (সং ধানুষ্ক)। ধনুর্ধর, যে ধনুর্বাণ লইয়া যুদ্ধ করে (কবিকঃ)।

ধান্যেশ্বরী · ষ্য. (সং শব্দ রচিত)। ধেনো মদ (মাতাল ভাষায়)।

ধাপ ··ষ্য (সং স্থাপন. সং ধান)। শিঁড়ীতে পদস্থাপন-স্থান, পইঠা।

ধাপ-ধাড়া গোবিন্দপুর...ষ্য. (কোন গ্রামের নাম)। বহু দূরবর্তী অগম্য স্থান।

ধাপ্পা···ষ্য. (হিং ধপ্পা—আঘাত, ক্ষতি। বোধ হয় ধাপ্পা ও থাপড় থাপ্পড় মূলে এক)। প্রতারণা। ধাপ্পা দেওয়া—হবে হবে বলিয়া বৃথা আশ্বাস দেওয়া। ধাপ্পা মারা (অশিষ্ট)।

ধাব···ধাতু. (সং ধাব ধাতু গমনে)। ধাবি—দ্রুত গমন করি। (পদ্যে)। ধাবমান ··ণ. (সং-তে ধাবমান পদ হয় না)। ধাবিত, প্রঃ—(প্রবোধচন্দ্রিকায়)।

ধাবকা ··ষ্য. (সং ধাবন—আক্রমণ, পশ্চাৎ-ধাবন)। অভ্যাস, প্রঃ—প্রতিদিন সন্ধ্যা হইলে গা সিড়্-সিড় করে, এই ধাবকা না গেলে শরীর ভাল হবে না; হেপা, প্রঃ—আইন আদালতের পাবনায় ইংরাজীর চর্চা বাড়িয়া উঠিল (টেকচাঁদ)—এই অর্থে অপ্রচলঃ (হেপা দেখ)।

ধাবড়া ··ষ্য. (বোধ হয় থাপড়া হইতে)। থাপড়া, বিস্তৃত কদাকার মূর্তি, প্রঃ—কালী-ধাবড়া লেখা। ধাবড়া ··ধাতু. থাবড়াই—বিস্তৃত কদাকার হই, প্রঃ—কালী পড়িয়া লেখা ধাবড়ায়। ধাবড়ানা॥

ধাম...ষ্য. (সং ধামন্। যথা, ধাম দেহে গৃহে রশ্মৌ স্থানে জন্মপ্রভাবয়োঃ—মেঃ)। স্থিতি বা নিবাস, প্রঃ—লোকের নাম-ধাম; দেবদেবী ও বৈষ্ণবের স্থান, প্রঃ—মথুরায় চারি ধাম—পবিত্র স্থান।

ধামন, ধামনা ··ষ্য. (সং ধন্বন্—কাঠে ধনু হয় বলিয়া। ওং ঢামন, হিং ডেনগান)। বহুবার-সদৃশ তরুবিশেষ (Cordia macleodii)। মধ্যভারত ছোটনাগপুর ওড়িশার অরণ্যে আছে। মাঝের কাঠ (সার) লালচিয়া, সুন্দর চিত্রবিচিত্র। কাঠের আঁশ লম্বা লম্বা বলিয়া ধনুক ও বাঙ্গীর কাঠ হয়। বঙ্গদেশে দেখা যায় না।

ধামা ··ষ্য. (সং ধামক—পরিমাণবিশেষ। যথা, মাষকো হেমধামকৌ—ভাবপ্রকাশে। হিং ধামা)। ধান-চাল রাখিবার বেতের গভীর পাত্রবিশেষ। ধামী···ষ্য. (ধামা+ঈ)। ছোট ধামা। ধামা-ধরা · ণ. ধান-চাল মাপিবার সময় যে ধামা ধরিয়া থাকে, এবং মাপকের ইঙ্গিতে এ দিকে ও দিকে ধরে। ইহা হইতে, যে অন্যের অনুবর্তী হয়।

ধামামা ··ষ্য. (সং ধ্মা ধাতু শব্দে। ধ্মা-ধ্মা শব্দ করে বলিয়া ধামামা)। দামামা বাদ্য।

ধামালী···ষ্য. (সং দম্ভ+আলী। তুং চতুরালী, নাগরালী। তুং ওং ঢগঢমালি।

বা॰ দামাল দেখ। বালকের কৌতুকে দন্তপ্রকাশ, প্রঃ—যদি সে ধামালী করে আইসে মোর স্থানে (বলভ্রেকভঞ্জন)—করে—করিয়া।

ধার...ষ্য (স॰—ঋণ—মেঃ। উদ্ধার অঃ); পরে আর এক অর্থ—প্রান্ত। (১) ঋণ। (কর্জার শুদ দিতে হয়, ধারের শুদ দিতে হয় না)। ধার-উধার ‥(স॰ ধার, উদ্ধার সহচর শব্দ)। ঋণ। ধার-কর্জ ‥(সহচর শব্দ)। ধার। ধারে কেনা—মূল্য পরে দিব অঙ্গীকার করিয়া কেনা (ও॰ কাল্ঠি, স॰ কালিকা—ক্রমদেয়ে বস্তুমূল্যে। তু॰ বা॰ কাল-কাল করা—কালি দিব কালি দিব বলা)। ধারে বেচা—ক্রেতার ঋণ হইল জানাইয়া বা জানিয়া বেচা (ধারে বেচা—বাক্য অসঙ্গত বটে, কিন্তু চলিত আছে)। ধার-করা‥‥ণ. ঋণসরূপ গৃহীত। ধারী‥‥ণ. (ধার+ঈ)। ঋণী। ধারুয়া, ধেরো‥ ণ. (ধার+উয়া)। ধারসম্বন্ধীয়, প্রঃ—ধেরো টাকা; ঋণী। ধার-ধোর ‥ (ধোর উপচর শব্দ)। ধার-টার। (২) প্রান্ত, পার্শ্ব: অস্ত্রশস্ত্রাদির ধারা; দ্রব্যাদির ধারা। ধারিয়া, ধেরো ‥ণ. (ধার+ইয়া): প্রান্তে গত, প্রঃ—নদীর ধেরো—নদীর তটস্থিত শ্মশানগত (গালিতে)। ধার ‥ ধাতু. (স॰ ধার, ধৃ ধাতু)। ধারি—ঋণী হই, প্রঃ—কারো ধার ধারে না, দশ টাকা ধারে। ধারা॥

ধারক‥‥ষ্য. (স॰)। ধারণকর্তা, প্রঃ—তন্ত্র-ধারক; রেচকের বিপরীত ঔষধ।

ধারণা ‥ষ্য. (স॰—চিত্তের স্থির বন্ধন—হেমঃ)। চিত্তের স্থিরতা; অনুভব, বোধ।

ধারা‥‥ষ্য. (স॰)। জলাসার, প্রঃ—শ্রাবণের ধারা; জলস্রোত; রীতি, প্রঃ—সে দেশের ধারা এমন; শ্রেণী, ক্রম, বিধি, প্রঃ—আইনের ২১১ ধারা—আইনের ২১১ সংখ্যক বিধি।

ধারাটি ‥ষ্য. (ধার—প্রান্ত+মাটি)। দ্বার-পিণ্ডাদির প্রান্তমাটি, প্রান্ত, প্রঃ—ইট দিয়া ধারাটি বাঁধা।

ধারানি ‥ষ্য. (ধার+পানি। বৃষ্টিজল, বৃষ্টির গড়ানিয়া জল।

ধারা-পাত...ষ্য. (ধারা—ক্রম, পাটী; পাত—পত্র)। পাটী-গণিত পত্র, যে পত্রে—পুস্তকে—সামান্য গণিতক্রম লিখিত থাকে।

ধারাল, ধারালা...ণ. (ধারা+ল, ধার+আলা)। তীক্ষ্ণাগ্র।

ধার্য (গ্রা॰ ধাজ্জ) ‥ণ. (স॰)। ধারণযোগ্য, প্রঃ—শিরোধার্য—মস্তকে ধারণীয়, পালনীয়; স্থিরীকৃত, নির্দিষ্ট, প্রঃ—কথা ধার্য, বিবাহ ধার্য, ধার্য দিনে উপস্থিত।

ধাষ্টামি (গ্রা॰)...ধৃষ্টামি দেখ।

ধাশ ‥ষ্য. (স॰ হুতাশ হইতে)। অগ্নির উত্তাপ।

ধিক্-ধিক, ধিকি-ধিকি ‥ধক্-ধক দেখ।

ধিঙ্গী‥‥ণ. (স॰ ধনিকা হইতে?। স॰ শিঙ্গী)। যৌবনগর্বিতা, প্রঃ—এই সহচরীগণ এক ধিঙ্গী এক জন উদ্দেশেতে করি নমস্কার (ভাঃ)—এক ধিঙ্গী এক জন—কেহবা ধিঙ্গী, কেহবা এক এক জন—পুরুষ অর্থাৎ পুরুষভাববিশিষ্ট।

ধিৎকার (গ্রা॰) ‥ষ্য. (স॰ ধিক্কার)। ধিক্কার, নিন্দাবোধ।

ধিন্-ধিন‥‥বা. ধন্-ধন দেখ।

ধিমা ··ণ. ( ঢিমা দেখ। সং মধ্যম হইতে ) মধ্যম, নাতিদ্রুত, প্রঃ—ধিমা আঁচ, ধিমা চাল, ধিমা তেতালা।

ধীট, ঢীট ··ণ. (সং ধৃষ্ট। মং ধীট )। প্রগল্ভ, নির্লজ্জ।

ধীর ··ণ. (সং)। ধৈর্যশালী ; গম্ভীর ; নম্র, বিনীত। ধীরে ধীরে ··ব্য. মন্দ মন্দ, অল্পে অল্পে। ধীরে-সুস্থে (সহচর শব্দ)। অল্পে অল্পে বেগে নয়, রহিয়া-বসিয়া।

ধু ··ধাতু. ( সং ধাব ধাতু হইতে ? ধাব ধাতু মার্জনে, শুদ্ধীভাবে, শুদ্ধীকরণে। ধাব হইতে ধু—বহু পরিবর্তন। কিন্তু ওং হিং মংতেও ধু ধাতু। বোধ হয় ধূপ ধাতু দীপ্তিতে হইতে। কিংবা সং ধৌত হইতে ধু আসিয়া থাকিবে)। ধুই—জলে মার্জিত শুদ্ধ শুক্ল করি। ধুঅন, ধোআ, ধোয়া ॥ ধোআ কাপড় ধৌত বস্ত্র,শুক্লীকৃত বস্ত্র। পা ধোয়া জল ··যে জলে পদ ধৌত করা হইয়াছে। (ধুইবা স্থানে ধোবা হইয়া পা ধোবার জল—যে জলে পা ধুইতে হইবে )। ধোআ, ধোয়া ··ধাতু. ( ধু ধাতু আস্তে )। ধোআনা, ধোয়ানা ॥

ধুঁ ··ধাতু (সং ধূ, ধূ ধাতু কম্পনে হইতে ? বাং ধুআঁ ধাতুও প্রয়োগ-বাহুল্যে ধুঁ হইয়া থাকিবে)। ধুঁই—ধূম নির্গত হই, প্রঃ—কাঠ ধুঁইয়া ধুঁইয়া পুড়িতেছে। ধোঁআ ॥ (ধোঁআ দেখ)।

ধুআ, ধুয়া...ষ্য. ( সং ধ্রুবক, ধ্রুবপদ )। গীতের বিশেষতঃ কীর্তন-গীতের যে পদের পরিবর্তন হয় না, এবং যে পদ প্রধান গায়কের সঙ্গীরা ( দোহার )গায়, যেমন, জয় রাধা গোবিন্দ বল। ধুআ ধরা—ধুআ গান করা ; একই কথা গ্রহণ করা, একই প্রার্থনা করা।

ধুআঁ, ধুয়াঁ ··ষ্য. ( সং ধূম। ঢাকায় ধুমা )। ধূম। ধুআঁটিয়া, ধুআঁট্যে ··ণ. (ধূম+তা—ধুআঁটা+ইয়া )। ধূম্র, ধূমসদৃশ, প্রঃ—দুধে ধুআঁট্যে গন্ধ। ধুআঁ · ধাতু. ধুআঁই—ধূমনির্গমন করি, প্রঃ—ভিজা কাঠ ধুআঁইয়া ধুআঁইয়া জ্বলে। ধুআঁনা ॥ ( ধোআঁ, ধূঁ দেখ )।

ধুঁক...ধাতু. ( সং ধুক্ষ, ধিক্ষ—সন্দীপনে, ক্লেশনে, জীবনে। ধক্-ধক্ ধুক্-ধুক দেখ)। ধুঁকি—ক্লেশে ঘন ঘন শ্বাস গ্রহণ করি। ধোঁকা ॥ ধোঁকা ··সন্দেহ, বিতর্ক। ধোঁকা ·ধাতু. ( ধুঁক ধাতু আস্তে )। ধোঁকানা

ধুকড়ী ··ষ্য. ( হিং। ধোকড়া দেখ )। ছোট ধোকড়া, থলী।

ধুক্-ধুক ··ধক্-ধক দেখ।

ধুচনী···ষ্য. (বাং ধু ধাতু হইতে ধুঅন, ধুঅনী। ধুঅনী—ধুচনী। বাং-তে ধুঅনী—যে নারী চাল ধোয়। এই হেতু পৃথক করিতে ধুচনী—চ আগম। ওং চাউ-ধোআ—যদ্দ্বারা চাল ধোআ হয় )। চাল ধুইবার—ক্ষালিত করিবার—বংশপাত্র।

ধুৎ···ব্য. ( সং ধুত—ত্যক্ত, ধুত—নিরস্ত, ভর্ৎসিত। সংপ্রাং ধু। গ্রাং দুৎ। হিং দুৎ )। নিন্দায়, নিরস্তবাক্যে, প্রঃ—ধুৎ সে কথা নয় ; ধুৎ তোর—তোর বাক্য ধুৎ।

ধুতলিয়া···ণ. ( ধুতুরা+ইয়া )। যে ধুতুরা ফল খাওয়াইয়া মারে ( চৈতন্যমঙ্গলে )। (অপ্রচলঃ)।

ধুতি···ষ্য. ( সং ধৌতি। ওং ধোতি, তেলুগু ধোতি, হিং ধোতী, মং ধোতর, ধোত্র।

বা'তে ধোতি না হইয়া ধুতি হইবার কারণ, ধো পরে তি—ই। শূন্যপুরাণে ধৌতি, যথা, কেমন বরন আপুনি কেমন পরিছ ধৌতি। যে বস্ত্র ধৌত করিতে পারা যায়, কিংবা করিতে হয়, তাহা ধৌতি; পট্টবস্ত্র ধৌত না করিলেও শুদ্ধ)। পুরুষের পরিধেয় বস্ত্র। (পূর্বকালে ধুতি নারীবস্ত্রও হইতে পারিত; যথা, পার্ব্বতী রূপবতী হরিদ্রাযুত ধুতী পরিয়া বসিল আসনে (কবিকঃ); পরিয়া লোহিত ধুতি বাম দিকে শিবদূতী (কবিকঃ)। পূর্বকালে ধুতি দুর্লভ ছিল। এখনও ভারতের বহু স্থানে দস্ত ধুতি প্রায় অজ্ঞাত। কাপড় দেখ। এ কারণ ধুতি অর্থে উৎকোচ ছিল, অর্থাৎ ধুতি-রূপ পুরস্কার হইতে সামানা উৎকোচ অর্থ ছিল। যথা, বিনা উপকারে খায় ধুতি (কবিকঃ)—উপকার না করিয়া পুরস্কার বা উৎকোচ লয়; টাকা সিকা নিত্য খায় ধুতি (কবিকঃ)। ভারতেও, ধুতী খেয়ে ছেড়ে দিল মালিনী পলায়। তু° পালি লঞ্চ, ও° লাঞ্চ—উৎকোচ। বোধ হয় স° লজ্জা হইতে। লজ্জানিবারক বস্ত্র? কিংবা তু° ও° লুগা, বা° হি° লাঙ্গটি, লেঙ্গ, লঙ্গাড়)। ধুতি-চাদর ‥কটিতে পরিধেয় ধুতি ও উর্ধ্ব-দেহ আবরণের উত্তরীয়।

ধুতুরা, ধুতরা ‥ষ্য. (স° ধুস্তূর। উন্মত্ত কিতব ধূর্ত প্রভৃতি ধুস্তূরের স° সংজ্ঞার মূল ধুতুরার বীজের মাদকতা শক্তি)। বঙ্গানাদি বর্গের বন্য শাকবিশেষ। ফুল শাদা ও কাল ভেদে দুই জাতি সর্বদা দেখা যায়। শাদা ধুতুরার (Datura alba) ফুল শাদা; কাল ধুতুরার (Datura fastuosa) ফুল নীচে শাদা, উপরে বেগুনা। ছোটনাগপুরে ও কখন-কখন উদ্যানে আর এক জাতি কাল (বেগুনা) ধুতুরা দেখা যায়।

ধুঁধুল ‥ষ্য. (স° ধূমাবলী? দীপাবলী?)। কার্তিক অমাবস্যায় শ্যামাপূজার রাত্রে পিতৃলোকের তৃপ্ত্যর্থে পিষ্টক (পুরপিঠা) ও দীপদান।

ধুন · ধাতু. (স° ধু, ধূ ধাতু কম্পনে। ধুনোতি পদ হয়। ইহা হইতে বা'তে ধুন ধাতু। ও'তে ভিণ ধাতু। বোধ হয় ধ স্থানে ভ মাত্র)। ধুনি—আঘাত দ্বারা কম্পিত করি, ধনু দ্বারা তুলার রোঁআ ভিন্ন ভিন্ন করি। ধোনা॥ মানুষকে তুলা-ধোনা করা—অতিশয় প্রহার দ্বারা সর্বাঙ্গ শিথিল করিয়া দেওয়া। ধোনা ‥ধাতু. (ধুন ধাতু আস্তে) ধোনানা॥ ধুনারী, ধুনারু ‥ষ্য. (ধুন + আরী, আরু)। যে তুলা ধোনে। (ধনুকের নাম আছাড়)।

ধুনা · ষ্য. (স° ধূনক, ধূপন। ও° ঝুনা। ধ স্থানে ঝ)। শালবৃক্ষের সুগন্ধ নির্যাস (resin)। ধুনা-চুর ‥ষ্য. (ধূনকচূর্ণ? কিন্তু আধার অর্থ আসে না। যাহাতে ধূনকচূর্ণ নিক্ষিপ্ত হয়? কলিকাতায় ধুনচি; কিন্তু আধার অর্থে বা'তে চি প্রত্যয় নাই। বোধ হয় ধুনাচুর শব্দের অপভ্রংশে। ও'তে উস্তেই—অগ্নিধান)। ধুনা পোড়াই-বার অগ্নিধান, প্রঃ—গঙ্গাজল দিআ সুদ্ধ কৈল ধুনাচুর (শূং পুঃ); দপ দপ সম্মুখে জ্বলিছে ধুনাচুর (মাঃ), ভুর ভুর করিয়া জ্বলে ধুনাচুর দণ্ড (মাঃ)। ধুনা সেবা ‥শিবের গাজনে অধোমুখ সন্ন্যাসীর অগ্নি-সেবা। আগুনে ধুনা দেওয়া হয় বলিয়া ধুনাসেবা।

ধুনী ··ষ্য. (হিং ধূনী। সং ধূম)। সাধু সন্ন্যাসীর ধূমসেবন। কাঠ পোড়াইয়া রাখিয়া ধূম করা হয়।

ধুন্দিয়া···ষ্য. ( ? )। জৈনসম্প্রদায়বিশেষ।

ধুন্দুল ··ষ্য. (সং নাম ধামার্গর ; অন্য নাম দীর্ঘপটোলিকা)। পারুল দেখ। কেহ কেহ তরই বলে।

ধুপ্-ধাপ ··দুপ্-দাপ দেখ।

ধুম্-ধাম · ধূম দেখ।

ধুম্-ধুম ··দুম্-দুম দেখ।

ধুম-ধড়াক্কা···ধূম দেখ।

ধুরপদ ( গ্রাং ) ··ধ্রুপদ দেখ।

ধুরমুশ ··ষ্য. ( দুরমুশ দেখ। সং ধূলি—ধুর ? মৃষ ধাতু বধে হইতে মুশ ? )। কাঠ কিংবা লোহার ভারী মুগুর। ধুরমুশ করা—ধুরমুশ দ্বারা পিটিয়া সমান করা।

ধুরা···ষ্য. ( সং ধুর্ )। গাড়ীর অক্ষ। ( সংতে ধুর্ অর্থে শকটের রথের যুগ, যুগের যে অংশ বাহনের স্কন্ধে থাকে। ইহা হইতে ধুরন্ধর)।

ধুলা ··ষ্য. ( সং ধূলি। ধুলা মুলা তুলা প্রভৃতি শব্দের উকার দীর্ঘ লিখিবার কারণ নাই। সং শব্দের বাং রূপান্তরে সং বানান সব স্থলে রাখা চলে না )। ধূলি। ধুলা-খেলা···ষ্য. ধুলা লইয়া বালক বালিকার খেলা। ধুলা গুঁড়া ··ষ্য. (সহচর শব্দ)। ধূলি বা গুঁড়া। ধুলা-ঘর ··ষ্য. ধুলা-খেলার ঘর, প্রাঃ—ধুলাঘরে দিতেছিনু পুতুলের বিয়া (ভাঃ)। ধুলা-পায়ে··· পথভ্রমণে পাদলগ্ন ধূলি সহিত, ভ্রমণের পর পা ধুইতে না ধুইতে। ধুলা-পায়ে লগ্ন—বিবাহের পর কন্যার দ্বিরাগমন-কাল নিমিত্ত অপেক্ষা না করিয়া বিবাহের পরেই কন্যাকে শ্বশুরালয়ে প্রেরণরূপ লগ্ন—কাল। ধুলা-বালি ··ষ্য. ( সহচর শব্দ )। ধুলা ও বালি। ধুলা-চটা···ষ্য. (সং ধূলি-চটক )। শাখাশ্রয়ী বর্গের ছোট পক্ষী-বিশেষ ( Finch lark. Pyrrhulauda grisca )। ভরৎপক্ষীর সদৃশ। পুং-পক্ষীর বুক কৃষ্ণবর্ণ, স্ত্রী-পক্ষীর শ্বেত। মাঠে চরে, হঠাৎ উঠে নামে। খেলা-ধুলা ·· খেলা-দোলা। ( দোলা অপভ্রংশে ধুলা )।

ধুসা···ষ্য. ( হিং ধুস্সা। সং দ্বিশাট ? )। লোমশ শীতবস্ত্রবিশেষ। যে লোমে শাল হয়, সেই লোমের মোটা লোমে ধুসা হয়।

ধুয়া ধুআ দেখ।

ধূ-ধূ ··বা ( সং ধূ ধাতু কম্পনে )। অগ্নি-শিখার কম্পনে, উত্তপ্ত বায়ু কম্পনে, প্রাঃ—জ্যৈষ্ঠ মাসে মধ্যাহ্নের সময় নদীর বালি ধূ ধূ করিতে থাকে—বালির উপরে উত্তপ্ত বায়ু কাঁপিতে থাকে ; আগুন ধূ-ধূ করিয়া জ্বলে—তখন আগুনের শিখা উচ্চ হইয়া কাঁপিতে থাকে।

ধূনা, ধূনী ··ধুনা, ধুনী দেখ।

ধূপ ··ষ্য. ( সং )। গন্ধধূমবর্তি। পাঁচ, ছয়, আট, ষোল, গন্ধদ্রব্য-যোগে পঞ্চাঙ্গ, ষড়ঙ্গ, অষ্টাঙ্গ, ষোড়শাঙ্গ ধূপ হয়। মুথা গুগ্গুল চন্দন তেজপত্র কুষ্ঠ অগুরু শাল ধুনা জটামাংসী সরল কাঠ প্রভৃতি সুগন্ধ দ্রব্যে ধূপ হয়। ধূপ-ধুনা ··ষ্য. (সহচর শব্দ)। ধূপ ও ধুনা, প্রাঃ—পুরে বৈসে গন্ধবেণ্যা গন্ধ বেচে ধূপ ধুনা (কবিকং)। ধূপ-দীপ ··ষ্য. (সহচর শব্দ)। ধূপ ও দীপ ( পূজায় )। ধূপ...ষ্য. ( ও অর্থে )। দেবতার পূজা ও পূজান্তে ভোগ।

ধূপছায়া...ষ্য. রঙিন বস্ত্রবিশেষ। ইহার টানা লাল, পড়্যান নীল।

ধূম···ষ্য.( সং ধ্বন ধাতু শব্দে হইতে ধুন—ধুম। ধূপ শব্দের অর্থও মিশিয়া থাকিবে। ধূপ—যেমন শ্রীমন্দিরে ধূপ )। কোলাহল-শব্দ, ঘটা, জাঁক। ধূম-ধাম ··ষ্য. ( ধাম—উপচর শব্দ )। ধূম। ধূম-ধড়াক্কা ··ষ্য. ( ধর-ধর হইতে ধড়াক্কা। তু° ফা° তুম-তরাক )। কোলাহল শব্দ ও ধর-ধর শব্দ।

ধূমড়ী ··ষ্য. ( সং ধূম+ড়ী )। ধূমসী।

ধূমনচিতি···চিতী দেখ।

ধূমপান···ষ্য. ( সং )। তামুকের ধূম-সেবন। ( তাম্রকূট-ধূম সেবন অর্থে ধূমপান শব্দ আধুনিক )।

ধূমসা ··ণ. ( সং ধূম+সা সাদৃশ্য )। ধূম-সদৃশ কদাকার ও কৃষ্ণবর্ণ; স্থূল কুৎসিৎ, প্রঃ—ধূমসা মাগী, ধূমসা ইঁদুর। স্ত্রী° ধূমসী। ধূমসা—ধাতু. ধূমসাই—প্রহার দ্বারা কুৎসিৎ কদাকার করি, প্রঃ—পিটিয়া ধূমসাইয়া দেওয়া। ধূমসানা॥ ( ধ্বংস হইতে ?)

ধূমা ··ণ. ( সং ধূম্যা—ধূমসমূহ। ও° ধূমা। তু° সং ধূমাবতী )। কদাকার স্থূল।

ধূর (গ্রা°) ··দূর।

ধূর্ত ( গ্রা° ধুত্ত )···ণ. ( সং ধূর্ত )। শঠ। ধূর্তপনা ··ষ্য. ( পনা দেখ )। ধূর্ত ব্যবহার। ধূর্তামি · ষ্য. ( ধূর্ত+আমি )। ধূর্তপনা।

ধূল ··ষ্য. ( সং ধূলি )। গণিতে কড়ার ভাগবিশেষ ( তু° রেণু ); ক্ষেত্রপরিমাণ-বিশেষ, প্রঃ—কাঠায় কাঠায় ধূল পরিমাণ ( শুভঙ্করী ),—কাঠা-পরিমাণ লইয়া ধূল করা—কালী করা। ( ধূলিতে, মাটিতলে গণিত করা হয় বলিয়া ? )। ধূল ধাপড়··· ষ্য. ( সং ধূলি হইতে ধূল। কিন্তু ধাপড় ? সং স্থাপন ? )। ধূলা আঁশ ইত্যাদি, প্রঃ—কাপড় ছিঁড়িয়া ধূলধাপড় উড়িয়া গিয়াছে; এইরূপ, প্রহার দ্বারা ধূলধাপড় উড়ানা। ধূলট ··ষ্য. ( ধূলি+মাটি—ধূলাটি —ধুলট )। হরিসংকীর্তনের পর ভাবাবেশে ধুল ও মাটিতে গড়ানা। ধূলট করা—ধূলায় দেহ ধূসর করা।

ধূলা ··ষ্য. ( সং ধূলি )। ধুলা দেখ।

ধৃষ্টামি, ধৃষ্টামু (গ্রা° ধাষ্টামি) ··ষ্য. ( সং ধৃষ্ট+বা° আমি )। ধৃষ্টতা, নির্লজ্জতা।

ধেআ...ধাতু. ( সং ধৈ ধাতু ধ্যানে )। ধে-আই—ধ্যান করি, প্রঃ—যে যারে ধেআয়, সে তারে পায়। ধেআনা॥ ধেআন··· ধ্যান (পুং পুঃ)। (ধেয়া ধাতু দেখ)।

ধেই-ধেই...ব্য. (সং ধাব ধাতু বেগে)। নৃত্য-চাঞ্চল্যে। ধেই-ধেই করিয়া নাচা—ধাবন-সহ নৃত্য। (থেই-থেই—স্থিরভাবে)।

ধেঁড়শ ··ঢেঁড়শ দেখ।

ধেড়ো, ধেড়ে ··ধাড়ী দেখ।

ধেনো···ধান দেখ।

ধেয়া ··ধেআ ধাতু দেখ। ধেয়ান ··ধ্যান।

ধৈরজ, ধৈরয · ষ্য. ( সং ধৈর্য ): ধৈর্য, প্রঃ—'ধৈরজ না মানে'। (পদে)।

ধৈর্য, ধৈর্যা ··ষ্য. (সং)। ধীরতা, সহিষ্ণুতা, প্রঃ—ধৈর্য ধরা। ( বা°তে গ্রা° ভাষায় বিশেষণও হয়, প্রঃ—ধৈর্য্য হয়ে থা।

ধোআ, ধোয়া···ধু ধাতু দেখ।

ধোআনি···ষ্য. ( ধোআ+পানি )। যে জলে ধোআ হইয়াছে, যে জল ধুইয়া গড়াইয়া

আসিয়াছে। ধোআট ষ্য. (ধোআ+মাটি)। যে মাটি ধুইয়া আসিয়াছে।

ধোকড় ··ণ. (হিং—বলবান)। বলবান্, প্রঃ—মাকড় মারিলে ধোকড় হয়—মানুষ বলবান্ হয় (?)।

ধোকড়া···ষ্য. (ধাকা—সূতা হইতে)। মোটা সূতার বস্ত্র, থলী। ধুকড়ী ··(হিং—থলী)। ছোট থলী।

ধোঁকা ··ধুঁক ধাতু দেখ। (হিং ধোখা)।

ধোপ ··ষ্য (সং ধাবন হইতে আসা কঠিন। সং ধূপ ধাতু দীপ্তি হইতে বাং ধুপ ধাতু—ধোপ)। ধাবন, শুক্লীভাব, প্রঃ -কাপড় খান পাঁচ ধোপ পাইয়াছে। ধোপা, ধোবা...ষ্য. (সং ধূপ ধাতু হইতে ধূপক—ধূপা—ধোপা—ধোবা। শ্রীহট্টে মেদিনীপুরে ধুপা। হিং মং ধোবী। ওং ধোবা। সং ধূপ—গন্ধবর্তি। ধোপার কর্ম বস্ত্রের কেবল দীপ্তিসাধন শুক্লীকরণ নহে, ধূপনও ছিল। বাসী-করা দেখ। রজক—যে বস্ত্র (ধৌত করিয়া) রঞ্জিত করে। ওড়িশায় ধোবার দুই কর্ম, বস্ত্রধাবন ও কাষ্ঠচ্ছেদন। ইন্ধন নিমিত্ত কাষ্ঠচ্ছেদন-কর্ম সং ধূপ ধাতু সন্তাপন হইতে আসিয়া থাকিবে)। বস্ত্রধাবক; জাতিবিশেষ। স্ত্রীং ধোপানী, ধোবানী। ধোপার ভাটী ··(সং ভাণ্ড হইতে)। যে সচ্ছিদ্র বড় হাঁড়ীতে কাপড় ভাপানা হয়। ধোপার পাট ··যে কাষ্ঠপট্টে বস্ত্র আঘাত করা হয়। ধোপা-নাপিত ··ধোপা ও নাপিত। ধোপা-নাপিত বন্ধ—এক-ঘরিয়া করিতে। ধোপা—বস্ত্র সুন্দর করে, নাপিত (নরসুন্দর) দেহ সুন্দর করে। এই হেতু ধোপা-নাপিত বন্ধ হইলে মানুষকে অসুন্দর অশুচি থাকিতে হয়। ইহাই সামাজিক শাসন। চাষা-ধোবা · যে ধোপা জাতি এখন চাষী হইয়াছে; জাতি-বিশেষ।

ধোয়া...ধু ধাতু, ধোআ দেখ।

ধোয়াট, ধোয়ানি ··ধোআট, ধোআনি দেখ।

ধোলাই ··ষ্য. (হিং। বাং ধোআই! ল আগম হিন্দীতে। তুং চোলাই, সেলাই)। ধোআ কর্ম, ধোআর বেতন।

ধোসা · ধুসা দেখ।

ধ্যান ··ষ্য. (সং)। চিন্তা, এক বিষয়কজ্ঞান-ধারা। ধ্যান-ধারণা···ষ্য. (সং। সহচর শব্দ)। একাগ্র চিন্তা।

ধ্রুং, ধ্রুবং ··ষ্য. (সং ধ্রুবক শব্দের সংক্ষেপে)। ধুআ।

ধ্রুপদ ··ষ্য. (সং ধ্রুবপদ)। গুরু প্রকৃতি গীত-বিশেষ, (গান দেখ); তালবাদ্যবিশেষ। ধ্রুপদী ··ষ্য. (ধ্রুপদ+ঈ)। ধ্রুপদ গানে দক্ষ যে।

ধ্বজা ··ষ্য. (সং ধ্বজ)। পতাকা। ধ্বজ-পতাকা ··(সহচর শব্দ)। পতাকা।

ধ্বস · ধস দেখ। ধ্বস · ষ্য. (সং ধ্বংস হইতে)। ধসা দেখ।

ধ্বস্তা-ধ্বস্তি ··ষ্য. (সং ধ্বস্ত—নষ্ট, পতিত)। পরস্পর পাতিত পরাভূত করার চেষ্টা।

---

## ন।

ন ··ষ্য. (সং)। ব্যঞ্জন-বর্ণ,-অক্ষর-বিশেষ। ত-বর্গের অনুনাসিক বর্ণ। স্থানভেদে লোক-মুখে ন স্থানে ল, ল স্থানে ন হয়। শব্দের আদ্য ন ল কারের এইরূপ পরি-

বর্তন হয়। যেমন, লূন—নূন, সাত-লর হার—সাত-নর হার, লা-চার—না-চার, না (নৌকা)—লা, নথ (ঘুড়ী উড়াইবার ডোর)—লথ, নুকসান—লোকসান। দুই চারি স্থলে ন-লকারের পরিবর্তনে অর্থান্তর হইয়াছে। যেমন, লোহা (ধাতু), নো া আ (সধবার আয়তি লৌহ); লড়, নড় ধ ু।

ন··ষ্য. ণ. (সং নব)। নয় সংখ্যা, নয় সংখ্যক, প্রঃ—ন-দশ ঘর, ন জন। (২) (নব—নূতন হইতে)। চতুর্থ, বড় মেজ সেজ পরে যে, প্রঃ—ন দাদা, ন বউ, ন কাকা।

ন···ধাতু. (সং ন হি হইতে)। নহ ধাতু দেখ। নইলে—নহিলে দেখ।

নং···ষ্য. (ইং number)। নম্বর শব্দের সংক্ষেপে নং, প্রঃ—২১০ নং বাড়ীতে—যে বাড়ীর নম্বর—অঙ্ক ২১০।

নই···ষ্য. ণ. (সং নবতি)। নব্বই।

নই···ষ্য. (সং নদী। ও° নই)। নদী।

নওবৎ...নহবৎ, নৌবৎ দেখ।

নকড়া-ছকড়া ··ণ. (কড়ি খেলার দান হইতে ?)। অবজ্ঞাত, তৃণবৎ গণ্য; তুং হিরণ্য দাস মুলুক নিল নকড়া করিয়া (চৈঃ চঃ)। (ছকড়া-নকড়া দেখ)।

নকতা ··ষ্য. (হিং। ও° নকি-হাঁস)। হংসাদি-বর্গের বৃহৎ পক্ষীবিশেষ (The comb duck. Sarcidiornis melanotus)। মাথা শাদা, তাহাতে কাল কাল ফুটকী থাকে। পুংপক্ষীর মাথায় চর্মের চূড়া থাকে। বড় বড় জলাতে দুই দশটা একত্র চরে।

নকর···ষ্য. (ফাং নোকর)। ভৃত্য, চাকর। নকরি···ষ্য. চাকরি।

)। অনুকরণ, প্রতিলেখ; পরিহাস। নকল-নবিস ··ষ্য. (নবিস দেখ)। লিপি-কর, লেখক। নকল-নবিসি ··নকল-নবিসের কর্ম। নকলী···ণ. কৃত্রিম, আসল নহে; অনুকরণদক্ষ, ভাঁড় (আং নক্কাল)। সাত নকলে আসল ভেস্তা—একের পর এক অনুকরণ করিতে করিতে শেষে মূলের সহিত বিভিন্ন হইয়া পড়ে।

নকাশি···ষ্য. (আং নক্কাষী)। সোনা-রুপায় খুদিয়া কাজ।

নকিব ··ষ্য. (আং নকীব)। রাজ্যের সংবাদ-বাহক; বাদশাহের নিকট পরিচয়দাতা।

নকুটি ··ষ্য. (?)। শাখাশ্রয়ীবর্গের পাঁচ ছয় আঙ্গুল দীর্ঘ পক্ষীবিশেষ (A martin. Cotyle sinensis)। পক্ষ খয়রা। নদীর ধারে দলে দলে বাসা করে।

নকুল···ষ্য. (সং নকুলী—কুঙ্কুম—হেমঃ)। সিদ্ধিপানের পর ভোজ্য (ভাঃ)। (অপ্রচলঃ। দুধ-কুসুমা দেখ)।

নক্শা ··ষ্য. (আং নক্ষ)। চিত্র, রেখাচিত্র (drawing); অনুকরণ, তামাসা।

নখ ··ষ্য. (সং)। অঙ্গুলির অগ্রস্থ উপাস্থি। নখর ··ষ্য. (সং)। পশুপক্ষ্যাদির দীর্ঘ বক্র নখ। নখ-কোণি ··ষ্য. নখকোণ-বৃদ্ধি। নখ-শূলী ··ষ্য. নখের পাশের চর্মের ছেদনে শূলবেদনা। (বোধ হয় নখ-চুলী—চুলের আকারে যে চর্ম উঠে)। নখী...ণ. (সং)। নখরবিশিষ্ট।...ষ্য. (সং)। সমুদ্রের শম্বুক-বিশেষের (Fasciolaria) মুখের খোলা। উত্তাপে সুগন্ধ বাহির হয় এবং তৈলে ভাজিয়া কবিরাজী তৈল সুগন্ধ করা হয় (Lat. Unguis odoratus. Greek onyx)।

নথ, লথ ··ষ্য. (ফা° নথ)। ঘুড়ী উড়াইবার ডোর।

নথানি ··ষ্য. (নথ+পানি)। নখের জল, যে জলে নথ ডুবিয়াছে।

নথ্‌তা ··ষ্য. (সং নক্ষত্র)। নক্ষত্র, প্রঃ—মাস নখতা তিথিযুতা (খনা)। (অপ্রচলঃ)।

নগদ...ষ্য. (আ° নক্‌দ)। সঙ্গে সঙ্গে দত্ত, উপস্থিত টাকা, প্রঃ—নগদ দশ টাকা—দিবার বা চাহিবার সময়ে দেওয়া হইল দশ টাকা; অল্প আয়াসে কিংবা বিনা ব্যয়ে লব্ধ, প্রঃ—বিদ্যা নগদ হবে (অশিষ্ট)। নগদা...ণ. (নগদ+আ)। নগদ বেতন লইয়া কাজ করে যে, দিনিকা। নগদী ··ষ্য. (নগদ+ঈ)। নগদ খাজনা আদায় করে যে পাইক (জমিদারীঃ)।

নগর ··ষ্য. (সং—নগ ইব রাজতে—নগরং—পর্বতের ন্যায় সুদৃশ্য ও বৃহৎ। নগরে দেবমন্দির প্রাসাদ আপণ শোভন-রাজমার্গ থাকে—অঃ টীঃ)। শহর। নগরিয়া ··ণ. (নগর+ইয়া)। নগরসম্বন্ধীয়, নগরবাসী, প্রঃ—নগরিয়া ভাই (কবিকঃ)। (আজকাল, শহরিয়া)। নগর কীর্তন···নগরে চলিয়া চলিয়া হরিনাম-কীর্তন।

নগিজ...ণ. (ফা° নজদীক)। নিকট।

নঙ্গর ··ষ্য. (সং লাঙ্গল হইতে। লাঙ্গল—পালি নঙ্গল। ও° লঙ্গর, হি° লঙ্গর, ম° নাঙ্গার, পালি লঙ্কার)। নৌকা বদ্ধ করিবার লোহ লাঙ্গল। (কবিকঙ্কণে কিন্তু, শব্দটি নাই)।

নঙ্গা···ণ. (হি°। সং নগ্ন)। উন্মুক্ত, খোলা, প্রঃ—নঙ্গা তলোয়ার।

নচ্‌-নচ...ব্য. (সং নৃত ধাতু নর্তনে। ও° নকু-নকু, চ স্থানে ক)। দীর্ঘ বস্তুর নমনীয়তায়, শিথিলতায়।

নচেৎ ..ব্য (সং ন চেৎ)। নইলে, না হইলে।

নচ্ছার ··ণ. (সং নিঃসার)। অসার, হেয়, লজ্জাহীন (গালিতে)।

নজর···ষ্য. (আ°)। দৃষ্টি; উপঢৌকন বা ভেট। বড়, উচা নজর ··উদার দৃষ্টি। ছোট নজর···অনুদার দৃষ্টি। রাজাকে নজর দেওয়া—ভেট নিমিত্ত অর্থাদি। ছেলেকে নজর দেওয়া—কু-দৃষ্টি, কু-নজর। নজর লাগা—কু দৃষ্টির আক্রমণ। উপর-নজর···উপরদিকে দৃষ্টি। উপর-নজরিয়া···ণ. পর-নারীর মুখের দিকে যে পুরুষ, এবং পর-পুরুষের মুখের দিকে যে নারী দৃষ্টি করে। ইহা দোষাবহ এবং শিষ্টাচারবিরুদ্ধ। নজরানা···ষ্য. (আ°)। দর্শনী অর্থাদি, উপঢৌকন। নজরবন্দি রাখা—দৃষ্টির মধ্যে রাখা, আটক রাখা।

নজির ··ষ্য. (আ° নজীর)। দৃষ্টান্ত (আদাঃ)।

নট...ষ্য. (সং)। নর্তক; নাট্যকার অভিনেতা; জাতিবিশেষ। স্ত্রী° নটী, নটিনী (পদ্যে)। নটী···ষ্য. (সং)। বেশ্যা; অভিনয়কারিণী। নটবর···ষ্য. (সং)। নর্তকশ্রেষ্ঠ। নটন···ষ্য. (সং—অঃ)। নর্তন, প্রঃ—নাচে নটিনী নটন সুখে (জ্ঞানদাস)। নটুয়া ··ণ. (নট+উয়া) নটতুল্য। নট...ষ্য. (সং)। রাগিণী-বিশেষ। রাগরাগিণী দেখ। নট-নারায়ণ···ষ্য. (সং)। রাগবিশেষ। রাগরাগিণী দেখ।

নট···ণ. (সং নষ্ট)। নষ্ট, নষ্টচরিত্র, লম্পট। নট-ঘট···ষ্য. নটের—নষ্টের সহিত ঘটনা—মিলন; অবৈধ প্রণয়।

নটিয়া, নটে ··ষ্য. ( সং নাম তণ্ডুলীয়—বীজ (বা ফল) তণ্ডুলাকার বলিয়া। ওং নেউটিআ। হিং নাম চোলাই—চাউল হইতে। সং লুণ্টক—বৈদ্যকঃ। এই নাম অর্বাচীন। বোধ হয় সং তণ্ডুলীয় শব্দ হইতে উউলিয়া—নটিয়া )। মারিষাদিবর্গের বর্ষায়ুঃ শাকবিশেষ ( (Amarantu-)। কাঁটা-নটিয়া ··ষ্য. ( সং নাম তণ্ডুলীয়, মারিষ )। বন্য কাঁটা শাকবিশেষ (Amarantus spinosus)। পুংকেশর পাঁচ।। লাল নটিয়া, ডেঙ্গো শাগ, নটিয়া খাড়া ··ষ্য. ( সং নাম মারিষ )। কৃষিজাত স্থূল বর্ষায়ুঃ শাকবিশেষ ( A. gangeticus)। পুং কেশর তিনটা। ডাঙ্গায় জন্মানা হয় বলিয়া ডেঙ্গো। কৃষি হেতু ইহার নানা জাত হইয়াছে, যেমন, গোবরিয়া-নটিয়া, শাদা-নটিয়া, বাঁশ-নটিয়া, গুড়-নটিয়া, কন্‌কা-নটিয়া, ইত্যাদি। বাঁশ-নটিয়া—লম্বা মোটা সবুজবর্ণ, স্বাদু নহে। গোবরময় মাটিতে জন্মিয়া গোবরিয়া নটিয়া প্রায় অখাদ্য। লাল-নটিয়া, গুড়-নটিয়ার ডাঁটা শিকড় লাল ও সুস্বাদু। চাঁপা-নটিয়া ··ষ্য. ( সং চণ্ডালক ? )। বর্ষায়ুঃ লতানিয়া শাকবিশেষ (A polygamous)। পুং-কেশর তিনটা। শাদা নটিয়া ··ষ্য. উচা নটিয়া-শাকবিশেষ ( A. blitum. var., oleracea )। খাইতে স্বাদু নহে।

নড় ··ধাতু. ( সং নড ধাতু ভ্রংশে। লড় ধাতু দেখ )। নড়ি—বিচলিত হই, শিথিল হই, ভ্রষ্ট হই। নড়ন, নড়া॥ নড়্‌-নড় ব্য. শিথিল বন্ধনে, প্রঃ—বুড়া হইলে দাঁত নড়্‌-নড় করে। নড়্‌চড় ·ষ্য· ( চল হইতে চড়। সহচর শব্দ )। অস্থিরতায়, প্রঃ—কথার নড়্‌-চড়—স্খলন। নড়ন-চড়ন ·· নড়্‌-চড়। নড়্‌-বড়্‌ ··বা. ( সং নড ধাতু ভ্রংশে, সং বৃ, বৃত ধাতু আবরণে, সেবায় )। ভ্রংশ ও আবরণে. প্রঃ—ছোট ছেলে দশ-হাতী কাপড় পরিয়া নড়্‌-বড় করে,—কাপড় খোলে ও পরে; প্রঃ—অস্থিসন্ধি ছুটি চর্ম্ম করে নড়বড়ে ( চৈঃ চঃ )—( পরপদের মিলের নিমিত্ত নড়-বড়ে, বস্তুতঃ নড়্‌-বড়) নড়্‌-বড়িয়া ··ণ (নড়্‌-বড়+ইয়া)। নড়্‌-বড় করে নে, যে কাজ গুছাইয়া করিতে পারে না।

নড়কা ··ধাতু. নড় হইতে )। নড়কাই—এখানে ওখানে নড়িয়া নড়িয়া বড়সীতে মাছ ধরি। নড়কানা॥

নড়া ··ষ্য. ( সং নলকী হইতে ) সরু হাত, শিশুর কোমল হাত।

নড়িয়া-ভোলা, নড়ো ভোলা ··ণ. ( নড় ধাতু হইতে নড়িয়া ? হলা—ভোলা ? )। দুর্বল কৃশ, প্রঃ—নঃ মানুষ, গোরু।

নড়ী ··ষ্য. ( লাঠি হইতে ) সরু লাঠি। অশ্বের নড়ী ··অশ্বের যষ্টি, প্রঃ—ডানি করে ভাঙ্গা নড়ী বামকক্ষে ঝুড়ী (ভাঃ)।

নৎ নৎ ··বা. ( সং নৃত ধাতু নর্ত্তনে )। নমনীয় ভাবে, শিথিলবন্ধন হেতু কম্পনে। (নচ্‌-নচ দেখ )।

নতা, নেতা...ষ্য. ( সং নক্তক—বস্ত্র, নেত্র—বস্ত্র)। সূতা, ছল, প্রঃ—ছুতা-নতা, ছুতা-নেতা।

নতুবা ··ব্য. ( সং নতু—নিষেধ, বা বিকল্প )। নচেৎ।

নতুন ( গ্রাং ) ··ণ. (কলিকাতায় গ্রাং। আসাং

নতুন )। নূতন। ( তুং নৈতন, নৌতুন দেখ )।

নত্তা (গ্রাং লত্তা) ··ষ্য. ( সং নব-নক্তক—নবম রাত্রি )। জাত শিশুর নবম রাত্রিতে করণীয় উৎসব।

নথ, নৎ ··ষ্য. ( সং নস্ত—নাসিকা, নাথ—নাসপ্রোতরজ্জু। ওং হিং মং নথ )। নারী-নাসিকার স্বর্ণের বলয়-ভূষণবিশেষ, প্রঃ—বাঁ নাকে বেসর আর ডানি নাকে নত ( মাঃ )— বেসর ( সং )— অর্ধচন্দ্রাকৃতি ভূষণ। নথী···ষ্য. ( নথ+ঈ )। বলয়াকারে দোড়ী-গুচ্ছ, (কনুই ও আঙ্গুল দিয়া) গুটানা দোড়ী বা সূতা। (২) গাঁথা কাগজ ( আদাঃ )।

নদারৎ ··ণ. ( ফাং নদারদ )। শূন্য, হীন, প্রঃ—খাতির নদারৎ—খাতিরের অভাব, বে-খাতির।

নদী, নই·· ষ্য. (সং নদী। ওং নই, আসাং নৈ। নদী। নদ-নদী···ষ্য. ( নদ পুং শব্দ, নদী স্ত্রীং শব্দ, । নদীসমূহ। নদী-নালা···ষ্য. ( নদী ও নালী। সহচর শব্দ )। নদী খাল প্রভৃতি। প্রঃ—নদী নালা একাকার—কোন্‌টা নদী কোন্‌টা নালা বুঝিতে পারা যায় না, জল-পূর্ণতা হেতু। কানা নদী··· যে নদীর মুখ বুজিয়া গিয়াছে। ডাকে, একা নদী বিশ কোশ—বিশ ক্রোশ হাঁটিতে যে সময় লাগে, এক নদী পার হইতে তত সময়লাগে।

নদিয়ার চাঁদ, নদ্যের চাঁদ···ষ্য. ( নবদ্বীপ—শূং পুঃ নঅদিব; নঅদিব—নদিয়া—নদ্যে )। নবদ্বীপের চন্দ্র—গৌরচন্দ্র।

নধর · ণ. ( সং নবজলধর শব্দ-সংক্ষেপে )। স্থূল মাংসল চিক্কণ, প্রঃ—নঃ দেহ।

ননদ...ষ্য. ( সং ননন্দৃ )। পতির ভগ্নী। নন্‌দাই...ষ্য. ( সং নন্দা+পতি ) ননদের পতি।

ননী ··ষ্য. (সং নবনীত, নবনী )। দধি হইতে জাত স্নেহ পদার্থ। ( দুগ্ধ হইতে জাত—মাখন )।

ননী ষ্য. ( হিং নন্না, নন্নী—ক্ষুদ্র, শিশু। সং নন্দক, নন্দি—আনন্দজনক হইতে )। শিশুর আদরের নাম।

নন্দী ভৃঙ্গী · ষ্য ( সং নন্দী ভৃঙ্গী—শিবের অনুচর )। শিবের অনুচর; লক্ষণায়, অনুচর।

নফর ··ষ্য. (আং)। চাকর, প্রঃ—( কৃত্তিঃ )। চাকর-নফর · ষ্য. ( সহচর শব্দ )। চাকর।

নব-ডঙ্কা ··ষ্য. ( ডঙ্কা দেখ )। বৃদ্ধাঙ্গুষ্ঠ।

নবমল্লিকা ষ্য. ( সং। অন্য নাম সপ্তলা )। মল্লিকাদিবর্গের পুষ্প ক্ষুপবিশেষ ( Jasminum arborescens)। তরুতুল্য, কিন্তু বহু স্থূল শাখা হেতু গুঁড়ী হয় না। পাতা অণ্ডাকার, চিক্কণ; ৪।৬ আঙ্গুল লম্বা, ৩।৪ আঙ্গুল চওড়া। পুষ্পমঞ্জরী ত্রি-ভক্ত; পুষ্প বড় বড় শাদা সুগন্ধ; প্রান্ত দশ বার ভাগে ছিন্ন। বিহার ছোটনাগপুরে জন্মে। বঙ্গে প্রায় দেখা যায় না। গ্রীষ্ম-আরম্ভে ফুল ফুটে। ( নেয়ালী দেখ )।

নবরঙ্গা ··ষ্য. ( সং নবরঙ্গা )। নূতন রঙ্গা, নূতন কাণ্ড। নবরঙ্গা···ষ্য. অম্ললোনিকাদি বর্গের চারি ছয় আঙ্গুল উচা প্রায় বর্ষায়ুঃ শাকবিশেষ ( Biophytum sensitivum )। পাতা পক্ষাবার গুচ্ছাকার। পর্ণ

প্রায়ই দশ জোড়া, হাত দিলে মুদিয়া যায়। ফুল পীতবর্ণ, বর্ষাশেষে ফোটে। কেশর ১০টা, পাঁচটা ছোট, পাঁচটা বড়। ফল পঞ্চকোষ। বীজ অনেক। পথের ধারে জন্মে। ( হিং নাম লকচানা )।

নবশাখ ··ষ্য. ( সং নবশাখা হইতে। নব—নয়, শাখা—শাখ ; তুং ধারা—ধার। কেহ কেহ মনে করিয়াছেন, সং শায়ক—বাণ হইতে শাক। কিন্তু শাখ শব্দ আসে কেন ? শায়ক করিলে অর্থও আসেনা। শব্দকল্পদ্রুমের পরাশরসংহিতার প্রমাণ অন্যত্র প্রকাশিত গ্রন্থে পাওয়া যায় না। প্রাচীন প্রমাণ থাকিলে বঙ্গ দেশ ব্যতীত অন্যত্র নবশাখ গণনার চিহ্ন থাকিত)। প্রাচীন বৈশ্য জাতির নয় শাখা, যে নয় জাতি গ্রাম-সমাজে লাগে; যথা, কামার, কুমার, গন্ধবণিক, তাঁতী ( আশ্বিন তাঁতী ), তামলী, তেলী, নাপিত, বারই, মালাকার। ইহাদের জাতি-পরমাণিক ( প্রামাণিক, প্রধান) আছে। স্থান ভেদে এই নয় জাতির পরিবর্তে অপর দুই এক জাতি গণিত হয়, যেমন মোদক। পরমাণিক স্বজাতির মধ্যস্থালি করেন।

নবাৎ···ষ্য. ( সং নৈবেদ্য হইতে। ওং নবাত —শুষ্ক গুড় )। পাক-করা গুড়ের চাকতি যাহা নৈবেদ্যে দেওয়া হয়, প্রঃ—(চৈঃচঃ)।

নবান্ন···ষ্য. ( সং নবান্ন )। পৌষ মাসে হৈমন্তিক ধান্য কাটা হইলে সেই উপলক্ষে পার্বণ। নূতন আতপ চাল নারিকেল গুড় প্রভৃতি ভক্ষণে নবান্ন করা হয়।

নবাব...ষ্য. ( আং নব্বাব )। প্রভু, ধনাঢ্য পুরুষ। নবাবি···ষ্য. (নবাব+ই)। নবাবের বৃত্তি বা ব্যবহার। নবাবী ··ণ. ( নবাব+ঈ )। নবাবের যোগ্য। নবাব-নাজিম ··ষ্য. (আং নাজিম—ব্যবস্থাপক)। যে নবাব ব্যবস্থাপক ও শাসক।

নবিস···ষ্য. ( ফাং নবীস )। লেখক, লেখে যে, প্রঃ—নকল-নবিস—যে নকল লেখে। ( ইং নভিস—novice শব্দ ভ্রমে এক নূতন অর্থ—শিক্ষার্থী—হইতেছে। যেমন, শিক্ষানবিস—শিক্ষার্থী, ছাত্র )। নবিসি ··ষ্য. লেখাকর্ম। নবিসিন্দা···ষ্য. (ফাং)। লেখক ( জমিঃ )।

নব্বই, নই ··ষ্য. ণ. ( সং নবতি )। নব-দশ-সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৯০।

নভেম্বর, নবেম্বর···ষ্য. ( ইং november )। ইংরেজী একাদশ মাস নাম ( ১৪ই কার্তিক হইতে ১৪ই অগ্রহায়ণ )।

নভেল, নবেল···ষ্য. (ইং novel )। রস-প্রধান উপকথা।

নম···ধাতু. ( সং নম ধাতু )। নমি—প্রণত হই, নমস্কার করি। ( পদ্যে )।

নমঃ, নম্···ষ্য. (সং নমঃ—নতি)। পূজার মন্ত্রে নমঃ-শব্দ। নমঃ নমঃ করিয়া সারা—পূজার অন্য অন্য কর্ম না করিয়া কেবল নমঃ শব্দ উচ্চারণ ; লক্ষণায়, উপরি উপরি কাজ শেষ করা।

নমশূদ্র, নমঃশূদ্র ··ষ্য. ( বোধ হয়, নিম্ন হইতে নম্। তুং নাম্। নমঃ লিখিবার হেতু ? )। হিন্দুজাতি বিশেষ। (কোন্ কোন্ স্থানে চাঁড়াল নাম চলিত )।

নমস্কার···ষ্য. ( সং )। সমানে সমানে মাথা নোআইয়া অভিবাদন। (গুরুজনকে বাং-তে নমস্কার নহে, প্রণাম )। নমস্কারী···ণ. ( নমস্কার+ঈ )। নমস্কারকালে দিতে হয়

যাহা। (দ্বিরাগমনের সময় বধূ প্রণামী-বস্ত্র লইয়া যায়, কলিকাতায় নমস্কারী-বস্ত্র। প্রণামী রাঢ়ে)।

নমহুঁ···ব্য. (সং নমঃ+বাং হ ধাতু হইতে হও. হওঁ)। নত হই, প্রণাম করি, প্রঃ—প্রাচীন বাং।

নমাজ··ষ্য. (ফাং। তুং সং নমস্)। মুসলমানের ঈশ্বর-উপাসনা।

নমুদ···ষ্য. (ফাং)। বাহ্য দৃশ্য, আরম্ভ-প্রদর্শন।

নমুনা...ষা. (ফাং)। আদর্শ, দৃষ্টান্ত।

নম্বর··ষ্য. (ইং number)। অঙ্ক, সংখ্যা। ···ণ. অঙ্কযুক্ত, প্রঃ—৫ নম্বর বাড়ী—যে বাটীর অঙ্ক ৫। নম্বর মকদ্দমার নম্বর বা অঙ্ক হইতে মকদ্দমা, প্রঃ—এক নম্বর করা। নম্বরী··ণ. (নম্বর+ঈ)। নম্বরযুক্ত; ফৌজদারী আদালতের নম্বরযুক্ত, প্রঃ—নম্বরী মকদ্দমা—ফৌজদারী মকদ্দমা।

নয়, ন···ষ্য. ণ. (সং নব)। নয়-সংখ্যা,-সংখ্যক; ৯। (সমাসে নয় স্থানে ন হয়, প্রঃ—ন জন)।

নয়···ক্রিয়া. (ন+হয়)। না হয়, প্রঃ—এটা সাপ নয় (নহ, ন ধাতু দেখ)। ··ব্য যদি তাহা না হয় তবে। নয় ত··ব্য. যদি তাহা না হয় তবে। (বিপরীত—হয় ত)।

নয়ন-জুলী...ষ্য. (সং নয়ন—আ-নয়ন। জোল হইতে জুলী)। জলনয়ন-পথ, পথের পাশের কাটা জল-নালী।

নয়নসুক...ষ্য. (হিং নৈনসুখ)। সূক্ষ্ম বিলাতী বস্ত্রবিশেষ।

নয়লি...ণ. (সং নব+লী। অনুরূপ, নহলি। হিং নবেলা)। নব, প্রঃ—একে কাল হৈল মোর নয়লি যৌবন (চণ্ডীঃ)।

নয়ান···ষ্য. (সং নয়ন। তুং বয়ান)। নয়ন (প্রাচীন পদে)।

নয়াফটকী··লতা-ফটকী দেখ।

নর··ষ্য. (সং, ফাং)। পুং, প্রঃ—নর পাখী। স্ত্রীং মাদী। নর-ক্রুপ··যে ক্রুপ অন্য ক্রুপের মাদীর ভিতরে আঁটে।

নর··ষ্য. (সং লহরি)। পঙ্‌ক্তি, প্রঃ—পাঁচ-নর, সাত-নর—পাঁচ সাত পঙ্‌ক্তি আছে যে স্বর্ণহারে।

নরম...ণ. (ফাং। তুং সং নম্র, নম্য)। কোমল, নমনীয়, নম্র। নরম-গরম··ণ. (প্রতিচর শব্দ)। কটু ও কোমল। নরমা···ধাতু. নরমাই—কোমল হই। নরমানা॥

নরাজ··ষ্য. (? সং নাম বেম, বাপদণ্ড। ওং নরাজ, হিং লপেটন। ফাং নাম দন্দ, সং দণ্ড। সং নারাচ—লৌহ-বাণ হইতে?)। যে দুই বেলনে তাঁতের টানার সূতা টানা থাকে। (তাঁত দেখ)।

নরুন··ষ্য. (সং নখরঞ্জনী। ওং নহরুণী)। নখ কাটিবার নাপিতের শস্ত্রবিশেষ। নরুনিয়া ···ণ. (নরুন+ইয়া)। নরুনের তুল্য, প্রঃ—নঃ মুখ।

নর্দমা··ষ্য. (? সং জলমার্গ?)। ময়লা জলের নালা। (ভাল জলের, যেমন বৃষ্টিজলের নালা,—পয়নালা)।

নল...ষ্য. (সং)। চোঙ্গা; ধমন; দৈর্ঘ্য-পরিমাণবিশেষ (সং নল্ব), দৈর্ঘ্য পরিমাণের বাঁশ; আঠা-কাঠিতে পাখী ধরিবার নল (প্রায়ই, সাতনলা); ধান্যাদিবর্গের দীর্ঘায়ুঃ পাঁচ ছয় হাত দীর্ঘ তৃণবিশেষ (Phragmites karka)। ছিঁচিয়া পিটিয়া বুনিয়া দরমা

হয় ( সং নলপট্টক )। নল ও খাগড়া প্রায় এক। প্রবাদে, বাঘে মহিষে যুদ্ধ হয়, নল-খাগড়ার প্রাণ যায়। নল-ধাওয়া মন্ত্রসিদ্ধ নলের ধাবন—গমন। দুই খান লম্বা কঞ্চি দুই জন লোক দুই হাতে পাশে সমান্তরে ঝুলাইয়া দাঁড়ায়। জড়ী ও মন্ত্রের গুণে 'নল' দুইখানি একত্র হয় বাঁকে, লোক দুজনকে টানিয়া লইয়া যায়। নল-ধাওয়া করিবার পূর্বদিন সন্ধ্যা-বেলা নল 'জাগাইতে'—জীবিত করিতে হয়। চোর ধরিতে, চুরি-করা জিনিষ খুঁজিতে নল ধাওয়া করানা হয়। নলা...ষ্য. ( সং নলক)। সচ্ছিদ্র অস্থি, যেমন জঙ্ঘার; ইহা হইতে, শিশুর সরু হাত, নড়া। নলী ...ষ্য. ( সং নলিকা, নলী )। ছোট সরু নল, সূতা গুটাইবার সরু নল। নলুয়া...ষ্য. ( নল+উয়া )। নল দিয়া পাখী-মারা ব্যাধ; নল দিয়া বেড়া করে যে জাতি। নলা ··ধাতু. (নল হইতে)। নলাই—নল যোগ করি, নল দিয়া আনি। নলানা॥ নলিয়ান, নল্যেন ··ণ. ( নলে-আনা )। নল দিয়া প্রাপ্ত; নল দিয়া প্রাপ্ত নূতন, প্রাঃ—নল্যেন গুড়—নূতন খেজুর গুড়।

নলপা ধাতু. (সং নল ধাতু দীপ্তি। নামধাতু পদ হয়। নল+পা—দীপ্তি+পা ধাতু। তুং হিং লপকনা -বাং নলপানা, যথা হিং বিজলী লপকতী হৈ - বিদ্যুৎ নল পাইতেছে )। নলপাই—দীপ্তি পাই, দূরে দীপ্ত হই। নলপানা॥

নলিচা··ষ্য. (সং নল+চা ক্ষুদ্রার্থে ফাং। ফাং নইচা)। হুকার জাঠ।

নষ্ট···ণ. ( সং )। হত, বিপদ্‌গ্রস্ত; ভ্রষ্ট-ধর্ম, দুষ্ট, কুচরিত্র। নষ্টামি ··ষ্য. ( নষ্ট+আমি )। দুষ্টামি। নষ্ট-দুষ্ট ·ণ. ( সহচর শব্দ )। নষ্ট।

নসিব ··ষ্য. (আং নসীব )। অদৃষ্ট।

নস্য···ষ্য. (সং)। নাসিকার হিতজনক চূর্ণ-বিশেষ, প্রায়ই তামুকপত্রচূর্ণ।

ন স্যাৎ ··ষ্য. (সং ন স্যাৎ ক্রিয়াপদ )। নাস্তি. অস্বীকার, প্রাঃ—ন স্যাৎ করা।

নহ, ন···ধাতু. (সং ন+বাং হ ধাতু )। নহি, নই—না হই, হই না। নহ ধাতু অসম্পূর্ণ; ইদানী কেবল বর্তমান কালের পদ চলে। প্রাচীন বাং-তে নহিল, নহিলা ক্রিয়াপদ ছিল। প্রাঃ—তথাপি নহিল তিন বাঞ্ছিত পূরণ ( চৈঃ চঃ )। নহিলে, নইলে ·· ( নহ, ন ধাতু ইলে প্রত্যয় )। না হইলে, প্রাঃ—নহিলে এমন চরিত নয় (জ্ঞানদাস)। নইলে নয়—না হইলে হয় না কাজ চলেনা।

নহবৎ, নবৎ ··ষ্য. ( অ.ং নৌবৎ—সময় )। কাড়া-নাকড়া কাঁসি ও শানাই বাদ্য। নির্দিষ্ট সময়ে এই বাদ্য বাজাইবার রীতি। নহবৎ-খানা,নবৎ-খানা ··নহবৎ বাজাইবার স্থান, (প্রায়ই) উচ্চ মঞ্চ। (নৌবৎ দেখ)।

নহর···ষ্য. ( আং। তুং সং লহরি )। খাল।

নহলা...ষ্য. ( সং নখ—নহ+লা। হিং )। ছোট কর্ণিক। ··ষ্য. ( সং নব+লা )। নয় ফোঁটা-যুক্ত তাস।

নহলি···ণ. ( নয়লি দেখ )। নূতন, প্রাঃ—নহলী যৌবন ( কবিকঃ )।

না, লা···ষ্য ( সং নৌ। ওং লা, নাহা। হিং সং নাব )। নৌকা, প্রাঃ—শূন্য কলসী শুখনা না ( খনা ), নায়ে ভরি লয়ে

নানাজাতি দ্রব্যজাত (ভাঃ), বসিলা নায়ের বাড়ে নামাইয়া পদ (ভাঃ)। (এ, এর পরে থাকিলে না স্থানে নায় হয়)। দৃষ্টান্তে,দুই নায়ে পা—উভয় কল্প অবলম্বন, প্রায়ই বিপত্তির হেতু। নাইয়া, নায়া, নেয়ে ··ষ্য. (না+ইয়া)। নাবিক। (জ্ঞানদাসে নায়্যা, অর্থাৎ নাইয়া)।

না···ধাতু. (সং স্না ধাতুর স লুপ্ত)। নাই—স্নান করি। নাআ, নাওয়া ॥ নাআ, নাওয়া ···ধাতু. (না ধাতু আস্তে)। নাআনা, নাওয়ানা ॥ নাআ-খাআ, নাওয়া-খাওয়া ·· স্নান-ভোজন।

না···বা. (সং ন। ব্যাকরণ দেখ। শূং পুঃ—ন, না)। নিষেধে, প্রঃ—হবে না; অনুরোধে (সং নু) প্রঃ—আপনি করুন না; প্রশ্নে (সং নু) প্রঃ—তুমি যাবে না? বিকল্পে, সংশয়ে (কিয়াপদের পূর্বে বসে), প্রঃ—করিতে না করিতে, বলিতে না বলিতে, না করিবে করিও না, একজন না একজন করিবে; অভাবে, প্রঃ—না রাম না গঙ্গা; প্রশ্নের উত্তরে, ব্যাখ্যানে প্রঃ—ঠাকুরঘরে কে? না আমি ত কলা খাইনি। নাক ··(নিশ্চয়ে ক)। নিশ্চিতার্থে নিষেধে প্রঃ—সে যাবে নাক্ (এই ক অপ্রচলঃ হইতেছে)। না-কি···ব্য. (সং কিং নু)। বিতর্কে প্রশ্নে, ব্যাখানে, প্রঃ—কাঁটা আছে না কি? দাদা-ঠাকুর না কি?। না না...ব্য. নিষেধ দৃঢ়ীকরণে, প্রঃ—না না, যাবে না। না···ব্য. (ফাং। সং ন)। অভাবে, প্রঃ—না-পসন্দ, না-রাজ, না-হক।

নাং...ষ্য. (সং নঙ্গা, নারঙ্গা)। উপপতি। নাংনী ··যে নারী উপপতি করে।

নাংট,নাংটা ··ণ. (সং নগ্ন—নগ্ণ—নাগণা—নাগডা—নাগটা—নাঙ্গাট্টা। ওং লঙ্গড়া, হিং নঙ্গা, মং নাগটা নাগভাঁ)। উলঙ্গ; নির্লজ্জ। নাংটা-পনা...ষ্য. নির্লজ্জতা, ছেঁড়া-পনা। (নেংট দেখ)।

নাঃ ··ব্য. (না দেখ)। নিশ্চিত নিষেধে, প্রঃ—নাঃ থাক।

নাঅর···ষ্য. (সং নাগর)। নাগর (চণ্ডীঃ)। স্ত্রীং নাঅরী।

নাই···ব্য. (সং নহি, নাস্তি। প্রাচীন নাঞি। ওং নাহিঁ। সংপ্রাং নাংহি)। নিষেধে, অভাবে, প্রঃ—ঘরে চাল নাই। ক্রিয়াপদের পরে বসিলে অতীতকালে নিষেধ বুঝায়, প্রঃ—করেন নাই। সংক্ষেপে, সামান্য অতীতে নি, প্রঃ—করেন নি। নাই···ব্য. বিতর্কে, না হয়, প্রঃ—তিনি নাই গেলেন তুমি যাও। নাই ত নাই···না থাকে প্রয়োজন নাই। নাই বা···ব্য. বিকল্পে, প্রঃ—তিনি নাই বা গেলেন। (ব্যাকরণ দেখ)।

নাই···ষ্য. (সং স্নেহ। প্রাচীন বাং নেহা। আসাং নেহা)। স্নেহ, অত্যাদর, প্রঃ—বালককালাবধি বিশেষ নাই পাইয়া থাকিবে (টেকচাঁদ), কুকুরকে নাই দিলে কুকুর মাথায় চড়ে।

নাই···ষ্য. (সং নাভি)। নাভি; চাকার মধ্যবর্তী হাঁড়ী; কামারের লৌহপিণ্ড (নিয়াই দেখ); তালার মাঝের কীল। নাইকুণ্ড ···ষ্য. (সং নাভিকুণ্ড। সং কুণ্ড—গর্ত)। নাভিকূপ। নাই-কুণ্ডলী···ষ্য. (কুণ্ড হইতে কুণ্ডলী)। নাইকুণ্ড। নাই কাটা—নাভি-নাড়ী কর্তন (শিশুর)।

নাই-আঁকড়া, নেই-আঁকড়িয়া ··ণ. যাহা নাই, তাহাকে আঁকড়িয়া থাকে যে, কিংবা ন্যায় (অপভ্রংশে নেই) ধরিয়া থাকে যে; কূটতার্কিক।

নাইয়া, নেয়ে··ষ্য. (বা° না+ইয়া)। নাবিক, নৌকার দাঁড়ী বা মাঝী।

নাউড়া, নাউড়ে...ষ্য. (স° নৌ—নাউ+ড়া। ম° নাৱাডী, ও° নাউড়ি। হি° নাৱ—নৌকা)। নৌ-বাহক, নাবিক, প্রঃ—ওরে নাউড়ে জলেত রচিলা স্থান (শূং পুঃ)।

নাক···ষ্য. (স° নক্রং নাসায়াং—মেঃ। ও° নাক্, হি° ম° নাক)। নাসিকা। নাকুয়া ··ণ. (নাক+উয়া)। দীর্ঘ নাসিকাবিশিষ্ট। নাকী···ণ. (নাক+ঈ)। নাকে জাত, প্রঃ—নাকী সুর।...ষ্য. নাসিকা, নাকের তুল্য অঙ্গ, প্রঃ—ঢেরার নাকী। নাকের ছেঁদা ··নাসাছিদ্র। নাকের পাতা ··নাসা-পক্ষ। নাকের গোড়া ··নাসামূল, নাসা-বংশ (স°)। নাকের ডগা, আগা···নাসাগ্র। নাকের সিকনি ··নাসিকামল, সিজ্ঘন (স°)। নাকের পোঁটা ··প্রায়ই শিশুর সিকনি (অশিষ্ট)। খেঁদা নাক···(স° নঃক্ষুদ্র)। ক্ষুদ্র নাসিকা। বোঁচা নাক...স্থূল নাসাগ্র। কাটারী নাক ··দীর্ঘাকার সূক্ষ্মাগ্র নাক। নাক-কলাই ··নাকের কলাই আকারের ক্ষুদ্র স্বর্ণভূষণ। নাক-ছবি, নাক-চাবি ·· নাকের পানের আকারের ক্ষুদ্র স্বর্ণভূষণ। নাকা-কাটা···ণ. কর্তিত নাক যার, নির্লজ্জ। স্ত্রী° নাক-কাটী। নাক-খৎ দেওয়া—মাটিতে নাক ঘষিয়া লিখিয়া দেওয়া যে আর সে দোষ হইবে না। নাক-মলা খাওয়া—নিজের নাক মলিয়া বলা যে সে দোষ আর হইবে না। নাকে-মুখে ভাত গোঁজা—তাড়াতাড়ি ভাত খাওয়া। নাকের জলে চোখের জলে করা—কাঁদিলেই চোখের জলের সঙ্গে সঙ্গে নাক দিয়াও জল পড়ে, ইহা হইতে গভীর যাতনায় ফেলা। কথায়, নিজের নাক কাটিয়া পরের যাত্রা-ভঙ্গ করা—অন্যের অনিষ্ট কামনায় নিজের ক্ষতি করা। নাক-ফোড়া···ণ. বিদ্ধ নাসিকা যার, প্রঃ—নাক-ফোড়া বলদ। নাক তোলা—ঘৃণা প্রকাশ করিতে নাসিকা উত্তোলন। নাক সিটকানা—অতিশয় ঘৃণা প্রকাশ করিতে নাক হঠাৎ কুঞ্চিত করা। নাক তুলিয়া কথা কহা—হাবভাব দেখাইতে, প্রঃ—নাক তুলে কথা কয় ভুলাতে নাগর (মাঃ)।

নাকছিকনী ··ষ্য. (স° ছিক্কণী। হি° নক-ছিকনী)। সোমরাজাদি বর্গের বর্ষায়ুঃ বন্য লোমশ ক্ষুদ্র শাকবিশেষ (Centipeda orbicularis)। অন্য নাম মেচেতা, হেঁচেতা। শীতকালে ক্ষেতে জন্মে। পাতার ধারে দাঁত, আগা চওড়া। ফুল হলুদ।

নাকড়া ··ষ্য. (নাগরা দেখ)। ছোট নাগরা, যাহা কাড়ার সহিত বাজানা হয়।

নাকরা·· ষ্য. (ফা° নাখরহ্)। খেলা, কৌতুক, প্রঃ—(প্রবোধচন্দ্রিকা)। (বহুপ্রচলিত)। (নেকরা দেখ)।

নাকানি ··ষ্য. (নাক+পানি)। নাকে জল প্রবেশ, নাকে পর্যন্ত জল অর্থাৎ জলে নিমজ্জন; লক্ষণায়, বিপদ্‌সাগরে পতন। নাকানি-চোবানি ··ষ্য. (চুব ধাতু দেখ)। জলে নিমজ্জন, জলে ডোবা; কূটপ্রবন্ধে, বিষম-বিঘ্নে নিমজ্জন।

না-কারা ··ণ. ( ফা° )। অকর্মণ্য, প্রঃ—নাকারা জিনিষ। ( বা°তে অধিক চলিত নাই )।

নাকাল···ণ. (হি°। স° ন কাল—কাল অবসর ·। দেওয়া )। অপদস্থ, ব্যতিব্যস্ত।

নাকী···নাক দেখ।

নাকুয়া···নাক দেখ।

নাখচ···ণ. ( ফা° নাকস। তু° আ° নাকিস, নস্‌খ )। রহিত, নগণ্য, অকর্মণ্য।

নাখুদা···ষ্য. ( ফা° )। জাহাজ বা বড় নৌকার অধ্যক্ষ; যে ( মুসলমান ) জাহাজে মাল আমদানি রপ্তানি করে।

নাগ···ষ্য. ( স° )। গোক্ষুরা, কেঅটিয়া সর্প। স্ত্রী° নাগিনী (বা°), নাগী (স°)। নাগকেশর ···নাগেশ্বর দেখ। নাগদনা ··( স° নাগ-দমনী )। দনা দেখ। নাগফণা···ফণী-মনসা দেখ। নাগ বেড়েলা ··বেড়েলা দেখ। নাগপঞ্চমী ··নাগপূজার্থে শ্রাবণ মাসের শুক্লপঞ্চমী।

নাগর ··ষ্য. ( স° )। নগরবাসী, সভ্যভব্য লোক ; রসিক পুরুষ। স্ত্রী° নাগরী। নাগর-দোলা···বৃহৎ দোলাবিশেষ। ইহাতে একত্র অনেক লোক ঘুরিতে পারে। চক্রাকারে এবং উপর নীচে, দুই প্রকারে ঘুরিতে পারিবার দুই প্রকার নাগর-দোলা হয়। নাগর মুথা···মুথা দেখ। নাগরালি ··ষ্য. ( নাগর+আলি। তু° ঠাকুরালি )। নাগরের যোগ্য ব্যবহার ; রসিকতা। নাগরিয়া ··ষ্য. (স° নাগরিক। নাগর+ইয়া)। নাগরিক, নগরবাসী। ( প্রাচীন পদে )।

নাগরা···ষ্য. ( আ° নক্কারা )। মাটির কিংবা তামার একমুখা বৃহৎ আনদ্ধ বাদ্যবিশেষ। নাগরা দেওয়া—নাগরা পিটিয়া ঘোষণা করা। নাকড়া ··ছোট নাগরা।

নাগরা ··ষ্য. ( নাগরা বাদ্যতুল্য বৃহৎ? নগর হইতে ? )। বড় দেশী জুতা।

নাগরিয়া...নাগর দেখ।

নাগরী ··ষ্য. ( স° দেব-নগরী )। অক্ষরবিশেষ যাহাতে সংস্কৃত লেখা হইয়া থাকে।

নাগরী ··ষ্য. ( স° নগর হইতে? )। খেজুর গুড়।

নাগল ..নাঙ্গল দেখ।

নাগা···ষ্য. ( স° নগ্ন)। নগ্ন সন্ন্যাসীবিশেষ। (২) (স° নাগ হইতে ?)। আসামের পার্বত্য জাতিবিশেষ।

নাগাইদ, নাগাদ ··বা. ( বা° লাগ ধাতু হইতে। লাগিত—লগ্ন। লাগ+ইত)। পর্যন্ত, প্রঃ—কলিকাতা নাগাইদ যাইবে, মাসের শেষ নাগাদ বর্ষা হইবে। ( রাঢ়ে লাগাদ )।

নাগাড় (গ্রা°)...লাগাড় দেখ।

নাগাল (গ্রা°)···লাগাল দেখ।

নাগেশ্বর·· ষ্য. ( স° নাগকেশর )। নাতি-দীর্ঘ পুষ্পতরুবিশেষ ( Mesua ferra )। সুন্দর মন্দিরাকার। বসন্তকালে নবপত্র রক্তবর্ণ ধারণ করে। ফুল শাদা সুগন্ধ, বৈশাখে ফোটে। পুংকেশর বহু, পীতবর্ণ। এই হেতু নাম নাগ-(পীত) কেশর।

নাচ...ধাতু. ( স° নৃত ধাতু )। নাচি—নর্তন করি, গাত্রবিক্ষেপ করি, প্রঃ—আহ্লাদে বুক নাচিয়া উঠিল। নাচন, নাচনি, নাচা॥ নাচ···ষ্য. নৃত্য (ও° নাট্)। নাচনী...ষ্য. ( নাচন+ঈ )। নর্তকী। নাচনী পাখী...তাঁত দেখ। নাচ-আলী

...নর্ত্তকী। নাচা-কোঁদা...ষ্য. (সহচর শব্দ)। আহ্লাদে নৃত্য, লম্ফ ইত্যাদি। নাচন্তীর নাহি লাজ দেখন্তীর লাজ...যে নাচে সে নাচন্তী; যে দেখে সে দেখন্তী (তু° আসা° নাচঁতী, দেখঁতী, ইত্যাদির অঁতী-প্রত্যয়। অঁতী=অন্তী)। নাচা ··ধাতু. (নাচ ধাতু আস্তে)। নাচাই—নর্ত্তন করাই, কুমন্ত্রণা দিয়া উত্তেজিত করি। নাচানা ॥

নাচাড়ী···ণ. (নাচ+আড়ী)। যে গানের ছন্দে নৃত্য করা হয়, নাচিতে নাচিতে যে ছন্দ আবৃত্তি করা হয়, প্রঃ—কৃত্তিঃ। (অপ্রচলঃ)। গ্রা° লাচাড়ী।

নাচার...ণ. (ফা°)। উপায়শূন্য; অবশ্য-

নাছ, নাচ...ষ্য. (? সং লজ্জা হইতে ?)। বাড়ীর পশ্চাৎদ্বার, প্রঃ—নাপিতিনী বসি আছয়ে নাচে (চণ্ডীঃ), পাষাণে রচিল নাচবাট (কবিকঃ), জন্মে জন্মে হঙো তাঁর নাছের কুকুর (বৈষ্ণবপদ), চন্দনে চর্চ্চিত বটে জম রাজার নাছ (শূং পুঃ)—এখানে নাছ—বাড়ীপ্রবেশদ্বার। (এই বহুপ্রচলিত শব্দের মূল কি? ঢাকায় পাছদুয়ার। সং লজ্জা—গ্রা° নজ্জা, সং লজ্জ নজ্জ ধাতু। লজ্জানিবারক দ্বার—লাছ-দুয়ার—নাছ-দুয়ার?)।

নাছি ··ষ্য. (সং নাসা হইতে)। লোহার কাঁটার যে মুখ পিটিয়া ভোঁতা করা হয় (rivet)।

না-ছোড়-বন্দা···ণ. যে বন্দা (ফা°)—ভৃত্য কিছুতে ছাড়ে না, নির্ব্বন্ধশীল।

নাজনা...ষ্য. (সং শোভাঞ্জন—শজিনা—শজনা; অঞ্জন হইতে নাজনা)। বার-মাসিয়া শজিনা গাছ (হুগলী)।

না-জানি...ব্য. (সং ন জানে। হিং নজানে)। খেদে, আশ্চর্যে; আমি জানি না, কে জানে? প্রঃ—না জানি কত কষ্ট পাইতেছে?

নাজিম...ষ্য. (আ° নাজীম)। শাসনকর্ত্তা, উচ্চকর্মচারী, প্রঃ—নায়েব নাজিম।

নাজির···ষ্য. (আ° নাজীর)। পরিদর্শক, আদালতের কর্মপরিদর্শক, পেয়াদার নায়ক। নজারৎ...ষ্য. (ফা°)। নাজিরের আপিশ।

নাজুক (গ্রা°)...লাজুক দেখ।

নাজেহাল...ণ. (আ° নজাহাল—অন্তিম দশা)। ব্যতিব্যস্ত, বিপদ্‌গ্রস্ত।

নাঞি ··নাই দেখ।

নাট ··ষ্য. (সং)। অভিনয়, রঙ্গ, প্রঃ—সব নাটের গুরু কা·া (চণ্ডীঃ); নর্ত্তক বাদক ভাট নবদ্বীপে যার নাট, আসি সবে নাচে পাঞা প্রাত (চৈঃ চঃ); এরূপে করিয়া হাট ঘরে গিয়া আর নাট, বাঁকা মুখে কথা কহে চোখা (ভাঃ)। নাটমন্দির···ষ্য. (সং)। দেউলের সম্মুখ-স্থিত যে মন্দিরে গীত-বাদ্য হয়। নাটশাল ···ষ্য. নাট্যশালা (শূং পুঃ)। নাটুয়া ...ণ. (নাট+উয়া)। নাট করিতে দক্ষ, নাটকারী। (তু° ও° নাটুআ পিলা—যে বালক নৃত্য করে)।

নাটা···ষ্য. (নাটাই দেখ)। তাঁতীর নাটাই, বাঁশের শলার মন্দিরাকার নাটাই।···ধাতু. নাটাই—নাটাতে সূতা গুটাই। নাটানা ॥

নাটা, নাটা করঞ্জা...করঞ্জা দেখ।

নাটাই, লাটাই...ষ্য. (সং নর্ত্তকী)। সূতা

গুটাইবার বাঁশের শলার চতুষ্কোণ আধার; প্রঃ—সুতা নিল নাটাই সহিত (কবিকঃ)।

নাটুয়া ··নাট দেখ।

নাড়...ধাতু. ( সং নাড়ি ধাতু। নড় ধাতু দেখ)। নাড়ি—বিচলিত করি, স্থানান্তরিত করি। নাড়া ॥ নাড়া-চাড়া...(সহচর শব্দ)। স্থানচ্যুতি। নাড়া··ধাতু. ( নাড় ধাতু আস্তে)। নাড়ানা ॥

নাড়া ··ষ্য. ( সং নল, নলক . ওং নড়া )। ক্ষেতের ধান কাটিয়া লইলে ধানগাছের যে গোড়ার অংশ থাকে.। (ঢাকায় নাড়া—খড় )।

নাড়ী··ষ্য. (সং নালী, নালি ; নাডী, নাড্ডি)। শিরা, গর্ভশিরা ; একদণ্ড কাল। নাড়ী কাটা—জাত শিশুর গর্ভনাড়ী ছেদন। নাড়ী টেপা—হাতের রক্তশিরা টেপা—টিপিয়া দেহের দোষ নিরূপণ করা। নাড়ী ছাড়া—হাতের রক্তশিরায় রক্ত গমনাগমন বন্ধ হওয়া। নাড়ী-নক্ষত্র...ষ্য. ( সং ) জন্ম-নক্ষত্র; জন্মের বিবরণ। নাড়ী-ব্রণ ·· ষ্য. রক্তশিরার উপরে জাত ব্রণ। নাড়ী ভুঁড়ী...ষ্য. ( সহচর শব্দ )। অন্ত্রনালী ও ভুঁড়ী, উদরের মধ্যে যে সকল অঙ্গ আছে ( viscera )।

নাড়ু (গ্রাং)...ষ্য. ( সং লড্ডু )। লাড়ু, প্রঃ—চিনিপাকে নাড়ু কৈল কর্পূরাদি দিয়া ( চৈঃ চঃ)।

নাতক...ষ্য. ( আং নাৎক—শেষ আদেশ )। ধরিবার আদেশ (arrest)। (আদাঃ)।

নাত-জামাই, নাতনী···নাতি দেখ।

নাতা, লাতা...ষ্য. (সং নক্তক, লক্তক। নক্তক কর্পটৌ—অঃ। সং নেত্রক হইতে নহে)। ছেঁড়া কাপড়, নেকড়া; যে নেকড়া দিয়া মাটির ঘর নিকানা হয়। নাতা-কাঁথার হাঁড়ী ··যে হাঁড়ীতে প্রাচীন গৃহিণী ঘর-কন্নার নিমিত্ত নেকড়া ও এইরূপ ক্ষুদ্র ক্ষুদ্র বস্তু রাখিতেন।

নাতান ( গ্রাং) ··নাতোয়ান দেখ।

নাতি...ষ্য. ( সং নপ্তৃ )। পৌত্র, দৌহিত্র। নাতিবউ...ষ্য. ( সং নপ্তৃ-বধূ )। নাতির পত্নী। নাতিনী, নাতনী, নাতিন···ষ্য. ( নাতি শব্দের স্ত্রীলিঙ্গ রূপ )। পৌত্রী, দৌহিত্রী। নাতিন-জামাই, নাত-জামাই··· ষ্য. নাতিনীর পতি। নাতি-পুতি···ষ্য. (প্রায় সহচর শব্দ )। নাতি ও পৌত্রী ( কিংবা পুত্র )।

নাতোয়ান...ণ. ( ফাং নাতুআন )। অসমর্থ, খাজনা দিতে অসমর্থ ( জমিঃ )। বিপঃ—সাতোয়ান।

নাথি ( গ্রাং )···ষ্য. ( লাথি দেখ )। পদাঘাত, প্রঃ—তাঁরে নাথি মাইল প্রভু নিত্যানন্দ (চৈঃ চঃ)।—(মাইল—মারিল )।

নাদ··ষ্য. ( সং )। ধ্বনি, গভীর ধ্বনি ; কাঠে লোহার কাঁটা মুড়িয়া দিবার সময় কাঁটার মাথায় যে লৌহপিণ্ড ( যেমন বাইস কিংবা ভারী হাতড়ী) ধরা হয়।

নাঁদ, নাঁদা···ষ্য. ( সং নন্দা—অলিঞ্জরে। সং নান্দীপট )। বড় ডাবা ; গুড় রাখিবার পুরু কলশী ; কুয়ার গায়ের মাটির পাট। গুঁজি-নাঁদা...দুই দিক সরু ছোট কলশী। ( পূর্ব-কালে গুঁজি-নাঁদায় টাকা রাখিয়া ঘরের কাঁথে পুতিয়া রাখা হইত )। গুঁজি-নাঁদা আকারে নারিকেলের মতন, একারণ সহজে ভাঙ্গে না। নাঁদা-পেটা ( অপভ্রংশে হাঁদা-

পেটা ) ণ. যে লোকের উদর নাঁদার মতন বিস্তৃত। ( নাদস-নুদস দেখ )।

নাদনা···ষ্য. ( সং নদ্ধ—বদ্ধ, সং নহ ধাতু বন্ধনে। তুং হিং নাধনা। লাদনা দেখ )। লাদনা, তোড়া, প্রঃ—মণ্ডপে ফটিকের থাম লাগে চন্দন নাদন ( শূং পুঃ)—চন্দনকাঠের নাদন—দুই থামের মাথায় খিলানের পরিবর্তে কাঠের তোড়া বা সরদল।

নাদনা···ষ্য. ( লাদ ধাতু দেখ )। উইঢিপী, প্রঃ—কাষ্ঠ জিনি কলেবর কর তারে জর জর, অঙ্গে কর উএর নাদনা ( শীতলা-মঙ্গল )।

না-দুরস্ত ··ণ. ( ফাং )। বে-ঠিক।

নাদস-নুদস···ণ. ( নন্দা—নাঁদ সদৃশ—নাদস, তুন্দ—নুদ সদৃশ ? নুদ দেখ )। স্থূল-কলেবর, স্ফীতোদর।

নানক-পন্থী···ষ্য. ( সং নাণকপন্থী )। শিখ-দিগের আদিগুরু নানক ; তাঁহার পথাবলম্বী সম্প্রদায়। ইঁহাদের ধর্মগ্রন্থের নাম গ্রন্থ, গ্রন্থ-সাহেব। নানক-শাহী · ষ্য ( ফাং শাহ —মহারাজ )। প্রাচীন শিখ পয়সা। এই পয়সার পাঁচ ছয়টাতে এক আনা হয়।

নানখুদাই·· ষ্য. ( ফাং নান সং অন্ন ; আং নানখতাই )। একপ্রকার মিষ্ট রুটি।

নানা...ণ. ( সং )। বহু। নানাদি ( গ্রাং )··· ণ. ( সং নানাবিধ। কিংবা নানা+আদি। ওং নানাদি )। নানাবিধ, প্রঃ—এ কাজ করিলে নানাদি কথা উঠিবে। নানান ··ণ. ( নানা শব্দের একপ্রকার বহুবচনের রূপ। তুং মৈথিলী লোক এক বচন, লোকনি বহুবচন ; ই লোপে লোকন হয়। প্রাচীন আসাংতেও নানান ছিল। তুং বাং গুলান। তুং সং ফলানি, বনানি—ফল বন শব্দের বহুবচনে )। বহুবিধ, প্রঃ—নানান দেশের নানান ভাষা। নানারূপ ··ণ. (সং)। অনেক প্রকার, নানাবিধ।

নানা···ষ্য. ( হিং। সং তাত হইতে। ওং ননা)। মাতামহী। স্ত্রীং নানী। (বাংতে প্রায় অপ্রচলঃ )।

নান্দ ··ষ্য. ( নাঁদ দেখ। হিং নান্দ )। মাটির বড় কলশী, প্রঃ—নান্দে নান্দে মদ্যপান গঙ্গার গহ্বরে ( চৈতন্যমঙ্গল )।

না-পসন্দ ··ণ. ( ফাং )। অমনোনীত।

না-পাক···ণ. ( ফাং। ফাং পাক—শুচি )। অশুচি (ভাঃ)। ( অপ্রচলঃ )।

না পাজ্জি ( গ্রাং ) ··ণ. ( সং ন+পার্য )। অগত্যা।

নাপান, নাপানি ( গ্রাং )···ষ্য. ( লাফান অপ-ভ্রংশে )। লাফানা, যৌবনগর্বে চাঞ্চল্য, প্রঃ—নাপান ঝাঁপানে যায় ডানি বামে নাহি চায়, উত্তরিলা যথা মজুন্দার (ভাঃ), প্রঃ—(মাঃ)—লাফাইয়া ঝাঁপাইয়া। নাপানী ···ষ্য. যে নারী যৌবনগর্বে লাফাইয়া চলে, যে পরপতি দেখিয়া চঞ্চল হয়, প্রঃ—সে বলে নাফানী আলো না জান আপনা। চাঁদে দেখি দেখিয়াছি তোর সতীপনা ( ভাঃ )। (নাফান, নাফানী অধিক চলিত)।

নাপিত ··ষ্য. (সং—অঃ)। ক্ষৌরকার জাতি-বিশেষ। স্ত্রীং নাপিতিনী, নাপতিনী।

নাফরা ··লাফরা দেখ।

নাব ( গ্রাং )···ধাতু. ( নাম ধাতু দেখ )। নাবি—নিম্নে যাই, অবতরণ করি। নাবা॥ নাবু···ণ. নিম্ন। নাবাল···ষ্য. নিম্ন স্থল, প্রঃ—নাবাল দেশ,নাবালে ধান জন্মে ভাল।

**নাবড়, নেবড়** ..ণ. ( সং নীৱর—ভিক্ষু, পরিব্রাট্ ) । বৈরাগী, নির্বোধ, প্রঃ—নিন্দ্যানন্দ প্রিয় বড় নাবড় শ্রীগর্ভ (চৈতন্যমঙ্গল) ; শঠ প্রবঞ্চক, প্রঃ—ঠক নাবড় (কবিকঃ) ; মাঃ । ( রাঢ়ে গ্রাং লেবড়—নির্বোধ ) ।

**নাবালগ, নাবালক** ..ণ. ( ফাং নাবালিগ ) । অপ্রাপ্তবয়ঃ (আদাঃ) ; বালক । নাবালগী, নাবালকী ..ণ. নাবালগসম্বন্ধীয় ।

**নাম** ..ধাতু. (সং নামি ধাতু নতি । শূং পুঃ, মাঃ, ওং নাম্ব ধাতু । নাম্ব হইতে নাব ধাতু ভাখাভেদে চলিত আছে ) । নামি—অবরোহণ, অবতরণ, নিম্নে গমন, করি । নামা ॥ নামাউঠা...উঠা-নামা, আরোহণ অবরোহণ । নাম্ ণ. ( সং নিম্ন ) । নিম্ন । ..ষ্য. নিম্ন স্থান । নামসা ..ণ. ( নিম্ন সদৃশ ) । প্রায় নিম্ন, অপেক্ষাকৃত নিম্ন । নামাল...ণ. নিম্ন স্থল, নাবাল । নামা ধাতু. ( নাম ধাতু আস্তে ) । নামানা ॥ নামানা . ষ্য. ভেদ । নামানি উঠানি ..ভেদ-বমি ।

**নাম**...ষ্য. ( সং নামন্ । ফাং নাম ) । অভিধা, সংজ্ঞা, বাচক শব্দ ; খ্যাতি, যশঃ । সুনাম ...ষ্য. সুখ্যাতি । বদ্-নাম ..ষ্য. (ফাং বদ) । অখ্যাতি, অপযশঃ । নাম করা—উদাহরণ দেওয়া, নাম উল্লেখ বা স্মরণ করা, হরিনামাদি উচ্চারণ করা, যশঃ অর্জন করা । নাম কাটানা—দল হইতে বাহির হওয়া । নাম কাটা ..ণ. বহিষ্কৃত । নাম-গন্ধ ..ষ্য. ( সং গন্ধ—লেশ, সম্বন্ধ—মেঃ ) । ঈষৎ আভাষ, সম্বন্ধ, প্রঃ—এত বয়স হইল, বিয়ের নামগন্ধ নাই । নামজাদা...ণ. (ফাং নামজাদ ) । বিখ্যাত । নাম-ডাক...ষ্য. খ্যাতি, প্রঃ—নামডাক ছিল যত সকল হইল হত (ভাঃ) । নাম ধরা—গুরুজনের নাম উচ্চারণ করা, প্রঃ—জানহ স্বামীর নাম নাহি ধরে নারী (ভাঃ) ; একে একে সকলের নাম পরীক্ষা করা । নাম-ধাম ..ষ্য. ( ধাম দেখ ) । নাম ও বাস । নাম-মাত্র ..ণ. অত্যল্প, যাহা কেবল নামে আছে বস্তুতে নাই বা অত্যল্প । নাম লওয়া—অন্যের নামের ভরসা করা, প্রঃ—হরি নাম লওয়া । নাম লেখানা—দলে প্রবেশ করা । নামের দল ..হরিনামকারীর দল । নাম ..ব্য. ( সং নাম ) । বিতর্কে, প্রশ্নে, প্রঃ—কি নাম তার সঙ্গে দেখা হয় নাই ?

**নামতা** ..ষ্য. ( নাম-নক্ষত্র হইতে ) । নামের নক্ষত্র, প্রঃ—মাস নামতা তিথিযুতা ভা দিয়া হর রে পুতা (খনা, নক্ষত্রগণনায় )—রে পুত্র, মাস নামের নক্ষত্রের অঙ্ক (যেমন বৈশাখে বিশাখা ১৬ ) এবং তিথির অঙ্ক যোগ করিয়া ভ (২৭) দিয়া হরণ কর ।

**নামতা** ..ষ্য. (সং নামপত্র) । ধারাপাতের গুণনগণিত-পত্র । নামতার ঘর—অঙ্কপাটি, প্রঃ—তিনের ঘর মুখস্থ করা । ( আড়াইয়া, দেড়িয়া, পৌনে, সওয়াইয়া দেখ ) ।

**নামনা**...ষ্য. ( নাম ধাতু ) । বটের ঝুরি ।

**না-মঞ্জুর** ..ণ. ( ফাং ) । পরিত্যাজ্য, পরিত্যক্ত, অস্বীকৃত ( আদাঃ ) । না-মঞ্জুরি ..ষ্য. পরিত্যাগ, অস্বীকার । না-মঞ্জুরী...ণ. অস্বীকৃত ।

**নামসা** ..নাম ধাতু দেখ ।

**নামা** ..ষ্য. ( সং নামন্—নামা ) । নাম, সংজ্ঞা, প্রঃ—পাখী নামায় দেখিতে পাই না—পাখী নাম যার এমন প্রাণী ।

**নামা** ..ষ্য. ( ফাং নামহ্ ) । সমাসে শব্দের পরে

বসিয়া, পত্র, লেখ্যপ্রমাণ ইত্যাদি বুঝায়, প্রাঃ—রোজ-নামা, ওকালৎ-নামা।

নামাবলী···ষ্য. ( সং )। দেব-নামাবলীচিত্রিত

নামাল···নাম ধাতু দেখ।

নামি, নাবি ··ণ. ( নাম ধাতু )। যাহা বিলম্বে পাকে, প্রাঃ—নামি ফশল।

নায়ক...ষ্য. ( সং )। কাব্যনাটকাদির প্রধান বর্ণনীয় পুরুষ ; নারীর প্রণয়ী পুরুষ ; নেতা ; স্বামী ; যিনি দেবদেবীর মঙ্গলগীত শ্রবণ করান ( শূঃ পুঃ, কবিকঃ, ইত্যাদি )। নায়িকা···ষ্য. ( সং )। কাব্যনাটকাদির প্রধান বর্ণনীয়া নারী ; নায়কের প্রণয়িনী ; দেবীপূজায় অষ্টদেবী। নায়কী···ষ্য. ( নায়ক+ঈ )। সেতারাদি তন্ত্রী যন্ত্রের প্রধান তার।

নায়র···ষ্য. ( সং নাগর )। নাগর ( প্রাচীন বৈষ্ণব-পদে )। স্ত্রীং নায়রী।

নায়্যা ··না দেখ।

নায়েব···ষ্য. ( আং নায়ব )। প্রতিনিধি ; ডিক্রির কর্তা (জগিঃ) ; নিম্নকর্মচারী, প্রাঃ—নায়েব মুন্সী, নায়েব নাজির। নায়েবি ·· ষ্য. নায়েবের কর্ম। নায়েবী...ণ. নায়েবের যোগ্য, প্রাঃ—নায়েবী বুদ্ধি।

নার...ধাতু. ( ন+পার ধাতু। আসাং নোরার ধাতু। প্রাচীন বাংতে অধিক চলিত ছিল। ইদানী রাঢ়ের পশ্চিম-উত্তর ভাগে, বিশেষতঃ সাঁওতাল জাতির ভাষায় প্রচলিত আছে )। নারি—পারি না, প্রাঃ—চুপে চুপে কোনরূপে আমি ইহা নারি ( ভাঃ )।

নারাঙ্গা, নারাঙ্গী ··ষ্য. ( সং নাগরঙ্গ, নারঙ্গ )। কমলা নেবু। ( নেবু দেখ )।

বন-নারাঙ্গা ··ষ্য. এরণ্ডাদিবর্গের চিরশ্যামল তরুবিশেষ ( Gelonium multiflorum )। পাতা একোত্তর, চিক্কণ, চিহ্নময়। পুং স্ত্রী গাছ পৃথক পৃথক। ফুল ছোট ছোট, পীতবর্ণ, গ্রীষ্মকালে ফুটে। ফল পাকিতে অনেক সময় লাগে, পরে ফাটিয়া দুই তিন শাঁসল খণ্ডে বিভক্ত হয়। ফলের আকার কতকটা নারাঙ্গা নেবুর মতন গোল বলিয়া নাম।

নারাঙ্গা ··ষ্য. ( সং নারঙ্গ ফল হইতে ? )। ( প্রায়ই শিশুর ) কঠিন রোগবিশেষ ( Erysipelas )। দেহের স্থানে স্থানে লাল হইয়া ফুলিয়া উঠে, এবং ক্ষত হইয়া রস পড়ে।

নারাজ···ণ. ( ফাং )। অসন্তুষ্ট, অসম্মত। নারাজি···ষ্য. অসম্মতি।

নারিকেল, নারকেল···ষ্য. ( সং নারিকেল। নারিকান নালযুক্তপুষ্পাদীনি ঈরয়তি—অঃটীঃ। অমরে অন্য নাম লাঙ্গালী—বোঁটা সহিত ফল লাঙ্গালাকার বলিয়া। ওং নড়িআ, হিং নারিয়ল,মং নারল। শূং পুঃ—নারিকল, কলিকাতায় নারকোল। দক্ষিণ রাঢ়েও নারকোল। প্রসিদ্ধ ফলবিশেষ (Cocoanut)। গাছ ( Cocos nucifera ) গ্রীষ্মমণ্ডলে সমুদ্রনিকটবর্তী বালুকাময় প্রদেশে জন্মে। কদাচিৎ বৃহৎ নদীর ধারে সমুদ্র হইতে দূরে জন্মিতে দেখা যায়। ভারতের মধ্যে মাদ্রাজে প্রচুর। নারিকেল গাছের প্রায় সর্ব অঙ্গ আমাদের কাজে লাগে। কাঁচা ফল—ডাব, পাকা—নারিকেল, পাকা ও শুখনা—ঝুনি নারিকেল। নারিকেল-ফুল···ষ্য. স্বর্ণের নারিকেলপুষ্পাকার বাহুভূষণবিশেষ। নারি-

কেলী ··ণ. নারিকেল সদৃশ, প্রঃ—নারিকেলী কুল।

নারিশ···ষ্য. ( সং নিরীশ—ফাল—অঃ—হইতে )। বাহির দিকে বাঁকানা করাতের দাঁত।

নারী···ষ্য. ( সং )। নরের স্ত্রীজাতি; ভার্যা, প্রঃ—যেমত চোরের নারী ( চণ্ডীঃ )। নর-নারী...ষ্য. ( সং )। মানবজাতি।

নাল···ষ্য. ( সং নাল—উৎপলাদি দণ্ড, মৃণাল )। শালুক দেখ।

নাল···ষ্য. ( আং )। অশ্বাদির লৌহপাছুকা। নাল-বন্দ ··ষ্য. যে নাল বাঁধে। নাল-বন্দি ···ষ্য. নাল-বাঁধা কাজ।

নালা···ষ্য. ( সং নালী, নালক। ও° নাঠ )। জল-নালী। দেশ-নালা···ষ্য. গ্রামের বর্ষার জলনিকাশের প্রণালী, কুলি। নালী···ষ্য. ( নালা+ঈ )। সরু জলপ্রণালী। দৃষ্টান্তে, নালা কাটিয়া জল আনা—নালা কাটিয়া নদীর জল গ্রামে আনিলে সে নালা কালে নদীর আকার ধরিয়া গ্রামের সর্বনাশ করে। ইহা হইতে, বিপদ্ ডাকিয়া আনা।

না-লায়েক···ণ. ( ফা° না-লায়ক )। লায়েক নহে যে, অযোগ্য।

নালিতা ··ষ্য. ( সং নলিত। অন্য সং নাম নাড়িকা। ডাঁটা নলাকার বলিয়া নাম )। পাটশাক ( দেখ )।

নালিশ ··ষ্য. ( ফা° নালিষ )। অভিযোগ। নালিশী···ষ্য. (নালিশ+বা° ঈ)। যে বিষয় লইয়া অভিযোগ।

নালী...ষ্য. ( সং )। প্রণালী, ছোট নালা। নালী-ঘা···নালীর আকারে ক্ষত (sinus)।

নাশ···ধাতু. ( সং নশ ধাতু বিনাশে। সং নাশ শব্দ হইতে নাম ধাতু হইত )। নাশি—নষ্ট করি, প্রঃ—দারিদ্রে গুণরাশি নাশে ( কবিকঃ )। ( পদ্যে )।

নাস···ষ্য. (সং নস্য)। নাকের নিমিত্ত মাদক-চূর্ণবিশেষ, প্রায়ই তামুকপাতার। নাস-দানী···ষ্য. ( ফা° দানী। তুং সং ধানী )। নস্য-আধার।

নাসপাতি ··ষ্য. ( ফা° নাষপাতী )। সং নাম অমৃতফল—ভাবপ্রকাশে )। কাবুলী ফলবিশেষ ( Pear )। ইহার গাছ ( Pyrus communis ) হিমালয়ে এবং দক্ষিণে নীলগিরিতে জন্মে। হিমালয়ের মধ্যে কাঙ্গরা প্রদেশে উত্তম নাসপাতি হইতেছে নাসপাতি দেখিতে আপেল অর্থাৎ সেও তুল্য। কিন্তু সেও কমলানেবুর মতন ধার-চাপা প্রায় গোল; নাসপাতির গোড়ার ধার চাপা নহে, ছেলা-খেলা লাটিমের মতন। সেও বর্ষায়, নাসপাতি শরতে পাকে।

নাসা···ষ্য. (সং)। দ্বারাদির উর্ধ্বস্থিত কাষ্ঠ, নাগদন্ত, ডাঁসা; একপাশ নাকের মতন ক্রমশঃ নিম্ন এমন কাষ্ঠাগ্র (bevel); নাকের ভিতরে পেঁয়াজের মতন স্ফীতি ( polypus of the nose )।

নাস্তা ··ষ্য. (ফা°)। জলপান।

নাস্তা-নাবুদ···ষ্য. ( ফা° নীস্তনাবুদ। ন+আস্ত—সং ন+অস্তি=নাস্তি; ন+বুদ =সং ন বর্ততে অর্থাৎ নাই )। বিধ্বস্ত, ব্যতিব্যস্ত।

নাস্তি ·· ষ্য. ( সং ন+অস্তি—ক্রিয়া )। নাই; অভাব, নিষেধ, প্রঃ—নাস্তি করা।

নাহ···ষ্য. (সং নাথ)। নাথ, প্রঃ—গৌর গোকুলনাহ—( প্রাচীন বৈষ্ণব পদে )।

না-হক ··ণ (ফা°)। মিথ্যা, মিথ্যামিথ্যি, প্রঃ—নাহক আদর অধিক বাঢ়য় (জ্ঞানদাস)। (হক দেখ)।

নি···ধাতু. স° নী ধাতু প্রাপণে, নয়নে)। নি·ই—বহন, আনয়ন, চালন করি, প্রঃ—টাকা নিয়া চল, মাথায় ভার নিয়া চলিতে পারে না; অপহরণ করি, প্রঃ—কাপড় নিয়া পলাইয়াছে। নেআ, (নেওয়া)॥ নেআ···ধাতু. (নি ধাতু আস্তে)। নে-আনা॥ প্রঃ—তাহাকে দুষ্কর্মে নেআইতেছে। (ন ল উচ্চারণে ভুল করিয়া লোকে নি ধাতু স্থানে ল ধাতুপদ প্রয়োগ করে। বা° ল ধাতু স° লভ ধাতু হইতে আসাতে অর্থের সাদৃশ্য ঘটিয়াছে। (ল ধাতু দেখ)।

নি ··ব্য. (স°তে নি অব্যয় দ্বারা নানা অর্থ প্রকাশিত হয়)। বা°-তে শব্দের পূর্বে বসিয়া নিষেধে, অভাবে, প্রঃ—নি-কম্মা লোক, নি-খুঁৎ লেখা, নি-সাড় ঘুম, ইত্যাদি।

নি···ব্য. (নাই দেখ)। নাই শব্দের রূপান্তরে সামান্য ভূতকালে প্রঃ—এ সব টাকার তোড়া চোরে কেন হরে নি (ঈশ্বরগুপ্ত)। (ব্যাকরণ দেখ)।

নি···ষ্য. (স° নিষাদ শব্দ হইতে। হি° নিখাদ)। গীতের সপ্তস্বরের সপ্তম স্বর।

নিং ··নিবেদক শব্দের সংক্ষেপে।

নিঃ · নির্ দেখ।

নিঅড়ে ··ব্য. (স° নিকটে)। নিকটে, প্রঃ—পরভুর নিঅড়ে গিআ (শূঃ পুঃ)। (প্রাচীন বা°তে)।

নিউমোনিয়া ··ষ্য. (ই° pneumonia)। ফুসফুসের প্রদাহ-রোগ।

নিকট...ণ. (স°)। সমীপবর্ত্তী, ঘনিষ্ঠ, প্রঃ—গ্রাম নিকট, নিকট সম্পর্কের লোক। নিকটে ··বা. শীঘ্র, প্রঃ—নিকটে আসিব ঠাকুর (চৈতন্যমঙ্গল); সমীপে, প্রঃ—নিকটে গ্রাম নাই, তাহার নিকটে টাকা পাইবে।

নিকট···ধাতু. (স° নির্-কৃষ ধাতু হইতে। নিকষ ধাতু দেখ)। নিকটি—নিষ্কর্ষণ করি, প্রঃ—নিকটিয়া দাঁত (মাঃ)। (অপ্রচলঃ)।

নি-কড়িয়া, নি-কড়্যো...ণ. (নি+কড়ি+ইয়া)। কড়ি—ধন—নাই যার, নির্ধন।

নি-কম্মা···ণ. (বা° নি+কম্ম+আ। তু° স° নিষ্কর্ম্ম)। কর্ম্মহীন, কর্ম্মের অযোগ্য।

নিকর···ষ্য. (স°। যথা, নিকরো নিবহে সারে ন্যায়-দেয়-ধনে নিধৌ—মেঃ)। সার, রাশি, প্রঃ—উর্দ্ধদরে সারা হয়, হরণ অঙ্ক হয় নিকর (শুভঙ্করী)। নিকর জমা... নিশ্চিত রাজস্ব (ret revewne)। জমি নিকর করা—নিশ্চয় করা, রাশি পরিমাণ করা।

নিকল···ধাতু. (স° নির্গল ধাতু। হি° নিকল ধাতু)। নিকলি—নির্গলিত হই, প্রঃ—তুলিয়া আছাড়ে ভূঞে শোণিত নিকলে মুঞে দুই অঙ্গে বহে ঘামজল (কবিকঃ)। নিকলা॥ (কৃত্তিঃ-তে প্রচুর প্রয়োগ আছে। অধুনা অপ্রচলঃ)।

নিকষ···ধাতু. (স° নির্-কৃষ ধাতু)। নিকষি—অপনয়ন, নিষ্কাশন করি, প্রঃ—চৈঃ চঃ। নিকষা॥ (পদ্যে)।

নিকা···ষ্য. (আ° নিকাহ্—বিবাহ)। মুসলমান মধ্যে বিধবা-বিবাহ,প্রঃ—আপন তরফ নিয়া বসিল অনেক মিঞা, কেহ নিকা

কেহ করে বিয়া। মোল্লা পড়িয়া নিকা দান পায় সিকা সিকা, দোয়া করে কলমা পড়িয়া (কবিকঃ)।

নিকা...ধাতু. (সং নিক্ত হইতে। সং নিজ ধাতু নির্ম্মলীকরণে)। নিকাই—গো-ময়াদি লেপন দ্বারা শুদ্ধ নির্ম্মল করি। নিকানা॥ নিকানা পোছানা...ণ. পবিত্রী-কৃত ও মার্জ্জিত (সহচর শব্দ)। ঘর-নিকানা মাটি···যে মাটি জলে মিশাইয়া ঘর নিকানা যায়।

নিকা, লিকা···ষ্য. (সং অক্ষ হইতে? ওং অখ্। বাংতে অখা আখা হইবার সম্ভাবনা ছিল। কিংবা নীক দেখ)। গাড়ীর চাকার অক্ষ।

নি-কাট ··ণ. (সং নি=নিশ্চয়ে, কাট ধাতু)। রসহীন, প্রঃ—জমি নিকাট করা—জমির জল কাটাইয়া শুষ্ক করা।

নি-কামী ··ণ. (নি—নিষেধে, কামী)। কর্ম্মের অযোগ্য, নিষ্কর্ম্মণ্য।

নিকাল···ষ্য. (হিং। সং নিষ্কালন।) বহিস্করণ, প্রঃ—নিকাল দেওয়া।

নিকাশ···ষ্য. (সং নিষ্কাশ)। বহির্গমন, প্রঃ—জল নিকাশ করা; শেষ, সমাপ্তি, প্রঃ—হিসাব নিকাশ করা। নিকাশী...ণ. নিকাশ করা হইয়াছে যাহা, প্রঃ—নিকাশী জল, নিকাশী টাকা—প্রাপ্য টাকা। নিকাশি ষ্য. নিকাশ, বহির্গতি।

নিকী, লিকী ··ষ্য. (সং লিক্ষা—নিক্ষা)। উকুনের ডিম্ব।

নিকুট...ধাতু. (সং নির+কুষ ধাতু। সং নিষ্কুষিত—নিষ্কাসিত)। নিকুটি—নিষ্কাসিত করি, প্রকাশিত করি, ...—দাঁত নিকুটিয়া (মাঃ)। (নিকট ধাতু দেখ)।' (অপ্রচলঃ)।

নিকৃতি···ষ্য. (সং নারাচী হইতে নিকি+পাত্রী =নিকিতী? তুং দাঁড়ীপাল্লা। সং নিষ্ক+পাত্রী? ওং নিকিতি, হিং নিকৃতী)। যে লৌহময় ছোট তুলাযন্ত্রে লৌহবাণ থাকে। নিকৃতির বাটী···নিকৃতির ধাতুময় পাল্লা। নিকৃতির ওজন...নিকৃতি দ্বারা সূক্ষ্ম উন্মান। নিকৃতির কাঁটা···নিকৃতির বাণ, উন্মান ঠিক হইলে যেমন কাঁটা বামে কিংবা দক্ষিণে হেলে না, তেমন; অর্থাৎ একটুকুও এদিক ওদিক না হওয়া।

নি-খরচা···ষ্য. (নি+খরচা)। বিনা অর্থব্যয়, প্রঃ—নি-খরচায় গঙ্গাস্নান। নিখরচিয়া, নিখরচ্যে···ণ. (নিখরচ+ইয়া)। ব্যয় নাই যাতে বা যার।

নি-খাওন্তা···ণ. (নি+খা ধাতু+ওন্তা। তুং আসাং ওঁতা প্রত্যয় (কর্তৃবাচ্যে)—খাওঁতা—যে পুরুষ খায়। সং তৃ প্রত্যয় হইতে তা। বাংতে এরূপ শব্দ অধিক নাই। (ব্যাকরণ দেখ)। যে পুরুষ অধিক খাইতে পারে না। স্ত্রীং নিখাওন্তী।

নিখাদ···ষ্য. (হিং। সং নিষাদ)। গীতের সপ্ত সুরের নি সুর।

নিখুঁৎ···ণ. (নি+খুঁৎ হিং নিখোট)। খুঁৎ—দোষ—নাই যাতে। (খুঁৎ দেখ)।

নিখুঁতি···ষ্য. (?)। মণ্ডাবিশেষ, প্র—কৃত্তিঃ।

নিগম ··ষ্য. (সং নির্গম)। নির্গম, প্রঃ—নিগম জানে না—বিপদ্ হইতে উদ্ধারের উপায় জানে না। আগম-নিগম...ষ্য. (সং আগম নির্গম)। আগমন ও নির্গমন, প্রঃ—আগম জানে নিগম জানে না—যেমন অর্জুনপুত্র অভিমন্যু ব্যূহে আগম

জানিতেন তথা হইতে নির্গম জানিতেন না।

নিগম...ষ্য. ( সং )। বেদ, প্রঃ—আগমে আছে নিগমে নাই,—আগম—তন্ত্রশাস্ত্র। আগম-নিগম ··ষ্য. ( সং। সহচর শব্দ )। তন্ত্র ও বেদ, সর্বশাস্ত্র।

নিগা, নিঘা ··ষ্য. ( ফাং নিগা। তুং সং নিরীক্ষণ। সং. মংতে নিঘা—সং নিধ্যান হইতে ? )। মনোযোগ, বিশেষ দৃষ্টি, প্রঃ—নিগা করিয়া দেখা। নিঘা-পনা···ষ্য. ( পনা—ব্যবহার )। সেবা, দেখাশুনা।

নিগূঢ়···ণ. ( সং ) গুপ্ত, প্রচ্ছন্ন।···ষ্য. গুপ্ত কথা, গুপ্ত বিষয়, প্রঃ—কথাটার নিগূঢ় কি ?

নি-ঘিন্না ··ণ. ( সং নির্ঘৃণ )। ঘৃণাশূন্য, প্রঃ—এমন নির্ঘৃণ মোরে কেবা কৃপা করে ( চৈঃ চঃ )।

নিঙ্গাড়...ধাতু. ( চণ্ডীদাসে নিঙ্গাড়, কবিকঙ্কণে নিচোড়, গাণিকে নিঙ্গাড় ধাতু। বাং নিঙ্গাড়া, ওং চুপুড়িবা, হিং নিচোড়না, মং চেঙ্গারণেঁ। সং নিগ্ন ধাতু শুদ্ধি হইতে নিঙ্গিত। নিঙ্গিত হইতে নিঙ্গাড়া ধাতু। বোধ হয় ভুলে নিঙ্গাড় ধাতুও আসিয়াছে )। নিঙ্গাড়ি—নিষ্পিষ্ট করি, রসশূন্য করিতে চাপি প্রঃ —মুঠা করে সর্ষে নিঙ্গুড়ি মাথে তেল (মাঃ) —নিঙ্গুড় ধাতু গ্রাং। নিঙ্গাড়া॥

নিঙ্গাড়া···ধাতু. ( সং নিঙ্গিত হইতে )। নিঙ্গাড়াই—নিষ্পেষিত করিয়া রসহীন করি, প্রঃ– কত চাঁদ নিঙ্গাড়িয়া মুখানি মাজিয়াছে ( জ্ঞানদাস )। নিঙ্গাড়ানা॥

নিচয়···ষ্য. ( সং )। নিশ্চয়। (পদ্যে)।

নিচোড়···ধাতু. (নিঙ্গাড় ধাতু দেখ)। নিচোড়ি—চাপিয়া রসহীন করি, প্রঃ—মুঠে নিচোড়িয়া তাহে দিল আদারস ( কবিকঃ )। নিচোড়া॥ (অপ্রচলঃ)।

নিচ্চিন্দি ( গ্রাং )···ণ. ( সং নিশ্চিন্ত। পালি নিচ্চিন্তো। হিং নিচিন্ত। ওং নিচিন্দি )। নিশ্চিন্ত।

নিচ্ছন্দ (গ্রাং) ··ণ. (সং নিশ্চিত)। নিশ্চিত নির্ধারিত।

নিছ ধাতু. ( সং নির্মঞ্ছন—নির্‌+মন্চ ধাতু ধারণ, পূজন। তুং প্রাণরাজ্য করোঁ প্রভুপদে নির্মঞ্ছন—চৈঃচঃ। তুং নীরাজন—দেবদেবীর সম্মুখে আরতি। আরতি করিয়া দেবদেবীর অঙ্গে স্পর্শ করাইয়া নিক্ষেপ। এই নিক্ষেপ অর্থও বাংতে আসিয়াছে। নি-ক্ষিপ ধাতু হইতে নিছ ধাতু সহজে আসে। ওং নেউছালি )। নিছি—বরণ করিতে স্পর্শ করাইয়া নিক্ষেপ করি, প্রঃ—পণ্ডিতে বেদ গান নিছিআ পেলেন ( ফেলেন ) পান, হুলুই পড়এ ঘনে ঘন ( শূং পুঃ ); শিরে দিয়া দুর্বাধান নিছিয়া ফেলিল পান (কবিকঃ); শিব প্রদক্ষিণ গোরী কৈল সাতবার, নিছিয়া ফেলিল পান কৈল নমস্কার (কবিকঃ)। (২) বরণ করিয়া নিক্ষেপ করি, প্রঃ—শ্যাম বন্ধুর সনে পিরীতি করিয়া নিছিয়া দিলাম কুল (চণ্ডীঃ); জাতি যৌবন ধন নিছিয়া ফেলিব শ্যামপায় ( জ্ঞানদাস )। (৩) গ্রহণ করি, প্রঃ—ভুবন ভরিয়া অপযশ ঘোষণা, নিছিয়া লইনু মাথে ( জ্ঞানদাস )। (৪) অপহরণ করি, ছিনাই প্রঃ—পরাণ নিছিয়ে তোমার নয়ান কাজরে ( জ্ঞানদাস ); দেউল নিছিয়া দিল পঞ্চরত্ন ধন (কবিকঃ)। নিছা, নিছনি॥ নিছনি···ষ্য. বরণ, প্রঃ—

চরণের নিছনী ফুল ( কবিকঃ ); বরণীয় বস্তু, প্রঃ—মরে যাই লইয়া নিছনি (ভাঃ)। নিছনি-ডালা ··বরণ ডালা (ভাঃ)। নিছনি···ষ্য. অশ্বগজাদির দেহের বস্ত্র ( তু° সং নীরাজন-বিধি ), প্রঃ—সতেক হাথ নেতে কৈল ঘোড়ার নিছনি ( শূং পুঃ )। ( অপ্রচলঃ )।

নিছক, নিছু··ণ. ( হিং নিছক্কা। সং নিসর্গজ ? )। অবিমিশ্র, শুদ্ধ, প্রঃ—সেখানে নিছক বালি।

নিজ···ষ্য. ( সং )। আপনি, স্বয়ং। নিজ খরচ আপনার নিজের ব্যয়। নিজ জোত ·· নিজের জমি নিজে চাষ। নিজস্ব···ষ্য. (সং)। আপনার অধিকৃত।

নিজাম ··ষ্য. (আং)। রাজ্যশাসক। নিজামৎ ···ষ্য. ( আং )। রাজ্যশাসন। নিজামতি ···ষ্য. নিজামৎ কার্য। নিজামতী···ণ. নিজামৎসম্বন্ধীয়।

নিজ্জশ, নিজ্জাশ ( গ্রাং )···ব্য. ( সং নিশ্চয় ) নিশ্চয়, প্রঃ—এই সব রস নির্যাস করিব আস্বাদ ( চৈঃ চঃ )—নিশ্চয়।

নিঝ্ঝুম ··ণ. ( সং নির্ধুন )। নিষ্কম্পিত, নির্বাত।

নিট্-পিটা ··ণ. (নড়্-বড়, নিড়্-বিড় হইতে)। ছুস্তোষণীয়, যাহার কাজে শৃঙ্খলা নাই; শৃঙ্খলাহীন (কাজ)।

নিটল, নিটোল···ণ. ( সং নিস্তল। যথা, বর্তুলং নিস্তলং বৃত্তং—অঃ )। বর্তুলাকার, টোল নাই যাতে। ( টোল দেখ )।

নিটুট···ণ. ( নি-ত্রুটি )। ত্রুটিশূন্য, নির্দোষ।

নিটোল···নিটল দেখ।

নিঠা-কাঠা···ষ্য. ( সং নিষ্ঠা-কাষ্ঠা )। নিষ্ঠার কাষ্ঠা বা সীমা, প্রঃ—একাদশীর নিঠা-কাঠা উপাস করা—বিধিসম্মত উপবাস।

নিঠুর...ণ. ( সং নিষ্ঠুর। হিং নিঠুর )। নিষ্ঠুর ( পদ্যে )। নিঠুরাই···ষ্য. ( সং নিষ্ঠুরতা )। নিষ্ঠুরতা, প্রঃ—না করিহ নিঠুরাই (চৈঃ চঃ)। নিঠুর-পনা···ষ্য. নিষ্ঠুর ব্যবহার।

নিড়া···ধাতু. ( সং নিস্তৃণ হইতে। নিস্তৃণ—নিইণ—নিড় )। নিড়াই—ক্ষেত্রাদি নিস্তৃণ করি। নিড়ানা॥ নিড়ানি, নিড়ান ··ষ্য. নিস্তৃণীকরণ। নিড়ানী···ষ্য. যে শস্ত্র দ্বারা নিস্তৃণ করিতে পারা যায়, যেমন দাউলী।

নিড়্-বিড়···নড়্-বড় দেখ। নিড়-বিড়া···ণ. যে কেবল নড়ে চড়ে, শীঘ্র কাজ শেষ করিতে পারে না।

নিৎ, নিতি...ব্য. ( সং নিত্য )। নিত্য, প্রঃ—সখী কহে নিতি এ পথে যাই ( চণ্ডীঃ )। নিতই...নিত্য-ই, প্রঃ—নিতই নূতন।

নিতাই ··ষ্য. ( সং নিত্যানন্দ )। সাধারণে শ্রীচৈতন্যদেবের অগ্রজ বলিয়া পরিচিত। কিন্তু ইনি বীরভূমের একচক্রা গ্রামে হাড়াই পণ্ডিতের পুত্র ছিলেন। পরে এক সন্ন্যাসীর সহিত বহুতীর্থাদি ভ্রমণ করিয়া পরিশেষে নবদ্বীপে শ্রীগৌরাঙ্গের সহিত সম্মিলিত হন। শ্রীগৌরাঙ্গদেব ইহাঁকে দাদা সম্বোধন করিতেন। নিত্যানন্দ গৃহী হইয়া ছিলেন। কথিত আছে, মহাপ্রভুর অগ্রজ বিশ্বরূপ সন্ন্যাস গ্রহণের পর দেহত্যাগ করিয়া তাহাঁর তেজ নিত্যানন্দে সঞ্চারিত করিয়াছিলেন।

নিতান্ত, নিতান্ত ( গ্রাং)···ণ. ( সং নিতান্ত )। অত্যন্ত, অধিক; অবশ্য, প্রঃ—নিতান্ত করিয়া কই মনে যেন রয় হে ( ভারতে, রস-

নিত্ত (গ্রা°) · স্ত্রী. ( স° নৃত্য। স°প্রা° নিত্ত ) নৃত্য।

নিত্য-নৈমিত্তিক···স্ত্রী. ( স° )। নিত্য যাহা করিতে হয়, এবং নিমিত্ত পড়িলে যাহা করিতে হয়।

নিতি, নিত্তি ( গ্রা° ) ··নিৎ দেখ।

নিথর···ণ. ( স° নি+স্থির )। স্থির, নিস্তব্ধ। ( পদ্যে )।

নিদ···স্ত্রী. ( স° নিদ্রা। হি° )। নিদ্রা, প্রঃ—চণ্ডীঃ, প্রাচীন বা°।

নিদয়···ণ. ( স° নির্দয় )। নির্দয় ( পদ্যে )।

নিদাটি···স্ত্রী. ( নিদ্রা+মাটি )। মন্ত্রসিদ্ধ ধূলি (যেমন ইন্দুরগর্তের) নিক্ষেপ দ্বারা নিদ্রালুতা। ( নিদালি দেখ )।

নিদান···স্ত্রী. ( স° )। মূল কারণ, প্রঃ—রোগের নিদান; রোগনিদান-গ্রন্থ, যেমন মাধব-করের; অবসান, প্রঃ—পরাণে বাঁচে না বাঁচে, নিদান দেখিয়া আসিনু হেথায়, কহিনু তোহারি কাছে ( চণ্ডীঃ )—অন্তিম অবস্থা। নিদান হওয়া—মৃত্যু আসন্ন হওয়া। নিদান পক্ষে...অন্ততঃ।

নিদালি...স্ত্রী. ( স° নিদ্রা হইতে। নিদ্রা—নিদার—নিদালি। কিংবা নিদাটি দেখ )। গাঢ় নিদ্রা, তন্ত্রমন্ত্র দ্বারা গাঢ় নিদ্রা, প্রঃ—কৃত্তিঃ (লং)।

নিদ্দা, নিদ্দ (গ্রা°)···স্ত্রী. ( স° নিদ্রা )। নিদ্রা, প্রঃ—দিবা গেল বৃথা কর্ম্মে রাত্তি গেল নিদ্দে না ভজিনু শ্রীকৃষ্ণের পদারবিন্দে।

নিদ্দোষী ( গ্রা° ) ··নির্দোষী দেখ।

নিদ্ধাজ্জ ( গ্রা° ) ··ণ. (স° নির্ধার্য)। নির্ধার্য, নিশ্চিত।

নিদ্রা···স্ত্রী. ( স° )। নিদ্রা। নিদ্রা দেওয়া, যাওয়া—ঘুমানা। ( "ঘুম দেওয়া", "ঘুম যাওয়া" হয় না )।

নি-ধান···ণ. ( স° নি-র্ধান্য )। ধান্যশূন্য, প্রঃ—নিধান করিয়া থই (কবিকঃ)।

নিধ্ধনী ( গ্রা° ) ··ণ. ( স° নির্ধন )। নির্ধন, প্রঃ—নিধ্ধনীর ধন হওয়া। ( নির্ধনী দেখ )।

নিধার্য্য...ণ. ( স° নির্ধার্য )। নির্ধার্য, নিশ্চিত, প্রঃ—নিবেদন শুন রাজা নিগূঢ় নিধার্য্য (মাঃ)—প্রায়ই নিদ্ধাজ্জ।

নি-নামী···ণ. ( নি+নামী )। নাম—খ্যাতি নাই যার।

নিন্দ ··ধাতু. ( স° )। নিন্দি—দোষ কহি, অপবাদ কহি, গুণে পরাজিত করি। (পদ্যে)। নিন্দুক (গ্রা°)···স্ত্রী. (স° নিন্দক)। নিন্দক।

নিপট ··ণ. ( স° নির্ভর—অতিশয়। স° নির্ভট—দৃঢ়। ও° হি° ম° নিপট—অত্যন্ত )। অতিশয়, প্রঃ—ঘুরণি নিপট ( চণ্ডীঃ ); স্পষ্ট, প্রঃ—নিপট বাহ্য হৈলে (চৈঃ চঃ)—স্পষ্ট বাহ্যজ্ঞান হইলে।

নিপাত···স্ত্রী. ( স° )। অধঃপতন; মৃত্যু, প্রঃ—নিপাত যাও (গালিতে)।

নিপিত্তিয়া, নিপিত্তে ··ণ. (নি+পিত্ত+ইয়া)। ঘৃণারহিত। ( শরীরের পিত্ত ধাতু হইতে ক্রোধ ঘৃণার উৎপত্তি )।

নিব...ধাতু. ( স° নির্+বা ধাতু নির্বাণে )। নিবি—নির্বাণ হই, প্রঃ—দীপ নিবিয়াছে। নেবা॥ নিবা, নেবা ··ধাতু. ( নিব ধাতু আস্তে )। নিবানা নেবান॥ ( নিভ ধাতু দেখ )।

নিব ··স্ত্রী. ( ই° nib )। কলমের মোচ।

নিবড়···ধাতু. ( স° নি-বৃৎ ধাতু। ও° হি° )।

নিবড়—নিবৃত্ত, সমাপ্ত হই, প্রঃ—এগার নিবড়ে যবে বারতে প্রবেশ (কৃত্তিঃ আত্ম-পরিচয়), কবিকঃ। (অপ্রচলঃ)। (নিবাড় দেখ)।

নিবর্ত্ত...ণ. (সং। সং নিবৃত্ত)। নিবৃত্ত, প্রঃ—নিবর্ত্ত করিয়া কৈল স্বচ্ছন্দগমন (চৈঃ চঃ)।

নিবাড় ··ণ. (সং নির্ব্বৃত্ত। সং নীরর—পঙ্ক ?)। অবশেষহীন, প্রঃ—ভাঁড় হইতে নিবাড় করিয়া তেল কাড়া।

নিবার···ধাতু. (সং নিবার হইতে)। নিবারি—নিবারণ করি, প্রঃ—চিতের অনল কত চিতে নিবারিব (চণ্ডীঃ)। নিবারা॥ (পদ্যে)।

নিবেদ...ধাতু. (সং নিবেদ হইতে)। নিবেদি—সমর্পণ, জ্ঞাপন করি, প্রঃ—নিবেদি তব পায়—তোমার পদে। (পদ্যে)। নিবেদন ···ষ্য. (সং)। সমর্পণ, প্রঃ—ঠাকুরকে নৈবেদ্য নিবেদন করা; জ্ঞাপন, প্রঃ—সবিনয় নিবেদন। নিবেদন পাওয়া (গ্রাং ?)—সবিনয়ে জ্ঞাপন করা।

নিবেশ···ষ্য. (সং নিবেশ)। স্থান; বাড়ী, প্রঃ—আপনার নিবেশ ?—আপনার স্থান—দেশ কোথায় ?

নিভ ··ধাতু. (নিব ধাতুর রূপান্তর, অপ্রচলঃ হইতেছে। তুং লিভ ধাতু)। নিভি—নির্ব্বাণ হই। নিভা, নেভা॥ নিভা···ধাতু. (নিভ ধাতু আস্তে)। নিভাই—নির্ব্বাপিত করি। নিভানা॥ প্রঃ—নিভান আগুনি দিলা জ্বালি (জ্ঞানদাস)।

নিভাউ···ণ. (সং নির্ব্বাণ)। অন্তর্হিত।

নি-ভাঁজ ··ণ. (নি+ভাঁজ। সং ভঙ্গা—দোষ, শঠতা—হইতে ভাঁজ)। অবিমিশ্র, যাহাতে মিশাল বা শঠতা করা হয় নাই, প্রঃ—নির্ভাঁজ তেল।

নিম ··ষ্য. (সং নিম্ব। রোগ নমিত করে বলিয়া নিম্ব, নিম্ব—অঃ টীঃ। তুং নিম্ব লিম্ব)। প্রসিদ্ধ গ্রাম্য তরুবিশেষ (The margosa. Melia azadirachta)। পাতা ছাল তিক্ত। মাঝের কাঠ লাল। ফুল শাদা, দূর হইতে সুগন্ধ। মহানিম, ঘোড়ানিম ··ষ্য. (সং মহানিম্ব)। নিমের তুল্য তরুবিশেষ (The Persian Lilac. Melia azedarach)। পাতা দ্বিধা ত্রিধা পক্ষাকার, বর্ষমধ্যে একবার ঝরিয়া পড়ে। ফুল আ-নীল-লোহিতবর্ণ। নিমফল ··ষ্য. (সং নিম্বফল)। নিম্ববৃক্ষের ফল; শিশুর কটির নিম্বফলাকৃতি ভূষণবিশেষ। নিমফুল ··ষ্য. (সং নিম্ব+বাং ফুল)। নিম্ববৃক্ষের পুষ্প; নারী-করের নিম্বপুষ্পাকৃতি ভূষণবিশেষ।

নিম ··ণ. (ফাং নীম—অর্দ্ধ। তুং সং নেম—অর্দ্ধ)। অর্দ্ধ, প্রায়, প্রঃ—নিম রাজী—প্রায় সম্মত।

নিমক ··ষ্য. (ফাং নমক—স্বাদ। হিং)। লবণ। নিমকের চাকর ··প্রভুর অন্নে প্রতিপালিত ভৃত্য। নিমক-হারাম ··ণ. (ফাং নমক-হরাম)। অকৃতজ্ঞ। নিমক হারামি ··ষ্য. অকৃতজ্ঞতা। নিমক-মহল···ষ্য. যে মহলে প্রদেশে লবণ উৎপন্ন হয়। নিমকী···ষ্য. ময়দা ঘি নুন কালজীরা দিয়া প্রস্তুত কড়্-কড়িয়া লুচী।

নিমন্ত্রণ (গ্রাং নিমন্তন্ন)···ষ্য. (সং। তুং নেওতা)। ভোজনার্থে আহ্বান। নিমন্ত্রণ করা, দেওয়া, প্রঃ—নিমন্ত্রণ দিল দক্ষ সুর-

নাগ-নরে (কবিকঃ)। নিমন্ত্রণ-রক্ষা ··নিমন্ত্রণ পালন।

নিমাই···ষ্য. ( নিম্ব—নিম+আই—আদরে। নিম্ব তিক্ত বলিয়া ? )। শ্রীচৈতন্যের মাতৃদত্ত নাম।

নিমাইৎ, নিম্বাইৎ···ষ্য. (নিম্ব+ইত)। নিম্বার্ক নামক বৈষ্ণব-সম্প্রদায়বিশেষ। নিম্বার্ক সম্প্রদায় মাধবাচার্যের অনুগত।

নিমিখ···ষ্য. ( সং নিমিষ )। নিমিষ ( বৈষ্ণব-পদে )।

নিমুকা ··আকনাদি দেখ।

নিয়ড়···ণ. ( সং নিকট )। নিকট, প্রঃ—কৃত্তিঃ, কবিকঃ, মাঃ। ( অপ্রচলঃ )।

নিয়ৎ ( গ্রাং ) ··ষ্য. ( সং নিয়তি )। অদৃষ্ট, প্রঃ—নিয়ৎ ছিল তাই মরিয়াছে।

নিয়ৎ · ষ্য. ( আং )। অভিলাষ, মানস, ব্রত-অঙ্গীকার, প্রঃ—ঠাকুরের কাছে নিয়ৎ করা।

নিয়র···ণ. (সং নিকট। প্রায়ই নিয়ড়)। নিকট, প্রঃ—সীতাপতি নিয়রে চলত অতি উনমত হোই ( নবদ্বীপপরিক্রমা )। ( অপ্রচলঃ )।

নিয়াই, নিহাই···ষ্য. ( সং নাভি। ওং নেহি, হিং নিহাই, মং ঐরণ। সং নাম স্থূণা। অধুনা বাংতে প্রায়ই, নেই, নাই )। লোহ-পিণ্ড যাহার উপরে কামার লৌহ পিটে, প্রঃ—নিয়াই উপরে রেখে পিটে ধূমধাম ( কবিকঃ )। কানী-নিয়াই···যে নিয়াইর এক দিক ক্রমশঃ সরু ( কান হইতে কানী )। চউকী নিয়াই···যে নিয়াইর পৃষ্ঠ চতুষ্কোণ।

নিয়াচ ( গ্রাং ) ··ষ্য. ( সং নববীজ )। কাদায় ধান্যের বীজ বপন দ্বারা চারা।

নিয়ান···ষ্য. ( সং লৌহবৃন্ত হইতে। ওং নিহাণ )। যে বাটালীর বাঁট লোহার।

নিয়ারা···ণ. ( সং নিরালয় হইতে ? ওং হিং নিয়ারা )। পৃথক।

নিয়ারিয়া···ষ্য. ( হিং নিয়ার+ইয়া )। যে সেকরার দোকানের অঙ্গার-পাঁশ-ধুলা হইতে সোনা-রুপা পৃথক করে।

নিয়োজ...ধাতু. (সং নিযোগ হইতে)। নিয়োজি—নিযুক্ত করি, প্রঃ—নিয়োজিল তার সঙ্গে ভারী দশ জন। (কবিকঃ)। (পদ্যে)।

নিয়োগী ·:ষ্য. ( সং )। কর্মসচিব; পদবী-বিশেষ।

নির্···উপসর্গ. (সং নির্—নির্ণয়, নিষেধে )। বাংতে বিশেষ্যের পূর্বে যুক্ত হইয়া নিষেধ বুঝায়, প্রঃ—নির্জলা—জলা নহে, নির্গাঁই—গাঁই নাহি যার, নির্ভুল—ভুল নাই যাতে।

নিরংশী...ণ. ( নির্+অংশী। সং নিরংশ )। অংশী নহে যে, প্রঃ—রামপ্রসাদ বলে কুপুত্র ব'লে, আমায় নিরংশী করেছে।

নিরখ...ধাতু. ( সং নির্+ঈক্ষ ধাতু দর্শনে )। নিরখি—নিরীক্ষণ করি, প্রঃ—নহি বিভাবসু আমি, দেখ নিরখিয়া রাবণি (মেঘনাদবধঃ)।

নিরপরাধী···ণ. ( বাং নির্+অপরাধী )। নিরপরাধ।

নিরম···ধাতু. ( সং নির্মা ধাতু হইতে )। নিরমি—নির্মাণ করি। ( পদ্যে )।

নিরস, নিরেস ( গ্রাং ) ··ণ. ( সং নীরস—রস-শূন্য। ওং নিরসা, হিং নিরস, মং নিরস নরস্ )। অপ্রীতিকর, নিকৃষ্ট। নিরসা··ণ. ( বাং নি+রসা )। শুষ্ক, স্বাদহীন।

নিরস্ত···ণ. ( সং )। প্রত্যাখ্যাত।

নিরাকরণ···ষ্য. (সং—নিবারণ, প্রত্যাখ্যান)।

বিরোধী বিষয়ের প্রত্যাখ্যান, প্রকৃত বিষয় নির্ধারণ।

নিরাট ( গ্রা° নিরেট )…ণ. ( সং নির্ভট—দৃঢ় —শব্দকল্প। বোধ হয়, সং নির্ভর—গাঢ় হইতে নির্ভট, কিংবা সং নির্দর—সার, কঠিন—হইতে নিরাট। যথা, নির্দরং নির্ভরে সারেঽন্যবত্তু কঠিনে—মেঃ। নিপট দেখ) ও° নিদা, হি° নিরেট নিগ্‌গর, ম° ঘট্ট। ঘট্ট —(নির্)-ভট )। সারগর্ভ, নীরন্ধ্র।

নিরানব্বই, নিরানই ··ষ্য. ণ. (সং নবনবতি)। নয় অধিক নব্বই-সঙ্খ্যা,-সঙ্খ্যক ; ৯৯। নিরানব্বইর ধাকা···শত পুরণের নিমিত্ত ব্যগ্রতা।

নিরালা…ণ. ( সং নিরালয়। তু° সং নিঃশলাক —নির্জন )। নির্জন।

নিরিক-চিরিক···ণ. ( নড়্‌-চড় হইতে )। যে সর্বদা নড়্‌-চড় করে, তুষ্টোষণীয়।

নিরিখ…ষ্য. ( ফা° নিরখ )। বাজার-দর। জমি নিরিখ করা—কত খাজনা হইতে পারে তাহা স্থির করা।

নিরিবিলি ··ণ. (সং নিভৃত হইতে ?)। নিরালা, নির্জন।

নিরেট···নিরাট দেখ।

নিরোগা ( গ্রা° )···ণ. ( সং নীরোগ। বা° নির্+রোগা )। রোগহীন।

নির্গাঁই, নির্গাঞি ··ণ. ( নির্+গাঁই )। গাঁই নাই যার।

নির্ঘণ্ট ··ষ্য. ( সং )। অনুক্রমণিকা, তালিকা।

নির্ঘাত ··ণ. ( সং—বজ্রবিশেষ )। বজ্রবৎ কঠোর, নিষ্ঠুর, প্রঃ—মারিল সেনের বুকে নির্ঘাত সন্ধান (মাঃ)।

নির্জলা…ণ. ( নির্+জলা )। জলা নয় যাহা।

নির্দম···ণ. ( নির্+দম )। দম—শ্বাস—নাই যাতে যার, প্রঃ—নির্দম প্রহার—যে প্রহারে শ্বাসরোধ হয়।

নির্দোষী…ণ. ( নির্+দোষী )। দোষী নহে যে। ( সং নির্দোষ )।

নির্ধনী···ণ. ( নির্+ধনী )। ধন নাই যার। ( সং নির্ধন )।

নির্বংশিয়া, নির্বংশ্যে···ণ. ( নির্+বংশিয়া )। বংশ নাই যার, যে নির্বংশ হইয়াছে ( গালিতে )।

নির্ভর…ণ. ( সং—গাঢ়, দৃঢ়, নিতান্ত—অঃ। নিঃশেষেণ ভরো ভারোঽত্র—অঃটীঃ। তথা মেঃ—নির্দরং নির্ভরে সারেঽন্তবত্তু কঠিনে-ঽত্রপে—নির্দর নির্ভর সার কঠিন অলজ্জা )। দৃঢ়, সার, প্রঃ—নির্ভর সাক্ষী।···ষ্য. ভার, প্রঃ—লোকের কথায় নির্ভর করা—লোকের কথা দৃঢ় বা সার মনে করা। ( এই অর্থ বাংতে আধুনিক। ইংরেজী to depend upon—কথার অনুবাদে উৎপত্তি। বস্তুতঃ বাং তে এই অর্থ কেবল ইংরেজী-শিক্ষিত লোকের নিকট পাওয়া যায় )।

নির্ভুল ··ণ. ( নির+ভুল )। ভুল নাই যাতে।

নির্মলা, নির্মলী ··ষ্য. ( সং নির্মলা। অন্য সং নাম কতক, অম্বুপ্রসাদ। ও° নির্মল্লী )। কুচিলার সদৃশ মধ্যমাকৃতি আরণ্য তরুবিশেষ ( Strychnos potatorum )। ওড়িশা, বিহার, মধ্যভারত ও পশ্চিম ভারতে আছে। পাকা ফল কৃষ্ণবর্ণ। বীজ গোল। এই বীজ ঘষিয়া কাদা জল নির্মল করা হয়। এজন্য নাম ( The clearing nut )।

নির্মা···ধাতু. ( সং )। নির্মাই—রচি, নির্মাণ করি। (পদ্যে)।

নিলজ্জ ( গ্রা° ) ··ণ. ( স° নির্লজ্জ )। নির্লজ্জ।

নিলাম···ষ্য. ( পর্তু° leilas হইতে উর্দু )। সাধারণের মধ্যে যে অধিক মূল্য দেয় তাহাকে বিক্রয়। নিলামী···ণ. নিলাম হইবে কিংবা হইয়াছে যাহা। নিলামযোগ্যতা··· নিলাম হইবার যোগ্যতা।

নিশ-পিশ ··লিস-পিস দেখ।

নিশা ··নিষা দেখ।

নিশান···ষ্য. ( ফা° নিষান )। ধ্বজা, চিহ্ন; লক্ষ্য। নিশান করা—লক্ষ্য করা, ঠিক করা। নিশানা ··ষ্য. নিদর্শন, চিহ্ন সঙ্কেত। নিশানী···ণ. নিশানযুক্ত, চিহ্নিত। নিশান-দেহি···ষ্য. ( নিশান+দেহি— দেওয়া ) নিদর্শনকার্য, প্রদর্শন।

নিশান ··নিসান দেখ।

নিশি, নিশী···ষ্য. ( স° নিশীথ হইতে। থ সহজে লুপ্ত হয়। নিশীথ—অর্ধরাত্রে, রাত্রি-মাত্রকে—মেঃ )। রাত্রি, প্রঃ—নিশি-দিশি কাঁদি ( চণ্ডীঃ )—দিশি—দিসি—দিবস; নির্ম্মাণ করিতে হৈল নিশি অবসান ( কবিকঃ ); না জানি বিহান-নিশি ( জ্ঞান দাস ); নারীর যৌবন নাথ নিশির স্বপন ( মাঃ ); পাতায় পাতায় পড়ে নিশির শিশির ( মদনমোহন )। ( এইরূপ, পূর্ব হইতে বাংতে নিশি শব্দ চলিত আছে। চণ্ডীদাসের সর্বত্র নিশি, কোথাও নিশা নহে। নিশা—স°; নিশি—বা°, স° নিশীথ হইতে )। নিশি-কান্ত ··ষ্য. রজনী-কান্ত চন্দ্র নিশি-জল ··ষ্য. রাত্রে পৃথক রক্ষিত পানীয় জল নিশি-দিন, দিবা-নিশি ··· দিবারাত্রি, নিরন্তর। নিশি-দিশি ··( স° দিবস হইতে দিঅস—দিস—দিসি। নিশি শব্দে শি আছে বলিয়া বানানে দিশি )। নিশি-দিন,প্রঃ—নিশি-দিশি অবিরতজাগিতে ঘুমিতে কত(জ্ঞানদাস)—ঘুমিতে—ঘুমাতে; নিশিদিশি বরণ ধেয়ান ( জ্ঞানদাস ); পুষ্প বনে পক্ষীগণে নিশি-দিশি জাগে ( ভাঃ )। (চণ্ডীদাস ও জ্ঞানদাস নিশি-দিশি পদের অনুরাগী ছিলেন। এই রূপ, চৈতন্তমঙ্গলে)।

নিশী ··ষ্য. ( স° নিশাচরী। কিংবা বা° নিশি +ঈ)। নিশাচরী ভূতযোনিবিশেষ। ইহারা রাত্রে নিদ্রিত মানুষকে ডাকিয়া বনে-বাদাড়, কখন কখন বড় বড় গাছের উপরে লইয়া যায়। পরে গায়ের রক্ত চুষিয়া খায়, কারণ নিশী-পাওয়া মানুষ শুখাইয়া যায়। প্রতীকার, রাত্রে তিনবার না ডাকিলে উত্তর দিতে নাই। (somnambulism)।

নিশ্চয়...ষ্য. ( স° )। নির্ণয়, সিদ্ধান্ত, প্রঃ—সে কথার নিশ্চয় কি ?।···ষ্য. নিশ্চিত, অবধারিত, প্রঃ—নিশ্চয় যাব। নিশ্চয়তা ...ষ্য. ( স°-করা, কিন্তু, ভুলে; তু° সত্যতা )। নিশ্চয়।

নিশ্চিন্দি (গ্রা°)···ণ. (স° নিশ্চিন্ত)। নিশ্চিন্ত, প্রঃ—নিশ্চিন্দি বসিয়া আছে।

নিশ্বাস ··ষ্য. (স° নিশ্বাস—নাসানির্গত বায়ু)। নাসানির্গত বায়ু, প্রঃ—নিশ্বাস ফেলা, নিশ্বাস বহে, নিশ্বাস টেপা—নিশ্বাস না ফেলা; নাসাপ্রবিষ্ট বায়ু, প্রঃ—নিশ্বাস নেআ, নিশ্বাস টানা। ( বাংতে নিশ্বাস অর্থে প্রাণবায়ু। তথাপি, নাসানির্গত বায়ু—অর্থ অধিক চলিত। নাসাপ্রবিষ্ট বায়ু—শ্বাস। তু° শ্বাস টানা, শ্বাসের ব্যামোহ)। নিশ্বাস প্রশ্বাস...ষ্য. (সহচর শব্দ)। নিশ্বাস। ( প্রশ্বাস—প্রায়ই, নাসাপ্রবিষ্ট বায়ু )।

**নিষা**···ষ্য. (সং অন্বেষা,অন্বেষণ। ওং অনইসা, অনিসা)। অন্বেষণ, প্রঃ—করিতে না পারে নিশা টালে-টোলে টালে (ভাঃ)।

**নিষেধ**...ধাতু. (সং নিষেধ হইতে)। নিষেধি —নিষেধ করি, প্রঃ—নিষেধিলে নাহি মানে ধরম বিচার (চণ্ডীঃ)। নিষেধা॥ (প্রায়ই পদ্যে)।

**নিষ্পত্ত**···ষ্য. (সং নিষ্পত্তি। শেষের ই লুপ্ত। তুং রীতি—রীত)। নিষ্পত্তি, বিচার শেষ, প্রঃ—মকদ্দমা নিষ্পত্তের তারিখ।

**নিষ্পাপী**···ণ. (নির্+পাপী)। পাপী নহে যে।

**নিষ্ফলা**···ণ. (সং—স্ত্রীলিঙ্গে)। নিষ্ফল, প্রঃ—নিষ্ফলা যাত্রা।

**নিসত্যা**···ণ. (বাং নি+সত্যা)। সত্যহীন, সত্যপালনে পরাঙ্মুখ, প্রঃ—নিসত্যা পাপীর মুণ্ডে পড়ুক বজ্জর (মাঃ)।

**নিসত্ব** (গ্রাং)···ণ. (নির্+সত্ব)। নিঃসত্ব, সারহীন।

**নিসন্ধি**...ণ. (সং নিঃসন্ধি)। সন্ধি—জোড় নাই কিংবা দেখা যায় না যাতে।

**নিসাদল**···ষ্য. (ফাং নৌষাদর, নৌসাদর। সং নরসার)। মৃত্তিকাজ বিদেশী বণিক দ্রব্য-বিশেষ (sal-ammoniac. Ammonium chloride)। লম্বা সূতার মতন। চুনের সহিত মাড়িলে উগ্রগন্ধ বাষ্প বাহির হয়।

**নিসান**···ষ্য. (সং নিস্বান। আসাং নিসান)। বাদ্যযন্ত্রের শব্দ, প্রঃ—হারে সই শুনি ষবে বাঁশীর নিশান (চণ্ডীঃ); রণে দিল পদ্মাবতী দুন্দুভি নিশান (কবিকঃ)। (নিশান শব্দ চলিত বলিয়া নিসান স্থানে ভুলে নিশান বানান)।

**নিসিন্দা**···ষ্য. (সং সিন্ধুক, সিন্দুবার—অঃ। অন্য সং নাম নির্গুণ্ডী-অঃ। স্যন্দয়তি স্রাবয়তি জলং—সিন্দু; স্বার্থে ক—সিন্দুক, সিন্ধুক—অঃ টীঃ। কিন্তু, জঃস্রাবের লক্ষণ পাওয়া যায় না। বোধ হয়, সিন্ধু-দেশে জন্মে বলিয়া নাম। সিন্ধুং বৃণোতি —সিন্ধুবার—অঃ টীঃ। জলের ধারে জন্মে বলিয়া নাম। নিঃশেষেণ গণ্ডাতে চূর্ণ্যতে—নির্গুণ্ডী—অঃ টীঃ। ফুল বেগুনা বর্ণ বলিয়া ওং নাম বেগুনিআ। হিং নিঙ্গোরী, ইনছুর। রাঢ়ে প্রায়ই ইঞ্ঝ্)। ভাণ্ডী-রাদি বর্গের বড় ক্ষুপবিশেষ (Vitex negundo)। ডাঁটা রোমশ। পাতা সুগন্ধ। পাতায় ৩।৫টা আঙ্গুল, নীচের পিঠ রোমশ। ফুল ছোট ছোট বেগুনাবর্ণ, গ্রীষ্মবর্ষায় ফুটে। প্রায়ই, বহু একত্র জন্মে। প্রঃ—নিম্ব নিসিন্দা রস (চৈঃ চঃ)।

**নিসী**···মিসী দেখ।

**নিসুতি**···ষ্য. (সং নিসুপ্তি)। গাঢ় নিদ্রা।

**নিস্তার**···ধাতু. (সং নিস্তার হইতে)। নিস্তারি —উদ্ধার, পার করি। নিস্তারা॥ (পদ্যে)।

**নিস্তি**···ষ্য. (ইং nest)। বিভিন্ন পরিমাণের এক বস্তু সংগ্রহ, প্রঃ—নিস্তির কাপড়।

**নিস্তেজ**···ণ. (সং নিস্তেজস্)। দুর্বল,

**নিহাই**···নিয়াই দেখ

**নিহাৎ**···ণ (আং নিহায়ৎ—আধিক্য)। অত্যন্ত।

**নিহানী**...নিয়ান দেখ

**নিহাল**···ণ. (ফাং)। ধনবান্, সুখী।

**নীক**···ষ্য. (সং নীকা—জলনালী)। কাদা কিংবা বালির উপরে গাড়ী গেলে যে নালা হয়।

নীচ…ণ. ( সং )। নিম্ন ; অপকৃষ্ট। নীচ লোক…ক্ষুদ্রচেতা মানুষ। নীচা…ণ. (নীচ+আ)। নিম্ন। নিচুয়া, নীচো…ষ্য. ( নীচ+উয়া )। নিম্নস্থান, নিম্নতল। নীচল…ষ্য. ( নীচ+স্থল ? নীচ+ল )। নিম্নস্থান, প্রঃ—নীচল ছাড়িয়া উঁচলে উঠিতে পড়িনু অগাধ জলে ( জ্ঞানদাস )। ( অপ্রচলঃ )। নীচে ··ষ্য. ( সং নীচৈঃ )। অধোভাগে, নিম্নস্থানে।

নীট…ণ. ( ইং net )। নিকর, সারা, প্রঃ—নীট কত দাম?—ছাড়ি বাদ ইত্যাদি ধরিয়া কত সারা দাম।

নীৎ…ষ্য. (সং নীতি। নীত বানানে নীত্ পড়িবার শঙ্কা আছে )। নীতি, প্রঃ—রীৎ-নীৎ জানা।

নীল…ষ্য. ( সং। নীলী—নীলগাছ )। নীলবর্ণ; নীলরঙ্গ; শিম্বাদিবর্গের নীলরঙ্গ-উৎপাদক বৃক্ষবিশেষ ( Indigofera )। নীলগাছের অনেক জাতি আছে। দেশভেদে এই সকল জাতির অল্পাধিক কৃষি হইয়া থাকে। বঙ্গদেশে যে নীলের কৃষি হয়, তাহা ক্ষুপ (Indigofera sumatrana)। ইহার মোটা মোটা অনেক শুঁটী হয়; প্রতি শুঁটীতে ৮।১০ টা বীজ হয়। পর্ণ চওড়া অপেক্ষা লম্বা অধিক। শুখনা নীলগাছের নাম গোঁজা। নীলকুঠী ··নীলগাছ হইতে নীলরঙ্গ উৎপাদনের বাড়ী। নীলকর…ষ্য. যে নীল উৎপাদন করে। নীলের হৌজ, হোজ... ( ইং house ) নীলগাছ পচাইয়া নীলরঙ্গ করিবার পাকা ঘর ( vat )। বন-নীল ··ষ্য. বন্য নীলগাছ। ইহা কৃষিজাত নীলগাছের সদৃশ, কিন্তু দেশভেদে নানা জাতি দেখিতে পাওয়া যায়। নীলকণ্ঠ…ষ্য. ( সং নাম চাষপক্ষী। সংতে যে পাখীর নাম নীলকণ্ঠ, বাংতে তাহা নীলকণ্ঠ নহে। সংতে অর্থ নীল ময়ূর, দাত্যুহ, খঞ্জন। বাং নীলকণ্ঠের ওং নাম ভরদ্বাজ )। শাখাশ্রয়ী বর্গের প্রায় একহাত দীর্ঘ পক্ষীবিশেষ ( The Jay of Europeans. The Indian roller. Coracias indica )। পক্ষ নীলবর্ণ, কণ্ঠ নীল-রক্তবর্ণ, চঞ্চু কাকচঞ্চুর মতন কিন্তু চাপা। পোকা খায়। কণ্ঠ নীলবর্ণ বলিয়া বোধ হয় এই পক্ষী নীলকণ্ঠ শিবের প্রিয় বোধ হইয়াছে। প্রঃ—নীলকণ্ঠ উড়ি ফিরে মণ্ডলী দিছেন শিরে, অন্নপূর্ণা ক্ষেমঙ্করী হয়ে ( ভাঃ )। দুর্গাপূজার পর বিজয়ার দিন নীলকণ্ঠ পাখী দেখিলে শুভ হয়। ( সংতে কিন্তু এই বিশ্বাস খঞ্জন বা খঞ্জরীট পক্ষী সম্বন্ধে ছিল। শব্দকল্পে নীলকণ্ঠ দেখ )। নীলকণ্ঠ… হরিদ্রাদি বর্গের বৃহৎ শাকবিশেষ ( Curcuma cæsia )। অন্য নাম কাল-হলুদ। হলুদ দেখ। নীলকলমী ··কলমী দেখ। নীলগাই…ষ্য. গবাদি বর্গের নীলাভ পশুবিশেষ ( Boselaphus tragocamelus )। দেখিতে ঘোড়ার মতন। পশ্চাৎপদ ছোট। পুচ্ছ দীর্ঘ। পুং স্ত্রীর ঘাড়ে কেসর থাকে। কিন্তু কেবল পুং পশুর শৃঙ্গ হয়। নীলপদ্ম…পদ্ম দেখ। নীল ফিঙ্গা…ফিঙ্গা দেখ। নীলফিঙ্গা পাখী ফিঙ্গার তুল্য, কিন্তু বর্ণ কৃষ্ণনীল। নীলমণি ··(সং)। মূল্যবান্ মণিবিশেষ ( sapphire )। কথায়, সবে ধন নীল-

মণি—অন্য ধন কিছু নাই, আছে এক মূল্যবান্ নীলমণি। নীল-মণি ··ষ্য. শ্রীকৃষ্ণের আদরিয়া নাম। নীল-মাছি ··ষ্য. ( স° নীলা, নীলমক্ষিকা )। বড় বড় নীলবর্ণ মক্ষিকাবিশেষ ( Blue bottle )। প্রায়ই বিষ্ঠার উপরে বসে। নীল...ষ্য. ( স° নীলকণ্ঠ )। শিব, গাজনের শিব। নীলের উপোষ ··গাজনে শিবের প্রসাদকামনায় উপবাস। চড়কের পূর্বদিনের উপবাস। নীল-বড়ী ··নীলগাছ হইতে উৎপাদিত নীল রঙ্গ। বড়ী বা বড়ার আকারে কাটা হইয়া বিক্রয় হয় বলিয়া নাম।

নীল-ডাউন···ষ্য. ( kneel down )। পা মুড়িয়া আঁঠুতে উপবেশন; পাঠশালায় পড়ুয়াকে গুরুমশায়ের দণ্ডবিশেষ। ইহার নানা রূপ আছে। এক রূপে, পা ফাঁক করিয়া আঁঠু মুড়িয়া দাঁড়ানা। আঁঠু মাটিতে ঠেকে না। একারণ ভয়ঙ্কর যন্ত্রণা হয়।

নীলা···ষ্য. (স° নীল। হি° নীলম্)। নীলমণি।

নীলাম···নিলাম দেখ।

নীলাম্বরী···ষ্য. ( স° নীল+অম্বর—বস্ত্র )। নীলরঙ্গে রঞ্জিত শাড়ী।

নীলোৎপল···ষ্য.(স°। অন্য নাম সৌগন্ধিক)। পদ্ম, সুঁদী দেখ।

নীহারিকা···ষ্য. ( স° নীহার—হিম হইতে আধুনিক )। গগনে অস্পষ্ট বাষ্পপুঞ্জ (nebula)।

নু ··ধাতু. ( স° নত। নত হইতে নতাই—নআই—নোআই হইবার কথা। কিন্তু, আন্ত রূপ আবশ্যক বলিয়া ধাতু নু হইয়াছে)। নুই—নত হই। নোআ, নোয়া॥ নোআ, নোয়া···ধাতু. ( নু ধাতু আন্তে )। নোআনা, নোয়ানা॥

নুইয়া, নুয়ে···ষ্য. ( স° লোহ—নো+ইয়া—নোইয়া—নুইয়া )। লৌহবলয় দ্বারা বদ্ধ পদ যার (মানুষ, ছাগ); ধর্মের নামে উৎসৃষ্ট ছাগ ইহার পায়ে লোহার বালা বা ভাঁড়ুকা দেওয়া হয়। গাজনে নুইয়া বলিদান হয়। বলিদানের পর নুইয়া জাগানা হয়। নুইয়ার মুড়ীটা একটা হাঁড়ীতে রাখিয়া সারারাত্রি ধর্মের গান হয়। অপুত্রক নারী ধর্ম-মঙ্গলের লাউসেন মনে করিয়া এই নুইয়া কোলে করিয়া গান শুনে। ( লাউসেন কি নুইয়া—লৌহবলয় পরিতেন? )। কোল-নুইয়া··· প্রধান নুইয়া পাঁঠা ব্যতীত এক ছোট পাঁঠা।

নুড়্‌নুড়ি ··নড়্‌নড় দেখ।

নুড়া ··ষ্য. ( স° তৃণ-উলপ—তৃণ ও উলু খড় ? তৃণ-উল্কা ? ও° নিআ-নুণ্ডা—অগ্নি-নুণ্ডা ? তৃণ-উল্কা, তৃণ-উলপ—ণউলা—নুলা—নুড়া )। আগুন ধরাইবার তৃণমুষ্টি, খড়মুষ্টি। নুড়ী...ছোট নুড়া। শণ-নুড়ী...শণের গোছা, প্রঃ—বায়ুতে পাকিয়া চুল হৈল শণ-নুড়ি (ভাঃ)—শণ-নুড়ী—শাদা শণের গোছা।

নুড়ী···ষ্য. (স° লোষ্ট্র—লোড়া, লুড়ী )। ছোট লোড়া, ছোট প্রস্তরখণ্ড।···নুড়া দেখ।

নুতি···ষ্য. ( স° )। স্তব, পূজা, প্রণাম।

নুদ ··ষ্য. ( স° তুন্দ—উদর )। স্ফীত বা বর্ধিত উদর। অন্য নাম ভুঁড়ি। নুদা, নুদুয়া, নুদো···ণ. ( নুদ+আ, উয়া )। তুন্দিল, যার উদর বর্ধিত। ( নাদস নুদস দেখ )।

নুনি···ননী দেখ।···ষ্য. ( স° নূতন হইতে ? হি° নূনী। তু° হি° নন্নী—ক্ষুদ্র, শিশু )। শিশুর লিঙ্গ।

নুনিয়া, নুন্যে…ষ্য. ( সং লবণিকা। ও° নুন-নুনিআ )। বর্ষায়ুঃ কোমল হ্রস্ব শাকবিশেষ। পাতা ক্ষুদ্র সরু চেপটা; ফুল পীতবর্ণ। পতিত স্থানে জন্মে। দুই জাতি দেখিতে পাওয়া যায়। (১) বড়-নুনিয়া…পাতা আধ ইঞ্চি কিংবা অধিক দীর্ঘ, অনেক ফুল একত্র ধরে, ফুলদল পাঁচ (Portulaca oleracea)। (২) ছোট-নুনিয়া…পাতা আধ ইঞ্চি অপেক্ষা ছোট, ফুল একটী একটী, দল চারি, বৃন্ত চারি পাতায় বেষ্টিত থাকে। ( Portulaca quadrifida )।

নুরী…ষ্য. ( ? )। ক্ষুদ্র পক্ষীজাতিবিশেষ।

নুলা…ণ. ( লুলা দেখ )। হাত ভাঙ্গা যার।

নুন, নুন…ষ্য. ( সং লবণ, সংপ্রাং লোণ। ও° লুণ্, হিং লোন নোন লুন। মং নাম মীঠ—সং মিষ্ট, লোণ। বাংতে নুন, লোণ—দুই রূপ। লোণা দেখ )। খাদ্য লবণ, প্রঃ—নুন দিয়া রঘুনাথ সেই অন্ন খায় (চৈঃ চঃ)। করকচ নুন…ষ্য. ( সং কটক, কডক )। সমুদ্রজল রৌদ্রে শুখাইয়া প্রাপ্ত লবণ। মাদ্রাজ ও বোম্বাই প্রদেশে এইরূপে লবণ প্রস্তুত হয়। সে দেশে বিলের লোণা জল হইতেও করকচ প্রস্তুত হইয়া থাকে। বঙ্গদেশে যে করকচ বিক্রয় হয়, তাহার কিয়দংশ আফ্রিকা, এমন কি স্পেন দেশ, হইতে আসে। করকচে খাদ্য লবণ ব্যতীত মাটি ও অন্যান্য লবণ থাকে। সৈন্ধব লবণ, সিন্ধুক নুন…( সিন্ধুদেশজাত—সৈন্ধব, সিন্ধুক)। পঞ্জাব দেশের খনি হইতে প্রাপ্ত লবণ। এই লবণ প্রায় বিশুদ্ধ। ইহাতে শতভাগে প্রায় ৯৯ ভাগ বিশুদ্ধ লবণ, আধ ভাগ খারী নুন ( sodium sulphate )। পাঙ্গা নুন…( সং পাংশুজ—উদ্ভিদ পাংশু হইতে উৎপন্ন)। অগ্নিপক্ক শাদা লবণ। বঙ্গ দেশের পাঙ্গা নুন প্রায়ই বিলাতী। শাকম্বরী লবণ…রাজপুতানার সম্বর হ্রদের লোণা জল শুখাইয়া প্রাপ্ত লবণ। ইহাও সূর্যপক, কিন্তু করকচের মতন মিশ্র। বিট নুন…(সং বিট)। হরীতকীর সহিত পক্ক অপরিষ্কৃত খাদ্য লবণ। এই লবণ অন্ন-পাচক বলিয়া খ্যাত। খারী নুন…( ক্ষার হইতে। খারী দেখ )। লোণা মাটি হইতে পৃথক্কৃত ক্ষারাস্বাদ লবণবিশেষ ( an impure sulphate of soda )। গবাদি পশুর রেচকরূপে লাগে। নুন খাওয়া—প্রদত্ত অন্ন ভোজন করিয়া অনুগত হওয়া, প্রঃ—তোমার লবণ খাই উচিত সুধিতে চাই (মাঃ)। (পূর্বকালে দেশবিশেষে লবণ দুষ্প্রাপ্য না হইলে লবণের সহিত উপকারের উপমা হইত না )। নুন খেয়ে গুণ গাওয়া—কৃতজ্ঞতা প্রকাশ করা। নুন-শোধা—প্রত্যুপকার করা, প্রঃ—সুধিব সেনের নুন সাধিব কামনা (মাঃ)। দৃষ্টান্তে, কাটা ঘায়ে নুনের ছিটা—জ্বালার উপর নূতন জ্বালা।

নুনবোড়া…ষ্য. (? সং নাম পদ্মা? কিন্তু পদ্মা পদ্মচারিণী—স্থলপদ্ম )। দীর্ঘায়ুঃ বহুশাখ ক্ষুদ্রশাকবিশেষ (Ionidicum suffruticosum)। ঘাসের মধ্যে সর্বত্র জন্মে। ফুল গোলাপী ( এই হেতু সং পদ্মা ? ), পঞ্চদল, নীচের দল বৃহৎ। ফল ত্রিকোষ।

নুর…ষ্য. ( আং—দীপ্তি )। গ্রাং প্রয়োগে, মুসলমানের দাড়ী।

নেং-নেং…ব্য. ( সং লনৃগ ধাতু হইতে লঙ্গ—লেজ। লেজস্বরূপ হওয়া—নেং-নেং করা।

শব্দটি লাং লাং হইতে নাং-নাং—বিকৃত হইয়া নেং-নেং)। অনুগমনে, পশ্চাৎ পশ্চাৎ গমনে, প্রঃ—খাবার লোভে পেটুক ছেলে রান্নীর পেছু-পেছু নেং-নেং করে। (তুং দুষ্টা নারীর নাং। তুং লাঙ্গাড়)।

নেঅটা···ণ. (সং স্নেহপ্রাপ্ত। স্নেহ—নেহ—নেঅ)। স্নেহপ্রাপ্ত, আদরিয়া, প্রঃ—নেঃ ছেলে।

নেআপাতী ··ডাব দেখ।

নেআলী··ষ্য. (সং নবমালিকা)। মল্লিকাদি-বর্গের বন্য মল্লিকাবিশেষ (Jasminum arborescens)। প্রায় সোজা বৃহৎ ক্ষুপ। পাতায় পর্ণ নাই, পাতা অণ্ডাকার। ফুলে সাতটা পাপড়ী বলিয়া এক সং নাম সপ্তলা। ফুল শাদা বড় বড় সুগন্ধ, বসন্তকালে ফুটে। মধ্যভারতের ও বোম্বাই প্রদেশের গাছ। (নবমালিকা দেখ)।

নেই ··ব্য. নাই। (অপভ্রংশে)।

নেই ··ষ্য. নাই দেখ।

নেউট, নেওট···ধাতু (সং নি-বৃৎ ধাতু। ওং লেউট ধাতু)। নেওটি—নিবর্তিত হই, ফিরিয়া আসি, প্রঃ—কৃত্তিঃ; তোমার আজ্ঞাতে সুখে নেউটি আসিব (চৈঃ চঃ); নেউটিয়া লাউসেন না আসিবে আর (মাঃ)। নেওটা॥ (নেউট অপেক্ষা নেওট শুদ্ধ)। (অপ্রচলঃ)।

নেউল ··ষ্য. (সং নকুল। ওং নেউল)। নকুল—নউল—নেউল। তুং নেপুর)। দীর্ঘ শীর্ণ-দেহ পশুবিশেষ (The mongoose. Herpestes mungo)। মুখ ছুঁচলা। আকার তুলনায় স্বভাব হিংস্র। দৃষ্টান্তে, সাপে নেউলে ভাব—অহি-নকুলসম্বন্ধ যেমন কদাপি প্রীতিকর হয় না।

নেওয়ার ··ষ্য. (হিং নেবার, নিবার)। মশারি ও খাটিয়ার নিমিত্ত সুতার মোটা ফিতা।

নেকড়া ··ষ্য (সং নক্তক, লক্তক—নাকটা—নাকড়া—নেকড়া। কাপড় দেখ)। জীর্ণ বস্ত্রখণ্ড। নেকড়া-পোঁদা···ণ. (নেকড়া +পোঁদ+আ)। ছিন্ন বস্ত্রখণ্ড পরিধান যার, অতি দরিদ্র।

নেকড়া, নেকড়িয়া, নেকড়ে ··ষ্য. (সং নাম তরক্ষু—নেকড়ে ইতি খ্যাতে—অঃটীঃ। ওং নাম নেপাল্ঠি; হিং হুডাড়, হোঁদড়, ভেড়িয়া; মং লাণ্ডগা। সং নৃহরি—ব্যাঘ্র হইতে? তুং হিং নাহর। হোঁদড় দেখ)। কুকুরসদৃশ, কিন্তু দীর্ঘপুচ্ছ খয়রবর্ণ হিংস্র আরণ্য পশুবিশেষ (The Indian wolf. Canis pallipes)। ভেড়া মারে বলিয়া হিংতে ভেড়িয়া। নেকড়াকে বাঘ বলা যায় বটে, কিন্তু আকারে ব্যাঘ্র হইতে ভিন্ন। নেকড়ার মাথা লম্বা, কুকুরের মতন।

নেকরা (গ্রাং লেখরা) ··ষ্য. (ফাং নখরা—নেকামি। নেকা দেখ)। ছল, ছলে ক্রীড়া, প্রঃ—দুষ্ট ছেলে কুকুরের সঙ্গে নেকরা করে—হয় ত খাবার দিতে যায়, কিন্তু কুকুর লইতে আসিলে খাবার সরাইয়া নেয়। (নাকরা দেখ)।

নেকা ··ণ. (ফাং নেক—সাধু। মং-তে নেক—সৎ। ফাং নেক-দিল—সৎমনা; নেক-নজর—সু-দৃষ্টি। বদ্‌শব্দের বিপরীত নেক)। সাধু; যে অসাধু সাধু সাজে। স্ত্রীং নেকী। নেকামি ··ষ্য. (নেকা+আমি)। সাধুর ভাব। নেকা-পনা···ষ্য. নেকার ব্যবহার। ডাকে, নেকা বোকা ঢিলা-কাছা তিনে না

প্রত্যয় বাছা—যে জানিয়াও দেখায় জানে না—সে নেকা।

নেকার···ষ্য. ( সং ন্যক্কার )। বমন, প্রঃ—দিনে দিনে বল টুটে সদাই নেকার উঠে, নাহি জানি সত্য মিথ্যা বাই (কবিকঃ)—গর্ভ হইলে বমন। গা নেকার-নেকার করা—বমনেচ্ছা।

নেকো···ণ. (নাক+উয়া—নাকুয়া—নেকো)। নাকুয়া। ( নাক দেখ )।

নেঙ্গাচা···ধাতু. ( সং লঙ্গ ধাতু খঞ্জ। লঙ্গ+সদৃশ—লঙ্গাচা—লাঙ্গাচা—নাঙ্গাচা)। নেঙ্গাচাই—খঞ্জবৎ চলি, পায়ের আঙ্গুলে ভর দিয়া দাঁড়াই। নেঙ্গাচনা॥ নেঙ্গাচাইয়া বড় হওয়া—পায়ের আঙ্গুলে ভর দিয়া দাঁড়াইয়া দীর্ঘ হওয়া ; লক্ষণায় তুং পা ফুলিয়া কলা-গাছ হওয়া।

নেঙ্গা···ণ. ( সং নগ্ন )। উন্মুক্ত। নেঙ্গা তলোয়ার—কোষ হইতে বহিষ্কৃত তরবারি।

নেচি ( গ্রাং )···লেচি দেখ।

নেজ ( গ্রাং )···ষ্য. ( লেজ দেখ। সং লনুগ ধাতু হইতে লাঙ্গূল। লঙ্গা—লঞ্জ—লাঁজ—নাজ—নেজ)। পশুপক্ষ্যাদির পুচ্ছ। নেজা···ষ্য. মৎস্যাদির পুচ্ছ ; বাণ ( পুচ্ছ থাকে বলিয়া ) (কবিকঃ)। নেজা-মুড়া ··ষ্য. পুচ্ছ ও মুণ্ড। ( প্রতিচর শব্দ )।

নেজুড় ( গ্রাং )···লেজুড় দেখ।

নেঞ্জা···ণ. ( সং নিরঞ্জন )। নিরঞ্জন ধর্মঠাকুর, প্রঃ—নেঞ্জা অবতার ( শূং পুঃ )।

নেংটা···ণ. ( সং নগ্ন। বোধ হয় পূর্বে নগ্ণ হইয়া পরে নগ্ট—নাংট—নেংটা। কিংবা সং নগ্নাট। নাংটা দেখ )। নিলর্জ্জ। নেংটা-পনা···নির্লজ্জ ব্যবহার, ছেঁড়ামি।

নেংটি ··ষ্য. (লাঙ্গাটি হইতে। লেঙ্গাটি দেখ)। কৌপীন।

নেটা...ণ. ( লেটা দেখ )। বামহাতে দক্ষ যে।

নেড়···ষ্য. ( সং লণ্ডা, লেণ্ড )। লম্বাকৃতি বিষ্ঠা। নেড় বাহ্যে হওয়া—লম্বাকৃতি বিষ্ঠা ত্যাগ।

নেড়া···ণ. (সং নগ্ন। প্রাচীন নাণ্ডা। ওং নণ্ডা, লণ্ডা। নাংটা দেখ)। মুণ্ডিতকেশ, প্রঃ—নেড়া মাথা একে তায় নাই দাড়ি চুল (মাঃ)। স্ত্রীং নেড়ী। নেড়া-নেড়ী...বৈষ্ণবসম্প্রদায় মুণ্ডিতমস্তক হইয়া থাকেন। একারণ (অশিষ্টে), বৈষ্ণব-বৈষ্ণবী। নেড়া-বোঁচা···ণ. নেড়া ও বোঁচা ( সহচর শব্দ ); অলঙ্কার-হীন। নেড়া-মুড়া···ণ. ( সহচর শব্দ )। মুণ্ডিতকেশ, মুণ্ডিতশাখ।

নেড়্যে, নেড়ে ··ণ. ( নাড়িয়া—নেড়্যে। নেড়া +ইয়া—নেড়িয়া—নেড়্যে। ( অশিষ্টে, গালিতে ) মুসলমান। ( পূর্বকালে মুসলমান মাথার সম্মুখের চুল কামাইত )। পাতি নেড়্যে ··( পাতি দেখ )। নামে মুসলমান ধর্মে কর্মে নহে, সামান্য মুসলমান।

নেত···ষ্য. ( সং নেত্র। স্যাজ্জটাংশুকয়োঃ নেত্রং—অঃ। নেত্র—জটা, অংশুক )। সূক্ষ্ম পট্টবস্ত্র। ( পূর্বকালে নেত বসন বিখ্যাত ছিল। প্রঃ—সুনার কলসি নিল নেতর বসন ( শূং পুঃ ); নেত-পাট ··নেত্র ( বা নেত্রিক) ও পট্ট (কৃত্তিঃ); নেতধটি (চৈঃ চঃ)—নেত্রবস্ত্রের ধড়া ; নেতের আঁচল ভিজে নয়নের জলে (মাঃ)। ( অধুনা নেত অজ্ঞাত হইতেছে। মশারি করিতে তসরের নেত এখন আছে, এবং অনুকরণে "হাওয়া-শাড়ী"

হইতেছে। নেত বস্ত্র—সূক্ষ্ম পট্টবস্ত্র, যাহাতে নেত্রাকার ছিদ্র কিংবা চিত্র থাকিত ? )।

নেতা...নাতা দেখ।

নেতাড়,নেতুড়···ষ্য. (সং নেত্র—নেত জটা—পট্টবস্ত্র+আড় )। অবিরল পঙ্‌ক্তি বা ধারা, যেন নেতবস্ত্রের অঞ্চল মাটিতে লোটাইয়া যাইতেছে। প্রঃ—বিবাহের নেতাড় মিটে নাই—বিবাহ উপলক্ষে কর্মের শেষ হয় নাই; পথে গুয়ের নেতাড়—বিষ্ঠার ধারা।

নেত্র ··ষ্য. ( সং )। চোখ; ৩ অঙ্ক, প্রঃ—একে চন্দ্র দুইএ পক্ষ তিনে নেত্র।

নেপুর ··ষ্য. (সং নুপুর)। নুপুর, ক্ষুদ্র ঘণ্টিকা-বলয়, প্রঃ—কবিকঃ।

নেপো···ষ্য. (সং নপ্তা—নাতি হইতে ? ঘেঁপো হইতে ? )। ফাজিল চালাক লোক, প্রঃ—যার ধন তার ধন নয় নেপোয় মারে দই—পরিশ্রম না করিয়া সুখভোগ করে। (কেবল এই কথায় নেপো শব্দ পাওয়া যায়। পৃষ্ঠে কটিতে বালক আরোহণ করাইয়া বাহক এই কথা বলে। উৎপত্তি কি ? )।

নেবড়···নাবড় দেখ।

নেবা···ষ্য. ( নেবু হইতে ? নেবু পীতবর্ণ বলিয়া ? )। চোখে পাণ্ডুবর্ণ দর্শন রোগ ( jaundice )।

নেবু...ষ্য. ( সং নিম্বূ—ভাবপ্রকাশে। সং নিম্বূ—কাগজী পাতী নেবু। ইহা হইতে নেবু শব্দ জাতিবাচক হইয়াছে। ওং নেম্বু, হিং নীম্বু, মং নিম্বুনী,ফাং লিমু, ইং lemon, lime )। উদ্যানজাত প্রসিদ্ধ অম্লরস ফল। গাছ ( Citrus ) প্রায়ই শল্যকী, পাতা একটিয়া, চিরশ্যামল। ফুল শাদা শাদা সুগন্ধ। ফল বহুকোষ বহুবীজ। ( অমর-কোষে নাগরঙ্গ জম্বীর মাতুলুঙ্গ এই তিন নাম পাওয়া যায়। অর্থাৎ যাবতীয় নেবু এই তিন জাতির অন্তর্গত করা হইয়াছে। নাগরঙ্গ হইতে বাং নারাঙ্গি, জম্বীর হইতে বাং জামীর বা গোঁড়া নেবু, মাতুলুঙ্গ হইতে ছোলঙ্গ বা টাবা নাম পাইতেছি। উদ্ভিদ্‌-বিদ্যায়, বাতাবী নেবু ছাড়া ভারতবর্ষে আর দুই জাতি গণ্য হইয়া থাকে। এক জাতি নারঙ্গ, অন্য জাতি জম্বীর। নারঙ্গজাতির ( Citrus aurantium ) ফল প্রায় গোল, প্রায়ই চাপা; কোমল শাখা আহরিৎ; ফুল শাদা, যাহাতে পুং-কেশর তাহাতে ফল হয়। ফল বৎসরে একবার হয়। জম্বীর জাতির (Citrus medica) কোমল শাখা বেগুনা, ফুল প্রায়ই বাহির পিঠে ঈষৎ লাল, যে ফুলে পুং কেশর, সে ফুলে ফল হয় না। ফুল ফল বৎসরে একাধিক বার হয়। এই দুই জাতির অনেক জাত আছে। এই বিভাগানুসারে জম্বীর ও মাতুলুঙ্গ একজাতীয় )। (১) কমলা নেবু···( কমলা—কুমিল্লা নগর নাম হইতে ? প্রকৃতিবাদে—রম্ভাফলং তিন্তিড়ীকং কমলা নাগরঙ্গকম্। ফলান্যেতানি ভোজ্যানি এভ্যোঽন্যানি বিবর্জয়েৎ ॥—শিষ্ট প্রয়োগ। —কিন্তু সংস্কৃত শ্লোক রচনা দুর্লভ নহে। বৈদ্যগ্রন্থে কমলা নাম নাই। বৈদ্যক-শব্দসিন্ধু নামক গ্রন্থে তন্ত্রসার হইতে কমলা শব্দে নিম্বুকবিশেষ অর্থ প্রদত্ত হইয়াছে। চৈঃ-চরিতামৃতে, "নারঙ্গ ছোলঙ্গ টাবা কমলা বীজপুর।" তবে অনেক দিন হইতে কমলা নাম বাংতে চলিত আছে। ওড়িশার গ্রামে কমঠা, কম্বঠা ( কম্বলা ) নাম চলিত আছে। মেদিনীকোষে, কম্বল শব্দের এক

অর্থ নাগরাজ। নাগরঙ্গ নাগরাজ শব্দদ্বয়ের ব্যুৎপত্তিগত অর্থ এক, কিন্তু নাগরাজ অনন্ত সর্প। বোধ হয় বা° কমলা নাম ও°-তে, ও° ভাষার রীত্যনুসারে কমল্ঠা, কম্বল্ঠা আকার পাইয়াছে। বা°তে নারাঙ্গি, ও° নারঙ্গা, হি° ম° নারিঙ্গী। বস্তুতঃ শ্রীহট্টের নারাঙ্গির নাম কমলা। স° নাগরঙ্গ শব্দের গ লোপে নারঙ্গ। ইহা হইতে আ° ফা° নারন্জ, পর্তু° laranga, ফরাসী oranger, ই° orange। অমরটীকায়, নার্যঙ্গমিব ফলমস্য—নার্যঙ্গ; নাগরঙ্গে তু নারঙ্গো নার্যঙ্গঃ। কিন্তু ইহা কবি-কল্পনা বোধ হয়, নাগরঙ্গ শব্দের অপভ্রংশে নার্যঙ্গ হইয়া থাকিবে। স° নাগ—রঙ্গ, সীসক—মেঃ। বোধ হয়, নাগ—পীতবর্ণ ফল বলিয়া নাগরঙ্গ। তু° নাগকেশর)। শিথিলত্বক্ মিষ্ট নারঙ্গাবিশেষ। এই নেবু দক্ষিণবঙ্গে মিষ্ট হয় না। খাসিয়া পাহাড়ের কমলা সিলেটী (শ্রীহট্টের) কমলা নামে খ্যাত। ব্রহ্মদেশেও কমলা জন্মিতেছে। (বোধ হয় এই হেতু অমরে নাগরঙ্গের নামান্তর ঐরাবত—ইরাবত্যা ভিদ্যতে। অন্য টীকা কাল্পনিক)। নাগপুর ও ভারতের অন্য প্রদেশেও নারঙ্গ জন্মে। (নাগপুরে জন্মে বলিয়া নাগরঙ্গ? তু° বীজপূর)। নাগপুরী কমলা বৎসরে দুইবার—গ্রীষ্মে ও শরতে—পাকে। এই কমলা অতি মিষ্ট, গাছে পাকিতে না পাকিতে পাড়া হয় বলিয়া হরিতবর্ণ থাকে। (২) করুণা নেবু, কর্ণা নেবু···জামীরের জাতবিশেষ। (৩) গোঁড়া নেবু···জামীর। জামীরের গা গোঁড়ের (নাভিবৃদ্ধির) মতন উচা উচা বলিয়া নাম গোঁড়া (ও° কঁধিআ)। (৪) [illegible]র··(স° জম্বীরঃ—জম্ভ্যতে অশ্যতে। অন্য নাম দন্তশঠ—এত অম্ল। অন্য নাম জম্ভীর—জম্ভয়তি অত্যম্লত্বাৎ মুখব্যাদানং কারয়তি)। ইহাই গোঁড়া নেবু, করুণা নেবু। এই নেবু অণ্ডাকার, মাঝারি আকার; ছাল পুরু। পা°তাও অণ্ডাকার (Lemon. Citrus medica, var. limonum)। (৫) কাগজী নেবু···অম্লরস ক্ষুদ্র নেবু (Lime. Citrus medica, var. acida)। ছাল কাগজের মতন পাতলা বলিয়া নাম কাগজী। (৬) পাতি নেবু··কাগজীর জাত। কাগজী লম্বা, পাতি ছোট গোল। (৭) টাবা নেবু··(স° মাতুলুঙ্গ। ইহা হইতে অন্য নাম ছোলঙ্গ। ম° মহালুঙ্গ। ফা° তুরঞ্জ। ও° টভা নেবু। অন্য স° নাম বীজপূর)। নেবু বড় বড় বলিয়া টাবা (?), প্রায় গোল, ঈষৎ অম্ল অতি সুগন্ধ (মা নিষেধে হৃদ্যত্বাৎ ন তুলাং গচ্ছতি মাতুলুঙ্গঃ—অঃটীঃ)। এই নেবুর গাছ কদাচিৎ রোপিত হয় (Citron. Citrus medica, var. typica.)। (৮) নারাঙ্গি···কমলা নেবু দেখ। (৯) বাতাবী নেবু...(যবদ্বীপের বাতাভিয়া নগরের নাম হইতে)। প্রায় দুই শত বৎসর এই বৃহৎ নেবু এ দেশে আনীত হইয়াছে। বঙ্গে ও উত্তরভারতে প্রচুর জন্মিতেছে। বঙ্গে শরৎকালে পাকে। ফুল সুগন্ধ। দুই জাত আছে, এক জাতের রোআ শাদা, অন্য জাতের লাল। (বড় বাতাবী pomelo, মাঝারি shaddock. Citrus decumana)।

নেম···নিম দেখ।

নেম (প্রা°)···ঝ্য. নিয়ম, শপথ।

নেয়ালী···নেআলি দেখ।

নেয়ে...ষ্য. ( না+ইয়া—নাইয়া—নেয়ে। না দেখ )। নাবিক।

নেলা...ধাতু. লেলা দেখ।

নেলা-খেপা...ণ. ( পালি নেলা—নির্দোষ। বোধ হয় লালা+উয়া—লালুয়া—লেলো—নেলো। পরে খেপা—আ আছে বলিয়া নেলা। নির্বোধ লোকের মুখ দিয়া লালা-স্রাব হয়। সং ক্ষিপ্ত—খেপা সহচর শব্দ)। নির্বোধ মূর্খ।

নেশা ..ষ্য. ( আং নষা—মাদক। তুং সং নিদ্রৌষধ)। মাদক। নেশাখোর ..ণ. নেশায় আসক্ত যে। নেশায় চুর ..নেশায় পূর্ণ (চুড়-চুড় দেখ )।

নেহ ..ষ্য. (সং স্নেহ। হিং নেহ, আসাং নেহা)। স্নেহ ( প্রাচীন পদে )।

নেহাৎ...নিহাৎ দেখ।

নেহার, নেহাল ..ধাতু. ( হিং নিহার, মং নেহাळ ধাতু। সং নিভল ধাতু। সং নিভালন —দর্শন )। নেহারি, নেহালি—নিরীক্ষণ করি। নেহারা, নেহালা॥ ( পদ্যে। হের ধাতু দেখ )।

নেহাল...নিহাল দেখ।

নৈকষ্য...ণ. ( সং নিকষ হইতে নৈকষ্য। বাংতে বিশেষণ )। খাঁটি, শুদ্ধ, প্রঃ—নৈকষ্য কুলীন।

নৈতন ( গ্রাং )...ণ. ( সং নূতন। তুং যৌবন —গ্রাং যৈবন। ওং গ্রাং নৈতন )। নূতন। ( নৌতন, নতুন অপর গ্রাং )।

নৈবচ ..ব্য. (সং নৈব্র চ)। এই প্রকার নহে।

নৈবেদ্য (গ্রাং নৈবিদ্দি) ..ষ্য. ( সং নৈবেদ্য )। ঠাকুরকে নিবেদনযোগ্য আমান্ন-ব্যঞ্জনাদি। বড় নৈবেদ্য ..পরিমাণে অধিক যে নৈবেদ্য। কুচা নৈবেদ্য...ছোট ছোট নৈবেদ্য। নৈবেদ্যের উপকরণ...ফলমূলাদি।

নৈরাকার ( গ্রাং ) . ণ. ( সং নিরাকার )। নিরাকার।

নৈরাশ ..ণ. ( সং নৈরাশ্য হইতে। আসাং নৈরাশ। সং নিরাশ—ই স্থানে ঐ আরও অনেক শব্দে আছে! বিমুখ—বৈমুখ, নিরাকার—নৈরাকার )। নিরাশ, প্রঃ—দৈবে করিল নৈরাশ (চণ্ডীঃ); আশায় নৈরাশ করে সাধিলে বিবাদ (মাঃ)।

নো...ষং. ( সং লোহ )। এয়ো স্ত্রীর বামহাতের লৌহবলয়। তুং আভরণ সব লয়ে স্থধু কৈল হাত। বাম হাতে লৌহমাত্র প্রকাশে আয়ত (কবিকঃ)।—শুধু হাত—আভরণ-শূন্য। ( এয়ো দেখ )। (২) পায়ের লৌহ-বলয়, ডাঁড়ুকা। ( মুয়া দেখ )।

নো ..ষ্য. ( সং লোচ, লোত )। অশ্রু, প্রঃ—কানাড়াকে ভগবতী বড় মায়া মো (মোহ)। নেতের আঁচলে চণ্ডী মুছালেন নো॥ ( মাঃ )।

নোংরা ..ণ. ( সং ন্যক্—ঘৃণ্য, ন্যক্কার—ঘৃণা। বোধ হয় ন্যক্কার+আ—ন্যক্কারা—নোংরা)। ঘৃণাজনক, অপবিত্র। নোংরামি...ষ্য. ( নোংরা+আমি )। নোংরার ধর্ম, অপবিত্র কর্ম।

নোক্তা ..ষ্য. ( আং মুক্‌তা )। বিন্দু, ফারসী অক্ষরের বিন্দু।

নোকসান, লোকসান...ষ্য. ( আং মুকসান )। ক্ষতি। ( গ্রাং লোসকান )।

নোট ( গ্রাং লোট ) ..ষ্য. ( ইং note. Currency note)। টীকা, টিপ্পনী; মুদ্রাসূচক পত্র। পাঁচ কেতা, কিতা নোট...পাঁচ খণ্ড

নোট। ( কিতা দেখ )। হেণ্ড-নোট···ষ্য. ( ই° hand-note )। হাতচিঠা, টাকা কর্জ লইবার হাতচিঠা।

নোটিশ,নুটিশ...ষ্য. (ই° notice)। বিজ্ঞাপন।

নোড়, নোয়াড়ি...ষ্য. ( স° লবণী। ণ স্থানে ড় হইয়া লঅড়ী—লোড়—নোড়। ও° নর-কোল্ঠি। স° লবণী—লড়ী—নর; কোল্ঠি —স° কোল—কুল-ফলের আকার বলিয়া)। মুহিআদিবর্গের ফলবৃক্ষবিশেষ (Otaheite gooseberry. Cicca disticha)। পাতা বর্ষে বর্ষে ঝরিয়া পড়ে। ফল আমলকীর আকারের, শাদা, অম্ল। প্রঃ—আমড়া নোয়াড়ি পাকা চালতা (কবিকঃ)। ( দক্ষিণ-রাঢ়ে নাম শিল-আমড়া—শিল-আমলা )।

নোড়া·· ষ্য. (স° লোষ্ট্র হইতে লোষ্ট—লোড়া। ও° নাম শিলপুআ—শিলাপুত্র )। শিলে বাটনা বাটিবার লোড়া বা প্রস্তর।

নোতুন ··নতুন দেখ।

নোনা ··ষ্য. (পর্তু° annona হইতে)। আতা দেখ।

নোয়া ( গ্রা° ) ··ষ্য ( স° লোহক )। লোহা। আয়তিলক্ষণ নো। ( নো দেখ )।

নোয়াড়ি···নোড় দেখ।

নোলক ··ষ্য. ( লোলক দেখ। ঢাকায় লট-কন )। নাকের নিম্বফলাকৃতি ভূষণবিশেষ।

নোলা ( গ্রা° )···লোলা দেখ।

নৌকা-ফুল ··ষ্য. ( নৌকার আকার হইতে )। জলজ শাকবিশেষ (Monochoria hastæfolia )। ফুল নীলবর্ণ, নৌকার মতন। পাতার বোঁটা লম্বা, বাণের আকার; ফুলের বোঁটাও লম্বা। ছোট ছোট নদীর খালের ধারে জন্মে।

নৌতুন ··ণ. ( স° নূতন; স° নবতন ? ইহা হইতে আধুনিক গ্রা° নোতুন। আসা°তেও নোতুন, নতুন )। নূতন, প্রঃ—শূং পুঃ; নৌতুন তৃণ (জ্ঞানদাস); রচিল নৌতুন গীত ( কবিকঃ ); মাঃ।

নৌবৎ ··ষ্য ( ফা°—পালা, পরে অর্থ বাদ্য )। নহবৎবাদ্য, প্রহরে প্রহরে বাজানা হয় বলিয়া। নৌবৎ-খানা ষ্য. যে মঞ্চে নৌবৎ বাজানা হয়। ( নহবৎ দেখ )।

প ··ষ্য. ( স° )। ব্যঞ্জনবর্ণ-, অক্ষর-বিশেষ।

পঁ, পঁ-পঁ···ব্য. ( অনুকার শব্দ )। শানাইর শব্দে। পঁ ধরা—প্রধান বাদকের অনুগামী হওয়া, অন্যের কথায় সায় দেওয়া। অন্য রূপ, পোঁ, পোঁ-পোঁ। পিঁ, পিঁ-পিঁ ··পিঁ, পিঁ-পিঁ শব্দে। পুঁ, পুঁ-পুঁ ··পুঁ শব্দে। পেঁ, পেঁ-পেঁ···শিশুর ক্রন্দনধ্বনিতে।

পইছা, পোঁহুচা···পোঁহুচা দেখ।

পইট ··ণ. ( স° পতিত )। পতিত, ফাঁক, প্রঃ—জাল বুনিতে বুনিতে পইট পড়ে, বীজ বুনিলে এক একটা পইট পড়ে—চারা বাহির হয় না। পইট ··পোট দেখ।

পইঠা...ষ্য. ( স° প্রতিষ্ঠা। ম° পায়টা)। পাদ-পীঠ, পিঁড়াতে উঠিবার ধাপ।

পইতা, পৈতা···ষ্য. (স° পবিত্র)। ব্রাহ্মণাদির যজ্ঞসূত্র। পইতা ফেলা—পইতা ধারণ, পইতা ধারণ-ত্যাগ। পইতা ধারী···পইতা ধারণ করিয়াছে যে। পইতা-ধারী বামুন··· পবিত্র সূত্রমাত্র যে ব্রাহ্মণের এক লক্ষণ হইয়াছে, এবং যাহার অন্য লক্ষণ নাই।

পইতার দণ্ডি···দণ্ডি দেখ। পইতা কাটা···পইতার সূতা কাটা। দৃষ্টান্তে, চেনা বামুনের পইতার দরকার কি—পইতা দেখিয়া বামুন কি না বুঝিতে পারা যায়। (বঙ্গদেশে ব্রাহ্মণ ব্যতীত অন্য জাতি গলায় পইতা পরে না, পরিলেও বাহিরে দেখাইতে পারে না। কারণ, পইতা দেখিলে লোকে ব্রাহ্মণ বলিয়া প্রণাম করে)।

পক, পক্-পক...ঝ্য. (স° পক্ষ ধাতু গ্রহণে, কিংবা ভক্ষ ধাতু ভক্ষণে)। ভক্ষণ-শব্দে, দ্রুতভোজনে, প্রঃ—পক্-পক করিয়া ভাত গেলা—না চিবাইয়া।

পকেট···ঝ্য. (ই° pocket)। জামার থলী, জেব।

পক্কান্ন···ঝ্য. (স°)। ঘৃতপক্ক খাদ্য যেমন লুচী।

পক্ষ···ঝ্য. (স°। স°তে পক্ষ শব্দের নানা অর্থ আছে; যথা অমরে, মাসার্ধক, পাখীর পাখা, শরের পাখা, সহায়। মেদিনীতে,—পার্শ্ব, গৃহ, সাধ্য (ন্যায়ের), বিরোধ, বল, সখা, চুল্লীরন্ধ্র, রাজকুঞ্জর। এই রূপে কালান্তরে পক্ষ শব্দের অর্থ সম্প্রসারিত হইয়াছে। স° পক্ষ ধাতু গ্রহণে—এই মূল)। পাখীর পাখা; পক্ষী, প্রঃ—মৃগ-মাংস পক্ষমাংস যেবা রুচি হয়; চান্দ্র মাসার্ধ, প্রঃ—অন্ধকার পক্ষ, আঁধার পক্ষ—কৃষ্ণপক্ষ; জ্যোৎস্না পক্ষ—শুক্লপক্ষ; পার্শ্ব (ও° পাখ), প্রঃ—কোন পক্ষে কত লোক; সহায়, দল, প্রঃ—স্বপক্ষ বিপক্ষ, পক্ষভুক্ত; ন্যায়ের সাধ্য বিষয়, প্রঃ—পূর্ব-পক্ষ অপরপক্ষ; বিকল্প, প্রঃ—দ্বিতীয় পক্ষে বিবাহ; ২ অঙ্ক (ও°তে বেশি), প্রঃ—একে চন্দ্র দুইএ পক্ষ। পক্ষান্ত···ঝ্য. (স°)। অমাবস্যা কিংবা পূর্ণিমা।

পক্ষান্তর···ঝ্য. (স°)। অন্য দিক, বিচার্য বিষয়ের অন্য পার্শ্ব। পক্ষাঘাত···ঝ্য. (স°)। দেহের এক পার্শ্বের অবশতা রোগ (paralysis of one side, hemiplegia)। পক্ষপাত···ঝ্য. (স°)। অনুগ্রহ, আসক্তি। পক্ষপাতী···ণ. (স°)। অনুগ্রাহক, এক পক্ষে আসক্ত।

পক্ষীরাজ···ঝ্য. (স°—গরুড়)। গরুড়ের তুল্য বেগবান (এবং আকাশগামী)। পক্ষীরাজ ঘোড়া...অতিবেগশালী (ও আকাশগামী) (প্রায়ই ব্যঙ্গচ্ছলে)।

পখাল···ঝ্য. (ও° পখাল। স° প্রক্ষালিত হইতে। পাখাল ধাতু দেখ)। জলে প্রক্ষালিত অন্ন, এক প্রকার পান্তা ভাত।

পগ-মিল···ঝ্য. (ই° pug-mill)। কাদা মিশাইবার লোহার কল।

পগার···ঝ্য. (স° প্রাকার, কিংবা প্রাগার—আগার)। জঙ্গাল, (উদ্যানের) উচা সীমা-আলি, প্রঃ—পগার খন্দক খানা উলু কেশে নল বেণা (কবিকঃ)—খানা না কাটিলে পগার তুলিতে পারা যায় না; পাল্টা পাদপ আছে সেনের পগারে (মাঃ)। পগার পার হওয়া—সীমা-আলির বাহির হওয়া।

পগ্‌গ···ঝ্য. পাগ। (অশিষ্ট)।

পঙ্খী, পংখী···ঝ্য. (স° পক্ষী। তু° হি° ম° পংখা)। পাখী (প্রায়ই ব্যঙ্গে, তু° রূপচাঁদ পঙ্খী)।

পঙ্ক···ঝ্য. (স°)। পাঁক; খুলী চুন জলে মিশাইয়া চুনের পাঁক। (বা°তে পঙ্ক,

পাঁক—যাহা জলে পচিয়া সূক্ষ্ম স্তরে সঞ্চিত হয়। সং-তেও পন্‌চ, পচ ধাতুর পচন অর্থ)। পঙ্কের কাজ…চুনপঙ্ক দেওয়ালে ঘষিয়া মসৃণ করা ( সংতে বজ্রলেপ )।

পঙ্গপাল…ষ্য. ( সং পতঙ্গ—পঙ্গ, সং পালি—পঙ্‌ক্তি। অন্য সং নাম শলভ—শলতি সম্মীল্য যাতি—বহু একত্রে উড়ে বলিয়া )। ঋজুপত্রী শস্যভোজী পতঙ্গবিশেষ (locust. Acridium)। ( পোকা দেখ)। ( বাংতে চতুষ্পদ পশুর পাল বলা যায়। পাখী কিংবা ফড়িঙ্গের পাল বলা যায় না)। (২) পঙ্গপালের তুল্য বহু লোক।

পচ…ধাতু. ( সং পচ ধাতু বিনাশোন্মুখীভাবে। হিংতে পাক অর্থে )। পচি—বিকৃত বিনষ্ট-প্রায় হই। পচা॥ পচা…ণ. পাকা অপেক্ষাও পাকা, বিকৃত। পচা-গলা…ণ পচা ও গলিত ( সহচর শব্দ )। পচা…ধাতু. ( পচ ধাতু আস্তে )। পচানা॥ পচানি…ষ্য. (পচা+পানি )। পচা জল। পাট-পচানি…যে জলে পাট গাছ পচানা হইয়াছে। পচা-পুকুর…যে পুকুরের জলের উদ্ভিদ পচিয়া গিয়াছে। পচা ভাদ্র...ভাদ্র মাসে বায়ু আর্দ্র থাকে। সে সময়ে প্রায়ই বাতাস থাকে না। শরীরে ঘর্ম নির্গত হইতে পারে না। খাদ্য দ্রব্যাদিও শীঘ্র বিকৃত হয়। পচ্‌-পচ…ব্য. পচা-পচা ভাবে, প্রঃ—কাদা পচিয়া পচ্‌-পচ করে। মুখ দিয়া পচ্‌-পচ করিয়া থুথু উঠে—মুখের স্বাদ বিকৃত হইলে উঠে। পচ্‌-পচিয়া, পচ-পচানি॥

পচাই…ষ্য. ( হিং পচয়াই, পচুই )। চাল পচাইয়া যে মদ হয়।

পচাত্তর…ণ. ষ্য. ( সং পঞ্চসপ্ততি )। পাঁচ অধিক সত্তরি-সঙ্খ্যক, -সঙ্খ্যা ; ৭৫।

পঁচানব্বই, পঁচানই…ণ. ষ্য. ( সং পঞ্চনবতি। পাঁচ অধিক নব্বই-সঙ্খ্যক,-সঙ্খ্যা ; ৯৫।

পচা-পাত…ষ্য. ( বাং )। তুল্যসাদিবর্গের কদাকার শাকবিশেষ ( Pagostemon patchouli )। পাতা সুগন্ধ, শুখাইলেও সুগন্ধ থাকে। কেশ-তৈলাদি সুগন্ধ করিতে লাগে।

পচাল…ষ্য. (সং পঞ্চালিকা পাঁচালী হইতে ?)। অত্যন্ত অশ্লীল গালি। ( পচাল পাড়া )। পচালিয়া কথা…( পচাল+ইয়া )। অশ্লীল বাক্য।

পঁচাশি…ণ. ষ্য. (সং পঞ্চাশীতি )। পাঁচ অধিক আশি-সঙ্খ্যক, -সঙ্খ্যা ; ৮৫।

পঁচিশ…ণ. ষ্য. ( সং পঞ্চবিংশতি )। পাঁচ অধিক বিশ সঙ্খ্যক, -সঙ্খ্যা ; ২৫।

পচ্ছিম (গ্রাং)…ষ্য. (সং পশ্চিম)। পশ্চিম দিক। পচ্ছিমা…ণ. (সং পশ্চিমা)। পশ্চিমদিগ্‌ভব, পশ্চিম-দেশজাত, প্রঃ—পচ্ছিমা লোক।

পছন্দ…ষ্য. ( ফাং পসন্দ )। রুচি, অনুমোদন, নির্বাচন। পছন্দ-দার…ষ্য. যে পসন্দ করে, যার সুরুচি আছে। পছন্দ-সই…ণ. রুচি বা নির্বাচনযোগ্য। বে-পছন্দ…ণ. অনুমোদিত নহে, অমনোনীত।

পঞ্চ…ণ. ( সং পঞ্চন্‌ )। পাঁচ। ( বাংতে সঙ্খ্যাবাচক শব্দের সহিত সমাসে পঞ্চ স্থানে পন, পঁচ, পঁয় হয় ; যথা, পন-র, পঁচ-শ, পঁয়-ত্রিশ। কোন্‌ কোন্‌ শব্দে পঞ্চ থাকে ; যথা, পঞ্চ-ান্ন )। পঞ্চাঙ্গ…(সং)। পাঁজি, ইহাতে তিথি বার নক্ষত্র যোগ করণ—এই পাঁচ বিষয় লিখিত থাকে।

(সং)। তিথি বার নক্ষত্র যোগ করণ বিষয়ে পুস্তক। পঞ্চামৃত...(সং)। পাঁচ মিষ্ট ও বলকর দ্রব্যের সংযোগ, যথা, দধি দুগ্ধ ঘৃত মধু শর্করা। পঞ্চানন ...(সং)। পঞ্চমুখ শিব (গ্রাং পঞ্চানন্দ); পণ্ডিত ব্রাহ্মণের উপাধির সহিত যোগে সম্মানে বলে, যেমন তর্ক-পঞ্চানন। পঞ্চ কল্যাণ...(সং নাম পঞ্চাঙ্গা)। যে ঘোড়ার চারি পা এবং কপালে শাদা থাকে। পঞ্চ-কষায়...(সং)। জাম শিমুল বেড়েলা বকুল কুল—এই পাঁচ। (কিন্তু পাঁচটাতেই কষায় রস নাই)। পঞ্চগব্য...(সং)। গোরু হইতে প্রাপ্ত পাঁচ দ্রব্য, যথা, দুগ্ধ দধি ঘৃত মূত্র গোময়। পঞ্চ-গুঁড়ি...(বাং গুঁড়ি)। পাঁচ রঙ্গের চূর্ণ, যথা, শ্বেত কৃষ্ণ রক্ত পীত নীল। আতপ তণ্ডুল দ্বারা শ্বেত, অঙ্গার দ্বারা কৃষ্ণ, ইট দ্বারা রক্ত, হরিদ্রা দ্বারা পীত, শীম-পাতার রসে রঞ্জিত চালগুঁড়ি দ্বারা নীল। (শীম পাতার রস বস্তুতঃ হরিদ্বর্ণ। কিন্তু জ্ঞানের অভাবে হরিদ্বর্ণের সহিত নীল, এক অভিন্ন বোধ হইয়াছে। এই হেতু শ্রীরামচন্দ্র নবদূর্বাদলশ্যাম, শ্রীকৃষ্ণ ও কালীর প্রতিমা নীলবর্ণ করা হইয়া থাকে)। পঞ্চজন...(সং)। (বেদে) মানুষের পাঁচ শাখা বা জনপদ; পাঁচ মানব-জাতি; মানুষ, গ্রামের পাঁচ জন। পঞ্চতিক্ত...(সং)। আয়ুর্বেদে, নিম গুলঞ্চ বাসক পটোলপাতা কণ্টকারী। (কিন্তু কণ্টকারী—তিক্তমধ্যে গণ্য হইল কেন?)। অন্য পঞ্চতিক্ত—মহিষ বরাহ ছাগ ময়ূর রোহিত মৎস্য—ইহাদের পিত্ত। পঞ্চ-তীর্থ...(সং)। পুষ্কর আদি পাঁচ প্রধান তীর্থ; পুরীতে মার্কণ্ডের আদি পাঁচ স্থান। পঞ্চ দেবতা (সং)। নিত্য পূজনীয় গণেশ সূর্য্য বিষ্ণু শিব দুর্গা। পঞ্চ-নদ (সং)। শতদ্রু আদি পাঁচ প্রসিদ্ধ নদযুক্ত দেশ, পঞ্জাব। পঞ্চ-পল্লব (সং)। পূজার ঘটে স্থাপনীয় পাঁচ বিশেষ গাছের পাতা, যথা, আম্র অশ্বত্থ বট পাকুড় ডুমুর। (আম্র পরিবর্তে বকুল)। পঞ্চ-পাত্র ...(সং)। দেবপক্ষে তিন এবং পিতৃপক্ষে দুই—এই পাঁচ শ্রাদ্ধ। পঞ্চ-প্রদীপ (সং)। আরতির নিমিত্ত পাঁচ সংযুক্ত-দীপ। পঞ্চবটী...(সং পঞ্চবটি)। অশ্বত্থ বট বিল্ব অশোক আমলকী—এই পাঁচ বৃক্ষের বন। পঞ্চবাণ (সং) পুষ্পবাণ কন্দর্প, ইহার পাঁচ পুষ্পের বাণ আছে, যথা, অশোক আম্র নবমল্লিকা নীলোৎপল। পঞ্চ-ভূত...(সং)। ক্ষিতি অপ্ তেজ মরুৎ ব্যোম। পঞ্চ-মকার ...(সং)। তান্ত্রিক সম্প্রদায়বিশেষের পাঁচ প্রধান সাধন, যথা, মৎস্য মাংস মদ্য মুদ্রা মৈথুন। পঞ্চমুখী (সং)। পাঁচ মুখবিশিষ্ট, যেমন জবা-ফুল। পঞ্চ-মূল...(সং)। আয়ুর্বেদমতে পাঁচটি বৃক্ষ বিশেষের মূল। স্বল্প ও বৃহৎ ভেদে পঞ্চমূল অনেক প্রকার। তন্মধ্যে স্বল্প পঞ্চমূল এই,—শালপানী চাকুলে বৃহতী কণ্টকারী গোক্ষুর। বৃহৎ পঞ্চমূল এই,—বিল্ব শোনা গাম্ভারী পারুল গণিয়ারী। পঞ্চমূলের পাচন হয়। পঞ্চরত্ন...(সং)। পাঁচ প্রধান রত্ন। এই পাঁচ গণনায় মতভেদ আছে। একমতে, হীরা নীলা মাণিক মুক্তা প্রবাল। (২) বাংলায় সং পঞ্চ প্রাসাদ

অর্থে পঞ্চরত্ন (ভুং নবরত্ন) শব্দের প্রয়োগ হয়। মন্দিরের মাঝে এক চূড়ার চারি দিকে চূড়া থাকিলে পঞ্চরত্ন হয়। পঞ্চ ... সোনা রূপা তামা রাং সীসা এই পাঁচ ধাতু। পঞ্চলবণ ... (সং)। সৈন্ধব, সৌবর্চল (সোচল দেখ), বিট, উদ্ভিদ, সামুদ্র এই পাঁচ প্রকার লবণ (নুন দেখ)। পঞ্চশস্য ... (সং)। ধান যব মুগ মাষ তিল। (কেহ কেহ মাষ কলাই পরিবর্তে শ্বেত সরিষা ধরেন)। (এই আরও অনেক পঞ্চ আছে। দুই অর্থে পঞ্চ ... হইয়া থাকে; (১) সজাতীয়ের মধ্যে যে পাঁচটি প্রধান, যেমন পঞ্চ-অমৃত, পঞ্চরত্ন, পঞ্চ-বাণ; (২) পাঁচ ... যেমন পঞ্চ ... পঞ্চ ... পাঁচ দেখ)।

পঞ্চ ... (সং)। পঞ্চসমূহ, পাঁচ জন; পাঁচ জনে ... করা ... গ্রামের পাঁচ জন মিলিয়া চাঁদা বসান; পাঁচ জনের —গ্রামের সকলের ... বসান ... পঞ্চ ... জমা...জমা দেখ। সরকারী পঞ্চকী ... সরকারকে দিব. জমিদারী পঞ্চকী ... জমিদারকে ... যে পঞ্চকী ... যে না।

... (সং)। গীতের পঞ্চম সুর, ... কোকিলের পঞ্চম গান; ... বিশেষ ... মধ্যে ... রৌপ্যনির্মিত ... পাদ-ভূষণবিশেষ (পঞ্চম ... ... প্রকোষ্ঠ ... অঙ্গুরী, ... নিয় ... ।

... দেশ ... জবসংখ্যা
পঞ্চমী ... (সং)। শুক্লপক্ষ তিথি ... পক্ষের শুক্লপঞ্চমী ... (এই ... ইহসরে পূর্ণ হয়)। শ্রীপঞ্চমী ... (সং)। মাঘ মাসের শুক্লপঞ্চমী। এই দিন সরস্বতী পূজা। নাগপঞ্চমী...নাগ দেখ। এই দিন মনসা পূজা।

পঞ্চরং ... (সং পঞ্চরঙ্গ) ... তাসের ... খেলার লাগি বিশেষ ... দেখ।

পঞ্চাশ ... (সং পঞ্চপঞ্চাশৎ)। পাঁচ অধিক পঞ্চাশ ... সংখ্যা; ৫৫।

পঞ্চায় ... পঞ্চৎ। কিংবা পাঁচ ... —যুক্ত)। ... মের "পঞ্চজনা" গ্রামের নির্বাচিত পাঁচ প্রধান মনুষ। পঞ্চা... গ্রামের পঞ্চজনার কর্ম ... পঞ্চায়েতী ... পঞ্চায়েতের ... পঞ্চায়েৎ সম্বন্ধী।

পঞ্চাশ ... (সং পঞ্চাশৎ) পাঁচ দশ সংখ্যা; ৫০।

পঞ্জা ... (ফা°)। পাঞ্জা দেখ; তাস দেখ।

পঞ্জা ... (... সং পঞ্চ+আব —জল) ... প্রদেশ ... দেশীয় ... এক প্রকার ... জামা।

পঞ্চড়ী ... পাশা দেখ।

পট ... (হিং)। শীঘ্র, চট্।

পট, পট্ট ... (সং পট ধাতু ... ছেদনে)। ... শব্দে ... ঘোড়া পট করিয়া ছিঁড়ে। (... পড় ... পড়)। ... (... পট শব্দে। পটাব ... (পটি+কারো)। পট শব্দে। পট্ট, পটি-পটি ... (পটি ... হইতে)। যেমন